Barcode - 4990010216478
Title - Bengal Legislative Assembly Proceedings (1972) vol.53, pt.1
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 442
Publication Year - 1972
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4 990010 216478

ol. 53—No. 1.

# Assembly Proceedings

**Official Report**

# West Bengal Legislative Assembly

**Fifty-third Session**

(June-August, 1972)

*(From 26th June, 1972 to 11th August, 1972)*

(The 26th, 27th, 28th, 29th, 30th June, 3rd and
4th July, 1972.)

Published by authority of the Assembly under rule 353 of the Rules of
Procedure and Conduct of Business in the West Bengal
Legislative Assembly.

Price—Rs. 10

Vol. 53—No. 1.

# Assembly Proceedings

## Official Report

# West Bengal Legislative Assembly

## Fifty-third Session

(June-August, 1972)

*(From 26th June, 1972 to 11th August, 1972)*

(The 26th, 27th, 28th, 29th, 30th June, 3rd and 4th July, 1972.)

**Published by authority of the Assembly under rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.**

Superintendent, Government Printing
West Bengal, Alipore, Calcutta-27

# Government of West Bengal

## Governor

**SHRI ANTHONY LANCELOT DIAS**

## Members of the Council of Ministers

Shri Siddhartha Sankar Ray, Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Transport, Jails, Tourism and Perliamentary Affairs Branches), Department of Information and Public Relations, Waqf Branch of Judicial Department and Youth Services Branch of Department of Education.

Shri Abdus Sattar, Minister-in-charge of Department of Agriculture and Community Development, Rural Water Supply Branch of Department of Health, Lagislative Department and Judicial Department (excluding Waqf Branch).

Dr. Zainal Abedin, Minister-in-charge of Department of Public Undertakings and Department of Cottage and Small Scale Industries and Department of Co-operation.

Shri Mrityunjoy Banerjee, Minister-in-charge of Department of Education (excluding Youth Services and Sports Branches).

Shri Abul Barkat Atawal Ghani Khan Chaudhury, Minister-in-charge of Department of Irrigation and Waterways and Department of Power.

Shri Tarun Kanti Ghosh, Minister-in-charge of Department of Commerce and Industries and Tourism Branch of Home Department.

Shri Sankar Ghose, Minister-in-charge of Finance Department and Department of Development and Planning.

Shri Gurupada Khan, Minister-in-charge of Department of Land Utilisation and Reforms and Land and Land Revenue.

Shri Sitaram Mahato, Minister-in-charge of Department of Forests and Veterinary Services (excluding Dairy Development Branch) and Department of Excise.

Shri Kashi Kanta Maitra, Minister-in-charge of Department of Food and Supplies and Dairy Development Branch of Department of Animal Husbandry and Veterinary Services.

Dr. Gopal Das Nag, Minister-in-charge of Department of Labour and Department of Closed and Sick Industries.

Shri Gyan Singh Sohanpal, Minister-in-charge of Transport, Jails and Parliamentary Affairs Branches of Home Department.

Shri Ajit Kumar Panja, Minister-in-charge of Department of Health (excluding Rural Water Supply Branch).

Shri Santosh Kumar Roy, Minister-in-charge of Department of Relief and Welfare (including the Department of Refugee Relief and Rehabilitation and the Department of Scheduled Castes and Tribes Welfare) and Department of Fisheries.

Shri Bholanath Sen, Minister-in-charge of Public Works Department and Housing Department.

**Ministers of State**

Shri Pradip Bhattacharyya, Minister of State for Department of Labour and Department of Closed and Sick Industries.

Shri Ananda Mohan Biswas, Minister of State for Department of Agriculture and Community Development, Rural Water Supply Branch of Department of Health, Legislative Department and Judicial Department (excluding Waqf Barnch.)

Shri Prafullakanti Ghosh, Minister of State-in charge of Department of Municipal Services, Department of Panchayats and Sports Branch of Department of Education.

Dr. Md. Fazle Haque, Minister of State for Home Department (excluding Transport, Jails, Tourism and Parliamentary Affairs Branches), Department of Development and Planning, Department of Information and Public Relations, Waqf Branch of Judicial Department and Youth Services Branch of Department of Education.

Shri Denis Lakra, Minister of State for Department of Relief and Welfare (including the Department of Refugee Relief and Rehabilitation and Department of Scheduled Castes and Tribes Welfare).

Shri Subrata Mukhopadhyay, Minister of State for Home Department (excluding Transport, Jails, Tourism and Parliamentary Affairs Branches), Department of Development and Planning, Department of Information and Public Relations, Waqf Branch of Judicial Department and Youth Services Branch of Department of Education.

Shri Gobinda Chandra Naskar, Minister of State for Department of Health (excluding Rural Water Supply Branch).

Shri Ramkrishna Saraogi, Minister of State for Public Works Department and Housing Department.

Shri Atish Chandra Sinha, Minister of State for Department of Public Undertakings and Department of Cottage and Small Scale Industries.

**Deputy Ministers**

Shrimati Amala Saren, Deputy Minister for Department of Education (excluding Youth Services and Sports Branches).

Shri Gajendra Gurung, Deputy Minister for Department of Commerce and Industries and Tourism Branch of Home Department.

Shri Suniti Chattaraj, Deputy Minister for Department of Irrigation and Waterways and Department of Power.

## WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

### PRINCIPAL OFFICERS AND OFFICIALS

| | |
|---|---|
| *Speaker* ... ... | Shri Apurba Lal Majumdar. |
| *Deputy Speaker* ... ... | Shri Haridas Mitra. |

### SECRETARIAT

| | |
|---|---|
| *Secretary* ... ... | Shri K. K. Moitra, M. A. (Cal.), LL.B. (London), Barrister-at-Law. |
| *Deputy Secretary* ... ... | Shri A. K. Chunder, B.A. (Hons.) (Cal.), M.A., LL.B. (Cantab), LL.B. (Dublin), Barrister-at-Law. |
| *Deputy Secretary* .. ... | Shri Dhruba Narayan Banerjee, B.A., (Hons.), LL.B. |
| *Deputy Secretary* ... ... | Shri Debavrata Chakravarthy, B.A. |
| *Assistant Secretary* ... | Shri Nayan Gopal Chowdhury, B.A. |
| *Assistant Secretary* ... | Shri Sankoriprosad Mukherjee, B.A. |
| *Assistant Secretary* ... | Shri Asadur Rahman. |
| *Assistant Secretary* ... | Shri Sailendra Nath Patra. |
| *Editor of Debates* ... ... | Shri Amiya Kumar Dutta. |
| *Chief Reporter* ... ... | Shri S. K. Chatterjee, B.COM. |
| *Private Secretary to the Speaker* | Shri Panchu Gopal Chatterjee. |
| *Personal Assistant to the Secretary* | Shri Shyamal Kumar Banerjee. |
| *Section Officers* ... ... | Shri Asim Kumar Addya. |
| | Shri Ganesh Chandra Das. |
| | Shri Prasantakumar Maulik, B.SC., LLB. |
| *Caretaker* ... ... | Shri Gopal Chandra Ghatak. |
| *English Reporters* ... ... | Shri Himadri Bhusan Chatterjee, B.Com. |
| | Shri Prithwish Chandra Sen Gupta. |
| | Shri Jawhar Lal Dutt, B.Com. |
| | Shri Sailendra Mohan Chakrabarti. |
| | Shrimati Subrata Sen Gupta. |

## SECRETARIAT

| | | |
|---|---|---|
| *English Repoters :* | ... | Shri Shyamal Kumar Banerjee. |
| | | Shri Parimal Kanti Ghosh. |
| | | Shri Pulak Chandra Banerjee. B.A. |
| *Bengali Reporters ...* | ... | Shri Arindam Ghosh. |
| | | Shri Bimal Kanti Bera. |
| | | Shri Prafulla Kumar Ganguli, B.Com. |
| | | Shri Prabhat Chandra Bhattacharyya, B.A. |
| | | Shri Abney Golam Akbar, B.A. |
| | | Shri Manas Ranjan Das, B.Com. |
| | | Shri Jagadish Chandra Biswas, B.A. |
| | | Shri Swadhin Chatterjee. |
| | | Shri Ranjit Kumar Basu, B A. |
| | | Shri Tarak Nath Chatterjee. |
| | | Shri Dhirendra Nath Bera. |
| *Hindi Reporter ...* | ... | Shri Ram Naresh Tripathi. |

# West Bengal Legislative Assembly

## Alphabetical List of Members

A

(1) Abdul Bari Biswas, Shri (54-Jalangi—Murshidabad)

(2) Abdur Rauf Ansari, Shri (144-Taltala—Calcutta)

(3) Abdur Razzak Molla, Shri (100-Bhangar—24-Parganas)

(4) Abdus Sattar, Shri (50-Lalgola—Murshidabad)

(5) Abedin, Dr. Zainal (30-Itahar—West Dinajpur)

(6) Abu Raihan Biswas, Shri (57-Hariharpara—Murshidabad)

(7) Abul Barkat Atawal Ghani Khan Chawdhury, Shri (44-Suzapur—Malda)

(8) Aich, Shri Triptimay (244-Hirapur—Burdwan)

(9) Ali Ansar, Shri (164-Kalyanpur—Howrah)

(10) Anwar Ali, Shri Sk. (158-Panchla—Howrah)

B

(11) Baidya, Shri Paresh Chandra [91-Gosaba (SC)—24-Parganas]

(12) Bandopadhayay, Shri Shib Sankar (66-Kaliganj—Nadia)

(13) Bandyopadhyay, Shri Ajit Kumar (252-Faridpur—Burdwan)

(14) Bandyopadhyay, Shri Sukumar (246-Baraboni—Burdwan)

(15) Banerjee, Shri Mrityunjoy (153-Howrah Central—Howrah)

(16) Banerjee, Shri Pankaj Kumar (139-Tollygunge—Calcutta)

(17) Banerjee, Shri Ramdas (245-Kulti—Burdwan)

(18) Bapuly, Shri Satya Ranjan (115-Patharprotima—24-Parganas)

(19) Bar, Shri Ram Krishna [108-Bishnupur East (SC)—24-Parganas]

(20) Basu, Shri Ajit Kumar (173-Singur—Hooghly)

(21) Basu, Shri Ajit Kumar (212-Kharagpur Local—Midnapur)

(22) Basu, Shri Chittaranjan (174-Haripal—Hooghly)

(23) Basu, Shri Lakshmi Kanta (138-Rashbehari Avenue—Calcutta)

(24) Bauri, Shri Durgadas [228-Raghunathpur (SC)—Purulia]

(25) Bera, Shri Rabindra Nath (205-Debra—Midnapur)

(26) Bera, Shri Sudhir (187-Daspur—Midnapur)

(27) Besra, Shri Manik Lal [232-Raipur (ST)—Bankura]

(28) Besterwitch, Shri A.H. [13-Madarihat (ST)—Jalpaiguri]

(29) Bhaduri, Shri Timir Baran (59-Beldanga—Murshidabad)

(30) Bharati, Shri Ananta Kumar [147-Beliaghata (North)—Calcutta]

(31) Bhattacharjee, Shri Keshab Chandra (81-Ashokenagar—24-Parganas)

(32) Bhattacharjee, Shri Sakti Kumar (77-Haringhata—Nadia)

(33) Bhattacharjee, Shri Shibapada (126-Baranagar—24-Parganas)

(34) Bhattacharjee, Shri Susanta (163-Bagnan—Howrah)

(35) Bhattacharya, Shri Narayan (11-Alipurduar—Jalpaiguri)

(36) Bhattacharyya, Shri Harasankar (270-Bolpur—Birbhum)

(37) Bhattacharyya, Shri Pradip (257-Burdwan South—Burdwan)

(38) Bhowmik, Shri Kanai (190-Moyna—Midnapur)

(39) Bijali, Dr. Bhupen (105-Maheshtola—24-Parganas)

(40) Biswas, Shri Ananda Mohan [72-Hanskhali (SC)—Nadia]

(41) Biswas, Shri Kartic Chandra (65-Tehatta—Nadia)

C

(42) Chaki, Shri Naresh Chandra (74-Ranaghat West—Nadia)

(43) Chakrabarti, Shri Biswanath (103-Behala West—24-Parganas)

(44) Chakravarty, Shri Gautam (39-Harishchandrapur—Malda)

(45) Chakravarty, Shri Bhabataran (240-Vishnupur—Bankura)

(46) Chatterjee, Shri Debabrata (9-Kumargram—Jalpaiguri)

(47) Chatterjee, Shri Kanti Ranjan (82-Barasat—24-Parganas)

(48) Chatterjee, Shri Naba Kumar (261-Memari—Burdwan)

(49) Chatterjee, Shri Tapan (124-Panihati—24-Parganas)

(50) Chattaraj, Shri Suniti (274-Suri—Birbhum)

(51) Chattopadhyay, Dr. Sailendra (178-Pandua—Hooghly)

(52) Chattopadhyay, Shri Santasri (169-Uttarpara—Hooghly)

(53) Chattopadhyay, Shri Sukumar (259-Raina—Burdwan)

(54) Chowdhury, Shri Abdul Karim (25-Chopra—West Dinajpur)

D

(55) Das, Shri Barid Baran (129-Shyampukur—Calcutta)

(56) Das, Shri Bijoy (204-Pingla—Midnapur)

(57) Das, Shri Bimal (42-English Bazar—Malda)

(58) Das, Shri Jagadish Chandra (118-Bijpur—24-Parganas)

(59) Das, Shri Rajani [3-Cooch Behar West (SC)—Cooch Behar]

(60) Das, Shri Sarat [227-Para (SC)—Purulia]

(61) Das, Shri Sudhir Chandra (199-Contai South—Midnapur)

(62) Das Gupta, Dr. Santi Kumar (154-Howrah South—Howrah)

(63) Das Mohapatra, Shri Kamakhyanandan (198-Contai North—Midnap

(64) Daulat Ali, Shri Sheikh (110-Diamond Harbour—24-Parganas)

(65) De, Shri Asamanja (73-Santipur—Nadia)

(66) Deshmukh, Shri Nitai (223-Arsa—Purulia)

(67) Dey, Shri Tarapada (157-Jagatballavpur—Howrah)

(68) Dihidar, Shri Niranjan (247-Asansol—Burdwan)

(69) Doloi, Shri Rajani Kanta [206-Keshpur (SC)—Midnapur]

(70) Dolui, Shri Hari Sadhan [186-Ghatal (SC)—Midnapur)

(71) Duley, Shri Krishnaprasad [207-Garbeta East (SC)—Midnapur]

(72) Dutt, Dr. Ramendra Nath (28-Raiganj—West Dinajpur)

(73) Dutta, Shri Adya Charan (52-Nabagram—Murshidabad)

(74) Dutta, Shri Hemanta (200-Ramnagar—Midnapur)

E

(75) Ekramul Haque Biswas, Dr. (55-Domkal—Murshidabad)

F

(76) Fazle Haque, Dr. Md. (4-Sitai—Cooch Behar)

(77) Fulmali, Shri Lalchand [276-Mayureswar (SC)—Birbhum]

G

(78) Ganguly, Shri Ajit Kumar (79-Bongaon—24-Parganas)

(79) Gayen, Shri Lalit Mohan [98-Baruipur (SC)—24-Parganas]

(80) Ghiasuddin Ahmad, Shri (68-Chapra—Nadia)

(81) Ghosal, Shri Satya (185-Chandrakona—Midnapur)

(82) Ghose, Shri Sankar (134-Chowringhee—Calcutta)

(83) Ghosh, Shri Lalit Kumar (88-Basirhat—24-Parganas)

(84) Ghosh, Shri Nitai Pada (275-Mahammad Bazar—Birbhum)

(85) Ghosh, Shri Prafulla Kanti (128-Cossipur—Calcutta)

(86) Ghosh, Shri Rabindra (161-Uluberia South—Howrah)

(87) Ghosh, Shri Sisir Kumar (123-Khardah—24-Parganas)

(88) Ghosh, Shri Tarun Kanti (85-Habra—24 Parganas)

(89) Ghosh Maulik, Shri Sunil Mohan (62-Barwan—Murshidabad)

(90) Golam Mahiuddin, Shri (279-Nalhati—Birbhum)

(91) Goswami, Shri Paresh Chandra (263-Nadanghat—Burdwan)

(92) Goswami, Shri Sambhu Narayan (239-Onda—Bankura)

(93) Gurung, Shri Gajendra (20-Kalimpong—Darjeeling)

(94) Gurung, Shri Nandalal (22-Jorebunglow—Darjeeling)

(95) Gyan Singh Sohanpal, Shri (211-Kharagpur—Midnapur)

## H

96) Habibur Rahaman, Shri (48-Jangipur—Murshidabad)

97) Hajra, Shri Basudeb [182-Khanakul (SC)—Hooghly]

93) Halder, Shri Birendra Nath [114-Mathurapur (SC)—24-Parganas]

99) Halder, Shri Hirendra Nath [61-Khargram (SC)—Murshidabad]

00) Halder, Shri Kansari [99-Sonarpur (SC)—24-Parganas]

01) Halder, Shri Manoranjan [111-Magrahat East (SC)—24-Parganas]

02) Hatui, Shri Ganesh (167-Jangipara—Hooghly)

03) Hazra, Shri Haran [159-Sankrail (SC)—Howrah]

04) Hembram, Shri Shital Chandra [220-Banduan (ST)—Purulia]

05) Hembrom, Shri Benjamin [37-Gajol (ST)—Malda]

06) Hembrom, Shri Patrash [35-Tapan (ST)—West Dinajpur]

7) Hemram, Shri Kamala Kanta (235-Chhatna—Bankura)

## I

8) Isore, Shri Sisir Kumar [8-Tufanjunj (SC)—Cooch Behar]

## J

9) Jana, Shri Amalesh (196-Bhagabanpur—Midnapur)

) Jerat Ali, Shri (46-Farakka—Murshidabad)

## K

(111) Kar, Shri Sunil (6-Cooch Behar North—Cooch Behar)

(112) Karan, Shri Rabindra Nath [193-Sutahata (SC)—Midnapur]

(113) Karar, Shri Saroj Ranjan (166-Udainarayanpur—Howrah)

(114) Khan, Shri Gurupada [243-Sonamukhi (SC)—Bankura]

(115) Khan, Nasiruddin, Shri (56-Naoda—Murshidabad)

(116) Khan Samsul Alam, Shri (201-Egra—Midnapur)

(117) Kolay, Shri Akshay Kumar (241-Kotulpur—Bankura)

## L

(118) Lahiri, Shri Somnath (140-Dhakuria—Calcutta)

(119) Lakra, Shri Denis [10-Kalchini (ST)—Jalpaiguri]

(120) Lohar, Shri Gour Chandra [234-Indpur (SC)—Bankura]

## M

(121) M. Shaukat Ali, Shri (84-Deganga—24-Parganas)

(122) Mahabubul Haque, Shri (38-Kharba—Malda)

(123) Mahanti, Shri Pradyot Kumar (214-Dantan—Midnapur)

(124) Mahapatra, Shri Harish Chandra (217-Gopiballavpur—Midnapur)

(125) Mahata, Shri Kinkar (224-Jhalda—Purulia)

(126) Mahata, Shri Thakurdas (209-Salbani—Midnapur)

(127) Mahato, Shri Madan Mohan (229-Kashipur—Purulia)

(128) Mahato, Shri Ram Krishna (225-Jaipur—Purulia)

(129) Mahato, Shri Satadal (230-Hura—Purulia)

(130) Mahato, Shri Sitaram (221-Manbazar—Purulia)

(131) Maiti, Shri Braja Kishore (213-Narayangarh—Midnapur)

(132) Maitra, Shri Kashi Kanta (71-Krishnagar East—Nadia)

(133) Maity, Shri Prafulla (203-Pataspur—Midnapur)

(134) Majhi, Shri Rup Sing [222-Balarampur (ST)—Purulia]

(135) Maji, Shri Saktipada [236-Gangajalghati (SC)—Bankura]

(136) Majumdar, Shri Apurba Lal [78-Bagdaha (SC)—24-Parganas]

(137) Majumdar, Shri Bhupati (175-Chinsurah—Hooghly)

(138) Majumdar, Shri Indrajit (102-Behala East—24-Parganas)
(139) Mal, Shri Dhanapati [278-Hassan (SC)—Birbhum]
(140) Malik, Shri Sridhar [253-Ausgram (SC)—Burdwan]
(141) Malla Deb, Shri Birendra Bijoy (218-Jhargram—Midnapur)
(142) Mandal, Shri Arabinda (64-Karimpur—Nadia)
(143) Mandal, Shri Jokhi Lal (43-Manikchak—Malda)
(144) Mandal, Shri Nrisinha Kumar [49-Sagardighi (SC)—Murshidabad]
(145) Mandal, Shri Prabhakar [268-Ketugaam (SC)—Burdwan]
(146) Mandal, Shri Prabhonjan Kumar (117-Sagore—24-Parganas)
(147) Mazumder, Shri Dinesh (101-Jadavpur—24-Parganas)
(148) Md Safiullah, Shri (168-Chanditala—Hooghly)
(149) Md. Shamsuzzoha, Shri (140-Vidyasagar—Calcutta)
(150) Medda, Shri Madan Mohan [184-Goghat (SC)—Hooghly]
(151) Misra, Shri Ahindra (192-Mahisadal—Midnapore)
(152) Misra, Shri Chandra Nath (86-Swarupnagar—24-Parganas]
(153) Misra, Shri Kashinath (238-Bankura—Bankura)
(154) Mitra, Shri Chandipada (80-Gaighata—24-Parganas)
(155) Mitra, Shri Haridas (76-Chakdaha—Nadia)
(156) Mitra, Shrimati Ila (148-Manicktala—Calcutta)
(157) Mitra, Shri Somendra Nath (145-Sealdah—Calcutta)
(158) Mohammad Dedar Baksh, Shri (51-Bhagabangola—Murshidabad)
(159) Mohammad Idris Ali, Shri (53-Murshidabad—Murshidabad)
(160) Mohanta, Shri Bijoy Krishna [16-Mainaguri (SC)—Jalpaiguri]
(161) Moitra, Shri Arun Kumar (23-Siliguri—Darjeeling)
(162) Mojumdar, Shri Jyotirmoy (267-Mongalkot—Burdwan)
(163) Molla Tasmatulla, Shri (89-Hasnabad—24-Parganas)
(164) Mondal, Shri Aftabuddin (165-Amta—Howrah)
(165) Mondal, Shri Amarendra Nath [249-Jamuria (SC)—Burdwan]
(166) Mondal, Shri Anil Krishna [90-Hingalganj (SC)—24-Parganas]
(167) Mondal, Shri Gopal [250-Ukhra (SC)—Burdwan]
(168) Mondal, Shri Raj Kumar [160-Uluberia North (SC)—Howrah]
(169) Mondal, Shri Santosh Kumar [113-Kulpi (SC)—24-Parganas]
(170) Mondol, Shri Khagendra Nath [83-Rajarhat (SC)—24-Parganas]
(171) Moslehuddin Ahmed, Shri (32-Gangarampur—West Dinajpur)

(172) Motahar Hossain, Dr. (280-Murarai—Birbhum)
(173) Mukhapadhya, Shri Tarapado (119-Naihati—24-Parganas)
(174) Mukherjee, Shri Bhabani Sankar (151-Bally—Howrah)
(175) Mukherjee, Shri Ananda Gopal (251-Durgapur—Burdwan)
(176) Mukherjee, Shri Bhabani (172-Chandernagore—Hooghly)
(177) Mukherjee, Shri Biswanath (210-Midnapore—Midnapore)
(178) Mukherjee, Shri Mahadeb (181-Pursurah—Hooghly)
(179) Mukherjee, Shri Mrigendra (155-Shibpur—Howrah)
(180) Mukherjee, Shri Sanat Kumar (226-Purulia—Purulia)
(181) Mukherjee, Shri Shankar Lal (152-Howrah North—Howrah)
(182) Mukherjee, Shri Sibdas (70-Krishnagar West—Nadia)
(183) Mukherjee, Shri Subrata (256-Katwa—Burdwan)
(184) Mukherji, Shri Ajoy Kumar (191-Tamluk—Midnapore)
(185) Mukhopadhaya, Shri Subrata (141-Ballygunge—Calcutta)
(186) Mukhopadhyaya, Shrimati Geeta (189-Panskura East—Midnapore)
(187) Mukhopadhyaya, Shri Girija Bhusan (171-Champdani—Hooghly)
(188) Mundle, Shri Sudhendu (112-Magrahat West—24-Parganas)
(189) Murmu, Shri Rabindra Nath [36-Habibpur (ST)—Malda]

## N

(190) Nag, Dr. Gopal Das (170-Serampore—Hooghly)
(191) Nahar, Shri Bijoy Singh (133-Bowbazar—Calcutta)
(192) Naskar, Shri Arabinda [96-Kultali (SC)—24-Parganas]
(193) Naskar, Shri Gobinda Chandra [95-Canning (SC)—24-Parganas]
(194) Nasker, Shri Ardhendu Sekher [142-Beliaghata South (SC)—Calcutta]
(195) Nurul Islam Molla, Shri (262-Kalna—Burdwan)
(196) Nurunnesa Sattar, Shrimati (265-Purbasthali—Burdwan)

## O

(197) Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed (143-Entally—Calcutta)
(198) Omar Ali, Dr. (188-Panskura West—Midnapore)
(199) Oraon, Shri Prem [15-Nagrakata (ST)—Jalpaiguri]

## P

(200) Paik, Shri Bimal [197-Khajuri (SC)—Midnapore]

(201) Palit, Shri Pradip Kumar (125-Kamarhati—24-Parganas)

(202) Panda, Shri Bhupal Chandra (194-Nandigram—Midnapur)

(203) Panja, Shri Ajit Kumar (149-Burtala—Calcutta)

(204) Parui, Shri Mohini Mohon (109-Falta—24-Parganas)

(205) Patra, Shri Kashinath [179-Dhaniakhali (SC)—Hooghly]

(206) Paul, Shri Bhawani (14-Dhupguri—Jalpaiguri)

(207) Paul, Shri Sankar Das (58-Berhampore—Murshidabad)

(208) Poddar, Shri Deokinandan (13?-Jorasanko—Calcutta)

(209) Pramanick, Shri Gangadhar [93-Haroa (SC)—24-Parganas]

(210) Pramanik, Shri Monoranjan [258-Khandaghosh (SC)—Burdwan]

(211) Pramanik, Shri Puranjoy [260-Jamalpur (SC)—Burdwan]

## Q

(212) Quazi Abdul Gaffar, Shri (87-Baduria—24-Parganas)

## R

(213) Rai, Shri Deo Prakash (21-Darjeeling—Darjeeling)

(214) Ram, Shri Ram Peyare (135-Kabitirtha—Calcutta)

(215) Ray, Shri Debendra Nath [29-Kaliaganj (SC)—West Dinajpur]

(216) Ray, Shri Siddhartha Shankar (41-Malda—Malda)

(217) Roy, Shri Ananda Gopal (277-Rampurhat—Birbhum)

(218) Roy, Shri Aswini Kumar (255-Galsi—Burdwan)

(219) Roy, Shri Birendra Nath [2-Mathabhanga (SC)—Cooch Behar]

(220) Roy, Shri Bireswar (34-Balurghat—West Dinajpur)

(221) Roy, Shri Haradhan (248-Raniganj—Burdwan)

(222) Roy, Shrimati Ila (130-Jorabagan—Calcutta)

(223) Roy, Shri Jagadananda [12-Falakata (SC)—Jalpaiguri]

(224) Roy, Shri Jatindra Mohan [31-Kushmandi (SC)—West Dinajpur]

(225) Roy, Shri Krishna Pada (156-Domjur—Howrah)

(226) Roy, Shri Madhu Sudan [1-Mekliganj (SC)—Cooch Behar]

(227) Roy, Shri Mrigendra Narayan [19-Rajganj (SC)—Jalpaiguri]

(228) Roy, Shri Provash Chandra (107-Bishnupur West—24-Parganas)

(229) Roy, Shri Santosh Kumar (7-Cooch Behar South—Cooch Behar)

(230) Roy, Shri Saroj (209-Garbeta West—Midnapur)

(231) Roy, Shri Suvendu (121-Noapara—24-Parganas)

(232) Roy Barman, Shri Khitibhusan (106-Budge Budge—24-Parganas)

S

(233) Saha, Shri Dulal [269-Nanur (SC)—Birbhum]

(234) Saha, Shri Dwija Pada [273-Rajnagar (SC)—Birbhum]

(235) Saha, Shri Nirad Kumar (97-Joynagar—24-Parganas)

(236) Saha, Shri Radha Raman (69-Nabadwip—Nadia)

(237) Sahoo, Shri Prasanta Kumar (202-Mugberia—Midnapur)

(238) Sajjad Hussain, Shri Haji (27-Karandighi—West Dinajpur)

(239) Samanta, Shri Saradindu (195-Narghat—Midnapur)

(240) Samanta, Shri Tuhin Kumar (264-Monteswar—Burdwan)

(241) Santra, Shri Sanatan [242-Indas (SC)—Bankura]

(242) Saraogi, Shri Ramkrishna (132-Barabazar—Calcutta)

(243) Saren, Shrimati Amala [233-Ranibardh (ST)—Midnapur]

(244) Saren, Shri Dasarathi [216-Nayagram (ST)—Midnapur]

(245) Sarkar, Shri Biren [177-Balagarh (SC)—Hooghly]

(246) Sarkar, Shri Jogesh Chandra (5-Dinhata—Cooch Behar)

(247) Sarkar, Dr. Kanai Lal (136-Alipore—Calcutta)

(248) Sarkar, Shri Nil Kamal [67-Nakashipara (SC)—Nadia]

(249) Sarkar, Shri Nitaipada [75-Ranaghat East (SC)—Nadia]

(250) Sau, Shri Sachinandan (272-Dubrajpur—Birbhum)

(251) Sautya, Shri Basudeb (116-Kakwip—24-Parganas)

(252) Sen, Dr. Anupam (18-Jalpaiguri—Jalpaiguri)

(253) Sen, Shri Bholanath (254-Bhatar—Burdwan)

(254) Sen, Shri Prafulla Chandra (183-Arambagh—Hooghly)

(255) Sen, Shri Sisir Kumar (162-Shyampur—Howrah)

(256) Sen Gupta, Shri Kumardipti (63-Bharatpur—Murshidabad)

(257) Shamsuddin Ahmad, Shri (45-Kaliachak—Malda)

(258) Sharafat Hussain, Shri Sheikh (26-Goalpokhar—West Dinajpur)

(259) Sheth, Shri Balai Lal (180-Tarakeswar—Hooghly)

(260) Shish Mohammad, Shri (47-Suti—Murshidabad)

(261) Shukla, Shri Krishna Kumar (122-Titagarh—24-Parganas)

(262) Singh, Shri Chhedi Lal (104-Garden Reach—24-Parganas)

(263) Singh, Shri Lal Bahadur (127-Dum Dum—24-Parganas)

(264) Singh, Shri Satyanarayan (120-Bhatpara—24-Parganas)

(265) Singhababu, Shri Phani Bhushan (231-Taldangra—Bankura)

(266) Singha Roy, Shri Probodh Kumar (33-Kumarganj—West Dinajpur)

(267) Sinha, Shri Atish Chandra (60 Kandi—Murshidabad)

(268) Sinha, Shri Debendra Nath [92-Sandesh Khali (ST)—24-Parganas]

(269) Sinha, Shri Niren Chandra (40-Ratua—Malda)

(270) Sinha, Shri Nirmal Krishna (271-Labhpur—Birbhum)

(271) Sinha, Shri Panchanan (94-Basanti—24-Parganas)

(272) Sinha Roy, Shri Bhawani Prosad (176-Polba—Hooghly)

(273) Soren, Shri Jairam [219-Binpur (ST)—Midnapore]

(274) Sur, Shri Ganapati (150-Belgachia—Calcutta)

## T

(275) Ta, Shri Kashinath (256-Burdwan North—Burdwan)

(276) Talukder, Shri Rathin (137-Kalighat—Calcutta)

(277) Tewary, Shri Sudhangshu Sekhar (237-Barjora—Bankura)

(278) Tirkey, Shri Iswar Chandra [24-Phansidewa (ST)—Darjeeling]

(279) Topno, Shri Antoni [17-Mal (ST)—Jalpaiguri]

(280) Tudu, Shri Budhan Chandra [215-Keshiary (ST)—Midnapur]

## W

(281) Wilson-de Rozes, Shri George Albert (281-Nominated)

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 26th June, 1972 at 1 p. m.

**Present :**

Mr. Speaker ( Shri APURBA LAL MAZUMDAR ) in the Chair, 15 Ministers, 9 Ministers of State, 3 Deputy Ministers, and 200 Members.

### Oath or Affirmation of Allegiance

[1-00—1-10 p.m.]

**Mr. Speaker** : Honourable Members, if any of you have not yet made an oath or affirmation of allegiance, you may kindly do so.

( Shri Siddhartha Shankar Ray took oath )

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্যরূপে নির্বাচিত আমি সিদ্ধার্থশঙ্কর রায় নিষ্ঠার সহিত প্রতিজ্ঞা করিতেছি যে, আমি বিধিদ্বারা প্রতিষ্ঠিত ভারতের সংবিধানের প্রতি প্রকৃত বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব, আমি ভারতের সার্বভৌমত্ব ও সংহতি রক্ষা করিয়া চলিব এবং যে কর্তব্যভার আমি গ্রহণ করিতে চলিয়াছি তাহা বিশ্বস্তভাবে নির্বাহ করিব।

**শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ** স্যার, আমাদের মুখ্যমন্ত্রী আইনসভায় নির্বাচিত হয়ে আসার জন্য আমার আনন্দ প্রকাশ করছি এবং আমার পক্ষ থেকে তাঁকে অভিনন্দন জানাচ্ছি।

**শ্রীআবদুস সাত্তারঃ** স্যার, আমাদের মুখ্যমন্ত্রী নির্বাচিত হওয়ায় আমি আমাদের পার্টির তরফ থেকে তাঁকে ধন্যবাদ জানাচ্ছি এবং আশা করছি তিনি যেভাবে আমাদের পরিচালনা করে এসেছেন সেইভাবে করবেন এবং আমাদের সমাজবাদের দিকে নিয়ে যাবেন।

**শ্রীপ্রদ্যোত মহান্তিঃ** আমাদের মুখ্যমন্ত্রী বিধানসভায় নির্বাচিত হওয়ায় আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি এখানকার প্রত্যেকটি বন্ধুকে আমার কৃতজ্ঞতা জানাচ্ছি, এইরূপভাবে আমাকে অভিনন্দিত করার জন্য। আমি এটা প্রকৃতপক্ষে আশা করিনি যে এই সভায় এইভাবে আমাকে অভিনন্দিত করা হবে। আমি তাঁদের কাছে খুব কৃতজ্ঞ এবং তাঁদের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি তাঁদের শুভেচ্ছার জন্য।

### OBITUARY

**Mr. Speaker** : Honourable Members, at the outset I have a melancholy duty to perform in referring to some of the ex-Members who have been snatched away from our midst by the cruel hands of death.

Chronologically arranged, firstly, I refer to the passing away of Shri Nikunja Behari Gupta, ex-M.L.A. Born in 1901, he was a law graduate and practised at Malda Court. Having taken a leading part in the August movement of 1942, he was associated with the Congress up to the last day of his life. He was the Chairman of the Malda District Board and the President of the Malda District Congress Committee. He was Vice-President of the West Bengal Pradesh Congress Committee for two years, from 1960, and was returned to the West Bengal Legislative Assembly from Malda in 1952 and 1957. What with his patriotic seal and what with his pious habits and catholicity of mind he is remembered for his noble deeds, idealism and kindness.

Next, I refer to the tragic and mysterious circumstances under which Shri Satya Narayan Banerjee, a former M.L.A. of Labpur in the Birbhum district, was found dead with a deep stab injury inside a compartment of the Barauni-Howrah Passenger. The death was detected when the train stopped at he Bandel station on the 6th May last at about 8-28 in the morning. Elected to the Assembly in 1967 he took keen interest in the progress of Primary Education in Birbhum District. Connected with many social organisations he commanded respect and esteem from all quarters.

I have also to refer to the demise of Shri Mahananda Halder, an ex-Member of this House on 22nd June, 1972. Born in 1902 he was first returned to the House from Nakashipara constituency in Nadia district in 1952 on a Congress ticket. He was again returned in both the 1957 and 1962 General Elections but as independent. He was a B.A., B L, and President, Teachers' Co-ordination Society, Nadia North Zone. He was the Editor of the Bengali Monthly and author of more than one Religious Treatises He was a lovable personality.

I am now to refer to the passing away of Shri Rabindralal Sinha and Professor Mohitosh Roy Chowdhury, both Members of the erstwhile West Bengal Legislative Council. Shri Sinha, a bachelor, who was a former Minister-in-charge of Education and P.W.D. of the Government of West Bengal expired at the S S.K.M. Hospital on the 15th May last. He was the President of the undivided West Bengal Pradesh Congress Committee between 1966 and 1968. A lawyer of repute, his oratory kept his audiance spell bound, Sincere and sweet tempered, to know him was to love him.

Professor Roy Chowdhury, who was a well known journalist and an educationist, was a Senator of the Calcutta University for several years. He founded and edited the educational journal "The Sikshak". An ardent follower of Gandhiji, he was a pioneer in the undivided Bengal in the movement for the uplift of Harijans. Being in the forefront of teachers' movement he was the founder of All India Primary Teachers' Association and its President for a long

time. Closely associated with Acharyya Prafulla Chandra Roy and Rabindra Nath Tagore, he authored several books and a number of essays on Tagore and his literature. A member of the Jessore District Board for 16 years and founder of Michael Madhusudan College, Jessore, he played a leading role in organising relief work during floods and famines in Jessore and Khulna.

May their souls rest in peace. I would now request the honourable Members to stand in their seats in silence for two minutes.

(Members then stood in silence for two minutes.)

**Mr. Speaker** : Thank you. Secretary will do the needful.

### Final Demands for Grants and Appropriations for 1972-73

[1-10—1-20 p.m.]

**শ্রীশঙ্কর ঘোষঃ** মাননীয় স্পীকার মহাশয়, ১৯৭২-এর মার্চ মাসে বিধানসভায় বাজেট বরাদ্দ উত্থাপন করা হয়েছিল এবং ভোট-অন-অ্যাকাউন্ট গৃহীত হয়েছিল। আমরা তারপরে এই বরাদ্দগুলি পরীক্ষা করে সেগুলিতে কিছু পরিবর্তন করেছি। এখন বিধানসভায় যে পুস্তিকা উপস্থিত করা হচ্ছে তাতে বরাদ্দের পরিবর্তনগুলি পরিবর্তনের ব্যাখ্যা সহ দেখানো হয়েছে। তবে আমি মাননীয় সদস্যগণকে অনুরোধ করব যে, বর্তমান বছরে বিবিধ খাতে যে সব বরাদ্দ ধরা হয়েছে তৎসম্পর্কে খুঁটিনাটি খবরের জন্য তাঁরা যেন ১৯৭২-এর ২৫এ মার্চ আমি যে বাজেট বরাদ্দ উত্থাপিত করেছিলাম তার প্রতি লক্ষ্য রাখেন।

### ১৯৭১-৭২ সাল

১৯৭২-এর মার্চে উত্থাপিত ১৯৭১-৭২ সালের সংশোধিত বরাদ্দে ২৩·৫৯ কোটি টাকার ঘাটতি প্রারম্ভিক তহবিল নির্দেশিত হয়েছিল। এই বরাদ্দে পরিকল্পনা-বহির্ভূত ঘাটতি মেটানোর জন্য ৩০ কোটি টাকার কেন্দ্রীয় সাহায্য আমরা ধ'রে নিয়েছিলাম। ১৯৭১-৭২ সালের জন্য কেন্দ্রীয় সরকার তারপর আমাদের ৩২·৫৬ কোটি টাকা 'ওয়েজ অ্যাণ্ড মিন্স' বাবত অগ্রিম দিয়েছেন। প্রকৃত ব্যয়ের ভিত্তিতে ১৯৭১-৭২-এর বাজেট পরিস্থিতি পরীক্ষা সাপেক্ষে এই আগাম দেওয়া হয়েছে। অনুরূপ পরীক্ষা সাপেক্ষে আমরা সাময়িক ভিত্তিতে ১৯৭২-এর মার্চে উত্থাপিত বরাদ্দে নির্দেশিত ২৩·৫৯ কোটি টাকার ঘাটতি প্রারম্ভিক তহবিল রেখে দেওয়ার প্রস্তাব করছি।

### ১৯৭২-৭৩ সাল

ইতিপূর্বে কেন্দ্রীয় অর্থ মন্ত্রণালয়কৃত হিসাব অনুযায়ী ১৯৭২-৭৩ সালের আনুমানিক ঘাটতির ভিত্তিতে ঐ বছরের জন্য কেন্দ্রীয় সরকার আমাদের ১৬ কোটি টাকার বিশেষ ঋণ-সাহায্য দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন। কিন্তু এই হিসাবের পর আমরা ১৯৭১-এর ১লা অক্টোবর থেকে রাজ্যসরকারী কর্মচারীদের দুর্মূল্য ভাতা দিয়েছি। এর অর্থ হ'ল এই খাতে ১৯৭১-৭২-এ ২·১০ কোটি টাকা এবং ১৯৭২-৭৩-এ ৫ কোটি টাকা ব্যয়। সুতরাং কেন্দ্রীয়

অর্থ মন্ত্রণালয়ের হিসাব অনুযায়ী ১৯৭২-৭৩-এর ১৬ কোটি টাকার ঘাটতির সাথে দুর্মূল্য ভাতার দরুন অতিরিক্ত ব্যয় হিসাবে ধরলে ঘাটতি ২১ কোটি টাকায় দাঁড়াবে। প্রকৃত ব্যয়ের ভিত্তিতে অন্যান্য ক্ষেত্রেও আরো অর্থের সামঞ্জস্য বিধান করতে হবে। আমাদের ১৯৭২-৭৩-এর বরাদ্দে আমরা পরিকল্পনা-বহির্ভূত ব্যয়ের জন্য ৩০ কোটি টাকা বিশেষ কেন্দ্রীয় ঋণ-সহায়তা-স্বরূপ ধ'রে নিয়েছি।

১৯৭১-৭২-এ পরিকল্পনা-বহির্ভূত ঘাটতি মেটানোর জন্য ভারত-সরকার যে ৩২·৫৬ কোটি টাকা বিশেষ ঋণ-সহায়তা দিয়েছিলেন, তার মধ্যে চলতি বছরে ৪·৮৮ কোটি টাকা (৩২·৫৬ কোটি টাকার প্রায় ১৫ শতাংশ) তাঁরা রাজ্য সরকারের কাছ থেকে আদায় করবেন। সুতরাং আমরা সংশোধিত বরাদ্দে ১৯৭২-৭৩-এ কেন্দ্রীয় ঋণ শোধ বাবত ৪·৮৮ কোটি টাকার ব্যবস্থা রেখেছি।

১৯৭২-এর মার্চে উত্থাপিত বাজেট বরাদ্দে ১৮ কোটি টাকার বাজার ঋণের ব্যবস্থা ছিল। ১৯৭২-৭৩-এ ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক ১৩ কোটি টাকার বাজার ঋণের অনুমতি দিয়েছে। এর সঙ্গে দশ শতাংশ অতিরিক্ত আদায় ধ'রে আমাদের প্রাপ্তির পরিমাণ দাঁড়াবে ১৪·৩০ কোটি টাকা। এরূপে বাজার ঋণ খাতে ঘাটতি হবে ৩·৭০ কোটি টাকা। তদনুসারে আমরা মূল ১৮ কোটি টাকার বরাদ্দ সংশোধিত ক'রে ১৪·৩০ কোটি টাকা ধরেছি।

## ত্রাণ বাবত ব্যয়

এ বছর পশ্চিমবঙ্গে অভূতপূর্ব খরা দেখা দিয়েছে। ১৯৭২-এ পশ্চিম দিনাজপুর, মালদহ, মুর্শিদাবাদ, নদিয়া, চব্বিশপরগনা, হুগলি, হাওড়া, বর্ধমান এবং বীরভূম জেলায় স্বাভাবিক বৃষ্টিপাতের তুলনায় ৭০ থেকে ২৬ শতাংশ কম বৃষ্টিপাত হয়েছে। বাঁকুড়া, পুরুলিয়া এবং মেদিনীপুর জেলায় বৃষ্টিপাত হ্রাসের পরিমাণ ৭০ থেকে ২৪ শতাংশ। উত্তরবঙ্গের দার্জিলিং, কোচবিহার ও জলপাইগুড়ি জেলায় ৭ থেকে ৫৩ শতাংশ কম বৃষ্টিপাত হয়েছে।

খরার ফলে আউশ এবং পাট বোনা সাংঘাতিকভাবে বিপর্যস্ত হয়েছে, মাঠের গ্রীষ্মকালীন ধান ও চৈত বোরোও ক্ষতিগ্রস্ত হয়েছে। আউশ উৎপাদনে ক্ষতির পরিমাণ ৩ লক্ষ টন বলে হিসাব করা হয়েছে; এর দাম ৩৬ কোটি টাকা। পাটের ক্ষতির পরিমাণ হয়েছে, যার দাম ৩০ কোটি টাকা। গ্রীষ্মকালীন ধানের (বোরো) ক্ষতি ধরা হয়েছে ১২·৯৬ কোটি টাকা। এরূপে কৃষিজাত দ্রব্য ও তৎসহ শাকসব্জির মোট ক্ষতির পরিমাণ দাঁড়াচ্ছে ৮০ কোটি টাকা।

এই খরা-অবস্থাজনিত দারুণ দুর্দশার ফলে রাজ্যসরকার বিরাট আকারে খয়রাতি সাহায্য বিতরণ করতে এবং টেস্ট রিলিফের কাজ করতে বাধ্য হয়েছেন। টেস্ট রিলিফ কার্যের দরুন ১·৩০ কোটি টাকার মূল বরাদ্দের স্থলে রাজ্যসরকার ইতিমধ্যেই ৩·০০ কোটি টাকা ব্যয় মঞ্জুর করেছেন। খরা পরিস্থিতির মোকাবিলা করার জন্য প্রায় ১২,০০০টি নলকূপ/পাতকুয়ো খনন, পুনর্খনন বা তৈরী করার সিদ্ধান্ত হয়েছে। এজন্য অতিরিক্ত ব্যয় হবে প্রায় ২·৩৩ কোটি টাকা।

খয়রাতি ত্রাণ বাবত মূল বরাদ্দ যেখানে ১·১০ কোটি টাকা ছিল, সেখানে সংশোধিত বরাদ্দে তার পরিমাণ দাঁড়িয়েছে ১·৪২ কোটি টাকা। আমরা ত্রাণ ব্যয় বাবত বিবিধ খাতে অতিরিক্ত আরও আট লক্ষ টাকা এবং ত্রাণকার্যের জন্য ঋণ খাতে অতিরিক্ত আরও ২·১৫ কোটি টাকা বরাদ্দ করেছি।

### স্বল্প সঞ্চয়ের অংশ

১৯৭২-এর মার্চ মাসে যে বাজেট বরাদ্দ উপস্থাপিত করা হয়েছিল, তার মধ্যে স্বল্প সঞ্চয় সংগ্রহে আমাদের অংশ বাবত ১৬ কোটি টাকা বরাদ্দ ছিল। গত বছরের প্রকৃত হিসাবের ভিত্তিতে এই বরাদ্দের পরিমাণ বেড়ে ১৯ কোটি টাকা হবে।

### নিট ফল

ঘাটতি প্রারম্ভিক তহবিলের ২৩·৫৯ কোটি টাকা বাদ দিয়ে চলতি বৎসরে বর্তমানে উপস্থাপিত হিসাব অনুযায়ী সামগ্রিক ঘাটতির পরমিাণ ১৩·৩৬ কোটি টাকার মত। এই ১৩·৩৬ কোটি টাকার হিসাব নিম্নোক্তরূপ :

(ক) কেন্দ্রীয় সহায়তা হিসাব ধ'রেও খরা ত্রাণ বাবত রাজ্যসরকারের অতিরিক্ত দায় ২·৩৫ কোটি টাকা।

(খ) পরিকল্পনা-বহির্ভূত ব্যবধান মেটানোর জন্য কেন্দ্রীয় সরকার গত বৎসর যে ৩২·৫৬ কোটি টাকা দিয়েছিলেন তা পরিশোধের জন্য শতকরা ১৫ ভাগ হিসাবে ৪·৮৮ কোটি টাকার অতিরিক্ত বরাদ্দ।

(গ) চলতি বৎসরে বাজার ঋণ ৩·৭০ কোটি টাকার মত কম।

(ঘ) অন্যান্য খাতে সামগ্রিক হিসাবে ৫·৪৩ কোটি টাকার ঘাটতি।

(ঙ) স্বল্প সঞ্চয় সংগ্রহে আমাদের অংশে ৩ কোটি টাকার মত উন্নতি।

এর সঙ্গে যদি ১০ কোটি টাকার মত অতিরিক্ত সম্পদ সংস্থান ধরা হয় তা হ'লে চলতি বৎসরে সামগ্রিক ঘাটতি ক'মে ৩·৩৬ কোটি টাকা হবে। ৫৭৬ কোটি টাকার বাজেটে এটা বড় ঘাটতি নয়। তা ছাড়া আমরা আশা করি যে, পশ্চিমবঙ্গে আর্থিক অবস্থার পুনরুজ্জীবনের ফলে রাজ্যের করব্যবস্থায় অধিকতর প্রসারণশীলতার সৃষ্টি হবে এবং তার ফলে ঘাটতি হ্রাসে সহায়তা হবে।

রাজ্যসরকারের সাম্প্রতিক কিছু কাজকর্মের বিষয়ে এখন আমি সংক্ষেপে আলোচনা করছি।

### ভূমি ব্যবহার ও সংস্কার

১৯৫৩-র পশ্চিমবঙ্গ ভূমি অধিগ্রহণ আইনে জমির মালিক-পিছু সর্বোচ্চ ২৫ একর কৃষিজমির সীমা নির্দিষ্ট ক'রে দেওয়া হয়েছে। ঐ আইন প্রয়োগের ফলে ১৯৭২ এর মার্চের শেষ পর্যন্ত মোট নিম্নলিখিত বিবরণ মত ২৪·০৪ লক্ষ একর জমি সরকারে ন্যস্ত হয় :

| | | | লক্ষ একর |
|---|---|---|---|
| কৃষি জমি | ... | ... | ৯·২১ |
| অকৃষি জমি | ... | .. | ৫·৩৪ |
| বনের জমি | ... | ... | ৯·৪৯ |
| | মোট | ... | ২৪·০৪ |

[1-20—1-30 p.m.]

বড় বড় ভূস্বামী কর্তৃক বেনামে ও অন্যান্য গোপন পদ্ধতিতে রাখা জমি পুনরুদ্ধারের জন্য বিশেষ অভিযান চালানো হচ্ছে। সরকারে ন্যস্ত জমির মধ্যে ৬.৮৪ লক্ষ একরের দখল নেওয়া হয়েছে। আদালতের নিষেধাজ্ঞার জন্য ০.২৭ লক্ষ একরের দখল নেওয়া যায় নি। দখল নেওয়া ৬.৮৪ লক্ষ একরের মধ্যে ৪.১১ লক্ষ একর ইতিমধ্যেই বিতরণ করা হয়েছে। এর মধ্যে ৩.৬৩ লক্ষ একর জমি ভূমিহীন ও দরিদ্র চাষীদের মধ্যে এবং ০.৪৮ লক্ষ একর জমি বিবিধ পরিকল্প রূপায়ণ সম্পর্কে বিভিন্ন বিভাগকে বিতরণ করা হয়েছে। যোগ্য কৃষকদের মধ্যে বিতরিত ৩.৬৩ লক্ষ একর জমির মধ্যে ১.৪৯ লক্ষ একর স্থায়ী বন্দোবস্তে দেওয়া হয়েছে। নবগঠিত ব্লক পর্যায়ের ভূমি-সংস্কার উপদেষ্টা কমিটিগুলির মাধ্যমে বিতরণ পদ্ধতিকে ত্বরান্বিত করা হচ্ছে। বিধানসভার স্থানীয় সদস্যগণ বা তাঁদের প্রতিনিধি সহ সরকারী ও বেসরকারী সদস্য নিয়ে এই-সব কমিটি গঠিত হয়েছে।

এই বিধানসভায় গৃহীত নতুন ঊর্ধ্বসীমা সংক্রান্ত আইনে প্রাক্তন প্রতি রায়ত-পিছু ২৫ একরের উর্ধ্বসীমা কমিয়ে পাঁচজনের পরিবার-পিছু সেচ এলাকায় ১২.৩৬ একর এবং অন্যান্য এলাকায় ১৭.৩০ একর করায় বিতরণের জন্য আরো দু' থেকে তিন লক্ষ একর জমি পাওয়া যাবে ব'লে আশা করা যায়।

১৯৫৪-র পশ্চিমবঙ্গ ভূমি-সংস্কার আইনের ক্রমিক সংশোধনের ফলে বর্গাদারের অবস্থা অধিক পরিমাণে নিরাপদ হয়েছে। বর্গাদার কর্তৃক চাষের অধিকার বংশানুক্রমিক করা হয়েছে। উৎখাতের কারণগুলিকে আরো কঠিন করা হয়েছে। চাষের জন্য আবশ্যক জিনিসপত্র যেখানে মালিক সরবরাহ করেন না, সেখানে উৎপন্ন জিনিসে বর্গাদারদের অংশ ৬০ থেকে বাড়িয়ে ৭৫ শতাংশ করা হয়েছে। সরকারে ন্যস্ত জমি যেখানে বর্গাদার চাষ করেন এবং সেই জমি সহ বর্গাদারের মালিকানার অধীন বা তৎকর্তৃক চাষ করা মোট জমির পরিমাণ যেখানে এক হেক্টরের বেশি নয়, সেখানে বর্গাদার ঐ ন্যস্ত জমির ব্যাপারে আপনা থেকেই রায়ত হয়ে যান।

বেআইনী উৎখাতের অভিযোগের সব ক্ষেত্রেই দ্রুত অনুসন্ধান করতে, দোষীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সূচনা করতে এবং উৎখাত-করা বর্গাদারকে জমি ফিরিয়ে দিতে রাজস্ব আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে। বর্গাদারদের ন্যায্য অধিকার রক্ষার কাজে স্থানীয় আধিকারিকদের আংশিক সাহায্য দিতে পুলিসকেও আদেশ দেওয়া হয়েছে। বিশ থেকে বাইশ লক্ষ বর্গাদারের মধ্যে প্রায় আট লক্ষকে নথিভুক্ত করা হয়েছে। যে-সব বর্গাদারের নাম এখন পর্যন্ত নথিভুক্ত হয় নি তাঁদের নথিভুক্ত করার জন্য বিশেষ প্রচেষ্টা করতে সকল জেলা আধিকারিককে নির্দেশ দেওয়া হয়েছে।

বসতবাড়ি নির্মাণের জন্য পরিবারপিছু ১/২ একর হিসাবে গ্রামাঞ্চলে প্রায় ৬০,০০০ গৃহহীন পরিবারকে প্রায় ৫,০০০ একর জমি বিতরণ করা হয়েছে। পাঁচ হাজার একর ন্যস্ত কৃষিজমি এবং ১,০০০ একর অ-কৃষিজমি সেনাবাহিনীর লোকদের বসবাসের জন্য নির্দিষ্ট করে রাখা হয়েছে। ১৯৭১-এ পাকিস্তানের সঙ্গে বিরোধের সময় যাঁরা বন্দী, নিহত বা নিখোঁজ হয়েছেন সেই-সব সৈনিকের পরিবারের লোকদেরও এর মধ্যে ধরা হয়েছে।

## শিল্পে বৃদ্ধির আবহাওয়া

ভারতকে আধুনিক করতে হ'লে শিল্পের সম্প্রসারণ অত্যাবশ্যক। পশ্চিমবঙ্গের জনগণের কর্মে

নিয়োগের সুযোগ সৃষ্টি করার জন্যও শিল্পের প্রসার প্রয়োজন। নতুন সরকার কর্মভার গ্রহণের পর পশ্চিমবঙ্গে শিল্পে বৃদ্ধির আবহাওয়ার উন্নতি হয়েছে।

১৯৭১ সাল থেকে লাইসেন্স পাওয়ার ব্যাপারে রাজ্যের অবস্থার উন্নতি হচ্ছে। ভারত-সরকার ১৯৭১-এ ৮৭টি লাইসেন্স দিয়েছেন। ১৯৬৮-তে এই সংখ্যা ছিল ৩৪, ১৯৬৯-এ ৬৪ এবং ১৯৭০-এ ৩৯। ১৯৭১-এ প্রাপ্ত ৮৭টি শিল্প লাইসেন্সের মধ্যে পাঁচটি নতুন শিল্প স্থাপনের জন্য ১৫টি ব্যাপক সম্প্রসারণের জন্য, ১৫টি নতুন জিনিস তৈরির জন্য, ৫১টি সি ও বি-র জন্য এবং একটি রাজ্যের মধ্যে স্থানান্তরকরণের জন্য।

এ ছাড়া ভারত-সরকার ১৯৭১-এ পশ্চিমবঙ্গের জন্য ৫৪টি সম্মতিপত্র মঞ্জুর করেন। এই ৫৪টির মধ্যে ৭টি নতুন শিল্প স্থাপনের জন্য, ২২টি ব্যাপক সম্প্রসারণের জন্য এবং ২৫টি নতুন জিনিস তৈরির জন্য। ১৯৭২-এর জানুয়ারি-মার্চ এ ভারত-সরকার পশ্চিমবঙ্গের জন্য, ২৬টি লাইসেন্স/সম্মতিপত্র দেন। এর মধ্যে ৪টি নতুন কারখানার জন্য, ৯টি ব্যাপক সম্প্রসারণের জন্য, ৯টি নতুন জিনিস তৈরির জন্য এবং ৪টি সি ও বি-র জন্য। এই-সব লাইসেন্স/সম্মতিপত্র এমন সব সংস্থার জন্য যাতে বিনিয়োগের পরিমাণ এক কোটি টাকার উপর এবং যাতে প্রকল্পের দশ শতাংশের বেশি আমদানি করা মূলধনী সরঞ্জাম প্রয়োজন।

কারখানার জন্য প্রয়োজনীয় সুযোগসুবিধার ব্যবস্থা করার বিষয়ে দুর্গাপুর ও কল্যাণীর উল্লেখ করা যেতে পারে। এই দুই জায়গায় বিদ্যুৎ, সড়ক, জলনিষ্কাশন ও জলসরবরাহের ব্যবস্থা করা হয়েছে। দুর্গাপুরে বিশেষ ক'রে একটি বৃহৎ শিল্পের নগরী গ'ড়ে উঠেছে। কল্যাণীতে গ'ড়ে উঠেছে ছোট ও মাঝারি শিল্প নিয়ে অপর একটি শিল্পনগরী। শিল্পের সুযোগসুবিধা সহ তৃতীয় বৃদ্ধি-কেন্দ্র স্থাপিত হয়েছে হলদিয়ায়। এখানে তৈল শোধনাগার, তেলের জেটী, গভীর সমুদ্রের বন্দর ও সার কারখানা সহ এক বিরাট ও জটিল শিল্পনগরী গ'ড়ে উঠছে।

এ পর্যন্ত হলদিয়ায় প্রায় ১৪ বর্গমাইল জমি দখল করা হয়েছে। এই জমির উন্নয়ন ক'রে সড়ক, জলসরবরাহ ও বিদ্যুতের ব্যবস্থা করার জন্য কলিকাতা বন্দর কমিশনারদের হাতে তা তুলে দেওয়া হয়েছে। দক্ষিণ-পূর্ব রেলপথের পাঁশকুড়া স্টেশনের সঙ্গে এই অঞ্চলের রেলপথের যোগাযোগ স্থাপন করা হয়েছে।

শিল্প বৃদ্ধির জন্য কতকগুলি এলাকার পর্যায়ক্রমে উন্নয়ন করার একটি কর্মসূচি রাজ্যসরকারের আছে। এলাকাগুলি হ'ল (ক) ফরাক্কা, যার মাধ্যমে উত্তর ও দক্ষিণ বঙ্গের মধ্যে সংযোগ স্থাপিত হয়েছে, (খ) শিলিগুড়ি, যাকে আসাম, সিকিম ও ভুটানের তোরণদ্বার বলা যায়, (গ) কয়লাখনি অঞ্চলে আসানসোল, (ঘ) খনিজ সম্পদে সমৃদ্ধ এবং জামসেদপুরের খুব নিকটবর্তী পুরুলিয়া, এবং (ঙ) সর্ববৃহৎ রেল জংসন খড়্গপুর, যার মাধ্যমে পশ্চিমবঙ্গ এবং দক্ষিণ ভারতের মধ্যে যোগসূত্র স্থাপিত হয়েছে।

## ক্ষুদ্র শিল্প

১৯৭১-এর অক্টোবরে রাজ্যের সর্বত্র ২,০০০ ক্ষুদ্র শিল্প সংস্থা স্থাপনের একটি কর্মসূচি চালু করা হয়েছিল। এই কর্মসূচিতে এ পর্যন্ত ১,৩৬৬টি ক্ষুদ্র শিল্প সংস্থা স্থাপিত হয়েছে। এগুলিতে ৯,০০০-এর বেশি ব্যক্তির কর্মসংস্থান হয়েছে। এই কর্মসূচির কাজ চলছে।

পশ্চিমবঙ্গের, বিশেষ ক'রে গ্রামাঞ্চলের, আর্থনীতিক পুনরুজ্জীবন এবং কর্মসংস্থানের সুযোগ-
:বিধা বৃদ্ধিতে কুটীর ও ক্ষুদ্র শিল্পগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করতে পারে। বর্তমানে অবস্থা এই
য়, ভারতের অন্যান্য অংশে কারখানা-বহির্ভূত ক্ষুদ্র শিল্প দ্বারা আহরিত মূল্যের পরিমাণ কারখানায়
ৎপন্ন মূল্যের ৮০ শতাংশের মত উচ্চ হ'লেও পশ্চিমবঙ্গে এর পরিমাণ অত্যন্ত কম, মাত্র ২৫
তাংশ। আরো দুঃখের কথা এই যে, বৃহৎ শিল্প থেকে ক্ষুদ্র শিল্পে প্রাপ্ত অর্ডারের পরিমাণ
শ্চিমবঙ্গে ১৯৬৫-৬৬-তে ১,৩৯৪ কোটী টাকা থেকে ক'মে ১৯৬৯-৭০-এ ৫৯৮ কোটী টাকা
:য়েছিল।

ক্ষুদ্র শিল্পগুলিকে উৎসাহিত করা উচিত। এগুলির দ্বারা বহু লোকের কর্মসংস্থান হ'তে
ারে। এই শিল্পগুলি থেকে জাতীয় আয়ের অধিকতর সুষম বন্টনের পদ্ধতি পাওয়া যেতে পারে।
ম্পদের কার্যকর ব্যবহারও এই শিল্প দ্বারা সহজ হ'তে পারে। অপরিকল্পিত নগর সৃষ্টির
লে যে-সব সমস্যার উদ্ভব হয় তার কিছুটা গ্রামাঞ্চলে ক্ষুদ্র শিল্প স্থাপনের দ্বারা এড়ানো
াতে পারে।

### ়গ্ন ও বন্ধ শিল্প

পশ্চিমবঙ্গের অর্থনীতি পুনরুজ্জীবনের কর্মসূচি অনুসরণে এই সরকার প্রতিশ্রুত। এই
র্মসূচিতে অন্যতম প্রধান কর্তব্য হ'ল বন্ধ ও রুগ্ন সংস্থাগুলির পুনরুজ্জীবন। ১৯৭১
বং ১৯৭২-এ সরকার বহুসংখ্যক সংস্থা খুলতে সক্ষম হয়েছেন। এর ফলে প্রায় ৬০,০০০
র্মীর পুনর্বাসন হয়েছে। যে-সব সংস্থা লাভজনকভাবে চলতে পারে সেগুলি খোলার জন্য
ারকম চেষ্টা করা হবে। আমরা আশা করি এ কাজে শ্রমিকেরা রাজ্যসরকারের সঙ্গে সহযোগিতা
রবেন।

### াম সম্পর্ক

শ্রমিকদের বেতন ও আয়ের ক্ষেত্রে, প্রাপ্ত স্বল্প সময়ের মধ্যে, বর্তমান সরকার উল্লেখযোগ্য উন্নতি
াতে পেরেছেন। এই সরকারের হস্তক্ষেপের ফলে একটি ত্রিপাক্ষিক চুক্তির দরুণ ১৯৭২-এর ১৫ই
প্রল থেকে সকল পাটকল শ্রমিকদের মোট ন্যূনতম বেতন (অন্যান্যের মধ্যে ঘরভাড়া সহ) হয়েছে
সিক ২৩৫ টাকা। এইরূপে পাট শ্রমিকদের বেতন মাসিক ১৮৯·৬০ টাকা থেকে বেড়ে ২৩৫ টাকা
য়েছে। অর্থাৎ বর্তমানের উপর ৩০% বৃদ্ধি পেয়েছে।

সরাসরিভাবে সরকারী মধ্যস্থতায় আপসে বস্ত্রশিল্পে একটি ত্রিপাক্ষিক মীমাংসায় আসা সম্ভব
য়েছে। এই মীমাংসার ফলে মালিক পক্ষ পূর্বে কেটে নেওয়া ৯·৬০ টাকার মহার্ঘ ভাতা
৭২-এর ১লা মে থেকে পুনরায় চালু করতে সম্মত হয়েছেন। মালিক পক্ষ ১৯৭২ সালের
। জুন থেকে বস্ত্রশিল্পের শ্রমিকদের ১৬ টাকা ৫০ পয়সা অন্তর্বর্তিকালীন সাহায্য দিতেও স্বীকৃত
েছেন।

### াস্থ্য সংক্রান্ত ব্যবস্থাদি

বর্তমানে এই রাজ্যের হাসপাতালগুলিতে শয্যাসংখ্যা রয়েছে মোট ৪০,২৮০টি, অর্থাৎ হাজার
পিছু মোট ০·৯০টি। ভারতের সকল রাজ্যের মধ্যে এই হার সর্বোচ্চ। আরো দু'টি নতুন
াপাতাল—এগুলো হ'ল, ১২৫-শয্যাবিশিষ্ট নবদ্বীপ সাধারণ হাসপাতাল এবং ৬৮-শয্যাবিশিষ্ট

গয়মগুহারবার মহকুমা হাসপাতাল—খোলার অনুমোদন দেওয়া হয়েছে। অতিরিক্ত শয্যাব্যবস্থার জন্য জলপাইগুড়ি, বর্দ্ধমান, মেদিনীপুর, পুরুলিয়া ও হাওড়ার জেলা হাসপাতালগুলিতে নতুন ভবন নির্মাণের কাজ এগিয়ে চলেছে। রাণাঘাট, কালনা, ঘাটাল, লালবাগ ও ব্যারাকপুরে নতুন নতুন মহকুমা হাসপাতাল নির্মিত হচ্ছে। সি এম ডি এ কার্যসূচির আওতায় ভাটপাড়ায় ৬৮-শয্যাবিশিষ্ট একটি সাধারণ হাসপাতাল এবং কামারহাটীতে ১৩১-শয্যাবিশিষ্ট একটী হাসপাতালের প্রস্তাব অনুমোদিত হয়েছে।

হাসপাতালের রোগীদের উন্নত পথ্য সরবরাহের জন্য রাজ্যের হাসপাতালসমূহ, কলকাতার ও সেই সঙ্গে জেলার স্বাস্থ্যকেন্দ্রগুলির আহার্য বাবত ব্যয়ের হার প্রতিদিন শয্যা-পিছু ৫০ পয়সা বৃদ্ধি করা হয়েছে। এর দরুন বছরে অতিরিক্ত ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৪৫ লক্ষ টাকা।

[1-30—1-40 p.m.]

গ্রামাঞ্চলে একযোগে প্রতিষেধক এবং নিরাময়মূলক স্বাস্থ্যকৃত্যক স্থাপনের জন্য সরকার এ যাবৎ ২৮৬টী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং ৫২১টী সহায়ক স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করেছেন। আরও ৩৫টী প্রাথমিক ও ৭০টী সহায়ক স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের কাজ এগিয়ে চলেছে।

এখন, এই মুহূর্তে সবচেয়ে জরুরী বিষয় হ'ল জনসংখ্যার নিয়ন্ত্রণ। জনসংখ্যা যদি অনিয়ন্ত্রিতভাবে বাড়তে দেওয়া হয় কিংবা উৎপাদন বৃদ্ধির হারকে তা পেছনে ফেলে এগিয়ে চলতে থাকে তা হ'লে উন্নয়নের সুফলগুলি নষ্ট হয়ে যাবে। জনসংখ্যা বৃদ্ধির হার নিয়ন্ত্রণ করতে না পারলে জীবনযাত্রার মান উন্নত করা কঠিন হয়ে পড়বে। শহর এবং গ্রামাঞ্চলে সে কারণে পরিবার পরিকল্পনা কার্যসূচির ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। চব্বিশপরগণা, বর্দ্ধমান এবং মুর্শিদাবাদ জেলাগুলিতে আরও যে-সব নির্বীজকরণ শিবির খোলা হয়েছে, স্থানীয় জনসাধারণের পক্ষ থেকে তাতে ভাল সাড়া পাওয়া যাচ্ছে।

## কৃষি

এ বছর ২৩২টি গভীর নলকূপে শক্তি-সঞ্চার করার প্রস্তাব রয়েছে এবং সরকারী ব্যয়ে ৩,৭৫০টি অগভীর নলকূপ বসাবার লক্ষ্যমাত্রা নির্দিষ্ট রয়েছে।

১৯৩৯ সালের বঙ্গীয় পুষ্করিণী উন্নয়ন আইন অনুযায়ী এই বছরে ২৫০টি মজা পুকুর সংস্কারের প্রস্তাব রয়েছে। ১৯৬৫ সালে যেখানে ১ লক্ষ একর জমিতে উচ্চ-ফলনশীল শস্যের ফলন হ'ত সেখানে ১৯৭১-৭২ সালে এই ফলন ১০ লক্ষ একরে পৌঁছেছে। ১৯৬৫ সালে উচ্চ-ফলনশীল বোরো ধান হয়েছিল ৭৪,০০০ একর জমিতে। ১৯৭১-৭২ সালে এরূপ জমির পরিমাণ দাঁড়িয়েছে ৬·৩৭ লক্ষ একরে।

সম্প্রতি চব্বিশপরগনা, হাওড়া ও মেদিনীপুর জেলার সেচহীন এবং চিরকাল চাষের অযোগ্য ও লবণাক্ত এলাকা হিসেবে পরিগণিত কয়েকটি অঞ্চলে দীর্ঘ-আঁশযুক্ত তুলো চাষের এক গুরুত্বপূর্ণ ও অভিনব প্রচেষ্টা চালানো হয়েছে। চলতি বছরে প্রায় ১৯,০০০ হেক্টর জমিতে এই তুলোর চাষ সম্ভব হবে ব'লে আশা করা যায়।

দার্জিলিঙ, পশ্চিম দিনাজপুর ও হুগলি জেলায় ক্ষুদ্র কৃষিজীবীদের জন্য একটি ক'রে উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। পরিকল্পনাকালে এইরূপ প্রতিটী প্রকল্পের জন্য ১·৫০ কোটী টাকার কেন্দ্রীয় অনুদান

পাওয়া যাবে। এ ছাড়াও প্রান্তীয় কৃষিজীবী ও কৃষিমজুরদের জন্য দু'টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। বাঁকুড়া ও পুরুলিয়া—এই দুই জেলায় একটি ক'রে এই প্রকল্প হবে। পরিকল্পনাকালে এইরূপ প্রতিটি প্রকল্প বাবত ১ কোটী টাকার কেন্দ্রীয় অনুদান পাওয়া যাবে।

পুরুলিয়া, বাঁকুড়া ও মেদিনীপুরের বরাবর খরা-কবলিত এলাকার জন্য ভারত-সরকার 'খরাপ্রবণ এলাকা প্রকল্প' অনুমোদন করেছেন। চতুর্থ পরিকল্পনাকালে এই বাবত কেন্দ্রীয় অনুদানের পরিমাণ হবে ৪ কোটী টাকা। এ ছাড়া ভারত-সরকার থেকে প্রাপ্ত অর্থে কংসাবতী এলাকায় সড়ক এবং বাজার নির্মাণের কার্যসূচিও গ্রহণ করা হয়েছে।

## ডেয়ারি উন্নয়ন

রাজ্যে ডেয়ারি উন্নয়নের জন্য রাজ্যসরকার একটি ব্যাপক কার্যসূচি গ্রহণ করেছেন। দুর্গাপুরে রাজ্য ডেয়ারির কাজ শেষ হয়েছে। শিলিগুড়ির নিকট মাটিগড়ায় অপর একটি ডেয়ারি নির্মাণের কাজ ইতিমধ্যেই শুরু হয়ে গিয়েছে। 'বিশ্ব খাদ্য প্রকল্প নং ৬১৮'-র অধীনে মোট ১৯ কোটী টাকারও অধিক ব্যয়ে 'অপারেশন ফ্লাড' নামে এক বৃহৎ প্রকল্প রূপায়ণের উদ্যোগও গ্রহণ করা হয়েছে। বর্ধিত দুগ্ধ উৎপাদনের লক্ষ্যে পোঁছাবার জন্য কেন্দ্রীয় ডেয়ারীকে সম্প্রসারিত করা হচ্ছে এবং হুগলি জেলার ডানকুনিতে আরও একটি ডেয়ারি স্থাপনের ব্যবস্থা হচ্ছে। এই উদ্দেশ্যে জমি অধিগ্রহণের কাজ সম্পন্ন হয়েছে, নির্মাণ-কাজের জন্য প্রাথমিক উদ্যোগও গ্রহণ করা হয়েছে।

## পশ্চিমবঙ্গের খাদ্য পরিস্থিতি

এই রাজ্যে খাদ্য নিয়ন্ত্রণের ক্ষেত্রে সরকার এই প্রথম সংশোধিত রেশন পরিকল্পের আওতাভুক্ত মালদহ, মুর্শিদাবাদ, নদিয়া, চব্বিশপরগণা, হাওড়া, হুগলি ও মেদিনীপুরের সব ক'টি বন্যাপীড়িত ব্লক এলাকার সকল শ্রেণীর কার্ডধারী ব্যক্তিকে প্রতি সপ্তাহে বয়স্ক ব্যক্তি-পিছু ৬০০ গ্রাম এবং শিশু-পিছু ৩০০ গ্রাম চা'ল পাবার অনুমতি দিয়েছেন। ১৯৭২ সালের ১৫ই মে থেকে সরকার বিধিবদ্ধ রেশন পরিকল্পের আওতায়ও সপ্তাহে বয়স্ক ব্যক্তি-পিছু চা'লের কোটা ১,০০০ গ্রাম থেকে ১,১০০ গ্রাম পর্যন্ত বৃদ্ধি করেছেন এবং ঐ তারিখ থেকে সংশোধিত রেশন পরিকল্পের আওতায় 'ক' এবং 'খ' শ্রেণীর কার্ডধারীদের মধ্যে সপ্তাহে বয়স্ক ব্যক্তি-পিছু চা'লের পরিমাণ ৬০০ থেকে ৭০০ গ্রাম করেছেন। দার্জিলিং জেলার পার্বত্য মহকুমাগুলিতে এবং বৃহত্তর কলকাতার সীমান্ত অঞ্চলের রেশনিং এলাকায় প্রতি সপ্তাহে বয়স্ক-ব্যক্তি পিছু ৭৫০ গ্রাম চা'লের সরবরাহ অব্যাহত থাকবে। এর ওপর বিধিবদ্ধ রেশন এলাকার অধিবাসীরা প্রতি সপ্তাহে বয়স্ক ব্যক্তি-পিছু ২,৫০০ গ্রাম ক'রে গম পাবেন এবং সংশোধিত রেশন এলাকার অধিবাসীরা শ্রেণীনির্বিশেষে প্রতি সপ্তাহে বয়স্ক ব্যক্তি-পিছু ২,০০০ গ্রাম ক'রে গম পাবেন। রেশনে জনসাধারণের জন্য সরবরাহকৃত খাদ্যশস্যের মান যাতে উন্নত থাকে এই সরকার তার জন্যও একটী জোরদার কার্যক্রম গ্রহণ করেছেন।

## সি এম ডি এ কর্মসূচি

সি এম ডি এ কর্মসূচি অনুসারে বর্তমানে ৫২টি কার্যকরী সংস্থা কর্তৃক ১২৮টি প্রকল্প রূপায়ণের কাজ চলেছে। এই সংস্থাগুলির মধ্যে আছে ১০টি সরকারী অধিকার, কলিকাতা ও হাওড়ার ইমপ্রুভমেণ্ট ট্রাস্টদ্বয়, কলিকাতা মহানাগরিক জল ও স্বাস্থ্যরক্ষা অধিকার প্রভৃতি ৮টি

বিধিবদ্ধ সংস্থা এবং কলিকাতা ও হাওড়া পৌরসংস্থাদ্বয় এবং কলিকাতা মহানাগরিক জেলার অন্তর্গত প্রান্তবর্তী পৌরপ্রতিষ্ঠান ও জেলা পরিষদগুলি। সি এম ডি এ জলসরবরাহ, ভূগর্ভস্থ পয়:প্রণালী ও জলনিকাশী ব্যবস্থা, জঞ্জাল অপসারণ এবং রাজপথ ও সড়ক নির্মাণের ব্যাপক কার্যসূচি গ্রহণ করেছে। এই সংস্থার বস্তি-উন্নয়ন কাজের ফলে যাঁদের সাহায্য প্রয়োজন তাঁদের পক্ষে যথেষ্ট সাহায্যলাভ সম্ভব হয়েছে।

## দ্বিতীয় হুগলি সেতু

১৯৭২-এর ২০-এ মার্চ প্রধানমন্ত্রী কলকাতার প্রিন্সেপ ঘাটে হুগলি নদীর উপর দ্বিতীয় সেতুর ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। মূল সেতু এবং কলকাতা থেকে আসার রাস্তা ও 'ইন্টার-চেঞ্জ' নির্মাণের অর্ডার দেওয়া হয়েছে, প্রারম্ভিক কাজও শুরু হয়েছে।

## পূর্ত

কেন্দ্রীয় সড়ক তহবিলের (বণ্টন কর্মসূচি) আওতায় ১৭টি সড়ক/সেতু প্রকল্প সম্পন্ন করার কাজ হাতে নেওয়া হয়েছে, এতে খরচ পড়বে প্রায় ২ কোটি টাকা।

চতুর্থ পরিকল্পনাকালে ৭,১০০টি ফ্ল্যাট নির্মাণের বাস্তব লক্ষ্য স্থির করা হয়েছে, এর মধ্যে ১৯৭১-৭২-এর শেষ পর্যন্ত প্রায় ৪,০০০টি ফ্ল্যাট সম্পূর্ণ তৈরি হয়েছে। চলতি আর্থিক বৎসরের শেষে আরো প্রায় ১,৫০০টি ফ্ল্যাট বসবাসের উপযুক্ত হবে ব'লে আশা করা যাচ্ছে। এ ছাড়া পরিকল্পনা-বহির্ভূত তহবিলগুলি থেকে প্রায় ১,০০০টি ফ্ল্যাট এ বছর সম্পূর্ণ তৈরি হবে।

গৃহনির্মাণের বৃহৎ কর্মসূচি সরকার যাতে হাতে নিতে পারেন তার জন্য রাজ্যসরকার একটি বিধিবদ্ধ গৃহনির্মাণ পর্ষদ গঠনের সিদ্ধান্ত নিয়েছেন। এই পর্ষদ প্রতিষ্ঠানগত অর্থ পেতে সক্ষম হবে এবং বাজার থেকেও ঋণ তুলতে পারবে।

## শিক্ষা

চতুর্থ পরিকল্পনায় প্রাথমিক বিদ্যালয়ে ১৮,০০০ শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত হয়েছে। ছাত্র ভর্তির সংখ্যা স্থির হয়েছে ১০ লক্ষ। এর ফলে ৬ থেকে ১১ বছরের প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত অধ্যয়নরত শিশুর শতকরা হার ৭২.৮৩ থেকে বেড়ে ১৯৭৪-এ ৭৭.৬৮ হবে।

১৯৭২-৭৩-এ শহরাঞ্চলে ১২৫টি প্রাথমিক বিদ্যালয়ের মঞ্জুরি দেওয়া হবে। এই-সব বিদ্যালয়ে শিক্ষকের সংখ্যা হবে ৫০০।

## তফসিলী জাতি ও উপজাতিসমূহের কল্যাণ কর্মসূচি

মাধ্যমিক স্তরের ছাত্রছাত্রীদের জন্য বেতন, বই কেনার টাকা, পরীক্ষার ফি, ছাত্রাবাসের ব্যয় প্রভৃতি ব্যবত ১৯৭২-৭৩-এ তফসিলী উপজাতিগুলির ক্ষেত্রে ৩১.২৫ লক্ষ টাকা এবং তফসিলী জাতিগুলির ক্ষেত্রে ৩৫.৭১ লক্ষ টাকা ব্যয় করা হবে। এই কর্মসূচিতে তফসিলী উপজাতিগুলির প্রায় ৩৫,০০০ ছাত্রছাত্রী এবং তফসিলী জাতিগুলির প্রায় ৪৮,০০০ ছাত্রছাত্রী উপকৃত হবে।

মাধ্যমিকোত্তর স্তরে ছাত্রছাত্রীদের বৃত্তি দেওয়ার জন্য ১৯৭২-৭৩-এর বাজেটে তফসিলী জাতিগুলির ক্ষেত্রে ১ কোটি ৪ হাজার টাকা এবং তফসিলী উপজাতিগুলির ক্ষেত্রে ৫ লক্ষ ৩০ হাজার

টাকা বরাদ্দ করা হয়েছে। এর ফলে তফসিলী জাতিগুলির প্রায় ২৫,০০০ ছাত্রছাত্রী এবং তফসিলী উপজাতিগুলির ১,৩২৫ জন ছাত্রছাত্রী উপকৃত হবে।

তফসিলী জাতি ও উপজাতিগুলির ছাত্রছাত্রীদের জন্য স্কুল ও কলেজ সহ সরকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে এবং তৎসংলগ্ন ছাত্রাবাসগুলিতে আসনও সংরক্ষণ করা হয়েছে।

## কল্যাণ কর্মসূচি

মাসিক ২০ টাকা হারে ৬৫ ও তদূর্দ্ধ বয়সের কিছুসংখ্যক ব্যক্তিকে বার্ধক্যভাতা দেওয়া হচ্ছে অর্থের অনটনের জন্য রাজ্যের সকল যোগ্য প্রার্থীকে এর আওতায় আনা যায় নি। বর্তমানে এ ভাতা কিঞ্চিদধিক ১০,০০০ ব্যক্তিকে দেওয়া হচ্ছে।

ভারত-সরকারের ইচ্ছানুসারে কলকাতার বস্তিগুলিতে এবং জেলাগুলিতে শিশুদের জন্য একটি পুষ্টি কর্মসূচি ১৯৭০-এর অগাষ্ট থেকে চালিয়ে যাওয়া হচ্ছে। ১৯৭২-এর মে মাসের শেষ পর্যন্ত কলকাতার বস্তিগুলিতে এবং কাছাকাছি জেলাগুলির শহরাঞ্চলীয় বস্তিগুলিতে তথা রাজ্যের উপজাতি এলাকায় ২ লক্ষ ৪৬ হাজার শিশুকে এই কর্মসূচির আওতায় আনা হয়েছে। এই কর্মসূচিকে ব্যাপকতর ক'রে এর আওতায় ৩ লক্ষ শিশুকে আনার ব্যবস্থা ইতিমধ্যেই গ্রহণ করা হয়েছে।

## বন্যানিয়ন্ত্রণ পরিকল্প

নিম্ন দামোদর, পূর্ব মগরাহাট, ডুবদা বেসিন, মহানন্দা বাঁধ ও করলা নদীর গতি পরিবর্তন —এই পাঁচটি অগ্রাধিকারযুক্ত বন্যানিয়ন্ত্রণ কর্মসূচির জন্য ভারত-সরকার রাজ্য পরিকল্পনার বাইরে ১১ কোটি টাকার সহায়তা দিতে প্রতিশ্রুতি দিয়েছেন। চতুর্থ পরিকল্পনার শেষ দুই বছর, অর্থাৎ ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪-এর জন্য এই অর্থ দেওয়া হবে। প্রায় ৪·৯১ কোটি টাকা চলতি বছরে এই অগ্রাধিকারযুক্ত পরিকল্পগুলির জন্য প্রয়োজন হবে।

## ১৯৭২-৭৩-এ পরিকল্পনায় বিনিয়োগ এবং অতিরিক্ত সম্পদ সংগ্রহ

পশ্চিমবঙ্গের চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার ৩২২.৫ কোটি টাকার মধ্যে কেন্দ্রীয় সহায়তার পরিমাণ হ'ল ২২১ কোটি টাকা এবং রাজ্যের আনুমানিক সম্পদের পরিমাণ ১০১·৫০ কোটি টাকা। এই ১০১·৫০ কোটি টাকার মধ্যে অতিরিক্ত সম্পদ সংগ্রহ ক'রে রাজ্যের ৭০ কোটি টাকা সংগ্রহ করার কথা ছিল। গত তিন বছরে রাজ্যসরকার যে অতিরিক্ত কর সংগ্রহের ব্যবস্থা করেছেন তাতে এ পর্যন্ত মাত্র প্রায় ২৯ কোটি টাকা সংগ্রহ হয়েছে, বাকি অর্থের পরিমাণ হ'ল ৪১ কোটি টাকা।

১৯৭২-এর মার্চে বাজেট বরাদ্দে আমি উল্লেখ করেছিলাম যে, ১৯৭২-৭৩-এ পরিকল্পনায় বিনিয়োগের পরিমাণ ৭৩·৫ কোটি টাকা ধার্য হয়েছে এবং এই অর্থের পরাক্ষামূলক বিভাজন নিম্নরূপ :

| | (কোটি টাকায়) |
|---|---|
| (১) রাজ্য কর্তৃক অতিরিক্ত সম্পদ সংগ্রহ | ১৭·১৮ (এর মধ্যে ১০ কোটি টাকা ১৯৭২-৭৩-এ সংগ্রহ করার কথা এবং বাকিটা পূর্ববর্তী বছরগুলিতে গৃহীত ব্যবস্থা থেকে আসবে) |

| | | |
|---|---|---|
| (২) | আলোচনার মাধ্যমে প্রাপ্য ঋণ এবং রাজ্য উদ্যোগগুলির বাজার ঋণ প্রভৃতি | ১৩·৪৫ |
| (৩) | কেন্দ্রীয় সহায়তা | ৪২·৮৭ |
| | মোট | ৭৩·৫০ |

চলতি বছরে আমরা যদি আরো ১০ কোটি টাকা সংগ্রহ করতে না পারি তবে আমাদের সম্পদে নিদারুণ ঘাটতি দেখা দেবে। ফলে পরিকল্পনার বিনিয়োগের অর্থ হ্রাস করতে হবে ও আমাদের উন্নয়ন কর্মসূচিগুলি ছাঁটাই করতে হবে। সুতরাং রাজ্য পরিকল্পনার জন্য অতিরিক্ত সম্পদ সংগ্রহের দ্বারা আমাদের ১০ কোটি টাকা সংগ্রহ করতেই হবে।

[1·40—1·50 p.m.]

এ বছর রাজ্য পরিকল্পনার জন্য প্রায় ১০ কোটি টাকা সংগ্রহের উদ্দেশ্যে নতুন কর ধার্য করার প্রয়োজন হবে। এই করের বিবিধ খাতের বিবরণ পরে দেওয়া হ'ল, তবে কর প্রস্তাবের খুঁটিনাটি সংশ্লিষ্ট বিলগুলি থেকে জানা যাবে—শীঘ্রই এই-সব বিল উপস্থাপিত করা হবে।

টিকিটের মূল্য অনুসারে ক্রমবর্ধমান হারে চলচ্চিত্র প্রদর্শনীতে প্রবেশমূল্য বৃদ্ধি করা হবে।

হোটেল ও রেস্তোরাঁর ক্যাবারে প্রমোদানুষ্ঠান ও বিলাসব্যবস্থার থেকে কিছু রাজস্ব আদায়ের জন্য আমরা যথোচিত আইন প্রণয়নের ইচ্ছা রাখি।

খাঁটি কিংবা কৃত্রিম মূল্যবান ও সিন্‌থেটিক পাথর, খাঁটি, কৃত্রিম কিংবা বিশেষ পদ্ধতিতে সৃষ্ট-করা ( cultured ) মুক্তা, সোনা ও রূপার তৈরি তারের কারুকার্য, পশম ও পশমজাত দ্রব্যাদি এবং গন্ধদ্রব্য প্রভৃতি কতকগুলি (Luxury Item) ভোগ্য বিলাসপণ্যের উপর আমরা উচ্চতর হারে বিক্রয়কর বসানোর অভিপ্রায় রাখি।

কতকগুলি পণ্যের ক্ষেত্রে আমরা বিক্রয়করের হারের যুক্তিসম্মত বিন্যাস, সংশোধন ও বৃদ্ধির প্রস্তাবও করি।

আমরা স্ট্যাম্পের উপর শুল্কের হারও বৃদ্ধি করব।

তামিলনাড়ু, অন্ধ্রপ্রদেশ, মহারাষ্ট্র প্রভৃতি রাজ্যের তুলনায় এই রাজ্যের মোটরযানগুলির ( মালবাহী যান ) উপর বর্তমান করের হার অনেক কম। বোঝাই করা মালের ওজনের হিসাবে ক্রমবর্ধমান প্রথায় আমরা মোটরযানগুলির ( মালবাহী যান ) উপর ধার্য করের হার সংশোধনের প্রস্তাব করি। বৃহত্তর যাত্রীবাহী গাড়িগুলির উপর করের হার হবে অধিকতর।

আমরা বর্তমান ভূমি-রাজস্বের হার সংশোধনের প্রস্তাব করি। প্রথম বিশ্বযুদ্ধের পূর্বে সর্বশেষ স্থিরীকৃত ভূমিরাজস্ব হারের সংশোধন বহু পূর্বে হওয়া উচিত ছিল। নিম্নে প্রদত্ত তুলনামূলক তালিকা থেকে দেখা যাবে যে, পশ্চিমবঙ্গে ভূমিরাজস্বের হার অন্যান্য রাজ্যের চেয়ে অনেক কম :—

গড়ে সাধারণ শ্রেণীর জমির জন্য

| | মূল ভূমিরাজস্ব | ভূমিরাজস্বের উপর সারচার্জ কিংবা সেস | মোট |
|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা |
| মহারাষ্ট্র | ৭.৯০ | ৮.৮০ | ১৬.৭০ |
| তামিলনাড়ু | ৮.১৮ | ২.০৮ / ১.৫২ | ১১.৭৮ |
| অন্ধ্র | ১৩.০০ | ২.৮৬ / ২.৪৭ | ১৮.৩৩ |
| পশ্চিমবঙ্গ | ৩.৮৭ | ০.৬৮ | ৪.৫৫ |

উল্লেখ করা যেতে পারে যে, মহারাষ্ট্রে প্রতি একর জমিতে প্রতিটি ফসল-পিছু ১০ টাকা থেকে ১০০ টাকা পর্যন্ত অতিরিক্ত সেস আছে।

ভূমিরাজস্বের হার সংশোধন ক'রে যে অর্থ পাওয়া যাবে তা সাধারণত কৃষি সাহায্যের আকারে এবং সেচ ও অন্যান্য সুবিধা দান বাবত গ্রামীণ অর্থনীতিতে নিয়োগ করা হবে।

পূর্তকার্যে সেসের হার বৃদ্ধির প্রস্তাব আছে। জেলাগুলিতে যোগাযোগ ব্যবস্থা উন্নততর করার জন্য বর্ধিত সেসের আয় কাজে লাগানো যেতে পাবে।

## পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনা সম্পর্কিত দৃষ্টিভঙ্গি এবং বেকার সমস্যা

পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের প্রস্তুতি চলেছে এবং এই পরিকল্পনা সম্বন্ধে আমাদের দৃষ্টিভঙ্গি স্থির করা প্রয়োজন।

পরবর্তী পঞ্চবার্ষিক পরিকল্পনা রচনার সময় সংবিধানের রাষ্ট্রীয় কর্মপদ্ধতি সম্পর্কিত নির্দেশক নীতিগুলি স্মরণ রাখতে হবে। এই নীতিগুলি অনুসারে আমাদের লক্ষ্য হ'ল জীবিকা সংস্থানের যথেষ্ট ব্যবস্থা করা এবং কাজের অধিকার সুনিশ্চিত করা। এই নির্দেশক নীতিগুলি সামাজিক ন্যায়বিচার, আয় ও সম্পদের বৈষম্য মোচন এবং অর্থনৈতিক শক্তি পুঞ্জীভবন নিবারণের পটভূমিকায় দ্রুত আর্থনীতিক উন্নয়নের প্রয়োজনীয়তার উপরও জোর দেয়।

গত দুই দশকে অর্থনীতিক অগ্রগতির উন্নয়ন হয়েছে, কিন্তু এ কথা স্পষ্ট যে, আর্থনীতিক উন্নয়ন এবং মোট জাতীয় উৎপাদন বৃদ্ধি, দারিদ্র্য, গণ-বেকারি ও আধা-বেকারির সমস্যা সমাধান করে নি। এই দেশের জনগণের শতকরা ৪০ থেকে ৫০ ভাগ দারিদ্র্যের সীমারেখার নিচে বাস করেন। আমরা যদি গণ-দারিদ্র্য ও বেকারির দ্বৈত সমস্যা সমাধানের সরাসরি চেষ্টা না ক'রে কেবল উন্নয়নের উপর নির্ভর করি তা হ'লে আমাদের দেশের জনগণের দরিদ্রতর শ্রেণীগুলির অবস্থার উন্নতি হতে অনেক সময় লাগবে। 'গরিবী হটাও'র নির্বাচনী প্রতিশ্রুতি পালন এবং সমাজতন্ত্র প্রতিষ্ঠার উদ্দেশ্যে আমাদের বেকারি, আধা-বেকারি ও দারিদ্র্য অপসারণের জন্য সরাসরি আক্রমণ চালাতে হবে।

এইজন্যই আমাদের প্রধানমন্ত্রী এবং কেন্দ্রীয় পরিকল্পনা মন্ত্রীর নির্দেশক্রমে পরিকল্পনা কমিশন পঞ্চম পরিকল্পনায় গণ-দারিদ্র্য দূরীকরণ এবং বেকারি ও আধা-বেকারি সমস্যা সমাধানের উপর বিশেষ জোর দিয়েছেন। কম-সুবিধাপ্রাপ্ত শ্রেণীর ভাগ্য যাতে উন্নত হয় সেজন্য তাঁদের আয়ের

ব্যবস্থা করতে হবে এবং তাঁরা যাতে লাভজনক কাজ পান তার দিকে দৃষ্টি দিতে হবে। সুতরাং পঞ্চম পরিকল্পনায় বেকারদের জন্য কর্মনিয়োগের সুযোগ সৃষ্টির গুরুত্বপূর্ণ অগ্রাধিকার দিতে হবে।

কিন্তু আমরা যদি দরিদ্রদের এবং কম-সুবিধাপ্রাপ্তদের জন্য কর্মনিয়োগের সুযোগ সৃষ্টিতে সফলও হই, তবু তাঁরা তাঁদের আয়ের দ্বারা জীবনধারণের সর্বনিম্ন প্রয়োজন মেটানোর মত অত্যাবশ্যক পণ্য ও কৃত্যকের ব্যয় মেটাতে পারবেন না। আমাদের যদি দরিদ্রদের জীবনধারণের মান উন্নত করতে হয় তা হ'লে তাঁদের জন্য অধিকতর কর্মের সুযোগ সৃষ্টির কার্যক্রমের সঙ্গে সঙ্গে তাঁদের মৌলিক সর্বনিম্ন প্রয়োজন মেটানোর জন্য ছেলেমেয়েদের প্রাথমিক শিক্ষার ব্যবস্থা, সর্বনিম্ন জনস্বাস্থ্যের সুযোগ-সুবিধা দান, গ্রামীণ জলসরবরাহ ব্যবস্থা, ভূমিহীন শ্রমিকদের জন্য বাস্তুভিটার ব্যবস্থা, গ্রামীণ পথঘাট নির্মাণ, বৈদ্যুতীকরণ ও শহরাঞ্চলে বস্তি উন্নয়ন প্রভৃতির জন্য অতিরিক্ত একটি জাতীয় পরিকল্পনা গ্রহণ করতে হবে।

পশ্চিমবঙ্গে পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনার আয়তন উল্লিখিত দু'টি কার্যক্রম অর্থাৎ বেকারি ও আধা-বেকারির উপর সরাসরি আক্রমণ এবং জনগণের দরিদ্রতর শ্রেণীগুলির মৌলিক সর্বনিম্ন প্রয়োজন মেটানোর ব্যবস্থা করার পক্ষে যাতে যথেষ্ট হয় তার জন্য যত্নবান হ'তে হবে।

এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে, পশ্চিমবঙ্গে তৃতীয় পরিকল্পনার আয়তন ছিল ৩০৫ কোটি টাকার ও চতুর্থ পরিকল্পনার আয়তন ছিল মাত্র ৩২২.৫ কোটি টাকার। এই রাজ্যে বেকার সমস্যা অতি তীব্র এবং আমাদের যদি যথেষ্ট পরিমাণে কর্মনিয়োগের সুযোগ সৃষ্টি করতে হয় তা হ'লে বৃহৎ পরিধিতে বিনিয়োগের প্রয়োজন হবে। এজন্য পশ্চিমবঙ্গের পরিকল্পনায় বিরাট বিনিয়োগ অত্যাবশ্যক।

জনগণের প্রয়োজনের ভিত্তিতে রাজ্য পরিকল্পনার আয়তন নির্ধারিত হওয়া উচিত। জনসংখ্যার আয়তন এইরূপ প্রয়োজনের একটা নিরিখ। জনসংখ্যার আধিক্যের অর্থ হ'ল অধিক বিদ্যালয়, অধিক স্বাস্থ্যকেন্দ্র, অধিক কর্মনিয়োগের সুযোগ, অধিক গ্রামীণ আবাসন পরিকল্পনা প্রভৃতি প্রয়োজন। তদনুসারে এটা বিশেষভাবে বাঞ্ছনীয় যে, জনসংখ্যার ভিত্তিতে রাজ্যগুলিকে কেন্দ্রীয় সহায়তা দেওয়া হয়।

[1-50—2-00 p.m.]

সামগ্রিকভাবে দেশের অর্থনীতিক উন্নয়ন ব্যাহত হয় এমনভাবে আঞ্চলিক বৈষম্য দূরীকরণের প্রয়াস করা যে উচিত নয়—সে কথা স্পষ্ট। আবার, আঞ্চলিক বৈষম্য দূরীকরণের প্রয়াস ক্রমিক পরিকল্পনা পদ্ধতির মাধ্যমে হওয়া উচিত। এবং এদিকে যে-কোন পদক্ষেপ করার আগে অনুন্নত এলাকাগুলি চিহ্নিত হওয়া উচিত। এই প্রসঙ্গে পরিকল্পনা কমিশনের কাছে রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়া কর্তৃক প্রদত্ত একটি দলিলের বক্তব্য স্মরণ করা যেতে পারে। এতে বলা হয়েছিল: "অধিকাংশ ক্ষেত্রেই অনুন্নত রাজ্যগুলির কথা ব'লে এবং শিল্পের অভাবের সঙ্গে অনগ্রসরতাকে সমপর্যায়ভুক্ত ক'রে আমাদের চিন্তাকে গুলিয়ে দেওয়া হয়। বাস্তবিকক্ষেত্রে প্রতি রাজ্যে এমন কতকগুলি এলাকা আছে যেগুলি সমৃদ্ধ এবং এমন কতকগুলি এলাকা আছে যেগুলি দরিদ্র। এই উদ্দেশ্যে রাজ্যের হিসেবে তাদের কথা না ব'লে জেলার হিসেবে এই-সব এলাকার ওপর দৃষ্টি দেওয়া অধিক যুক্তিসঙ্গত হবে।...... উন্নয়নের অর্থ বৃহৎ পরিধিতে শিল্প রূপায়ণ- একথা প্রায়ই

স্বতঃসিদ্ধ ব'লে ধ'রে নেওয়া হয়। তথাপি, পাঞ্জাবের মূলতঃ মত কৃষিপ্রধান রাজ্যের অধিবাসীদে মাথা-পিছু আয় অনেক বেশী পরিমাণে শিল্পপ্রধান বাংলার মাথা-পিছু আয়ের চেয়ে বেশী।"

পরিকল্পনা কমিশন ইতিপূর্বে ঘোষণা করেছেন যে, কলকাতা, চব্বিশপরগণা এবং হাওড় ছাড়া পশ্চিমবঙ্গের অন্যান্য সকল জেলা অনুন্নত। তা ছাড়া পশ্চিমবঙ্গের জনসংখ্যার মোট ২৬ ভা তফসিলী জাতি ও উপজাতির অন্তর্ভুক্ত।

প্রয়োজনের ভিত্তিতেই রাজ্য পরিকল্পনার আয়তন নির্ধারিত হওয়া উচিত এবং জনসংখ্য প্রয়োজনের একটা নিরিখ ব'লে রাজ্য পরিকল্পনার আয়তনের সঙ্গে রাজ্যের জনসংখ্যার একট বিশেষ সম্পর্ক থাকা উচিত। রাজ্য পরিকল্পনার অধিকাংশ সংস্থান কেন্দ্রীয় সহায়তা থেকে আসে এবং এই সহায়তা রাজ্যগুলিতে জনসংখ্যার ভিত্তিতে দেওয়া উচিত।

## পরিকল্পনার কেন্দ্রীয় ক্ষেত্রে লগ্নি

পঞ্চম পরিকল্পনার কেন্দ্রীয় ক্ষেত্রের আয়তন পরিকল্পনার মোট আয়তনের শতকরা ৫০ ভাগের বেশি হবে ব'লে মনে হয়। স্বাভাবিকভাবেই কেন্দ্রীয় পরিকল্পনা থেকে রাজ্যগুলিতে লগ্নি করা হবে।

আমরা আশা করি যে, কেন্দ্রীয় সম্পদের হস্তান্তর ( কিংবা কেন্দ্রীয় পরিকল্পনা থেকে লগ্নি ) প্রসঙ্গে যে-সব রাজ্যের প্রাকৃতিক সম্পদের সুবিধা আছে ও শিল্প রূপায়ণের সম্ভাবনা আছে তাদের উন্নয়নের কথা যথোচিতভাবে বিবেচিত হবে। আমাদের যদি প্রাকৃতিক সম্পদের সর্বাধিক ব্যবহার করতে হয় এবং সামগ্রিকভাবে ভারতের আর্থনীতিক উন্নয়ন দ্রুততর করতে হয় তা হ'লে বৃহৎ শিল্প স্থাপনের ক্ষেত্র নির্ণয়ে প্রাকৃতিক সম্পদ নীতি নির্ণায়ক হওয়া উচিত। আমরা এমন কোনও আর্থনীতিক কর্মপদ্ধতি অনুসরণ করতে পারি না যার ফলে আর্থনীতিক উন্নয়ন এবং সম্পদেব সর্বাধিক ব্যবহার ব্যাহত হ'তে পারে। ভারতবর্ষ এক ও অবিভাজ্য। এমন সব এলাকা আছে যেখানে প্রাকৃতিক সম্পদের দরুন শিল্প-সম্প্রসারণ অধিকতর উৎপাদনক্ষম এবং অন্যান্য এমন এলাকা আছে যেখানে সর্বোচ্চ কৃষি উৎপাদনের সম্ভাবনা বর্তমান। কেন্দ্রীয় পরিকল্পনা থেকে লগ্নির কথা বিবেচনা করার সময় এই সমস্ত বিষয় বিবেচিত হওয়া উচিত।

হলদিয়া, দুর্গাপুর, চিত্তরঞ্জন, কল্যাণী, রূপনারায়ণপুর এবং কলকাতায় বৃহৎ পরিধিতে লগ্নির সুযোগ আছে। চতুর্থ পরিকল্পনাকালে পশ্চিমবঙ্গে কেন্দ্রীয় শিল্প প্রকল্পগুলিতে লগ্নির পরিমাণ হবে মাত্র ১১২ কোটি টাকার মত। এ ছাড়া ভারত-সরকার আনুমানিক ৮৮ কোটি টাকা ব্যয়ে সোডা অ্যাস ও মেথানল প্ল্যাণ্ট সমন্বিত হলদিয়া রাসায়নিক সার প্রকল্প অনুমোদন করেছেন। আমরা আশা করি যে, কেন্দ্রীয় পরিকল্পনায় লগ্নি প্রসঙ্গে পশ্চিমবঙ্গে জনসংখ্যার প্রয়োজন এবং তীব্র বেকার সমস্যা দূর করার অত্যাবশ্যকতার ওপর যথোচিত জোর দেওয়া হবে।

## বেসরকারী ক্ষেত্রের লগ্নি

চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে হিসাব করা হয়েছিল যে, সরকারী ক্ষেত্রে ১৫,৯০২ কোটি টাকা বিনিয়োগ ছাড়াও বেসরকারী ক্ষেত্রে ৮,৯৮০ কোটি টাকা লগ্নি করা হবে। আমরা আশা করি যে, পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে এই দুটি ক্ষেত্রে লগ্নির পরিমাণ আরও অনেক বেড়ে যাবে।

১৯৭১ সালের ডিসেম্বর মাসে পশ্চিমবঙ্গ-সরকার কর্তৃক প্রেরণামূলক পরিকল্প ঘোষণার পর শিল্পোন্নয়ন কর্পোরেশন কর্তৃক রাজ্যসরকারের কাছে ১৫০ কোটি টাকা ব্যয়ের কতকগুলি প্রকল্পের মঞ্জুরি চাওয়া হয়েছে। পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে পশ্চিমবঙ্গে আমাদের বৃহৎ পরিধিতে অর্থ-বিনিয়োগ উৎসাহিত করতে হবে।

বেসরকারী ক্ষেত্রে যথেষ্ট পরিমাণে যাতে লগ্নি হয় সেজন্য যুগ্মক্ষেত্রের কর্ম উদ্যোগেও উৎসাহ দিতে হবে। কিন্তু বর্তমানে যুগ্মক্ষেত্রের কর্ম উদ্যোগে শতকরা ২৬ ভাগ হিসাবে রাজ্য-সরকারের অংশগ্রহণের যে নীতি চালু আছে তার ফলে রাজ্যসরকারের ভারগ্রস্ত অর্থনীতির ওপর বিশেষ চাপ সৃষ্টি হবে। সুতরাং রাজ্যসরকার কর্তৃক শতকরা ২৬ ভাগ অর্থ লগ্নির এই নীতি সংশোধন ক'রে এই নীতি প্রয়োগের ক্ষেত্রে আই ডি পি আই, আই সি আই সি, আই এফ সি প্রভৃতি সংস্থার বিনিয়োগও এই হিসাবের মধ্যে ধরা যায় কিনা তা বিবেচ্য। যুগ্মক্ষেত্রের উদ্যোগে লাইসেন্স প্রদানের কর্মনীতিও এমনভাবে গ'ড়ে তোলা উচিত যাতে পশ্চিমবঙ্গে বেসরকারী ক্ষেত্রের বিনিয়োগ-বৃদ্ধি সুনিশ্চিত করা যায়। রাজ্যের তীব্র বেকার সমস্যা নিরাকরণের জন্য এই সবকিছু আবশ্যক।

## উন্নয়ন কর্মসূচীতে গ্রামীণ এলাকার ওপর যথোচিত গুরুত্ব প্রদান

দুইটি মৌলিক কর্মসূচি রূপায়ণের জন্য পঞ্চম পরিকল্পনার বিস্তারিত বিবরণ তৈরি করতে হবে। এ দু'টি কর্মসূচী হ'ল (১) বেকারি ও আধা-বেকারি সমস্যা মোকাবিলার কর্মসূচি এবং (২) জনগণের দরিদ্রতর শ্রেণীগুলির জন্য কতগুলি মৌলিক সর্বনিম্ন প্রয়োজন মেটানোর কর্মসূচি। একটি রাজ্য পরিকল্পনা পর্ষৎ গঠন করা হয়েছে। আমরা পরিকল্পনার উপর যে গুরুত্ব আরোপ করি এর মধ্যে তার পরিচয় পাওয়া যায়।

পশ্চিমবঙ্গের পঞ্চম পরিকল্পনার আয়তন এবং লগ্নির পদ্ধতি ও অগ্রাধিকার সম্বন্ধে নির্ধারিত করতে হবে। কিন্তু এ কথা মনে রাখতে হবে যে, আমাদের গ্রামাঞ্চলের পুনরুজ্জীবন ঘটানো এবং গ্রামগুলিকে সমৃদ্ধ ক'রে তোলা যদি পরিকল্পনার লক্ষ্য না হয় তা হ'লে সে পরিকল্পনা মূল্যবান কিংবা সার্থক হবে না। জনসংখ্যার শতকরা ৭০ ভাগ বাস করে পল্লী-এলাকাগুলিতে। কৃষির উন্নয়নের সঙ্গে পল্লী-এলাকায় সমৃদ্ধি বিজড়িত ব'লে কৃষির উন্নয়ন ও আধুনিকীকরণ বিশেষ গুরুত্বপূর্ণ। আমরা যদি গ্রামগুলির সমস্যার সমাধান এবং গ্রামীণ দারিদ্র্য দূর করতে না পারি তা হ'লে আমরা পশ্চিমবঙ্গের সমস্যাগুলি সমাধানের শোচনীয় ব্যর্থতার সম্মুখীন হব।

পশ্চিমবঙ্গের পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নকালে গ্রামাঞ্চলের বেকারি ও আধা-বেকারি দূর করার ওপর জোর দিতে হবে। যাতে বৎসরে দুই থেকে তিন বার শস্যোৎপাদন করা যায় এরূপ যথোচিত ব্যবস্থা আমাদের প্রবর্তন করতে হবে। এজন্য আমাদের প্রয়োজন হ'ল সেচের সুযোগ-সুবিধা, গ্রামীণ বৈদ্যুতীকরণ, রাসায়নিক সার, কীটঘ্ন ঔষধ প্রভৃতি কৃষিবিষয়ক সহায়তা।

পশ্চিমবঙ্গে গ্রামের সংখ্যা ৩৮,৪৫৪টি। ১৯৭২ সালের ৩১এ মার্চ পর্যন্ত বৈদ্যুতিকৃত গ্রামের সংখ্যা ছিল মাত্র ৩,৩২৮টি। আমরা আরও ১০ হাজার গ্রামে বিদ্যুৎ সরবরাহের কর্মসূচী গ্রহণ করেছি। এই ধরনের গ্রামীণ বৈদ্যুতীকরণ গ্রামাঞ্চলে ক্ষুদ্র ও কুটির শিল্প উন্নয়নে সহায়ক হবে এবং এর ফলে গ্রামাঞ্চলে অধিকতর কর্মনিয়োগের সুযোগ সৃষ্টি হবে।

পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনায় জনগণের দুর্বলতর শ্রেণীগুলির কতকগুলি মৌলিক প্রয়োজন মেটানোর উপর অগ্রাধিকার দিতে হবে—যেমন ছেলেমেয়ের প্রাথমিক শিক্ষাদান, জনস্বাস্থ্যবিষয়ক সর্বনিম্ন সুযোগ-সুবিধা, গ্রামীণ জল-সরবরাহ, ভূমিহীন শ্রমিকদের জন্য বাস্তুভিটার সংস্থান, গ্রামীণ পথঘাট নির্মাণ এবং শহরাঞ্চলে বস্তির উন্নয়ন।

আমাদের যে বাস্তব মূলধন আছে, যেমন শিল্পক্ষেত্রের স্থাপিত যন্ত্রপাতির উৎপাদন ক্ষমতা তার পূর্ণতর সদ্ব্যবহার আমাদের করতে হবে। আমাদের শিল্পগুলিকে কাঁচামালের যথোচিত সরবরাহ সুনিশ্চিত করার ব্যবস্থাও করতে হবে।

[2-00—2-10 p.m.]

### বৃহত্তর কলকাতার সমস্যা

বৃহত্তর কলকাতা একটি মহানগরী বিশেষ। এর আয়তন ৪৯০ বর্গমাইল এবং লোকসংখ্যা প্রায় ৭১ লক্ষ। কলকাতার তুলনায় কেবল টোকিও, লণ্ডন ও নিউইয়র্কের মহানাগরিক এলাকার জনসংখ্যা অধিক। দেশবিভাগের পর প্রভূত পরিমাণে জনসংখ্যা চলাচলের ফলে কলকাতার জনসংখ্যা বিশেষভাবে বৃদ্ধি পেয়েছে। ভারতের অন্যান্য প্রদেশ থেকে প্রায় ৬০ লক্ষ মানুষ জীবিকার সন্ধানে পশ্চিমবঙ্গে, প্রধানত বৃহত্তর কলকাতা এলাকায়, এসেছেন।

কলকাতা শুধু পশ্চিমবঙ্গ রাজ্যের রাজধানী মাত্র নয়, উড়িষ্যা, বিহার, আসাম, মণিপুর ত্রিপুরা, নাগাল্যাণ্ড ও নেফা রাজ্যগুলি এবং উত্তরপ্রদেশের পূর্বাঞ্চলের জেলাগুলি সহ সমগ্র পূর্বভারতের পক্ষে এ নগরীর গুরুত্ব সমধিক। উল্লিখিত এলাকাগুলির মোট জনসংখ্যা ১৫ কোটিরও অনেক বেশি। এই কথা বিবেচনা ক'রে ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু জাতীয় উন্নয়ন পরিষদের সপ্তদশ অধিবেশনে ভাষণ প্রসঙ্গে বলেছিলেন: "কলকাতা দেশের বৃহত্তম নগরী। এর সমস্যাগুলি শুধু পশ্চিমবঙ্গের সমস্যা নয়। সেগুলি জাতীয় সমস্যা এবং এগুলি সমাধানের জন্য বিশেষ ব্যবস্থা করা দরকার।"

তার ফলে পরিকল্পনা কমিশন বৃহত্তর কলকাতার সমস্যাগুলি সমাধানের জন্য তৃতীয় পরিকল্পনায় কেন্দ্রীয় ক্ষেত্রে ১০ কোটি টাকা বরাদ্দ করেছিলেন। আমাদের বর্তমান প্রধানমন্ত্রীও বৃহত্তর কলকাতার সমস্যাগুলি সমাধানের জন্য বিশেষ উদ্বেগ প্রদর্শন করেছেন। তদনুযায়ী বৃহত্তর কলকাতার সমস্যাগুলি সমাধানের জন্য কলকাতা মহানাগরিক উন্নয়ন সংস্থা বা সংক্ষেপে সি এম ডি এ গ'ড়ে তোলা হয়েছে। আশা করা যায় যে, ভারতের আর্থনীতিক উন্নয়নের সামগ্রিক স্বার্থে, বিশেষ ক'রে ভারতের পূর্বাঞ্চলের স্বার্থে, পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনায় রাজ্য পরিকল্পনার বাইরে বৃহত্তর কড়কাতার সমস্যাগুলি সমাধানের জন্য বিভিন্ন পরিকল্পের কাজ হাতে নেওয়া হবে।

পশ্চিমবঙ্গে, বিশেষ ক'রে সি এম ডি এ এলাকায় যে সম্পদ সৃষ্টি হয় তার ফলে কর্পোরেশন কর, আয়কর, অবগারী শুল্ক প্রভৃতি বৃদ্ধি পায়। পশ্চিমবঙ্গে উৎপন্ন পাট ও চা'য়ের বৈদেশিক মুদ্রা অর্জনের উপকার পায় গোটা ভারতবর্ষ। সারা ভারতের উপকারের জন্য যাতে পাট ও চা শিল্প উন্নত হয় সে উদ্দেশ্যে জল-সরবরাহ, নিকাশী ব্যবস্থা, পরিবহণের সুযোগ-সুবিধা ও অন্যান্য সামাজিক ব্যয় বহনের দায়িত্ব কিন্তু একা পশ্চিমবঙ্গ-সরকারের।

এ কথা সর্বজনবিদিত যে, দেশবিভাগ, শরণার্থী সমাগম ও বন্যায় সর্বাধিক ক্ষতি হয়েছে পশ্চিমবঙ্গের। দেশবিভাগের ফলে পাটচাষের পরিমাণ ২·৭ লক্ষ একর থেকে বাড়িয়ে প্রায় ১২ লক্ষ একর করতে হয়েছিল। এটা করা হয়েছিল খাদ্যশস্য উৎপাদনের জমির পরিমাণ কমিয়ে। বৃহৎ কৃষিক্ষেত্র-সমন্বিত অন্য কয়েকটি রাজ্যকে পশ্চিমবঙ্গের মত শিল্পক্ষেত্রের জন্য সামাজিক কৃত্যকের অতিরিক্ত ব্যয়ভার বহন করতে না হ'লেও তারা পশ্চিমবঙ্গে লব্ধ আয়কর, কর্পোরেশন কর ও অন্যান্য করের পূর্ণ সুবিধা ভোগ করে। পশ্চিমবঙ্গের জন্য রাজ্য পরিকল্পনার আয়তন নির্ধারণের কালে এবং রাজ্যগুলিকে কেন্দ্রীয় সম্পদ হস্তান্তরের নীতি নির্ধারণের সময়, পরিকল্পনা কমিশনের উচিত এই-সব বিষয় হিসাবে ধরা।

## ষষ্ঠ অর্থ কমিশন

ষষ্ঠ অর্থ কমিশন শীঘ্র গঠিত হবে। আমরা গভীরভাবে আশা পোষণ করি যে, কমিশনের সম্মুখে যে সব সমস্যা থাকবে সেগুলি সমাধানের সহায়ক হবে এমন সুপারিশ তাঁরা করবেন।

যুক্তরাষ্ট্রীয় সংবিধানে রাজ্যগুলির মধ্যে সম্পদ বণ্টন দায়িত্ব বণ্টনের অনুরূপ হওয়া উচিত। রাজ্যসরকারগুলির রাজস্বের সূত্র প্রধানত স্থিতিশীল হ'লেও সামাজিক ও উন্নয়নমূলক কৃত্যকগুলির ব্যয়ভার এসে পড়েছে প্রধানত তাঁদের উপর। ফলে, ভারতের রাজ্যসরকারগুলি সম্পদ ও দায়িত্বের সহজাত অসামঞ্জস্যের সম্মুখীন। ভারতীয় সংবিধান রচয়িতারা অর্থ কমিশনের সুপারিশের ভিত্তিতে রাজ্যগুলিতে কেন্দ্রীয় সম্পদ হস্তান্তরের দ্বারা এই অসামঞ্জস্যের ত্রুটি দূর করার ব্যবস্থা করেছিলেন।

অর্থ কমিশনকে প্রধানত রাজস্ব খাতে রাজ্যগুলির পরিকল্পনা-বহির্ভূত ব্যবধান দূরীকরণের জন্য সুপারিশ করতে নির্দেশ দেওয়া হয়েছিল। রাজ্য পরিকল্পনাগুলির জন্য কেন্দ্রীয় সম্পদ বরাদ্দ করেন পরিকল্পনা কমিশন। রাজ্যগুলিকে কেন্দ্রীয় সম্পদ হস্তান্তরে অনুসৃত নীতির ফলে কিছু অসঙ্গতির সম্মুখীন হ'তে হয়েছে। এর ফলে কতকগুলি রাজ্য তাদের প্রয়োজনের তুলনায় অতিরিক্ত সম্পদ পায়, আবার পশ্চিমবঙ্গ সহ কতকগুলি রাজ্যের কেন্দ্রীয় সম্পদের অধিকতর বরাদ্দ প্রয়োজন। অর্থ কমিশনের রোয়েদাদ অনুসারে যে-সব রাজ্য প্রয়োজনের তুলনায় উদ্বৃত্ত সম্পদ পেয়েছিল তাদের সম্বন্ধে চতুর্থ কমিশন নিম্নোক্ত সুপারিশ করেছিলেন: "কেন্দ্রীয় সহায়তার পদ্ধতি নিরূপণের সময় পরিকল্পনা কমিশন উদ্বৃত্তের প্রশ্নটি হিসাবে ধরবেন ব'লে আমরা আশা করি"।

পঞ্চম অর্থ কমিশন যে সম্পদ হস্তান্তর সুপারিশ করেছিলেন তার ফলে পশ্চিমবঙ্গ সহ কয়েকটি রাজ্যের রাজস্ব খাতের পরিকল্পনা-বহির্ভূত ব্যবধান মেটে নি। ফলে, পরিকল্পনা কমিশনের সুপারিশক্রমে ভারত-সরকার ঐ-সব রাজ্যকে রাজস্ব খাতে পরিকল্পনা-বহির্ভূত ব্যবধান মেটানো বা হ্রাস করার জন্য বিভিন্ন পরিমাণের বিশেষ ঋণ-সহায়তা দিয়েছিলেন। কিন্তু এক্ষেত্রে অসুবিধার সৃষ্টি হয় এই কারণে যে, রাজস্ব ব্যয় নির্বাহের জন্য যে কেন্দ্রীয় ঋণ দেওয়া হয়, তা শোধ করা বেশির ভাগ সময়েই সম্ভব হয় না। নির্ধারিত কর্মবিধি অনুসারে অর্থ কমিশনগুলির রাজস্ব খাতে পরিকল্পনা-বহির্ভূত ব্যবধান মেটানোর জন্য সুপারিশ করার কথা; তাঁদের রাজ্যগুলি সামগ্রিক বাজেটের প্রয়োজন দেখে সম্পদ হস্তান্তরের সম্বন্ধে সুপারিশ করার কথা নয়।

উল্লিখিত বিষয়গুলির প্রতি ভারত-সরকারের দৃষ্টি আকর্ষণ ক'রে আমরা বলতে চাই যে, বিষয়গুলির আলোকে বিবেচনা ক'রে তাঁরা যেন ষষ্ঠ অর্থ কমিশনের কর্মবিধি রচনা করে পরিকল্পনার অন্তর্ভুক্ত ও পরিকল্পনা-বহির্ভূত—এই উভয়বিধ ব্যবধান মেটানোর জন্য রাজ্যগুলি হস্তান্তরিত কেন্দ্রীয় সম্পদ বণ্টন যাতে সুসংহতভাবে হ'তে পারে সেজন্য অর্থ কমিশনের সঙ্গে পরিক কমিশনের কিছুটা সংযোগ থাকা উচিত ব'লেও আমরা মনে করি।

অনেক রাজ্য এখন ওভারড্রাফটের সমস্যায় জড়িয়ে পড়ছে। চরম বিশ্লেষণে দেখা যায় ওভারড্রাফটের সমস্যা মূলত রাজ্যগুলির সম্পদ ও ব্যয়ের অসামঞ্জস্যজনিত। ১৯৭২ সালের মাসের শেষে হিমাচল প্রদেশ ব্যতীত রাজ্যসরকারগুলির সামগ্রিক বকেয়া ঋণের পরিমাণ ি ৮,৭৫৮ কোটি টাকা; ১৯৫১-৫২ সালের এইরূপ ঋণের পরিমাণ ছিল মাত্র ২৩৯ কোটি টাব আমরা মনে করি যে, রাজ্যগুলি কর্তৃক ঋণ পরিশোধ সম্পর্কিত শর্তাদি পুনর্বিন্যাসের প্রশ্নটি পরব অর্থ কমিশন যথোচিতভাবে বিচার ক'রে দেখবেন।

অর্থ কমিশন সাধারণত পাঁচ বৎসর পর পর বসে ব'লে অর্থ কমিশনের রোয়েদাদ ঘোষিত হ পর রাজ্যসরকারগুলির উপর যে-সব দায়াধিকার এসে পড়ে সেগুলি বিচার বিবেচনা করার জন্য বে ব্যবস্থা নেই; এ অসুবিধা পশ্চিমবঙ্গ সহ অনেক রাজ্যই ভোগ করে। পঞ্চম অর্থ কমিশে রোয়েদাদের পর আমাদের সরকারী কর্মচারীদের মহার্ঘ ভাতা ও বেতনক্রম সংশোধন ও অন্য দায়িত্ব পালনের জন্য অনেক টাকা ব্যয় করতে হয়েছিল। কিন্তু পঞ্চম অর্থ কমিশনের রোয়েদাদের উদ্ভূত দায়াধিকারগুলি বিবেচনা করার কোন ব্যবস্থা না থাকায় এই ব্যয়ের ব্যবধান পূরণ করা স হয় নি। এই প্রসঙ্গে চতুর্থ অর্থ কমিশনের মন্তব্য স্মরণ করা যেতে পারে। তাঁরা বলেছিলে "আমরা যে কাজ হাতে নিয়েছি ভবিষ্যতে তার থেকে অন্যান্য যে-সব প্রয়োজনের উদ্ভব হবে বর্তমা তার হিসাব-নিকাশ করা আমাদের পক্ষে স্পষ্টতই সম্ভব নয়। রাজ্যগুলির প্রয়োজন বিবেচ করা ও যেখানে প্রয়োজন সেখানে কেন্দ্রীয় সহায়তা দানের জন্য একটি যথোচিত পদ্ধতি উদ্ভা করতে হবে।"

অর্থ কমিশনের রোয়েদাদের পর রাজ্যসরকারগুলির উপর যে-সব অদৃষ্টপূর্ব দায়াধিক পড়ে সেগুলি বিবেচনার জন্য কেন্দ্রীয় সরকার যথোচিত উপায় উদ্ভাবন করবেন আমরা আশা করি।

কেন্দ্র-রাজ্য সম্পর্ক তিক্ত করার উদ্দেশ্যে সংকীর্ণ কিংবা প্রাদেশিক মনোভাব থেকে উপে মন্তব্যগুলি করা হয় নি—বরং এই সম্পর্ক সুদৃঢ়তর ও দৃঢ়তর ভিত্তিতে স্থাপনের উদ্দেশ্যেই এই কথাগু বলা হয়েছে। আমাদের মতে সংবিধানের কোন সংশোধন না ক'রেই এ উদ্দেশ্যসিদ্ধি সম্ভ আমরা ভারতের অখণ্ডত্বে এবং কেন্দ্র ও রাজ্যগুলির মধ্যে ভাল সম্পর্কের অস্তিত্বে বিশ্বাস কর্ি রাজ্যগুলিকে কেন্দ্রের স্বার্থ ও কেন্দ্রকে রাজ্যগুলির স্বার্থ সংরক্ষণ করতে হবে। এই দৃষ্টিভ দৃঢ়ভিত্তিতে গঠনের উপরই সামগ্রিকভাবে ভারতের পক্ষে আর্থনীতিক দিক থেকে সমৃদ্ধ ও রাজনৈতিক দিক থেকে শক্তিশালী হয়ে ওঠা সম্ভব।

## উপসংহার

[2-10—2-20 p.m. including adjournment.]

সাম্প্রতিক নির্বাচনে স্পষ্ট রায় ছিল গণতন্ত্র ও সমাজতন্ত্রের পক্ষে। আমাদের বেকারি গণ-দারিদ্র্যের বিরুদ্ধে সরাসরি আক্রমণ চালাতে হবে। জনগণের জীবনযাত্রার মান দ্রুত বৃ

করার দিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। সাধারণ মানুষ এবং সমাজের দুর্বলতর ও কমসুবিধাপ্রাপ্ত শ্রেণীগুলির ভাগ্যোন্নয়নের জন্য আমাদের বৈপ্লবিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। শ্রমিক, কৃষক, মধ্যবৃত্ত শ্রেণী এবং সাধারণভাবে জনগণের অবস্থার উন্নতিসাধনের জন্য আমাদের উন্নয়ন কর্মসূচি এবং সমগ্র প্রশাসনযন্ত্রকে কাজে লাগাতে হবে।

সামাজিক ন্যায়বিচারের আবহাওয়ায় পঞ্চবার্ষিক পরিকল্পনাগুলি দ্রুত আর্থনীতিক উন্নয়নের হাতিয়ার হওয়া উচিত। কিন্তু দ্রুত আর্থনীতিক উন্নয়নের সঙ্গে সামাজিক ন্যায়বিচার সম্ভব ক'রে তুলতে হ'লে আমাদের সামাজিক-আর্থনীতিক সংগঠন ও সংস্থাগুলিকে ঢেলে সাজানো, সম্পদের পুঞ্জীভবন হ্রাসকরণ এবং আয় ও আর্থনীতিক শক্তির বিস্তৃততর প্রসারণ প্রয়োজন হবে।

সামাজিক-আর্থনীতিক সংস্থাগুলি ঢেলে সাজাবার উদ্দেশ্যে যে-সব এলাকায় এক সময় জমিদারদের আধিপত্য ছিল সেই-সব এলাকায় মধ্যবর্তী স্বত্ব বিলোপের ব্যবস্থা করা হয়েছিল। গ্রামাঞ্চলে জমির সর্বোচ্চ সীমা ও শহরাঞ্চলে সম্পত্তির সর্বোচ্চ সীমা বেঁধে দিলে কিছু সংখ্যক লোকের হাতে সম্পদের পুঞ্জীভবন নিবারিত হবে এবং অনেকের মধ্যে সম্পদ বণ্টন সম্ভব হবে।

সরকার যাতে ব্যাপকভাবে আর্থনীতিক উন্নয়নের গতি ত্বরান্বিত করায় এবং অসাম্য হ্রাস করায় অধিকতর কার্যকর ভূমিকা নিতে পারেন এজন্য দেশের আর্থিক সংস্থানের উপর তাঁর অধিকতর এক্তিয়ার থাকা উচিত। কার্যকর রাষ্ট্রীয় নিয়ন্ত্রণ ও হস্তক্ষেপের অভাবে আর্থনীতিক উন্নয়নের পদ্ধতি সম্পদ ও আয়ের অধিকতর পুঞ্জীভূত-ভবনে সহায়তা করতে পারে এবং বেকারি ও আধা-বেকারি সৃষ্টি করতে পারে। একচেটিয়া আইনানুসারে গৃহীত ব্যবস্থাগুলি, লাইসেন্স ও বরাদ্দ নির্ধারণ সম্বন্ধে সরকারী ক্ষমতার আইনসম্মত প্রয়োগ, সরকারী আর্থিক সংস্থাগুলি ও রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির কর্মনীতি সামাজিক ন্যায়বিচারের আবহাওয়ায় আর্থনীতিক উন্নয়ন সাহায্য করতে পারে। কেন্দ্রীয় সরকারের সাম্প্রতিক কর প্রণয়নের ব্যবস্থাগুলির লক্ষ্য হ'ল কিছু সংখ্যক লোকের হাতে সম্পদের পুঞ্জীভবন খর্ব করা।

অর্থনীতির দ্রুত উন্নয়ন, জনগণের মধ্যে উৎপাদন-যন্ত্রের অধিকতর মালিকানা বণ্টন এবং তাঁদের জন্য কর্মনিয়োগের সুযোগ বৃদ্ধি ক'রে আমরা আমাদের সামাজিক ও আর্থনীতিক লক্ষ্যে পৌছাতে পারি। এই প্রসঙ্গে আমরা খামারগুলিতে বৎসরে দুই থেকে তিনটি ফসল তোলার লক্ষ্যের উপর বিশেষ জোর দিই। উদ্বৃত্ত জমি বণ্টন ক'রে আমরা ভূমিহীন ক্ষেতমজুরদের উৎপাদনকারী কৃষকে পরিণত করতে চাই। আমাদের ভবিষ্যতের সব পরিকল্পনার লক্ষ্য হওয়া উচিত দুর্বলতর শ্রেণীগুলির, বিশেষ ক'রে গ্রাম ও শহর এলাকায় যারা প্রান্তিক পর্যায়ের উৎপাদক, তাদের আর্থনীতিক ভিত্তি দৃঢ় করা।

বৃহৎ পরিধিতে বিনিয়োগ না ক'রে গণ-দারিদ্র্য ও বেকারির দ্বৈত সমস্যার সমাধান সম্ভব নয়। অর্থনীতির গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে লগ্নি বৃদ্ধির একটি উপায় হ'ল কেন্দ্র ও রাজ্যের পরিকল্পনাগুলি।

আমরা অভিজ্ঞতা থেকে দেখেছি যে, সরকারী ক্ষেত্রে বর্ধিত পরিকল্পনা-বিনিয়োগ সরকারী ও বেসরকারী উভয় ক্ষেত্রে শিল্পোৎপাদন পুনরুজ্জীবনের পূর্ব শর্ত বিশেষ। কেন্দ্রীয় অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতা থেকে দেখা যাবে যে, কেন্দ্রীয় ও রাজ্য ক্ষেত্রগুলিতে ১৯৭২-৭৩ সালে পরিকল্পনায় সামগ্রিক বিনিয়োগের পরিমাণ হবে ৩,৯৭৩ কোটি টাকার মত; ১৯৭১-৭২ সালে এই বিনিয়োগের পরিমাণ ছিল ৩,২৬৩ কোটি টাকা। এর অর্থ হ'ল ৭১০ কোটি টাকা কিংবা শতকরা ২২ ভাগ বৃদ্ধি।

এই পরিমাণ পরিকল্পনা বরাদ্দ বৃদ্ধি দেশের অর্থনীতিতে গতি সঞ্চারের একটি বড় হেতু হওয় উচিত। ১৯৭২-৭৩ সালে উন্নয়নমূলক প্রকল্পগুলিতে পশ্চিমবঙ্গ সরকারের সামগ্রিক লগ্নির পরিমা হবে ১৪২·৪০ কোটি টাকার মত। ১৯৬৯-৭০ সালে এই জাতীয় প্রকল্পগুলিতে লগ্নি-করা মা ৪৫·৭৯ কোটি টাকার সঙ্গে এই অঙ্ক তুলনা ক'রে দেখা যেতে পারে।

বেসরকারী ক্ষেত্রের শিল্প-সংস্থাগুলিকে রাজ্যের সামাজিক ও আর্থনীতিক নীতির কাঠামো মধ্যে সামঞ্জস্য রেখে চলতে হবে। ব্যাঙ্ক ও বীমা ব্যবসায়ের জাতীয়করণ বেসরকারী ক্ষেত্র সম্পর্কি সরকারের নিয়ন্ত্রণমূলক এবং কল্যাণমূলক ভূমিকা সম্প্রসারণে যথেষ্ট সহায়তা করেছে।

বেসরকারী ক্ষেত্রে দেশোন্নয়নের মহৎ কাজে উৎপাদন বৃদ্ধির জন্য শ্রমিক ও মালিক উভয়ের নিজেদের অংশীদার ব'লে মনে করতে হবে। অবশ্য শ্রমিকদের সব বৈধ অভিযোগের প্রতিকা হওয়া উচিত। শিল্পে শান্তিরক্ষায় সহায়তা করা এবং উৎপাদন সর্বাধিক করার কাজে নিজেদে যথোচিত অংশগ্রহণ করার দায়িত্ব আছে শ্রমিক এবং মালিক উভয়েরই। উৎপাদন যদি না বাে তা হ'লে আমাদের বণ্টন করার মত বিশেষ কিছু থাকবে না।

কঠোর হস্তে গণ-বেকারত্ব ও দারিদ্র্যের সমস্যার মোকাবিলা করতে হবে। এই-সব সমস্যা সমাধান যাতে তাড়াতাড়ি করা যায় সেজন্য আমরা শান্তিপূর্ণ ও গণতান্ত্রিক উপায়ে পরিবর্তন আনতে চাই। অবশ্য মনে রাখতে হবে যে, গণতান্ত্রিক ও শান্তিপূর্ণ পরিবর্তনের প্রতি শ্রদ্ধাকে বর্তমান ও নতুন বৈষম্য স্থায়ী ক'রে তোলার উপায়ে পরিণত হ'তে দেওয়া চলবে না।

পশ্চিমবঙ্গের জনসমাজের বিরাট রায় আমাদের উপর গুরুদায়িত্ব ন্যস্ত করেছে। আমাদের কাজ বিরাট। রাতারাতি বেকারত্ব ও গণ-দারিদ্র্যের সমস্যা সমাধান সম্ভব নয় সত্য, তবু আমরা এ-সব সমস্যা যথাসাধ্য দ্রুত সমাধানের জন্য এবং জনগণের কাছে আমাদের নির্বাচনী প্রতিশ্রুতি পালন করার জন্য সকল সম্ভবপর প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনে কৃতসঙ্কল্প। কাজ যতই বড় হ'ক, তার মধ্যে যতই চ্যালেঞ্জ থাক, আমাদের বিশ্বাস ও আস্থা আছে যে, জনগণের সমর্থনে আমরা আমাদের দায়িত্ব পালনে সফল হব।

## পশ্চিমবঙ্গ বাজেট, ১৯৭২-৭৩

(হাজার টাকার হিসাবে)

| আদায় | প্রকৃত, ১৯৭০-৭১ | সংশোধিত, ১৯৭১-৭২ | বাজেট, ১৯৭২-৭৩ (১৯৭২-এর মার্চে উপস্থাপিত) | বাজেট, ১৯৭২-৭৩ (এখন উপস্থাপিত) |
|---|---|---|---|---|
| প্রারম্ভিক তহবিল ... | ১,৬৬,০০ | —৬,৭৫,৮০ | —২৩,৫৯,৩০ | —২৩,৫৯,৩০ |
| রাজস্ব আদায় ... | ২,৬৮,০১,৭৮ | ৪,৫০,৮৯,৪৪ | ৩,৪৮,০৭,৯৮ | ৩,৫১,৩০,৯৮ |
| ঋণ থাতে আদায়— | | | | |
| ঋণ ... ... | ১,৫৫,৭০,৩২ | ২,৬৫,৪৭,৬২ | ১,৪৭,৪১,০১ | ১,৫৪,৮৩,০১ |
| সম্ভাব্য তহবিল ও সরকারী হিসাব হইতে আদায় | ৪,২৬,৫৩,২৯ | ৪,৪৭,৫২,৩১ | ৪,২৩,৪৭,৫৮ | ৪,২৩,৪৭,৫৮ |
| মোট ... | ৮,৫১,৯১,০৯ | ১১,৫৭,১৩,৫৭ | ৮,৯৫,৩৮,২৭ | ৯,০৬,০২,২৭ |

( হাজার টাকার হিসাবে )

| ব্যয় | প্রকৃত, ১৯৭০-৭১ | সংশোধিত, ১৯৭১-৭২ | বাজেট, ১৯৭২-৭৩ ( ১৯৭২-এর মার্চে উপস্থাপিত ) | বাজেট, ১৯৭২-৭৩ ( এখন উপস্থাপিত ) |
|---|---|---|---|---|
| রাজস্ব খাতে ব্যয় ... | ৩,০৩,৪১,৯৬ | ৪,৯২,২২,৮২ | ৩,৬৭,৪৭,৬৩ | ৩,৭৪,০৯,৬৩ |
| মূলধন খাতে ব্যয় ... | ২৬,৩৯,৩৯ | ৩৪,৬৪,২১ | ৪৩,৯০,৯৯ | ৪৮,৮১,৯৯ |
| ঋণ খাতে ব্যয়— | | | | |
| ঋণ ... ... | ১,১৮,৪১,৪৭ | ২,১৮,৯২,২৬ | ১,০৩,৫২,১২ | ১,১০,৫৫,১২ |
| সম্ভাব্য তহবিল ও সরকারী হিসাব হইতে ব্যয় | ৪,১০,৪৩,০৭ | ৪,৩৪,৯৩,৫৮ | ৪,০৯,৫০,৪১ | ৪,০৯,৫০,৪১ |
| সমাপ্তি তহবিল ... | —৬,৭৫,৮০ | —২৩,৫৯,৩০ | —২৯,০২,৮৮ | —৩৬,৯৪,৮৮ |
| মোট ... | ৮,৫১,৯১,০৯ | ১১,৫৭,১৩,৫৭ | ৮,৯৫,৩৮,২৭ | ৯,০৬,০২,২৭ |
| নীট ফল— | | | | |
| উদ্বৃত্ত (+) | | | | |
| ঘাটতি (—) | | | | |
| (ক) রাজস্ব খাতে ... | —৩৬,৪১,৫৫ | —৪১,৩৩,৩৮ | —১৯,৩৯,৬৫ | —২২,৭৮,৬৫ |
| (খ) রাজস্ব খাতের বাইরে | +২৬,৯৯,৬৮ | +২৪,৪৯,৮৮ | +১৩,৯৬,০৭ | + ৯,৪৩,০৭ |
| (গ) প্রারম্ভিক তহবিল বাদে নীট | — ৮,৪১,৮৭ | —১৬,৮৩,৫০ | — ৫,৪৩,৫৮ | —১৩,৬৫,৫৮ |
| (ঘ) প্রারম্ভিক তহবিল সহ নীট | —৬,৭৫,৮০ | —২৩,৫৯,৩০ | —২৯,০২,৮৮ | —৩৬,৯৪,৮৮ |

### Final demands for Grants and Appropriations for 1972-73

**Shri Sankar Ghosh** : Mr. Seaker Sir, in March 1972 budget estimates for 1972-73 were presented to the Legislature and a vote-on-account was taken. Since then we have examined these estimates afresh and have made certain changes therein. The book now presented to the Legislature shows the variations made in the estimates and it also contains explanatory notes regarding the same. I would, however, request the Honourable Members to refer also to the budget estimates presented on 25th March 1972, for detailed information with regard to the provisions made under different heads in the current year.

### Year 1971-72

The revised estimates for 1971-72, presented in March 1972, indicated a negative opening balance of Rs. 23.59 crores. In such estimates we assumed a

Central assistance of Rs. 30 crores for meeting the non-Plan gap. The Government of India have since given us a ways and means advance of Rs. 32·56 crores for the year 1971-72. This advance has been given pending examination of the budgetary position of 1971-72 on the basis of actuals. Pending such examination we propose to retain, on a provisional basis, the nagative opening balance of Rs. 23.59 crores as shown in the estimates presented in March 1972.

### Year 1972-73

The Government of India have promised to give special loan assistance of Rs. 16 crores for the year 1972-73 on the basis of the anticipated shortfall for that year as had been assessed at an earlier date by the Union Ministry of Finance. But subsequent to this assessment, we have allowed dearness allowance to State Government employees with effect from 1st October 1971. This entailed an expenditure of Rs. 2.10 crores in 1971-72 and would entail an expenditure of Rs. 5 crores in 1972-73. The estimated shortfall of Rs. 16 crores for 1972-73, as estimated by the Union Ministry of Finance, will therefore, on this basis alone, increase to Rs. 21 crores if only the additional expenditure on account of dearness allowance is taken into account. Other adjustments will have to be made on the basis of actuals In our estimates for 1972-73 we have assumed a special Central loan accommodation of Rs.30 crores for meeting the non-Plan gap.

Out of Rs. 32.56 crores of special loan assistance given by the Government of India in respect of the non-Plan gap in 1971-72, Rs. 4.88 crores would be recovered from the State Government in the current year (about 15 per cent. of Rs. 32.56 crores). We have, therefore, made a provision of Rs. 4.88 crores in the revised estimates for 1972-73 on account of repayment of Central loans.

In the budget estimates as presented in March 1972, there was a provision of Rs. 18 crores for market loans. The Reserve Bank of India have, however, allowed market loans of only Rs. 13 crores for 1972-73 which, with 10 per cent. of additional subscription, would give us Rs. 14.30 crores. Thus there is a shortfall to the extent of Rs. 3.70 crores in respect of market loans. We have, accordingly, revised the original estimates of Rs. 18 crores to Rs. 14.30 crores.

**Relief Expenditure**

There has been an unprecedented drought in West Bengal this year. Rainfall in 1972 in the districts of West Dinajpur, Malda, Murshidabad, Nadia 24-Parganas, Howrah, Hooghly, Burdwan and Birbhum, as compared to normal

rainfall, has been deficient to the extent of 70 to 96 per cent. In the districts of Bankura, Purulia and Midnapore rainfall deficit ranges between 70 to 94 per cent. In North Bengal, comprising the districts of Darjeeling, Cooch Behar and Jalpaiguri, rainfall deficit ranges between 7 to 53 per cent.

Drought conditions have seriously affected sowing of aus and jute. Standing crops like summer rice and chait boro have also been seriously affected. The estimated loss of production of aus is 3 lakh tonnes, worth Rs. 36 crores. Loss of jute is estimated at 15 lakh bales, worth Rs. 30 crores. Loss on account of snmmer rice (boro) has been estimated at Rs. 12.96 crores. Thus the total loss of agricultural production, including the loss on account of vegetables, stands at about Rs. 80 crores.

Acute distress resulting from such drought conditions compelled the State Government to arrange for distribution of gratuitous relief and to execute test relief works on an extensive scale. Against the original provision of Rs. 1.30 crores on test relief works, the expenditure already sanctioned by the State Government is Rs. 3.00 crores. To combat the drought conditions it was decided that about 12,000 tubewells/wells should be sunk/resunk or constructed. This would involve an additional expenditure of about Rs. 2.33 crores.

Against the original budget provision of Rs. 1.10 crores on gratuitous relief, the revised provision is Rs. 1.42 crores on this account. We have made an additional provision of Rs. 8 lakhs on miscellaneous items on relief expenditure and we have also made an additiohal provision of Rs. 2.15 crores on loan items for relief purposes.

**Share of Small Savings**

In the budget estimates as presented in March 1972, there was a provision of Rs 16 crores as our share of small savings collections. In the light of last year's actuals we have increased this provision to Rs. 19 crores in the estimates now presented.

**Net Result**

Excluding the negative opening balance of Rs. 23.59 crores the overall deficit in the current year according to the estimates now presented is of the order of Rs. 13.36 crores. This sum of Rs. 13.36 crores is due to the following reasons :—

(a) additional liability amounting to Rs. 2.35 crores imposed on the State due to relief expenditure on account of drought after taking into account the Central assistance ;

(b) an additional provision of Rs. 4.88 crores on account of 55 per eent. recovery to be made by the Central Government of the Rs. 32.56 crores loan given by it last year for meeting the non-Plan gap ;

(c) shortfall to the extent of Rs. 3.70 crores in respect of market loan in the current year ;

(d) shortfall in the aggregate sum of Rs. 5.43 crores on other heads ;

(e) an improvement in our share of small savings collections to the extent of Rs. 3 crores.

If we take into account the additional resources mobilisation of the order of about Rs. 10 crores, the overall deficit would be narrowed down to Rs. 3.36 crores in the current year. In a budget of Rs. 576 crores this is not a large deficit. Further, we hope that with the regeneration of economy of West Bengal there would be greater buoyancy in the State taxes which would help to reduce the deficit.

I now propose to indicate briefly some of the recent activities of the State Government.

**Land Utilisation and Reforms**

By the end of March 1972, the total area of lands vested in the State as a result of the operation of the West Bengal Estates Acquisition Act, 1953, which fixed the ceiling of agricultural land at 25 acres for each individual land-holder, was 24.04 lakh acres as per the following particulars :

| | | | Lakh acres |
|---|---|---|---|
| Agricultural land | ... | ... | 9 21 |
| Non-agricultural land | ... | ... | 5.34 |
| Forest land | ... | ... | 9·49 |
| | Total | ... | 24·04 |

The special drive for detection of lands held by big landlords in benami or in any other clandestine manner is continuing. Out of the vested agricultural lands possession has been taken of 6.84 lakh acres. Possession of 0.97 lakh acres could not be taken because of court injunctions. Out of 6.84 lakh acres of land of which possession has been taken, 4.11 lakh acres have already been distributed, namely 3.63 lakh acres to landless and poor cultivators and 0.48 lakh acres to different departments in connection with execution of various projects. Out of 3.63 lakh acres of land distributed to eligible cultivators, 1.49

lakh acres have been settled permanently. The process of distribution is being expedited through the newly set up Block Lavel Land Reforms Advisory Committees which consist of both official Members, including the local Members of the Legislature or their representatives.

By scaling down, as a result of the new ceiling law passed by this Lagislature, of the previous ceiling of 25 acres per individual raiyat to 12.36 acres in irrigated areas and 17.30 acres in other areas for a family of five, it is expected that about another 2 to 3 lakh acres of land would be available for distribution.

By successive amendments of the West Bengal Land Reforms Act, 1954, the position of the bargadars has been made much more secure. The right of cultivation by the bargadar has been made hereditary. The grounds for eviction have been made more stringent. The bargadar's share of produce has been raised from 60 to 75 per cent in cases where the owner does not supply the necessary inputs. In cases where vested lands are cultivated by bargadars and the total area owned or cultivated by such a bargadar, including the land in question, does not exceed one hectere, the bargadar becomes automatically a raiyat in respect of such vasted land.

The revenue officials have been instructed to enquire promptly into allegations of illegal eviction and to initiate proceedings against offenders and to restore land to the evicted bargadars. The police have also been directed to give necessary help to the local officers in the task of protecting the legitimate rights of bargadars. Out of the 20 to 22 lakh baraadars, the names of about 8 lakhs have already been recorded, and the district officers have been asked to make special efforts for recording the names of the remaining bargadars.

About 5,000 acres of land have been distributed to about 60,000 homeless families in rural areas, at the rate of 1/12th acre of vested agricultural land and 1,000 acres of non-agricultural land have been earmarked for settlement of the families of service personnel, including the members of the families of soldiers who are missing or were killed or were taken prisoner during the hostility with Pakistan in 1971.

**Climate for Industrial Growth**

Industrialisation is essential for modernising the economy of the State and for creating employment opportunities for the people of West Bengal. Since the new Government was installed the climate for industrial growth has improved considerably.

The State's position with regard to obtaining licences has been improving since 1971. During 1971 the Government of India granted 87 licences as against 34 in 1968, 64 in 1969 and 39 in 1970. Of the 87 industrial licences received during the year 1971, 5 licences are for establishment of new units, 15 for substantial expansion, 15 for new articles, 51 for c.o.b. and 1 for change of location within the State.

Besides, during the year 1971, 54 letters of intent were granted for West Bengal by the Government of India. Out of these 54 letters of intent, 7 are for new units, 22 for substantial expansion and 25 for new articles. During the months of January-March, 1972, 26 licences/letters of intent were issued for West Bengal by the Government of India. Out of these 26 licences/letters of intent, 4 are for new units, 9 for substantial expansion, 9 for new articles and 4 for c.o.b. These licences/letters of intent relate to units exceeding an investment of more than Rs. 1 crore and involving import of capital equipments exceeding 10 per cent. of the project.

As regards infrastructure facilities, Durgapur, Kalyani aud Haldia have been provided with electric power, roads, drainage and water supply. A complex of industries, particularly of large-acale industries, has grown up in Durgapur ; in Kalyani another complex of small and medium industries has been established. The third important growth centre is situated at Haldia. A huge complex of industries in the shape of oil refinery, oil jetty, deep sea port and a fertiliser unit is coming up in Haldia.

Up till now about 14 square miles of land in Haldia have been acquired and have been made over to the Calcutta Port Commissioners so that the same may be developed and provided with roads, water supply and electricity. This area has been connected by rail lines with Pashkura railway station of the South Eastern Railway.

The State Government has a programme of developing, in phases, certain areas for industrial growth, namely (a) Farakka, which connects South and North Bengal, (b) Siliguri, which is the gateway to Assam, Sikkim and Bhutan, (c) Asansol in the coalfields, (d) Purulia, which is rich in deposit of minerals and is very near to Jamshedpur, and (e) Kharagpur, which is the biggest railway junction connecting West Bengal to Southern India.

**Small Scale Sector**

A programme for setting up 2,000 small scale units all over the State was launched in October, 1971. Under this programme 1,366 small scale units have been set up so far and they have provided employment to more than 9,000 persons. This programme is being continued.

Cottage and small scale industries can play a vital role in the expansion of employment opportunities and in the regeneration of the economy of West Bengal, particulary in the rural areas. The position at present is this that while in the rest of the value added by the non-factory small industries is as high as 80 per cent of that produced by the factory sector, that in West Bengal it is as low as 25 per cent. It is also regrettable that the volume of orders received by small scals sector from the large sector declined in West Bengal from Rs. 1,394 crores in 1965-66 to Rs. 598 crores in 1969-70.

Small scale industries should be encouraged. They can provide employment to a large number of people. They can ensure a more equitable distribution of the national income and also facilitate the effective utilisation of resources. Some of the problems that non-Plan urbanisation gives rise to can be avoided by the establishment of small sectors of industrial production in the rural areas.

**Sick and Closed Industries**

This Government is committed to a programme of regeneration of the economy of West Bengal. An important task in this programme is the revival of closed and sick units. The Government has been able to reopen a very large number of units during 1971 and 1972 and has thereby rehabilitated about 60,000 workers. Many industrial units involving a large number of workers were reopened after the present Government took office. Every endeavour will be made to reopen closed units which can be made viable. It is our hope and faith that labour will co-operate with the State Government in this task.

**Labour Relations**

In the sphere of wages and earnings of workers the present Government has been able to make significant improvements within the short time available. The total minimum wage (including, inter alia, house-rent component) for all the jute workers has become Rs. 235 per month with effect from 15th April 1972, following a tripartite settelement through the intervention of the Government. The wages of jute workers have thus been raised from Rs. 189.60 to Rs. 235 a month, resulting in about 30 per cent. increase over the existing wages.

Again, a tripartite settlement was amicably arrived at in the cotton textile industry through the direct intervention of the Government. As a result of the settlement the management has agreed to restore the Rs. 9.60 cut in dearness allowance with retrospective effect from 1st of May 1972. The management also agreed to pay to the cotton mill workers an interim relief of Rs. 16.50 from 1st June 1972.

**Health Measures**

The total number of hospital beds now available in the State is 40,280. This means a total coverage of 0.90 per thousand of population. Such coverage is the highest among the States in India.

The opening of two new haspitals, namely, Nabadwip General Hospital (125-bedded) and Diamond Harbour Subdivisional Hospital (68-bedded) has been sanctioned New constructions to provide additional beds are in progress in the district hospitals at Jalpaiguri, Burdwan, Midnapore, Purulia and Howrah. New subdivisional hospitals are also being constructed at Ranaghat, Kalna, Ghatal, Lalbagh and Barrackpore. Establishment of a 68-bedded general hospital at Bhatpara and 131-bedded hospital at Kamarhati has been sanctioned under the CMDA programme.

For supply of improved diets to the patients in the hospitals, the diet rates of State hospitals and Health Centres in Calcutta as well as in the districts have been increased by 50 paise per occupied bed per diem, involving an additional expenditure of Rs. 45 lakhs per annum.

With the object of having integrated preventive and curative Health Services in rural areas, the Government has set up 286 Primary Health Centres and 521 Subsidiary Health Centres so far. Construction of another 35 Primary Health Centres and 73 Subsidiary Health Centres is in progress.

The imperative need of the hour is the control of population. Benefits of development will be neutralised if population is allowed to expand without any check whatsoever or if the rate of the growth of population outstrips the rate of growth of production The standard of living of the common man cannot be raised if the growth of population is not controlled. Family Planning Programmes in urban and rural areas should be and have been intensified. Further, sterilisation camps in the districts of 24-Paraganas, Burdwan and Murshidabad are also receiving favourable response from the local people.

**Agriculture**

During the current year 232 numbers of deep tubewells are proposed to be energised. So far as shallow tubewells are concerned this year the target is 3,750 on Government account.

Under the Bengal Tank Improvement Act, 1939, it is proposed to improve 250 derelict tanks during the current year. The coverage of high-yielding varieties of crops has increased from one lakh acres in 1965 to 10 lakh acres in 1971-72. The figures for high-yielding boro paddy are 74,000 acres in 1965 and 6·37 lakh acres in 1971-72.

A recent important venture has been in the field of cultivation of long staple cotton in the non-irrigated and traditionally non-crop saline parts of 24-Paraganas, Howrah and Midnapore. It is expected that during the current year about 19,000 hecteres will be under cotton.

Small farmers' development projects have been taken up, one each in the districts of Darjeeling, West Dinajpur and Hooghly. Central grant of Rs. 1·50 crores for each such project is available during the Plan period. In addition, two project for marginal farmers and agricultural labourers have been taken up, one each in the districts of Bankura and Purulia. Central grant of Rs. 1 crore is available for each such project during the Plan period.

Drought prone areas projects for the chronically drought-affected areas of Purulia, Bankura and Midnapore have been sanctioned by the Government of India, the quantum of Central grant being Rs. 4 crores during the Fourth Plan period. In addition the programme of construction of roads and markets in the Kangsabati command area has also been undertaken with funds received from the Government of India.

**Dairy Development**

The State Government has embarked on a comprehensive programme of dairy development in the State. The State dairy at Durgapur has been completed. The construction work of another dairy at Matigara near Siliguri has already started. The implementation of an ambittous project, called Operation Flood, under World Food Project 618 at a total cost of about Rs. 19 crores has been taken up. To achieve this target of increased milk production, the capacity of the Central Dairy is being expanded and steps are being taken to set up another dairy at Dankuni in the district of Hooghly. Land for this purpose has been acquired and preliminary steps for construction work are being undertaken.

**Food Situation in West Bengal**

For the first time in the history of food control in the State this Government has allowed all types of card-holders under modified rationing scheme to draw 600 grams of rice per adult per week and half that quantity for a child in all flood-aflected blocks in the districts of Malda, Murshidabad, Nadia, 24-Parganas, Howrah, Hooghly and Midnapore. The Government has also raised the rice quota under statutory rationing scheme in the State from 1,000 grams to 1,100 grams per adult per week from 15th May 1972, and the rice scale under modified rationing scheme for A and B category card-holders from 600 to 700 grams per adult per week with effect from the same date. The hill

subdivisions of Darjeeling district and the fringe areas of Greater Calcutta Rationing areas will continue to have rice scale of 750 grams per adult per week. In addition, the people covered by the statutory rationing scheme will continue to have a wheat scale of 2,500 grams per adult per week and the rest of population under modified rationing scheme shall have 2,000 grams per adult per week irrespective of category. A vigorous drive has also been launched by this Government to improve the quality of foodgrains supplied from public distribution shops.

**C. M. D. A. Programme**

Under the CMDA programme, as many as 128 projects are, at present, being executed by 52 implementing agencies out of which 10 are Government Directorates, 8 are statutory bodies like Calcutta Improvement Trust, Howrah Improvement Trust, Calcutta Metropolitan Water and Sanitation Authority, etc,, and the rest are the Calcutta Corporation, Howrah Municipality and outlying municipalities and Zilla Parishads within the Calcutta Metropolitan District. The CMDA is doing extensive work for provision of water supply, sewerage and drainage, arranging for garbage disposal, and constructing highway and roads. Its work for bustee improvement has greatly helped those who need help most.

**Second Hoogly Bridge**

The foundation stone for the Second Hooghly River Bridge was laid by the Prime Minister at Princep Ghat, Calcutta, on 20th May 1972. The work orders for construction of the main bridge and the Calcutta Approach and Inter-change have been issued and preliminary works have been started.

**Public Works**

Under the Central Road Fund ( Allocation Programme ) 17 roads/bridge projects costing about Rs. 2 crores have been taken up for execution.

As against the physical target of 7,100 flats to be constructed during the 4th Plan period, nearly 4,000 flats have been completed by the end of 1971-72. It is expected that about 1,500 more flats would be ready for occupation by the end of the current financial year. In addition to this, about 1,000 flats would be completed during the year out of non-Plan funds.

In order to enable the Government to embark on a large programme of housing, the State Government have decided to set up a statutory housing board, which would be able to obtain iustitutional finance and also to raise market loans.

**Education**

Under the Fourth Plan it has been decided to appoint 18,000 teachers in the primary schools with additional enrolment of 1,000,000 children raising thereby the percentage of children enrolled in classess I to V of the age group of 6 to 11 years, from 72·83 to 77·68 by 1974.

During 1972-73, 125 primary schools in urban areas, with 500 teachers, would be sanctioned.

**Welfare Programme for Scheduled Castes and Tribes**

During the year 1972-73 for Scheduled Tribes a sum of Rs. 31.25 lakhs and for Scheduled Castes a sum of Rs. 35.71 lakhs will be spent on account of tuition fees, book grants, examination fees, hostel charges, etc., for students of the secondary stage. Approximately 35,000 persons belonging to the Scheduled Tribes and 48,000 persons belonging to the Scheduled Castes are expected to be benefited under this programme.

In the Budget for 1972-73 a sum of Rs. 100.04 lakhs for Scheduled Castes and a sum of Rs. 5.30 lakhs for Scheduled Tribes have been provided giving scholarship to the students of the post-secondary stage. Approximately 25,000 Scheduled Castes and 1,325 Scheduled Tribes students would be benfited as a result of this.

Seats have also been reserved in Government educational institutions, including schools and colleges and hospitals attached to them, for persons of the Scheduled Castes and Scheduled Tribes.

**Welfare Measures**

Old-age pension is being granted to a number of persons of 65 years and above at the rate of Rs. 20 per month. Due to limitation of resources it has not been possible to cover all deserving applicants of the State. At present the pension is being paid to a little over 10,000 people.

A programme for nuitrition for children in the slum areas of Calcutta and in the districts is being implemented since August 1970, at the instance of the Government of India. Till the end of May 1972, a little over 2.46 lakh beneficiaries in the slum areas of Calcutta and in the urban slum areas of neighbouring districts and in the tribal areas of the State have been covered under this programme. Steps have already been taken to expand this programme and to cover 3 lakh beneficiaries thereunder.

**Flood Control Schemes**

The Government of India have assured Central assistance of Rs. 11 crores outside the State Plan for five priority flood control schemes, namely,

*Lower Damodar, Fast Magrahat, Dubda Basin, Mahananda Embankment and Karala Diversion Scheme during the last two years of the Fourfh Plan, that is,* 1972-73 and 1973-74. An amount of about Rs. 4.91 crores would be required to meet the cost of current year's programme for the priority schemes.

**Plan Outlay for 1972-73 and Additional Resource Mobilisation**

But of the Fourth Five-Year Plan of Rs. 322.5 crores for West Bengal, the extent of Central assistance is Rs. 221 crores and the amount of estimated State resources is Rs. 101.50 crores. Out of this sum of Rs. 101.50 crores the State was to raise Rs. 70 crores by way of additional resource mobilisation. The measures of additional taxation undertaken by the State Government during the last three years have so far yielded only about Rs. 29 crores leaving a balance of Rs. 41 crores.

In March 1972, in my Budget Statement, I mentioned that the Plan Outlay for 1972-73 has been fixed at Rs. 73.5 crores, and the tentative break-up of the same was indicated as below :

| | (Rupees in crores) |
|---|---|
| (i) Additional resource mobilisation by the State. | 17.18 (Out of which Rs. 10 crores is intended to be raised in 1972-73 and the balance from measures already undertaken in previous years) |
| (ii) Negotiated loans and State Enterprises' market borrowings, etc. | 13.45 |
| (iii) Central assistance .. .. | 42·87 |
| Total .. | 73.50 |

Unless we can raise another Rs. 10 crores in the current year, there will be a serious shortfall in our resources and as a result the Plan Outlay would have to be reduced and our developmental programmes would have to be curtailed. It is essential therefore to raise Rs. 10 crores as and by way of additional resource mobilisation for the State Plan.

The raising of about Rs. 10 crores this year for the State Plan would necessitate fresh taxation. Particulars of the heads of such taxation are hereinafter stated but the details of the tax proposals would appear from the relative Bills which would be presented shortly.

The rates of admission to the cinematograph exhibition would be increased on a progressive basis according to the value of the admission tickets.

We intend to bring appropriate legislation to collect some revenue from cabaret shows or other entertainment and luxuries provided in hotels and restaurants.

We intend to levy sales tax at higher rates on a number of luxury consumer items such as precious and synthetic stones—real or artificial, pearls—real, artificial or cultured, golden and silver filigree, furs and articles made of furs and perfumes.

We also propose to rationalise, revise and enhance the rates of sales tax in respect of certain commodities.

We would raise the rates of stamp duty.

The existing rates of tax on motor vehicles (goods vehicles) are much lower than those in States like Tamil Nadu, Andhra Pradesh, Maharastra, etc. We propose to revise the rates of taxes on motor vehicles (goods vehicles) on a slab basis in terms of laden weight. The tax on bigger passenger cars would be higher.

We propose to revise the present rates of land revenue. Revision of the rates of land revenue which were last settled before the first world war has been long overdue. A comparative chart below will show that the rates of land revenue in West Bengal are much lower than in other States :

FOR AVERAGE QUALITY OF LAND

| | Basic land revenue. | Surcharge/ or Cess on land revenue. | Total. |
|---|---|---|---|
| | Rs. | Rs. | Rs. |
| Maharastra ... ... ... | 7.90 | 8.80 | 16.70 |
| Tamil Nadu ... ... ... | 8.18 | 2.08<br>1.52 | 11.78 |
| Andhra ... ... ... | 13.00 | 2.86<br>2.47 | 18.33 |
| West Bengal ... ... ... | 3.87 | 0.68 | 4.55 |

It may be mentioned that in Maharastra there is in addition a cess on crops ranging from Rs. 10 to Rs. 100 per acre on each crop.

The resources that will be raised by revision of land revenue will generally be ploughed back for investment in the rural economy in the shape of agricultural inputs and for provision of irrigation and other facilities.

*It is proposed to enhance the rate of the Public Works Cess.* The proceeds from the increased cess can be utilised in providing better communication in the districts.

**Approach to the Fifth Five-Year Plan and the Unemployment Problem**

The Fifth Five-Year Plan is in the process of formulation and it would be necessary for us to decide on our approach to the same.

In framing the next Five-Year Plan the Directive Principles of State policy as laid down in the Constitution have to be specially borne in mind. According to these principles our objective should be to provide to the people adequate means of livelihood and the right to work. These principles also emphasise the need of rapid economic growth in an atmosphere of social justice, eradication of disparities in income and wealth and prevention of concentration of economic power.

Economic progress, in the last two decades, has resulted in development, but it is clear that such development and the increase in the quantum of gross national product have not solved the problems of proverty, mass unemployment and under-employment. About 40 to 50 per cent. of the people of this country live below the proverty line. If we are to rely on growth alone without directly tackling the twin problems of mass poverty and unemployment, it may take a very long time for the poorer sections of the people to reach the minimum consumption level. In order to redeem the election pledge of "Garibi Hatao" and to take steps for the establishment of Socialism, we will have to make a direct onslaught on unemployment, under-employment and poverty.

The Planning Commission, under the guidance of our Prime Minister and Union Planning Minister, have therefore put the main emphasis in the Fifth Plan on eradication of mass poverty and the solution of the problems of unemployment and under-employment. In order that the lot of the under-privileged can improve, they would have to have income and income will accrue to them only if they have gainful employment. An important priority in the Fifth Plan would therefore be to create employment opportunities for the unemployed.

But, again, even if we succeed in providing employment opportunities for the poor and under-privileged, they would not be able, with their level of earnings, to buy for themselves all the essential goods and services which constitute the basic minimum needs of life. If we are to improve the living standards of the poor, the programme of providing larger employment to them will have to be supplemented by a national plan for the provision of their basic minimum needs such as elementary education for children,

minimum public health facilities, rural water supply, homestead for landless labour, rural roads, rural electrification and slum improvement in the towns.

The size of the Five-Year Plan in West Bengal should be adequate for implementing the abovementioned two programmes, namely, the programme of a direct attack on unemployment and under-employment, and provision of certain basic minimum needs to the poorer sections of the people.

It may be mentioned in this connection that the Third Plan for West Bengal was only of the size of Rs. 305 crores and the Fourth Plan for West Bengal was only of the size of Rs. 322·5 crores. The problem of unemployment is very acute in this State and if we are to create adequate employment opportunities we require massive investment. For this a large plan outlay for West Bengal is essential.

The size of the State Plan should be determined on the basis of needs of the people. The size of the population is, by and large, a measure of such needs. More people means that there will be need for more schools, more health centres more job opportunities, more rural housing schemes and so on. Accordingly, it is eminently desirable that Central assistance should be given to the States on the basis of population.

It is obvious that no attempt to remove regional disparities should be made in a manner which will retard the economic growth of the country as a whole. Further, an attempt to remove regional disparities should be made only through a gradual planning process and any step in that direction must be preceded by identification of the backward areas. In this connection the observations of the Reserve Bank of India in a paper submitted to the Planning Commission may be borne in mind. "All too often", the paper stated, "our thinking gets confused by talking of backward States and by equating backwardness with lack of industries. In actual fact, in every State there are areas which are prosperous and areas which are poor. It would be much better to focus attention on areas defining them in terms of districts rather than on States for this purpose……It is often taken as axiomatic that development means the setting up of large-scale industries. Yet, a predominantly agricultural State, like Punjab, has a distinctly higher per capita income than Bengal which is much more industrialised."

The Planning Commission has already declared that, barring Calcutta, 24-Parganas and Howrah, all other districts of West Bengal are backward areas. Furthermore, Scheduled Castes and Tribes constitute about 26 per cent of West Bengal's population.

The size of the State Plan should be determined on the basis of need and, therefore, it should be related to the population of the State. Centra assistance, which constitutes the bulk of the State Plan, should also b allocated to the States on the basis of population.

**Investment out of Central Sector of the Plan**

The size of the Central sector of the Fifth Plan is likely to be mor than 50 per cent. of the total size of the Plan. The investment out of th Central Plan will naturally be in the States.

We hope that in the matter of the transfer of Central resources (or investment out of the Central Plan) due regard would be paid to the development of States having advantages of natural resources and potentialities for industrial development. Resources have to be the determinants for location of big industries if we are to maximise the exploitation of those resources and to accelerate the economic growth of India as a whole. In the name of removing regional imbalance we cannot pursue any economic policy which will in any way retard maximum economic growth or prevent optimum ultilisation of resources. India is one and indivisible. There are regions where because of natural resources industrial expansion is more productive and there are other regions where there are vast possibilities of agricultural production. All these factors should be taken into account while determining the allocation of resources to be made out of the Central Plan.

There is scope for large-scale investment in Haldia, Durgapur, Chittoranjan, Kalyani, Rupnarayanpur and Calcutta. The investment on Central industrial projects in West Bengal during the Forth Plan period is likely to be about Rs. 112 crores. Besides, Haldia Fertiliser Project with Soda Ash and Methanol Plant has been sonctioned by the Government of India at an estimated cost of Rs. 88 crores. We hope that in the matter of investment out of the Central Plan due weightage will be given to West Bengal's needs represented by population and to the imperative necessity of removing acute unemployment in the State.

**Investment in the Private Sector**

During the Forth Five-Year Plan it was contemplated that there would be an outlay of Rs. 8,980 crores in the private sector in addition to an outlay of Rs. 15,902 crores in the public sector. We expect that during the Fifth Five-Year Plan there would be a very substantial increase in investment in these sectors.

After an incentive scheme was announced by the West Bengal Government in December 1971, projects worth about Rs. 150 crores have been

submitted to the State Government by the Industrial Development Corporation for sanction. We shall have to endeavour to attract investment on a massive scale in West Bengal during the Fifth Five-Year Plan.

In order that sizeable investment in the private sector materialises encouragement to joint sector ventures will also have to be given. But the present formula of State participation to the extent of 26 per cent. of equities in a joint sector venture will put a heavy burden on the strained resources of the State Government. It has, therefore, to be considered whether this formula should be modified so as to provide that the test of 26 per cent. participation will be fulfilled by counting the investment of investing institutions like IDPI, ICIC, IFC, etc. along with that of the State Government. The licensing policy with regard to joint sector undertakings should also be so designed as to ensure that a sizeable portion of private sector investment is made in West Bengal. All these are necessary for solving the acute unemployment problem of the State.

**Due Weightage to the Rural Sector in the Development Programme**

The details of the Fifth Plan with its full financial implications would have to be worked out for implementing the two basic programmes, namely, (i) the programme for tackling unemployment and under-employment, and (ii) the provision of certain basic minimum needs to the poorer sections of the people. The importance we attach to planning is evidenced from the fact that a State Planning Board has been established and District Planning Committees have been set up.

The size of the Fifth Plan for West Bengal and the patterns and priorities of investment will have to be worked out carefully. But it must be remembered that no planning would be worthwhile or be successful unless it aims at reviving our rural areas and making our villages prosperous. 70 per cent of our population live in rural areas. The development and modernization of agriculture is therefore of the utmost importance, for with the development of agriculture is linked the prosperity of rural sector. Unless we can solve the problems of our villages and remove rural proverty we will fail utterly and miserably to solve the proplems of West Bengal.

In drawing up the Fifth Five-Year Plan of West Bengal emphasis has to be laid on planning for removing unemployment and under-employment in the rural sector. We must introduce measures so that there may be 2 to 3 crops a year. For this we require irrigation facilities, rural electrification, agricultural inputs like fertilisers, insecticides, etc.

There are 38,454 villages in West Bengal. The number of villages electrified up to 31st March 1972, was only 3,328. We have taken up a pro-

gramme of electrifying another 10,000 villages. Such electrification will promote small-scale industries in the villages and will also create greater employment opportunities in the rural sector.

In the Fifth Five-Year Plan priority would have to be given to the provision of certain basic needs for the weaker sections of the people, such as elementary education for children, minimum public heath factilities, rural water supply, homestead for landless labour, rural roads and slum impovement in the towns.

We must make fuller utilisation of the physical capital, namely, installed capacity in the industrial sector. St eps would also have to be taken to ensure proper supply of raw materials to our industries.

**Problem of Greater Calcutta**

Greater Calcutta is a giant metropolis. It has a population of about 7.1 million and an area of 490 square miles, and only Tokyo, London and New York have more population in their metropolitan complex than Calcutta. This is a result, in part, of considerable population movement after partition. About 6 million people of India from other provinces have come to West Bengal, mainly to the Greater Calcutta area, in search of work.

Calcutta is not only the capital of the State of West Bengal but a city of great importance for the whole ef eastern India including the States of Orissa, Bihar, Assam, Manipur, Tripura, Nagaland, N E F A and the eastern districts of U P which, all taken together, have now a total population well over 150 millions. It is in consideration of this fact that Jawharlal Nehru, then Prime Minister of India, speaking at the Seventeenth Meeting of the National Development Council said, "Calcutta is the biggest city in the country. Jts problems are national problems—quite apart from the problem of West Bengal and it is necessary that something special should be done."

As a result, the Planning Commission made a provision of Rs. 10 crores in the Central sector of the Third Plan for solving the problems of Greater Calcutta. Our present Prime Minister has also evinced great anxiety for solving the problems of Greater Calcutta. Accordingly, the Calcutta Metropolitan Development Authority was set up to deal witn the problem of that area It is hoped that in the overall interest of economic growth of India, particularly of its eastern region, schemes would be taken up in the Fifth Five-Year Plan outside the State Plan for tackling the problems of Greater Calcutta.

The wealth generated in West Bengal, particularly in the C M D A area, results in the increase of Corporation tax, Income-tax and Excise duty

The benefits of foreign exchange earnings in respect of jute and tea grown in West Bengal also go to the whole of India. The State of West Bengal, however, alone is responsible for maintenance of infrastructure facilities, such as, water supply, drainage system, transport facilities, so that the jute and tea industry can thrive for the benefit of the whole of India.

It is well-known that West Bengal suffered most because of partition, influx of evacuees and occurrence of floods. As a result of partition production of jute in West Bengal had to be increased from 2.7 lakh acres to about 12 lakh acres. This was effected by undertaking a corresponding reduction in areas for food production. Certain other States with a large agricultural sector do not have to incur the additional expenditure on social services for industrial areas that West Bengal has to incur, but they get the full benefits of Income-tax, Corporation Tax and other taxes generated in West Bengal. All these aspects of the matter should be takan into account by the Planning Commission while considering the size of the State Plan for West Bengal, and while determinning the principles of allocation of Central resources to the Stases.

**Sixth Finance Commission**

The Sixth Finance Commission would soon be set up. We earnestly hope that its recommendations would be such as would help to solve the problems that it would be sized with.

In a federal constitution allocatton of resources among the States should correspond to allocation of functions. The burden of social and developmental services has fallen mostly on the State Governments whose sources of revenue are mostly inelastic. In consequence the State Governments in India are faced with inherent imbalances between their resources and their responsibilities The framers of the Indian Constitution provided for the rectification of this imbalance by the transfer of federal resources to the States on the basis of the recommendations of Finance Commission.

But, in the past, Finance Commissions were asked mainly to make recommendations for meeting the non-Plan gap of the States on revenue account. The allocation of Central resources for the State Plans are made by the Planning Commission. Certain anomalies have, however, developed due to the principles followed in the transfer of federal resources to the States ; certain States got devolutions surplus to their needs, while other States, including West Bengal, need far greater allocation out of Central resources. The Fourth Finance Commission made the following recommendation with respect to the States which received devolutions under the award of the Finance Commission that were surplus to their needs, "Planning Commission, we

expect," they said, "will take the surplus into account while determining the pattern of Central assistance."

The devolutions recommended by the Fifth Finance Commission did not meet the non-Plan gap on revenue account of a number of States, including West Bengal. As a result, the Government of India, on the recommendation of the Planning Commission, gave special loan assistance of varying amounts to those States to meet or to abridge their non-Plan gaps on revenue account. But the difficulty arises from the fact that while such Central loans are given to meet revenue expenditure, no income accrues from such expenditure and in the absence of such income the States are generally unable to repay such loans. Again, according to the usual terms of reference to Financ Commissions, they are expected to make recommendations to meet only the non-Plan gap on revenue account and are not required to make recommendations or devolution with respect to the overall budgetary needs of the States.

We would invite the attention of the Government of India to the facts, and circumstances mentioned above and request them to formulate the terms of reference of the Sixth Finance Commission in the light thereof. We also feel that the Planning Commission should have some link with the Finance Commission so that the transfer of federal resources to the States, both for the purpose of meeting the Plan and non-Plan gaps, are made in an integrated manner.

Many of the States are now running into overdrafts. In the ultimate analysis the problem of overdrafts can be traced back to the imbalance between resources and expenditure of the States. The total outstanding debt of the State Governments ( excluding Himachal Pradesh) as at the end of March 1972, would amount to Rs. 8,758 crores as compared to the figure of Rs.239 crores for the year 1951-52. We feel that the next Finance Commission would have to deal adequately with the question of rescheduling of the time of repayment of the loans by the States.

Another difficulty which is faced by many of the States including West Bengal is that there is no machinery for assessing and meeting the liabilities imposed on the State Governments after the Award of the Finance Commission, which sits generally every five years. Since the making of the Award of the Fifth Commission we had to undertake substantial commitments in respect of dearness allowance and revision of pay scales of Government servants and on other items but such expenditures have been left uncovered as there was no machinery for dealing with the liabilities that cropped up after the making of the recommendations of the Fifth Finance Commission. The observation of the Fourth Finance Commission may be recalled in this connection. 'An assessment of the needs of the job undertaken by us', they said, "cannot

obviously take into account the various items of requirements which cannot be foreseen at this time. A proper procedure will have to be evolved to take States' needs into account and to offer Central assistance whenever necessary''.

We hope that the Central Government would consider the question of setting up a proper machinery for dealing with the unforeseen liabilities that the State Governments have to incur after the making of the Award by a Finance Commission.

The above observations are not made in a parochial or Provincial mood or to embitter the Centre-State relationship but by way of suggestions to put this relationship on a sounder and firmer footing which can in our view be implemented within the existing constitutional framework and without any amendment of our Constitution. We believe in the oneness of India and the existence of good relations between the Centre and the States.

The States have to safeguard the interests of the Centre and Centre that of the States. It is on the firm establishment of this outlook that India as a whole can become economically prosperous and politically strong.

**Conclusion**

The verdict of the recent elections was a clear mandate for democracy and socialism. We will have to make a direct attack on unemployment and mass poverty. Radical steps have to be taken to improve the lot of the common man and of the weaker and the less privileged sections of society. Our development programme and the entire administrative machinery would have to be geared to improve the condition of the workers, peasants, the middle class and the people in general.

The Five-Year Plans should be instrumented for achieving rapid economic development in an atmosphere of social justice. But rapid economic development, if it is to be accompanied with social justice, and if it is aimed at the introduction of socialism, would involve refashioning of our socio-economic structure and institutions, the reduction of the concentration of wealth and the wider diffusion of income and economic power.

In order to refashion our socio-economic institutions steps had been taken for the abolition of intermediaries in areas where once landlords dominated. Ceilings on land in rural areas and ceilings on urban properties are steps which will lead to the prevention of concentration of wealth in a few hands and the distribution thereof among the many.

In order that the Government may play a more effective role in accelerating economic development and in reducing inequalities, it must have greater

command over the economic resources of the country. The process of economic development might in the absence of effective State regulation anc intervention, lead to greater concentration of wealth and income as also tc unemployment and under-employment. The actions taken under the Monopolies Act, the Government's powers as regards licensing, judiciously used, the pursuit of purposeful policies by public financial institutions and the nationalised banks can all help to foster economic growth in an atmosphere of social justice. The recent tax measures by the Central Government are especially designed to curb concentration of income and wealth in a few hands.

We can reach our social and economic objectives only through a more rapid growth of the economy, greater diffusion among the people of the ownership of means of production and by the spread of employment opportunities among them. In this connection we lay particular emphasis on our objective of having 2 to 3 crops a year in the farms. We also seek to convert the landless labourers into producers by distribution of surplus lands to them. In all future planning we should seek to strengthen the economic base of the weaker sections and particularly, the marginal producers in the rural and urban sectors.

The twin problems of mass poverty and unemployment cannot be tackled without investment on a massive scale. The Central and State Plans are all steps towards increasing investment in the key sectors of the economy.

It has been our experience that increased Plan outlay in the public sector is a pre-requisite for revival of industrial production, whether in the public or in the private sector. It will appear from the Budget Speech of the Union Finance Minister that the total provision for the Plan in the Central and the States' sectors for the year 1972-73 would be of the order of Rs 3,973 crores as against Rs. 3,263 crores in 1971-72. This means an increase of Rs. 710 crores or a 22 per cent. increase. A substantial increase in the Plan outly of this order is a major factor which would contribute to a rapid growth of the economy. In this connection it is worthwhile to mention that the total outlay by the West Bengal Government on developmental projects in 1972-73 would be about Rs. 142.40 crores This figure can be contrasted with an outlay of only Rs. 45·79 crores on such projects in 1969-70.

Industrial undertakings in the private sector would have to fit into the framework of the social and economic policy of the State. Nationalisation of banks and insurance business have helped, in a great measure, in the expansion of the regulatory and beneficient role of the Government with regard to the private sector.

In order that our production may increase both labour and management would have to look upon themselves as partners in the great task of developing

the country. All legitimate grievances of labour should, however, be remedied. Labour and management both have responsibilities for helping in the maintenance of industrial peace and in maximising production. Unless production grows we will be left with very little to distribute.

The problems of mass unemployment and poverty have to be tackled vigorously. We want to bring about changes in the social order so that these problems may be solved rapidly even though in a peaceful and democratic manner. It must be remembered, however, that regard for democratic and orderly change cannot be allowed to become sanction for perpetuating existing inequalities or creating new ones.

The massive verdict of the people of West Bengal has imposed immense responsibilities on us. Our task is stupendous. It is true that the problems of unemployment and mass poverty cannot be solved overnight, but we are determined to take all necessary steps for solving them as expeditiously as is humanly possible and for fulfilling our election pledge to the people. However big and challenging the task may be, we have faith and confidence that, with the co-operation of the people, we would succeed in our task.

## APPENDIX

### West Bengal Budget, 1972-73

(In thousands of rupees.)

| | Actuals, 1970-71 | Revised, 1971-72 | Budget 1972-73 (As presented in March 1972) | Budget 1972-73 (As now presented) |
|---|---|---|---|---|
| **Receipt—** | | | | |
| Opening Balance | 1,66,00 | —6,75,80 | —23,59,30 | —23,59,30 |
| Revenue Receipts | 2,68,01,48 | 4,50,89,44 | 3,48,07,98 | 3,51,30,98 |
| Receipts from Debt Heads : | | | | |
| Loans ... ... | 1,55,70,32 | 2,65,47,62 | 1,47,42,01 | 1,54,83,01 |
| Receipts from contigency Fund and Public Accounts | 4,23,53,29 | 4,47,52,31 | 4,23,47,58 | 4,23,47,58 |
| Total ... | 8,51,91,09 | 11,57,13,57 | 8,95,38,27 | 9,06,02,27 |

(In thousands of rupees.)

| | Actuals, 1970-71 | Revised, 1971-72 | Budget 1972.73 (As presented in March 1972) | Budget 1972-73 (As now presented) |
|---|---|---|---|---|
| **Expenditure—** | | | | |
| Revenue Expenditure | 3,03,42,96 | 4,92,22,82 | 3,67,47,63 | 3,74,0[illegible],63 |
| Capital Expenditure | 26,39,39 | 34,64,21 | 43,90,99 | 48,81,99 |
| Expenditure on Debt Heads : | | | | |
| Loans ... ... | 1,18,41,47 | 2,18,92,26 | 1,03,52,12 | 1,10,55,12 |
| Expenditure on Contigency Fund and Public Accounts | 4,10,43,07 | 4,34,93,58 | 4,09,50,41 | 4,09,50,41 |
| Closing Balance ... | —6,75,80 | —23,59,30 | —29,02,88 | —36,94,88 |
| Total ... | 8,51,91,09 | 11,57,13,57 | 8,95,38,27 | 9,06,02,27 |
| **Net Results** : | | | | |
| Surplus (+) | | | | |
| Deficit (−) | | | | |
| *a*) On Revenue Account | −35,41,55 | −41,33,38 | −19,39,65 | −22,78,65 |
| *b*) Outside Revenue Account | +26,99,68 | +24,49,88 | +13,96,07 | +9,43,07 |
| *c*) Net, excluding Opening Balance. | −8,41,87 | −16,83,50 | −5,43,58 | −13,35,58 |
| *d*) Net, including Opening Balance | −6,75,80 | −23,59,30 | −29,02,88 | −36,94,88 |

(At this stage the House was adjourned till 3-20 p.m.)

(After adjournment)

3-20—3-28 p.m.]

**Laying of Ordinance**

**The Calcutta Municipal (Third Amendment) Ordinance, 1972**

**Shri Prafulla Kanti Ghosh** : Sir, I beg to lay before the Assembly the Calcutta Municipal (Third Amendment) Ordinance, 1972 (West Bengal Ordinance No. XII of 1972), under Article 213 (2) (a) of the Constitution of India.

**Sixth Report of the Business Advisory Committee**

**Mr. Speaker** : I beg to present the sixth report of the Business Advisory Committee which at its meeting held on 26th June, 1972, in my Chamber, considered the question of allocation of days and time for disposal of legislative and other business :—

Tuesday, 27-6-72 .. . (1) The Calcutta Tramways Company (Taking over of Management) (Amendment) Bill, 1972—introduction, consideration and passing—1 hour.

(2) The Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1972—

(3) The Indian Stamp (West Bengal Amendment) Bill, 1972—introduction.

Wednesday, 28-6-72 . (1) The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1972 - introduction.

(2) The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972—introduction.

(3) The Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1972—consideration and passing—1 hour.

(4) The Indian Stamp (West Bengal Amendment) Bill, 1972—consideration and passing—1 hour.

Thursday, 29-6-72 . ... General discussion on Budget.

Friday, 30-6-72 ... ... General discussion on Budget.

Monday, 3-7-72 ... ... General discussion on Budget.

Tuesday, 4-7-72 ... (1) The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1972—consideration and passing—2 hours.

(2) The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972—consideration and passing—4 hours.

There will be no question and mention cases on 4th July, 1972.

Wednesday, 5-7-72 .. (i) Grant No. 27 (35-Industries-Cottage Industries and 96-Capital Outlay on Industrial and Economic Development-Cottage Industries)—2 hours.

(ii) Grant No. 31 ( 39-Miscellanesus Social and Developmental Organisations-Welfare of Seheduled Tribes and Castes and Other Backward Classes)—2 hours.

Thursday, 6-7-72 ... (i) Grant No. 25 (34-Co-operation)—1½ hours.

(ii) Grant No. 26 (35-Industries-Industries and 96-Capital Outlay on Industrial and Economic Development)—1½ hours.

Friday, 7-7-72 ... ... (i) Grant No. 2 (9-Land Revenue, 76-Other Miscellaneous Compensations and Assignments ; and 92-Payment of Compensation to Land-Holders, etc., on the abolition of the Zamindari System)—4 hours.

Monday, 10th July, 1971 ... Grant No. 30 (38-Labour and Employment) — i hours.

Tuesday, 11-7-72 ... (i) Grant No 34 (50-Public Works) —2½ hours.

(ii) Grant No 51 (130-Capital Outlay on Public Works).—2½ hours.

(iii) Grant No. 32 ( 39-Miscellaneous Social and Developmental Organisations excluding Welfare of Scheuled Tribes and Castes and Other Backward Classes) —1½ hours.

(iv) Grant No. 45 (71-Miscellaneous-Sports)—1½ hours.

Thursday, 13-7-72 ... Grant No. 19 (28-Education)—4 hours.

Friday, 14-7-72 ... (i) Grant No. 20 (29-Medical)—4 hours.

(ii) Grant No. 21 (30-Public Health and 30A-Family Planning)—4 hours.

Monday, 17-7-72 . Grant No. 15 (23-Police)—4 hours.

Tuesday, 18-7-72 ... (i) Grant No. 22 (31-Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research)—3 hours.

(ii) Grant No. 23 (31-Agriculture-Fisheries)—1 hour.

Wednesday, 19-7-72 (i) Grant No. 12 (19-General Administration)—4 hours

(ii) Grant No. 39 (65-Pensions and Other Retirement Benefits ; and 120-Payments of Commuted Value of Pensions)—½ hour.

**Shri Asamanja De :** মাননীয় স্পীকার মহাশয়, আপনি এখনি বললেন যে ফোর্থ জুলাই নো মেনশন, নো কোশ্চেন, কিন্তু এটা মেম্বারদের একটা প্রিভিলেজ এবং রাইট এবং আমাদের মেম্বারদের ওনলি এ্যাটভান্টেজ থেকে কেন বঞ্চিত করা হল। I will thesefore make a request to you just to reconsider the case and I hope you will safeguard the rights and privileges of the honourable Members of this House.

**Mr. Speaker** · I appreciate your point but that is the general opinion of the Members of the Business Advisory Committee and I am bound by their decision. But as you have requested I will again place the matter before the next meeting of the B. A, Committee to be held tomorrow or day after tomorrow. I will request the Members of the Business Advisory Committee about it and if they agree I will certainly reconsider the matter.

**Shri Biswanath Mukherjee :** Is it for only one day ?

**Mr Speaker :** Only for one day.

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি, এটা আমি গত অধিবেশনেও বলেছিলাম। পার্লামেণ্টের সদস্যদের প্রত্যেক দিন হাফ এ্যান আওয়ার ডিসকাশন করার সুযোগ আছে। আমাদেব এই এ্যাসেম্বলীতে সেই রকম ধরণের হাফ এ্যান আপয়ার ডিসকাশনের ব্যবস্থা হয়নি। যদি প্রত্যেক দিন হাফ এ্যান আওয়ার ডিসকাশনের সুযোগ থাকতো তাহলে মেম্বারদের সেই সুযোগ থেকে বঞ্চিত হতে হতো না। আমি আশা করি আপনি এটা কনসিডার করবেন।

**Mr. Speaker :** Mr. Bari, you know that during the Budget discussion importance is attached to the Budget. After the Budget discussion is over, as you have requested, I will place the matter before the Members of the Business Advisory Committee to see that some time is allotted for half-an-hour discussion, etc. on important matters.

**Shri Gyan Singh Sohanpal :** I beg to move that the Sixth Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

**Mr. Speaker :** I think this is agreed. ... (Pause) ... The motion in accepted.

## Adjournment

**The House was then adjourned at 3-28 p.m. till 1 p.m. on Tuesday, the 27th June, 1972, at the "Assembly House", Calcutta.**

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 27th June, 1972 at 1 p. m.

**Present :**

Mr. Speaker ( Shri APURBA LAL MAZUMDAR ) in the Chair, 14 Ministers, 9 Ministers of State, 2 Deputy Ministers and 190 Members.

**Oath or Affirmation of Allegiance**

[1-00—1-10 p.m ]

**Mr. Speaker :** Honourable Members, if any of you have not yet made an Oath or Affirmation of Allegiance you may kindly do so.

( There was none to take Oath )

**Calling Attention to Matters of Urgent Public Importance**

**Mr. Speaker :** I have received 6 notices of calling attention on the following subjects, namely :—

(1) Corruption in the management of fruit stall No. 61 in the Hogg Market--from Shri Md. Safiullah.

(2) Firing on Chhatra Parishad and Youth Congress Workers at Siliguri on 25-6-72—from Shri Rajani Kanta Doloi.

(3) House building grant and loan to the flood affected families in the district of Murshidabad—from Shri Mohammad Dadar Baksh.

(4) Closure of Shri Hanuman Cotton Mill in Phuleswar of Howrah district—from Shri Rabindra Nath Ghosh.

(5) Admission in Medical College—from Shri Kamakhyanandan Das Mahapatra.

(6) Alleged discrimination against Bengalees in the matter of employment in Durgapur and other factories—from Shri Naresh Chandra Chaki.

I have selected the notice of Shri Rabindra Nath Ghosh on the subject of closure of Shri Hanuman Cotton Mill in Phuleswar of Howrah district.

The Hon'ble Minister in-charge may please make a statement to-day, if possible, or give a date for the same.

**Shri Gyan Singh Sohanpal :** On the 2nd July next.

### Statement Under Rule 346

**Shri Siddhartha Shankar Roy :** Mr. Speaker, Sir, as many Members here will recall, there was a strike by the staff of West Bengal Government for three consecutive days from the 26th to the 28th August, 1970, under the direction of the Co-ordination Committee, since de-recognised. Before the strike commenced, a Circular was issued by the then Government on the 20th August, 1970, requesting Government servants to desist from such action and also pointing out that under the provisions of West Bengal Service Rules, if any Government servant resorted to strike, he should, in addition to being liable to such disciplinary action as might be deemed appropriate, be also deemed to be absent without leave during such period and should not be entitled to draw any pay or allowance for that period and that the period, unless regularised by extraordinary leave, would be deemed as break in service entailing forfeiture of previous service.

In subsequent circulars issued on the 14th September, 1970 and 2nd June, 1971, the time to obtain leave due or extraordinary leave where no leave was due, as the case might be, was extended up to the end of June, 1971.

Government servants who had absented themselves during the said period were therefore, given enough opportunity to regularise their absence on justifiable grounds. Those who did not avail of these opportunities had to face the consequences provided in the Service Rules.

The pension and gratuity of such employees were affected on accoant of foreiture of past service in consequence of the break in service and in cases where any such employee had died, the heirs have not been granted family pension.

The Government, however, have on humanitarian considerations now decided to review their earlier decision and to issue orders to condone the break in service entailing forfeiture of past service as regards seniority, calculation of pension and payment of gratuity.

This decision has been taken by the Government for the purpose of establishing better relations between the Government and its employees and also because discipline amongst Government servants has considerably improved. No one should take this as indication of the Government's submitting to any threat of strike or indiscipline. This decision has been taken solely for the purpose of enthusing and encouraging Government servants to do their work in a better and more effective way. The Government assures this House that it will not be vindictive in any matter and that its only purpose in formulating its policies with regard to Government servant will be to ensure better service to the people of the State and expeditious and effective implementation of the Government's development works.

The present Government in fact is determined to establish standards of fairness and justice and will certainly not be revengeful. The Government is also considering certain proposals to introduce a machinery through which genuine grievances of the Government servants can be dealt with in a friendly, cordial and effective manner and in proper consultation with the interests concerned.

The Government has a very heavy responsibility to bear and has to formulate its policies with the only motive of serving the people. It is for this reason that these decisions have been taken.

This is for the information of the House.

**Shri Gyan Singh Sohanpal** : Mr. Speaker, Sir, earlier I have stated that a statement in reply to the Calling Attention will be made on the 2nd July, 1972. Unfortunately, 2nd July, is Sunday and hence the statement will be made on the next day.

**Statement under Rule 346**

**Shri Gyan Singh Sohanpal** : Mr. Speaker, Sir, you will recall that during the last Session of the Assembly I promised to make a statement in the House in the question of scarcity of tyres and tube. I apologise to you, Sir, and through you to the honourable Members of this House for my inability to make the statement in the House during the last Session due to the fact that I had to collect information from the Food and Supplies Department which deals with the particular commodity. I am, however, happy to tell you, Sir, that the Government have now taken a decision to place the distribution and control of tyres and tubes under Home (Transport) Department. Now, with your permission, Sir, a statement in question is laid on the Table. Arragements have been made to circulate copies of the statement to the honourable Members for their information.

Thank you, Sir.

**Mention Cases**

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি আপনার সামনে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করতে চাই। সেটা হচ্ছে আসানসোল মহকুমায় মডিফায়েড রেশনিং-এ যে চাল দেওয়া হচ্ছে সে চাল মানুষের খাদ্যের অনুপযুক্ত এবং সেই চালের কিছু নমুনা সংগ্রহ করা হয়েছে এবং সেই নমুনা আমার কাছে রয়েছে। এই নমুনার মধ্যে দেখতে পাওয়া যাবে পাথর কাঁকর এবং তার সত্তর ভাগ ভাঙা চাল। এ ছাড়া তার মধ্যে অনেক নোংরা জিনিষও ছিল ( এই চালের মধ্যে )। বারাবনির আধিকারিক (বি ডি ও) এই চাল সিজ করেছেন এবং সেই নমুনা আমার এখানে রয়েছে। আমরা জানি পশ্চিমবঙ্গের যিনি খাদ্যমন্ত্রী আছেন তিনি পশ্চিমবঙ্গের রেশনিং ব্যবস্থাকে সুন্দর করার জন্য, জনগণকে আরও ভাল চাল দেবার জন্য প্রাণপাত পরিশ্রম করছেন এবং যে কোন ব্যাপারে তাঁর কাছে অভিযোগ গেলে সেই অভিযোগের প্রতিকারের জন্য চেষ্টা করছেন।

তিনি আজকে একদিকে যেখানে অসাধু ব্যবসায়ীদের নিয়ন্ত্রণ করার চেষ্টা করছেন, আমরা দেখতে পাচ্ছি এই ব্যবসায়ীরা ভাল জিনিষ সরবরাহ করার চেষ্টা সত্বেও চালের ব্যাপারে সরবরাহ ত্রুটিপূর্ণই রয়েছে এবং এমন চাল সরবরাহ করছে যা মানুষ খেতে পর্য্যন্ত পারে না। আমি চালের নমুনা নিয়ে এসেছি এবং সেই নমুনা আপনার কাছে পেশ করতে চাইছি। আপনি এই চালের নমুনা দেখলেই বুঝতে পারবেন যে কোন মানুষ এই চাল খেতে পারেনা, এই চাল পচা, এতে আছে কাঁকড়, পাথর এবং নোংরা বস্তু এবং এর ৭০ ভাগ চালই ভাঙা। আমি এখনি এই চালের নমুনা আপনার কাছে পেশ করতে আসছি।

[1-10 --1-20 p.m.]

**শ্রীঅসমঞ্জ দে ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মণ্ডলীর ও এই সভার সদস্যদের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে আমার কেন্দ্রের শান্তিপুর বাজারে সুতার যোগানের চরম সংকট সৃষ্টি হয়েছে। যা সুতা যোগান রয়েছে তাতে আমরা দেখছি ফাটকা বাজারীরা সুতার বাজারে কৃত্রিম অভাব সৃষ্টি করে সুতার দাম আকাশচুম্বি করেছে। ফলে তন্তুবায় শ্রমিক ভাইদের একটি চরমতম অবস্থার সৃষ্টি হয়েছে। তার ফলে আমার কেন্দ্রে প্রায় ২০ হাজার তন্তুবায় শ্রমিক তারা নূতন বেকারে পরিণত হয়েছে। খবর আছে যে, নদীয়ার সীমান্ত দিয়ে স্মাগলাররা যে সুতার চালান দিচ্ছিল নদীয়ার পুলিস ও কাস্টমস্ পুলিশ প্রায় ২ লক্ষ টাকার সুতা আটক করে রেখেছে ও আজ পর্য্যন্ত সরকারীগুদামে সেগুলি আটক আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে নিবেদন করছি যে কাস্টমস্ এর যদি কোন বিধি নিষেধ থাকে তা অবিলম্বে শিথিল করে ঐ দুই লক্ষ টাকার সুতা যাতে শান্তিপুরের অবক্ষয় তন্তুবায় সমিতির কাছে ন্যায্যমূল্যে পৌঁছে দিতে পারেন তার ব্যবস্থা করুন ও তাদের জন্য জনজীবনকে দুস্কৃতির হাত থেকে রক্ষা করবার জন্য আমি আবেদন জানাচ্ছি, ও তার সাথে সাথে এর একটা স্থায়ী সমাধানের জন্য আবেদন করছি। নদীয়া জেলায় একটি মাত্র স্পীনিং মিল। এর সুতা—ইয়ার্ন তা সরকার থেকে ন্যায্যমূল্যে তন্তুবায়দের পৌঁছে দেওয়া হোক তাহলে আজকে যে অগ্নিগর্ভ বেকার সমস্যা তা থেকে এই ২০ হাজার তন্তুবায় শ্রমিক নূতন করে বাঁচার পথে এগিয়ে চলবে ও নূতন করে অর্থ নৈতিক পথ থেকে পঙ্গু হওয়ার পথ থেকে তাদের বাঁচান যাবে। এই কথাগুলি আপনার মাধ্যমে আমি সভার ও মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি ও দাবী রাখছি।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি আজকে একটা গুরুত্বপূর্ণ বিষয় তুলতে চাই। গত ১লা জুন থেকে বাঁকুড়ায় পৌর নাগরিক সমিতির উদ্যোগে West Bengal Power Supply যা ১৯৩৪ সাল থেকে অন্য নাম নিয়ে G. M. Illias এই যার নাম ছিল West Bengal Power Supply নামে তারা অসুবিধার সৃষ্টি করেছে। সেই পরিপ্রেক্ষিতে ১লা জুন থেকে ওখানে Picketting চলেছে। এই Picketting এ ৫০ জন করে বাঁকুড়াবাসী যোগদান করছে। অবিলম্বে West Bengal Power Supply জাতীয়করণের জন্য বাঁকুড়া পৌর নাগরিক সমিতি গত ২০শে জুন সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে এই ব্যাপারে জানিয়েছেন, এবং এই সভায় অবিলম্বে যাতে ঐ Power Supply গ্রহণ করা হয় তার ব্যবস্থা করুন, কারণ বাঁকুড়ার অবস্থা বর্তমানে যা দাঁড়িয়েছে তাতে আজ যদি সরকার নিয়ে নেন তাহলে কর্মসংস্থান বাড়বে। সেখানে আরো শিল্প গড়ে উঠবে এবং বর্তমানে বাঁকুড়ার দুর্দশা এবং যা ক্ষতি হচ্ছে তা রক্ষা পাবে। সেইজন্য আমি প্রস্তাব করছি অবিলম্বে সরকার এটা গ্রহণ করুন। এই বক্তব্য রেখে আমি শেষ করছি।

**শ্রীশংকর দাস পাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সংবাদপত্রে দেখলাম কিছু শিল্প-পতি সরকার থেকে Finance Corporation থেকে টাকা নিয়ে মিল চালু করতে চলেছে। এবং কিছু শিল্পপতি তারা কারখানা চালু করে নি এবং ঋণের টাকাও দেয় নি। আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাবো যে আমাদের দেশে বেকার সমস্যা বেড়ে যাচ্ছে, এ অবস্থায় Finance Corporation এর কাছ থেকে টাকা নিয়ে এই মিল কারখানা চালু করবো বলে যারা প্রতিশ্রুতিবদ্ধ তারা তা যখন চালু করছে না বা আমাদের বেকার সমস্যা সমাধানের দিকে তাকাচ্ছে না তখন সেদিকে দৃষ্টি দেবার জন্য আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার সমীপে এই সভার অবগতির জন্য ও মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবার জন্য একটা বক্তব্য রাখবার চেষ্টা করছি।

আপনি জানেন স্যার, গোটা পশ্চিম বাংলার বিভিন্ন দিকে বিভিন্ন রকম ভাবে যারা জোতদার, যারা জমি চোর এই প্রকৃতির লোকেরা বর্গাচাষীদের উচ্ছেদ করবার জন্য সুপরিকল্পিত উপায় অবলম্বন করছে। কিন্তু সেখানেই শেষ নয়। বর্গাচাষীদের উচ্ছেদ করা চলেছে দিকে দিকে, সমস্ত জায়গায় আমাদের জেলায়ও ব্যাপকভাবে নবগ্রামে চলছে। ২৪-পরগণা জেলায় গত কয়েকদিন আগে একটা পলিটিক্যাল কনফারেন্স ছিল, সেখানে গিয়েছিলাম। এই প্রসঙ্গেও সেখানে কথা উঠেছিল, বাসন্তী থানায় যে বর্গাচাষী ছোট ছোট জমির মালিক যারা আছে এক দেড় হাজার সেই মালিকরা এমনি ভাবে অত্যাচারিত হচ্ছে। তারা বাড়ীতে থাকতে পারছে না পুলিসের অত্যাচারে। দক্ষিণ ২৪-পরগণা কংগ্রেস অফিসে গিয়ে আশ্রয় নিচ্ছে। পুলিসের সঙ্গে সহযোগিতা করে জোতদাররা যাদের উপর অত্যাচার করছে, তাদের মধ্যে কয়েকটি নাম আমি আপনার সামনে রাখছি—ঐ থানার চুনাখালির কাসেম অলি মোল্লা, হারামোচ মোল্লা, মুক্তারাম সর্দ্দার, সুধীর সর্দ্দার, আবু দাউদ খাঁ প্রভৃতি এই রকম ছোট ছোট বর্গাচাষীরা বাড়ী থেকে পালিয়ে গিয়ে দক্ষিণ ২৪-পরগণা জেলা কংগ্রেস অফিসে গিয়ে আশ্রয় গ্রহণ করেছে। ছোট ছোট বর্গাচাষীদের উচ্ছেদের নামে গরুচুরির মিথ্যা মোকদ্দমায় দায়গ্রস্ত করে তাদের মাঠে ময়দানে হয়রানি করে বেড়াচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন, আশা করি তাঁর সহৃদয় দৃষ্টি এদিকে পড়বে। তিনি দয়া করে এ সম্বন্ধে খোঁজ নিন কেন চাষীরা পালিয়ে বেড়াচ্ছে এবং গ্রামাঞ্চল ছেড়ে সহরাঞ্চলে এসে বাস করছে। গোবিন্দ নস্কর মশায় নাই দেখছি। ভূমিরাজস্ব মন্ত্রীকে এ সম্বন্ধে বলা হয়েছে। কিন্তু তাতেও কোন বিহিত হচ্ছে না। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি আপনি দয়া করে এদিকে একটু নজর দিন। বর্গাচাষীদের উপর যে ব্যাপক অত্যাচার আরম্ভ হয়েছে, তা আরো ব্যাপকতর হবে। সাধারণ চাষীরাও অসহায় হয়ে যেতে বাধ্য হচ্ছে। দেরী হলে আর তাদের রক্ষা করতে আমরা পারবো না। এদিক থেকে আশা করি আমাদের যে কর্মসূচী আমাদের যে নীতি বর্গাচাষীদের আমাদের প্রশ্রয় ও আশ্রয় দিতে হবে। আমি আশা করি এ বিষয়ে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের সামনে কিছু বলবেন।

**শ্রীবাসুদেব সানতা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে উপস্থিত মাননীয় মন্ত্রীমণ্ডলীও সভ্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করছি।

কাকদ্বীপ, পাথর-প্রতিম, নামখানা, সাগর প্রভৃতি বিভিন্ন এলাকায় দারুন অভাব অনটন দেখা দিয়েছে। এত অভাব যে কেউ তা স্বপ্নেও ভাবতে পারে না। তিন বছর পর পর শস্যহানি হয়েছে, প্রত্যেকটি বাড়ি নিরন্ন, চারিদিকে হাহাকার পড়ে গেছে। কাকদ্বীপ থানায় বামন নগর মৌজায় চার

জন লোক না খেতে পেয়ে মারা গিয়েছে। ক্ষুধার জ্বালায় তারা বিষ পান করেছে এত অভাব। সেই জন্য আমি অনুরোধ করছি দক্ষিণ ২৪-পরগণার ঐ সমস্ত অঞ্চলকে দুর্গত অঞ্চল বলে অবিলম্বে ঘোষণা করবার ব্যবস্থা করুন। যদিও আমি জি, আর দেওয়ার পক্ষপাতি নই তবু বলবো কমপক্ষে সেখানে আগামী নভেম্বর পর্য্যন্ত এই হাড টাইমে ৫ পারসেণ্ট জি, আর দেবার ব্যবস্থা আপনারা করুন, এখন সেখানে আড়াই পারসেণ্ট জি, আর কমিয়ে এক পারসেণ্ট করা হয়েছে। এটা বাস্তবিকই খুব বেদনাদায়ক। এই ব্যবস্থা চললে পর ওখানকার মানুষদের আমরা রক্ষা করতে পারবো না। দক্ষিণ ২৪-পরগণাকে দুর্গত এলাকা বলে ঘোষণা করা হোক এবং আড়াই পারসেন্টের জায়গায় ৫ পারসেণ্ট জি, আর দেওয়ার জন্য সরকারকে অনুরোধ করছি।

[1-20 – 1-30 p m.]

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মিঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় সদস্যদের কাছে এবং বিভাগীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখতে চাই। আমরা প্রতিবারই দেখি যে সরকার থেকে যে লোন দেওয়া হয় ক্যাটেল পারচেজ লোন ইত্যাদি তা পেঁছায় চাষীদের কাছে যখন চাষ হয়ে গিয়েছে, যখন চাষীদের আর দরকার থাকে না তখন। এবারেও ঠিক তাই অবস্থা, এখনও পর্যন্ত বি, ডি, ও অফিস থেকে ক্যাটেল পারচেজ লোন দেওয়া হয় নি। আমি দক্ষিণ ২৪-পরগণার ২৬টি ব্লকে গিয়েছি এবং জেনেছি যে এখনও পর্যন্ত সি, পি, লোন সেখানে দেওয়া হয়নি। এবং এবারে এত বেশী গরু মরে গিয়েছে যে সেখানে ক্যাটেল পারচেজ লোন দেওয়া হোক এবং সেখানে স্মল ট্রাকটরের মাধ্যমে চাষীরা যাতে চাষ করতে পারে তার ব্যবস্থা করুন। আর একটা কথা হচ্ছে বাউণ্ডারী মেনটেনেন্স। সরকার বাহাদুর জানেন যে প্রতি বছরই লক্ষ লক্ষ টাকার ধান বাউণ্ডারী প্রপারলি মেনটেন হয় না বলে নষ্ট হয়। ইরিগেশন ডিপার্টমেণ্ট থেকে কনট্রাক্টর দিয়ে এই বাঁধ বাঁধা হয়। কিন্তু এই বাঁধ বাঁধা হয় তখন যখন ফসল নষ্ট হয়ে যায়। এবং দেখা গেল সেই সময় একজিকিউটিভ ইঞ্জিনীয়ার চীফ ইঞ্জিনীয়ার সেখানে মাটি দেবার ব্যবস্থা করেন। আমাদের পাথর-প্রতিমাতে যেখানে বাউণ্ডারী বাঁধ ভেঙ্গে পড়েছে সেখানে বর্ষাকালের আগে যাতে বাঁধ দেওয়া হয় তার ব্যবস্থা করুন এবং সেখানে যাতে ইমিডিয়েটলি ঐ লোন দেওয়া যায় তার ব্যবস্থা করুন এই আবেদন রাখছি।

**শ্রীললিত গায়েন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল আমাদের এলাকা থেকে খবর পেলাম যে আমাদের এলাকার বিভিন্ন জায়গায় যে সমস্ত অস্থায়ী পুলিশ ক্যাম্প ছিল সেই সমস্ত জায়গা থেকে পুলিশ উঠিয়ে নেওয়া হচ্ছে। আমি এই বিষয়ে মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো যাতে অন্তত ঐ পুলিশ ক্যাম্পগুলি উঠিয়ে না নেওয়া হয়। তা যদি হয় তাহলে ঐ ২৪-পরগণার বিভিন্ন জায়গায় ডাকাতি রাহাজানি বেড়ে যাবে। তাই আমি স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করবো যাতে সেখানে পুলিশ ক্যাম্প না উঠিয়ে স্থায়ীভাবে যাতে সেখানে পুলিশ ক্যাম্প বসানো হয় তার ব্যবস্থা করুন।

**শ্রীঅশ্বিনী রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ের প্রতি শ্রম দপ্তরের মন্ত্রী এবং বিশেষত মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী ডক ইঞ্জিনীয়ারিং কারখানা যে আছে তাতে প্রায় ১ হাজার লোক কাজ করে। সেখানে চার সপ্তাহ ধরে তারা বেতন পাচ্ছে না এবং প্রায় এক বছর ধরে তারা এই বেতন এবং অন্যান্য যে সুবিধা আছে সেগুলি নিয়ে ভীষণ অসুবিধা ভোগ

করছে। এটি পরিচালনা করেন মার্টিন বার্ণ এণ্ড কোং। এবং এখানকার যে ইউনিয়ন আছে তারা শ্রম দপ্তরে বহু আবেদন নিবেদন করেছে। কিন্তু আজ পর্যন্ত তার কোন প্রতিকার হয় নি। এই বিষয়ে যাতে হস্তক্ষেপ করে বিহিত ব্যবস্থা করা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীমহম্মদ দেদার বক্স:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বিধানসভার মাননীয় সদস্যদের, মন্ত্রী মহোদয়ের এবং বিশেষ করে মুখ্যমন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বন্যাবিধ্বস্ত খরাক্লিষ্ট ও সেচ বিহীন গ্রাম বাংলার বহু পরিবারের কথা বলছি যারা গৃহহীন হয়ে গাছের তলায় কিংবা পরের বৈঠকখানায় কিংবা আকাশের নীচে বাস করছে। অধিকাংশ জায়গায় তারা গৃহ নির্মাণ অনুদান পায় নি। বিশেষ করে মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা কেন্দ্রে আমি এই ব্যাপাব নিয়ে দেখে এলাম যে সেখানে অন্যান্য বছরে যে গৃহ নির্মাণ ঋণ দেওয়া হয় এ বছর তাও দেওয়া হয়নি। যারা দুস্থ গরীব তারা নিজেদের সামর্থে গৃহ নির্মাণ করতে পারছে না। এবং যারা তাদের থেকে কিছু বড় তারাও ঋণ না পেলে গৃহ নির্মাণ করতে পারছে না। উপরন্তু যে সব কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছিল সেটাও প্রয়োজনের তুলনায় প্রচুর নয়। এখন বর্ষা প্রায় নেমেছে এবং কর্মসংস্থানের ব্যবস্থা প্রায় নাই বললেই চলে। আমার পূর্ববর্তী বক্তা যা বললেন আমি ঠিক জানি না যে জি, আর বন্ধ করে দেওয়া হচ্ছে কিনা। কিন্তু এই যে তিন মাস এখন বর্ষা তাতে সেখানে যে টি, আর এর কাজ চলছিল তা প্রায় বন্ধ হতে চলেছে। কোন কোন জায়গায় না হলেও বর্ষা প্রায় নেমে গেছে মনে হয় অতি শীঘ্র এগুলি বন্ধ হয়ে যাবে। এই অবস্থায় জি, আর যেটা চালু ছিল সেটা যাতে চালু থাকে—যদিও আমি টি, আর এর পক্ষপাতী নই এবং কর্মসংস্থানের ব্যবস্থা যদি হয় টি, আর আর না হলে অন্যান্য কিভাবে কাজ দেওয়া যায় তা চিন্তা করুন।

কর্মসংস্থানের মাধ্যমে গরীব শ্রমিক, মজুর ইত্যাদি দুঃস্থ পরিবারের লোক যাতে জীবিকা অর্জন করতে পারে তার ব্যবস্থা এবং গৃহ নির্মাণ অনুদান এবং গৃহ নির্মাণ ঋণের ব্যবস্থা করুন। টি, আর-এর ব্যবস্থা জরুরী ভিত্তিক করার জন্য মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি এবং এ ব্যাপারে যাতে সুরাহা করেন তার জন্য অনুরোধ করছি। গত অধিবেশন থেকে এই অধিবেশনের মধ্যে যে সময়টা গেল তারমধ্যে যে সময়টা সে সময়ে মাননীয় সদস্যরা আপন আপন এলাকায় দেখেছেন গরীব জনসাধারণ কিভাবে দিন কাটাচ্ছেন। সুতরাং মাননীয় মুখ্যমন্ত্রীর পুনরায় দৃষ্টি আকর্ষণ করছি এবং আশা করছি তিনি এর যথাবিহিত ব্যবস্থা করবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম। জয়হিন্দ।

**শ্রীনরেশচন্দ্র চাকী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুতর সংকটের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। এই বিষয়টা আমার জনৈক বন্ধু একটু আগে বলেছেন। এটা হল বিদ্যুৎ চালিত তাঁতশিল্প এবং হস্ত চালিত তাঁতশিল্পে যে গুরুতর সংকট চলছে। আপনারা জানেন পশ্চিম বাংলায় সূতা সরবরাহের প্রশ্নে একটা গুরুতর সমস্যা বরাবরই ছিল। বর্তমানে কয়েকটি বন্ধ মিল খুলে যাওয়ার ফলে পশ্চিমবঙ্গের বাজারে সূতা সরবরাহের ক্ষেত্রে একটা গুরুতর সংকট সৃষ্টি করেছে এবং এই সব বিদ্যুৎ চালিত এবং হস্ত চালিত তাঁতশিল্পে সূতা সরবরাহের ব্যবস্থা না থাকায় 40 Percent Power Loom অলরেডি বন্ধ হয়েছে এবং আমার এলাকার বহু শ্রমিক যারা এই কাজে নিযুক্ত হয়েছে তার মধ্যে কয়টি পারসেন্ট অলরেডি বেকার হয়ে গিয়েছে। মহারাষ্ট্র এবং মাদ্রাজে সরকারের পক্ষ থেকে কম রেটে সূতা সরবরাহের ব্যবস্থা আছে।

পশ্চিমবঙ্গ সরকার এবং এই সব মালিকরা কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করেছিলেন মহারাষ্ট্র, মাদ্রাজের রেটে সূতা সরবরাহের জন্য। কিন্তু কেন্দ্রীয় সরকার সে দাবী অগ্রাহ্য করেছেন। আমি পরিষ্কারভাবে বলছি, পশ্চিম বাংলার হস্তচালিত এবং তাঁত চালিত শিল্প দুটি যাতে অকাল মৃত্যুবরণ না করে এবং হাজার হাজার যে লোক কাজে নিযুক্ত হয়েছে তারা যাতে বেকার হয়ে গুরুতর অবস্থার সৃষ্টি না করে এইজন্য প্রিভেনটাভ মেজার নিয়ে যাতে সূতা সরবরাহ করা যায় এইজন্য মন্ত্রী মণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

## The Calcutta Tramways Company (Taking over of Management) (Amendment) Bill 1972

**Shri Gyan Sing Sohanpal** : Sir, I beg to introduce the Calcutta Tramways Company (Taking over of Management) (Amendment) Bill, 1972.

(Secretary then read the title of the Bill).

**Shri Gyan Singh Sohanpal** : Sir, I beg to move that the Calcutta Tramways Company (Taking over of Management) (Amendment) Bill, 1972, be taken into consideration.

Sir, the operation of the Calcutta Tramways Company is governed by the Calcutta Tramways Act, 1951, but in 1967, on the ground that the Company had not been managing its affairs properly, the State Government enacted the Calcutta Tramways Company (Taking over of Management) Act, 1967, and took over the Management of the undertaking for a period of three years, the maximum period provided in the Act. As it was not intended that the Management should revert to the Company, it was necessary to continue the existing arrangements for the administration of the Undertaking. Accnrdingly, the Calcutta Tramways Company (Taking over of Management) Amendent Act, 1970, was enacted as a President's Act during the President's Rule in West Bengal to give effect to the extension of the management for a further period of one year with effect from 19th July 1970.

[1-30—1-40 p m.]

After the Presidential Act was enacted the State Government appointed a Negotiating Committee to conduct negotiations with the Company regarding the price to be offered for purchase of the Undertaking. Negotiating Committee submitted its report in March, 1971. Since no decision could be taken in the matter the State Government, during President's Rule, proposed to the Central Government for suitable enactment to extend the period of management of the Calcutta Tramways Company for a further period of one year beyond 18th July, 1971. In view of the urgency and as the Rajya Sabha was not in session an Ordinance was issued extending the period of manage-

ment by one year. The Ordinance was later repealed by President's Act 6 of 1971. According to this President's Act the management of the Undertaking will revert to the Company on 19th July, 1972, if the period of management is not extended by suitable enactment.

Under the Calcutta Tramways Act, 1951, it was open to the State Government to purchase the Undertaking on the 1st January, 1972, after giving one year's notice or on the 1st January of any subsequent year after giving two years' notice. No such purchase notice has yet been given by the Government. The Negotiating Committee had discussions with the representatives of the Company regarding the purchase price. Both the parties agreed that the situation changed considerably since agreement made in 1951 and the question of purchasing the Undertaking had to be considered in the light of existing circumstances and outside the framework of 1951 Act and accordingly the notice period stipulated in the 1951 Act need not be adhered to. But the price so far offered by the Company has not been acceptable to the Government and the negotiations are still going on in this matter.

Since it is not the intention of the State Government that the management of the Undertaking should revert to the Company and as it is unlikely that there will be a settlement regarding purchase price within the present period of Government management, it is necessary to continue the existing arrangements for the administration of the Undertaking by suitable enactment.

The present Bill, which has been framed to give effect to the extension of the management for a further period of one year with effect from 19th July, 1972, seeks to achieve this purpose.

With these words, I commend my motion for consideration of the House.

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রীমহাশয় যে বিল এখানে উপস্থিত করলেন তাকে আমি সমর্থন করি। স্বভাবতঃই ম্যানেজমেণ্ট কম্পানীর হাতে ফিরে যাবার বদলে আমাদের হাতে থাকাই সর্বতোভাবে বাঞ্চনীয়। কিন্তু নিঃসন্দেহে ম্যানেজমেণ্ট টেক-ওভারের ব্যাপারটা সাময়িক এবং যত দ্রুত এর অবসান করা যায় ততই ভাল। এ বিষয়ে পি. সি. মল্লিক কমিশন যা নিযুক্ত হয়েছিল ১৯৬৭ সালে, তাঁরাও সে কথা বলেছিলেন। এখন এই বিলের যে অবজেক্ট মাননীয় মন্ত্রীমহাশয় পড়লেন এবং যা বক্তৃতা দিলেন তারমধ্যে তিনি বললেন কেন তা করা যাচ্ছেনা। কারণ এ বছর তো নিয়ে নেবার কথা ছিল, এর আগের বছর নোটিশ দিয়ে। এখন কেন নোটিশ দেওয়া যায়নি বা তা করা যায়নি সেকথা বলতে গিয়ে তিনি বললেন দুটি পার্টি—নিগোসিয়েটিং কমিটি এবং ট্রাম কম্পানী, বিলেতে, দুটি পার্টি এবিষয়ে একমত হয়েছেন যে এই প্রতিষ্ঠান কেনবার জন্য ১৯৫১ সালে যে এ্যাক্ট তৈরি করা হয়েছিল•এখন সেই Act has to be considered in the light of existing circumstances and outside the framework of 1951 Act. সুতরাং একথা সকলেই স্বীকার করেছেন—দুপক্ষই নাকি স্বীকার করেছেন, ১৯৫১ সালের যে এ্যাক্ট তা থেকে

o

পরিস্থিতি এখন পাল্টে গিয়েছে। অতএব সেই পাল্টানো পরিস্থিতিতে দামদর নিয়ে নাকি আলোচনা হচ্ছে যাতে তাড়াতাড়ি করা যায়। কিন্তু করা যায়নি। এখন আমি এটাতে একমত যে সত্যিই ১৯৫১ সালে যখন এ্যাক্ট হয়েছিল তখনকার থেকে পরিস্থিতি নিশ্চয়ই পাল্টে গিয়েছে।

এখন কোন্ দিকটা পাল্টেছে সেটাই হচ্ছে আলোচ্য বিষয়, যার উপর নির্ভর করছে যে আমাদের সরকার সে বিষয়ে কি ষ্ট্যাণ্ড নিয়ে নেগোসিয়েটিং কমিটিকে নির্দেশ দেবেন এবং কত দ্রুত এই কাজটি কার্য্যকরী করা যাবে। মন্ত্রী মহাশয় অবশ্য বলেছেন যে কোম্পানী যে দাম চাইছে তাতে আমাদের নেগোসিয়েটিং কমিটি নাকি একমত হতে পারেন নি, খুব ভাল কথা। এক মত হবার আদৌ কোন কারণ নেই। কারণ কেন নেই, সে বিষয়ে আমি আপনার মারফত হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি। ১৯৫১ সালে এই কোম্পানীর সঙ্গে আমাদের গভর্নমেণ্ট চুক্তি করেছিলেন যে, এই কোম্পানী নেবার জন্য ৩৭½ লক্ষ পাউণ্ড লণ্ডনে গিয়ে ওদের হাতে দিতে হবে এবং এটা দিলে তখন আমরা কোম্পানী পাব এই চুক্তি করেছিলেন। সেই চুক্তির সঙ্গে আরো কতকগুলি সর্ত ছিল এবং বলাবাহুল্য সর্তের মধ্যে যেগুলি ছিল তার মধ্যে ছিল যে ম্যানেজমেণ্ট নিয়ে সেই ম্যানেজমেণ্ট থেকে কোম্পানীর খরচ চালানো হবে, ট্যাক্স দেওয়া হবে, মেনটেনেন্স রিপেয়ার ইত্যাদি বরাদ্দ ৮০ হাজার পাউণ্ড করে প্রতি বছর দেওয়া হবে এবং ৮০½ হাজার পাউণ্ড মুনাফা হিসাবে দেওয়া হবে, আর বলা হয়েছিল এর উপর স্পেশাল কিছু রিজার্ভ করে কোম্পানীর আয় থেকে যা তৈরী হবে সেই স্পেশাল রিজার্ভ ফাণ্ডে সরকার জমা দেবে এবং প্রতি বছর ৫০ হাজার পাউণ্ড হিসাবে সেই টাকা জমা হলে পরে ১০লক্ষ পাউণ্ড ২০বছরের মধ্যে স্বচ্ছন্দে জমা হয়ে মাছের তেলে মাছ ভাজা হয়ে নাকি কোম্পানী কেনা হয়ে যাবে। এখন আমি এই কথা তুলতে চাচ্ছি যে অবস্থাটা পাল্টেছে। আমাদের রাজ্যসরকারের পক্ষে এই কথা বলা সাপেক্ষ যে যখন ১৯৫১ সালে কোম্পানীর এই দাম নির্দ্ধারণ করেছিলেন তখন সেখানে যে আশঙ্কা দেখা দিয়েছিল পরবর্তীকালে রাজ্যসরকার সেটা টের পেয়েছেন, এটা হচ্ছে এক নম্বর কথা। অবস্থাটার আর কি পালটেছে—সেই চুক্তিতে কোম্পানীর যেখানে যা করার কথা ছিল, রাজ্যসরকারকে দেবার কথা ছিল, তার কোন ওবিলিগেসনই তারা নীতিগতভাবে পরিপূর্ণ করেন নি, কিন্তু রাজ্যসরকারের কাছে থেকে তারা তাদের পাওনা ১৬ গুনের চেয়েও ১৮ গুন বুঝে নিয়েছেন, এই দুটো দিকে অবস্থাটা পাল্টেছে। সুতরাং এই দুটো দিকে অবস্থাটা পাল্টানোর দরুন তারা তাদের একমাত্র সিদ্ধান্তে হটতে পারে নি। তখন যে দাম ঠিক করা হয়েছিল সেই দামের ডাউন ওয়ার্ড রিভিসন করে নামমাত্র কিছু দিয়ে এই কোম্পানীকে নিয়ে নেওয়া উচিত এবং এই নেগোসিয়েসন এখন আমাদের তরফ থেকে করা উচিত। এই পরিপ্রেক্ষিতে এখানে আমি কয়েকটি নৈতিক যুক্তি উপস্থাপিত করবো, আশা করি আপনি বিবেচনা করে দেখবেন। ১৯৬৭ সালে সরকার যে পি.সি. মল্লিক কমিশন নিয়োগ করেছিলেন সেই কমিশনের কাছে তৎকালে বিভিন্ন লোক বিভিন্ন রকম ষ্টেটমেণ্ট বা বিবৃতি দিয়েছিলেন এবং যুগান্তরের কমার্শিয়াল এডিটর রবি রায় এই কমিশনের কাছে যে বিবৃতি দিয়েছিলেন কমিশন সেটাকে মিথ্যা বলে কোথাও বলেন নি। সুতরাং সেই এ্যানেকচার হিসাবে ঐ কমিশনের রিপোর্টে তার যে বিবৃতি পাওয়া যায় কমিশন কিন্তু তার কোন চ্যালেঞ্জ করেন নি। আমি সেই বিবৃতি থেকে কয়েকটি কথা এখানে উপস্থিত করছি। কোম্পানী ট্রান্সফারের কিছু আগে তৎকালে কোম্পানী যে যে কাজ করেছিলেন তার ব্যালেন্স সীট তিনি দেখিয়েছিলেন এবং তার কোন সঠিক তথ্য তারা গভর্নমেণ্টকে দেন নি। যেমন ধরুন ১৯৪৭ সালে মেণ্টেনেন্সের জন্য অর্থাৎ ট্রাম বাড়ান, রিপেয়ার ইত্যাদি বাবদ যে ৭ লক্ষ পাউণ্ড খরচ করার কথা ছিল সেটা না করে তাদের মূলধনী তহবিলে পরিণত করে। কি করে করে? যুদ্ধের সময় মালপত্র পাওয়া যাচ্ছে না, কাজেই সেই টাকা তারা মেণ্টেনেন্স একাউণ্টে জমা করতো এবং যখন যুদ্ধ শেষ হল তখন মালপত্র পাওয়া যায়নি বলে এই অজুহাতে তারা মেনটেন্সের টাকা খরচ করল না।

এইভাবে তারা ৭ লক্ষ পাউণ্ড টাকা নিয়ে গেল তাদের ক্যাপিটালে অর্থাৎ সেই ক্যাপিটালকে তারা গভর্নমেন্টের ৭ লক্ষ পাউণ্ড ইনফ্লেট করে দেখাল।

[1-40—1-50 p.m.]

দ্বিতীয়ত কি হল, তিনি এ কথা বললেন ব্যালেন্স সীট দেখিয়ে যে এর যে আদায়ীকৃত মূলধন তা ১৯৫০ সালের ৩০শে ডিসেম্বর তারিখে এই কম্পানীর ২১ লক্ষ ৮৬ হাজার ৪২০ পাউণ্ড ছিল বলে দাবী করেছিলেন। অথচ ব্যালেন্স সীটে পরিবর্তিকালে পরিষ্কার দেখা যাচ্ছে যে তাতে ১১ লক্ষ ৬৬ হাজার ৩৯৯ পাউণ্ড কম ছিলো। তার মানে কি দাঁড়ালো, সব দ্বিগুন বাড়তি করে দেখান হয়েছিলো আদায়ীকৃত মূলধন অর্থাৎ ঐ মেইনটিনেন্স-এর টাকা আগে চুরী করার পরেও যে মূলধন তারা দেখালেন তা আসল মূলধন থেকে এত কম। উপরন্তু তারা বললেন যে ৮৭৷৷ হাজার পাউণ্ড মুনাফা ধার্য্য করা হল। প্রতি বছর কম্পানীকে ৮৭৷৷ হাজার মুনাফা দিতে হবে। তখন বেশ চুপ করে গেলেন যে এর মানে ট্যাক্স ফ্রি মুনাফা। এ আর গভার্ণমেণ্টকে যখন ট্যাক্স সমেত সেই মুনাফাটা দিতে হবে তখন সেটার পরিমাণ বেড়ে দাড়াবে ১ লক্ষ ৭৫ হাজার পাউণ্ড। তার মানে, এটাও গভার্ণমেন্টকে প্রতি বছর দিতে হবে। বলে দিলেন ৪৭৷৷ হাজার পাউণ্ড দিলেই হবে। কিন্তু ট্যাক্সটা তার সঙ্গে যোগ করলে এই দাড়াবে অর্থাৎ কিনা এর থেকে কি দেখা যাচ্ছে যে, তারা তাদের মূলধনকে ফাঁকিয়ে ফুলিয়ে বাড়িয়ে নানা ভাবে তৎকালীন যে মূল্য সেই মূল্যে তৈরো করেছেন। তৎকালীন গভার্ণমেণ্ট যদি সে বিষয়ে যথেষ্ট সচেতন না হয়ে থাকেন তাহলে তার দায়-দায়িত্ব আমাদের সকলের বহন করবার কোন কারণ নেই। কিন্তু তার পরে, তার পরবর্তীকালে ১৯৫১ সালের যে এ্যাক্ট, যে এ্যাক্ট এই রকম জোচ্চুরীর ভিত্তিতে তৈরী হল তাতে যে মূল্য নির্ধারণ হল, তারপরেও এই এ্যাক্ট সম্পর্কে তারা তাদের যে নৈতিক দায়িত্ব ছিলো কম্পানীর তা কি তারা পালন করেছেন? এক একটা করে দেখা যাক যে তাদের যে নৈতিক দায়িত্ব তা তারা কেমন পালন করেছিলেন। ওতে লেখা ছিলো যে স্পেশাল রিজার্ভ ফাণ্ড করবেন। গভার্ণমেণ্ট যাতে ভবিষ্যতে কিনে নিতে পারে তার জন্য স্পেশাল রিজার্ভ ফাণ্ডে কম্পানী বছরে বছরে টাকা জমা করবে, ২০ বছর ধরে, কত? ৫০ হাজার পাউণ্ড করে প্রতি বছর জমা করবেন। তাতে করে সেই জমা টাকা জমা হবে যাতে ট্রাম কম্পানী কেনা যায়। বছর দু'য়েক স্পেশাল ফাণ্ডে তারা কিছু জমা করলেন। পরবর্তীকালে কি হতে লাগলো, বছর দু'তিনেকের মধ্যে তারা স্পেশাল ফাণ্ডে জমা করা দূরের কথা, স্পেশাল ফাণ্ডে যে টাকা জমা হয়েছিলো সেই টাকাটাকেও—১ লক্ষ ৭৫ হাজার পাউণ্ড যা জমা হয়েছিলো তাও তারা পরবর্তীকালে তাদের মুনাফা মেটানোর জন্য সমানে টেনে টেনে বার করে নিলেন এবং ১লক্ষ ৭৫ হাজার পাউণ্ডতো খেয়ে নিলেনই, যে টুকু দেওয়া হয়েছিলো রিজার্ভ ফাণ্ডে তার উপরে আবার সম্পূর্ণ বে-আইনীভাবে আগেকারদিনে তাদের যে জমা ট্যাক্স অতিরিক্ত মুনাফা কর হিসাবে তারা দিয়েছিলেন অথচ এতটা অতিরিক্ত মুনাফা কর ছিলনা বলে তারা ২৪ লক্ষ পাউণ্ড ফেরত পেয়েছিলেন। সেই ফেরতের টাকাটাকেও সোজাসুজি স্পেশাল ফাণ্ডে জমা দেবার বদলে সেটাও তাদের মুনাফা জমার জন্য নিয়ে নিলেন। তার মানে কি দাঁড়ালো, নৈতিক দায়দায়িত্বকে গভর্ণমেণ্ট-এর স্পেশাল রিজার্ভ ফাণ্ডে টাকা জমা দেওয়ার খাতে শূন্য পড়ে গেলো। নৈতিক দায়দায়িত্বের দিক থেকে বাড়তি যে টাকা তারা পেলেন, যার মধ্যে এখানে কোন কথা ছিলনা, সেটাও এই খাতে জমা দেবার কথা যেখানে ছিলো সেখানেও শূন্য পড়ে গেলো। কিন্তু সরকারের নৈতিক দায়িত্ব সমানে পালন হতে লাগলো। পাঁচটা ক্লজ রয়েছে যে কম্পানী কি কি করবে। কিন্তু তার মধ্যে একথা কে বলেছে যে এক মাত্র তাদের মুনাফাটা এ্যাসুর করাই ক্লজের পবিত্র স্যাক্রোস্যাণ্ট ক্লজ। এই যুক্তি, আর কোন স্যাক্রোস্যাণ্ট ক্লজ নেই, আর কোন কিছু মানবার তাদের দায়িত্ব নেই। সুতরাং মুনাফাটাই

স্ট্যাক্রোস্ট্যাট ক্লজ হয়ে বছরে বছরে এইভাবে সমস্ত কিছুর উপর স্পেস্যাল চার্জ হয়ে বেরিয়ে যেতে লাগলো।

কিন্তু মেনটিনেন্সের জন্য তাদের যে খরচ করার কথা ছিল সেই বিষয়ে দিনের পর দিন কমতি হতে লাগল। সেখানে তাদের কথা ছিল যে তারা ২৫০ টি করে ট্রাম প্রতি বছর ওভারঅল করবেন। কিন্তু ২৫০ তো দূরের কথা ২৫/৩০টি পর্যন্ত ট্রাম পার্ট ওভারঅল পর্যন্ত করেন নি। মেনটিনেন্সের যে ক্লজ, তার দায় দায়িত্ব তা যে তারা কিরকম পালন করেছেন যে কেউ কলকাতার ট্রামের দিকে তাকালে তা বুঝতে পারবেন। সুতরাং না হল সরকারের ঘরে টাকা জমা, না হল মেনটিনেন্স ব্যাপারে কোন বন্দোবস্ত, রইল শুধু মুনাফা এবং সেটা তারা যতরকম ভাবে পারে এ্যাসিওর করে নিয়েছে। নিজেদের যে মূলধন তাকে ফুলিয়ে ফাঁপিয়ে দেখিয়ে সেই ফাঁপানো ফোলান মূলধনের উপর যে অতিরিক্ত মুনাফা সেই মুনাফাকে গ্যারান্টি করা। এই কলকাতা সহরবাসী এবং আমাদের সরকারের একমাত্র পবিত্র কর্তব্য থাকবে যে এইভাবে কোন চুক্তি নিশ্চয়ই চলতে দেওয়া যায় না। সুতরাং এই কারণে আমরা এই কথা উপস্থিত করছি পরামর্শ হিসাবে এবং মন্ত্রী মহাশয়ের বিবেচনা করতে বলি যে আমরা আইনঘটিত—লিগ্যাল ক্লজ কোথায় কিভাবে লেখা আছে পুরানো গভর্ণমেণ্ট যদি গোলমাল করে থাকে কিন্তু তৎপরবর্তীকালে নৈতিকভাবে ট্রাম কোম্পানী যে বিপুল টাকা বছরের পর বছর শুধু মুনাফা করে বেরিয়ে গেছে, তারা কোন ব্যাপারে যে কোন কিছু করে দেয়নি এর জন্য আমাদের গভর্ণমেণ্ট নিশ্চয়ই এই দাবী করতে পারেন যে নেগোসিয়েটিং কমিটি যখন আলোচনা করবেন—সারকামস্ট্যান্স যে বদলেছে, সেই সারকামস্ট্যান্সে ১৯৫১ সালের এ্যাক্টের পর এই বদলই বদলেছে যে তাদের ফোলানো ফাঁপানো পুরানো দাম দেবার কোন যৌক্তিকতা বা সার্থকতা নেই। বরঞ্চ পরবর্তীকালে নৈতিক দায় দায়িত্ব পালনের অক্ষমতায় তাদের ঐ টাকা পাওয়ার কোন অধিকার নেই। এখন পর্যন্ত ১ কোটি ২০ লক্ষ টাকা গভর্ণমেণ্টকে দিতে হচ্ছে কারণ মেনটিনেন্স বা রিপিয়ারের যে ব্যার-লক পুরানো পড়ে আছে কোম্পানী না করার পর সেই পাপের উসুল আমাদের দিতে হচ্ছে। এই অবস্থায় স্বাভাবিকভাবে নিশ্চয়ই এই কথা আপনার মাধ্যমে আমি সদস্যদের জিজ্ঞাসা করি, বলাবাহুল্য সমস্ত সহকর্মী এবং সদস্য আমার সংগে নিশ্চয়ই একমত হবেন যে এই রকম একটা বিদেশী কোম্পানীর ব্যাপারে এই ব্যবহারের পর তাদের নৈতিক দায়দায়িত্ব পালন না করার ভিত্তিতে আমাদের কোন দায়দায়িত্ব নাই যে পুরানো টাকা তাদের দিতে হবে। অতএব পরিবর্তন এইভাবে হোক। আমি এই কথা তুলতে চাই স্বভাবতঃই। একেবারে নমিন্যাল মূল্য দিয়ে এই কোম্পানীকে কিনে নেবার ব্যবস্থা করা হোক। ঐ ৬ বছরের জন্য ম্যানেজমেণ্ট টেক ওভারের কথা বলে বলা হয়েছে—আমরা পাশ করে দিচ্ছি কিন্তু আমরা আশা করবো যে এর জন্য ৬ বছর লাগবে না, অতি দ্রুত এই সর্তে ম্যানেজমেণ্ট টেক ওভারের পর্যায়কে অতিক্রম করে কেনবার পর্যায়ে আমরা চলে যাব এবং সেই কেনা ঐ পুরানো ফোলান ফাঁপানোর ভিত্তিতে হবে না, সে কেনা নৈতিকভাবে তাদের যে অপরাধ তার শাস্তি হিসাবে যা ন্যায্যভাবে করা উচিত সেইভাবে আমরা করবো। এইভাবে নেবার পর আমরা মনে করি স্বভাবতঃই এই ট্রাম কোম্পানীকে চালু রাখবার জন্য চেষ্টা করতে হবে। আসুন আমরা শ্রমিকদের উপর এই বিষয়ে তাদের নূতন আশায় উদ্দিপ্ত করার চেষ্টা করি। আজ এই কোম্পানীতে শ্রমিক যে কাজ করবেন তার মুনাফা বিদেশে যাবে না এই বলে তাদের সকলকে আমরা দেশপ্রেমিক মনোভাবে উদ্বুদ্ধ করে তাদের সহায়তা করি যাতে তারা কোম্পানীকে তাদের নিজের মত করে চালানোর দিক থেকে এগিয়ে যেতে পারে। তার ভেতর দিয়ে তাদের এফিসিয়েন্সী, প্রোডাকসান বৃদ্ধি করবার চেষ্টা এরা করতে পারে এবং তাদের চাকুরী যে বছরে বছরে এখন পাল্টায়, বছরে বছরে রিনিউয়্যাল হয়, তা না হয়ে তাদের চাকুরীর স্থায়িত্ব দিয়ে তাদের উৎসাহিত করা যায় বিদেশীর হাত থেকে এই কোম্পানীকে নিজেদের হাতে নিয়ে এটাকে

লাভজনক করবার জন্য। তার সঙ্গে সঙ্গে তার ম্যানেজমেন্ট-এর পুরোপুরি দায়িত্ব দিয়ে নির্ভরশীল করে নিজেদের হাতে এই কোম্পানীকে নিয়ে এসে শ্রমিকদের উৎসাহিত করতে আসুন চেষ্টা করি। নূতন দিন এসেছে, সমাজতন্ত্রের কথা আমরা বলছি, আমরা দেশের জন্য শ্রমিক শ্রেণীর নূতন সম্পদ সৃষ্টির কথা বলছি, স্বভাবতঃই শ্রমিক শ্রেণীর উপর নির্ভর করে তাদের উৎসাহিত করে তাদের দায় দায়িত্ব পালন করবার জন্য উপযুক্ত অধিকার দিয়ে, সর্বোপরি ইংরেজ কোম্পানীর এই দীর্ঘদিন ধরে আমাদের দেশবাসীকে চূড়ান্তভাবে ঠকানোর যে কায়দা তার ব্যাপারে একেবারের মত উপযুক্ত জবাব দিয়ে আসুন আমরা এই পথে যাবার চেষ্টা করি।

[1-50—2-00 p. m.]

ওদের ছিল ৯ লক্ষ ৫০ হাজার পাউণ্ড ৯০ বছর আগে, সুদ সমেত আসল যা জমেছিল সব এই কোম্পানী উঠিয়ে নিয়ে গিয়েছে। তাই ওদের যে এ্যাসেট এখানে আছে সেইগুলিকে আমাদের পরিচালনায় নিয়ে নিতে হবে। আমি বিশ্বাস করি যে, আমাদের সরকার এই বিষয়ে যথোপযুক্ত বিবেচনা করে নেগোসিয়েটিং কমিটিকে এই ধরনের নির্দেশ দেবেন। ঐ '৫১ সালের ঠকানো য়্যাক্ট কোম্পানীর দাম বাড়ার অজুহাতে নেগোসিয়েশনের সময় কেবল দীর্ঘ থেকে দীর্ঘতর হবে, উচ্ছেদ হতে বিলম্ব হবে। এই কথা বলে, এই অনুরোধ আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে উপস্থিত করে এই বিলকে সমর্থন করছি।

**শ্রীঅসমঞ্জ দেঃ** মাননীয় স্পীকার স্যার, আজকে বিধান সভায় মাননীয় মন্ত্রী কলিকাতা ট্রামওয়ে কর্পোরেশন পরিচালনভার গ্রহণ সংশোধনী বিধেয়ক, ১৯৭২ সালের ১৯ জুলাই তারিখে যার পরিচালন সময় সীমা অতিক্রান্ত হতে চলেছে তার ১ বছর বর্দ্ধিতকরণ দাবী করে যে বিল এনেছেন, আমি সেই বিলকে সভার একজন সদস্য হিসাবে সর্বান্তকরণে সমর্থন করছি। সমর্থন করি এই কারণে, যদি এই বিলটা সমর্থিত না হয় তাহলে আবার পুনর্মূষিকভবর মত এই ট্রামের পরিচালন ভার সেই বেসরকারী কোম্পানীর উপর পুরোপুরিভাবে বর্ত্তাবে। আজকে যখন সারা ভারতবর্ষে আমাদের বিশ্ববন্দিতা মহান নেত্রী শ্রীমতি ইন্দিরাগান্ধীর আদর্শে উদ্‌বুদ্ধ হয়ে অর্থনৈতিক শক্তির বিকেন্দ্রিকরণের মাধ্যমে সমাজবাদকে সত্যি সত্যি প্রতিষ্ঠিত করতে যাচ্ছি ভারতবর্ষের মত অর্থনৈতিক কাঠামোতে, মিক্সড ইকনমিক স্ট্রকচারে, মিশ্র অর্থনৈতিক কাঠামো, পাশা-পাশি যখন সরকারী এবং বেসরকারী পরিচালন সংস্থা যুগপৎ রয়েছে তখন এই বিল যদি সর্বসম্মতিক্রমে গৃহিত না হয় যদি এই কোম্পানীর পরিচালনভার পুরোপুরিভাবে বেসরকারী কর্তৃত্বে ন্যস্ত হয় তাহলে মিক্সড ইকনমিক স্ট্রাকচারে আমরা জানি ইনভেস্টমেন্টের দুইটা সেক্টর আছে, একটা হচ্ছে ইউসড বেনিফিট সেকটর, আর একটা হচ্ছে ওনারসিপ বেনিফিট সেকটর,—এই ওনারসিপ বেনিফিট সেকটরে এইটা চলে গেলে কনসেনট্রেশন অফ ওয়েলথ হবে। অর্থনৈতিক শক্তির বিকেন্দ্রিকরণের মাধ্যমে আমরা সমাজবাদের যে লক্ষ্য সেই লক্ষ্য থেকে বিচ্যুত হয়ে পড়ব, এবং যেহেতু ওদের একমাত্র লক্ষ্য হচ্ছে To maximise the volume of profit এই বেসরকারী কর্তৃপক্ষ তার সর্ব্বাধিক মুনাফাকরনের প্রবৃত্তিকে চরিতার্থ করার অভিপ্রায় নিয়ে তাদের রেট বাড়িয়ে দেবে চার্জ বাড়িয়ে দেবে এবং তার ফলে জনজীবনে প্রচণ্ডভাবে একটা কষাঘাত বিপর্যয় সুচনা করবে—ইনটারেষ্ট অফ দা সোসাইটী অ্যাজ এ হোল, তাই এই কথা বলার প্রয়োজন ১৯৭১ সালের মার্চ মাসে যে নেগোসিয়েটীং কমিটী রিপোর্ট প্রকাশ করেছিল তা আমরা দেখেছি এবং আমরা মেনে নিয়েছি। আমার আগের অনারেবল মেম্বার ইতিপূর্বেই বলেছেন যে সময় পাল্টেছে পটভূমি পাল্টেছে, প্রয়োজন পাল্টেছে, প্রকৃতি পাল্টেছে, চাহিদা পাল্টেছে. সোসিয়াল ষ্ট্যাণ্ডার্ড পাল্টেছে

এবং এই সব পরিবর্তন বিচার করে, ১৯৫১ সালে যে আইনের কাঠামো ছিল সেই কাঠামোকে এখন রাখার কোন প্রয়োজন দেখা দেয়নি। সেই জন্য পরিষ্কারভাবে এইটা আমাদের উল্লেখ করতে হবে। আগে তারা কেবল প্রফিটের কথা চিন্তা করত। তারা বলছে যে ক্রয়মূল্য নির্ধারণ করা যাচ্ছেনা, সেই জন্য সরকার পুরোপুরি ভাবে নির্ধারন করতে পারছে না, নিজের লাভের কথাও চিন্তা করছে—ক্রয়মূল্যর কথাও ভাবছেন। তাদের একটা মৌলিক কর্তব্য এই মেনটেনেনস কষ্ট বেয়ার করা Rights and duties are co-related—there are two sides of the coin. যখন মেনটানেনস কষ্ট বেয়ার করতে পারেনা বা করেনা এবং প্রচুর পরিমাণে ক্রয়মূল্য নির্ধারণ করতে পারেনা তখন কেবলমাত্র চুক্তি সম্পাদন করতে পেরেছিল, তবুও সরকার নিয়ে নিতে পারে এই কথা আমি মেনে নিতে পারছিনা। সেই জন্য যেহেতু তারা অধিকার পুরোপুরিভাবে করেনি তাই এইটার একটা মিনিমাম ভ্যালু ধরে সরকার নিশ্চয়ই এইটা নিয়ে নিতে পারে। আমার মনে হয় সরকার যদি এইটা পুরোপুরেরিভাবে নিয়ে নিতে পারে তাহলে কর্মচারীদের দোটানা ভাবটা কেটে যাবে। কখনও বেসরকারী মালিকানায় পরিচালিত হচ্ছে কখনো সরকারী কর্তৃত্বে পরিচালিত হচ্ছে, এই যে একটা দোটানা অনিশ্চিত অবস্থা এই অবস্থার ফলে কর্মচারীদের ষ্টাণ্ডার্ড অ্যাডমিনিস্ট্রেশন এগিয়ে যেতে পারেনা, efficiency বা moral standard of the workers and employees as a whole. যদি আমাদের বাড়াতে হয় তাহলে এটাকে পুরোপুরিভাবে সরকারী হাতে নিয়ে নিতে হবে। এবং আমি পরিষ্কারভাবে মনে করি যে এরজন্য একটা minimum value ঠিক করা হোক। যাহোক এই যে ১ বছরের জন্য table-এ যেটা place করা হয়েছে সেটা whole heartedly as a Member of the House আমি সমর্থন করি। কিন্তু আমি মনে করি যে এটা অবিলম্বে expedite করে একটা minimum value-র বিনিময়ে সরকার যাতে Tram Coy-কে স্থায়ীভাবে গ্রহণ করতে পারেন তাহলে সে ব্যবস্থা করুন এবং যে লোকসান হচ্ছে তার বিরুদ্ধ ব্যবস্থা গ্রহণ করে কর্মচারীদের মধ্যে একটা আশার সঞ্চার করে যাতে এটা ভালভাবে চালাতে পারি তার ব্যবস্থা হবে। এই আশা করে আমি এই বিলকে সমর্থন করছি।

**শ্রীনরেশচন্দ্র চাকী**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় আজ ট্রাম কোম্পানী পরিচালনভার সক্রান্ত যে বিল উথাপন করেছেন তা আমি সমর্থন করছি। কিন্তু কতকগুলি প্রশ্ন যা আমার মনে জেগেছে সেগুলি বলছি। একটা বিদেশী কোম্পানী আমাদের দেশে এসে লক্ষ লক্ষ টাকা মুনাফা লুটছে এবং এখনও তারা আরও অর্থ এদেশ থেকে ওদেশে নিয়ে যাবার চক্রান্ত করছে। সুতরাং যারা সমস্ত রীতিনীতি ভঙ্গ করেছে তাদের সঙ্গে আমাদের বিধিনিয়ম মেনে চলার আরও কোন প্রয়োজন আছে কিনা সেটা আমি ভেবে দেখার জন্য অনুরোধ করছি। আমি জানি এই কোম্পানী ১৯৫১ সালের আইন মতে আমরা গ্রহণ করেছিলাম এবং আজ এই অধিকার রাখবার জন্য আরও সময় সীমা বাড়ান হচ্ছে। এই মন্ত্রীসভার কাছে আমার request যে এই কোম্পানীকে আমরা কেন nationalise করতে পারব না? আমরা কেন কেন্দ্রীয় সরকারকে এই কোম্পানীকে জাতীয়করণের জন্য অনুরোধ করতে পারবনা? কেন নয়—যারা লক্ষ লক্ষ টাকা আমাদের দেশ থেকে নিয়ে গেছে তাদের ব্যবসাকে অবিলম্বে বিনা ক্ষতিপূরণে nationalisation করা হোক। সেজন্য ১৯৫১ সালের Act-কে পরিবর্তন করা হোক এই অনুরোধ মন্ত্রীমহাশয়কে করব। আমাদের পশ্চিমবাংলা ও ভারতবর্ষের অর্থনীতির স্বার্থে অবিলম্বে উপযুক্তভাবে ১৯৫১ সালের আইনকে পরিবর্তন করে এক বছরের মধ্যে নূতন আইন করা হোক যাতে বিনা ক্ষতিপূরণে এই Tram Coy-কে আমরা জাতীয়করণ করতে পারি এবং সেটাকে আমাদের সম্পত্তিতে আমরা পরিবর্তন করতে পারি। এটা যদি আমরা কোরতে পারি তাহলে কোলকাতার পরিবহন ব্যবস্থার উন্নতি করতে পারব।

কোলকাতায় মানুষ দৈনন্দিন এই যানবাহনের দুরবস্থার ফলে যে দুর্ভোগ ভুগছে তার হাত থেকে রেহাই পাবে। এই Tram Coy. একটা অচল অবস্থার মধ্যে পড়েছে আমরা দেখেছি Tram Coy-র কতকগুলি ভাঙ্গা গাড়ীও কতকগুলি কর্মচারী ছাড়া আর কিছু নেই। এই Tram Coy. গাড়ীগুলি রাস্তায় প্রায় অচল হয়ে যায় এবং মাঝে মাঝে রাস্তা বন্ধ করে কোলকাতার যানবাহনের এমন অবস্থা করে যে তাতে যাত্রীদের অসুবিধা সৃষ্টি হয়। তাই বলছি অবিলম্বে এই ব্যবস্থার অবসান কল্পে এই কোম্পানীকে জাতীয়করন করুন এবং আমাদের দেশের পুঁজি যাতে বিলেতে না যেতে পারে তারজন্য অবিলম্বে একটা বিল এই সভায় উত্থাপন করা হোক এই অনুরোধ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-00—2-06 p.m.]

**Shri Gyan Singh Sohanpal :** Mr. Speaker, Sir, the honourable Members made some valuable suggestions which the Government will keep in view and pass them on to the Negotiating Committee for their guidanee. Mrs. Mukherjee has raised two points. She has explained with facts and figures how wrecklessly and in a most irresponsible manner the Company has eaten away the reserve fund and all the rest. Well, this was the main, or one of the main reasons why we had taken over the management of the Company.

The other point– she wanted to know the reasons why we have not given notice. If she had taken the trouble of going in between the lines of the Statement of Objects and Reasons and what I have said in my opening speech, it is abundantly clear. I have given the reasons and I repeat both the parties agreed that the situation changed considerably since agreement made in 1951 and the question of purchasing the Undertaking had to be considered in the light of existing circumstances and outside the framework of 1951 Act and accordingly the notice period stipulated in the 1951 Act need not be adhered to. This was the reason why we did not give the notice.

There is nothing else which requires any explanation. If the honourable Members want that the Management of this Company should not revert to the Company they have no option but to support this Bill.

The motion of Shri Gyan Singh Sohanpal that the Calcutta Tramways Company (Taking over of Management) (Amendment) Bill, 1972, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1, 2, 3, 4 and the Preamble**

The question that Clauses 1, 2, 3, 4 and the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Gyan Singh Sohanpal :** Sir, I beg to move that the Calcutta Tramways Company (Taking over of Manygement) (Amendment) Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Mr. Speaker** : Honourable Members, I have to inform you that under Rule 212 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, 1 p m. on Saturday, the 1st July, 1972, has been fixed for receipt of notices of motions for reduction, by this Secretariat.

**The Bengal Motor Vehicles Tex (Amendment) Bill, 1972.**

**Shri Gyan Sing Sohanpal** : Sir, I beg to introduce the Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1972.

(Secretary then read the title of the Bill.)

**The Indian Stamp (West Bengal Amendment) Bill, 1972.**

**Shri Sankar Ghosh** : Sir, I beg leave to introduce the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1972.

(Secretary then read the title of the Bill)

**Adjourment**

The House was then adjourned at -06 p.m. till 1 p.m. on Wednesday, the 28th June, 1972, at the "Assembly House", Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 28th June, 1972 at 1 p. m.

**Present** :

Mr. Speaker ( Shri APURBA LAL MAZUMDAR ) in the Chair, 12 Ministers, 6 Ministers of State, 2 Deputy Ministers and 189 Members.

### Oath or Affiramtion of Allegiance.

[1-00—1-10 p.m.]

**Mr. Speaker** : Honourable Members, if any of you have not yet made an Oath or Affirmation of Allegiance you may kindly do so.

(There was none to take Oath)

### Starred Questions
( to which oral answers were given)

### রায়গঞ্জ শহর রক্ষা প্রকল্প

***1.** (Admitted question No. *13.)

**শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় রায়গঞ্জ টাউনের জন্য রায়গঞ্জ টাউন প্রটেকটিভ ওয়ার্ক-এর কোন প্ল্যান এবং এষ্টিমেট করা হইয়াছে কি না ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হঁ্যা' হয়, তবে (১) ইহার জন্য কত টাকা এস্টিমেট-এ ধরা হইয়াছে, এবং (২) কত দিনের মধ্যে এ কাজ আরম্ভ ও শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীসুনীতি চট্টরাজঃ** (ক) না, বর্তমানে Schemeটি সম্বন্ধে অনুসন্ধান কার্য চলিতেছে।
(খ) (১) ও (২)—উক্ত (ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

**শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ** এই অনুসন্ধান কাজটা চালাতে কতদিন লাগবে ?

**শ্রীসুনীতি চট্টরাজঃ** ইনভেস্টিগেশন চালাবার জন্য যে রকম টাইম দরকার তার চেয়ে কম সময়ের মধ্যে ইন্‌ভেস্টিগেশন যাতে তাড়াতাড়ি কমপ্লিট হয় সেইজন্য বলেছি।

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন যে রায়গঞ্জে প্রতি বছর ফ্লাডে টাউনে ভীষণ ক্ষতিগ্রস্ত হয় এবং ওয়ান থার্ড টাউন ডুবে যায়। এবং অনেক বাড়ী ডুবে যায় এবং তারজন্য সরকার থেকে অনেক সাহায্য দিতে হয়। যদি এই স্কীমটা তাড়াতাড়ি কার্যকরী করার আবশ্যকতা মনে করেন তাহলে ইনভেসটিগেশন যাতে তাড়াতাড়ি হয় তার জন্য ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** আবশ্যক মনে করি বলেই ইনভেসটিগেশনের কাজের অর্ডার দেওয়া হয়েছে। ইন্‌ভেস্‌টিগেশন কমপ্লিট হয়ে গেলেই কাজটা আরম্ভ করব।

### Recruitment in the Durgapur Projects Ltd.

***2.** (Admitted question No. *21.) **Shri ASWINI ROY :** Will the Minister-in-charge of the Public Undertakings Department be pleased to state—

(a) the total number of persons in each category in each of the Department of the Durgapur Projects Ltd. employed there as on 16th March, 1972 ;

(b) the total number of new recruitment in each of the categories in last three months (17th March to 17th June) ; and

(c) the method and the machinery employed for such recruitment ?

**Shri Atish Chandra Sinha** : (a) The total number of employees in Durgapur Projects Ltd. as on 16-3-72 was 5756.

(b) New recruitment has been confined to the following categories only during the period from 17-3-72 to 17-6-72 :—

| | Categories | | | No. |
|---|---|---|---|---|
| 1. | Controller of Stores and Purchase | | ... | 1 |
| 2. | Assistant Traffic Superintendent | | ... | 2 |
| 3. | Assistant Nurse-cum-Midwife | | ... | 10 |
| 4. | Pharmacist | ... | ... | 2 |
| 5. | Dresser | ... | ... | 2 |
| 6. | Sramik | ... | ... | 362 |

(c) Normally vacancies in the various posts of Durgapur Projects Ltd. are filled up on the basis of recommendation of duly constituted selection committee from amongst candidates who applied in response to advertisement in the newspapers. Posts are also filled up from candidates whose names are forwarded by local employment exchanges.

**শ্রীঅশ্বিনী রায় ঃ** এই যে আপনি ( সি )-র উত্তরে বলেছেন, ডিউলি কনসটিটিউটেড সিলেক্‌শন কমিটি, তাহলে এই ৩৬২ জন শ্রমিককে নেওয়া হল এরা কি আগেই দরখাস্ত করেছিল এদেরই এ্যাপয়েন্টমেন্ট করা হয়েছে এবং এরাই কমিটি করে তাদের নির্বাচন করেছে একথা কি সত্য ?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** এদের নেবার জন্ত যে কমিটি করা হয়েছিল তার মধ্যে ছিল একজন রিপ্রেজেনটেটিভ অব দি পার্সোনেল ডিপার্টমেন্ট, একজন রিপ্রেজেনটেটিভ অব দি ডিপার্টমেন্ট

কনসার্ণড, আর একজন অন্য যে কোন ডিপার্টমেন্টের একজন অফিসার, এই তিন জনকে নিয়ে সিলেক্ট কমিটি করা হয়েছিল এবং এর পরে একটা স্ক্রীনিং কমিটি করা হয়েছিল। Screening Committee Consisting of Deputy Labour Commisioner, S. D. O. and the Personnel Officer of the D. P. Ltd.

**শ্রীঅশ্বিনী রায়ঃ** এই যে ৩৬২ জনকে নেওয়া হল এদের সম্পর্কে কোন কাগজে বিজ্ঞাপন দেওয়া হয়েছিল কিনা আপনি জানেন ?

**শ্রীঅতীশচন্দ্র সিংহঃ** না, কোন কাগজে এ্যাডভার্টাইজমেন্ট দেওয়া হয়নি তবে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে বলা হয়েছিল নাম পাঠাবার জন্য কিন্তু এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কোন নাম পাঠায় নি। তাই যারা দরখাস্ত করেছিল তাদেরই ইন্টারভিউ করে নেওয়া হয়েছিল।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** তাহলে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ নাম পাঠাতে পারেনি অথচ তাড়াতাড়ি করে নেওয়া হল, কাগজেও কোন এ্যাটভার্টাইজমেন্ট করা হল না, কিন্তু সেখানে যে সমস্ত ক্যাজুয়েল লেবার কাজ করতো তাহলে তাদের কেন পরীক্ষা করা হলনা ?

**শ্রীঅতীশচন্দ্র সিংহঃ** এই প্রশ্নের উত্তরের জন্য নোটিশ চাই।

**শ্রীনিতাইপদ সরকারঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, এই যে শ্রমিক যারা নিযুক্ত হয়েছে তাদের মধ্যে কতজন বাঙ্গালী আছে ?

**শ্রীঅতীশচন্দ্র সিংহঃ** আমি এখানে ক্যাটিগোরিক্যালি বলতে পারবোনা, তবে খোঁজ নিয়ে বলতে পারি। যতটা জানি তাতে মনে হয় প্রায় সব লোকই বাঙ্গালী। তবে যদি স্পেসিফিক ইনফর্মেশন চান তাহলে খোঁজ নিয়ে বলতে পারি।

**শ্রীনরেন্দ্রনাথ দত্তঃ** সাপ্লিমেন্টারি কোশ্চেন, স্যার, এখানে যারা দরখাস্ত করেছিল তারা কি করে জানলো যে লোক নেওয়া হবে ? এখানে ত কোন এ্যাডভার্টাইজমেন্ট করা হয়নি ?

**শ্রীঅতীশচন্দ্র সিংহঃ** আজকের দিনে কোথায় চাকরী খালি আছে তারজন্য কাগজে এ্যাডভার্টাইজমেন্ট করার অপেক্ষায় লোক থাকেনা। এখানে যারা দরখাস্ত করেছিল তারা প্রায় সবাই দুর্গাপুরের অধিবাসী বা তার আশেপাশে থাকে, তারা খোঁজ পেয়েছিল যে চাকরী খালি আছে এবং বিশেষ করে ফোর্থ কোক ওভেন ব্যাটারি ওপেন করার পর আরো লোক নেওয়া হবে সে খোঁজ তারা জানতো এবং দরখাস্ত করেছিল।

**শ্রীশরৎচন্দ্র দাসঃ** এই যে লোকগুলিকে নিয়োগ করা হয়েছে এই নিয়োগ করার সময় যে সংখ্যা রিজার্ভ থাকে সিডিউল্ড কাষ্ট ও সিডিউল্ড ট্রাইবদের জন্য সেগুলি পূরণ করা হয়েছে কিনা ? এই ১৫ পারসেন্ট সিডিউল্ড কাষ্ট এবং ৫ পারসেন্ট সিডিউল্ড ট্রাইব নেওয়ার কথা সেইভাবে পুরণ করা হয়েছে কিনা ?

**শ্রীঅতীশচন্দ্র সিংহঃ** এর জন্য নোটিশ লাগবে, এটা এখন বলতে পারছি না।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, আজকাল চাকরির জন্য এ্যাডভার্টাইজমেন্ট করে দরখাস্ত এন্টারটেন করার দরকার হয়না, লোকে শুনে শুনেই কাজের দরখাস্ত করে। তাহলে সব জায়গায় এইভাবে লোকে শুনে শুনে দরখাস্ত করবে কি ?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** এটা একটা জেনারেল কোশ্চেন এবং এটা এর মধ্যে আসে না সরকার নীতি নির্ধারণ করে যে নীতি ঠিক করবেন সেইভাবেই হবে।

**শ্রীগঙ্গাধর পরামানিক ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে তপশীলী সম্প্রদায় এব সিডিউল্ড ট্রাইবস্ তাদের সম্পর্কে নোটিশ পেলে পরে নাকি তিনি জানাতে পারেন। এই লোব গুলিকে যখন নিয়োগ করা হয়েছিল তখন কি মন্ত্রী মহাশয়ের মনে ছিলনা যে সরকারের এই রক নির্দেশ আছে যে এই সম্পর্কে ব্যবস্থা করে তবে অন্যকে নিয়োগ করা হবে?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** কত নেওয়া হয়েছে সেটা বলতে পারিনা এবং এটা জানতে হে নোটিশ লাগবে। সংখ্যার উপর ভিত্তি করে এখন জবাব দিতে পারবো না।

**Shri George Albert Wilson-DeRoze :** I have been informed by th officials of the Employment Exchange in Calcutta, Council House Street, tha not a single job vacancy of the West Bengal Government is being notified t the Employment Exchanges excepting for the Labour Department. Sir, thes Employment Exchanges do not get any information regarding the job vacancic and each department fills up its own vacancies. If that is going to be the cas then how are those persons who are not in touch with these departments wi be able to get the information regarding these vacancies? This is a clea violation of Article 16 of the Constitution of India under which there shoul be equality of opportunity in the matter of employment. If the vacancies ar not advertised how will the people know about the vacancies?

**Shri Atish Chandra Sinha** : I would like to infrom the honourabl Member that this question does not really arise out of the question that ha been put to me and I would also like to let the honourable Member knov that local Employment Exchange was informed about these vacancies But, unfortunately—I do not know the reasons—they could not send th names.

[1-10—1-20 p.m.]

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ** আমরা শুনতে পাচ্ছি যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে কিছু নাম পাঠিয়েছে, আপনি মন্ত্রী মহাশয় কি নিশ্চিত যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে কোন না পাঠায়নি?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** হঁ্যা, নিশ্চিত।

**ডঃ এ, এম, ও গনি ঃ** মন্ত্রীমহাশয় বললেন যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম পাঠায়নি তাঁরা এ্যাডভার্টাইজও করেননি, তাহলে কি জব-সীকারস্‌রা ফেয়ার চান্স পেয়েছে যারা এখানে এ্যাপ্লাই করলে চাকুরী পাওয়া যাবে বলে মনে করে?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** আমরা তা মনে করি।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** দুর্গাপুর প্রজেক্টে এ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে বললেন যে এমপ্লয়মে এক্সচেঞ্জ থেকে নাম পাঠায়নি, এ্যাডভারটাইজও হয়নি, অথচ এ্যাপয়েন্টমেন্ট হয়েছে। ভবিষ্যতে যাে

এভাবে এ্যাপয়েন্টমেন্ট না হয়, এ্যাডভারটাইজ করে যাতে হয় এবং এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ যাতে নাম চাওয়া হয় এবং সেখান থেকে যে নাম যায় তার মধ্য থেকে এ্যাপয়েন্টমেন্ট হয় ভবিষ্যতে সে ব্যবস্থা নেবেন কি ?

**শ্রীঅতীশচন্দ্র সিংহঃ** যদিও কোশ্চেনে রিকোয়েষ্ট ফর এ্যাকশন হয়না মাননীয় সদস্য মহাশয়কে তবুও আমি একথা জানাতে পারি যে সে বিষয়ে আমরা নিশ্চয়ই চিন্তা করব।

## কুমারজোল বন্যানিয়ন্ত্রণ প্রকল্প

*3. (Admitted question No. *14.)

**শ্রীরমেন্দ্রনাথ রায়ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় রায়গঞ্জ ব্লকে কুমারজোল এলাকার জন্য কুমারজোল ফ্লাড প্রোটেকশন স্কীম কোন্ সনে তৈয়ারি করা হইয়াছিল ;

(খ) এই স্কীম কার্যকরী করিলে কত বিঘা জমি বন্যা হইতে রক্ষা পাইবে , এবং

(গ) ঐ স্কীমের জন্য কত টাকা খরচ হইবে এবং কত দিনে এই কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীসুনীতি চট্টরাজঃ** (ক) এই প্রকল্প ১৯৬৬ সনে তৈয়ারী করা হইয়াছিল।

(খ) আনুমানিক ৯ বর্গমাইল জমি বন্যা হইতে রক্ষা পাইবে।

(গ) এই প্রকল্পের আনুমানিক ব্যয় ১.৬৬ লক্ষ টাকা। কাজ আরম্ভ করার পর দুই বৎসরের মধ্যে কাজ শেষ হইবে।

**শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলতে পারেন পশ্চিম দিনাজপুর জেলার রায়গঞ্জে কোন ফ্লাড কনট্রোল স্কীম হাতে নিয়েছেন কিনা ?

**শ্রীসুনীতি চট্টরাজঃ** এটা ডিফারেন্ট ইস্যু, আপনি সেপারেট প্রশ্ন করবেন উত্তর দেব।

**শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ** আমরা শুনতে পাচ্ছি মালদহ জেলায় ফ্লাড প্রটেক্শনের জন্য ৬০।৬৫ লক্ষ টাকা খরচ হয়েছে, পশ্চিম দিনাজপুরে রায়গঞ্জে কিছুই করা হয়নি, এটা কি সত্য ?

**শ্রীসুনীতি চট্টরাজঃ** এ প্রশ্ন এখানে উঠতে পারে না। এটা মালদহ জেলা সম্বন্ধে প্রশ্ন নয়, নোটিশ পেলে উত্তর দেব।

## ভাস্করা এবং কর্ণজোড়া বিল জলনিকাশী প্রকল্প

*4. (Admitted question No. *17.)

**শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার রায়গঞ্জ ব্লক-এর মধ্যে ভাস্করা এবং কর্ণজোড়া বিল ড্রেনেজ-এর জন্য কোন স্কীম তৈয়ারি করা হইয়াছে কি না ;

(খ) হইয়া থাকিলে, ঐ স্কীম কার্যকরী করিলে কত বিঘা জমি চাষের উপযোগী হইবে ; এবং

(গ) এই স্কীম-এর কাজ কবে নাগাদ শুরু হইবে ?

**শ্রীসুনীতি চট্টরাজঃ** (ক) হ্যাঁ।

(খ) প্রায় ৯৬০ বিঘা জমির জলনিকাশের ব্যবস্থা হইবে।

(গ) বর্তমানে বলা সম্ভব নহে।

**শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ** এই স্কীমটা কবে তৈরী হয়েছিল ?

**শ্রীসুনীতি চট্টরাজঃ** আমার পক্ষে এখন বলা সম্ভব নয়।

**শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ** এই স্কীমে কাজ করানোর কি ইচ্ছা আছে, না কি স্কীম করানো পর্য্যন্তই থাকবে ?

**শ্রীসুনীতি চট্টরাজঃ** এটাকে পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত করার ইচ্ছা আছে।

**শ্রীসুব্রত মুখার্জীঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে এই স্কীমের কাজ আরম্ভ করে এটা শেষ করতে আনুমানিক কি রকম সময় লাগবে ?

**শ্রীসুনীতি চট্টরাজ:** কবে নাগাদ কাজ হবে সেটাই যেখানে বলা সম্ভব হচ্ছে না তখন কবে কাজ শেষ হবে সেটা বলা সম্ভব নয়।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে এইরূপ একটা স্কীম তৈরী করা হয়েছে। আমার জিজ্ঞাস্য যে এই স্কীমে কত টাকা খরচ হবে ?

**শ্রীসুনীতি চট্টরাজঃ** এটা এক লক্ষ আটষট্টি হাজার টাকার একটা স্কীম।

**শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ** আমি জিজ্ঞাসা করতে চাই যে এই স্কীম হলে প্রায় ৯৬০ বিঘা জমির জল নিকাশের ব্যবস্থা হবে এবং সেখানে জল বদ্ধ হয়ে আছে। সরকার এতে গাফিলতি করছেন কেন ?

**শ্রীসুনীতি চট্টরাজঃ** পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় করবার কথা আছে।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** এই এক লক্ষ আটষট্টি হাজার টাকার একটা স্কীম গ্রহণ করবার মত টাকা কি পশ্চিমবঙ্গ সরকারের নেই ?

**শ্রীসুনীতি চট্টরাজঃ** মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে আমাদের অর্থ সঙ্কট সর্বজন বিদিত।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** মন্ত্রীমহাশয় বললেন যে এটা ফাইভ ইয়ার প্ল্যানে নেওয়া হবে। তিনি এই এক লক্ষ আটষট্টি হাজার টাকার কথা বলেছেন। আমি তাই জিজ্ঞাসা করছি যে এই টাকা মঞ্জুর করবার মতন সামর্থ্য কি পশ্চিমবঙ্গ সরকারের নেই ?

**শ্রীসুনীতি চট্টরাজঃ** আমি প্রথমেই উত্তরে বলেছি। তাড়াতাড়ি এটা গ্রহণ করবার চেষ্টা করবো। আমরা পঞ্চম পঞ্চ বার্ষিকী পরিকল্পনায় এটা গ্রহণ করছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** তাহলে এটা একটা দীর্ঘ মেয়াদী হয়ে গেল। মন্ত্রীমহাশয়

বললেন যে এটা ফাইভ ইয়ার প্ল্যানে গ্রহণ করবেন। আমি আশা করি মন্ত্রীমহাশয় নিশ্চয়ই এই বিষয়টা বিশেষ করে বিবেচনা করবেন।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** নিশ্চয়ই বিবেচনা করবো।

**মিঃ স্পীকার ঃ** ইট ইজ এ রিকোয়েস্ট ফর এ্যাক্সন। Disallowed

## মেডিক্যাল কলেজে ছাত্র ভর্তি

*5. ( Short notice ) ( Admitted question No. *1. )

**শ্রীগঙ্গাধর প্রামাণিক ঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের মেডিক্যাল কলেজগুলিতে ছাত্র ভর্তির কি ব্যবস্থা বর্তমানে চালু আছে ;

(খ) অন্য কোন প্রদেশের মেডিক্যাল কলেজে পশ্চিমবঙ্গ সরকারের মনোনীত ছাত্র ভর্তির ব্যবস্থা আছে কি না এবং থাকিলে, কোন্ প্রদেশে কি পদ্ধতিতে বা কি শর্তাধীনে কতজন ছাত্র ভর্তির ব্যবস্থা আছে ; এবং

(গ) জেলাভিত্তিক ছাত্র ভর্তি পুনঃপ্রবর্তনের কোন পরিকল্পনা সরকারের আছে কি না ?

**Shri Ajit Kumar Panja :**

(ক) চলতি ১৯৭২-৭৩ শিক্ষাবর্ষ হতে পশ্চিমবঙ্গের মেডিক্যাল কলেজগুলিতে ছাত্রছাত্রী ভর্তি দি ওয়েষ্ট বেঙ্গল বোর্ড অফ একজামিনেশান ফর এ্যাডমিশান টু ইঞ্জিয়ারিং ডিগ্রি কলেজ কর্তৃক আয়োজিত জয়েন্ট এনট্রান্স পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধা অনুসারে করা হবে।

(খ) হ্যাঁ। কেবলমাত্র জম্মু ও কাশ্মীর রাজ্যের শ্রীনগর সরকারী মেডিকেল কলেজে "রেসিপ্রোকাল" ভিত্তিতে পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক মেধার ভিত্তিতে মনোনীত চারিজন ছাত্র প্রথম বার্ষিক এম, বি, বি, এস শ্রেণীতে ভর্তির ব্যবস্থা আছে।

(গ) বিষয়টি বর্তমানে বিবেচনাধীন আছে।

**শ্রীগঙ্গাধর প্রামাণিক ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় গণ-টোকাটুকির খবর রাখেন কি ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** এই এনট্রান্স এক্সজামিনেশনে টোকাটুকির কোন খবর আসেনি।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে মেডিক্যাল কলেজগুলিতে আসন সংখ্যা বাড়াবার কোন পরিকল্পনা আছে কি ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** এই প্রশ্ন থেকে এটা ওঠে না। এটা ছিল পলিসি অব এ্যাডমিশন তাই বলা হয়েছে।

**শ্রীনিতাই পদ সরকার ঃ** এই পরীক্ষার রেজাল্ট কি পাব্লিকলি প্রকাশ করা হয় ?

**শ্রীঅজিতকুমার পাঁজা ঃ** কারা কত নম্বর পেয়েছে তা অবশ্য জানানো হয় না তবে ফলাফল জানানো হয়।

[1-20—1-30 p.m.]

**Shri Nani Gopal Sarkar :** ঐ পরীক্ষার ফলাফল যদি প্রকাশ করা না হয়, তাহলে কি করে আমরা বুঝবো—যারা ভর্তি হচ্ছেনা, তাঁরা সত্যিকারের মেধাবী ?

**Shri Ajit Kumar Panja :** সে সম্বন্ধে সরকারের উপর আপনাদের আস্থা রাখতেই হবে। পরীক্ষার ব্যাপারে বিশেষ নজর রাখা হয়েছে।

**Shri Netaipada Sarkar :** এই মেডিকেল কলেজে ভর্তির ব্যাপারে তপশীল শ্রেণী ও আদিবাসী শ্রেণীর জন্য কোন রিজার্ভেশন আছে কিনা—আপনি জানাতে পারবেন।

**Shri Ajit Kumar Panja :** এই রিজার্ভেশন সম্বন্ধে অনেক মাননীয় সদস্য আমাকে জানিয়েছেন। আমি পরে জানাবো কতগুলি সীট রিজার্ভেশন আছে।

**Shri Abdul Bari Biswas :** এই যে আপনি বললেন জেলাভিত্তিক ছাত্রভর্তির পরিকল্পনা আপনাদের বিবেচনাধীন আছে,—আমার প্রশ্ন হচ্ছে এই যে পরীক্ষা হচ্ছে এতে ছাত্রভর্তির ব্যাপারে কোন জেলাভিত্তিক প্যানেল করা হয়েছে কি ?

**Shri Ajit Kumar Panja :** না ; মহামান্য সুপ্রীম কোর্টের রায় অনুসারে এই জেলাভিত্তিক ছাত্রভর্তির ব্যবস্থাকে বলা হয়েছে সংবিধান বিরোধী। তাই আমরা বিবেচনা করছি—কিভাবে আমরা এর ব্যবস্থা করতে পারি।

**Shri Abdul Bari Biswas :** পশ্চিমবাংলার মধ্যে যে সমস্ত ছাত্র বসবাস করে অথচ বাইরের ইউনিভারসিটি, যেমন রাঁচি ইউনিভারসিটি ইত্যাদি ইউনিভারসিটি থেকে পাশ করেছে—তাদের কেস্ কি এই সঙ্গে বিবেচিত হবে ?

**Shri Ajit Kumar Panja :** না। আমি আগেই বলেছি একমাত্র জম্মু ও কাশ্মীর রাজ্যের সঙ্গে receprocal arrangement আছে।

**Shri Sarat Chandra Das :** এই বাংলাদেশের ছেলে যারা রাঁচি ইউনিভারসিটি, ভাগলপুর ইউনিভারসিটি কিংবা আসাম ইউনিভারসিটী থেকে পাস করেছে, সেই সমস্ত ছেলেদের application আপনি বিবেচনা করবেন কিনা ?

**Shri Ajit Kumar Panja :** পশ্চিমবঙ্গের ছেলে বাইরের যে কোন ইউনিভারসিটি থেকে পাস করে এসেছেন, তিনি যদি Entrance পরীক্ষায় মেধা ভিত্তিক Selected হন তাহলে তাকে নিশ্চয়ই নেওয়া হবে।

**Shri Abdul Bari Biswas :** মন্ত্রী মহাশয় যে উত্তর দিলেন—পশ্চিম বাংলার বাইরের কলেজস্কুল থেকে যদি পাস করে থাকেন, তবে তাদের কেস্ বিবেচিত হচ্ছে না। পশ্চিমবাংলার ছেলে বাইরে কলেজ স্কুলে পড়েছে বলে কি সে দোষী, না, জন্মেছে বলে দোষী, কোন্ কারণে দোষী ?

**Shri Ajit Kumar Panja :** এ তো আপনি মতামত প্রকাশ করলেন। ( Shri A. B. Biswas : এটা মতামত নয় )।

**Mr. Speaker** : Mr. Bari, the answer is clear. The Minister has said that the case of a Bengali boy reading outside the State is also considered and accepted if he gets sufficient marks.

**Shri Sarat Chandra Das :** গত দু-বৎসর ১৯৭০ ও ১৯৭১ সালে কলকাতার পরিস্থিতি এমন ছিল যে জেলা সহর থেকে মেডিকেলে পড়ার জন্য admision নিতে কোন ছেলে কলকাতায় পড়তে আসতে সাহস পেত না। তার জন্য তারা নিকটবর্তী বিহার বা আসামে গিয়ে পড়েছেন। তারা আবেদন করলেন ডিপার্টমেন্টে, কিন্তু তাঁরা কোন ব্যবস্থা করলেন না। আমি definite যে মন্ত্রী মহাশয়কেও জানিয়েছি সে কথা।

**Shri Ajit Kumar Panja :** আপনাদের যদি মনে হয়—অন্য প্রদেশ থেকে আবেদন করা সত্বেও যে কেন নেওয়া হয় নাই—, আপনারা নিয়ে আসবেন সেটা আমার কাছে।

**Shri Abdul Bari Biswas :** এটা পশ্চিম বাংলার বাইরের কথা নয়, পশ্চিমবাংলায় বসবাসকারী ছাত্র—যারা রাঁচি কলেজস্কুলে পড়েছে—তাদের মার্কস্ যদি কোনমতে কম না হয়—এড়ুকেশন বোর্ড ওদের দরখাস্ত গ্রহণ করবেন, যারা মেধাবী তাদের কেস্ accept করা হবে কি না ?

**Mr. Speaker :** That will be accepted.

**শ্রী এ, এম, ও গনি ঃ** মন্ত্রী মহাশয় বললেন যে রেজাল্ট সম্বন্ধে গভর্ণমেন্টের আস্থা রাখতে হবে। এই যে আস্থা এটা একজামিনেশন বোর্ডের উপর, না, এ্যাপয়েন্টিং অথরিটির উপর। যদি এ্যাপয়েন্টিং অথরিটি বলতে চান তাহলে আপনি কি সমস্ত রেজাল্ট পাবেন ঐ বোর্ড অব এক-জামিনেশন-এর কাছ থেকে—তা না হলে কি করে বিচার করবেন যে লোয়ার নাম্বার স্কোরারকে বাতিল করা হয়েছে একটা হায়ার নাম্বার স্কোয়ার-এর থেকে—আর একটা প্রশ্ন হোল জম্মু ও কাশ্মীরের সঙ্গে একটা রেসিপ্রক্যাল এরেঞ্জমেণ্ট হয়েছে যে চার জন ছাত্রছাত্রী যাবে ওখানে এবং ৪জন ছাত্রছাত্রী আসবে—আমার প্রশ্ন হচ্ছে কাউকে সিলেকশন করা হয়েছে কি—যদি করা হয়ে থাকে তাহলে কাকে করা হয়েছে ?

**শ্রীঅজিতকুমার পাঁজা ঃ** প্রথম প্রশ্নের উত্তরে মাননীয় সদস্যকে জানাচ্ছি যে এবারে যে এনট্রেন্স একজামিনেসন হয়েছে তাতে কোন রকম অন্যায় যাতে না হয় তার জন্য নিজেই দৃষ্টি রেখেছি। আর দ্বিতীয় প্রশ্নের উত্তর হচ্ছে জম্মু ও কাশ্মীরে যে চারজন ছেলেমেয়ে আমরা পাঠিয়েছি কলকাতা বা অন্যান্য জায়গায় পরীক্ষায় যে সমস্ত রেজাল্ট বেরিয়েছে তার থেকে নেবার পর যারা রয়েছে অর্থাৎ ৫১৭ নম্বরের আগে ৫১৬ বা ৫১৫ এই রকম মেধা ভিত্তিক তাদের জম্মু ও কাশ্মীরে পাঠিয়েছি।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** আপনি (গ) প্রশ্নের উত্তর বলেছেন যে জেলা ভিত্তিক ছাত্র ভর্তির কি ব্যবস্থা করতে পারা যায় সেটা বিবেচনা করছেন। এটা প্রস্তাব আকারেই থেকে যাবে, না, বাস্তবে রূপায়িত হবে সেটা জানাবেন ?

**শ্রীঅজিতকুমার পাঁজা ঃ** মাননীয় সদস্যকে জানাচ্ছি যে গত কালই আমাদের যিনি প্রধান রয়েছেন তাঁর সঙ্গে আলোচনা করেছি। এ ব্যাপারে দুটি জাজমেণ্ট আছে মহামান্য সুপ্রিম কোর্টের—১৯৬৮ সালে এবং ১৯৭০ সালের। তাতে বলেছেন যে জন্মস্থান অনুযায়ী ভাগ থাকলে সেটা নাকচ হয়ে যাবে। জন্মস্থান ভিত্তিক না করে অন্য কোনভাবে জেলা ভিত্তিক করা যায় কিনা সেটা বিশেষভাবে বিবেচনাধীন আছে।

**শ্রীপ্রদীপ কুমার পালিত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি মেডিকেল কলেজে ভর্তিতে ডোনেশন ভিত্তিক কোন ব্যবস্থা বহাল আছে কিনা ?

**শ্রীঅজিতকুমার পাঁজা ঃ** ডোনেশন ভিত্তিক ব্যবস্থা আছে বলে আমার জানা নাই।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—রেসিপ্রক্যাল সিসটে যে সমস্ত ছেলেমেয়ে জম্মু ও কাশ্মীরে পাঠানো হয়েছে শুনা যায় তাতে নাকি আমাদের মার্কসবাদ কমিউনিস্ট পার্টির নেতা জ্যোতি বসু মহাশয়ের একটি ছেলে সেই সুযোগ পেয়েছে, একথা কি সত্য।

**শ্রীঅজিতকুমার পাঁজা ঃ** মাননীয় সদস্যকে বলি শুনা কথায় বিশ্বাস করবেন না—জা কথা বলুন।

**শ্রীকানাই ভৌমিক ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে চার জন ছে এ্যাকর্ডিং টু মার্ক পাঠানো হয়েছে তার মধ্যে সেকেণ্ড ডিভিসন পাশ করা ছেলে আছে ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** আমার যতদুর জানা আছে সেকেণ্ড ডিভিসন নাই। কার আমরা কাশ্মীর গভর্ণমেণ্টকে জানিয়ে দিয়েছি ফাষ্ট ডিভিসন পাঠাতে। কারণ আমরা যে সম ছেলেমেয়ে পাঠাচ্ছি তারা সবাই ফাষ্ট ডিভিসন। কাশ্মীর গভর্ণমেণ্ট থার্ড ডিভিসন সেকেণ্ড ডিভিস পাঠাতো—তাতে আমাদের এখানে যে ক্লাস হয় তাতে তারা বিপদে পড়বে অন্য ছেলেদের স তাল রেখে চলতে পারবে না।

**শ্রীগঙ্গাধর প্রামানিক ঃ** এই যে সাবসিডি হেলথ সেণ্টার এবং রুর‍্যাল হেলথ সেণ্টা আছে সেখানে ডাক্তারের অভাব আছে একথা কি মন্ত্রী মহাশয় জানেন ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** হ্যাঁ, জানা আছে। তবে এই প্রশ্নটি এর থেকে আসে না।

**মিঃ স্পীকার ঃ** The question does not arise.

[1-30—1-40 p.m.]

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** পুরুলিয়া জেলার ব্যাপারে যে কথাটা উঠেছে সে সম্পর্কে বলছি যে পুরুলিয়া জেলার একজনও মেডিক্যাল ষ্টুডেণ্ট হবার সুয়োগ পায় না। আপনি যে কথ বললেন যে সেই রাজ্যে ইউনিভারসিটি বা কলেজ যদি না থাকবে তবে অন্য রাজ্যে—পুরুলিয়া ছেলেরা যদি রাঁচী থেকে পাশ করে এবং সেখানকার গভর্ণমেণ্ট বলে ওরা পশ্চিমবঙ্গের অধিবাস তাই কেস গ্রহণ করা হবে না, তার সঙ্গে আপনারা যদি বলেন রাঁচি থেকে পাশ করেছে হবে না তাহলে পুরুলিয়ার ছেলেরা যারা রাঁচী থেকে পাশ করেছে তাদের অবস্থা কি হবে ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** শুধু পুরুলিয়া নয়, অন্য যে সমস্ত ডিষ্ট্রীক্ট আছে সেখানকা মাননীয় সদস্যদের কাছ থেকে আমি অনেক আবেদন পেয়েছি। আমি দেখছি এটা আমাদের বিশেষ ভাবে বিবেচনা করা উচিত। কিন্তু সুপ্রিম কোর্টের রায় থাকার ফলে কিছু করতে পারছি না, ত কিভাবে করা যায় সেটা বিবেচনা করছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন মেধাবী ছাত্রদের কথা। আমা প্রশ্ন যারা হায়ার সেকেণ্ডারীতে ফাষ্ট ডিভিসানে পাশ করেছে তারা মেধাবী, না, যারা হাই মার্ক পেয়েছে বি, ই, কলেজে তারা মেধাবী ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** এটা এনট্রেন্স পরীক্ষার মেধা অনুযায়ী।

**শ্রীসত্য রঞ্জন বাপুলি ঃ** সাধারণতঃ দেখা যাচ্ছে, ইংরাজী কোশ্চেনের উপর আপনারা জোর দিয়েছেন। মেডিক্যাল সায়েন্স পড়তে গেলে এত ইংরাজী না জানলেও চলে। এখন এর ফলে গ্রামবাংলার ছেলেদের চেয়ে যারা সেণ্ট পলস বা সেণ্ট জেভিয়ার্স'-এর ছেলে তারা সুযোগ বেশী পাচ্ছে, গ্রামবাংলার ছেলেরা ইংরাজীর উপর জোর দেবার জন্য সুযোগ পাচ্ছে না, ফলে তারা বাদ পড়ে যাচ্ছে, এটা মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** এটা অত্যন্ত দুঃখের কথা যে এখনও পর্যন্ত যে বই আছে তা সবই ইংরাজীতে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মেডিক্যাল সায়েন্স পড়তে গেলে কতটুকু ইংরাজী লাগে সেটা আপনি ভালো ভাবেই জানেন। প্রি-মেডিক্যাল টেষ্ট করার জন্য এবারে ইঞ্জিনিয়ারিং কলেজের উপর ভার দেওয়া হয়েছে। আমার প্রশ্ন, আপনি কি জানেন, সেখানকার প্রফেসার মহলে বড় বড় ডাক্তার মহলে ঘন ঘন তদ্বির করছে ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** এটা আমার জানা নেই। তবে কমিটিতে যারা আছেন সেটা দেখেছি, যারা ডাক্তারি পডবার জন্য আসছেন তাদের প্রতি সুবিচারই হবে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** গ্রামবাংলার ছেলেরা পড়বার সুযোগ না পাবার জন্য হাসপাতাল-গুলিতে পোষ্ট খালি পড়ে আছে, সে সম্পর্কে আপনি বিবেচনা করবেন কি ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** সে চিন্তা করছি বলেই ডিষ্ট্রিক্টে যাতে রিজার্ভ সিট করা যায় অথচ সুপ্রিম-কোর্টের রায় মাথা পেতে নিতে পারি, সে সম্পর্কে বিবেচনা করছি।

### Calling attention to matters of urgent public importance.

**Mr. Speaker :** I have received 9 notices of calling attention on the following subjects, namely :—

(1) Assault on Shri Narayan Choubey, ex-M. L. A. on 24-6-72 at Kharagpur—from Shri Nitaipada Sarkar ;

(2) Deterioration of Bengali film industry—from Shri Rajani Kanta Doloi ;

(3) Reported dismissal of an employee of the C.M.P.O.—from Sarbasree Mrigendra Mukherjee, Abdul Bari Biswas and Sachinandan Shaw ;

(4) Spread of filaria disease in Purulia district—from Shri Abdul Bari Biswas ;

(5) Construction of the bridge on the river Kangsabati at Chiltorth Ghat in Bankura district—from Shri Kashinath Misra ;

(6) Strike by Ranigunj coal-field workers—from Shri Niranjan Dihidar ;

(7) Strike by Ranigunj coal-field workers—from Shri Sukumar Bandyopadhyay ;

(8) Formation of Murshidabad District School Board—from Shri Md. Dedar Baksh ; and

(9) Alternative employment for the employees of *Saranarthee Sibir* —from Shri Sankardas Paul.

I have selected the notice of Sarbasree Mrigendra Mukherjee, Abdı Bari Biswas and Sachi Nandan Shaw on the subject of reported dismissal of a employee of the C.M.P.O.

Hon'ble Minister-in-charge may please make a statement on the subjec today, if possible, or give a date for the same.

**Shri Gyan Singh Sohanpal**: The statement will be made on the 3r July, 1972.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, গতকাল এই হাউসে মাননীয় সদ অসমঞ্জ দে মহাশয় সূতা অভাবের জন্য যে বক্তব্য রেখেছিলেন আমি তার পরিপ্রেক্ষিতে হাউসে মাননীয় সদস্যদের সামনে বক্তব্য রাখতে চাই। সরকার সূতার অভাব, দর ওঠা-নামা হতে পশ্চি বাংলার হস্ত তাঁত শিল্পে যে অসুবিধা হচ্ছে সে সম্বন্ধে সম্পূর্ণ অবহিত আছেন। এই সকল অসুবিধা সুষ্ঠু স্থায়ী সমাধানের জন্য সরকার একটি স্টেট টেক্সটাইল করপোরেশন স্থাপনের কথা চি করছেন। এই করপোরেশনের অন্যতম প্রধান উদ্দেশ্য হবে বিভিন্ন সূতা-কল হতে ন্যায্যমূল্যে সূ সংগ্রহ করা এবং প্রয়োজনমত ডিপো স্থাপন করে হস্ত তাঁত শিল্পীদের মধ্যে ন্যায্যমূল্যে বিক্রয়ে ব্যবস্থা করা। আর একটি উদ্দেশ্য হবে এই সকল শিল্পীদের পক্ষ হতে ঐ সূতায় উৎপাদিত ব বাজারজাত করা। এতে আশা করা যায় শিল্পীরা মহাজনদের শোষণ থেকে মুক্ত হবেন এবং ন্যা মজুরী পাবেন। সরকার সূতার দাম ওঠা নামা বন্ধ করার জন্য সারা ভারতবর্ষব্যাপী সূতার দ যাতে সমান হয় তার জন্য ভারত সরকারের সঙ্গে যোগাযোগ স্থাপন করেছেন। পশ্চিমবাংলা তাঁতশিল্প ভারতের অন্যান্য প্রান্তের সূতাকলগুলির উপর সূতা সরবরাহের জন্য প্রধানতঃ নির্ভরশীল রেল ভাড়া ও অন্যান্য আনুসাঙ্গিক খরচের জন্য দেখা যায় কলকাতায় সূতার দর ভারতের অন্যা স্থানসমূহ অপেক্ষা গড়পড়তায় প্রতি ১০ পাউণ্ডে আনুমানিক ৪·৫০ পয়সা বেশী। যদি সর্বভারতী সূতার দাম একই প্রকার হয় তাহলে পশ্চিমবাংলার তাঁতশিল্প কম দামে সূতা পাবেন এবং ভারতে অন্যান্য স্থানের তাঁতশিল্পের সংগে প্রতিযোগিতায় সমর্থ হবেন। এছাড়া কল্যাণী স্পিনিং মিলে স্মলার লটস যদি কেউ কিনতে চায় তাও আমরা কমিশনের আওতায় এনেছি এবং ছোট ছে তাঁতিরা যদি এই সূতা কিনতে চান এদের যেন অগ্রাধিকার দেওয়া হয়, সেই জন্য আম নির্দেশ দিয়েছি।

**শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আসানসোল এবং দুর্গাপুর শিল্পাঞ্চ আইন এবং শৃঙ্খলার অবনতি ঘটার ফলে যে অবস্থার উদ্ভব হয়েছে সে সম্পর্কে আমি আপন মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ২রা মে তারিখে দুর্গাপুরের বেন চিতিতে ২ জন শ্রমিক খুন হয়েছে, এম.এ.এম. সিতে একজন খুন হয়েছে, নিউটন কলোনীতে এক ড খুন হয়েছে, অপথালমিক গ্লাস ফ্যাক্টরিতে একজন খুন হয়েছে এবং দুর্গাপুরে ১৫ জন শ্রমিক আহ হয়েছে, এখনও হাসপাতালে রয়েছে। এছাড়া দুর্গাপুরে আবার সেই ইউনিয়ন দখল করার পুরা রাজনীতি সুরু হয়েছে। ইতিমধ্যেই কোক-ওভেন, জেসপ, স্যাঙ্কে হুইল, ফার্টিলাইজার করপোরেশ অপথালমিক গ্ল্যাস ফ্যাক্টরি ইত্যাদি এই সমস্ত কারখানায় ইউনিয়ন দখল করার রাজনীতি সু হয়েছে এবং সেখানে এখন মারপিটও সুরু হয়েছে। এর ফলে দুর্গাপুর শিল্পাঞ্চল বিশেষ করে ষ্ট কারখানার উৎপাদন আগের তুলনায় আরো কমেছে এবং কারখানার রাতের সিপ্টের শ্রমিকরা কা যোগ দিতে যেতে ভয় পাচ্ছেন। ফলে সেখানে উৎপাদন ব্যাহত হচ্ছে। এছাড়া কয়লাখনি অঞ্চ প্রায় কয়েক সহস্র শ্রমিক সন্ত্রাসের ফলে কাজে ঢুকতে পারছে না। এছাড়া আসানসোলের দি

সমাজবিরোধীরা দৌরাত্ম সুরু করেছে, সেটা হয়ত আজকের কাগজেই অনেকে দেখে থাকবেন। আপনারা নিশ্চয়ই দেখে থাকবেন যে রাণীগঞ্জে মুঘলসরাই প্যাসেঞ্জার ট্রেনে ডাকাতি হয়েছে এবং এই ঘটনা কয়েকদিন ধরে চলছে। আপনারা জানেন বেনালী কয়লাখনির কাছে চলন্ত বাস থামিয়ে যাত্রীদের কাছ থেকে লুঠতরাজ করা হয়েছে এবং রাহাজানি ইত্যাদি চলছে। তাই এই অবস্থায় সেখানকার আইন শৃঙ্খলা ফিরিয়ে আনার দিকে এখুনি আমাদের নজর দিতে হবে। এটা যদি এখুনি না করা যায় তাহলে ঐ অঞ্চলে উৎপাদন ব্যাহত হবে এবং এর প্রতিক্রিয়া বিভিন্ন শিল্পাঞ্চলে ছড়িয়ে পড়বে, এই হচ্ছে আমার আবেদন।

[ 1-40—1-50 p.m. ]

**শ্রীসুকুমার ব্যানার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সভার সকল সদস্যদের এবং আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এটা সকলেই জানেন যে আগামী ৩রা জুলাই থেকে পশ্চিমবঙ্গে সমস্ত কয়লাখনিতে ধর্মঘট সুরু করার জন্য নোটিশ দেওয়া হয়েছে। ইতিপূর্বে দু বার এ বিষয় আলোচনা হয়েছিলো কিন্তু এখনও কোন মিমাংসা হয়নি। ৩রা জুলাই থেকে এই ধর্মঘট হলে প্রত্যক্ষভাবে প্রায় দেড় লক্ষ শ্রমিক কর্মচারী এবং তাদের উপর নির্ভরশীল প্রায় ৫ লক্ষ মানুষ বিপদে পড়বে। সেই সঙ্গে সঙ্গে এই ধর্মঘট হলে সমস্ত পশ্চিমবঙ্গে শিল্পে উৎপাদন ব্যাহত হবে বলে আমি মনে করি। কেন না, কয়লা ব্যতিরেকে পশ্চিমবঙ্গে কোন শিল্পের উৎপাদন করা সম্ভবপর নয়। কয়লাশিল্পে ধর্মঘটের নোটিশ দেওয়া হয়েছে এইচ.এম.এস, আই.এন.টি.ইউ.সি, ইউ টি ইউ.সি, এ আই টি. ইউ.সি'র পক্ষে থেকে এবং ধর্মঘট এই জন্য ডাকা হয়েছে যে এখন পর্যন্ত কয়লাখনির মালিকরা বেতন বোর্ডের যে রায় সেটা মানছেন না এবং প্রভিডেণ্ড ফাণ্ডের শ্রমিকদের যা পাওনা সেই পাওনা প্রায় কোটি কোটি টাকা বাকী আছে। রয়েলটি বাবদ পশ্চিমবঙ্গ সরকারের বাকা আছে ২৪ কোটি টাকার উপর এবং মাইনিং সেস বাবদ বাকী আছে কয়েক কোটি টাকা। এই বিরাট পরিমাণ টাকা বাকী আছে। সেই সংগে সংগে কয়লাখনির শ্রমিকরা যে ২ টাকা ৪৫ পয়সা করে কোয়ার্টারলি বোনাস পান তাও দেওয়া হচ্ছে না, প্রফিট শেয়ারিং বোনাস বা এমন কি বেতন পর্যন্ত শ্রমিকদের দেওয়া হচ্ছে না। আমরা বিধানসভা থেকে প্রস্তাব পাশ করেছিলাম কয়লাখনি রাষ্ট্রীয়করণ করার জন্য কেন্দ্রিয় সরকারকে অনুরোধ করেছিলাম এবং আজ কিম্বা কাল বা ৬ মাস পরে এই কয়লাখনি রাষ্ট্রিয়করণ করা হবে। তার ফলে হচ্ছে কি, কোলিয়ারির মালিকরা শ্রমিকদের সাপ্তাহিক মজুরী, মাসিক মজুরি ও ত্রৈমাসিক বোনাস এবং সঙ্গে সঙ্গে মুনাফা বোনাস কোন কিছুই দিচ্ছে না এবং সেই সঙ্গে সঙ্গে বিভিন্ন জায়গা থেকে বিভিন্ন মাইনিং মেটারিয়ালস, মেসিন অন্যত্র সরিয়ে নিয়ে যাচ্ছেন। কেন না, তারা জানে যে তারা আর বেশীদিন থাকছেন না। এর ফলে হচ্ছে কি রাষ্ট্রীয়করণ তাড়াতাড়ি না করার ফলে পশ্চিমবঙ্গে কয়লাখনির মালিকরা সুযোগ পেয়ে যাচ্ছে। সমস্ত অসাধু ব্যবস্থা অবলম্বন করে ওরা যখন সরে পড়বেন তখন দেখা যাবে যে কয়লাখনি নিয়ে আর কোন লাভ হবেনা। তখন কয়লাখনির আর কোন অস্তিত্ব থাকবেনা। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, তিনি বলেছেন যে শ্রমিকদের সমস্ত দাবী যৌক্তিক এবং যুক্তিসংগতবলে স্বীকার করেছেন এবং এই পর্যায়ে কেন্দ্রিয় সরকারের সঙ্গে আলাপ আলোচনা করছেন। ইতিপুর্বে ২টি আলোচনা বৈঠক ব্যর্থ হয়েছে এবং আগামী ৩রা জুলাই থেকে কয়লাখনি অঞ্চলে প্রায় দেড় লক্ষ শ্রমিক ধর্মঘট-এ অবতীর্ণ হচ্ছেন এবং সেই ধর্মঘট সুরু হলে প্রায় ৫ লক্ষ মানুষ অনশনের কবলে পড়বেন। আমি আপনার মাধ্যমে এই গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি যেখানে পশ্চিমবঙ্গের সমস্ত শিল্পগুলির ভবিষ্যৎ সম্ভাবনা ব্যাহত হবার আশংকা রয়েছে, প্রায় দেড় লক্ষ শ্রমিকের যেখানে জীবনের নিরাপত্তার প্রশ্ন রয়েছে তাই এই বিষয় নিয়ে যাতে সরকার অবিলম্বে গুরুত্বপূর্ণভাবে চিন্তা করেন এবং বিবেচনা করেন তার জন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীগণেশচন্দ্র হাতুই ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আজকে যে বিষয়টি উল্লেখ করতে চাই সেটা অবশ্য আগে উত্তর পেয়েছি। কুটির শিল্প মন্ত্রীমহাশয় আগে বলেছেন যে তন্তুবায় শিল্পীদের সুতার ব্যাপারে অবশ্য এ সম্পর্কে একটি কথা বলতে চাই। এই যে সাজেসান হিসাবে রাখলেন যে, তন্তুবায় শিল্পীদের জন্য প্রতি ব্লকে একটি করে সমবায় তাঁত ক্রয় কেন্দ্র খোলার এবং সেই তাঁত ক্রয় কেন্দ্রের মাধ্যমে গরীব তন্তুবায় শিল্পীদের সুঁতা সরবরাহ করা হবে। এটা যদি করতে পারেন তাহলে তাঁত শিল্পীরা এই ধনী মজুতদারদের শোষণ থেকে বাঁচতে পারবেন। অবশ্য প্রতি ব্লকে এই তাঁত কাপড় ক্রয় কেন্দ্র খোলার প্রয়োজন নেই। যে সমস্ত ব্লকে তন্তুবায় শিল্পীরা বেশী পরিমাণ বাস করে সেই তন্তুবায় অধ্যুষিত এলাকার প্রতি ব্লকে যদি একটি করে তাঁত কাপড় ক্রয় কেন্দ্র খোলেন এবং সেই কেন্দ্রের মাধ্যমে সুঁতা সরবরাহ করেন তাহলে তন্তুবায় শিল্পীরা এই ধনী মজুতদারদের শোষণ থেকে বাঁচতে পারবে এবং তাদের আর্থিক অবস্থার উন্নতি হবে বলে আমি মনে করি।

**শ্রীমতী গীতা মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সকালে খবরের কাগজে দেখতে পেলাম যে কেন্দ্রীয় সরকার কাঁচা পাটের ন্যূনতম মূল্য ১১৫ টাকা কুইন্টাল অর্থাৎ ৪৩ টাকা ২০ পয়সা মন সর্বনিম্ন দর বেঁধে দিয়েছেন। কলকাতায় এই সর্বনিম্নদরে ক্রয় করা হবে। এই খবরের মধ্যে বলা হয়েছে, এই রকম ব্যবস্থা যদি এই প্রথম এবং চাষীদের নাকি ব্যাপক সাহায্য হবে এর দ্বারা। এই House এ তো পাট চাষ এলাকার বহু সদস্য আছেন, আমি বিশ্বাস করি আমি যখন এই কথা বলবো তাদের সকলের হয়েই বলছি যে পশ্চিম বাংলায় পাটের সর্ব নিম্ন দাম মণ পিছু ৪৩·২০ পয়সা হওয়া মানে চাষাদের সাহায্য তো নয়ই পরিশেষে তাদের সর্বনাশ। যা কিছু সুবিধা আছে বড পাটকলের মালিকদের এবং বড় পাটের মালিকরাই ব্যবসায়ীদের, চাষীদের ফাঁকি দিয়ে সস্তায় কেনে। বিশেষ করে এবারে যখন খরা হয়েছে, এই রকম একটা অবস্থায় এই কেন্দ্রীয় সরকারের সর্ব নিম্ন দাম ৪৩·২০ পয়সা বাঁধা, এটা বলতে পারেন যে Pro-price, এমন কি আসে যায়, সকলেই জানেন যে, Pro-price একবার বেঁধে দিলে, তার দাম কাছাকাছি রাখবার জন্য চাষীকে সবচেয়ে কম দাম দেবার জন্য যথাসাধ্য চেষ্টা করেন বড় বড় পাট ব্যবসায়ীরা এবং সরকারের আর কোন দায়দায়িত্ব থাকে না। এখন পশ্চিম বাংলার সরকারী মহলেও অনেক অনেক মন্ত্রী মহলেও অন্ততঃ আগের খবরের কাগজে যা বেরিয়েছে বেসরকারীভাবে এবং যে কোন নিরপেক্ষ মহলে মানবেন যে পশ্চিমবঙ্গে কাঁচা পাটের দাম বিশেষ করে এবারকার খরা পরিস্থিতিতে সর্বনিম্ন অন্ততঃ ৬০ টাকা মণ হওয়া উচিত। এই অবস্থায় খরা পীড়িত পাট চাষীদের স্বার্থ রক্ষা করার জন্য এবং পশ্চিম বাংলায় ব্যাপক-ভাবে একটা নিস্পিষ্ট কৃষি পণ্যকে সাহায্য করার জন্য বড় বড় পাটকলের মালিকদের, বড় বড় পাট ব্যবসায়ীদের হাতে মুনাফাই চালান হচ্ছে। আশা করি পশ্চিমবঙ্গ সরকারের এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে উপযুক্ত আলাপ-আলোচনা আরম্ভ করে তার সংশোধন করবার চেষ্টা করবেন। কৃষি মন্ত্রী এবং তার রাষ্ট্রমন্ত্রী বর্ত্তমানে এখানে নেই। এখন দেখতে পাচ্ছি তিনি এসে গেছেন, তিনি এই বিষয়ে বোধহয় আমার কথা শুনতে পাননি—তার জেলা বিশেষভাবে এ বিষয়ে জড়িত, পাটের সর্বনিম্ন দাম নিয়ে আমি বিশ্বাস করি তিনি এই বিষয়ে আমার চেয়ে কম উদ্যোগী হবেন না। অতএব দ্রুত পাটের সর্বনিম্ন দামের সংশোধনের ব্যাপার নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যাতে আলোচনা করতে পারেন তার জন্য আপনার মাধ্যমে আমি তাঁর কাছে অনুরোধ করছি।

**শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় মন্ত্রিমহাশয়ের তথা এই House-এর সামনে তুলে ধরতে চাই। আমি ১।টার সময়ে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির, বাঁকুড়া জেলার সভাপতির কাছ থেকে একটা ট্রাঙ্ককল পাই এবং এইমাত্র একটা টেলিগ্রাম পেলাম যে গত ২৬-৬-৭২ তারিখ থেকে বাঁকুড়া Shool Board পশ্চিমবঙ্গ

শিক্ষক সমিতির শিক্ষকরা প্রতিদিন ৫০০ জন করে অবস্থান ধর্মঘট করছেন তাদের স্থানীয় দাবি-দাওয়া আদায়ের জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই শিক্ষক সমিতির সঙ্গে আমি দীর্ঘদিন জড়িত। আমি জানি এই শিক্ষক সমিতি কোন রাজনৈতিক দলের লেজুড় নয়, এই শিক্ষক সমিতি শুধু শিক্ষক এবং শিক্ষার স্বার্থে বরাবর লড়াই করে আসছে। এদের ন্যূনতম দাবীগুলি হচ্ছে ট্রান্সফার, গ্রাচুয়িটি, প্রভিডাণ্ড ফাণ্ড লোনের দাবী এরা বারে বারে স্থানীয় School Board কর্তৃপক্ষের কাছে রাখেন, কিন্তু কোনদিনই তাদের দাবী তারা পায় না। পি. এফ. লোনের ব্যাপারে আমার নিজের অভিজ্ঞতা থেকে জানা আছে, যদি কোন শিক্ষক মহাশয় P. F. loan তার মেয়ের বিয়ের জন্য দরখাস্ত করেন, সেই P. F. loan পান তার নাতির অন্নপ্রাশনের সময়। এই দুর্নীতি বরাবর ঐ School Board-এ চলে আসছে। শিক্ষক মহাশয়রা বিভিন্ন দাবী বার বার রেখেছেন অতীতে। এবারে ২৬ তারিখ থেকে তাঁরা অবস্থান ধর্মঘট করছেন। কিন্তু দুঃখের বিষয় আমাদের এই গণতান্ত্রিক সরকার, জনপ্রিয় সরকার—আমরা শিক্ষকদের বা জনসাধারণের আন্দোলনকে সমর্থন করি, কিন্তু যখন ওখানে সভাপতি মহাশয় আমাকে Trunk Call করছিলেন, খুব পরিতাপের বিষয় সেই সময় তিনি বলছেন, তার পাশে পুলিশ দাঁড়িয়ে আছে বেয়নেট নিয়ে, আমি এইভাবে কোন গণতান্ত্রিক সমিতি তাদের আন্দোলন করতে গেলে, তাদের এই ভাবে পুলিশ দিয়ে আটক করে রাখা হয়, বাধা দেওয়া হয় ; এর আমি দৃঢ় প্রতিবাদ করছি এবং আমি মনে করি আমাদের জনপ্রিয় সরকার কোন Policeকে এই ভাবে কোন নির্দেশ দেননি এবং সেইজন্য আজকে সেখানের অবস্থা খুব জটিল হয়ে দাঁড়িয়েছে।

সেখানে কর্তৃপক্ষের অনমনীয় মনোভাবের জন্য এই আন্দোলন জটিল আকার ধারণ করবে বলে আমি মনে করি। সেইজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীমহাশয়কে অর্থাৎ শিক্ষা মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে, সেখানে সেই সরকারী কর্মচারীদের, যারা এই গরীব শিক্ষকদের গণতান্ত্রিক দাবীকে উপেক্ষা করছে তাদের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করুন। এবং শিক্ষা মন্ত্রী মহাশয় ঐ ব্লকে গিয়ে ২৬ তারিখ থেকে যে আন্দোলন চলছে এই আন্দোলন সম্পর্কে সেখানকার ইউনিয়ন বোর্ড থেকে খবরা-খবর নিন। আজকে আমি দাবী করছি ঐ ব্লকের শিক্ষক আন্দোলন সম্পর্কে তাঁর কি বক্তব্য, তা তিনি এই হাউসে রাখবেন। মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার কাছে আমি যে টেলিগ্রামটা পেয়েছি, সেই টেলিগ্রামের কপি রাখছি। আমি আশা করছি মন্ত্রী মহাশয় এই বিষয়ে গুরুত্ব দেবেন এবং বাঁকুড়া জেলায় যে পুলিশি অত্যাচার আরম্ভ হয়েছে সে সম্পর্কে এই হাউসে একটা বিবৃতি দেবেন।

[1-50—2-00 p.m.]

**শ্রীদুলাল সাহা** ঃ মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে বীরভূম জেলার নানুর কেন্দ্রের খরা পরিস্থিতি সম্পর্কে, এবং তার ফলে সেখানকার সাধারণ গরীব মধ্যবিত্ত চাষীদের যে কি অবস্থা তার একটা চিত্র তুলে ধরছি এই সভার সামনে। আমি আপনার মাধ্যমে যাতে এর সুষ্ঠু সমাধান হয় তার জন্য মন্ত্রী মণ্ডলীকে অনুরোধ জানাচ্ছি। সাধারণ মধ্যবিত্ত, যারা মোটামুটি ১৫ থেকে ২০ বিঘা জমির মালিক, আজ তাদের কি অবস্থা সে সম্পর্কে আমি দু-একটি কথা বলব। গত বারে প্রবল বন্যায় আপনি জানেন বীরভূম জেলার কি অবস্থা হয়েছিল। গভর্ণমেন্ট থেকে যা দেওয়া হয়েছিল তার মাত্র ১/৪ অংশ কৃষকরা পেয়েছে বাকি বন্যার ফলে সমস্ত নষ্ট হয়ে গিয়েছে। প্রথমত ১/৪ অংশ তারা পেয়েছে তার পরে গভর্ণমেন্ট থেকে যে লোন দেওয়া হয়েছিল সেই লোনও এই পরিস্থিতির জন্য তারা শোধ করতে পারেননি এবং এই বারেও দেখা যাচ্ছে দারুন খরার জন্য তারা লোন পরিশোধ করতে পারছেনা, কিন্তু বর্ষা আগতপ্রায়। গভর্ণমেন্টের কাছে আইন অনুসারে

তারা ডিফলটার্স, সুতরাং তাদের লোন পাওয়ার কোন আশা নেই। আমি মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব যে, এই বছর ঐ ডিফলটার্সদের বাদ না দিয়ে তাদের খুসি করে পুনরায় যেন কৃষি লোন দেওয়া হয়। এই আবেদন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশঙ্কর দাস পাল ঃ** মিঃ স্পীকার স্যার, একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মণ্ডলীর ও মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। যখন আমাদের এই পশ্চিম বাংলা তীব্র বেকারী সংকটে আচ্ছন্ন এবং রাজ্য সরকার যখন এ সমস্যা সমাধানের জন্য সকল প্রতিষ্ঠানের সাহায্য ও সহযোগিতা লাভে ইচ্ছুক তখন পশ্চিমবাংলায় কর্মরত পাঞ্জাব ন্যাশানাল ব্যাঙ্কের স্থানীয় কর্তৃপক্ষের আচরণ খুবই হতাশাব্যঞ্জক ও দুঃখজনক। মনে হয় এরা পশ্চিমবাংলার অর্থনৈতিক উন্নতির ব্যাপারে সম্পূর্ণ উদাসীন। এ রাজ্যে ব্যাঙ্কের শাখা খোলার ব্যাপারে, কৃষি উৎপাদন বৃদ্ধির ও ছোট শিল্প প্রসারের জন্য ঋণদানের ব্যাপারে এবং স্থানীয় যুবকদের চাকুরীতে নিয়োগ করার ব্যাপারে এদের অসহযোগিতামূলক মনোভাবের পরিচয় পাওয়া যায়। যেমন গত ৩২ মাসের মধ্যে জাতীয়করণ হওয়ার পরে এই ব্যাঙ্ক সারা ভারতের বিভিন্ন প্রদেশে ২০০টি শাখা খুলেছেন, কিন্তু এই প্রদেশে একটিও শাখা খোলেন নাই। ক্ষুদ্র শিল্প প্রসারের জন্য বা কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য এই ব্যাঙ্ক আজ পর্যন্ত নতুন নীতি অনুসারে কোন আর্থিক ঋণ মঞ্জুর করেন নাই। তৃতীয়তঃ এই ব্যাঙ্ক আঞ্চলিক অফিসে স্থানীয় শাখাগুলিতে লোক নিয়োগের ব্যাপারেও মনে হয় প্রাদেশিকতার মনোভাবে ভুগছেন। গত ১৯৭১ সালের ডিসেম্বর মাস পর্যন্ত তারা চাকুরীতে লোক নিয়োগের জন্য যে প্যানেল তৈরী করেছেন তাতে দেখা যায় কেরানী পর্যায়ভুক্ত ৬২ জনের মধ্যে ২১ জন ও পিওন দফতরী ইত্যাদি পর্যায়ভুক্ত কর্মচারীর ৮১ জনের মধ্যে মাত্র ৩২ জন পশ্চিমবাংলার স্থানীয় যুবক। মিঃ স্পীকার স্যার, আমি নিশ্চয়ই চাই যে ভারতের সব রাজ্যের বেকার ছেলেরা চাকুরী পাক্, কিন্তু সঙ্গে সঙ্গে এই কথাও বলবো যে পশ্চিমবাংলার তীব্র বেকারীর সংকট কমানোর জন্য এই রাজ্যের ছেলেদের চাকুরীর ব্যাপারে অগ্রাধিকার দেওয়া হোক। ব্যাঙ্কের ক্রমোন্নতির ব্যাপারেও এটা হওয়া বাঞ্ছনীয়। মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে সরকারকে কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ করতে বলছি যাতে পাঞ্জাব ন্যাশানাল ব্যাঙ্ক পশ্চিম বাংলায় কিছু শাখা খুলে এখানকার বেকার ছেলেদের সমস্যার আংশিক সমাধান করতে পারে তার জন্য ব্যবস্থা তারা করুন।

**শ্রীশরৎচন্দ্রদাস ঃ** স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে কুটির শিল্প মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এবছর প্রচণ্ড দাবদাহ ও খরার জন্য পশ্চিমবাংলার প্রত্যেকটি জেলা এ্যাফেক্টেড হয়েছে এবং প্রত্যেক জিনিসের উপর সরকার দৃষ্টি দিলেও পুরুলিয়া জেলার একমাত্র শিল্প সেই লাক্ষা শিল্পের উপর কোন দৃষ্টি দেওয়া হয় নাই। এই প্রচণ্ড দাবদাহে লাক্ষা শুকিয়ে গেছে। এর ফলে লাক্ষা শিল্প বিপর্যস্ত হবে যদি আমরা অতি সতর্কতার সঙ্গে এর মোকাবিলা না করি। সেজন্য অনুরোধ করবো যাতে পুরুলিয়া জেলার প্রত্যেকটি ব্লকের মাধ্যমে লাক্ষা বীজ ঋণ স্বরূপ সরবরাহ দেওয়া হয়। এ করলে আমাদের লাক্ষা চাষ পুরুলিয়া জেলায় অব্যাহত থাকবে, তা না হলে আগামী বছরে লাক্ষা চাষ সম্পূর্ণভাবে বিপর্যস্ত হবে। এই বলে কুটির শিল্পমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** স্যার আপনার মাধ্যমে নদীয়া, মুর্শিদাবাদ, ২৪-পরগণা প্রভৃতি জেলার আউস ধান এবং পাট শিল্পের দুর্দশার কথা মন্ত্রী মহাশয়কে বলছি। আমরা জানি না বিভিন্ন সদস্য বিভিন্ন বিষয়ে যে সব মেনশন করেন তার কোন কাজ হয় কিনা?

কারণ বিগত বন্যার সময় মেনশেন করে বলেছিলাম যে গ্রাম বাংলার চার ভাগের তিনভাগ লোক আশ্রয়হীন হয়ে পড়েছিল, কিন্তু এখনও পর্য্যন্ত তারা কোন রকম সাহায্য পায়নি। তার উপর খরার জন্য আউস এবং পাট বেশিরভাগ জায়গায় বিনষ্ট হয়েছে। এর জন্য কৃষকদের মধ্যে দারুণ হতাশা এসে গেছে। এই অবস্থায় সরকারের কোনরকম সাহায্য তাদের জন্য নেই। ব্লকে সামান্য ফার্টিলাইজার লোন্ গেছে, অন্য কোন রকম লোন্ যায়নি। তারা কোন রকম বীজ পাচ্ছে না। পাটের বীজ নিয়ে ফাটকাবাজি হচ্ছে। এ সম্পর্কে সরকার সম্পূর্ণ উদাসীন। আমন ধানের বীজ কোন এলাকায় মিলছে না—সত্তর আশী টাকায় বাজারে বিক্রি হচ্ছে। আউসও পাওয়া যাচ্ছে না। এই অবস্থায় কৃষি মন্ত্রীর কাছে দাবী করছি খরার জন্য কৃষকদের মধ্যে যে হতাশা এসেছে তা দূর করুন এবং তাদের অবিলম্বে দীর্ঘমেয়াদী ভিত্তিতে কিছু বেশী টাকা ঋণ হিসাবে দেওয়া যায় কিনা এবং পাট, আউস ও আমন ধানের বীজ সরকারী গুদাম থেকে বিনামূল্যে তাদের সরবরাহ করা যায় কিনা সেই প্রচেষ্টার দিকে নজর দিতে বলছি।

[2-00—2-10 p.m.]

**শ্রীআবদুলবারি বিশ্বাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সদস্যদের অবগতির জন্য একটা বিষয় উল্লেখ করতে চাই যে বিষয়টা যদি মানুষের সত্যিকারের কোন মূল্য থাকে তাহলে নিশ্চয়ই গুরুত্বপূর্ণ হবে। মাননীয় স্বাস্থ্য মন্ত্রী এখানে উপস্থিত আছেন, এই বিষয়ে কোয়েশ্চেন করলে তাঁর দপ্তরের কাছে বলেন এই রকম কোন খবর নেই, আবার যদি আমরা এখানে বলি তাহলে তার সঠিক পথে সঠিক অনুসন্ধান হয় কিনা জানা যায় না। তবুও তিনি এখানে উপস্থিত আছেন, তাঁর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, পুরুলিয়া জেলায় বিশেষ করে ঝালদহ এলাকায় ফাইলেরিয়া রোগ সমস্ত ঘরে ঘরে ছড়িয়ে গেছে, সমস্ত পরিবারের লোক ঐ ব্যাধিতে আক্রান্ত। শ্রীশরৎচন্দ্র দাস মহাশয় ওখানকার এম.এল.এ., তিনিও এই অবস্থার একজন সাক্ষী। অথচ সরকারী ঔদাসীন্য এমন পর্যায়ে গিয়ে পৌঁছেছে যে এই ব্যাধিতে আক্রান্ত ব্যক্তিদের নিরাময়ের কোন ব্যবস্থা হচ্ছে না। বিধান সভায় যদি কোন প্রশ্ন করি তাহলে উত্তর আসে সরকার জানেন না, আবার যদি বিষয়টা এখানে উত্থাপন করি তাহলে সরকারের কর্ণে প্রবেশ করে কিনা জানি না। এটা বাস্তব সত্য। এখানকার মাননীয় সদস্য যাঁর ঐ এলাকায় বাড়ী তিনি তার সাক্ষী। আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করব আপনার দপ্তর কি সত্যসত্যই কোন অনুসন্ধান করে কাজ করেন, না করেন না? এটা একটা বিরাট ব্যাপার, মানুষের জীবন নিয়ে যেখানে ছিনিমিনি চলছে সেখানে আজ পর্যন্ত কেন সে সম্বন্ধে অনুসন্ধান হল না সেটা আমরা স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানাতে চাই এবং এটাও জানতে চাই, এই বিষয়ে কোন ব্যবস্থা হবে কিনা। এই রোগ পুরুলিয়া এবং বাঁকুড়ায় চারিদিকে ছড়িয়ে যাবে আর বাংলা দেশের মানুষ অসহায় দর্শকের ভূমিকা অবলম্বন করবে এটা হতে দেওয়া যায় না। সেজন্য বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ। মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয় তাঁর ডিপার্টমেন্টের কাছ থেকে খোঁজ নিয়ে আমাদের ইনফর্মেশান দেবেন বলে আমার বিশ্বাস আছে।

**শ্রীঅজিতকুমার পাঁজা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সম্বন্ধে আপনার অনুমতি নিয়ে আমি কিছু বলছি। মাননীয় সদস্য জানেন যে যেখানে রোগের প্রাদুর্ভাব হচ্ছে বলে খবর আসছে সঙ্গে সঙ্গে আমরা যে এমারজেন্সি টিম করে রেখে দিয়েছি তাঁরা সেখানে ছুটে চলে যাচ্ছেন। মাননীয় সদস্য আমার কাছে অনেকবার এসেছেন, একবার যদি তিনি মুখে আমাকে বলতেন যে পুরুলিয়ায় ফাইলেরিয়া রোগ দেখা দিয়েছে তাহলে তার পরের দিন তিনি দেখতে পেতেন আমাদের তরুণ ডাক্তারদের টিম সেখানে গিয়ে হাজির হয়েছে। আমরা যেদিন বলেছি তার পরের দিন সন্ধ্যা বেলায় যেমন মহিষাদল, ফরাক্কায় ঐসব তরুণ ডাক্তাররা ছুটে গেছেন। মাননীয় সদস্য আমার

কাছে অনেকবার এসেছেন, তিনি যদি দয়া করে মুখে আমাকে একবার বলতেন তাহলে সঙ্গে সঙ্গে ব্যবস্থা হয়ে যেত তার পরের দিন।

**শ্রীকাশীনাথ মিশ্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে এই হাউসে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে সকলের দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া শহরে একটা কো-অপারেটিভ রাইস মিলের পুরো কাজ শেষ হয়েও আজ পর্যন্ত সেটা চালু হয়নি। ১৫/৯/৬৫ সালে এই রাইসমিল জনসাধারণের নিকট প্রায় ৫০ হাজার টাকা শেয়ার বিক্রয় করে এবং পশ্চিমবঙ্গ সরকারও ২ লক্ষ টাকার শেয়ার ক্রয় করেন এবং এছাড়া পশ্চিমবঙ্গ এ্যাপেক্স কো-অপারেটিভ ক্রেডিট মার্কেটিং সোসাইটি প্রায় ৮০ হাজার টাকার মত শেয়ার ক্রয় করেন। অথচ আজ পর্যন্ত এই কো-অপারেটিভ রাইস মিল চালু হয়নি। এই মিলের জন্য সরকারী অধীনে প্রোজেক্ট ইঞ্জিনিয়ার সমস্ত মেসিন, বয়লার ইত্যাদি ক্রয় করেন, তাঁরা সেগুলি সেখানে বসিয়েছেন। অথচ আজ পর্যন্ত দেখা যায় সেখানে মিলে কোথাও গোলমাল আছে যার জন্য মিল চালু হচ্ছে না। আজকে যেখানে বেকার সমস্যার জন্য নানা রকম কথা বলছি সেখানে যদি এই কো-অপারেটিভ রাইস মিল চালু করতে পারি তাহলে সেখানে কিছু বেকার ছেলেকে প্রোভাইড করতে পারব। সে জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এই ব্যাপারে তদন্ত করে এই রাইস মিল খোলার ব্যবস্থা হয়।

**শ্রীঅশ্বিনী রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এ্যানিম্যাল হাসবেণ্ড্রী এবং ডেয়ারী ফার্ম-এর মন্ত্রী মহাশয়ের কাছে একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। দুর্গাপুরে কনট্রাক্ট লেবার ও ক্যাজুয়েল লেবাররা ৪০ দিন ধরে অনশন করে আছে। তাদের দাবী হচ্ছে তারা বহুদিন ধরে কাজ করছে এবং তারা ঐ ডেয়ারী ফার্ম গড়ে তুলেছে। কিছুদিন আগে তাদের রিক্রুটমেণ্ট করবার জন্য তাদের ইণ্টারভ্যুতে ডাকা হয় এবং তাদের নির্বাচিতও করা হয় কিন্তু কোন অদৃশ্য কারণে সেটা পোস্পণ্ড হয়ে যায়। বর্তমানে শোনা যাচ্ছে যে একটি রিক্রুটমেন্ট বোর্ড গঠিত হয়েছে এবং কাদের নিয়ে বোর্ড গঠিত হয়েছে তা আমরা জানি না এবং এদের অগ্রাধিকার দেওয়া হবে কিনা সেটা মাননীয় মন্ত্রী মহাশয়কে এই বিষয়ের প্রতি দৃষ্টি দেওয়ার জন্য আমি অনুরোধ করছি। এবং তারা বিভিন্ন সময়ে লেবার মিনিস্টারের কাছে যে টেলিগ্রাম করেছে ইউনিয়নের তরফ থেকে আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে সেটা পড়ে দিচ্ছি। Contructor's employee of diary farm on hunger strike. One Dewari interviwed but for mysterious reasons recruitment postponed. Demand immediate intervention.

## Panel of Chairmen

**Mr. Speaker:** In accordance with the provisions of rule 9 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I nominate the following Members of the Assembly to from a panel of six chairmen :—

(1) Shri Bijoy Singh Nahar ;
(2) Shri Arun Kumar Moitra ;
(3) Shrimati Ila Mitra ;
(4) Shri Deo Prakash Rai ;
(5) Dr. Santi Kumar Das Gupta ; and
(6) Shri Abdul Rauf Ansari.

## LEGISLATION

The West Bengal Taxation Laws ( Amendment ) Bill, 1972.

**Shri Shankar Ghosh** : Sir, I beg to introduce the West Bengal Taxation Laws ( Amendment ) Bill, 1972.

( Secretary then read the title of the Bill )

The West Bengal Land Reforms ( Second Amendment ) Bill, 1972

**Shri Gurupada Khan** : Sir, I beg to introduce the West Bengal Land Reforms ( Second Amendment ) Bill, 1972.

( Secretary then read the title of the Bill )

The Bengal Motor Veihcles Tax ( Amendment ) Bill, 1972.

**Sri Gyan Singh Sohanpal** : Sir, I beg to move that the Bengal Motor Vehicles Tax ( Amentment ) Bill, 1972, be taken into consideration.

Sir, the Bill seeks a minor amendment of sub-section (3) of section 4 of the Bengal Motor Vehicles Tax Act, 1932, in order that the particular sub-section conforms to the provision of the rest of the law. Under section 4(2) of the Bengal Motor Vehicles Tax Act, 1932, a taxing officer may allow quarterly payment of tax. Such allowance is granted in West Bengal normally to all persons paying tax in respect of Stage carriage, goods vehicles, trailers, taxis and tractors, and in some districts owners of motor cars, scooters and omnibuses are also allowed to pay quarterly tax.

Sub-section (3) of Section 4, however, makes it obligatory that for the purpose of refund on account of non-use the token delivered under section 9 on payment of tax for the year in respect of the motor vehicles has to be surrendered along with the certificate of registration.

[2-10—2-20 p.m.]

This is an inconsistency which has been brought to the notice of the Government recently. At present the refund on account of non-use is allowed on surrender of the quarterly tax token and it is felt that denial of such facilities because of quarterly payment of tax under orders of the taxing officer will not only raise hue and cry but will also be unfair. It is also felt that the refund is not intended to be guided by the period for which tax has been paid and the particular provision for surrender of annual tax token is being inconsistent. It is accordingly proposed to amend the Act so as to make refund on account of non-use admissible on surrender of the tax token whatever be the period for which tax had been lawfully paid along with other documents as prescribed.

For raising additional revenue to meet the budget deficit it is also proposed that the existing rate of tax on motor vehicles carrying passengers not

plying for hire with unloaden weight exceeding 1,200 kg. should be raised t some extent. The additional yield from this particular measure is expected t be 2·60 lakhs approximately per annum. It is also proposed to raise th existing rate of tax on goods vehicle to some extent. The existing rates a lower than those in Tamil Nadu, Maharashtra etc. but are at par with Bih where, however, goods tax provides an additional source of revenue in th sector. The estimated yield from this measure would be about 110 lakhs p annum. The maximum increase per vehicle per annum will be Rs. 270·00. may be mentioned in this connection that the position of 10 per cent surchar for refugee relief with effect from 1st April, 1972 excluded goods vehicles an vehicles for carrying passengers plying for hire. As the proposal is bei formulated in the mid-year it is expected to get at the most 50 per cent of th estimated amount during the current year from this additional measure taxation, that is to say, 56·30 lakhs and during the last year of th 4th Plan i.e., 1973-74 an additional revenue of Rs. 112·60 lakhs may expected.

Sir, with these words I commend my motion for consideration by th House.

**শ্রীঅশ্বিনী রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে বিল আনা হয়েছে এটা ১৯৩২ সা '৫৪ সাল এবং '৬২ সালে সংশোধিত হয়েছে। এখানে এখন এর উদ্দেশ্য সম্পর্কে ২টি কথা ব হয়েছে, একটা হচ্ছে যে অন্যান্য ধারার সঙ্গে সামঞ্জস্য রেখে বৎসরটাকে বাদ দিয়ে মাসটাকে রা দরকার। আর অপর একটার উদ্দেশ্য হচ্ছে অর্থ সংগ্রহ। এখন এই অর্থ সংগ্রহের ক্ষে যেভাবে ট্যাক্স বসান হচ্ছে এটা পুরাণো পদ্ধতি, আজ পর্যন্ত যেভাবে বসেছে সেইভাবে ট্যা বসছে তবে একটু পরিবর্তন এর মধ্যে আছে। এখন আমরা কংগ্রেসী আর কমুনিষ্টই বা আমরা সকলেই সমাজতন্ত্রের কথা বলি এবং সমাজতন্ত্রে যেতে গেলে এই যে অর্থ সংগ্রহে যে দিকটা সেই দিকটার একটু অন্ততঃ মৌলিক পরিবর্তনের দিকে যাওয়া উচিত।

সেজন্য অর্থ সংগ্রহের ক্ষেত্রে বোঝাটা যাতে সাধারণ মানুষের উপর না পড়ে সেই রকম কে রাস্তা অন্ততঃ ভেবে চিন্তে যদি অর্থ সংগ্রহ করা হত তাহলে বুঝতাম যে একটা আমূল পরিবর্তনে দিকে যাচ্ছে। কিন্তু দেখা গেল যে সেই রকম কোন পরিবর্তন নাই। এখন বিকল্প পথটা কি ছিল এই যে ১০ কোটি টাকার ব্যবস্থা, এই ক্ষেত্রে এক কোটি ৩০ লক্ষ টাকা সংগ্রহের জন্য অতিরি ট্যাক্স বসাতে হবে কিছু কিছু ভিহিকলসের উপর। আমি সেদিকে যাচ্ছিনা, মূল দৃষ্টিভংগী থা উচিত ছিল আগামী দিনে যেটা রাখা উচিত সেটা হচ্ছে এই যে এক কোটি ৩০ লক্ষ টাকা সংগ্র করা হচ্ছে, এটার জন্য কি আর অন্য কোন পথ ছিল না? মূলতঃ এই যে ১০ কোটি কি ১৮ কো টাকা যেটা সংগ্রহ করা দরকার সেটার জন্য এই পথের দরকার ছিলনা। অন্য রাস্তা ছিল, সে হচ্ছে বড় বড় মালিকরা কোটিপতিরা বহু টাকা আয়কর ফাঁকি দেয়, ৫৪ কোটি টাকা আয়কর ফাঁ দেয় কিম্বা তাদের ক্ষেত্রে কম আয়কর ধার্য্য করা হয়েছে। এইগুলি যাতে বেশী পরিমাণে বড় ব মালিকদের কাছ থেকে সংগ্রহ করা যায় সেই পথটার কথা ভেবেছেন কিনা জানিনা। ভাবলেও হয় বলবেন এটা কেন্দ্রের হাত। কিন্তু নূতন সরকার গঠিত হওয়ার পর আয়কর সংগ্রহের ব্যবস্থাপ আরও বেশী দৃঢ় করা উচিত। আমার জেলায় পশ্চিম বাংলার কয়লাখনি অঞ্চল অবস্থিত, সেখা

রয়ালটির টাকা কোটি কোটি বাকী থাকছে, ১৯৫২ সাল থেকে হিসাব করলে দেখা যাবে ২৮৫ কোটি টাকার কাছাকাছি পড়ে থাকছে, এটা আদায় করা হচ্ছেনা কেন ? এই ২৮৫ কোটি টাকার উপর যদি ১০ পারসেণ্ট রয়্যালটি বাড়ান যায় তাহলেই তো আমাদের ১০ কোটি টাকা পাওয়া যেত। এই পথটার কথা কেন ভাবছেননা এটা আমাদেব দেখতে হবে। আজকে যেটা সব চাইতে সমাজের পক্ষে ভীতিকর হয়ে গেছে সেটা হচ্ছে কাল টাকা, ব্ল্যাক মানি, এটা ৭৫০ কোটি থেকে বেড়ে দাঁড়িয়েছে ১৬০০ কোটি টাকা। এই ১৬০০ কোটি টাকা ব্ল্যাক মানি সংগ্রহ করে যদি উন্নয়নের কাজে লাগাতে পারি তাহলে বোধ হয় এই ধরণের ট্যাক্স বসাতে হতনা। এই পথগুলির কথা কেন ভাবছেন না, এবং তার জন্য ব্যবস্থাপনা নিচ্ছেন না। সেজন্য আমি মন্ত্রী মহাশয়ের কাছে স্পীকার মহোদয়ের মাধ্যমে আবেদন করব যে আজকে নূতন পথের কথা ভাবতে হবে এবং নূতন পথ বার করতে হবে যাতে সাধারণ মানুষের ঘাড়ে বোঝা না চাপে।

এবার আমি বিলের সম্বন্ধে আসছি। এই বিলে গতানুগতিক কথা না বলে কিছুটা পরিবর্ত্তন করা হয়েছে যার জন্য আমরা হয়ত এই বিলকে সমর্থন করতে পারি। এই বিলে পরিবর্ত্তনটা কি ? প্রথমত: পুরানো আইনে যেথানে ছিল সেই শেড্যুলে আসছি, এই শেড্যুলটা পরিবর্ত্তন যেটা করা হয়েছে তাতে ব্যক্তিগত ব্যবহার্য্য যে সমস্ত গাড়ী আছে যেমন জীপ, অ্যামবেসাডার ইত্যাদি তার উপর বিশেষ কোন ট্যাক্স বসছেনা। এরা বাড়াচ্ছেন সেই সমস্ত গাড়ীর উপর যেগুলি কর্মচারী বহনের জন্য ব্যবহৃত হয়। এটা একটা ভাল কাজ। কেননা ব্যক্তিগত ব্যবহারের গাড়ীর উপর না বাড়িয়ে যে গাড়ীগুলি কোন কোম্পানী ব্যবহার করে, যে কোম্পানীর উদ্দেশ্য হচ্ছে লাভ করা, সেই গাড়ীর উপরই বেশী চাপাচ্ছেন, এটা ভাল কাজই করছেন।

[2-20—2-30 p.m.]

এই বিলের মধ্যে মোটামুটিভাবে এটা যে আছে সেটা সমর্থন করা যায়। আর একটা জিনিষ করা যেতে পারে Companyর ক্ষেত্রে ছোট Company আছে, বড় Company আছে। আমরা যখন গাড়ীর উপর tax বসাচ্ছি তখন আগামী দিনে তারা গাড়ী কমিয়ে দেবে। একই গাড়ী বহুবার turnd round করবে। কাজেই এই কথা ভাবা উচিত ছিল। যা হোক এভাবে গাড়ী turn round করবে। কাজেই ঐ সব বড় গাড়ী কতটা turn round করছে বা Road Mileage-এ কতটা যাতায়াত করছে সেটা দেখা উচিত। কারণ সেটা Companyর উপর পড়বে সাধারণ মানুষের উপর পড়বে না। turn round-এর উপর কোন রকম Surcharge করা যায় কিনা সেটা ভাববার কথা আছে। তারপর Schedule ৩-তে Vehicles for transport of goods-এ বলেছেন। এখানে এটা অবশ্য বিচার করেছেন। ন্যায্য বিচার করেছেন যে, ৫০০ Kgর নীচে যে সমস্ত গাড়ী আছে তার উপর tax বাড়ছে না। এমন কি ৬০০ Kgর উপর যা আছে টেম্পো পর্য্যন্ত এখানেও বিশেষ কোন পরিবর্ত্তন হচ্ছে না, তারপর পরিবর্ত্তন হচ্ছে Lorryর উপর, এবং বিশেষ করে যে পরিমাণ বাড়ছে Bedford নূতন ধরনের গাড়ী যার বহন ক্ষমতা বেশী তার উপর বেড়েছে। এটা ভাল কাজ হয়েছে। এটা সমর্থন যোগ্য কাজ হয়েছে। Lorryর ক্ষেত্রে যে tax বেড়েছে তার মধ্যে উন্নত ধরণের গাড়ী বা যে বেশী বহন করতে পারে তার উপর যে পরিমান বেড়েছে সেটা একটা Progressive কাজ হয়েছে। আমরা যে কাজই করতে যাই না কেন বিক্ষোভ আসবে। তাদের উপর আমরা tax বসাতে যাচ্ছি। তাদের আমরা কি করতে পাচ্ছি ? এই যে Lorryর চালক এদের বহুদিন ধরে বিক্ষোভ আছে। রাজ্যের বাইরে থেকে তারা কলকাতায় মাল আনা নেওয়া করে।

এই কলিকাতায় তাদের Parking Place নেই, তাদের কোন থাকবার জায়গা নেই। এই যে Lorry driver, Conductor এরা বহুদিন ধরে আন্দোলন করে আসছে। কাজেই এই সমস্ত Lorryর চালক ইত্যাদির সম্পর্কে কলকাতায় বা বড় বড় business Centre-এ এই সমস্ত জায়গায় যদি তাদের কিছু কিছু amenities বা সুযোগ সুবিধা করতে পারি তাহলে tax দেবার ক্ষেত্রে তারা বিক্ষোভ-এ আসবে না। তেমনি রাস্তায় এই G T. Road এর পাশে বিভিন্ন জাগয়ায় তাদের থাকার জায়গা নেই রাত্রি বেলায় লরি দাঁড় করিয়ে তারা রাস্তার পাশে ছোট ছোট হোটেলে বা গাড়ীতে মাথা গুঁজে থাকে তাদের থাকবার কোন জায়গা নেই। বহু সময়ে তাদের ক্লান্ত হয়ে গাড়ী চালাতে হয়, এবং তার জন্য accident হয়। যার ফলে দেখা যায় জি, টি, রোড দৈনন্দিন accident লেগেই আছে। এই tax বাড়াবার সঙ্গে সঙ্গে তাদের অসুবিধার কথা যদি না ভাবি, বিক্ষোভের কথা যদি না ভাবি তাহলে হবে না। বড় বড় Centreএ তাদের কথা ভাবতে হবে—ভাবার দরকার আছে। দ্বিতীয় কথা হচ্ছে এই লরি ও বাসের ক্ষেত্রে বহু অসুবিধা হচ্ছে, যার জন্য মাল বহনের ক্ষেত্রে অপচয় হয়ে যাচ্ছে তার কারণ এর সমস্ত সাজসরঞ্জাম পাওয়া যায় না। গতকাল মন্ত্রী মহাশয় একটা Statement দিয়েছেন। তিনি এই Statementএ বা বিজ্ঞপ্তিতে বলেছেন টায়ার, টিউব এর কথা। এই তিন পাতার Statement এ তিনি গোড়া থেকে আরম্ভ করে, ৩ বৎসর আগে যে অসুবিধা ছিল সে সবের মধ্যেই ফিরে এলেন, বললেন এক্ষুনি কিছু করা যাবে না, উৎপাদন বাড়াবার ক্ষেত্রে কিভাবে উৎপাদন বাড়বে এবং সে উৎপাদিত জিনিষগুলি সম্পর্কে কোন কংক্রিট সাজেশান স্টেটমেণ্টএ তিনি বলেন নি।

যার জন্য গাড়ির মালিকদের একটা বিক্ষোভ সেখানে রয়েছে—কেবল আমাদের উপর ট্যাক্স বাড়ছে ; কিন্তু তার বদলে আমাদের যে সাজসরঞ্জাম প্রয়োজন—তা আমরা নিয়মিত পাচ্ছি না।

তারপর Other motor parts আছে সেই সমস্ত Parts এর ক্ষেত্রে তা আজকাল দুষ্প্রাপ্য বাজারে। তাছাড়া দামও অত্যন্ত বেশী হয়েছে। এই Tax বসানোর সঙ্গে সঙ্গে আমার যেটা আবেদন আমাদের Concrete কাজ করবার দিকে এগুতে হবে। কাজেই এই যে সংশোধনী বিল এসেছে একে আমি সমর্থন করছি। এর মধ্যে যা ভাল কাজ করেছেন তা বলেছি এবং অন্য যে বিকল্প পথের কথা বললাম—সে কথা আপনার ভাবা উচিত—আগামীদিনে যাতে গতানুগতিকভাবে আমরা যদি ট্যাক্স্ বাড়িয়ে না যাই। এই যে ট্যাক্স্ বাড়ালেন—এটা আসবে কোথা থেকে ? এই যে মালবাহি গাড়ি আছে তার উপর ট্যাক্স্ বসালেন। ফলে জিনিষের দামও বেড়ে যাবে, তাতে একটা বিক্ষোভের সৃষ্টি হবে। তারজন্য বিকল্প পথের কথা প্রথমে যা বলে গেছি—শুধু মন্ত্রীমহাশয়কে নয় মন্ত্রীমণ্ডলী ও বিধান সভার সমস্ত সদস্য যাঁরা সেই পথের কথা ভেবে আগামী দিনে অর্থ সংগ্রহের দিকে যেতে পারে। আমি এই সংশোধন বিলকে সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

**Shri Sankar Das Pal :** মিঃ স্পীকার স্যার, ১৯৩২ সালের Bengal Motor Vehicles Act.-কে সংশোধনের আজকে সরকার যে সংশোধনী বিল এনেছেন, সেই সম্পর্কে দু একটা বক্তব্য রাখা আমি কর্তব্য বলে মনে করি। এই রাজ্যে বিভিন্ন উদ্দেশ্যে বাজেটের ঘাটতি পুরণের জন্য নিশ্চয়ই টাকা সংগ্রহ করা প্রয়োজন। তাই প্রথমতঃ বিদেশ থেকে আমদানীকৃত মোটরগাড়ির উপর তাঁরা ট্যাক্স বসাচ্ছেন—এটা সম্পুর্ণ সমর্থন যোগ্য। যারা বিদেশ থেকে গাড়ি আনবে, তাদের উপর heavy taxation হওয়া উচিত। মালবাহী ট্রাক-লরীর ক্ষেত্রে যে ট্যাক্স বসানোর কথা হয়েছে, বিভিন্ন ওজনের মালবাহী গাড়ির জন্য পর্য্যায়ক্রমে যে ট্যাক্স ধার্য্য করা হয়েছে—তা আরো ভালভাবে পরীক্ষা করে দেখা দরকার। মালবাহী ট্রাক ও লরীতে যে কে কত মাল বহন করছে, তার জন্য কে কত tax দেবে, যাত্রাপথে কোন্ কোন্ পয়েণ্টে চেকিং হবে সে সম্বন্ধে ভাল তদারকী ব্যবস্থা থাকা চাই।

াটর ভেহিকলসে maximum দুর্নীতি হয়। এটা শুধু দুর্নীতির ব্যাপার নয়। মোটর ভেহিকল ্টনে fitness বলে একটা আইন আছে। তারজন্য গভর্ণমেণ্টকে একটা fitness ফি দিতে হয়। বং Entire চেকিং-এর দায়িত্ব একজন ইন্সপেক্টরের উপর থাকে। যেখানে Motor Vehicles ıspection হয়—সেখানে একটা স্বতঃসিদ্ধ নিয়ম আছে—নতুন বা পুরান গাড়ি নিয়ে গেলেও টাকা াগবে। এই দুর্নীতি কখনো বন্ধ হবে না। নতুন গাড়ির একরকম রেট, পুরানো গাড়ির অন্য রকম ়ট। ভিন্ন ভিন্ন গাড়ির জন্য ভিন্ন ভিন্ন রেটে ইন্সপেক্টরকে টাকা দিতে হয়। এ সম্বন্ধে ভাল তদন্ত ওয়া দরকার। এটা বন্ধ হলে পথে আরো মোটর গাড়ি মালিকরা বের করতে পারে। আরো ়শী Tax আদায় হতে পারবে। এই fitness fee বাড়িয়ে দিলে গভর্ণমেণ্টের ইন্সপেকসন ব্যবস্থার লদের দরুন ৫০টা গাড়ির জায়গায় হয়ত ২০টি গাড়ি ply করছে। আর বাকি সব out of rder হয়ে পড়ে আছে। এই ৫০টা গাড়ি যদি পথে বের করা যায়—তাহলে প্যাসেঞ্জারদেরও ঝুলে ়েতে হয় না। এই Private সেক্টরে বহু ছেলে Provide হতে পারে—চাকরী পেতে পারে। রকারের বেশী Income হতে পারে। এই মোটর ভেহিকলসের ব্যাপারে অনেক কিছু জানবার ও িখবার আছে।

2-30—2-40 p.m.]

ট্যাক্স বাড়লেই মালবহনকারী লরী বা ট্রাক-এর মালিকরা মাল বহন করার জন্য ভাড়া বাড়িয়ে দবেন। ঠিক উল্টোভাবে ব্যবসায়ীরাও বাড়তি ভাড়া উশুল করার জন্য তাদের দ্বারা আমদানী প্তানীকৃত বিভিন্ন প্রকার মালের দামও উচ্চহারে বাড়িয়ে দেবেন বলে আশঙ্কা করি। সর্বশেষ বশ্লেষণে দেখা যায় যে ট্যাক্স বাড়তির বোঝা ঐ গরীব কনজিউমারদের উপরেই এসে বর্তাবে। াইকারী এবং খুচরা বাজারের দরও সর্বদিকে বেড়ে যাবে। এবং এতে সাধারণ লোকের অর্থ নৈতিক ়ঙ্কট তীব্র থেকে তীব্রতর হবে যা আমাদের ঘোষিত সমাজতান্ত্রিক নীতি ও গরিবী হটাও উদ্দেশ্যের ম্পূর্ণরূপে পরিপন্থী। অতএব আমি জনগণের স্বার্থে মিঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে পরিবহণ বভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের কাছে অনুরোধ করতে চাই যে, এই মোটর ভিহিকলস ট্যাক্স সম্বন্ধে মারও ভালভাবে চিন্তা করতে। আমার বিশ্বাস এ থেকে আমরা আরও ট্যাক্স বাড়াতে পারি এবং এটা সম্ভব। এই বিষয়ে আমি আমাদের পরিবহণ মন্ত্রীকে আরও একটু চেষ্টা করতে অনুরোধ করি এবং এটাকে সিলেক্ট কমিটি মাধ্যমে এর থেকে কি ট্যাক্স বাড়ানো সম্ভব সেই ব্যবস্থা করার জন্য মাননীয় পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি পরিবহণ মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাই। এই বলে আমি মামার বক্তব্য শেষ করছি।

**Shri Gyan Singh Sohanpal** : Mr. Speaker, Sir, the honourable Members ıave not raised any new point which needs any explanation. The only point raised by the honourable Member Mr. Roy is that the Government while imposing taxes should have a socialistic outlook. Well, because this Government is progressive and has a socialistic outlook, that is why my friends in the C.P.I. Benches have lent their support to this Bill.

Sir, if you kindly go through the taxation proposals, you will find that we have raised tax in respect of cars which are owned by rich people. Cars which are used by people of middle-class families have not been taxed by these proposals. For example, cars like Chevrolet, Chevrolet-Impala Desoto, Plymouth,

Studebaker and Dodge have been taxed ; other cars like Ambassador, Fiat and Jeep have been left out of the purview of these taxation proposals. Also in the case of taxation of goods vehicles, we have proposed taxation in respect of vehicles on slab basis, i.e. vehicles which will carry more goods will have to pay more and vehicles which will carry less, will not have to pay anything. So it is evident from the taxation proposals that the present Government has a socialistic outlook and is progressive in outlook. With these words, Sir, I thank honourable Members for supporting this Bill.

The motion of Shri Gyan Singh Sohanpal that the Bengal Motor Vehicles Tax ( Amendment ) Bill, 1972, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1, 2, 3 and Preamble**

The question that Clauses 1, 2, 3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Gyan Singh Sohanpal :** Sir, I beg to move that the Bengal Motor Vehicles Tax ( Amendment ) Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The Indian Stamp (West Bengal Amendment) Bill, 1972**

**Shri Sankar Ghose :** Sir, I beg to move that the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1972, be taken into consideration.

Sir, day before yesterday, while presenting the budget estimates for the year 1972-73, I spoke of the decision of the Government to impose as one of the measures for mobilising additional resourees, higher rates of stamp duty. It is in fulfilment of that declaration that I now introduce the present Bill. It is common knowledge that the values of land and buildings have gone up in recent years. The persons who engage themselves in transaction of such properties are generally well-to-do people and they are in a position to bear the burden of higher rates of stamp duty. It is, therefore, only appropriate that the rates of stamp duty on instruments concerning transactions in immovable properties should be raised and particularly at a time when we need more resources. The instrument by which immovable property is transferred is generally the conveyance. Apart from the conveyance there are a number of instruments the rates of stamp duty for most of which are related to the rates of stamp duty on conveyance. Such instruments are the certificates of sale exchange of property, further charge, gift, lease, mortgage deed, re-conveyance of mortgage property and transfer of lease. The rates of stamp duty in respect of settlement and trust are based on the rates of duty of "Bettomry Bond".

The present Bill seeks to increase the basic rates of stamp duty on two instruments, "Bettomry Bond", namely, article 16, and "Conveyance", namely, article 23 and to bring the rates more or less at par with the basic rates of stamp duty prevailing in certain other States. As a result of this, the rates of duty on the other types of instruments, I have mentioned before, relationg to immovahle property will also be increased. I would like to mention that the rates of stamp duty in Maharastra and Tamil Nadu are generally higher than our present rates. I am sure that the honourable Members will agree with me that it would not be unreasonable if we raise our basic rates on stamp duty to bring them at par with those prevailing in those two States. If the present Bill is passed, then our rates of stamp duty would become virtually the same as what is now prevailing in Maharastra and Tamil Nadu.

Also, we want to take this opportunity to effect one minor amendment in the Indian Stamp Act. Moreover, Sir, the rate under "Re-conveyance of mortgage property", namely, article 54(b), is intended to be raised to Rs. 50·00 from the existing rate of Rs. 22·50 to bring it in conformity with the changes proposed in the basic rates under "Conveyance".

Mr. Speaker, Sir, with these words I commend my motion for acceptance of the House.

[2-40—2-50 p.m.]

**Shri Bhupal Chandra Panda :**

ছোট ছোট সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে যে হারে শুল্ক ধরা হয়েছে বড় বড় সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে এই শুল্কের হারটা যাতে বাড়ান যায় সেটা একটু মন্ত্রীমহাশয় বিচার বিবেচনা করে দেখবেন। আমি সেই কারণে ১০ হাজার টাকার সম্পত্তীর উপর যে হস্তান্তর সেই হস্তান্তরের ক্ষেত্রে প্রধানতঃ আমি শুল্কের হার বাড়াতে চেয়েছি এবং এটা Slab System-এ যদি বাড়ান হয় তাহলে আমার মনে হয় বর্তমানে অর্থমন্ত্রী মহাশয়, তিনি যে পরিমাণ এই বিলের মাধ্যমে অতিরিক্ত সম্পদ সংগ্রহের আশা প্রকাশ করেছেন তার চেয়ে অনেক বেশী পরিমাণ সম্পদ সংগৃহীত হতে পারবে। তৃতীয়তঃ আমার আরো একটি বিষয় বলার আছে এই সংযোজনে। আমরা জানি গ্রামাঞ্চলের সম্পত্তির থেকে শহরাঞ্চলের সম্পত্তির মূল্য অনেক পার্থক্য এবং সেদিক থেকে যেমন Calcutta-তে সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রেও যেখানে একটা সারচার্জ দিতে হয় ঠিক সেইভাবে আমাদের কলকাতা কর্পোরেশনের এলাকার বাইরে বহু মিউনিসিপ্যাল এলাকা আছে সেই মিউনিসিপ্যাল এলাকার সম্পত্তির ক্ষেত্রেও যাতে একটা সারচার্জ ধার্য্য করা হয় সেটার আমি এই সঙ্গে উল্লেখ রেখেছি এবং আমার প্রধানতঃ লক্ষ্য যে সেই সারচার্জ প্রধানতঃ বড় বড় সম্পত্তির ক্ষেত্রে যে হস্তান্তর হবে সেই হস্তান্তরের ক্ষেত্রেও এই সারচার্জ থেকে আমরা অনেক বেশী আয় পেতে পারবো।. আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের এইটুকু দৃষ্টি আকর্ষণ করতে চাই. এই দুই দিকেই যে অতিরিক্ত সম্পদ সংগ্রহের ক্ষেত্রে যে সুযোগ সেই সুযোগের দিকে লক্ষ্য রেখে নিশ্চয়ই এই সংযোজনটুকু তিনি গ্রহণ করবেন এবং আমার বিশেষ আশা যে আমার এই সংযোজনীর যে দৃষ্টিভঙ্গী অর্থাৎ যারা বিত্তবান তারা যাতে বেশী বেশী শুল্কের পরিমাণ আমাদের অতিরিক্ত সম্পদ সংগ্রহের ক্ষেত্রে তাদের কাছ থেকে সংগ্রহ করা যায়। সেই দৃষ্টিভঙ্গীটা বিচার করে এই শুল্ক ধার্য্য নীতিকে আর নীতি বলে মনে করেন। সেই কারণে আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের এইদিকে

দৃষ্টি আকর্ষণ করি। আমার এই সংযোজনী গ্রহণ করবার জন্য আমি মন্ত্রীমহাশয়কে বিশেষভাবে অনুর করছি এবং নিশ্চয়ই এই দৃষ্টিভঙ্গীকে গ্রহণ করে এই সংযোজনটুকু গ্রহণ করবেন।

মিঃ স্পীকার, স্যার, আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বিল উপস্থিত করেছেন তার প্র উদ্দেশ্য হচ্ছে আমাদের উন্নয়ন পরিকল্পনা খাতে যে ঘাটতি পড়েছে সেই ঘাটতি পূরণের এই বিলটি একাংশে কাজ করবে। মাননীয় স্পীকার মহাশয়, এইভাবে অতিরিক্ত স আহরণের যে প্রচেষ্টা সেই প্রচেষ্টাকে আমি নিশ্চয়ই মূলতঃ সমর্থন করি, কিন্তু ধার্যের এই নীতি সম্পর্কে আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আর্টিকেল ২৩-তে কনভিয়েন্সের ক্ষেত্রে যে রেট উনি এখানে উপস্থিত করেছেন তার সঙ্গে আমি এ সংযোজনী দিতে চেয়েছি। এই সংযোজনী দেওয়ার মূলতঃ উদ্দেশ্য হচ্ছে এই, আমাদের অতি সম্পদ সংগ্রহের ক্ষেত্রে যে নীতি গৃহীত হওয়া উচিত বলে আমার মনে হয়, যা আমাদের প্রগতিশ গণতান্ত্রিক মোর্চার নীতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ, সেইভাবেই আমি সংযোজনীটুকু উপস্থিত করে মাননীয় স্পীকার মহাশয়, আপনি দেখতে পাবেন যে এই কনভিয়েন্সের ক্ষেত্রে ষ্ট্যাম্প ডিউটি যে হ বলা হয়েছে তাতে দেখা যাচ্ছে হাজার টাকা পর্যন্ত যে রেট ধার্য্য করা আছে এমনকি বহুল পরি মূল্যের সম্পত্তির ক্ষেত্রেও ঐ রেটই একই ধারাতে চলবে। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপন মাধ্যমে হাউসের দৃষ্টি এদিকে আকর্ষণ করতে চাই যে আজকের দিনে এই শুল্ক ধার্যের নীতি আমা হওয়া উচিত প্রগ্রেসিভ স্ল্যাব সিসটেম। কাজেই সেদিকে লক্ষ্য রেখে আমার বক্তব্য হচ্ছে অধিকতর বিত্তবানরা যেসমস্ত সম্পত্তি ট্রানজাকসান করছেন তার সঙ্গে সাধারণ গরীব মধ্যবি সম্পত্তি বিক্রয়ের ক্ষেত্রে একই ধারা কখনই হওয়া উচিত নয় এবং বিত্তবানদের উপর অধিক পরিমাণে শুল্ক নিশ্চয়ই ধার্য্য হওয়া উচিত। তৃতীয় কথা হচ্ছে যেহেতু আজকের দিনে সর্বভারত ক্ষেত্রে সহরের সম্পত্তি সীমিতকরণের কথা উঠেছে, সেই কারণের জন্য ইতিমধ্যেই আমরা দেখ সহরের সম্পত্তি হস্তান্তরের ব্যাপারে বহুপ্রকার ক্রিয়াকলাপ সুরু হয়ে গেছে এবং সেদিক থেকে আমা সরকার বর্তমানে এমন কোন আইন তৈরী করে উঠতে পারেন নি যাতে করে এই দ্রুত হস্তা ঠেকানো যায় এবং যা কিছু হবার ইতিমধ্যেই হয়ে যাবে। কাজেই এর উপর যদি আমরা কিছু দৃষ্টিভঙ্গী অনুসরণ করে চলি তাহলে এখনই কিছুটা বাড়তি আয়, অতিরিক্ত সম্পদ এর ভিতর থে সংগৃহীত হতে পারবে। তাই যদি আমরা সেদিকে দৃষ্টিভঙ্গী রাখি তাহলে এই সহর সম্প হস্তান্তর করণের ক্ষেত্রে অন্ততঃপক্ষে খানিকটা বাধা হতে পারে এই চিন্তা করে ও এই আশা প্রকাশ ক আমি এই সংযোজনীটুকু এনেছি। যদি এই হস্তান্তরের ভিতর দিয়ে কিছুটা অতিরিক্ত সম সংগ্রহের ব্যাপারে সুরাহা এনে দিতে পারা যায় তাহলে আমাদের ঘাটতির পরিমাণ খানিক রিকভার করা যাবে। তাই মন্ত্রীমহাশয় আমার এই সংযোজনীটুকু একটু বিচার বিবেচ করে দেখবেন।

**শ্রীমহম্মদ ইদ্রিস আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই Stamp Act বহুদিন আ যেটা তৈরী হয়েছিল আজকের সঙ্গে তুলনা করতে গেলে দেখা যাবে যে বাংলাদেশের অবস্থা অনে পরিবর্তন হয়েছে। বাংলাদেশের যেসমস্ত বহুমুখী সমস্যা আছে তা সমাধান করতে হলে আমাদে Fund-এর দরকার। আমাদের চেষ্টা করতে হবে আমরা যেমন একাধারে সমস্যার বিপুলাকারে মধ্যে দাড়িয়েছি তা সমাধান করতে হলে আমাদের তার পথ খুঁজে বার করতে হবে। যে হা আজকে Stamp-এর সামান্য একটু তারতম্য দেখা যাচ্ছে বা বাড়ান হচ্ছে এটা অন্যান্য রাজ্যে তুলনায় এমন কিছু নয়। এর আগে বহু রাজ্যে এর থেকে আরো বেশী Stamp-এর হার বে গেছে। আমরা যখন মনে করি আমাদের বাংলাদেশ, বাংলাদেশের বেকার সমস্যার সমাধান করে

ব। নতুন করে গ্রামে স্কুল কলেজ খুলতে হবে। আমাদের Medical College খুলতে হবে, ামাদের জাতীয় জীবনে উন্নতি সাধন করতে হবে। আমরা শুধু সমস্যা তুলে ধরি। কিন্তু তার াধানের পথ খুঁজে বার করতে হবে। যে Legislation এসেছে, যে আইন আনা হচ্ছে, এটা ত্যি একটা প্রগতিশীল রাষ্ট্রের নিদর্শন স্বরূপ। আমাদের এগিয়ে যেতে গেলে প্রত্যেক দিক াকে এগিয়ে যেতে হবে। আমরা যদি মনে করি আমাদের Stamp-এর হার বাড়াবনা, আমরা মির খাজনা বাড়াবনা, আমরা যদি মনে করি যে শিক্ষার সেচ বাড়বেনা, আমরা যদি মনে করি া আমাদের যে নেসেসিটি অব লাইফ বা জাতীয় জীবনে যেসমস্ত জিনিষ প্রয়োজন তার দাম বাডাবনা াহলে আমরা কি করে এগিয়ে যাবো।

2-50—3-00 p.m.]

প্রত্যেক জিনিসের মূল্য বাড়ার সঙ্গে সঙ্গে, আমাদের যে লিভিং ষ্ট্যাণ্ডার্ড সেটা বাড়বে, যদি ওর ঙ্গে সমতা রেখে চলতে হয় তাহলে আমাদের ষ্ট্যাম্পের হার যেটা বাড়ান হয়েছে সেটা এমন কিছু নয়, াইটা অতি সামান্য এবং এটা সহজেই সাধারণ লোককে এ্যাফেক্ট করবে না। আমার মনে হয় যেটা লজিসলেচারে এসেছে এইটা একটা প্রগতিশীল রাষ্ট্রের পক্ষে অত্যন্ত প্রয়োজন এবং এই হারে বাড়া ঠিক হয়েছে বলে আমি এইটাকে সম্পূর্ণরূপে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশঙ্কর ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই যে করের হার পরিবর্তন বিল এনেছি, এই বিলের মাধ্যমে আমরা কিছুটা অর্থ, সম্পদ সংগ্রহ করতে চাই যার দ্বারা আমাদের রাজ্যের যে ামস্ত উন্নয়ন মূলক কার্য্য রয়েছে সেগুলি ঠিক ঠিক ভাবে করা যায়। আমরা এই বিলে ষ্ট্যাম্পের যে ারের কথা বলেছি সেই হার মহারাষ্ট্রে রয়েছে, তামিলনাড়ুতে রয়েছে এবং আমরা মহারাষ্ট্র ও তামিলনাড়ু থেকে পিছিয়ে থাকতে পারিনা। মহারাষ্ট্রে অনেক উন্নয়নমূলক কাজ হয়েছে। মহারাষ্ট্রের য প্ল্যান সেটা অনেক বড় প্ল্যান, তারা নানান পথে সম্পদ সঞ্চয় করছে এবং তারা নানান কর বসিয়েছে। সেখানে তারা কর তোলে জনসাধারণের মঙ্গলের জন্য এবং সেটা উন্নয়নমূলক কাজে তারা ব্যয় করে। এই বিলে যে সমস্ত দামের হার বেড়েছে তাতে সাধারণ লোকের উপর চাপ পড়বে না, যারা এই সমস্ত জমি বিক্রয় করবে বা বাড়ী বিক্রয় করবে, তাদের উপর চাপ পড়বে। এবং যে সমস্ত হার আমরা দিয়েছি এইগুলি প্রগ্রেসিভ হার। রিকনভিয়েন্স অফ মর্টগেজী প্রপার্টি, যেটা আর্টিকেল ৫৪-তে আছে, তার হার ছিল ২২ টাকা ৫০ পয়সা, সেটা আমরা এখন ৩০ টাকা করছি। আর আমরা পরিবর্তন করছি কনভিয়েন্সের উপর প্রতি ১ হাজার টাকা এবং তার উপরে। কনভিয়েন্স বা কোবালা যেটার রেট ছিল প্রতি ৫০০ টাকা অথবা তার কোনো অংশের উপর ১১ টাকা ২৫ পয়সা সেটাকে আমরা করেছি ১৫ টাকা। সেই রকম আরও আমরা একটা হার বাড়িয়েছি বটমরি বণ্ড এর ক্ষেত্রে আমাদের এই বণ্ডে আগে হার ছিল ১০০০ টাকার উপর প্রতি ৫০০ টাকার অথবা তার কোনো অংশতে ৫ টাকা ৭৫ পয়সা, এখন সেটা ৭ টাকা ৫০ পয়সা করা হয়েছে। এই রকম নানাভাবে আমরা আশা করছি কিছু অতিরিক্ত সম্পদ আমরা সংগ্রহ করে সঞ্চয় করতে পারব। এখন নানারকম আইন দ্বারা আমরা দেখছি জমি লেন-দেন হচ্ছে বিক্রয় হচ্ছে সেই জন্যই এই সময়ে আমাদের এই বিলটা পাশ করতে হবে। এই বিলে সংবিধানের কনকারেন্ট লিষ্টে যে ষ্ট্যাম্প এ্যাক্ট আছে সেই আইনের যে প্রিসিডেণ্ড এর উপর পরিবর্তন করতে পারব এবং আমি এই আশা করছি এইসব পরিবর্তন এই সভা থেকে সমর্থিত হয়ে কেন্দ্রে পাঠাতে পারব। তারপর আমরা দেখাতে পারব যে ঠিক মহারাষ্ট্রে যে রেট রয়েছে তামিলনাড়ুতে যে রেট রয়েছে সেই

রেটই আমরা নিয়েছি এবং আমরা চাই এই বিলটা আমাদের পাশ হয়ে যাক। শ্রীভূপাল পা মহাশয়, যে প্রশ্নগুলি এনেছেন সেগুলি আমরা বিবেচনা করে দেখব। বর্তমানে আমাদের অনে টাকা খরচ, অনেক প্ল্যান ইত্যাদি আছে এবং সেই জন্য এই রকম মডেল বিল এনেছি। আমি আ করব এই সভা এই বিলকে সমর্থন করবেন।

The motion of Shri Sankar Ghose that the Indian Stamp ( We Bengal Amendment ) Bill, 1972, be taken into consideration, was then put an agreed to.

**Clauses 1 and 2**

The question that Clauses 1 and 2 do stand part of the Bill was then pu and agreed to.

**Clause 3**

**Mr. Speaker :** There is an amendment to Clause 3 by Shri Bhupa Chandra Panda. The Governor has withheld consent to the moving of th amendment of Shri Panda under Article 207(1) of the Constitution of India But, I allow Shri Panda to speak on the amendment though it has bee disallowed.

**শ্রীঅজিত বোস ঃ** On a point of order Sir, নিশ্চয়ই কোন Money Bill আসা আগে Governor-এর মত নিতে হয়, কিন্তু কি আকারে বিলটা কিভাবে পাশ হবে না হবে সে নিয়ে তাঁর এক্তিয়ার নেই, সেই এক্তিয়ার এই House এর।

**শ্রীশঙ্কর ঘোষ ঃ** আমার Constitution-এ যে provision আছে সেখানে কোন Mone Bill move করতে, Mony Bill amend করে তার rate বাড়াবার জন্য, তাতে Governor-এ সম্মতি ছাড়া সেটাই হতে পারে না।

**শ্রীঅজিত বোস ঃ** আমি সেটাই বলছি, একটা Money Bill এলে মোটামুটিভা Governor-এর মত নিতে হয়। এসব মানে বুঝি, কিন্তু সেই Billটা আসবে—যে বিলটা এসে সেটাই পাশ করতে হবে তার কোন মানে নেই, সেই বিলের sanction করা না করা বদল হতে পারে কেননা বিলটা পাশ করার এক্তিয়ার Governor সাহেবের নয়। Billটা পাশ করার এক্তিয়ার এ House এর। সেই জন্য আমি এটা ঠিক বুঝতে পারছি না rather it is a point o information, আপনি একটা বলে দিলেন, তিনি একটা বলে দিলেন, আমাদের কাছে এটা puzzling হয়ে যাচ্ছে। বিলটা তো আমরা পাশ করি, Governor সাহেব তো বিলটা পাশ করে না। কাজেই আমরা যদি বিল পাশ করি তাহলে যে আকারে Governor পাঠিয়ে দেবেন, সে আকারে পাশ করতে হবে, এটা কি ব্যাপার তা আমরা বুঝতে পারছি না। সেইজন্য এটা সম্বন্ধে আপনার কাছ থেকে স্পষ্ট clarification চাই, আমরা মনে করি এই procedureটা ঠি হচ্ছে না।

**Mr. Speaker :** Mr. Basu, the point that you have raised is really an important one. I can clarify this point by saying that if you look to Article 207(1), you will find that "a Bill or amendment making provision for any of

the matters specified in sub-clauses (a) to (f) of Clause (1) of Article 199 shall not be introduced or move except on the recommendation of the Governor and a Bill making such provision shall not be introduced in a Legislative Council.." Now, you have given notice of an amendment. That amendment was forwarded to the Governor for his recommendation, but the Governor has not been pleased to give his recommendation for moving that particular amendment. If that amendment is accepted by the Government, then the Government will forward that to the Governor for having his recommendation thereon. But the Cabinet is opposing that. When an amendment from a Member of the Opposition or a Private Member is tabled, the procedure is that it should be forwarded to the Governor for his recommendation In this particular case, the recommendation has been rejected. Now, any Member has the power to move an amendment. It is not a fact that you cannot move an amendment. But there are two things, namely, that an amendment may be for enhancement of taxes and an amendment may be for reduction of taxes. The private Member or any Member of the House has got the right to give notice of amendment for reducing the tax. In this particular amendment as has been tabled by Mr. Panda, he has proposed that the taxes should be enhanced. In the matter of enhancement the recommendation of Governor is essential and mandatory, it must have the recommendation of the Governor. But if you had proposed that the tax should be reduced, in that case no recommendation of the Governor is necessary according to the Constitution of India. It is provided in the proviso to Article 207(1) thus : "provided that no recommendation shall be required under this clause for the moving of an amendment making provision for the reduction or abolition of any tax". Now, if you propose any reduction of tax, that will not be sent to the Governor for his recommendation. And in our Rules of Procedure and Conduct of Business in ihe West Bengal Legislative Assembly, if you look to Rule 82, it cearly says, "If notice is given of an amendment which under the Constitution cannot be moved without the previous sanction of the President or recommendation of the Governor and unless such previous sanction or recommendation has been intimated, the Speaker shall, as soon as may be after the receipt of the notice, refer the amendment to the Governor for obtaining the sanction of the President or for his recommendation, as the case may be, and the notice shall not be valid unlese the Governor has indicated that the previous sanction or recommendation required has been granted." It was my bounden duty to refer the matter to the Governor according to Rule 82 of Procedure. Accordingly, the matter was sent to the Governor, but the Governor has withheld his recommendhtion. So, under rule 82 also, I cannot allow this amendment to be moved. But, if the proposal was for reduction of taxes, certainly under Article 207(1) and the proviso thereto, I had the power to allow any amendment which proposes reduction of taxes as have been proposed

by the Minister. This is the clear position of law and I think the matter has now been made clear to all Members. At any rate, I allow Mr. Panda to speak on his amendment.

[3-00—3-08 p.m.]

**শ্রীভূপাল পাণ্ডা:** Thank you, for moving this amendment, though it is not accepted by the Governor. আমার কথা হচ্ছে যে মন্ত্রীমহাশয় এখানে যে কথা বললেন তাতে আমি কিন্তু সন্তুষ্ট হতে পারিনি। কারণ যে কারণের জন্য আজকে Stamp Duty বাড়ানোর প্রশ্ন হচ্ছে অতিরিক্ত সম্পদ আহরণের উদ্দেশ্যে সেই অতিরিক্ত সম্পদ কার কাছ থেকে কত বেশী পরিমাণে পাওয়া যেতে পারে সেখানে taxation এর যে নীতি ও policy সেটাই সুনির্দিষ্ট করে দেয় গভর্ণমেণ্টের নীতি কোন দিকে। সেই কারণের জন্য মহারাষ্ট্র একটা ধারায় তাদের taxation-এর নীতি গ্রহণ করেছিলো। আমরা বাংলাদেশে অন্য একটা পরিস্থিতির মধ্যে taxation-এর policy গ্রহণ করেছি। ইতিপূর্বে introduction এর সময় কংগ্রেসী সদস্য যে কথা বলেছিলেন তাতে আমাদের বাংলাদেশের সমস্যা যেভাবে জটিল, বেকার সমস্যা যেভাবে তীব্র এবং অন্যান্য সমস্যা যেভাবে জটিল তাতে তুলনামূলক ভাবে তাতে রাজ্যের চেয়ে আমরা সঙ্কটের মধ্যে আছি। সে থেকে বেরিয়ে আসার জন্য আমাদের প্রচেষ্টাকে স্বার্থক করা উচিত। কিন্তু এদিক থেকে সাধারণ মানুষ তাদের সম্পত্তিগত বিনিময়ের ক্ষেত্রে যে রেট তারা দেবে কোটিপতি, লক্ষপতি তারাও সেই রেটের সুযোগ গ্রহণ করবে। এটা আমাদের সমাজবাদের দৃষ্টিভঙ্গীর সঙ্গে মেলে না। সেই কারণের জন্য আমরা নীতিগতভাবে মনে করি আমি যে amendment এখানে move করতে চেয়েছিলাম সেই দৃষ্টিভঙ্গী নিয়ে যদি সরকার পরিবর্তনকালে তাঁদের taxation-এর poliey পরিবর্তন করেন তাহলে নিশ্চয় আমাদের প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চা যে প্রতিশ্রুতি জনসাধারণের কাছে দিয়েছে সেই প্রতিশ্রুতি অনুযায়ী কাজ করা হবে। এইকথা বলে আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয় এবং House-এর সমস্ত সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশঙ্কর ঘোষ:** মাননীয় স্পীকার মহাশয়, আমরা যে বিল এনেছি তাতে যেসমস্ত হার দিয়েছি সেটা প্রোগ্রেসিভ হার। যত বেশী জমির বা বাড়ির দাম হবে তত বেশী শুল্ক এই হারে তাদের উপর ধার্য হবে এবং যে হারগুলি দিয়েছি সেগুলি পূর্বের হারের চেয়ে অনেক বেশী। যেমন রি-কনভেয়্যানসের মর্টগেজ প্রপার্টির ক্ষেত্রে যেখানে ২২ টাকা ৫০ পয়সা ছিল সেখানে আমরা ৩০ টাকা করেছি আর কনভেয়্যানসের ক্ষেত্রে যেখানে ১১ টাকা ২৫ পয়সা ছিল এক হাজারের উপরে সেখানে আমরা ১৫ টাকা করেছি। বটমূরি বন্ডের ক্ষেত্রে এক হাজারের উপরে যেখানে ৫ টাকা ৬০ পয়সা ছিল সেখানে আমরা ৭ টাকা ৫০ পয়সা করেছি। এই থেকেই দেখা যাচ্ছে যে যাকিছু রেট করেছি সেগুলি প্রোগ্রেসিভ রেট। আর বিভিন্ন রাজ্যে যেমন মহারাষ্ট্র বা তামিলনাড়ুতে যে হার পরিবর্তন ইতিপূর্বেই হয়েছে ঠিক সেই রকম রেট এই বিলেও এনে দিয়েছি, কারণ পশ্চিমবাংলার রেট তামিলনাড়ু বা মহারাষ্ট্রের থেকে পিছিয়ে থাকবে সেটা ঠিক নয়। সে জন্য আমাদের রেট মহারাষ্ট্র এবং তামিলনাড়ু অনুযায়ী আনা হয়েছে। আর ভবিষ্যতে যদি আরো পরিবর্তনের দরকার হয় তাহলে ভবিষ্যতে নিশ্চয়ই সেটা পরীক্ষা করে দেখব। এখন আমাদের উন্নয়নের জন্য যে সম্পদ দরকার সেই সম্পদ আহরণের জন্য আমরা এই বিল এনেছি। আমরা আশা করছি যে এতে আমরা অনেক অধিক সম্পদ আহরণ করতে পারব। এটা লক্ষণীয় যে আমরা যে রেট দিয়েছি তাতে বিত্তশালী লোকই যাতে বেশী স্ট্যাম ডিউটি দেয় সেই বন্দোবস্ত করেছি। সেজন্য বিলটা যেভাবে এসেছে সেইভাবে পাশ করার জন্য আমি আবেদন জানাব।

The question that Clause 3 do stand part of the Bill was then put and agreed to.

## Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Sankar Ghosh** : Sir, I beg to move that the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 3-08 p.m. till 1-00 p.m. on Thursday, the 29th June, 1972, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the )th June, 1972, at 1 p. m.

**Present :**

Mr. Speaker ( Shri APURBA LAL MAZUMDAR ) in the Chair, 1 Ministers, 7 Ministers of State, 3 Deputy Ministers and 203 Members.

-00—1-10 p.m.]

**Oath or Affirmation of allegiance**

**Mr. Speaker** : Honourable Members, if any of you have not yet made an 'ath of Affirmation of allegiance, you may kindly do so.

(There was none to take the oath.)

(Starred question to which oral answers were giuen)

### পশ্চিম দিনাজপুর জেলায় টিনের বরাদ্দ

*৬। ( অনুমোদিত প্রশ্ন নং *১৫ ) **শ্রীরমেন্দ্রনাথ দত্ত** : খাদ্য এবং সরবরাহ বিভাগের ন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার জন্য ১৯৭১-৭২ সালে কত বাণ্ডিল টিন ( করগেটেড আয়রণ সীট ) বরাদ্দ করা হইয়াছিল ; এবং

(খ) ঐ টিন কিভাবে বিক্রয় করা হয় ?

**শ্রীকাশীকান্ত মৈত্র** : (ক) ১৯৬৭ সালের ২৭শে এপ্রিল হইতে লৌহ ও ইস্পাত জাত ব্যের নিয়ন্ত্রণ ব্যবস্থা উঠিয়া যায়। সেই সঙ্গে জিলাওয়ারী বরাদ্দ ব্যবস্থাও উঠিয়া যায়। তথাপি নুসন্ধানে জানা যায় যে ১৯৭১-৭২ সালে পশ্চিম দিনাজপুর জেলায় ব্যবসায়ীদের মারফত মোট ৪০ বাণ্ডিল ( অর্থাৎ ৪৪ মেট্রিক টন ) জি, সি, আই সিট (Corrugated iron sheet) প্রেরিত ইয়াছিল।

(খ) বণ্টনের উপর কোন নিয়ন্ত্রণ না থাকায় উক্ত টিন খোলা বাজারে বিক্রয় হইয়া থাকে।

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত** : মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই যে টিন তারা কিনল এটা কি আয়রণ এ্যাণ্ড ষ্টীল কনট্রোলারের পক্ষ থেকে এ্যালট করা হয়েছিল না তারা মার্কেট থেকে কিনল ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে, ১৯৫৬ ঃ আয়রণ এ্যাণ্ড স্টিল কনট্রোল অর্ডার চালু হয় এবং এটা কেন্দ্রীয় আইন। ১৯৬৭ সালের ২৯শে এ এই আইন বলবৎ থাকেনা। আয়রণ এ্যাণ্ড স্টিল কনট্রোল অর্ডার আইনতঃ থাকে কিন্তু অপারেটিভ পার্টস্ অর্থাৎ সাপ্লাই, ডিসট্রিবিউসন, প্রাইস্ ফিক্সেসন এর উপর কোন নিয়ন্ত্রণ ব্য ছিলনা। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে তাদের নমিনি বা স্টকিস্ট হিসেবে এখানকার কো-অপারেটিভ ফেডারেশন যেটা তাদের স্টকিস্ট হিসেবে মনোনীত করেন এবং তাদের ব দেবার জন্য অনুরোধ করেন এবং তার ভিত্তিতে জয়েন্ট প্ল্যাণ্ট কমিটি বলে যেটা সৃষ্টি হয়েছিল কে সরকারের নেতৃত্বে তাদের মাধ্যমে ১৪০০ মেট্রিক টন পশ্চিমবাংলার জন্য বরাদ্দ করা হয়েছিল। সেটা আজ পর্যন্ত আমাদের এখানে পাঠান হয়নি। আমার দপ্তর থেকে লেখা হয়েছে এবং কে সরকারের পক্ষ থেকে জানান হয়েছে যে তাঁরা স্টিল মিনিস্ট্রির সঙ্গে আলাপ আলোচনা করে জান কি ব্যবস্থা নেওয়া যায়।

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** আমি যে প্রশ্ন করলাম তার উত্তর পেলামনা। আমি জানতে এঁরা যে টিন কিনল এটা তারা মার্কেট থেকে কিনল, না তাদের এ্যালট করা হয়েছিল ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** ১৪০০ মেট্রিক টন পশ্চিমবাংলার জন্য বরাদ্দ করা হয়েছিল তার মধ্য থেকে পশ্চিম দিনাজপুরের জন্য ৪৪ মেট্রিক টন হারাহারিভাবে বন্টন করা হয়েছিল। ষ্টকিষ্টরা আর্নেষ্ট মানি জমা দেওয়া সত্বেও তাদের কাছে এটা আসেনি কাজেই তাদের পক্ষ থেকে বি করার প্রশ্ন ওঠেনি।

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** তারা যে এই ষ্টিল নিয়ে গেছে কি দরে বাজারে বিক্রি করছে জানেন ? এই ষ্টিলটা বাজারে ১২৫ থেকে ১৩০ টাকা পার বাণ্ডিলে তারা লাভ করছে কি জানেন ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** আমি জানাচ্ছি আপনাকে যে পুরানো আইন ছিল সেই অ অনুযায়ী তারা কয়েকটি ভাবে কেন্দ্রীয় সরকারের ষ্টিল কনট্রোল থেকে বরাদ্দ করতেন ষ্টিল। ষ্টিল প্রসেসিং ইণ্ডাষ্ট্রিজ কোটা, স্মল স্কেল ইণ্ডাস্ট্রীজ কোটা, এগ্রিকালচারাল কোটা, নন-এগ্রিকালচা কোটা এই চারটে ভাগে ভাগ করে দেন আমাদের খাদ্য এবং সরবরাহ দপ্তর শুধু নন-এগ্রিকালচারাল কোটার উপর তারা বন্টন ব্যবস্থা নিয়ন্ত্রণ করতেন। যতদিন পর্যন্ত বে ব্যবস্থা ছিল যতদিন পর্যন্ত আইরন য়্যাণ্ড কনট্রোল অর্ডার বহাল ছিল—এ ছাড়া বাইরে ষ্টিল এসেছে তার সঙ্গে আমাদের কনট্রোল নেই এবং তার খবর রাখাও আমাদের প সম্ভব নয়।

## Calling attention to matters of urgent public importance.

**Mr. Speaker** : I have received four notices of calling attention on t following subjects :—

(1) Strike by Raniganj coal-field workers from 3rd July, 1972—fro Shri Sukumar Bandyopadhyay ;

(2) Confirmation of and other benefits for the teachers under the Centr National Discipline Scheme—from Shri Md. Dedar Baksh ;

(3) Hunger strike by Scheduled Caste students at Nabadwip for no payment of stipend—from Shri Gangadhar Pramanick ; and

(4) Declaration of Birbhum district as drought area by the Government of India—from Shri Sachi Nandan Shaw.

I have selected the notice of Shri Gangadhar Pramanick on the subject of hunger strike by Scheduled Caste students at Nabadwip for non-payment of stipend.

Hon'ble Minister-in-charge may please make a statement today, if possible, or give a date for the same.

**Shri Gyan Singh Sohanpal** : A statement will be made on 4th July, 1972.

## Mention Cases

**শ্রীসুকুমার বন্দোপাধ্যায়** ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে সেন র‍্যালে সাইকেল কারখানা সম্বন্ধে। এক বছর এই কারখানা বন্ধ ছিল এবং এই বছর-এর ৩১শে মার্চ তারিখে ঐ কারখানা খোলে। কারখানা চালু করবার জন্য সরকার পক্ষ থেকে এক কোটি দশ লক্ষ টাকা উক্ত কোম্পানীকে দেয়া হয়েছে, কিন্তু অত্যন্ত দুঃখের কথা মার্চ মাসে যে কারখান খুললো এপ্রিল, মে এবং জুন মাস শেষ হতে চলেছে প্রায়, এখনও উক্ত কোম্পানী কাঁচামাল সরবরাহ করতে পারছেন না। এখনও পর্যন্ত শ্রমিকদের যে সমস্ত সুযোগ সুবিধা দেবার কথা ছিল ত্রিপাক্ষিক চুক্তি অনুযায়ী সেই সমস্ত সুযোগ সুবিধা থেকে শ্রমিকদের বঞ্চিত করা হয়েছে। প্রায় তারা বলেন যে এই টাকাতে তাদের কাজ চলবে না, আরো টাকার প্রয়োজন। আমি এই কথা বলতে চাই যে আজকে যখন পশ্চিমবঙ্গের বেকার সমস্যা একটা ভয়াবহ রূপ ধারণ করছে তখন এক কোটি দশ লক্ষ টাকা দিয়ে কয়েক শো বেকারের চাকরীর ব্যবস্থা করা যেতে পারত। আজকে সেন র‍্যালেকে যে টাকা দেয়া হয়েছে তা এই কারখানা বন্ধ করবার জন্য নয়, এই কারখানার আর্থিক অবস্থা দুরীকরণের ধুয়া তুলে সরকারকে ব্ল্যাক মেল করবার জন্য নয়, উপরন্তু যাতে এই কারখানা ভালভাবে চালান যায় এবং যাতে এই ৩৫শো শ্রমিক যারা আছে তারা যাতে ন্যায্য মজুরী এবং সুযোগ সুবিধা পান এবং সঙ্গে সঙ্গে যাতে উৎপাদন অব্যাহত থাকে তার জন্যই টাকা দেয়া হয়েছে। কিন্তু সেই সেন র‍্যালে কারখানার মালিক কর্তৃপক্ষ তারা বারম্বার একটা কথা বলছেন যে তাদের নাকি আরো টাকা প্রয়োজন। আমি পশ্চিমবঙ্গ সরকারের এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি এবং সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি যখন আমাদের টাকার জন্য অনেক উন্নয়ন পরিকল্পনা হাতে নেয়া যাচ্ছে না, যখন টাকা অভাবের জন্য হাজার হাজার বেকার চাকরী পাচ্ছে না, তখন একটা প্রতিষ্ঠানকে যখন এক কোটী দশ লক্ষ টাকা সাহায্য করা হল, অথচ সেই প্রতিষ্ঠান সরকারকে বিভ্রান্ত করছেন এবং শ্রমিকদের সুযোগ সুবিধা থেকে বঞ্চিত করছেন এবং সরকারকে ব্ল্যাক মেল করবার চেষ্টা করছেন আরো টাকা চেয়ে। এই বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং এর প্রতিকার প্রার্থনা করছি।

[1-10—1-20 p. m.]

**শ্রীঅসমঞ্জ দে** ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের গ্রামীণ প্রশাসনিক কাঠামোর ভিত্তি অঞ্চল পঞ্চায়েত ও গ্রাম পঞ্চায়েত এবং তার সংশ্লিষ্ট কর্মচারীদের অবস্থার ভয়াবহ চিত্রের কয়েকটি গুরুত্বপূর্ণ দিকের প্রতি সভার মাননীয় সদস্যদের দৃষ্টি আকৃষ্ট করছি। আমরা জানি পরিসংখ্যান অনুযায়ী পশ্চিমবঙ্গে অঞ্চল পঞ্চায়েত হয়েছে ২,৯২৬, গ্রাম

পঞ্চায়েত ১২,৬৩২, এতে অঞ্চল সেক্রেটারি কাজ করছেন ২,৯২৬, চৌকীদার কাজ করছেন ২৫ হাজার দফাদার কাজ করছেন ৩ হাজার। ব্লকে এক্সটেনশন অফিসার আছেন, তিনি অঞ্চল সেক্রেটারির মাধ্যমে মূলত: প্রশাসনিক কাজকর্মটা পরিচালনা করে থাকেন। এবং অঞ্চল সেক্রেটারি অঞ্চল পঞ্চায়েতের সিদ্ধান্ত অনুযায়ী কাজ করে থাকেন। আমরা দেখেছি ১৯৫৮-৫৯ সালে পঞ্চায়েতের নির্ব্বাচন হয়েছে এবং তারপরে সেই দীর্ঘদিন ধরে একই অঞ্চল প্রধান এবং অধ্যক্ষরা কাজ চালিয়ে যাচ্ছেন। কাজের প্রচণ্ড জরুরী থাকা সত্বেও কাজ আমরা অনেক জায়গায় দেখতে পাচ্ছি তাঁরা মিটিং-এ এ্যাটেণ্ড করছেন না এবং মিটীং-এ কোরামের অভাবে অনেক গুরুত্বপূর্ণ সিদ্ধান্তকে কার্যকরী করার পথে চরমতম বাধার সৃষ্টি হচ্ছে। তাই আমি দু-চারটী নজীর এথানে রাথছি আমি বলছি নদীয়া জেলার শান্তিপুর এলাকার আরবাদী অঞ্চলে গত দেড় বছর ধরে কোরামের অভাবে অঞ্চল পঞ্চায়েত এ্যাসেসমেণ্ট পাশ করাতে পারেনি। ফলে সেথানকার অঞ্চল সেক্রেটারি ডি. এ. পাচ্ছেন না এবং চৌকীদার ও দফাদার, যাদের মাইনে সর্ব্বসাকুল্যে মাত্র সাড়ে ৪৭ টাকা, তাঁরাও সেই মাইনে থেকে বঞ্চিত থাকছেন দীর্ঘ দেড় বছর ধরে। আমি অবিলম্বে দাবী করছি পশ্চিমবঙ্গ সরকারের মন্ত্রী এসম্পর্কে উপযুক্তভাবে অনুসন্ধান করে যেন সুপারসেশন করেন। তার সাথে সাথে বলছি এ শুধু নদীয়া জেলায় নয়, বীরভুম জেলার আমেদপুর পঞ্চায়েত সেক্রেটারিকে ঐভাবে ৮ মাসের বেতন দেওয়া হয়নি, মালদহের মালতীপুর অঞ্চলের সেক্রেটারি, দেবপ্রসাদ মুখার্জীকে ৯ মাস ধরে মাইনে দেওয়া হয়নি এবং এইভাবে অজস্র ঘটনার ভুরী ভুরী উদাহরণ এই সভার মাননীয় সদস্যদের কাছে আমি দিতে পারি যে, এই সকল চৌকীদার ও দফাদারদের ন্যায্য পাওনা থেকে তাদের বঞ্চিত করা হচ্ছে। আমি এইটুকুই বলতে চাই, যখন পশ্চিমবঙ্গের মহামান্য সরকার গ্রামীণ অর্থনৈতিক কাঠামোকে পুনর্জীবিত করবার জন্য চেষ্টা করছেন—এখানে একটা বিমাতৃসুলভ মনোভাব অনেক কাল থেকে দেখছি, কলকাতা কর্পোরেশনের উন্নতির জন্য যে টাকা বরাদ্দ করা হচ্ছে তার অর্দ্ধেক টাকাও গ্রামীণ অর্থনীতির জন্য বরাদ্দ করা হয়না যদিও পশ্চিমবঙ্গের দুই তৃতীয়াংশ লোক এই গ্রামে রয়েছেন। আমাদের মহামান্য সরকারের সংবিধানের ৪০ ধারা অনুযায়ী গান্ধীজী ও নেহেরুর এ গ্রাম পঞ্চায়েত ও অঞ্চল পঞ্চায়েতকে যদি সত্যি সত্যি আমাদের এগিয়ে নিয়ে যেতে হয় আমাদের তাহলে দফাদার ও চৌকীদারদের প্রতি সুবিচার করতে হবে। এবং পূর্ণ অনুসন্ধানের মারফত এ সমস্ত অকেজো অঞ্চলগুলি বাতিল করে দেবার দাবী করছি এবং অবিলম্বে স্থায়ী নির্বাচনের দাবী করছি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীদুলাল সাহা ঃ** মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটী গুরুতর বিষয় এই সভার সামনে উপস্থিত করছি। আমি বীরভূমের নান্নুর থানায় প্রচুর বর্গাদার চাষী প্রতিদিন উচ্ছেদ হয়ে যাচ্ছে। বর্গাদার তাদের ন্যায্য দাবী রাখতে পারছেনা, কেননা আমরা দেখেছি যে জোতদার এবং বড় বড় চাষী মিলে যখন বর্গাদাররা উচ্ছেদ হবার পর সেই জমি রাখতে চাচ্ছে তারা মাত্র তিন টাকা কোর্ট ফি দিয়ে জে, এল, আর, ও,-কে দরখাস্ত করছে, সঙ্গে সঙ্গে আমরা দেখছি যে জোতদাররা এর উপর ইনজাংশন জারী করে দিচ্ছে কোর্টে মামলা করে দিয়ে। এ অবস্থায় এই গরীব চাষীরা, বর্গাদাররা, তাদের পক্ষে তাদের জমির উপর কি করে ক্ষমতা রাখবে? তাদের এইভাবে শোষণ করা হচ্ছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই যাতে করে এই সব মামলাগুলি খুব তাড়াতাড়ি সলভড্ হয়ে যায়, বর্গাদারদের পাশে যাতে আমরা গিয়ে দাঁড়াতে পারি সেইজন্য ব্যবস্থা করবেন।

**শ্রীসরোজ রায় ঃ** স্যার, এটা খুবই গুরুতর ব্যাপার, সারা বাংলা দেশ থেকে আমরা এ খবর পাচ্ছি যে কিভাবে প্রচুর বর্গাদার উচ্ছেদ হয়ে যাচ্ছে এবং এই ব্যাপারে একটা ব্যবস্থা করে

হবে। বর্গাদাররা কিভাবে উচ্ছেদ হচ্ছে তা জানেন কিন্তু কোন রকম প্রোটেকশন পাচ্ছেনা, কেন তারা কোন সুযোগ সুবিধা পাচ্ছেনা। এই অবস্থা শুধু নান্নুরেই নয়, বিভিন্ন জায়গা থেকে আমরা এই খবর পাচ্ছি এবং বারবার এই ঘটনা এখানে প্রেস করছি অথচ আমরা জবাব পাচ্ছিনা।

**শ্রীআবদুলবারি বিশ্বাস ঃ** স্যার, আমরা বর্গাদার উচ্ছেদের ব্যাপারে যে ষড়যন্ত্র চলছে, উদ্দেশ্যমূলকভাবে পুলিশ অত্যাচার করছে, মাননীয় সদস্যগণ এই ব্যাপারে আপনার মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করেছেন। এখানে মন্ত্রীরা অনেকেই আছেন, শ্রীজয়নাল আবেদিন আছেন এবং সংশ্লিষ্ট মন্ত্রীর এই সভায় থাকা উচিত, এই বর্গাদাররা যে বিপদাপন্ন, এদের যদি রক্ষা না করতে পারেন, এদের রক্ষা করার জন্য আইন তৈরী করছেন, এই বর্গাদারদের জন্য তাদের স্বার্থে সংশ্লিষ্ট আইন তৈরী করছেন, কিন্তু তারা যাতে প্রটেকশন পায় তার দিকে লক্ষ্য রাখবেন।

**ডঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এখানে যে মেনশনের অনুমতি দেন, সেই মেনশনের উত্তরে মন্ত্রীদের বলার কোন প্রিসিডেন্স নাই, তবু যে সমস্যা মন্ত্রীমণ্ডলীর গোচরে আছে, যে সমস্যা আমরা জানি, সে সম্বন্ধে আমরা চেষ্টা করি সঙ্গে সঙ্গে টু স্যাটিস্‌ফাই দি অনারেবল্ মেম্বার্স অব দি হাউস, যে তথ্য আমাদের জানা আছে তা সঙ্গে সঙ্গে এখানে পরিবেশন করি। আজকে যে বিষয়ে এত উত্তেজনা দেখা দিয়েছে, এটা অত্যন্ত স্বাভাবিক যদি এ বিষয়টা ঠিক হয়, আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়কে জানাব এ বিষয়ের প্রতিকারের জন্য যে অস্ত্রগুলি আছে সেগুলি যাতে কঠোরভাবে প্রয়োগ করা হয়। এবং সরকারও সচেতন রয়েছেন, একাধিকবার সরকার ঘোষণা করেছেন যে এই সরকার কৃষকদের স্বার্থ এবং শ্রমিকদের স্বার্থ রক্ষা করার জন্য প্রতিশ্রুতি-বদ্ধ। যাইহোক এই সমস্যার কথা জানিয়ে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আজকের হাউসের যে মনোভাব তা জানিয়ে দেব। আশা করি এর পরে মাননীয় সদস্যরা তাঁদের যে তথ্য জানা আছে এক একটা ইন্‌ডিভিজুয়েল কেসে তা বিভাগীয় দপ্তরে প্রতিকারের সূত্র হিসাবে দেবেন যাতে প্রতিকার সহজ হয়। এই অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত ঃ** মাননীয় মন্ত্রী জয়নাল সাহেব যে তথ্য এখানে রাখলেন, তাতে স্পেসিফিক কেস দিলে, তিনি তার ব্যবস্থা করবেন। সমস্যা সেখানে নয়, সমস্যা হচ্ছে সামগ্রিক সমস্যা, সমস্ত পশ্চিমবঙ্গে বর্গাদার উচ্ছেদ হওয়ার সমস্যা, কোন একটা পার্টিকুলার ক্ষেত্রে বর্গাদার উচ্ছেদ হওয়ার কথা নয় এবং সে নিয়ে এসেম্বলীর মেম্বার্সরা বলছেননা, এটা একটা বৃহৎ সমস্যা। সরকার পক্ষ থেকে কিভাবে এবং কত তাড়াতাড়ি কত সুষ্ঠুভাবে ব্যবস্থা অবলম্বন করে সমস্যার সমাধান হয় সেই সম্বন্ধেই কথা হচ্ছে। এখন পর্য্যন্ত যার প্রিসিডেন্স নাই সে সম্বন্ধে আশ্বাস চাইছিনা। গরিবী হঠাও আন্দোলনের নামে যাতে গরীবকে হঠান না হয়, তারই দাবী করছি।

**শ্রীসরোজ রায় ঃ** এটা একটা গুরুতর সমস্যা……

**মিঃ স্পীকার ঃ** Mr. Roy, please take your seat. No debate will be allowed. The attention of the Treasury Bench has been drawn.

**ডঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় সদস্য হয়ত ভুল বুঝেছেন, আইনের বিধানই বিধান সভার অস্ত্র, বর্গাদারকে কোন ক্রমেই উচ্ছেদ করা যাবেনা, এটাই আইন। স্পেসিফিক ঘটনাগুলি

চাইছি যেখানে ব্যাপকভাবে বর্গাদাররা উচ্ছেদ হচ্ছে, তাহলে সেখানে ইনষ্ট্রুমেন্ট রি-ইনফোর্স করতে পারি, ফর দি আরমস অব ল এণ্ড অর্ডার। সেইজন্যই চাইছি, আইনেই আছে।

**শ্রীনীরদ কুমার সাহা:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের দেশে যে অস্বাভাবিক অনাবৃষ্টি এবং খরা চলেছে যার ফলে জলের জন্য চতুর্দিকে হাহাকার পড়ে গেল সেই জলাভাব প্রশমনের জন্য আমাদের সদাশয় সরকার তৃষিত মানুষের তৃষ্ণা নিবারণের জন্য টিউবওয়েলের ব্যবস্থা করেছিলেন। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় সেই টিউবওয়েলের ব্যবস্থা আমার মনে হয় অনেক জায়গায় হয়নি। বিশেষ করে জয়নগর এক নম্বর এবং দু নম্বর ব্লকে মাত্র চারটি টিউবওয়েল বসেছে।

এর প্রধান কারণ হচ্ছে টিউবওয়েলের যে সমস্ত কন্ট্রাক্টার এবং মেসিনম্যান তাদের ঠিকমতন পাওয়া যায় না। আমি তাদের সঙ্গে ব্যক্তিগতভাবে যোগাযোগ করেছি, তাদের যে রেট ঐ একটাকা-সত্তর পয়সার মতন তাতে তারা এতো করতে পারেনা। তাই আমি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়কে জানাচ্ছি তৃষিত মানুষের তৃষ্ণা নিবারণের জন্য তিনি যেন ব্যবস্থা করেন।

[1-20—1-30 p.m.]

**শ্রীপঙ্কজ কুমার ব্যানার্জী:** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের ও মাননীয় সদস্যদের একটি জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি গোচর করছি। আপনি হয়তো জানেন যে পরলোকগত মুখ্যমন্ত্রী ডাঃ বিধান চন্দ্র রায় ও প্রখ্যাত বৈজ্ঞানিক শ্রীমেঘনাদ সাহার প্রচেষ্টায় যাদবপুর অঞ্চলের Central Glass and Ceramic Institute একটা সংস্থা তৈরী করা হয়েছিল। দিনের পর দিন আস্তে আস্তে সে তার কলেবর বৃদ্ধি করেছে এবং ভারতবর্ষের অনেক চাহিদাই এখান থেকে মেটানো হয়েছে। অতি সম্প্রতি আমরা জানতে পারলাম এই কারখানা এক্সপ্যাণ্ড করবার একটা পরিকল্পনা কেন্দ্রীয় সরকার নিয়েছেন। এখানে দশ টনের মতন অপ্‌টিকাল গ্লাস তৈরী হয় এবং কেন্দ্রীয় সরকার সেটার অনুমোদন দিয়েছেন একশ টন করবার। কিন্তু দুঃখের বিষয় যে বিপদের দিনেও প্রতিরক্ষার ঘাটতি মেটানোর জন্য বাংলাদেশ থেকে এই সব তৈরী হয়েছে কিন্তু আজকে এক্সপ্যাণ্ড করবার সময় বাংলাদেশের বাইরে, এবং আমাদের কাছে যা রিপোর্ট এসেছে যে দক্ষিণ ভারতের কোথাও নিয়ে যাবার চক্রান্ত হচ্ছে। আমি মন্ত্রীসভা এবং মাননীয় সদস্যের কাছে এই সম্বন্ধে আরো একটা উল্লেখ করতে চাই। ইতিপূর্বে এইরূপ একটা প্রচেষ্টা আমলাতন্ত্রের তরফ থেকে হয়েছিল এবং এই কারখানা বরোদায় নিয়ে যাবার চেষ্টা হয়েছিল। কিন্তু তদানীন্তন মুখ্যমন্ত্রী ডাঃ বিধান চন্দ্র রায়-এর হস্তক্ষেপের ফলে তা বন্ধ হয়ে গিয়েছিল। এখন দিনের পর দিন এই অবস্থা চলেছে। সেখানে ডিরেক্টারের সঙ্গে আমরা আলোচনা করেছি ও পশ্চিমবঙ্গ সরকারের বিভাগীয় মন্ত্রীর কাছে একটা মেমোরাণ্ডাম তৈরী করে পেশ করেছি কিন্তু দেখলাম যে মাননীয় সরকার এ বিষয়ে কোন দৃষ্টিপাত করেন নি। তার ফলে আমরা মাননীয়া প্রধানমন্ত্রীর কাছে একটা চিঠি লিখেছিলাম। তিনি বলেছেন যে হ্যাঁ আমরা একশ টন করবার পারমিশন দিয়েছি মাত্র কিন্তু কোথায় হবে বলিনি। এই সভার মাধ্যমে আমি মন্ত্রীসভার কাছে আবেদন করছি যে এইরূপ একটা গুরুত্বপূর্ণ বিষয়ে অবিলম্বে হস্তক্ষেপ করুন। এখানে এক্সপ্যাণ্ড করতে পারলে যে প্রয়োজনের ঘাটতি মেটাতে সাহায্য করবে তাই নয় এর ফলে সবচেয়েও যে অসুবিধা আমরা ফিল করছি বেকার সমস্যার সমাধান, সেই বেকার সমস্যার সমাধান আমরা কিছুটা করতে পারি যে কারখানা দশ টন জিনিস তৈরী করছে সেই কারখানা যদি একশো টন জিনিস তৈরী করে তাহলে। সংখ্যার ভিত্তি হিসাবে বলতে পারি যে কর্মচারী এখন আছে তার দশগুণ কর্মচারী

সেখানে নিয়োগ করা যেতে পারে। ফলে আমাদের সরকারের ঘোষিত নীতি সেদিক থেকে কার্যকর হতে পারে। তাই সমস্ত দিক্ বিচার বিবেচনা করে অবিলম্বে মাননীয় সরকারের কাছে আবেদন করবো যে তাঁরা যেন এইরূপ একটা গুরুত্বপূর্ণ বিষয় অবহেলা না করেন। কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথাবার্তা বলে যাতে এই কারখানা পশ্চিমবাংলায় এবং ঐ যাদবপুর অঞ্চলে এক্সপ্যাণ্ড করতে পারে এবং জাতীয় চাহিদা মেটাতে পারে তার চেষ্টা করুন। জয়হিন্দ।

**শ্রীযতীন্দ্র মোহন রায়ঃ** মাননীয় স্পীকার মহোদয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি যে. আমার নির্বাচন কেন্দ্র কুশমণ্ডি থানায় এই বৎসর অতিরিক্ত খরার জন্য কোন চাষী আউস ও পাট বুনতে পারে নাই। গত বৎসর আমার এলাকায় ব্যাপক বন্যার দরুন খুবই ক্ষতি হইয়াছে। ফলে গ্রামাঞ্চলের ক্ষুদ্র চাষী ও জন মজুরের কাহারো ঘরে খাবার নাই। টি. আর-এর কাজের উপর নির্ভর করিয়া গ্রামের চাষীরা বেঁচে আছে। আজ পর্যন্ত বর্ষা নামে নাই। চাষীরা বীজ বুনিতে পারিতেছে না। টি. আর বন্ধ হইলে গ্রামের চাষীরা অনাহারে মরিতে বাধ্য হইবে। বর্ষা নামার পূর্বে যাহাতে টি. আর এর কাজ ভালভাবে চলে সেইজন্য আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাইতেছি।

**Shri Bhabani Prasad Sinharoy :** On a point of order, Sir, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে গতকাল বিশ্ব-বিশ্রুত বৈজ্ঞানিক এবং আমাদের দেশের গৌরব প্রশান্ত চন্দ্র মহলানবীশ স্বর্গত হয়েছেন। আমি মনে করি আজকে এই সভার পক্ষ থেকে তাঁর স্মৃতির উদ্দেশ্যে আমাদের শ্রদ্ধা নিবেদন করা উচিত।

**Mr. Speaker :** Although there is no point of order in it but for the information of the House I may tell you that in the conference of the Presiding Officers of the Legislative Bodies that was held in Darjeeling in October, 1958, it was decided that "it would, therefore, be best to restrict the obituary reference strictly to the following classes :—

(1) Members or Ex-Members of the State Legislature ,
(2) Sitting Members of the Indian Parliament elected from the State ;
(3) Sitting Ministers of the Union ,
(4) Governor of the State ; and
(5) Persons of such eminence as would justify a national mourning i.e., Mahatma Gandhi and Rabindra Nath Tagore."

That is the principle that has been laid down in the Speakers' Conference, n Darjeeling in 1958 So, that is the convention that is being followed in this Legislature and in all Legislatures of the Indian Union. This tradition we are ilso following. With all respect to Prof P. C. Mahalanobis, I pay my personal 'espect and homage and also on behalf of the entire House, but following the ibove tradition no formal reference may be made in the House. This convenion is being followed in this House since several years past and we are also idhering to that convention. This is for the information of the Members of he House.

**Shri Kumar Dipti Sengupta** : Sir, if there is any legal or conventional bar to make a formal reference to this matter in this House, may I request you to issue a statement on behalf of us all in the Press expressing our sentiment ?

**Mr. Speaker:** : I pay my personal respect and also on behalf of all Members of the House. I think it is enough and I hope this expression of our deep sorrowed sentiment will be given publicity in the Press. I think honourable Members are also holding the same opinion as I am doing about our late Prof, P. C. Mahalanobis.

**শ্রীশিশির কুমার সেন ঃ** মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে গ্রাম বাংলার কৃষকরা বর্তমানে যে সমস্যার সম্মুখীন হয়েছে, সে সম্বন্ধে বিভাগীয় মন্ত্রীমহাশয় ও সমগ্র মন্ত্রী মণ্ডলীর কাছে নিবেদন করতে চাই। বিগত কয়েক মাস ধরে খরা পরিস্থিতি চলবার পর অধুনা বৃষ্টি হওয়ার সঙ্গে সঙ্গে গ্রামবাংলার চাষীরা এখন লাঙ্গল নিয়ে মাঠে নেবে পড়েছে বীজ ফেলবার জন্য। কিন্তু সেখানে বীজ ধান নাই। বিগত কয়েক বৎসর পর পর বন্যার ফলে আমন ধানের চাষ হয় নাই। ফলে তাদের গোলায় বীজ ধান নাই। এই সমস্যা সমাধান করবার জন্য বাংলাদেশের কৃষক সমাজ আজকে ব্লক অফিসগুলিতে গিয়ে ধর্ণা দিচ্ছে। সঙ্গে সঙ্গে আমরাও গ্রামবাংলার প্রতিনিধি হিসেবে ব্লক অফিসে গিয়ে বীজ ধানের জন্য চেষ্টা করছি। কিন্তু দুঃখের কথা—ব্লক অফিসে যে Seeds Statutory Scheme বলে একটা স্কীম ছিল, বিগত কিছু দিন হলো সে Seeds Statutory স্কীম বন্ধ হয়ে গিয়েছে। বীজধান ব্লক অফিসে থাকা সত্ত্বেও কৃষকদের তা দেওয়া হচ্ছে না। বর্তমানে কৃষকসমাজ বীজধানের অভাবে কিভাবে আগামী আমন ধানের চাষ করবে এই চিন্তায় হতাশ হয়ে পড়েছে। তাই আমি মন্ত্রী মণ্ডলীর কাছে বিশেষ করে কৃষি মন্ত্রীর কাছে আবেদন রাখতে চাই। গতকাল খবরের কাগজে দেখলাম পশ্চিমবাংলা থেকে উড়িষ্যার মুখ্যমন্ত্রী নন্দিনী শতপথীকে চার হাজার টন বীজ ধান দেওয়া হচ্ছে। ভাল কথা। কিন্তু আমি হাওড়ার চাষীদের যে দুরবস্থা স্বচক্ষে দেখেছি তাতে বলতে চাই উড়িষ্যাকে চার হাজার টন বীজধান দেওয়ার আগে পশ্চিমবাংলার চাষীদের বীজধানের অভাব মেটাবার ব্যবস্থা আপনারা আগে করুন। সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[1-30—1-40 p.m.]

**শ্রীকাশিনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বাঁকুড়া জেলার রায়পুর থানার একটি দুর্বিসহ চিত্র তুলে ধরছি। এবং এই যে চিত্র তাতে প্রতি বছর ৮০ হাজার মানুষ বিপদাপন্ন হয়। প্রায় ছয় সাত মাস সেখানকার জনসাধারণ সহরাঞ্চলের সংগে যোগাযোগ রাখতে পারে না। এই রায়পুরে পৌছাতে গেলে কংসাবতী নদী পার হতে হয়। সেই নদীর উপর একটি সেতু চিলতোর নামক স্থানে হচ্ছিল ১৯৬৫ সাল থেকে—এখনও সেটা অর্দ্ধ সমাপ্ত অবস্থায় পড়ে আছে। সেখানে সরকারের প্রায় ১০ লক্ষ টাকা খরচ হয়েছে, কিন্তু আজ পর্যন্ত শেষ হয়নি। আজ এখানকার মানুষ এমন অবস্থায় যে বছরের ছয় মাস তারা কারও সাথে যোগাযোগ করতে পারে না, চিঠিপত্র আদান-প্রদান করতে পারে না, রোগীকে হাসপাতালে নিয়ে যেতে পারে না। এই যে অবস্থায় ৮০ হাজার মানুষ রয়েছে তার জন্য কোন সরকার তাঁদের প্রতি সহানুভূতির ভাব দেখাতে পারেন নি। এই অবস্থা আজ চিন্তা করে আমাদের জনপ্রিয় সরকারকে আগিয়ে আসতে হবে। এই সেতু কেন এখনও

শেষ হয়নি তা এই সরকারকে তদন্ত করে দেখবার জন্য অনুরোধ করি। কারণ এখানে সরকারের ১০ লক্ষ টাকা ব্যয় হয়েছে তবুও সেই কার্য সমাপ্ত হয়নি। যাতে এটা সত্বর সমাপ্ত হয় তার ব্যবস্থা করুন এই অনুরোধ করি। এখানে কয়েক মাস ধরে কোন বাস যাতায়াত করতে পারে না। ওখানে যে ১৫ খানি বাস আছে সেই বাস সেখানে যেতে পারে না। তাই সেখানে মানুষের যাতায়াতের খুবই অসুবিধা দেখা দিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অসমাপ্ত সেতুটি যাতে সত্বর সমাপ্ত হয় তার জন্য আমি আপনার মাধ্যমে এই বিধানসভায় প্রস্তাব রাখছি।

**শ্রীনিরঞ্জন ডিহিদার**ঃ মাননীয় স্পীকার মহোদয়, আসানসোল সহর এবং শিল্পাঞ্চলে কয়েকটী জল সরবরাহের পরিকল্পনা সরকার তরফ থেকে নেওয়া হয়েছিল। এবং এই পরিকল্পনাকে কার্যকরী করার জন্য লক্ষ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাই এই গ্রীষ্মে আসানসোল সেটিলাইট টাউনসিপ স্কীমে যে ওয়াটার সাপ্লাই স্কীম ছিল—সেই কাজ শেষ হয়েছে। তাতে বলা হয়েছিল যে ১২ লক্ষ গ্যালন জল তারা জনসাধারণের মধ্যে দেবেন। সেখানে মন্ত্রী মহাশয়ও ছিলেন—তারা প্রতিশ্রুতি দিয়েছিলেন। কিন্তু দেখা গেল ১২ লক্ষ গ্যালন জলের পরিবর্তে সেখানে ১ লক্ষ গ্যালন জল সরবরাহ করা হোল। অথচ সেই স্কীম কমপ্লিট হয়েছে। তার পর ইঞ্জিনীয়াররা বললেন বুলডোজার দিতে হবে বালি সরাবার জন্য ট্রেলার দিতে হবে—তাও দেওয়া হোল—কিন্তু সেই যে জল যা সরবরাহ করা হোল তা এমনই যে পানের অযোগ্য। এই অঞ্চলে রাণীগঞ্জ ওয়াটার ওয়ার্কস উদ্বোধন করার কথা ছিল এপ্রিল মাসে। কিন্তু কাজের অবহেলার জন্য ট্রান্সপোর্টের অভাবে সেই কাজ মোটামুটি হয় নি। হেল্‌থ ডিপার্টমেণ্ট থেকে এই কাজ শুরু করা হয়েছিল সেই কাজ অসমাপ্ত থেকে যাচ্ছে। এখন বর্ষা এসে যাচ্ছে। এখানে প্রভূত অর্থ অপচয় হচ্ছে—কিন্তু জনসাধারণের কোন উপকার সাধন হচ্ছে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের এই দিকে দৃষ্টি আকর্ষণ করছি যাতে অনতিবিলম্বে এর জন্য যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হয়।

**শ্রীবীরেশ্বর রায়**ঃ মিঃ স্পীকার স্যার, আমি গ্রাম বাংলার কৃষকদের একটি দুর্বিসহ অবস্থার কথা এই হাউসে পেশ করছি। আমরা প্রত্যেক এম. এল. এ ব্লক ডেভেলপমেণ্ট কমিটিতে আছি। আমি বিশেষ করে পশ্চিম দিনাজপুরের কথা বলছি। দীর্ঘ দিন খরার পর আজ সেখানে সামান্য বৃষ্টি হয়েছে। কিন্তু চাষীরা গরু কেনবার সি. পি. লোন, বীজ, সার ইত্যাদির জন্য লোন পাচ্ছে না। যা সামান্য কিছু পাওয়া গিয়েছে তা হিসাব করে দেখেছি যে প্রতি গ্রাম পিছু ১০০ করে পড়েছে। এই যদি অবস্থা হয় দীর্ঘ দিন খরা প্রপীড়িত হয়ে যেটুকু চাষবাস করবার সুযোগ সুবিধা রয়েছে তাতে তারা যদি টাকা পয়সা না পায় লোন না পায় তাহলে কৃষিকার্য হবে না ফসল ফলবে না।

আমি আশা করি বিভাগীয় মন্ত্রী এদিকে নজর দেবেন এবং কৃষকরা যাতে ক্যাটল পারচেজ লোন যথেষ্ট পরিমাণে পায় এবং ফার্টিলাইজারের টাকা যাতে পায় তারজন্য আবেদন জানাচ্ছি।

**শ্রীমদনমোহন মহান্ত**ঃ মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রী মহোদয় তথা মাননীয় সদস্যগণের নিকট এক অতি প্রয়োজনীয় তথা এক অতি গুরুত্বপূর্ণ বিষয় উপস্থিত করছি।

আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, পুরুলিয়া জেলা এক মালভূমি। সেখানে কোন সেচ প্রকল্প নাই বললেই চলে।

পুরুলিয়া জেলার কাশিপুর ব্লকে ভাংরা নদীতে সরকার বেশ কিছুদিন পূর্বে এক জোড়া বাঁধ স্কীম মঞ্জুর করেছেন এবং উক্ত স্কীমে কাজও চলছিল। এই স্কীমে সরকার প্রায় ১৫ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ মঞ্জুর করেছেন।

কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় এই স্কীম এর কাজ আজ বেশ কিছুদিন বন্ধ হয়ে আছে। এই স্কীমের কাজ কেন বন্ধ হলো—আমি তার তদন্ত দাবী করি এবং যাতে করে এই স্কীম এর কাজ অতি সত্বর সম্পন্ন হয় তার জন্য সরকারকে সর্বপ্রকার ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার :** মিঃ স্পীকার স্যার, আপনার কাছে একটা জিনিষ জানতে চাইছি। কিছুদিন আগে বিধানসভা শেষ হয়েছিল এবং নূতন বিধানসভা বসেছে। ইতিপূর্বে এই বিধানসভায় দেখতে পাই নি এমন একজনকে আজকে দেখতে পাচ্ছি। আপনার কাছে পরিচয়টা জানতে চাইছি।

**Mr. Speaker**: He is an honourable Member of this House, Shri Nasiruddin Khan, belonging to the Muslim League Party. He has come today in the House, for the first time.

**শ্রীগণেশ হাটুই ঃ** মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটা অতি গুরুত্বপূর্ণ বিষয়ে গ্রামীণ জল সরবরাহ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। খরা পরিস্থিতির মোকাবিলার জন্য যখন ৩৫টা টিউবয়েল এ্যালোট করে দেওয়া হয়েছিল তখন সেটা প্রতি অঞ্চলে পড়ে ৪টা করে এবং কোন কোন অঞ্চলে পড়ে ৩টা করে। এটা প্রয়োজনের তুলনায় অত্যন্ত অল্প এবং এই যে টিউবয়েল ৩৫টা দেওয়া হয়েছিল আমার ব্লকে একটাও নূতন সিনকিং করা যায় নি। সেখানে চারশো টিউবয়েল অকেজো হয়ে পড়ে আছে। যে টিউবয়েল material এবং টাকা দেওয়া হয়েছে তাতে ১০টা সিনকিং করা হয়েছে। বাদ বাকি অকেজো হয়ে পড়ে আছে, গ্রামের অধিকাংশ অধিবাসী জলের অভাবে কষ্ট পাচ্ছে। সেই জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি প্রতিটি ব্লকে আরও ৩৫টা করে টিউবয়েল এবং তার সাজ সরঞ্জাম সরবরাহের ব্যবস্থা করুন। এই ব্যাপারে আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমহমদ দেদার বকস্ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদ জেলায় ভগবানগোলা গ্রামের আখেরীগঞ্জের একটা স্থায়ী পুলিশ ক্যাম্প স্থাপনের প্রয়োজন। কেননা সেখানে ঘন ঘন চুরি ডাকাতি হচ্ছে। বিশেষ করে উক্ত এলাকা বাংলাদেশের সীমান্তে অবস্থিত। বর্ষাকালে ছাড়া অন্যান্য সময়ে প্রায়ই হেঁটে পার হতে পারে এবং মাননীয় অধ্যক্ষ মহাশয় জানেন গত যুদ্ধের সময়ে অনেক লাইসেন্স বিহীন অস্ত্রশস্ত্র রয়েছে এবং সীমান্ত দিয়ে চোরা চালান হচ্ছে। এইসব যদি বন্ধ না করা যায় তাহলে শান্তি বিঘ্নিত হতে পারে। সেইজন্য স্থায়ী একটি পুলিশ ক্যাম্প দরকার। গত ১৫ই এপ্রিল সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় বহরমপুর সার্কিট হাউসে গিয়েছিলেন। তখন সেখানে ছিলেন ডিসট্রিক্ট ম্যাজিষ্ট্রেট, সুপারিনটেণ্ডেনড অফ পুলিশ এবং সাব-ডিভিসন্যাল পুলিশ অফিসার। তাঁদের উপস্থিতিতে বলা হয়েছে, কিন্তু এখনও পর্য্যন্ত কোন ব্যবস্থা অবলম্বন করা হয় নি। সেইজন্য পুনরায় আমি আপনার মাধ্যমে এই সভায় মাননীয় সদস্যদের সংশ্লিষ্ট মন্ত্রী এবং মন্ত্রী মণ্ডলীর দৃষ্টি অকর্ষণ করছি যাতে অতি সত্বর সেখানে একটা স্থায়ী পুলিশ ক্যাম্প বসান হয়।

[1-40—1-50 p.m.]

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৮।৬।৭২ তারিখ থেকে নবদ্বীপের বিদ্যাসাগর কলেজের কয়েকশত অনুন্নত এবং তপশীল সম্প্রদায়ের ছেলেমেয়ে তারা অনশন করে চলেছে পর্যায়ক্রমে। তারা ছাত্রাবাসের টাকা পাচ্ছে না কয়েকমাস থেকে ফলে অনশন এবং অনাহারে তাদের দিন কাটছে। আজকে খবর পেয়েছি তারা আমরণ অনশন করছে। এ বিষয়ে কলেজের অধ্যক্ষ, ছাত্র প্রতিনিধিরা উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছেন কিন্তু কারুর টনক নড়েনি। স্যার, আমরা দেখেছি ছাত্র-ছাত্রীরা দিনের পর দিন না খেয়ে দুঃসহ যাতনা নিয়ে কলেজ করছে এবং সেই ছাত্রাবাসের দেনা বাজারের চারিদিক ছেয়ে ফেলেছে। কলেজের প্রিন্সিপাল রাইটার্স বিল্ডিংসে ট্রাঙ্ককল করেছেন আমরা জানি এবং আমরাও করেছিলাম এবং সেখান থেকে ছাত্রপ্রতিনিধিরা এখানে এসেছিলেন কিন্তু আজ পর্য্যন্ত সুরাহা হয়নি। মাননীয় স্পীকার মহাশয়, তাই আমি আপনার মাধ্যমে এ সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয়ের এবং উর্দ্ধতন কর্তৃপক্ষের অনতিবিলম্বে হস্তক্ষেপের অনুরোধ জানাচ্ছি। অবস্থার'যাতে আরো অবনতি না হয় বা এর কোন বিরূপ প্রতিক্রিয়া যাতে না হয়—কারণ, ছাত্ররা সাধারণ ভাবে যদি এর সামিল হন তাহলে আমি মনে করি অবস্থা আয়ত্তের বাইরে চলে যেতে পারে। ১৮ তারিখ থেকে ছাত্ররা অনশন করছে তার কোন ব্যবস্থা হল না—এডুকেশান ডিপার্টমেন্ট, ত্রাণ বিভাগের কর্তৃপক্ষরাই কোন রকম ব্যবস্থা করলেন না। এটা দেখে আমরা আশ্চর্য হয়ে যাচ্ছি। স্যার, এইরকম পরিস্থিতি কতদিন চলবে সেটাই আমরা জানতে চাই। আমরা ঠাণ্ডা ঘরে বসে আছি আর ওদিকে ছাত্ররা দারুন গ্রীষ্মে অনশম করে চলেছেন, আজ থেকে আবার আমরণ অনশন করছেন, কাজেই মাননীয় মন্ত্রী মহাশয়ের কি বক্তব্য, প্রশাসনের কি বক্তব্য, সেটা এই হাউসের সামনে বলুন। স্যার, যুগান্তর পত্রিকায় এ বিষয়ে অর্থাৎ নবদ্বীপে ছাত্রদের অনশন সম্বন্ধে যে খবর বেরিয়েছে সেটা আপনার দৃষ্টি আকর্ষণের জন্য এনেছি, তা ছাড়া কয়েকদিন আগে বসুমতিতেও এই সংবাদ বেরিয়েছে। স্যার, এসব সত্বেও প্রশাসনের মোহনিদ্রা ভাঙ্গেনি, তাই আজ অত্যন্ত দুঃখের সঙ্গে, পরিতাপের সঙ্গে এটা তুলে ধরলাম মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবার জন্য।

**শ্রীজ্যোতির্ম্ময় মজুমদার:** স্যার, আমরা এ ব্যাপারে মাননীয় ত্রাণমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর বিবৃতি দাবী করছি।

**Mr. Speaker** : Honourable Members, a calling attention notice on the same subject was given by the honourable Member, Shri Gangadhar Pramanick today. I have accepted it and the Hon'ble Minister-in-charge of Parliamentary Affairs has given a date—4th July, 1972—to make a statement on the subject.

**Shri Jyotirmoy Majumdar** : স্যার, ত্রাণমন্ত্রী এখানে উপস্থিত হয়েছেন, তাঁকে এ ব্যাপারে বিবৃতি দেবার জন্যে অনুরোধ করছি।

**Mr. Speaker** : I can only convey the sentiment expressed in this House to the Hon'ble Minister-in-charge of Scheduled Castes and Scheduled Tribes Welfare Department. I have also admitted a calling attention notice today. I have also personally received a telegram and that has been forwarded to the Hon'ble Minister concerned. I think the Hon'ble Minister is ready today with a statement which will be made under rule 346.

**Shri Tuhin Kumar Samanta :** স্যার, ছেলেগুলো মরে গেলে কি উনি বিবৃতি দেবেন ?

**Mr. Speaker :** Just today, after a few minutes, he will make a statement.

**শ্রীশচীনন্দন সাউ ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার নিকট বীরভূম জেলার একটি গুরুত্বপূর্ণ বিষয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন বীরভূম জেলার এই যে অজয় নদী, এই নদীতে বোলপুর এবং নানুর থানা এলাকা বন্যাপ্লাবিত হয়েছে। সেই বন্যা প্রতিরোধের জন্য জাহানারা Scheme এর মাধ্যমে হয়েছিলো তার কাজ আজ সমাপ্ত প্রায় এবং এই কাজ departmental basis-এ D. M. এর chargeএ দেওয়া হয়েছিলো। আজকে সেখানে ৮ হাজার শ্রমিক কাজ পাচ্ছে না। আপনারা জানেন যে এখনও প্রায় আড়াই শত শিক্ষিত যুবক বীরভূম জেলায় B. A., B. Sc., L. C., L. M. E. পাশ করা ছেলে তারা মাটি কেটেছিলো। আজকে ঐ নিম্ন মধ্যবিত্ত ঘরের প্রায় ৮।৯ শত non-matric ছেলে যারা নিজে হাতে মাটি কেটে সেই জাহানারা প্রকল্পের কাজে নিযুক্ত ছিলো সেই সমস্ত ছেলেরা বেকার হয়ে আছে, তাদের কাজের কোন সংস্থান নেই। আমি সেই জাহানারা প্রকল্পে তিনবার গিয়েছি এবং আমার সঙ্গে ফজলে হক সাহেবকেও নিয়ে গিয়েছিলাম জাহানাবাদ পরিদর্শন করতে। এই প্রকল্পে যে সমস্ত বেকার যুবক যারা, শিক্ষিত যুবক, L C.M, L M E. BA, B Sc. পাশ করা এবং নিম্নমধ্যবিত্ত ঘরের ছেলে Non-matric এদের চাকুরীর জন্য আমি জানিয়েছিলাম। আমরা লক্ষ্য করেছি যে বীরভূম জেলায় Irrigation Department এ Contract system এ কাজ করাচ্ছে। Contract system এ পাশা-পাশি যে কাজ করা হচ্ছে, আমি মন্ত্রীমহাশয়কে দেখিয়েছিলাম, আমরা চেয়েছিলাম যে Contract system-এ সমস্ত কাজ abolish করে দিয়ে, Irragation Department এর কাছে লিখেছিলাম আমরা MLA হিসাবে যে Contract system তুলে দিয়ে এই যে departmental basis এ কাজ চলছে সেই departmental basis এ করা হোক। আমার জেলায় বেকার সমস্যার চুড়ান্ত আকার ধারণ করেছে। এই বেকার সমস্যার জ্বালায় আজও আমরা লক্ষ্য করেছি বীরভূম জেলার দেওয়ালে দেওয়ালে আবার নকশালদের নামে Poster দেওয়া হচ্ছে। বীরভূম জেলায় Engineering Co-operative যে সমস্ত বেকার ছেলেরা ঐ Co-operative তৈরী করেছে সেই সমস্ত Co-operativeকে আমরা বলতে চাই যে অবিলম্বে তাদের কাজ দেওয়া হোক। এই Contract system বাতিল করে দিয়ে এই সমস্ত বেকার যুবকদের চাকুরীর সুযোগ সৃষ্টি করে দেওয়া হোক। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীগিরিজাভূষণ মুখার্জী ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি ঘটনা উল্লেখ করবো। আমাদের এখানে তিনটি চটকলে Senior Staff যারা আছেন, Supervisor, Overseer, তারা কাল থেকে Hunger Strike আরম্ভ করছে। তিনটি চটমিলে—আমাদের অঞ্চলে একটা চটমিল টিটাগড় অঞ্চলে তারাও Hunger Strike করছেন। কেন করছে, এইজন্য করছে যে তাদের রবিবারে Overtime করতে বাধ্য করা হয়েছিলো। Circle Inspector যেখানে লিখিতভাবে জানিয়েছেন যে যদি রবিবারের Overtime করার জন্য overtime wage না দেন তাহলে management-কে Prosecute করা হবে। এ সত্বেও তারা চালিয়ে যাচ্ছেন। গত ২৩শে তারিখে District Magistrate, S. P. আমাদের চন্দননগরের S.D O., S.D.P.O. সকলে মিলে Staff এবং managementকে ডাকেন। management তাতে অস্বীকার করেন, head office এর সঙ্গে contract করে তাতে অস্বীকার করে সে সম্পর্কে যে তিনজন Senior Staffকে discharge

করেছেন, তাদের কাজে ফিরিয়ে নিতে অস্বীকার করেন। এই জিনিষ এতদূর পর্যন্ত গড়িয়েছে। হুগলী জেলার authority যারা, District Magistrate, S.D.O., S.P. প্রভৃতি তারা বলেছেন Condemning the section of the management and asking the management to reinstate them. সে সত্বেও আজ পর্যন্ত কোন মিমাংসা হচ্ছে না। Labour Minister-এর দপ্তরেও তার মিটিং হয়েছিল কিন্তু কোন মিমাংসা হয়নি, তারজন্য গতকাল থেকে প্রত্যেকটি কারখানায় একজন করে Staff আমরণ অনশন সুরু করছেন। আমি মাননীয় স্পীকার মহাশয়, আপনার কাছে আবেদন করছি এই Government এর যতটা শক্তি আছে সমস্ত শক্তি প্রয়োগ করে ঐ মাড়োয়ারী মিল মালিক, যারা বিনা অজুহাতে নিজেকে defend করার সুযোগ না দিয়ে মানুষকে এইভাবে dismiss করছে, তাদের বিরুদ্ধে prosecute করার ব্যবস্থা করুন এবং রবিবারে overtime না দিয়ে যাদের কাজ করিয়েছে এবং এই যে আমরণ hunger strike আরম্ভ করেছে এর মিমাংসা না হলে তারা অনশন চালিয়ে যাবেন এবং নিশ্চয়ই ২/৩ দিনের মধ্যে দেখবেন ঐ অঞ্চলে একটা আলোড়নের সৃষ্টি হবে। সমস্ত অঞ্চলে শ্রমিক ধর্মঘট হবে। সমস্ত কারখানার শ্রমিকরা ধর্মঘট সুরু করবে, ঘেরাও করবে। আপনার এখানেও ঘেরাও হচ্ছে এবং Head Office এ ঘেরাও করবে। এই রকম একটা অবস্থার জন্য সেখানে Commotion এর সৃষ্টি হচ্ছে। এটা যাতে বেশী দূর এগিয়ে যেতে না পারে তারজন্য যত শক্তি তা নিয়োগ করার জন্য আমি আপনার কাছে আবেদন করছি।

[1-50—2-00 p.m.]

**শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা উল্লেখযোগ্য বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন গত অধিবেশনে আমরা এখান থেকে দাবি করেছিলাম যে ১৯৭০ সালে বন্যায় যে সমস্ত মানুষ গৃহহারা হয়েছে, তাদের সরকারী সাহায্য দেবার যে প্রতিশ্রুতি ছিল তা পালন করা হোক। কিন্তু দুঃখের বিষয় এখনও সেই সব গৃহহারা মানুষ বর্ষার সামনে দাঁড়িয়ে সেই প্রতিশ্রুতি পালনের কোন চিহ্ন দেখতে পাচ্ছে না। আমি এই ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি এবং আমরা লক্ষ্য করেছি একটা অসহায় অবস্থা। আজকে এখান থেকে আমি আবার সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যদি একটা ব্যবস্থা হয় এবং কেন্দ্রীয় সরকারকে যাতে অন্ততঃ এই সভার অভিমত জানানো হয় এবং এই গৃহহারা মানুষ যারা ঘর হারিয়েছে, তারা বর্ষার আগে যাতে সাহায্য পায় তার ব্যবস্থা করা হোক।

**শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে যে ঘটনার উল্লেখ করবো তার আগে আমি একটা মন্তব্য করতে চাই, যে মন্তব্য আমি গত অধিবেশনের মাঝামাঝি সময়ে করেছিলাম। প্রত্যেক আইন সভা তার রুল ছাড়া নিজের কতকগুলো কনভেনশন তৈরী করে। বর্তমান আইন সভাতে আমরা গত অধিবেশনে লক্ষ্য করেছিলাম যে সদস্যরা একটা নূতন কনভেনশন এখানে তৈরী করেছেন সেটা হলো মেনশনের যে সুযোগ, সেই সুযোগে তাঁরা খুব গুরুত্বপূর্ণ অভিযোগ আনছেন অথবা বিষয়ের উল্লেখ করছেন। সাধারণতঃ আমাদের আইনসভার নিয়মে মেনশন একটা অতি সাধারণ এবং তুচ্ছ ব্যাপার। কোন মন্ত্রী থাকতেও পারেন, নাও থাকতে পারেন, শুনতেও পারেন, নাও শুনতে পারেন, উত্তর দিতে পারেন, নাও উত্তর দিতে পারেন। কিন্তু আমি গত অধিবেশনে বলেছিলাম যে মেনশন একটা গুরুত্বপুর্ব বিষয় হয়ে দাঁড়িয়েছে। এই আইন সভার সদস্যরা এই হাতিয়ারটিকে খুব বেশী করে ব্যবহার করছেন এবং অধ্যক্ষ মহাশয়ও তাদের

সেই সুযোগ দিচ্ছেন। এই অবস্থায় আমি বলেছিলাম যে মেনশনের সময়ে সমস্ত মন্ত্রীরা যাঁরা কলকাতায় আছেন তাঁদের উপস্থিত থাকা উচিত এবং মুখ্যমন্ত্রীর উপস্থিত থাকা উচিত। প্রশ্নোত্তরের সময়, কলিং এ্যাটেনশনের সময় সকলে থাকতেও পারেন, নাও থাকতে পারেন, এমন কি ডিবেটের সময়ও সকলে নাও থাকতে পারেন, কিন্তু মেনশনের সময় কলকাতায় উপস্থিত সমস্ত মন্ত্রীর উপস্থিত থাকা উচিত এবং চিফ মিনিষ্টারেরও উপস্থিত থাকা উচিত। একটা নতুন ঘটনা ঘটছে, সেটাকে লক্ষ্য করা উচিত। সদস্যরা এই মেনশনের সুযোগে অনেক গুরুত্বপূর্ণ বিষয় আনছেন, অনেক জরুরী ব্যাপার তুলছেন। আমি সেইজন্য এবারের অধিবেশনেও আবার সেই কথাটা আপনার মারফত গভর্ণমেণ্টকে মনে করিয়ে দিলাম।

আমি আজকে যেটা উল্লেখ করতে যাচ্ছি তা হলো এই যে আমরা যখন আইনসভার অধিবেশন করছি, তখন কলকাতা কর্পোরেশনের কর্মচারীরা, তারা সেখানে অবস্থান করছে ২৪ ঘণ্টার জন্য। তাদের সেই অবস্থানে লাল ঝাণ্ডা এবং তেরংগা ঝাণ্ডা পাশাপাশি উড়ছে এবং প্রাদেশিক কংগ্রেস কমিটির কর্মকর্তারা সেখানে বক্তৃতা করেছেন এবং এখনও করছেন। অর্থাৎ কর্মচারী এবং শ্রমিকদের সমস্ত সংগঠন এইবিষয়ে একমত এবং আমাদের প্রগ্রেসিভ এ্যালায়েন্স, যেটা ডেমক্রাটিক হয়েছে, তার যারা শরীকদল, সকলেই এবং সংগঠনিক নেতৃত্ব এই বিষয়ে একমত যখন তাহলে কি নিয়ে ব্যাপারটা হচ্ছে। আপনি জানেন বা আমি জানাচ্ছি যে ১৭ই ফেব্রুয়ারী তারিখে শ্রমিক কর্মচারীদের সমস্ত সমিতির সঙ্গে কর্পোরেশন কর্তৃপক্ষের একটা চুক্তি হয়েছে, সেই চুক্তির বিষয়ে শ্রমিক কর্মচারীরা বলছে গভর্ণমেণ্ট কর্পোরেশন নিয়ে নেবার পর সেই চুক্তিটা মানা তাদের পক্ষে বাধ্যতামূলক, আইনতও বটে, নৈতিক দিক থেকেও বটে। সেখানে দু একটি ব্যাপারে বাধা দেখা দিয়েছে, যা নিয়ে এটা লেগেছে। বাকী বকেয়া যেটা শ্রমিকদের সর্বোপরি দাবি, সেটা শ্রমিকদের দেয়া হবে কি না। কর্তৃপক্ষ বলছেন, যখন পয়সা হবে তখন দেওয়া হবে, তা বললে তো হয়না, সেটা একটা নিয়ম করে বা ইনষ্টলমেণ্টে দেওয়া হবে, এই রকম একটা এগ্রিমেণ্ট হতে পারে এবং পূজোর সময় তারা একটা একস্‌গ্রাসিয়া পেমেণ্ট গত তিন বছর ধরে পাচ্ছে. সেটা বাদ যাবে কি না, তার সঙ্গে এই চুক্তির কোন সম্পর্ক নেই, এই আন্দোলনের কোন সম্পর্ক নেই, সেই প্রশ্ন উত্থাপন করা এখানে খুব অন্যায়। আমি এই সূত্রে বলতে পারি কর্পোরেশনকে গভর্ণমেণ্টকে কি দিতে হচ্ছে, কিন্তু বম্বে কর্পোরেশনকে বম্বে গভর্ণমেণ্ট. ১৬ কোটি টাকার মত বছরে গ্রাণ্ট দেয়। দিল্লী কর্পোরেশনকে ১১ কোটি টাকার মত গ্রাণ্ট দেয়, আর কলকাতা কর্পোরেশনকে সাড়ে ৪ কোটি টাকার মত গ্রাণ্ট দেয়। যদিও কলকাতা কর্পোরেশন দিল্লী বা বোম্বাইএর চেয়ে সংখ্যার দিক থেকে এবং সমস্যার দিক থেকে অনেক বেশী। সুতরাং সাধারণ নাগরিকদের সুযোগ-সুবিধা বাড়াবার জন্য কর্মচারীদের ন্যায্য পাওনা দেওয়াটা এইটা সামান্য প্রশ্ন তাই এইটা আজকে দেখা উচিত। গত ১৯ তারিখ থেকে তারা ধর্মঘট করবেন বলে ঠিক করেছেন এবং তাদের পিছনে আমাদের জাতীয় কংগ্রেস এর প্রাদেশিক কমিটি এবং কমিউনিষ্ট পার্টির রাজ্য কমিটি দুই জনেরই এক মত। সুতরাং আপনারা এই ঘটনার সম্মুখীন হতে যাচ্ছেন কেন? এগ্রিমেণ্ট যেটা হচ্ছে, সেটা আপনারা মানবেননা কেন? তাই আমি আপনার মাধ্যমে এই বিষয়ের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ এবং মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়কে অনুরোধ জানাচ্ছি যে, এই ঘটনা যা হচ্ছে সেটাকে মিটিয়ে ফেলুন। আমরা এ্যাডজাষ্টমেণ্ট যা হচ্ছে সেটা মানার পক্ষে এবং এইটা মানা উচিত এইটাই আমি জানাচ্ছি।

**Shri Santoshkumar Roy** : The students of Nabadwip Vidyasagar College have resorted to hunger strike since 18th June, 1972 in protest against non-receipt of the post-Matric scholarship including hostel charges. After the

Vote-on-Account Budget was passed an allotment of Rs. 47,000 was made for Nadia District in connection with payment of post-Matric scholarship including hostel charges. The entire amount was utilised in making awards to the students whose case could not be considered during the financial year 1971-72 due to paucity of funds. The total number of scheduled casted students eligible for post-Matrie scholarship in Nabadwip Vidyasagar College is stated to be 184 and the fund necessary for meeting the requirements of all these students would be approximately Rs. 1 lakh. As it would not have been possible for the Scheduled Castes and Tribes Department to allot this amount to the College till the entire Budget was passed an ad hoc allotment of Rs. 15,000 has been made to the College on 27-6-72. Simultaneously the Finance Deparment was moved to make an allotment of Rs. 1 lakn under the scheme "Scholarships to Scheduled Castes students" reading in post seeondary stage before the Budget is passed so that the requirement of the College can be met immediately. Necessary allotment as prayed for has been received from the Finance Department. Steps are being taken to allot the entire amount to Nadia District on account of payment of the post-Matric scholarships to eligible students of Nabadwip Vidyasagar College and other colleges of the district. I would like to assure this House that Government is fully aware of the difficulties being faced by the scheduled castes and scheduled tribes students in different schools and colleges and that all possible steps would be taken to relieve their distress within the fund available for this purpose. I would take this opportunity of appealing to all Members to kindly extend their co-operatton in this matter.

[2-00 --2-10 p.m ]

**শ্রীবিশ্বনাথ মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বক্তৃতা আমাদের সামনে দিয়েছেন এবং যে বাজেট পেশ করেছেন তার উপর আলোচনা সুরু করতে গিয়ে প্রথমেই আমার এবং আমার দলের দৃষ্টিভঙ্গী আমি পরিষ্কার করতে চাই। আমরা চাই যে কর্মসূচীর উপর দাঁড়িয়ে এই প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চা জনসাধারণের কাছে আবেদন করেছিল এবং জনসাধারণের বিপুল ভোটে জয়যুক্ত হয়ে আজ কংগ্রেস দল গভর্ণমেণ্ট তৈরী করেছেন এবং আমরা তার সমর্থন করছি সেই কর্মসূচীর দিকে যেন আমাদের সব সময় লক্ষ্য থাকে এবং সেই কর্ম্মসূচী রূপায়ণের জন্য আমরা চেষ্টা করছি সেটা যেন বোঝা যায়। আমি সর্বান্তঃকরণে কামনা করব আমাদের গভর্ণমেণ্ট এই কর্মসূচী রূপায়ণে সফল হোক এবং যা কিছু সকল বিষয়ে সমালোচনা করব সবটা একই উদ্দেশ্যে যে যাতে গভর্ণমেণ্ট সফল হয় সেই কর্ম্মসূচী রূপায়ণ করতে যাতে আমাদের পশ্চিমবাংলা সফল হতে পারে। প্রথমেই আমি নূতন tax বসাবার একটা নূতন দৃষ্টিভঙ্গী যখন অর্থমন্ত্রী রেখেছেন তাকে স্বাগত জানাচ্ছি। সেটা হল এই যে বিলাসদ্রব্যের উপর শুধু কর বাড়ানোই নয় বিশেষ করে বড় বড় হোটেল এবং ক্যাবারের উপর tax বসানোটা খুব উচিত কাজ হয়েছে এবং ঠিক দিকে আমাদের tax বসাবার নীতি পরিচালিত করেছে বলে আমি মনে করি। তবে একটা মন্তব্য করব যে কোলকাতায় ২৫টির মত বড Hotel আছে সেগুলি সব luxury

hotel। সেই hotel গুলির turn over-এর উপর যদি শতকরা ৩৩ ভাগ tax বসান হয় তাহলে গভর্ণমেন্ট বছরে ৩ কোটি টাকা পেতে পারে বলে আমার হিসাব। কিন্তু আমার মনে একটা সন্দেহ উঁকি মারছে যে ক্যাবারের কথা বলায় ভেতর দিয়ে শুধু কি আমোদ প্রমোদের উপর tax বসান হবে, না luxury hotel এর উপর সামগ্রিকভাবে tax বসান হবে? যদি ক্যাবারের উপর বিশেষ ভাবে বসাতে পারেন তাহলে তা করতে পারেন। যদি বড় hotel-এর উপর শতকরা ৩৩ ভাগ বসান তাহলে ক্যাবারের উপর ৪০ ভাগ করতে পারি। এই যে বড় ২৫টি হোটেলের উপর ন্যূনতম ভাবে ৩৩ ভাগ tax বসান হয় তাহলে সেটা একটা tax যেটা জনসাধারণের গায়ে লাগবে না, সাধারণ মানুষের এতে কোন লোকসান নেই। আপনি জানেন বড় হোটেল গুলিতে যাঁরা থাকেন তাঁরা নিজেরা হয় খুব বড় লোক, না হয় বড় বড় Coy-র পয়সায় সেখানে থাকেন বা খানাপিনা করেন। সুতরাং এর উপর tax হলে সাধারণ মানুষের উপর তা আঁচ লাগবে না। তেমনিভাবে Sales tax-এর বেলায় luxury goods-এর উপর tax বসানোতে আমারা খুব আনন্দিত। বিলিতি মদের উপর শতকরা ১২ ভাগ কেন, দ্বিগুন করে দিতে পারতেন। বিলিতি মদ সাধারণ মানুষে খায় না। বড়লোকেরা খায়, কিম্বা পরের পয়সায় ঘুস হিসাবে খায়। এটা যারা খায় বড়লোক বা বড় কর্মচারীরাই খায়। সুতরাং এর উপর শতকরা ২৫ ভাগ tax বসালেও কিছু হয় না এবং সেটাকে আমি অভিনন্দন জানাব। কিন্তু এই tax-এর নীতির প্রতি আমাদের একটা প্রতিবাদ আছে। সেটা হচ্ছে এই যে একটা প্রগতিশীল গণতান্ত্রিক গভর্ণমেন্টের tax-এর নীতি হওয়া উচিত progressive taxation, আমি লক্ষ্য করলাম ভূমিরাজস্বের উপর ভূমি রাজস্ব বৃদ্ধি করার জন্য যে বিল আনা হয়েছে তাতে ৩ একর পর্যন্ত একেবারে ভূমিরাজস্ব বাদ। এটা আইনে আছে. কোন উপায় ছিল না।

কিন্তু তার উপর একেবারে ফ্ল্যাট রেটে ডবল আর তিন গুন—অ-সেচে ডবল, সেচে ৩ গুন এটা মোটেই উচিত নয়। আমি বলব যে ৩ একর থেকে ৫ একর পর্যন্ত যাদের জমি আছে তাদের খাজনা বাড়ান উচিত নয়, করলে দেড় থেকে ২ গুন করা উচিত, তার বেশী নয়. কিন্তু তাদের উপর ফ্লাট রেটে ২ থেকে ৩ গুন বাড়ান উচিত নয়। তারপর যেটা আছে সেটা প্রোগ্রেসিভ স্কেলে করা উচিত. স্ল্যাব সিসটেমে ৫ থেকে ১০ একর, ১০ থেকে ১৫ একর ১৫ থেকে ২০ একর এবং ২০ থেকে তার উপর ৫ থেকে ৬ গুন যদি করেন তাহলে ভাল হয়। যে কারণে এটা বৃদ্ধি করেছেন সেই কারণের দিক থেকে জমির মানটা খুব গুরুত্বপূর্ণ। আমি খুশী হতাম যদি জমির উপর খাজনা বৃদ্ধি না করে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স নতুনভাবে নিয়ে আসতে পারতেন, যদি আয়ের উপর কর বসত। আমরা জানি জমি খারাপ থাকলে ৫ একরে যে আয় হয় ভাল জমিতে ৩ একরে তার চেয়ে বেশী আয় হয়। কোথাও ২।৩টি করে ক্রপ হচ্ছে, কোথাও বোরো হচ্ছে, কোথাও কমার্শিয়াল ক্রপ হচ্ছে, এইসব বিবেচনা করে জমির উপর কর ধার্য ভবিষ্যতে যেন করা হয়, সেই বিষয়ে যেন আইন আনা হয়। যতক্ষণ না সেই আইন আসছে ততক্ষণ স্টপ গ্যাপ হিসাবে এটা আমি মানতে রাজী আছি। কিন্তু তলার দিক ছাড়ের পর কিছুটা অংশে বেশী বাড়ান মোটেই উচিত নয়, তার উপরের দিকে বেশী বাড়ান উচিত বলে আমি মনে করি। আর একটা জিনিস লক্ষ্য করছি শহরে বড় বড় জায়গা কেনা-বেচা হচ্ছে. তার উপর স্ট্যাম্প ডিউটি বাড়ান উচিত। আর্বান সিলিং হবে এই কথা শোনা অবধি সেই সমস্ত জমির হস্তান্তর সুরু হয়ে গেছে ফাঁকি দেওয়ার জন্য। তা থেকে গভর্ণমেন্ট যদি কিছু টাকা তুলে নিতে পারেন তাতে লোকসান নেই, খুব ভাল কথা। কিন্তু সেখানে আমি লক্ষ্য করেছি ১ হাজার টাকার বিক্রির উপর যে রেটে ট্যাক্স বসবে ১ লক্ষ টাকা বিক্রয় উপর সেই রেটে ট্যাক্স বসবে। এই নীতি আমি কিছু বুঝিনা। মন্ত্রী মহাশয় যুক্তি দিয়েছেন যে

মহারাষ্ট্রে যে রেট আছে সেই রেট আমি দিয়েছি। খুব ভাল কথা। কিন্তু রেটটা বাড়ান না। মহারাষ্ট্রে আছে—সবই মহারাষ্ট্রের পদাঙ্ক অনুসরণ করতে হবে? নায়েক ভারতবর্ষের প্রগতিশীল মুখ্যমন্ত্রী বলে আমি তো বিশ্বাস করি না এবং করব না। অতএব মহারাষ্ট্র করছে তাই করব, রাষ্ট্রপতি মানবেন কি মানবেন না, প্রগতিশীল ট্যাকসেসান রাষ্ট্রপতি কেন মানবেন না আমি বুঝিনা। তারপর সিনেমার উপর প্রমোদ কর বসিয়েছেন। যারা বেশী পয়সা দিয়ে সিনেমা দেখে তাদের উপর খানিকটা ট্যাক্স বাড়িয়ে দিন আমার কোন আপত্তি নেই। কিন্তু ৫০ পয়সার যে টিকিট তার উপর সে ইতিমধ্যে ২০ পয়সা ট্যাক্স দিচ্ছে, তার উপর ২৫ পয়সা কি ২০ পয়সা বাড়িয়ে দিলেন। ৫০ পয়সা যে টিকিটের দাম সেই টিকিটের উপর একটা ট্যাক্স বসিয়েছেন, তারপরে ৫০ থেকে ১২০ তার উপর আর একটা হায়ার রেটে ট্যাক্স বসিয়েছেন। তার উপর অন্য প্রগ্রেসান আছে। কিন্তু প্রোগ্রেসান সেখানে আছে আমি মেনে নিলাম, মোটোর ভেহিকলস, সিনেমাতে প্রোগ্রেসান আছে আমি মানছি কিন্তু তলার দিকে স্ল্যাবকে বাদ দেওয়া উচিত। যারা নিতান্ত অল্প পয়সার টিকিট কেনে তাদের উপর ট্যাক্স আছে, তাদের উপর নতুন করে ট্যাক্স বসান উচিত নয়। মোটের উপর ট্যাক্স কিছু বাড়াতেই হবে, অতএব সেদিক থেকে কতকগুলি বিলাস দ্রব্যের উপর যে ট্যাক্স বসেছে সেটাকে আমি অভিনন্দন জানাচ্ছি। আমার পরের কথা হল এই যে খরচ কিভাবে হবে। সেই বিষয়ে উনি বলেছেন যে আমরা উন্নয়নের দিকে মুখ ঘুরিয়ে এই বাজেট করেছি। ভাল কথা আমি খুব খুশী হতাম যদি ওঁর বক্তৃতায় উন্নয়ন খাতে কি কি বৃদ্ধি করা হল সেটা বলে দিতেন। উনি অবশ্য বাজেটের কাগজপত্র আমাদের দিয়ে দিয়েছেন, তোমরা সব কাগজপত্র পড়, আগেরগুলি দেখ, তার আগেরগুলি দেখ, কমপেয়ার কর, টোটাল কর, প্লাস কর, মাইনাস কর, তোমরা চেষ্টা করে বের কর। চেষ্টা করে কেউ কেউ বের করবেন, কেউ কেউ বের করতে পারবেন না। উনি আমাদের সাহায্য করতে পারতেন যদি সুনির্দিষ্টভাবে বলে দিতেন যে উন্নয়ন খাতে কোথায় কত কি বাড়িয়েছেন কোন হিসাবের কারচুপি না করে অর্থাৎ আগে একটা জিনিস রেভেনিউ খাতে ছিল সেটা এখন উন্নয়ন খাতে কেড়ে নিয়ে এসে দেখিয়ে দিলাম যে উন্নয়ন খাতে বেড়ে গেল তা নয়, আগের যে হিসাব ছিল সেই হিসাবের সঙ্গে সমানভাবে ধরে এবারের হিসাব কোথায় কি বাড়াচ্ছেন সেটা একটু বোঝাতে পারলে আমাদের পক্ষে ভাল হত।

[2-10—2-20 p.m.]

নিশ্চয়ই উন্নয়নের দিকে লক্ষ্য রেখে বাজেট হওয়া উচিত এবং সেদিকে মন্ত্রীমহাশয় চেষ্টা করেছেন দেখে আমি খুশী হয়েছি। তবে তিনি যদি আরও একটু পরিষ্কার করতেন তাহলে আরও খুশী হতাম। আমাদের আয়ের অন্য একটা দিক হচ্ছে কেন্দ্রীয় সাহায্য। এ সম্বন্ধে তিনি যা লিখেছেন আমি তা সমর্থন করি। এটা ঠিক কথা নয় যে সব সময় পশ্চিমবাংলার প্রতি ডিসক্রিমিনেসন হয়েছে। আমি কিছু কিছু জানি যেখানে ডিসক্রিমিনেসন হয়নি। কিন্তু কতকগুলি গুরুতর অভিযোগ পশ্চিমবাংলায় আছে। প্রথম কথা হচ্ছে আমরা কত টাকা পাব, না পাব এবং পশ্চিমবাংলার মানুষের গড়পড়তা রোজগার হয়ত অন্যান্য রাজ্যের চেয়ে বেশী বা কম। কিন্তু প্রশ্ন হচ্ছে এই গড়পড়তা রোজগার কোথা থেকে আসছে? কোলকাতা। সবচেয়ে বড় কথা হচ্ছে এবং ভারত সরকার নিশ্চয়ই ভুলে যাননি যে, এই যে বিরাট কোলকাতা মহানগরী যেটা বৃটিশ আমল থেকে গড়ে উঠেছে তার যে উপার্জন তা থেকেই পশ্চিমবাংলার গড় করা হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে কোলকাতার বাইরে যে অংশ আছে অর্থাৎ আসানসোল প্রভৃতি যে সমস্ত জায়গায় আছে সেই বাইরের অংশের কি অবস্থা? It is as backward as any State in India, may be much more backward than any of States in India.

মফঃস্বল জেলার কি অবস্থা সেটা আপনারা দেখেছেন কি ? কৃষিক্ষেত্রে ভারতবর্ষের তালি দেখুন, দেখবেন তলিয়ে আছে, রুরাল ইলেট্রিফিকেসন দেখুন, সবচেয়ে তলিয়ে আছে, গ্রাউণ্ড ওয়া এক্সপ্লয়টেসন তলিয়ে আছে, কো-অপারেটিভ তলিয়ে আছে, এগ্রো ইনডাষ্ট্রিস তলিয়ে আছে, ক্ষুদ্র মাঝারি শিল্প তলিয়ে আছে। সবটা মিলিয়ে দেখতে একরকম, কিন্তু যদি ভাগ করা হয় তাঃ দেখব এই কোলকাতা মহানগরী ভারতবর্ষের একটা বড ব্যবসা কেন্দ্র এবং তাবেই গড় করে ট দেওয়া হয়। এটা একটা মুস্কিল ব্যাপার। আমাদের টাকা পাওয়ার দিক থেকে দ্বিতীয় মু হচ্ছে কোলকাতার যে আয় সেটা কিন্তু বেশীর ভাগই কেন্দ্রীয় সরকারের। আপনার কৃষির উ আয়কর বসাবার এক্তিয়ার আছে, কিন্তু সমস্ত বাণিজ্যিক শিল্পের উপর কর বসাবার এক্তিয় আপনার নেই। সুতরাং এই কোলকাতাকে নিয়ে দুদিক থেকে বিপদ আছে। একটি বিপদ হ কোলকাতার জন্য আমাদের এ্যাভারেজ বড হচ্ছে অথচ সেটা জাষ্টিফাইড নয় এবং আর এব বিপদ হচ্ছে কোলকাতা থেকে যে আয় হয় সেটা কেন্দ্রীয় সরকারের আয়, রাজ্য সরকারের ত নয়। কোলকাতা থেকে যে আয় হয় সেটা কেন্দ্রীয় সরকার অবশ্যই নেবেন, কিন্তু আমার বক্ত হচ্ছে এই ক্ষেত্রে পশ্চিমবাংলার অংশ বৃদ্ধি করা উচিত। আমাদের মন্ত্রীমহাশয় যেটা বলেছেন ফাইনান্স কমিশনের কাছে সেটা ভাল কথা। কিন্তু আমি তার সঙ্গে আর একটু যোগ করে বল চাইছি বৃহত্তর কোলকাতা থেকে কেন্দ্রীয় সরকারের যে আয় হবে তার একটা সিলিং বেঁধে দেও উচিত। ধরুন, গত বছর পর্যন্ত যে আয় হয়েছে তা থেকে তাঁরা আমাদের কত অংশ দেবেন সে ফাইনান্স কমিসন ঠিক করবেন। কতগুলি ফাইনান্স কমিশন ঠিক করবেন এবং কতগুলি বাঁ আছে। কিন্তু তার উপরে যদি আয় হয় তাহলে তার একটা সুনির্দিষ্ট অংশ আমাদের পাওয়া উচি ধরুন, এবছর যদি ৫০০ কোটি টাকা হয় এবং আগামী বছর যদি ৭০০ কোটি টাকা হয় তাহলে এই ২০০ কোটি টাকা বৃদ্ধি হল তার মধ্যে শতকরা ৫০ ভাগ সুনির্দিষ্টভাবে লিপিবদ্ধ থাকা উচিত এটা পশ্চিমবাংলার প্রাপ্য। এই বাজেটের বাইরে কৃষির উন্নয়নের জন্য যে টাকা চেয়েছেন সেটা য তিনি পান তাহলে কি করবেন সেটা বলা উচিত। বিদ্যুৎ বাড়াবার জন্য যে ব্যবস্থা করেছেন তা বাজেটে যেটা আছে তাতে দেখছি মস্ত বড বুড়ো আঙ্গুল হবে। অবশ্য এর উপর যদি কিছু টাব তিনি পান তাহলে বিদ্যুৎ বাড়তে পারে এটা ঠিক এবং সেদিক থেকে আমাদের টাকা পাও ন্যায়সংগত দাবী।

আমি এই বিষয়ে এই কথা বলতে চাই সেটা হল এই যে, পশ্চিমবাংলার বিরুদ্ধে ডিসক্রিমিনেস বা নন-ডিস্ক্রিমিনেসব সাধারণভাবে আলোচনা করে কোন লাভ নেই। একটা জিনিস ষ্টীল এবং কো এই জুটের প্রাইস ইকুয়ালাইজেসন হয়ে গেলে—হয়ে যাবার ফলে পশ্চিমবাংলার যে য়্যাডভানটে ছিল সেটা চলে গেল কিন্তু কখন প্রাইস ইকুয়ালাইজেসন হল ? এবং র মেটীরিয়ালস এব স্পেয়ার পার্টসে তার য়্যালকেসনে পশ্চিমবাংলা সাফার করেছে—আজ থেকে নয়, আমাদের পেছ বসে আছেন প্রাক্তন মুখ্যমন্ত্রী, তিনি এই বিষয়ে একটা কমিটি বসিয়েছিলেন, সেই কমিটি আলোচ করে একটা রিপোর্ট সাবমিট করেছিল। সেই সময় থেকে এটা লক্ষ্য করা যাচ্ছে যে স্পেয়ার পার্ট পাওয়ার ব্যাপারে মেটিরিয়ালস পাওয়ার ব্যাপারে ডিসক্রিমিনেসন আছে। যেমন ধরুন গ্যালভ নাইজড সীট, গ্যালভানাইজ সীটের উপর যে কেন্দ্রীয় তদন্ত কমিটি রায় দিয়েছিল যে ক্যাপাসি অনুসারে বাড়বে কিন্তু তা না করে জনসংখ্যার ভিত্তিতে বণ্টন করা হচ্ছে। এই রকম আরো কি আছে যেগুলির প্রতিকার হওয়া উচিত। বিদ্যুৎ সম্বন্ধে আমি বলতে পারি যে আমরা এত পিছি গেছি এবং যাচ্ছি যে তা বলবার কথা নয়। ১৯৬০-৬১ সালে আমাদের পশ্চিমবাংলা ছিল ৯৭ মেগা ওয়াট এবং সমস্ত পূর্ব ভারতে ১২০০ মেগা ওয়াট—সারা ভারতের মধ্যে এই রিজিয়ান ছি লিডিং। আমাদের ছিল ১২১০, নর্দান রিজিয়নে ছিল ৯৭৭ আর ওয়েষ্টার্ণ রিজিয়নে ছিল ১১৯

আর সাদার্ণ রিজিয়ণে ছিল ২৭৯, অর্থাৎ ইষ্টার্ণ রিজিয়ন সকলের চেয়ে এগিয়ে ছিল ১৯৬০-৬১ সালে। সেখান থেকে অবস্থা কি দাঁড়িয়েছে। ১৯৬৫-৬৬ সালে অন্যরা আমাদের সমান হয়ে গেছে, আবার কেউ কেউ বেড়েও গেছে। ইষ্টার্ণ রিজিয়ন হয়েছে ২১৯০ আর ওয়েষ্টার্ণ রিজিয়ন হয়েছে ২২৯৮, আর সাদার্ণ রিজিয়ন হয়েছে ২২৪৮, তার চেয়েও সর্বনাশা ব্যাপার এই যে ১৯৭৩-৭৪ সালে যে হিসাব সেই হিসাবে দেখা যাচ্ছে যে আমাদের হোল ইষ্টার্ণ রিজিয়নে পশ্চিমবাংলা, বিহার, আসাম, উড়িষ্যা ইত্যাদি নিয়ে সমস্ত হবে ৪৪১১, সেখানে নদার্ণ রিজিয়নে হয়ে যাবে ৬০২৭, আর ওয়েষ্টার্ণ রিজিয়ন হয়ে যাবে ৫১০০, আর সাদার্ন রিজিয়নে হয়ে যাবে ৫০৭৬ এবং য়্যাডিস্যানাল ক্যাপাসিটী যা স্যাংসন করা হয়েছে ফিফত ফাইভ ইয়ার প্ল্যানটা লক্ষ্য করুন। আর ভবিষ্যতের কথা ভাবুন—কতদুর পেছিয়ে যাবে ১৯৭৩-৭৪ সালে সেটা আমি দেখালাম কিন্তু আরো কতদূর পিছিয়ে যাবেন ফিফথ ফাইভ ইয়ার প্ল্যানে সেটা লক্ষ্য করুন। আমাদের ইষ্টার্ণ রিজিয়নে য়্যাডিসানাল ক্যাপাসিটী স্যাংসন করা হয়েছে ৩৯২০, আর নদার্ণ রিজিয়নের জন্য য়্যালাউ করা হয়েছে ৬৪৭১, আর ওয়েষ্টার্ণ রিজিয়নে ক্যাপাসিটী য়্যালাউ করা হয়েছে ৫১৪৭ প্রায় ডবল। আর সাদার্ণ রিজিয়নে য়্যালাউ করা হয়েছে ৫৯৯৪ প্রায় ডবল এটা বুঝে রাখুন। ১৯৭৩-৭৭ সালের পরেও পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এই সমগ্র পূর্ব ভারত অনেক পিছিয়ে যাবে, অন্যান্য সমস্ত রিজিয়নের থেকে; সুতরাং পূর্ব ভারত ফাষ্ট প্লেস থেকে লাষ্ট প্লেসে ফেলে দেয়া হয়েছে। এইসব ব্যাপার নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে নিশ্চয়ই টেক আপ করা উচিত। আর একটা কথা আমি না বলে পারছিনা, কেন না আমিও তার সঙ্গে কিছুটা জড়িত ছিলাম সেটা হচ্ছে ফরাক্কা। এই নিয়ে অনেক হৈ চৈ হচ্ছে। ফরাক্কার কথা আমি অনেক জানি, আপনারাও হয়ত অনেক জানেন। এই বিষয়ে সন্দেহ নাই আমাদের বরাবর আশ্বাস দেয়া হয়েছে যে ৪০ হাজার থেকে ৫০ হাজার কিউসেক জল আপনারা অসময়ে পাবেন। লীন মাস্থে আমরা পেতে চেয়েছি এবং এটা পাওয়া যাবে ধরে নিয়ে ফরাক্কার সমস্ত ডিজাইন বিপুল অর্থব্যয় সেইজন্যই হয়েছে। ক্যানেল এবং সমস্ত কিছু সেইভাবেই হয়েছে কিন্তু কিছুদিন যাবৎ আমাদের সন্দেহ উঠেছে, আমরা চিঠি লিখেছি, আমি তখন গভর্ণমেণ্টে ছিলাম—তখন মুখ্যমন্ত্রী যিনি ছিলেন, এখানে তিনি এখন বসে আছেন, তিনি লিখেছিলেন প্রধানমন্ত্রীকে, সেচমন্ত্রীকে কিন্তু কোন উত্তর নাই। অথচ আমার সঙ্গে ব্যক্তিগত কথার সময় সেচমন্ত্রী আমাকে আশ্বাস দিয়েছিলেন যে মুখার্জী আপনাদেরটা তো পেলেই হল, আপনারা পাবেন। আমরা আশঙ্কা প্রকাশ করেছি পাব না। বোধহয় সন্দেহ হচ্ছে যে উপর থেকে নানাভাবে জল টেনে নেবার ব্যবস্থা হচ্ছে। আপনারা যত খুসী টেনে নিন। বিহারে সেচ হোক, ইউ, পিতে সেচ হোক, এই গংগার জল মহারাষ্ট্রে নিয়ে যেতে চান কি অন্ধ্রতে নিয়ে যেতে চান যা খুশী তাই করুন, আমাদের শুধু গ্যারাণ্টি করুন যে ৪০ থেকে ৪৫ হাজার কিউসেক জল আমরা কমপক্ষে লীন মাস্থে পাব।

কিন্তু আমার সন্দেহ হচ্ছে যে নানা প্রজেক্ট আসছে, প্রজেক্টের কথা তাঁরা অস্বীকার করছেন। পরে আমরা গোপনে সংগ্রহ করেছি, গোপনে সন্দেহ করে আমরা বলছি যে এই প্রজেক্টস্ হচ্ছে এই প্রজেক্টে এত কিউসেক জল টেনে নেবে তাহলে আমরা পাবো কি করে? কিন্তু তখনও পর্যন্ত তাঁরা আমাদের আশ্বস্ত করছেন। এখনও দেখা যাচ্ছে যে লিন মান্থস এ আমরা ৪/৫ হাজার কিউসেক এর জলের বেশী পাবোনা। এবং তার মানে কলকাতা মরে যাবে। শুধু তাই নয় সমস্ত কলকাতা এবং এই বৃহত্তর নগরী তার বন্দরের এর জন্য জল চাই, তার শিল্পের জন্য জল চাই, তার পানীয় জল গ্রীষ্মকালে যে জলটা নোনা হয়ে যায়, সেই জল মিষ্টি রাখার জন্য জল চাই। সুতরাং সমস্ত দিক থেকে একটা বিরাট সর্বনাশা শুধু পশ্চিমবাংলায় নয়, সারা পূর্বভারতে হবে এবং এটা কিছুতেই হতে

দেওয়া উচিত নয়। এটা খুব গুরুত্বপূর্ণ ভাবে গ্রহণ করা উচিত যে আমাদের ৪০।৪৫ হাজার কিউসেক জলের বরাদ্দ রেখে যত খুশী জল নেও, যে কোন কারণে জল নাও, যাকে খুশী জল দিতে চাও দাও আমাদের পশ্চিম বাংলার কোন ঈর্ষা নেই, আমাদের পশ্চিম বাংলার কোন আপত্তি নেই। কিন্তু যেটা আমাদের হৃদপিণ্ড সেই হৃদপিণ্ডকে চটকে মেরে দিয়ে অপরকে দিওনা এই হচ্ছে পশ্চিম বাংলার বক্তব্য এবং এটা জোরলোভাবে আমাদের গভর্ণমেণ্টের রাখা উচিত।

[2-20—2-30 p. m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইবার বাজেটের কথায় আমি আসছি। ডেভালপমেণ্ট খাতে ডেভালপমেণ্টের ষ্ট্রাটেজিটা কি, তার পলিসিগুলি কি? আমি কোন পুংখানুপুংখ আলোচনা করতে চাইনা, বিভিন্ন বক্তারা আলোচনা করবেন বা যখন বিভিন্ন গ্রাণ্ট আসবে তখন বিভিন্ন বক্তারা বলবেন কিন্তু আমি শুধু জানতে চাই যে গভর্ণমেণ্ট যে ডেভালপমেণ্ট করবেন তার মূল রণনীতিটা কি এবং তার পলিসি কি? কিছু কিছু জায়গায় উনি কতকগুলো ভাল কথা বলেছেন যেগুলি আরো জোরালো ভাবে বলা উচিত ছিল কিন্তু স্পষ্টভাবে একটা ডাইরেকশন বেরিয়ে আসছেনা যে এই ষ্ট্রাটেজি নিয়ে আমরা এগিয়ে যাবো সে ২ বছরে হোক বা ৫ বছরে হোক। প্রথমে ধরুন আজকে যেটা আমাদের সব চেয়ে জলন্ত সমস্যা যাতে জলে পুড়ে সমস্ত খাক হয়ে গেলো সেটা হচ্ছে মূল্যবৃদ্ধি। আমি তাজ্জব হয়ে গেলাম যে আজকের দিনে বাজেট অধিবেশনে অর্থমন্ত্রী বাজেটের বক্তৃতা করলেন তাতে এই মূল্যবৃদ্ধি সম্বন্ধে কোন আলোচনা নেই। কিন্তু মূল্যবৃদ্ধি সম্বন্ধে আলোচনা দরকার। মূল্যবৃদ্ধি রোধ করে মূল্যমানকে একটা সমতায় নিয়ে এসে দাঁড় করিয়ে রাখা। দারিদ্র্য হটাবার জন্য নয় দারিদ্র্য বন্ধ করবার জন্য এবং শুধু দারিদ্র্য বৃদ্ধি করবার জন্য নয় ডেভালপমেণ্টের জন্য। মূল্যবৃদ্ধিকে যদি রুখতে না পারেন তাহলে এগ্রিকালচারাল ডেভালপমেণ্ট কিম্বা ইনডাষ্ট্রিয়াল ডেভালপমেণ্ট ভুলে যান। সুতরাং দারিদ্র্য হটাবার জন্য বলছিনা দারিদ্র্য রোধ করার জন্য বলছি। মূল্য বৃদ্ধির জন্য প্রাইস পলিসি একটা খুব মূল্যবান কথা। নিত্য প্রয়োজনীয় জিনিষপত্রের দাম নিত্য বাড়ছে। আমরা জানি চালের দাম, তেলের দাম, চিনির দাম, কাপড়ের দাম, সব বাড়ছে। শুধু কি তাই আজকে সিমেণ্ট—সিমেণ্টের কি দাম? আজকে গভর্ণমেণ্ট যে দাম বেঁধে দিয়েছেন সে দামে কি আপনি সিমেণ্ট পান, না তার ডবল দাম দেন, ১৩ টাকার জায়গায় ২৬ টাকা দেন—সিমেণ্ট পাবেন। পশ্চিমবাংলা আমাদের লোহার রাজ্য। আমাদের দুর্গাপুর, পাশেই জামসেদপুর আপনার ইসকো, ইস্পাত পাওয়া যায়না ডেভালপমেণ্ট করবেন, গ্রামে ইরিগেশনে একটা স্লুইস্ করবে, মাটি কেটে বসে আছে, লোহা নেই, সিমেণ্ট নেই। এই অবস্থায় লোকে যে একটা ডেভালপমেণ্ট করবে তার উপায় নেই। সুতরাং প্রাইস লেভেলকে ঠেকাতে হবে, সাধারণ মানুষের ভোগ্যপণ্যের উপরে প্রাইস রাইসকে বন্ধ করতে হবে এবং গভর্ণমেণ্টের যেসব মেটিরিয়াল বিশেষ করে প্রয়োজন হয় তার ডেভালপমেণ্টকেও বন্ধ করছেন। তাই আমি প্রথমেই বলবো যে ষ্ট্রাটেজি কি হওয়া দরকার। আপনি একটু একটু, টুকরো টুকরো করে, ঠুকরে ঠুকরে এই সমস্যার সমাধান করতে পারবেন না।

এই সমস্যার সমাধান যদি করতে হয় তাহলে সারা ভারতেই এটা করা উচিত। কতকগুলি জিনিষ আছে, ভোগ্য পণ্য, মানুষের নিত্য প্রয়োজনীয় জিনিষ, এর প্রডাকশন গভর্ণমেণ্টের হাতে নেওয়া উচিত এবং এর সাপ্লাইও গভর্ণমেণ্টের হাতে নেওয়া উচিত। এই সমস্যার সমাধান করতে হলে হোলসেল ট্রেড গভর্ণমেণ্টের হাতে নেওয়া উচিত এবং গভর্ণমেণ্ট সুনির্দিষ্টভাবে এটা করবেন তবেই হবে। ছোট দোকান করেই হোক কি সরকারী দোকান করেই হোক কি কো-অপারেটীভ ষ্টোরস করে গভর্ণমেণ্ট নিজে যদি ডিষ্ট্রীবিউট মোটামুটিভাবে করেন এবং সেই ডিষ্ট্রিবিউশনে পপুলার সুপারভিশন যদি

বজায় থাকে, পপুলার কমিটি করেই হোক বা অন্যভাবেই হোক তাহলে করতে পারবেন, নইলে পারবেননা। পশ্চিমবঙ্গের বিশেষ সমস্যা হচ্ছে আমাদের অনেক ভোগ্য পণ্য বাইরে থেকে আনতে হয়। কেননা ভোগ্যপণ্য আমাদের যথেষ্ট নাই। ডাল, সর্ষে, তেল, চিনি, কাপড় আমাদের বাইরে থেকে আনতে হয়, এখানে হয়না। আমাদের এখানে হয় পাট, ধান, অন্যগুলি আমাদের বাইরে থেকে আনতে হয়। এখন করতে হবে কি যে জিনিষগুলি বাইরে থেকে আনতে হয় সেগুলির ইম্পোর্টের ভার—গভর্ণমেণ্টকে নিজের হাতে নিতে হবে, আর তা না করে যদি এগুলি ইম্পোর্টের ভার বড় ব্যবসায়ীর হাতে রেখে দেন তাহলে হবেনা। গভর্ণমেণ্ট এ্যাজেন্সী মারফত ইউ পি বোম্বে কিম্বা বিহার থেকে বা অন্য প্রদেশ থেকে ইম্পোর্ট করতে হবে থ্রু এ চেইন অব ষ্টোরস, তার ভিতর দিয়ে ব্যবস্থা করা হোক। আমি কাপড়ের কথা আগেই উল্লেখ করেছি, মিহি কাপড় নামে যে জিনিষ ইম্পোর্ট করা হয় সেটা মিহি নয়, মাঝারি। দ্বিতীয় কথা হচ্ছে ইণ্টার্নাল প্রাইস-এর দিক থেকে, পাট সম্বন্ধে এখানে মেনশন করা হয়েছে। মস্ত বড় কথা হচ্ছে ইণ্টার্নাল প্রাইস যদি বেঁধে দিতে হয় তাহলে পাটের মনোপলি গভর্ণমেণ্টের হাতে আনা উচিত। পাটের ন্যুনতম দর ৬০ টাকা সম্বন্ধে কাল কথা হয়েছে। চটকল হিউজ প্রফিট করে, তারা যে শুধু শ্রমিককে শোষণ করে তা নয়, তারা গভর্ণমেণ্টকে ঠকায়, পাট চাষীকে ঠকায়, এখন এই পাটচাষীদের জন্য সম্বৎসর যাতে মোটামুটি একটা ন্যুনতমদর পেতে পারে তার ব্যবস্থা করতে হলে সরকারের হাতে এজেনসী আনার দরকার আছে। সেজন্য আমি বলছিলাম ট্রেডের উপর কনট্রোল, প্রাইসের উপর কনট্রোল এবং এ্যালোকেশনের উপর যদি কনট্রোল না আনতে পারেন তাহলে কিসের ডিভেলপমেণ্টের বক্তৃতা করছেন? উইদাউট এ ষ্ট্রেটেজী ফর প্রাইস এণ্ড এ্যালোকেশন অব রিসোর্সেস কি করে ডিভেলপমেণ্ট করবেন? আমি যে এই প্রাইসের কথা বললাম সেটা শুধু মানুষের ভোগের জন্য এবং দুঃখদুর্দশা কমাবার জন্য নয়। আর একটা বিষয় আছে সেটা হল ইণ্ডাষ্ট্রিয়েল ডেভেলপমেণ্ট। আপনি ইণ্ডাষ্ট্রিয়েল ডেভেলপমেণ্ট করে চাকরি দেবেন লোককে আমি বাজেট পড়ে সেই অবস্থা জানতে পাচ্ছিনা। আমি মনে করিনা যে বেকার সমস্যার সমাধান উল্লেখযোগ্যভাবে করতে পারবেন এর ভিতর দিয়ে। আপনি ইণ্ডাষ্ট্রীয়েলাইজেশনের জন্য নির্ভর করছেন প্রাইভেট সেক্টারের উপর, মন্ত্রীমহাশয় সেকথা দেখছি মাথা নেড়ে অনেষ্টলি স্বীকার করছেন, কিন্তু বাজেট স্পীচে লেখা আছে যে আপনি প্রাইভেট সেক্টারের উপর নির্ভর করছেন ইণ্ডাষ্ট্রিয়েলাইজেশনের জন্য। কিন্তু আমাদের অভিজ্ঞতা কি? সেই অভিজ্ঞতা হচ্ছে শুধু প্রাইভেট সেক্টার দ্বারা ইণ্ডাষ্ট্রীয়েলাইজেশন হয়না। আজকে যে শ্রমিক অসন্তোষ তার জন্য পশ্চিমবঙ্গকে আলাদাভাবে দেখার দরকার নাই, এটা সারা ভারতেই আছে অবশ্য পশ্চিমবাংলায় বেকার সমস্যা একটু বেশী, আজকে সারা ভারতবর্ষে দারিদ্র্য, এই যে অবস্থা এটা একথা বলে দিচ্ছে যে প্রাইভেট সেক্টার ফেল করেছে টু ইণ্ডাষ্ট্রীয়েলাইজ। তারা প্রফিট করেছে, হিউজ প্রফিট করেছে কিন্তু ইণ্ডাষ্ট্রিয়েলাইজ করতে পারেনি, ফেল করেছে। সুতরাং সোসিয়েলিজম্ ছাড়া ক্যাপিটালিজমের রাস্তায় যথেষ্ট রকম ইণ্ডাষ্ট্রীয়েলাইজেশন হতে পারে বলে মনে হয়না। কিন্তু যদি বলেন যে মিক্সড ইকনমি পলিসি রাখতে চান—ক্যাপিটালিজম্ও থাকবে, এবং ষ্টেট সেক্টারেও থাকবে, তাহলে সেই মিক্সড ইকনমিকে সাক্সেসফুল করবার জন্য কি ষ্ট্রেটেজী হওয়া উচিত? আমি কাণ্ডামেণ্টাল কথাই বলতে চাই, তা না হলে খুচরো কথা বলে কোথায় একটা কি দুটো লোককে কি চাকরি দেবেন সেটা বলা ইউজলেস। আমাদের মূল পলিসি কি সেটাই বুঝে দেখতে হবে। যদি আপনি মিক্সড ইকনমি রাখতে চান সোসালিজমে না যেতে চান, মিক্সড ইকনমি রাখতে চান তাহলে সেটাকে সাক্সেসফুল করতে হলে দুটি জিনিষের দরকার। একটা হচ্ছে মিক্সড ইকনমি ষ্টেট সেক্টারে ডিভেলপমেণ্ট পজিশনে থাকা দরকার।

[2-30—2-40 p.m.]

আজকে পশ্চিমবাংলা এবং ভারতবর্ষের ক্যাপিটালকে ডোমিনেট করছে মনোপলি ক্যাপিটাল। একদিকে এই মনোপলি ক্যাপিটাল একচেটিয়া পুঁজিপতিরা ডোমিনেট করছে। সুতরাং মিক্সড ইকনমিতে এক চেটিয়া পুঁজির ন্যাশালাইজেসান করা উচিত। এক চেটিয়া পুঁজি রাষ্ট্রায়ত্ত না করে মিক্সড ইকনমি চলতে পারে না। নামে মিক্সড ইকনমি আসলে আপনারা ক্যাপিটালিষ্টিক ইকনমি চালাচ্ছেন। সোসালিজিম করুন আর নাই করুন—মিক্সড ইকনমি চলুক, কিন্তু মিক্সড ইকনমিতে ষ্টেটের ডোমিনেসানে আনবার জন্য মনোপলি যারা আজকে ডোমিনেট করে তাদের ন্যাশালাইজেসান করা দরকার। এই হল এক নম্বর। দ্বিতীয় কথা হচ্ছে তা করতে পারুন আর নাই পারুন—বলুন মশাই তা করতে পারবো না—বেশ করলেন না। তা না করুন but you must have to force them to productive challenge. তাদেরকে উৎপাদন বৃদ্ধিতে নিযুক্ত করা, এবং বৃহৎ পুঁজিকে উৎপাদন বৃদ্ধিতে নিযুক্ত করতে বাধ্য করা। একটা ষ্ট্রাটিজি দরকার। ষ্ট্রাটিজি কি জানেন? জেনে রাখুন মনোপলি ক্যাপিটালে যাদের কারখানা আছে ঐ মুনাফার নামে ঐ সাদা ও কালো টাকার নামে তারা মুনাফা করে। কলকারখানা থেকে যে পরিমাণ আসে তারচেয়ে বেশী পরিমাণ আসে অন্য জায়গা থেকে। ষ্টেট বিগ ট্রেড থেকে প্রফিটিয়ারিং করে এরা বিজনেসের নামে বিপুল মুনাফা করে স্পেকুলেসানে বিপুল মুনাফা করে। যদি আপনারা সেই সব পথ চেক না করে দেন, বলে দেন যে এইসব রাস্তা তোমাদের বন্ধ—এই রাস্তা বন্ধ তুমি তোমার যে ক্যাপিটাল আছে তা প্রডাকটিভ পারপাজে ইনভেষ্ট কর প্রফিট নয় রিজিনেবল প্রফিট পাবে আর কিছু পাবেনা এ ইঙ্গিত না করেন তাহলে মিক্সড ইকনমির নামে ঐ মিকশ্চার হয়ে যাবে। এটা একটা মিক্সড ইকনমির নামে মিকশ্চার হয়ে যাবে। এই সম্পর্কে বলতে গিয়ে আমার একটা গল্প মনে পড়ে গেল। মেদিনীপুর জেলে তখন আমি তৃতীয় শ্রেণীর কয়েদী হিসাবে বন্দী ছিলাম। তখন একজন ডা: আমাদের ঔষধ দিতেন। কোন রুগী তার কাছে যেতে চাইতো না। তিনি জ্বর জ্বর ইত্যাদি হলে একটা মিকশ্চার দিতেন সে কালাজ্বর বা আর যা হোক তিনি কুইনাইন মিকশ্চার দিতেন সেই যে কুইনাইন মিকশ্চার তাতে কুইনাইন থাকতো খুব কম, থাকতো জল। আর যে কোন কাটা ছেঁড়া ইত্যাদিতে তিনি এক রকম আইডিন দিতেন তাতে জ্বালা করতো না কারণ তাতে বেশীর ভাগই জল থাকতো। আর যা কিছু সর্দি কাশি হোত তিনি দিতেন থাইমল মিকশ্চার। পেটের জন্য অম্লশূল পাতলা পায়খানা ইত্যাদি হলেই দিতেন এলবা মিকশ্চার। এই রকম তার মিকশ্চার বাঁধা ছিল। কয়েদীরা লাইন দিয়ে যেত আর সেই মিকশ্চার নিত। এই ছিল মেদিনীপুর জেলে ডাক্তার বাবুর মিকশ্চার। এই প্রসঙ্গে আমার মেদিনীপুরের ডাঃ বাবুর মিকশ্চারের কথা মনে পড়ে গেল। আমি আর একটা কথা বলতে চাই—আয় বাড়াবার দরকার আছে। আয় বাড়াবার আর একটা সোর্স হচ্ছে রাষ্টায়ত্ব শিল্পে মুনাফা বৃদ্ধি হওয়া দরকার। মুনাফা হওয়া দরকার সেটা আগে থেকে ভাল করে আলোচনা করুন। আমি পৃথিবীর কোথাও জানিনা যে আমাদের মত পশ্চাদপদ দেশের শ্রমিকদের মত অনেষ্ট আছে, সিনসিয়ারলি তারা কাজ করে—তারা উৎপাদন বাড়ায়। সে উৎপাদন বাড়াবেনা যদি না সে দেখে যে তার সামনে একটা আইডিয়ালিজিম আছে সোসালিজিম থাকে। তাদের সামনে আইডিয়ালিজিম থাকা দরকার। সে যদি দেখে যে শোষণ নেই সবাই মেহনতি মানুষের জন্য খাটছে বা সে খাটছে ভবিষ্যৎ সন্তান সন্ততির কথা ভেবে তাহলে সমাজের কথা ভেবে, তার প্রতিবেশীর কথা ভেবে বা নিজের ও সংসারের কথা ভেবে সে উৎপাদন বৃদ্ধির জন্য লেগে যাবে প্রাণ মন দিয়ে সব কিছু করে। কিন্তু সে যদি দেখে চারিদিকে বিলাসিতা, শ্রমিক এক্সপ্লয়টেসান হচ্ছে, সে যদি দেখে যে চারিদিকে দুর্নীতি, সে যদি দেখে চারিদিকে টাকা নিয়ে ছেড়া-ছিঁড়ি কুকুরের মত কামড়া কামড়ি লাগছে তাহলে তারমধ্যে ঐ শ্রমিকের মধ্যে আইডিয়ালিজিম আসতে পারেনা। সে সব স্বার্থপরতা

নীচতা সব ভুলে গিয়ে লেগে পড়লো এ হয় না। তবু যদি করতে চান এই মিক্সড ইকনমির মধ্যে—এই ক্যাপিটালিজিমের মধ্যে - উৎপাদনের মধ্যে শ্রমিককে লাগাতে চান তাহলে একটা জিনিষ করুন তা হল এই সমস্ত যে ক্যাপাসিটি আছে সেই ক্যাপাসিটি পুরা ব্যবহার হচ্ছে কিনা, এই সমস্ত সেকটারে যে সমস্ত অপব্যয় হচ্ছে তা বন্ধ করা যায় কিনা, এবং সে সমস্ত সেকটারে শ্রমিকরা আরো বেশী উৎপাদন করে বাড়াতে পারে লাভ করতে পারে তারজন্য তাদের হাতে কনট্রোল দেবেন। ডায়রেক্টার বোর্ডে একজন বা দুজন লেবার লিডার দিয়ে দিলাম ইট ইজ নট ফেসিং দি সলিউসান। সলিউসান হচ্ছে সফট ফ্লো যেখানে কাজ হচ্ছে মাল প্রডাক্ট হচ্ছে সেখানে, ও শ্রমিকদের কমিটি ও ম্যানেজমেন্টের সঙ্গে যোগাযোগ থাকা কো অর্ডিনেসান থাকা দরকার। এবং টোটাল কারখানার উপরে শ্রমিকদের ম্যানেজমেন্টের সঙ্গে কো-অর্ডিনেসান থাকা দরকার। তারা প্রডাকসান সম্বন্ধে কোন অভিযোগ আনলে তা টপ লেবেলে মিনিষ্টরিয়াল লেবেলে বিবেচনা করা দরকার ও তাদের রেগুলার সিটিং হওয়া দরকার।

এই হলে শ্রমিকরাও বুঝবে হঁ্যা, বাবা—চারিপাশে exploitation হচ্ছে, সব হচ্ছে সব তো বুঝলাম, কিন্তু production বাড়ানোর ব্যাপারে আমাদের যে বলা হচ্ছে, আমাদের হাতে কিছু ক্ষমতা দেওয়া হচ্ছে, কিছু দায়িত্ব দেওয়া হচ্ছে। এই যে সমস্ত বড় বড় একচেটিয়া পুঁজিপতি আছে তাদের invested Capital এবং working capital তাদেরও দরকারে লাগে। তারা তো সব কারখানার নামে রেখেছে বা সেই কোম্পানীর নামে রেখেছে, আর বাকিটা সব ধার করে ব্যাঙ্ক থেকে এনে আবার শোধ করে। তারা যেভাবে করে, আপনারাও সেইভাবে করবেন

( A voice : এত সহজ নয় ! )

কিন্তু একটু ইচ্ছে করেই কঠিন কাজে হাত দেওয়া দরকার। সহজ কাজের জন্য নির্বাচন হয়নি। ঐ বিরাট সমস্যার সামনে সমাধানটা খুব সহজ বলে মনে করবেন না। এটা দুরূহ কাজ এবং সেই দুরূহ কঠিন কাজে ব্রতী হবার জন্য আমরা এখানে এসেছি। এরপর Industrialisation development সম্পর্কে আর একটা কথা বলতে চাই। এখানে অর্থমন্ত্রী তার বক্তৃতায় ক্ষুদ্র শিল্পের কথা বলেছেন। আমি হিসেব করে দেখলাম এক একটি শিল্পে গড়ে ৬ জন করে কাজ পাচ্ছে, কোথাও দু জন, কোথাও বা ন'জন--এই রকম করে গড়ে ছ'জন ধরেছি। ক্ষুদ্র শিল্পের বিস্তার এবং মাঝারি শিল্পের বিস্তার—এর জন্য আপনার strategy কি বুঝতে পারলাম না। ক্ষুদ্র শিল্পকে বড় শিল্প অর্ডার কম দিয়েছে। সে কথা যদি বলা যায় ১৯৬৭-৬৮-৬৯ সালে পশ্চিমবাংলাকে ডোবাবার জন্য কি একটা বড় কারণ এটা ? আজ রেল মিনিষ্ট্রীর ওয়াগন তৈরী বন্ধ করা হলো। বহু ওয়াগনের অর্ডার দিয়েও তা বন্ধ করে দিল, ছাটাই করে দিলো ওরা। আজকে তারা বলছে ওয়াগন নাই, ওয়াগন সর্টেজ। তাই আমরা তোমাদের ঐ সিমেন্ট দিতে পারছিনা। তাই তোমাদের আমরা এটা সেটা দিতে পারছিনা ইত্যাদি। অথচ পশ্চিমবাংলার crises-এ reflection সারা ভারতের উপর হয়েছিল। রেল মিনিষ্ট্রী এটা ভেতরে ভেতরে স্বীকার করলেও প্রকাশ্যে তা স্বীকার করতে পারে না। পশ্চিমবাংলার শিল্পে receasionকে deepen করার এটা একটা বড় কারণ। আমি বলতে চাচ্ছি বড় সেক্টর ছোট মাঝারিকে অর্ডার দিচ্ছে—এ সম্বন্ধে what is your policy ? আপনি বলছেন অর্ডার দিচ্ছে না—কম দিয়েছে আগের চেয়ে—। আমি জানতে চাই সমস্যাগুলি আপনারা রেখেছেন ঠিকই ; কিন্তু সমস্যাসমাধান করবার জন্য বিজ্ঞোচিতভাবে দৃঢভাবে প্রগতিশীল পদক্ষেপ করছেন কী ? যদি তা করে থাকেন, তাহলে রাতারাতি সমস্যার সমাধান হয়ে যাবে—এ ভরসা আমরা করিনা, তবে দু-চার-পাঁচ বছরে আমরা সেদিকে এগুবো। যদি আপনার সেই পলিসি থাকে, তা আমাদের কাছে আপনি পরিষ্কারভাবে রাখুন। ক্ষুদ্র এবং মাঝারি শিল্প সম্বন্ধে বলতে

চাই এবং সেগুলি মফঃস্বল জেলা সহরে,—কলকাতার আশে পাশে নয়,—ছড়িয়ে দিন। তারজন্য আপনারা কী encouragement করছেন? প্রাইভেট সেক্টরে এবং পাবলিক সেক্টরে—সে বিষয়ে আপনারা কি করছেন? তা জানা দরকার। কিন্তু আমরা কৃষি প্রধান দেশ। এই Agricultural development সম্পর্কে আপনাদের strategy কী? এটা এখন বিশেষ আলোচনা করবো না। কৃষি ব্যাপারে যখন বিস্তারিত আলোচনা হবে, তখন এ সম্বন্ধে বলা যাবে। এখানেও একটি strategy থাকা দরকার। সেই strategy কী? সেটা credit and inputs—অর্থাৎ জল, সার ইলেক্‌ট্রিসিটী ইত্যাদি। এই credit এবং inputs—এর সম্বন্ধে আপনাদের পলিসি কি? আপনি বলছেন ব্যাঙ্ক থেকে যাতে পাওয়া যায়। শুধু তা বললে তো হবে না। আমি ব্যাঙ্কের কাগজপত্র ঘাটছিলাম। বিভিন্ন nationalised Banks আছে তারা Agricultural Sector-এ কী দিচ্ছে? কেউ কেউ বলছেন--এত দিচ্ছেন, এত percentage বেড়েছে। কিন্তু যা বেড়েছে তা অতি তুচ্ছ, অতি কম। এলাহাবাদ ব্যাঙ্ক Agriculturstis-দের তিন কোটি টাকা ধার দিয়েছে। আর Agricultural sector including Electricity Board-কে দিয়েছে ৭ কোটী টাকা—, Fertiliser Corporation ইত্যাদি সব ধরে টরে এই দিয়েছে। এতেও হবেনা। তার চেয়ে বড় কথা—তাঁরা কাকে দিচ্ছেন? সেটা হিসেবের মধ্যে দেখতে পাচ্ছি না। সেটা আমি দেখতে চাই এ সম্বন্ধে আপনার গভর্ণমেন্টের পলিসি কী? যে ভাগচাষী পরের জমি চাষ করে, সে কি credit and inputs কিছু পাবে?

[2-40—2-50 p.m. ]

ছোট রায়ত চাষী মাঝারী রায়ত চাষী—মাঝারী রায়ত চাষী আমি তাকে বলি যে নিজে এবং নিজের পরিবারের শ্রম দিয়ে কৃষি কাজ করে মাঝে মাঝে দু একটি মজুর এমপ্লয় করে—কিন্তু প্রধানত নিজে এবং নিজের পরিবারের শ্রম নিয়োগ করে– যাদের সমবৎসর ঘাটতি হয়না একটু বরং বাড়তি হয়, একটু লাভও হয়—এই যে সমস্ত ছোট চাষী মাঝারী চাষী বা ভাগচাষী তাদের ক্রেডিট এবং ইনপুটের কি ব্যবস্থা আছে। সাধারণভাবে ব্যাঙ্কের ব্যবস্থা করতে হবে লোনের ব্যবস্থা করতে হবে সব করতে হবে—এদের বাদ দিয়ে ডেভেলপমেন্ট হবে না। যদি মরুভূমির মধ্যে মরুদ্যান তৈরী করেন তার ভিতর দিয়ে আপনারা টোট্যাল দেখাতে পারবেন যেন খাদ্যোৎপাদন বেড়ে গেছে চাষবাস বেড়ে গেছে? আমি মনে করি যে তাতে ডিসপারিটি আরও বাড়বে, বৈষম্য আরও বাড়বে সোস্যাল টেনসন বাড়বে, একটা রিজিয়নের সঙ্গে আর একটা রিজিয়নের একটা এরিয়ার সঙ্গে আর একটা এরিয়ার এক শ্রেণীর সঙ্গে আর একটা শ্রেণীর মানুষের। সুতরাং আপনারা দুটি লক্ষ্য রেখেছেন যে গরীবী দূর করো—লোককে কাজ দাও—এই দুটি লক্ষ্যের দিক থেকে আপনাদের এগ্রিকারচার স্ট্রেটেজি দরকার। এর আইডিয়াল সলিউসন হচ্ছে কো-অপারেসন। কিন্তু আমাদের এখানে কোঅপারেটিভ গাঁড়াকলের মধ্যে রয়েছে। তাই বলি যে আপনারা ছোট চাষী মাঝারী চাষীর পৃথক কো-অপারেটিভ করুন। আমার মনে আছে ১৯৫১ সালে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার রিপোর্ট প্রকাশিত হয়েছিল—সেই প্রথম রিপোর্টে প্ল্যানিং কমিশন বলেছিল যে ছোট মাঝারি চাষীদের উপর পৃথক কো-অপারেটিভ হওয়া উচিত। Otherwise they will be dominated by the bigger raiyats and bigger landholders. কিন্তু আজ পর্যন্ত যে কো-অপারেটিভগুলি রয়েছে সেগুলি সবই নষ্ট করে দিচ্ছে—নানাভাবে তা নষ্ট হচ্ছে। সেগুলি এখন জোবুথোবু অবস্থায় রয়েছে। এই কো-অপারেটিভের ভিতর দিয়ে এটার প্রধান সলিউসন হতে পারে। কিন্তু আমি দেখতে পাচ্ছি যে বর্তমানে যে কোঅপারেটিভগুলি আছে এই Co-operative is not the instrument. তাহলে কি কররেন—তাহলে জয়েন্ট ফার্মিং-এ এই সমস্ত এমপ্লয় করুন। ঋণ দেবার দিক

থকে আমি একটা করেছিলাম—কিন্তু সেটা কেন হোল না জানি না স্যালো টিউবওয়েল করবার ন্য ৫ হাজার টাকা ঋণ দিতে হবে। তিন হাজার টাকা লোন দিতে হবে পাম্পের জন্য। একটা লাক যেহেতু সে গরীব মানুষ ব্যাঙ্ক তাকে টাকা দেবে না—তাই পাঁচজন মিলে ছয় জন মিলে সাত ন মিলে গ্রুপ করে তারা করবে। এই সব জিনিসের আমি একটা উদাহরণ দিলাম। এটা জলের ্যাপারে সারের ব্যাপারে সেচের ব্যাপারে ঋণের ব্যাপারে করা যায় যদি আপনারা চান ডেমোক্রাটিক বসিসে কৃষির উন্নয়ন করতে। কৃষি উন্নয়ন গণতান্ত্রিক ভিত্তিতে করতে হবে যাতে এই কৃষি উন্নয়ন একটা প্যাচ না হয়। কৃষি উন্নয়ন ব্যাপকভাবে করতে হলে এবং সেই উন্নয়নের সুযোগ সুবিধা াতে গরীব মাঝারী ছোট চাষীরা যাতে পেতে পারে তার ব্যবস্থা করতে হবে। দুটি উদ্দেশ্যকে ামনে রেখে কাজ করতে হবে দারিদ্রতা হটাবো এবং ২নং হচ্ছে উৎপাদন বাড়াবো লোককে কাজ বেশী দেবো—এগুলি যদি এক সঙ্গে করতে চান তাহলে একটা ষ্ট্রাটেজি থাকা দরকার। সুতরাং সাত্তার াহেব যে ভাবছেন যে কিছু ডিপটিউবওয়েল করবেন- আবার কেউ ভাবছেন ১০ হাজার বিঘা জমি এক লপ্তে নিয়ে তার একটা ডেভেলপমেন্ট হবে। কিন্তু আমি বলবো সার দেবার কথা, জল দেবার ক্রেডিট দেবার কথা এমনভাবে ভাবুন যাতে সেটা ব্যাপকভাবে হয়। দুই নম্বর হচ্ছে যেটা করবেন সেখানে একটা সেফগার্ড করুন ছোট মাঝারী গরীব রায়তদের জন্য তাদের এনকারেজ করার জন্য এবং সেটা অর্গানাইজড করবার চেষ্টা করুন। কো-অপারেটিভ যদি না হয় মিউচুয়াল এতে যদি না হয় জয়েন্টফার্মিং লুজ ফর্ম অব এ্যাসোসিয়েসন ইত্যাদি বিভিন্ন দিক থেকে এটা যদি করেন তাহলে এটা হবে। এই সূত্রে আমি বিদ্যুতের কথা বলি। গ্রামে বিদ্যুৎ নিয়ে যাওয়া—আমি মনে করিয়ে দেবো মন্ত্রীসভার সদস্যদের যে ১০ হাজার গ্রামে বিদ্যুৎ নিয়ে যাবেন দু বছরে বলেছেন। কিন্তু তার জন্য যে টাকা দরকার সেই টাকা ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের হাতে নাই। এবং এই বাজেটেও গভর্ণমেন্টের এ্যালকেসন নাই। সুতরাং যেটা রুর‍্যাল পাবে সেটা ৫ বছর ধরে পাবেন। তাতেও তারা কয়েকটি অনুমোদন দিয়ে এখন অনুমোদন বন্ধ করে দিয়েছেন—আর দিচ্ছেন না। আর যে টাকাটা ষ্টেট গভর্ণমেন্টকে দিতে হবে সেই টাকার খুব কম তারা এ্যালট করেছেন—কিন্তু তাদের ১০ হাজার গ্রামে ইলেকট্রিসিটি দিতে হবে।

সুতরাং একটা কথা যদি বলেন এবং সেকথা যদি রক্ষা করতে চান এবং রুর‍্যাল ডেভোলপমেন্টের ষ্ট্রাটেজী হিসাবে নিতে চান তাহলে কি সিরিয়াস এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে হক, ধার ধোর করে হক যেমন করে হক যাতে যোগাড় করতে পারেন সেটা দেখুন। এর পরে আর একটা প্রশ্নে আসতে চাই সেটা হচ্ছে রুর‍্যার ডেভেলপমেন্টের ব্যাপারে ল্যাণ্ড রিফর্মের গুরুত্ব। আজকে মেনশনের সময় সদস্যরা চেঁচামেচি করেছেন, গতকালও করেছেন এই বলে যে ভাগচাষী উচ্ছেদ হচ্ছে। ভাগচাষী উচ্ছেদ হচ্ছে ব্যাপকভাবে। আমি যখন পড়ছিলাম তখন হাসি পাচ্ছিল। আমি মনে করছিলাম হাসাও উচিত নয়। গ্রামে যে অবস্থা চলছে তা তিনি জানেন না। তাঁর কাছে যা লিখে দিয়েছে তাই বলছেন। আমরা এই করছি, ওই করছি। এত কৃষিজমি পেয়েছি, অত কৃষিজমি পেয়েছি, বর্গাদারদের রক্ষা করবার জন্য ভীষণ আইন হয়েছে এবং সে আইনের মধ্যে এই সব নির্দেশ দিয়েছি, বলে দিয়েছি খবরদার কেউ উচ্ছেদ করতে পারবে না। কিন্তু অর্থমন্ত্রী জেনে রাখুন আপনার আইনকে থোড়াই কেয়ার করে যারা উচ্ছেদ করতে চায়। আপনার আইন বইতে লেখা থাকলো বা নির্দেশ সারকুলারে পাঠিয়ে দিয়েছেন। কিন্তু যারা উচ্ছেদ করবার তারা উচ্ছেদ করবেই। আমি শুধু এইটুকু বলবো কালকে বারুইপুরে গিয়েছিলাম। চারটে থানার কৃষক সম্মেলন হচ্ছিল। সেখানে বারুইপুর থানাস যুব কংগ্রেসের নেতা যিনি কৃষাণ কংগ্রেসেরও সেক্রেটারী তিনি এবং তাঁর কয়েকজন সহকর্মী আমাকে ঘিরে ধরলেন, বললেন কি করা যায়, এই রকম করেছে, কি করা যায় ওই রকম করেছে। সব উচ্ছেদের কেস। আমি তাকে বললাম, তুমি লিখে দেবে। আমি কম্যুনিষ্ট আমার

কথা তোমাদের কংগ্রেস মন্ত্রীরা মানবে কি মানবে না, তুমি লিখে দেবে প্যাডে। তিনি লিখে দিয়েছেন তাদের প্যাডে। তাতে তাঁদের সভাপতির নাম, সম্পাদকের নাম রয়েছে। কেসের ২/১ শুনবেন। কি বিপদে পড়েছেন। একটা গ্রামের ২০ বছরের ভাগচাষী, গত বছর পর্যন্ত উচ্ছেদ হয় নি সেই ডামাডোলের বাজারে প্রগতিশীল মোর্চার জয়লাভের পর এটা হয়েছে। এখন হল দেওয়ানী ইনজাংশান। আমাদের ভূমি সংস্কার আইনে আছে বর্গাদারদের মামলা হবে একমাত্র ভাগচাষী অফিসার তারপর এ্যাপিলেট কোর্ট। কিন্তু দেওয়ানী আদালত তা মানছে না। স্বত্ব কেস নিয়ে যাচ্চে এবং তাতে রায় দিচ্ছে দেওযানী আদালত। চাষীদের বিরুদ্ধে ইঞ্জাংশন দিচ্ছে সঙ্গে সঙ্গে চাষী জমিতে যেতে পারছে না। দ্বিতীয় কেস আরও বড। জোতদারের নাম দিয়েছে। চিত্রশালী বলে একটা গ্রাম আছে সেখানকার ঘটনা। পুরোন জমির চাষী। সাত সাতটা ডায়রী করেছে।

কিষাণ সভা থেকে নয়, কিষাণ কংগ্রেস থেকে। পুলিশ ভাগচাষীকে সাহায্য করতে এগিয়ে যায় নি। এরা আর একটা মামলা দিয়েছে। জে, এল আর. ও রেকর্ড করেছে নাম বর্গাদার হিসাবে। চল্লিশ বছর পুরুষানুক্রমে করছে ভাগচাষ। জমির মালিক জোর করে উচ্ছেদ করেছে।

[2-50—3-20 p m. including adjournment]

সব এ বছর ঘটেছে। পুলিশের কাছে ডায়েরি করেছে পুলিশ কিছু করেনি। পুলিশ কিন্তু চুপ করে বসে নেই, পুলিশও কাজ করছে। আর একটা গ্রামে চতুর্থ নম্বর কেস তিনি দিয়েছেন। সেখানে প্রায় ২০০ বিঘার একটা খাল ভেষ্ট হয়ে গিয়েছে গভর্ণমেন্টে, সেই খালে জেলেরা মাছ ধরতে গিয়েছিল পুলিশ তাদের এ্যারেষ্ট করে নিয়ে এসেছে। কারণ জমিদারী এ্যাবোলিসানের সময় জমিদারের কাছ থেকে সেই খালটা একজন ধনী জোতদার বন্দোবস্ত নিয়েছিলেন। কিন্তু সেটা ভেষ্ট হয়ে গিয়েছে, তিনি উল্টে দেখেননি। তিনি নালিশ করেছেন আর এদের সবাইকে গ্রেপ্তার করে নিয়ে গিয়েছে। এরকম হাজার হাজার দৃষ্টান্ত দেওয়া যায়। কালকেই দেখেছি পুলিশ কি কাণ্ড করেছে। আমি আপনাদের কাছে সিরিয়াসলি বলেছি এবং এখনও বলছি, আপনারা শুনতে চান শুনুন, না শুনতে চান না শুনুন যে ভূমিসংস্কারকে টোটালি বানচাল করে দেবার জন্য একটা অনশ্লট আরম্ভ হয়েছে, একটা কনসপিরেসি চলেছে। আপনারা মনে করবেন না যে এখানে ওখানে একটি দুটি চাষীর বিরুদ্ধে হচ্ছে, আপনারা মনে করুন ভয় পেয়ে গিয়েছে জোতদাররা যে এই গভর্ণমেণ্ট আর কিছুদিন থাকলে বোধহয় ভূমিসংস্কারটা হয়ে যাবে। সুতরাং যাতে তার আগে ফরসা করে দেওয়া যায় অর্থাৎ আপনারা ভালোভাবে বসে সব বুঝে শুনে কিছু করবার আগেই ট্রিমেণ্ডাস অনশ্লট আরম্ভ হয়েছে এবং সেই অনশ্লটের অংশীদার হচ্ছে পুলিশ। খুবই দুঃখের কথা যে আমাদের মধ্যেও অর্থাৎ মোর্চার লোক, এরমধ্যেও এমন কিছু কিছু লোক হয়ত আছেন তাদের নিজেদের স্বার্থে। কিন্তু যারা ভূমিসংস্কার চান মোর্চার মধ্যে তাঁরা কমিউনিষ্ট পার্টিরই হোন আর কংগ্রেসেরই হোন তারা আজকে হেল্পলেস ফিল করছেন এই জন্য যে Police is siding with the jotedars for evicting bargadars. তারপরে শুধু বর্গাদার নয়, ভেষ্টেড জমিতে যারা আছেন তাদের হটিয়ে দিয়ে মানে সারপ্লাস ল্যাণ্ড চাষীরা যা দখল করে রেখেছিল—আপনি সেটা এনকোয়ারী করবেন সারপ্লাস কি সারপ্লাস নয়। আপনি বলেছেন, আরো ২ লক্ষ একর পাওয়া যাবে। যে সারপ্লাস ল্যাণ্ড লক্ষ লক্ষ একর দখলে আছে সেই সারপ্লাস ল্যাণ্ড থেকে পর্য্যন্ত জোর করে হটিয়ে দেবার চেষ্টা করছে। স্যার, আমরা জানি, পুরানো সার্কুলার ছিল ১৯৬৯ সালে ১৯৭০ সালে রাষ্ট্রপতির আমলে, ১৯৭১ সালে কোয়ালিশান গভর্ণমেণ্টের সময় এবং এই ১৯৭২ সালের প্রথম দিকে যে স্থিতাবস্থা থাকবে। গভর্ণমেণ্ট জোর করে কাউকে হটিয়ে দেবেনা বা পুলিশ কাউকে জোর করে হটিয়ে দেবেনা। কিন্তু আজকে পুলিশ

োতদারদের সাহায্য করছে প্রত্যেক জায়গায় জোর করে হটিয়ে দেবার জন্য। আর এই বেই ভূমিসংস্কারকে টোটালি বানচাল করে দেওয়া হচ্ছে। আমি এই ২৪-পরগণার এমন একটি চাষীর কথা জানি যার বিরুদ্ধে ২২টি মামলা হয়েছে যেহেতু সে জমির আন্দোলন করে। সে আমাকে বলছে, আর কি করবো বলুন ? তারপরে আমি মালদহে গিয়েছিলাম, সেখানকার একজন চাষী আমার কাছে এসে বললে, বিশ্বনাথদা, ১২টি মামলা আমার বিরুদ্ধে আছে, আজকে একটার জামিন নিতে এসেছি, আর আমি কি করবো, সারেণ্ডার করবো ? ফিউ মিলিট্যাণ্ট পেসেণ্টস—অল্প কিছু সংখ্যক এখনও যা দাঁড়িয়ে আছে তাদের মাথা ফাটিয়ে দিয়ে তাদের দমন করবার জন্য এইভাবে মামলা করা হচ্ছে। আপনাদের আরো শোনাচ্ছি, কালকেই একটা কেস নিয়ে এসেছি। রায়পুর বলে একটি গ্রামের ১৯৬৩ সালের কেস, সেখানে ১৫ দিন আগে ৮ জনকে ধরে নিয়ে গিয়েছে এই চাষের মুখে। তাছাড়া মেদিনীপুর থানায় আমার কনষ্টিটিউয়েন্সীতে দীর্ঘদিনের পুরানো কেসের নাম করে যাদের বিরুদ্ধে ওয়ারেণ্ট আছে বলে আমরা জানতাম না, কখনও ধরেনি, কোন নোটিশ দেয়নি এইরকম ৫শো সাড়ে ৫শো ওয়ারেণ্ট বার করেছে, আমার কনষ্টিটাউয়েনসী এবং আমার পাশের কনষ্টিটিউয়েনসী শালবনীতে এই চাষের মুখে। সেখানে এই সেদিন ৫০ জন জামিন নিয়ে এসেছে। একি চালাকির কথা ? জামিন হতে আজকাল কত খরচ লাগে আপনারা সকলেই জানেন। আর তা যদি না হয় ৭ দিন জেলে রেখে দিল, জমিটা দখল করে নিয়ে চাষ করে দিল তারপরে ৭ দিন পরে যখন সে বেরিয়ে এল হাজত থেকে দেখল জমিটা চলে গিয়েছে। এরকম অসংখ্য মামলা মকদ্দমা হচ্ছে কত আর বলব। এই প্রসঙ্গে ভূমিরাজস্ব মন্ত্রীমহাশয়কে বলছি, শুনুন, আপনার জে. এল. আর. ও'র কাছে চাষীরা মামলা করেছে, সে মামলা চলেছে মাসের পর মাস, তার দিন আছে ৮/৮ তারিখে, তিনি দিন ধরে দিয়েছেন, কিন্তু মামলার সলুশান করে দেননি চাষের আগে। ৮/৮ তারিখে তিনি দিন ধরে দিলেন আর সেই সুযোগে পুলিশের কাছে চলে গেল, গিয়ে ১৪৭/৪৪৭ ধারায় পুলিশ কেস করে লারজ নাম্বার অব বর্গাদারস, তাদের বিরুদ্ধে—ভেষ্টেড জমি, সারপ্লাস জমির যারা বর্গাদার তাদের বিরুদ্ধে ওয়ারেণ্ট বার করে দিল। সুতরাং আমি মন্ত্রীসভাকে বলছি যে একথা বললে হবেনা, এই সার্কুলার দিয়েছি, ঐ সার্কুলার দিয়েছি, আমি স্পষ্ট সার্কুলার চাই। আমি লিখিতভাবে মুখ্যমন্ত্রীকে বলেছি একথা বুঝতে পেরে কয়েকদিন আগে খুব আরজেণ্ট একটা চিঠি দিয়েছি এই বলে যে আপনি জেলা ম্যাজিষ্ট্রেটদের সঙ্গে যে মিট করবেন সেখানে আপনি তাঁদের একটা কথা বলে দিন যে আইনের কচাকচির মধ্যে যাবার দরকার নেই, স্থিতাবস্থা বজায় থাক। আর যদি হটাতে হয় তাহলে এনকোয়ারির ভিত্তিতে হোক। সেখানে শুধু পুলিশ নয়, পুলিশ, জে. এল. আর. ও., বি. ডি. ও. এই তিনজন পাবলিক এনকোয়ারী করে যদি বোঝেন যে এর দখল নয়, ওর দখল, তবেই সে ক্ষেত্রে খালি হবে, আর কোন ক্ষেত্রে হটাতে পারবেন না। সেখানে স্থিতাবস্থা বজায় রাখুন।

এই মর্মে জেলা ম্যাজিষ্ট্রেটদের আপনারা circular দিন। আপনারা onslaught করুন, individual case দিয়ে এর Solution হবেনা। Government-এর তরফ থেকে একটা সুস্পষ্ট নির্দ্দেশ যদি সারা পশ্চিমবঙ্গের জন্য না দেন তাহলে এর Solution করতে পারবেননা। শেষ একটি কথা বলি, আমার মূল বক্তব্য শেষ হয়ে এসেছে। Administration সম্পর্কে একটা কথা বলে আমার বাজেট বক্তৃতা শেষ করতে চাই। আমাদের development-এর Strategy নেওয়া হচ্ছে যে আমরা industrial development করবো, agricultural development করবো, মানুষকে কাজ দেবো, দারিদ্র্য কমাবো, সেখানে administration-এর প্রশ্ন এসেছে। আমরা কাগজে পড়েছি যে জেলা Magistrate-দের ক্ষমতা বাড়িয়ে দেওয়া হবে। এ বিষয়ে আমি বলতে পারি

আমার party-কে Chief Minister চিঠি দিয়েছেন Suggestion দেবার জন্য তার জন্য তাকে আমর ধন্যবাদ দিচ্ছি। আমরা বলেছি যে এটা একটা serious ব্যাপার আমরা এক মাসের মধ্যে ভেবে চিন্তে Suggestion দেবো। কিন্তু আমি একটি কথা বলতে চাই শুধু জেলা ম্যাজিস্ট্রেটদের ক্ষমত বাড়িয়ে দিয়ে administrative reform হবেনা। Administrative reform যদি করতে চান তাহলে development-এর মধ্যে বিশেষ দায়িত্ব থাকা দরকার, administration-এর মধ্যে বিশেষ দায়িত্ব থাকা দরকার। দ্বিতীয়তঃ management-এর যে ব্যাপারগুলি সে বিষয়ে লিখিতভাবে দেওয়া উচিত। Administrative-র দিক থেকে দক্ষ officer হলে হয়না, technical ব্যাপার, অন্যান্য ব্যাপার, administrator তার ঘাড়ে চাপিয়ে দিলেন, এটা পুরানো system তাতে হয়না, technical ব্যাপার, Financial ব্যাপার, সেই সব বিষয়ে যারা অভিজ্ঞ লোক তাদের দায়িত্বে থাকা দরকার। এখানে বড় কথা, administrative reform-এর সার কথা, আপনারা এই সমস্ত কার্য্যকরী না করে, জনসাধারণের মধ্যে উৎসাহ উদ্দিপনা সৃষ্টি না করে একটা গরীব পশ্চাৎপথশালী দেশকে আপনারা করে দেবেন। একটা কথা আমি বারে বারে বলেছি, এবং আরো যতদিন আইন সভার সদস্য থাকবো বারে বারে বলবো। বড় বড় ধনী লোক, developed Capitalist Country, তারা টাকার জোরে, Capital-এর জোরে, দুনিয়ার বাজারে development-এর জোরে খানিকটা হয়ত এগিয়ে যেতে পারে। কিন্তু backward দেশের সেই সুযোগ নেই। Backward দেশকে যদি এগিয়ে যেতে হয় without popular enthusiasm, without popular participation কোন backward দেশ এগিয়ে যেতে পারেনা, পারবেনা, পৃথিবীতে এমন কোন নজীর নেই, আমরাও পারবোনা, আপনারাও পারবেননা এবং টাকা নেই যে দেশে, যে দেশ under-developed, যে দেশ backward সেখানে Solution এই উৎসাহ উদ্দিপনা সৃষ্টি করা জনসাধারণের মধ্যে সমস্ত strategy-র মূল লক্ষ্য হওয়া উচিত। Land Reforms বলুন, agricultural development তার যে কথা বললাম, credit সম্পর্কেই বলুন, industrial development সম্পর্কেই বলুন, workers-দের সম্পর্কে যে attitude নিতে বললাম সেকথা বলুন, জিনিষ পত্রের দাম সম্পর্কে বলুন, সমস্ত একদিকে লক্ষ্য। সেই লক্ষ্যটা হচ্ছে জনসাধারণের মধ্যে আশ্বাস সৃষ্টি করে, জনসাধারণের মধ্যে উৎসাহ উদ্দিপনা সৃষ্টি করে, জনসাধারণের সহযোগীতা যাতে নেওয়া যায় সেই ব্যবস্থা করা। Administrative reforms-এ সেকথা আপনাদের মনে রাখতে হবে। সমগ্র strategy থেকে administration বাইরে নয়। Administrative reforms যখন করবেন জনসাধারণের ঘনিষ্ট সহযোগীতা অংশগ্রহণ কি করে হতে পারে সে কথা মনে রাখতে হবে। আমি একথা বলে শেষ করি যে শুধু Government-এর এটা কাজ নয়। আমরা জানি, আমরা আইন সভার সদস্য যারা আছি, বিভিন্ন দলের আমাদের সকলের দায়িত্ব। তাই আমি আবেদন করবো, আমার Party-র সদস্যদের কাছে, কংগ্রেস দলের কাছে, সমস্ত সদস্যদের কাছে যে এই দায়িত্ব শুধু Government-এর উপর ছেড়ে রাখা যায়না, শুধু আইন সভায় এসে দুটো বিতর্ক করবো, শুধু তাই নয়। এই জিনিষ যদি চালু করতে হয় তাহলে Government-কে বলতে হবে যে এই Policy গ্রহণ কর এবং কার্য্যক্ষেত্রে honestly, sincerely, আমরা যে প্রতিশ্রুতি দিয়েছি জনতার কাছে সেগুলিকে কার্য্যকরী করার জন্য প্রতিটি M.L.A.-কে এবং কংগ্রেস দল, কমিউনিষ্ট দল, সমস্ত প্রগতিশীল শক্তিকে নিয়ে আমাদের field-এ যে কার্য্য সেটা আমাদের honestly, sincerely একযোগে, একসঙ্গে করতে হবে। দলবাজীর ভিতর দিয়ে এর Solution নেই। ক্ষুদ্র, তুচ্ছ স্বার্থের মধ্যে দিয়ে এর সমাধান নেই; Government-এর উপর ছেড়ে দেওয়ায় এর solution নেই। শুধু administration-এর উপরে ছেড়ে দেওয়ায় এর solution নেই, Private Sector-এর মধ্যে এর মোটেই Solution নেই। এর solution যেখানে সেখানে কংগ্রেস, কমিউনিষ্ট পার্টি

এবং সমস্ত প্রগতিশীল শক্তি joint প্রচেষ্টা চালিয়ে আরো সর্বাধিক গুরুত্ব দেওয়া বলে আমি মনে করি। আমি আজকে আমার বাজেট বক্তৃতায় সেই আবেদন নিয়ে শেষ করছি।

**Mr. Speaker :** Honourable Members, it has been reported to me that some honourable Members of this House sometimes insist upon the gate-keepers to allow their men to enter different visitors' galleries without any card. I would request the honourable Members not to do so and to co-operate with my office in this respect. No one should be allowed to enter into visitors' galleries without valid visitor's card. I would again request the honourable Members to co-operate with me and my office in this respect.

(At this stage the House was adjourned for 20 minutes)

(After adjournment)

[3-20—3-30 p.m.]

**শ্রীঅসমঞ্জ দে ঃ** মাননীয় স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী এই অধিবেশনে যে বাজেট প্রস্তাব উপস্থাপিত করেছেন, সভার একজন সদস্য হিসাবে আমি প্রথমে তাকে সমর্থন জানাই। তবে এই প্রস্তাবকে স্বাগত জানাতে গিয়ে এর সমালোচনা প্রসঙ্গে ব্যক্তিগত মতামত প্রদানে আমি অবশ্যই বলবো যে এই প্রস্তাবের মধ্যে বিশেষ কিছু মৌলিকত্ব, বিশেষ কিছু অভিনবত্ব বা আকর্ষণীয় কিছু দেখা যাচ্ছে না। এটা কিছুটা গতানুগতিক। পশ্চিমবঙ্গের ৪৷৷ কোটি মানুষ তাদের মনে পুঞ্জীভূত আশা আকাঙ্ক্ষা পূরণ করতে গিয়ে বিগত নির্বাচনে প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চাকে বিপুল সংখ্যা গরিষ্ঠতা দিয়ে পশ্চিমবঙ্গের বুকে সরকার গঠনে সহায়তা করেছে। কিন্তু এই বাজেট বিশ্লেষণে এই কথা অনস্বীকার্য্য যে মোর্চার ১৭ দফা কর্মসূচীর প্রকৃত বাস্তব রূপায়ণের প্রতিফলন এরমধ্যে পরিলক্ষিত হয়না। অবশ্য এই বাজেট সমর্থন করতে গিয়ে এ কথাও সঙ্গে সঙ্গে স্বীকার করতে হয়, জনজীবনের বিভিন্ন সমস্যা যখন পশ্চিমবঙ্গের অর্থনৈতিক কাঠামোকে অক্টোপাশের মত শ্বাসরুদ্ধ করে মারছে, ঠিক সেই সময় কৃষির উন্নয়ন, ভূমিসংস্কার, বন্ধ ও রুগ্ন শিল্প কারখানার দরজা খোলার মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন ও জাতীয় উৎপাদন বৃদ্ধির দ্বারা অর্থনৈতিক কাঠামোকে উন্নয়নের স্তরে—রাষ্ট্রের ভাষায় take off stage থেকে self-sustaining growth-এ উন্নিতকরণের মহতী প্রচেষ্টা এই বাজেট প্রস্তাবের মধ্যে প্রতিফলিত হয়েছে। এই কথা অর্থনীতির একজন ছাত্র হিসাবে স্বীকার করা দরকার যে জাতীয় উৎপাদন বৃদ্ধি এবং অর্থনৈতিক উন্নয়ন কিন্তু সমাজের দারিদ্র এবং গণ বেকারী জনিত সমস্যার সমাধান ঘটায় না। আমাদের প্রধানমন্ত্রী বিশ্ববন্দিত নেতৃ শ্রীমতী ইন্দিরা গান্ধীর গরিবী হটাও সমাজবাদের স্বপ্নকে যদি সত্য সত্য বাস্তবে রূপায়িত করতে হয় তাহলে এর বিরুদ্ধে আমাদের সরাসরি আক্রমণ চালাতে হবে, এর উল্লেখ এই বাজেট প্রস্তাবে আছে বলে আমি এই প্রস্তাবকে স্বাগত জানাচ্ছি, কিন্তু এই দারিদ্র্য এবং গণবেকারীর বিরুদ্ধে মোকাবিলা করার জন্য যে সুস্পষ্ট কর্মসূচী থাকা দরকার, তার উল্লেখ কিন্তু এই বাজেট বিবৃতির মধ্যে নেই। এই বাজেটে সবচেয়ে যেটা আকৃষ্ট করে সেটা হচ্ছে এই বাজেটের ৩৭৷৷ কোটি টাকা ঘাটতি বায়ের পরিমাণ। স্বভাবতঃই আপাতদৃষ্টিতে এই অঙ্ক দেখে অনেকে কিছুটা ত্রস্ত, শঙ্কিত, ভীত, কিছুটা নানা জল্পনা কল্পনায় নিজেদের নিয়োজিত করতে বাধ্য হয়েছেন। আমি অবশ্য স্বীকার করি এবং অর্থমন্ত্রীর সঙ্গে এই বিষয়ে একমত যে পশ্চিমবঙ্গের মত অর্ধমৃত রাষ্ট্রের অর্থনৈতিক কাঠামোর দ্রুত সম্প্রসারণের

জন্য যখন অর্থ সংস্থানের বিশেষ কোন উপায় নেই, তখন ঘাটতি ব্যয়ের উপর নির্ভরশীল হওয়া ছাড়া উপায় নেই।

আমি এই সম্পর্কে সমালোচনা করতে গিয়ে পশ্চিমবঙ্গের অর্থনৈতিক কাঠামোর ডেফিসিট ফিনানসিং বা ঘাটতি বাজেটের ভূমিকা কি, সেই সম্পর্কে মন্তব্য করতে গিয়ে এই কথা বলব যে, ডেফিসিট ফিনানসিংএ economic structure of West Bengal is an Aladdin's zin that can make or mar accordingly as it is employed judiciously or not. Each time it is resorted to at each crossing there is a traffic signal that often glosses ambre to ask the driver what comes next before he proceeds further অর্থাৎ ট্রাফিক নিয়ন্ত্রণের জন্য যে ধরনের সজাগ মনোভাব দরকার, যে ধরনের সতর্কতা দরকার, অর্থনৈতিক উন্নয়নের জন্য ঘাটতি ব্যয়কে পশ্চিমবঙ্গ সরকারের ঠিক সেই ধরনের সতর্কতা নিয়ে কাজে লাগাতে হবে। তা না হলে আমাদের যেখানে ভয় অর্থাৎ এই টাকা নিয়ে ইউজ্‌ড বেনিফিট সেক্টরের পরিবর্তে যদি ওনারসিপ বেনিফিট সেক্টরে কাজে লাগানো যায় তাহলে ব্যবসাদাররা কেবলমাত্র বা এই যে মালিকানা শ্রেণী তারা মুনাফা বৃদ্ধির মনোভাবকে চরিতার্থ করবার জন্য জিনিসের দামস্তর হু হু করে বাড়িয়ে দেবে এবং তাতে জনজীবন বিপর্যস্ত হবে, অশান্তি এবং বিশৃঙ্খলতা পশ্চিমবঙ্গে বেড়ে যাবে। সেই জন্য পশ্চিমবঙ্গ সরকারকে এবং মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রীকে আপনার মাধ্যমে এই সম্পর্কে সদা সতর্ক হয়ে এই গুলিকে কাজে লাগাবার জন্য অনুরোধ জানাচ্ছি।

দ্বিতীয়তঃ হচ্ছে যে প্রস্তাব এই বাজেটের মধ্যে আমাকে আকৃষ্ট করেছে, সেটা হচ্ছে এর অতিরিক্ত কর ব্যবস্থা। এখানে ১০ কোটি টাকা অতিরিক্ত করের ব্যবস্থা করা হয়েছে, অবশ্য একে আমি পুরোপুরি সমর্থন করছি না। আমি বলছি এই করের সংস্থান করতে গিয়ে যে বিলাস পণ্যের উপর কর বসান হয়েছে, সৌখিনজাত দ্রব্যের উপর কর বসান হয়েছে, যে ক্যাবারের উপর কর বসান হয়েছে, যে নাচ-গানের উপর কর বসান হয়েছে, হোটেলের উপর কর বসান হয়েছে, রেস্তরার উপর কর বসান হয়েছে এইটা আমি সম্পূর্ণভাবে সমর্থন করি। আমি বিশ্বাস করি এইটা হচ্ছে প্রগতিশীলতার সব চেয়ে বড় মাপকাঠি, এইভাবে আমাদের এগিয়ে যেতে হবে। কিন্তু তার সাথে সাথে এই কথাও স্বীকার করা দরকার লরী বা ট্রাকের উপর যে কর বসানোর চেষ্টা করা হচ্ছে, পূর্ত ও সেচের উপর যে কর বসানোর চেষ্টা করা হচ্ছে এবং বিক্রয় কর বিন্যাসের যে কথা বলা হয়েছে, এইটা কিন্তু একটা স্পষ্ট ধোঁয়াটে ধারণার মধ্যে আমাদের ফেলে দিয়েছে, এবং এইটা প্রগতিশীল লক্ষণ নয়। বিক্রয় কর ব্যবস্থা যখন রি-অরিয়েনটেশন হয় ইকোনমিষ্টরা বলেন যে বিক্রয়কর ব্যবস্থা দুই রকম হতে পারে—একটা ম্যালটিপিল পয়েণ্ট ট্যাক্স আর একটা হচ্ছে সিংগিল পয়েণ্ট ট্যাক্স। সিংগিল পয়েণ্ট ট্যাক্সে যদি হয় সেখানে রাজস্ব ফাঁকির একটা প্রবণতা থাকবে এক দিকে, আর অন্য দিকে জিনিসের দাম বাড়বে, জন-জীবন বিপর্যস্ত হবে। এখানে বিক্রয় কর বিন্যাসের কথা বলা হয়েছে কিন্তু সিংগিল পয়েণ্ট বা মালটিপ্লাই পয়েণ্টে এই কথা পরিষ্কারভাবে উল্লেখ করা হয়নি। আমার ভয় হচ্ছে সিংগিল পয়েণ্ট ট্যাক্স এর প্রকৃতি এখানে আরোপিত হয় যদি তাহলে জন-জীবন বিশেষভাবে বিপর্যস্ত হবে। অবশ্য এই কথা বলব যে অর্থ সংস্থানের জন্য কেবলমাত্র আমরা যদি ভাবি যে নতুন কর বাড়িয়ে করতে হবে তাহলে তাদের সাথে আমি একমত নই, কারণ ভারতবর্ষের অর্থনৈতিক কাঠামোর দিকে যদি তাকাই, পশ্চিমবাংলার অর্থনৈতিক কাঠামোর দিকে যদি তাকাই তাহলে আমরা দেখব কর ফাঁকিটাই হচ্ছে বড় কথা, টেক্স ইভেসন সেটা হচ্ছে বড় কথা। লক্ষ লক্ষ কোটি কোটি টাকার কর ফাঁকি দেয়া হচ্ছে, আমি সেই জন্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে এইটা অনুরোধ করবো যে নতুন নতুন কর বসানোর বদলে যদি ট্যাক্স ইভেসনকে চেক্ আপ করা যায় তাহলে পশ্চিমবাংলার

আরও কোটি কোটি টাকার অর্থ সংস্থান হতে পারে। আমি আর একটা একসাম্পল দিচ্ছি সেটা হচ্ছে আপনি নিউমার্কেটে যান বা বডবাজারে যান এমনকি সুদূর কৃষ্ণনগরে শান্তিপুরে যে কোন জায়গায় যান এই যে বিক্রেতারা দ্রব্যগুলি বিক্রি করছে কেউ ক্যাস মেমো দিয়ে বিক্রয় করছে না সেলস্ কাউন্টারে, তাই সেখানে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা সেলট্যাক্স ইভেসন হচ্ছে। যদি এই ইভেসনটা চেক-আপ করা যায় তাহলে এটা নতুন ট্যাক্সের চেয়েও জোর হবে, আরও বেশী পরিমাণ অর্থ সংস্থান হবে এটা এ্যাজ এ ফর্ম অফ সাজেসান আমি আপনার মাধ্যমে সরকারের কাছে রাখছি। রেলের যখন তার চুরি হচ্ছিল তখন রেলওয়ে অথরিটি কিছু ভলানটিয়ার ফোর্সকে রাখলেন অর্থাৎ কিছু বেকার সমস্যার সমাধান হলো এবং তার চুরি বন্ধ হলো। ঠিক এই ব্যবস্থার মত আজকে এই সরকার যদি কিছু বেকার ছেলেকে নিয়ে একটা ভলানটিয়ার গার্ড, রেলওয়ে যেমন হোমগার্ড করেছিল সেইরকম করে দেন, তাহলে তারা কি করবে, না প্রত্যেক বাজারে বাজারে গিয়ে সেলস কাউন্টারে এডুকেট করবে ব্যবসায়ীদের যে আপনারা সেলসট্যাক্স ছাড়া কেসমেমো ছাড়া বিক্রয় করবেন না। আমাদের ক্যাডারদের কাজ হবে এই যে ক্যাসমেমো নিয়ে যারা জিনিস কেনে তাদের সেই সেলস-ট্যাক্সের মাধ্যমে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা আদায় করতে পারবে। নতুন অর্থ সংস্থান একটা হবে। এর দ্বারা একদিকে যেমন অর্থ সংস্থান ঘাটতি জনিত সমস্যার সমাধান ঘটবে, অন্য দিকে আমরা বলতে পারি আজকে সমাজের সব চেয়ে বড় যে সমস্যা, অগ্নিগর্ভ সমস্যা, সেই বেকার সমস্যারও সমাধান ঘটবে। আজকে আরও যেটা বলা দরকার এখানে বলা হয়েছে আয়ের দিক দিয়ে মহারাষ্ট্র, তামিলনাড়ুর সঙ্গে তুলনা করা হয় যে ভূমি রাজস্বর হার বাড়েনি সেইজন্য বাড়ান হচ্ছে, কিন্তু অ-সেচ এলাকায় দুইগুণ বাড়ান হচ্ছে, এইটা কৃষকদের জন-জীবনকে বিপর্যস্ত করবে বলে আমি মনে করি।

[3-30—3-40 p.m.]

উন্নয়নমূলক ব্যয়ের কথায় বলা হয়েছে গত বছরের বাজেটে ১১৫ কোটি টাকা পশ্চিমবাংলার উন্নয়নমূলক খাতে ব্যয় করা হয়েছিল—এবার ১৪২ কোটি টাকা। কিন্তু এত price cost of materials বেড়ে যাচ্ছে যে এর দ্বারা দেখা যাচ্ছে যে গত বছরের চেয়ে তুলনামূলক ভাবে সমান কাজ আমরা করতে পারবনা। আর ২/১টি কথা বলার সময় আমাকে ২।১ মিনিট সময় দেবার জন্য অনুরোধ করছি। আজ সবচেয়ে বড় অগ্নিগর্ভ সমস্যা হচ্ছে বেকার সমস্যা। কিন্তু সমস্যা সমাধানের সুস্পষ্ট কোন কর্মসূচী নেই। আমরা দেখেছি বজবজে বিড়লার যে জুটমিল আছে সেখানে এক একটা লোক দিয়ে ৪টা মেসিন চালান হচ্ছে। কিন্তু সেখানে যদি গভর্ণমেন্ট proper steps নিয়ে এ জিনিষ বন্ধ করেন তাহলে employment opportunities-এর avenue enacted হতে পারে। এছাড়া বড়বাজারে গিয়ে দেখুন দোকানগুলি এবং অফিসগুলি সব office-cum-residence করেছে। সেখানে গিয়ে দেখুন যে ৮ ঘণ্টার বেশী কাজ চালান হচ্ছে এবং Shops and Estabiishment Inspectorকে দেখান হচ্ছে যে এটা residence. এইভাবে office-cum-residence করে নতুন কর্মসৃষ্টির সুযোগ সুবিধার বাধা সৃষ্টি করা হচ্ছে। পশ্চিমবাংলায় শুধু নূতন আয়ের সংস্থান সৃষ্টি করলেই চলবে না—দাম নিয়ন্ত্রণ করতে হবে। কিন্তু There is no price policy in the budget. সুতরাং এ বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারকে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করতে হবে। এ ব্যাপারে সুতোর যদি কণ্ট্রোল করতে পারি তাহলে লক্ষ লক্ষ তন্তুজীবীকে বাঁচান যাবে। তারপর সিডিউল কাষ্ট এবং ট্রাইবের সম্বন্ধে বলা হয়েছে যে ২০% of the total population এবং টাকা খরচ করা হচ্ছে ১ কোটি ১২ লক্ষ ৩০ হাজার টাকা। অর্থাৎ একজন লোক পিছু ১½ টাকা করে পড়ে। এর

দ্বারা তাদের কোন উন্নয়ন করা যাবে না। আর একটি কথা বলব বিনিয়োগের ক্ষেত্রে mixed economy structure যেন গণতান্ত্রিক সমাজবাদ আনতে পারে। এর জন্য যৌথ মালিকানা দরকার। কিন্তু ভয় হচ্ছে 1956-এ Monoploy Commission-এর যে recommendation বেরিয়েছিল তখন দেখেছিলাম ভারতবর্ষে বিনিয়োগের ক্ষেত্র নির্ধারণ করে 60% of the industrial capital is in the hands of the 9 families. সেজন্য আমি বলব এই বাজেটকে কিছু সমালোচনা করে যে কেন্দ্রীয় সরকারের কাছে Planning Commission-এর Finance Commission-এর কাছে যে বরাদ্দ বৃদ্ধি দাবী করেছেন তাকে সমর্থন করে এই বাজেটকে আমি সমর্থন করছি।

**Mr. Deputy Speaker** : Honourable Minister, Shri Ajitkumar Panja will now make a statement.

**শ্রীঅজিত পাঁজা** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গতকাল মাননীয় সদস্য শ্রীআবদুল বারি বিশ্বাস হাউসে জানান যে পুরুলিয়া জেলায় ফাইলেরিয়া রোগ খুব বেশীভাবে হচ্ছে। সেটা সম্বন্ধে আমার যে রিপোর্ট আছে সেটা আমি মাননীয় সদস্যদের পড়ে শোনাচ্ছি। পুরুলিয়া জেলা শাসক এবং পুরুলিয়া মুখ্য স্বাস্থ্য আধিকারিক আজ সকাল ১১½টা নাগাদ জানিয়েছেন যে, ঐ জেলার কোন অংশ থেকে এখনও পর্যন্ত ফাইলেরিয়া জ্বরের প্রকোপ বেড়েছে বলে কোন খবর পাননি। যে সমস্ত রোগী ঐ জেলার হাসপাতালের বহির্বিভাগে দেখাতে আসছেন এবং ফাইলেরিয়া রোগের লক্ষণ অনুসারে তাদের যে সংখ্যা সেটা নীচে দেওয়া হচ্ছে। ১৯৭০ সালে ২ হাজার ৭৮২, ১৯৭১ সালে ২ হাজার ৮২৩, ১৯৭২ সালের মার্চ থেকে জুনের মধ্যে ১ হাজার ৩৬২ এবং তাদের বয়স আনুমানিক ২৫ থেকে ৩৫। ঝালদা primary health centre-এর সংখ্যা জানুয়ারী থেকে এপ্রিল মাস পর্যন্ত ৫৩২। হাতিনোড়া কালোনী, বেগুন কাডাট, বান্দা স্বাস্থ্যকেন্দ্রে ৪৮টি রোগী মে মাস পর্যন্ত ভর্তি হয়েছে। পুরুলিয়া জেলার হাসপাতালে যে সমস্ত রুগী অতিরিক্ত জ্বর, একশিরা বা গোদ প্রভৃতি নিয়ে ভর্তি হয়েছে তাদের সংখ্যা ১৯৭২ সালের এখন পর্যন্ত ৪২। ফাইলেরিয়া জ্বরের দরুণ কোন রুগীর মৃত্যুর খবর এখনও পর্যন্ত পাওয়া যায়নি। ফাইলেরিয়া জ্বরের প্রতিরোধক ওষুধ হাসপাতালের বহির্বিভাগ থেকে দেওয়া হয়।

**শ্রীশরৎচন্দ্র দাস** : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় ফাইলেরিয়ার ব্যাপারে যে কথা বললেন সে সম্বন্ধে আমি দু' একটা কথা বলতে চাই। তিনি ঝালদার কথা বলেছেন। ঝালদার রিপোর্টটা একটু এনকোয়ারী করা উচিত, কারণ রিপোর্টটা যথেষ্ট সন্দেহপরায়ণ।

**মিঃ ডেপুটি স্পীকার** : মাননীয় মিনিষ্টারের ষ্টেটমেন্ট হয়ে যাবার পর সে সম্বন্ধে আলোচনা রুলস অনুযায়ী চলে না। এ সম্বন্ধে আপনার কিছু বক্তব্য থাকলে আপনি মিনিষ্টারকে পরে বলতে পারেন।

**শ্রীআবদুল বারি বিশ্বাস** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৭২-৭৩ সালের যে ব্যয় বরাদ্দের দাবী মাননীয় অর্থমন্ত্রী মহাশয় করেছেন এই ব্যয় বরাদ্দকে সমর্থন নিশ্চয়ই আমরা জানাই এবং আমাদের দলের যে কর্মসূচী যথাযথভাবে রূপায়িত হোক তাকে আমরা স্বাগত জানাই। ৩৬ কোটির ঘাটতি বাজেটের জন্য প্রায় ১০ কোটি টাকার নতুন টেক্সেসানের প্রস্তাব এসেছে। আমাদের বন্ধু সদস্য বিশ্বনাথ মুখোপাধ্যায় মহাশয় জমির উপর খাজনা ২ গুনের জায়গায় ১॥ গুন কিংবা ৩ থেকে ৫ একর জমির উপর ট্যাক্স বসান উচিত নয় বলে যে বক্তব্য পেশ করেছেন এ সম্বন্ধে আমি আমার তরফ

াকে এই কথা বলতে চাই যে আজকে গ্রাম বাংলার যে দুরবস্থা তার দিকে আমি অর্থমন্ত্রী মহাশয় াবং মন্ত্রীসভার সকল সদস্যের দৃষ্টি আকর্ষণ করছি। কেননা কিছু দিন আগে এই বাংলাদেশের বুকে ন্যা হয়ে গেল, বন্যায় ক্ষতিগ্রস্ত, খরায় ক্ষতিগ্রস্ত চাষী পরিবার যাদের আমরা আপনারা সেচের জল িতে পারি না, যাদের আমরা বীজ ধান সরবরাহ করতে পারি না, যাদের গরু কেনার জন্য টাকা িতে পারি না, যাদের প্রতি আমাদের কোন রকম করুণা দৃষ্টি ঠিকমত যায় না সেই সমস্ত চাষীদের ◌পর এই দুর্দিনে আবার ট্যাক্স বসানর যে প্রস্তাব সেই প্রস্তাব ৯ বিঘার উর্দ্ধে হলেও বিশেষ করে ◌-সেচ এলাকায় অত্যন্ত অবিজ্ঞচিত লোকের পরিচয় হচ্ছে বলে আমি মনে করি এবং আমি মনে করি ন্ত্রীসভা এই বিষয়ে আবার ভালভাবে বিচার বিশ্লেষণ করে দেখে সেই বিল যখন এখনও আসেনি ◌খন এটা পুনর্বিবেচনা করার জন্য অনুরোধ করি। সঙ্গে সঙ্গে এই বাজেটে যে অর্থ বরাদ্দ হয়েছে ◌সই অর্থ বরাদ্দ আগামী দিনে ঠিকমত খরচ হবে কিনা এই বিষয়ে মন্ত্রীসভার কাছ থেকে আমরা ◌াশ্বাস পেতে চাই। কারণ মর্ণিং সোজ দি ডে—দিন কেমন হবে সেটা প্রভাত দেখলেই বুঝতে ◌ারা যায়। আমি এবারে আস্তে আস্তে আমার মূল বক্তব্যের দিকে যাব। এখানে আমি একটা কথা ◌া বলে পারি না যে, এই পশ্চিমবাংলার বুকে আইনশৃঙ্খলা জনিত যে পরিস্থিতি সেই পরিস্থিতির ◌ন্নতবিধান হলেও দিনের পর দিন ধরে চাষ ও শিল্পের ক্ষেত্রে, কলে ও কারখানায় যেভাবে অসামাজিক ◌াজ বিরোধী ব্যক্তিরা পুলিশকে হাতে করে আইন-শৃঙ্খলা ভেঙ্গে দেবার জন্য জাল বিস্তার করছে ◌দিকে সরকার নজর দিন। এটা একটা সামগ্রিক পরিস্থিতি। আজকে গোটা পশ্চিমবাংলায় বর্গা ◌াষী উদ্বিগ্ন। ২৪-পরগণা থেকে আরম্ভ করে পুরুলিয়া পর্যন্ত এবং মেদিনীপুর থেকে কুচবিহার পর্যন্ত ◌োটা পশ্চিমবাংলার বুকে আমরা মাননীয় সদস্যদের কাছ থেকে খবর নিয়ে যা বুঝতে পেরেছি তাতে ◌লতে পারি আগামী দিনে ভূমি ও ভূমি রাজস্ব বিভাগ থেকে যে জরীপের কাজ চালানর ব্যবস্থা ◌চ্ছে সেটা যদি সঠিক পথে রূপায়ণ না হয় তাহলে টাকা খরচ করেও সামগ্রিকভাবে লোকের উপকার করা যাবে না। এই খরা চলে গেল, আমরা তো মাচ মাসে টাকা দিয়েছিলাম, আমাদের গ্রামীণ জল সরবরাহ মন্ত্রী, উনি আমাদের গ্রাম বাংলার মানুষ, ওনার দোষ আমি দিই না, ওনার সততার, প্রচেষ্টার অভাব আছে বলব না, টাকার অভাব ছিল একথা বলব না, কিন্তু আজকে মন্ত্রীসভাকে বুঝিয়ে বলতে হবে এই দুঃখ দুদশার মধ্যে যখন আমরা মানুষের মুখে দুমুঠো অন্ন দিতে পারিনি, পানীয় জলের ব্যবস্থা করবার জন্য যেখানে আমরা প্রতিটি ব্লকে ৩টি করে টিউবওয়েল করবার কথা বলেছিলাম সেখানে কয়টা করতে পেরেছি, এই ব্যর্থতার জন্য দায়ী ঐ ট্রেজারী বেঞ্চের পিছনে গ্যালারিতে বসে আছে মাতব্বররা তারা, তারা হাজার হাজার টাকা মাইনে পান আর পিছন থেকে ষড়যন্ত্র করেন যাতে দুস্থ জনসাধারণের সামনে মন্ত্রীসভা হেয় হন, এই কথা যদি বলি তাহলে ভুল হবে না।

[3-40—3-50 p.m.]

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, টিউবয়েলের ক্ষেত্রে তদন্ত করলে দেখা যাবে গ্রামীণ জল সরবরাহের জন্য টিউবওয়েলের যে সমস্ত পাইপ, টিউব কেনা হচ্ছে সেগুলি একেবারে অকেজো। এই পাইপ বসাবার ক্ষেত্রে দেখছি ৬টি পাইপ বসাবার পর আবার যখন ৩টি পাইপ বসাতে গেল তখন নীচের দিকের পাইপ কেটে যাচ্ছে এবং এইভাবে বহু টাকার অপচয় হচ্ছে। বীজু পট্টনায়কের নাম কারুর অজানা নয়, তাঁর কলিঙ্গ পাইপ কিনে তার ঘরে লক্ষ লক্ষ টাকা ঢুকিয়ে দেওয়া হচ্ছে গ্রামীণ মানুষের। আজকে স্যার, দুঃখের সঙ্গে বলতে হচ্ছে এমন এমন ব্লক আছে যেখানে একটা টিউবওয়েলের রিসিংকিং-এর কাজ হয়নি। কেন হয়নি? না, কন্ট্রাক্টর নেই। এম, এল, একে খুঁজে বের করবার জন্য বলা হচ্ছে। আমি জিজ্ঞাসা করি এম, এল, এ কি কন্ট্রাক্টর খুঁজে বেড়াবার জন্তে

নিয়োজিত হয়েছে ? এই ব্যাপারে এম, এল, এ-র প্রতি রেসপনসিবিলিটি দিলেই চলবেনা। আমার কাছে অনেক রিপোর্ট আছে এবং আমি আমাদের এখানকার এম, এল, এ দৌলতালি সাহেবকে জিজ্ঞাসা করেছিলাম যে আপনার এলাকার খবর কি ? তিনি আমাকে বলেছেন আর, ডবলিউ, এস ডিপারটমেন্টের হাত থেকে এই ক্ষমতা কেড়ে নিয়ে সাধারণ প্রশাসনের হাতে দেওয়ায় তারা অন্তর্ঘাত মূলক কাজ চালিয়ে যাচ্ছে। এই যে অসহনীয় অবস্থা চলছে অর্থাৎ এই যে তারা অন্তর্ঘাতমূলক কাজ চালিয়ে যাচ্ছে এর জবাব সরকার কি দেবেন আমি তা জানতে চাই। আমরা যদি গ্রাম বাংলার দিকে তাকাই তাহলে দেখব সেলস্ ট্যাক্স নিশ্চয়ই বেড়েছে ১৯৬৯ সালের তুলনায়। কিন্তু তাতে কি একথা প্রমাণিত হয় যে, মানুষের ক্রয় ক্ষমতা বেড়েছে ? দ্রব্যমূল্য বাড়ার ফলে এই সেলস্ ট্যাক্স বেড়েছে। আপনারা যদি চারিদিকে লক্ষ্য রাখেন তাহলে দেখবেন কিভাবে এই সেলস্ ট্যাক্স ফাঁকি দেওয়া হচ্ছে। তাই আমি সরকারকে বলছি যে, জমির উপর খাজনা ২/৩ গুণ বৃদ্ধি না করে যারা লক্ষ লক্ষ টাকা সেলস ট্যাক্স ফাঁকি দিচ্ছে, গরীব মানুষকে শোষণ করছে, দুখানা-তিনখানা খাতা রাখছে তাদের বিরুদ্ধে কোন কঠোর আইন কি প্রয়োগ করা যায় না ? আমি বুঝতে পারছিনা সেদিকে আপনারা কেন দৃষ্টি দিচ্ছেন না। আপনারা এই দিকে দৃষ্টি দিন এবং সেখান থেকে টাকা আহরণ করুন। আমরা জানি টাকা নাহলে উন্নয়নমূলক কাজ হয় না। এই টাকা সংগ্রহের জন্য এবং বাজেটের ঘাটতি পূরণের জন্য ১০ কোটি টাকার যে ব্যবস্থা হয়েছে আমি তার সমালোচনা করছি না, আমি তাকে সাধুবাদ দিচ্ছি। মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমি এবারে অন্য দু-একটা কথা বলতে চাই এবং সেটা হচ্ছে আমি ভূমি রাজস্ব মন্ত্রীকে বার বার বলছি যে এক সঙ্গে সমস্ত জমির সেটেলমেন্টের কাজ আরম্ভ করুন। এই খাতে আয় থেকে ব্যয় বেশী হচ্ছে। আয় থেকে যদি ব্যয় বেশী হয় তাহলে খাজনা রেখে লাভ কি ? খাজনা ২/৩ গুন হতে চলেছে এবং এই ব্যাপারে আমি বিশ্বনাথ বাবুর সঙ্গে একমত। ব্যয়ের পরিমাণ যদি বেশী হয় তাহলে আপনারা খাজনা উঠিয়ে দিন, উৎপাদন ভিত্তিক ট্যাক্স করুন। কিন্তু দুঃখের বিষয় ২২ বছর ধরে সাধারণ মানুষের এই যে বক্তব্য সেটা কর্ণকুহরে পৌঁছায়নি। আজকে সাধারণ মানুষের উপর এই যে ২/৩ গুণ ট্যাক্স করা হচ্ছে সেখানে আমি বলছি যে আপনার এখান থেকে ঘুরে আসুন। আমার বক্তব্য হচ্ছে সমস্ত বাংলাদেশে সেটেলমেন্টের কাজ আরম্ভ করুন এবং এই যে ল্যাণ্ডওয়েতে বর্গাচাষী উচ্ছেদ করা হচ্ছে এটা বন্ধ করুন। বর্গাচাষী উচ্ছেদ বন্ধ করে ক্ষেতখামারে যদি শান্তি ফিরিয়ে আনতে না পারেন তাহলে আমাদের ভবিষ্যৎ খারাপ।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে খাদ্যের অভাবের কথা--আমাদের খাদ্যমন্ত্রী বাজেটে খাদ্যের বরাদ্দ বাড়িয়েছেন, কিন্তু আজকে খাদ্যের বরাদ্দ বাড়িয়ে কি হবে। ত্রাণমন্ত্রীকে এখানে দেখছি না, তাঁকে আমি বলি এবং আমরা সেই রিলিফের কাজ করলাম কিন্তু মাসে আমরা কয়দিন কয়টা লোককে কাজ দিতে পেরেছি ? আমরা গড়পড়তা হারে জেলা ভিত্তিক ৭ থেকে ১০ দিনের বেশী কাজ দিতে পারিনি। তা যদি দিতে না পেরে থাকি তাহলে ১০ দিনের কাজের জন্য ১০ টাকা আর ১০ কেজি গম ৫ জন মানুষের একটা পরিবার তাকে বলেছি যে তুমি একমাস খাও। আজকে তারই বিনিময়ে আমরা দেখতে পাচ্ছি কি ? আজকে খাদ্যের অভাবের কথা আমি বলি না, ক্রয় ক্ষমতা কমে যাবার দরুনই আমাদের জেলায় আমাদের গ্রামের মানুষ এই রকমের খাবার খেয়ে থাকছে যাকে বলে মুথার ঘাস। দক্ষিণ ২৪-পরগণার দিকে যাবেন সেখানে দেখবেন গিরিয়া ঘাস খেয়ে মানুষ জীবনধারণ করছে। এটা এক প্রকারের লবণাক্ত ঘাস। আর তার পাশে ইরিগেশনের টাকায় লাখ লাখ টাকা তহবিল তছরুপ হয়েছে, চোরের দল চুরি করে নিয়ে যাচ্ছে। আর তার পাশে সেখানকার মানুষ গিরিয়ার ঘাস খেয়ে জীবন ধারণ

হয়েছে। এই তো পাশাপাশি অবস্থা। কাজেই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই করুণ দৃশ্য আজকে সহ্য করা যায় না। তারজন্য আমি বলব আজকের দিনে চিন্তা করে দেখতে হবে যে আমরা কি করে ইমপ্লিমেন্টেসন করব, সঠিক পথে কি করে টাকা ব্যয় করব। আজকে প্রশাসন কাজ করতে চাচ্ছে না, তার জন্য কেন প্রশাসনকে জবাবদিহি করবার ব্যবস্থা করা হচ্ছে না। শুনে খুব সুখী হবেন আবদুল সাত্তার সাহেব তাঁর দপ্তরের কতকগুলি বি, ডি, ও জয়েন্ট বি, ডি, ওর কাছে কৈফিয়ত চেয়েছেন। আজকে বি, ডি, ওরা এক একটা মহারাজ হয়ে গেছে, এক একটা ম্যাজিস্ট্রেট হয়ে গেছে। এরা মনে ভাবে তাদের ক্ষমতার জায়গায় আর কারো খবরদারী করা চলবে না। আজ তাই সেখানে মানুষের প্রতি নির্যাতন চলছে। আজকের সময়মত গম যায় না, গরু খরিদ করবার টাকা পাওয়া যায় না। আজকে সেই চাষীর কথা যদি আমরা মনে না করি তাহলে আগামী দিনের ভবিষ্যৎ আমাদের ঝড়ঝড়ে। একথা আমি মন্ত্রীসভার সকল সদস্যদের স্মরণ করিয়ে দিচ্ছি যে দিন চলে যাবে কিন্তু কথা মনে থাকবে। আমরা যদি ভাল কাজ না করতে পারি আগামীদিনে তাহলে ভাল সুনাম অর্জন করতে পারব না। যদিও শুধু মন্ত্রীসভার এটা দায়দায়িত্ব নয়, আমরা নির্বাচিত হয়েছি সাধারণ মানুষের দ্বারা আমাদেরও দায়দায়িত্ব আছে সুনাম ও সুখ্যাতি আছে। সেজন্য সেইসব কথা অর্জন করবার জন্য আমরাও তাদের সঙ্গে শরিক হতে চাই। এবং প্রশাসনকে ভালভাবে কাজ করবার জন্য হুঁসিয়ার করে দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনুরুল ইসলাম**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী ১৯৭২-৭৩ সালের যে বাজেট পেশ করেছেন এবং বরাদ্দ উপস্থাপিত করেছেন, আমি তাকে সমর্থন করছি। সমর্থন করতে উঠে আমি বলতে চাই যে আজকে যখন ভারতবর্ষে একটা পরীক্ষা চলছে গণতান্ত্রিক সমাজতন্ত্রের সেই জন্য অমের শ্রেণীর ধনীর উপর কর নির্ধারণ করে সাধারণ মানুষের যাতে উন্নতি হতে পারে, গ্রাম বাংলার যাতে উন্নতি হতে পারে তার জন্য বাজেটে চেষ্টা করা হয়েছে। আপনি নিশ্চয়ই লক্ষ্য করেছেন এবং আমরা দেখছি যে বিলাসদ্রব্যের উপর কর বসেছে, যে সমস্ত জিনিস বড়লোকেরা উপভোগ করে, যে সমস্ত জিনিস একমাত্র বড় লোকেরা ব্যবহার করে সেইসব জিনিসের উপর কর বসেছে। কিন্তু নিত্য প্রয়োজনীয় জিনিসের উপর কর বসানো হয়নি যাতে করে সাধারণ মানুষের জীবনযাত্রা ব্যাহত হতে পারে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই লক্ষ্য করেছেন ভূমি রাজস্বের হার সংশোধনের কথা বলা হয়েছে, কিন্তু সঙ্গে সঙ্গে এই কথাও বলা হয়েছে ভূমি রাজস্ব সংশোধন করে যে অর্থ পাওয়া যাবে সেটা নিয়োগ করা হবে গ্রাম বাংলার উন্নতির জন্য। পূর্ত এবং সেচ কার্যের জন্য যে উদ্বৃত্ত অর্থ পাওয়া যাবে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে এই গ্রামবাংলার উন্নতির জন্য এই উদ্বৃত্ত অর্থ ব্যয় করা হবে। এবং আমি মনে করি এই উদ্বৃত্ত অর্থ গ্রাম বাংলার জন্য ব্যয় করা উচিত।

[3-50—4-00 p m ]

তার কারণ আমরা দেখেছি এতদিন পর্যন্ত গ্রাম বাংলাকে শোষণ করে সহরে ইমারত গড়ে উঠেছে, এতদিন আমরা লক্ষ্য করেছি গ্রাম বাংলার মানুষ অবহেলিত হয়েছে। দিনের পর দিন গ্রাম বাংলার মানুষকে একঘরে করে রেখে দিয়ে সহরের মানুষকে উন্নত করবার চেষ্টা করা হয়েছে। আমরা এতদিন পর্য্যন্ত লক্ষ্য করেছি শুধুমাত্র গ্রামবাংলার মানুষের মনে বিক্ষোভ, বিক্ষোভের বহিঃপ্রকাশ কিন্তু হয়নি, মনের মধ্যে ধুমায়িত হয়েছে আগুন। মানুষ বিক্ষোভে ফেটে পড়বার চেষ্টা করেছিল আজকে কিন্তু আমরা লক্ষ্য করেছি যে গ্রাম বাংলার মানুষকে বাঁচাবার জন্য, গ্রামের মানুষের উন্নতি করবার জন্য, গ্রামের লক্ষ লক্ষ নিরন্ন মানুষ, খেটে খাওয়া মানুষ যারা আজো কথা বলতে পারে না, যারা

তাদের বক্তব্যটাকে ঠিক মত গুছিয়ে বলতে পারে না, তাদের জন্য আমাদের মন্ত্রীসভা চেষ্টা করেছেন, আমাদের মাননীয় অর্থমন্ত্রী বাজেটে তা ভাববার চেষ্টা করেছেন। এর ফলে একটা জিনিস হয়েছে সেটা হচ্ছে এই যে, একদিকে যেমন গ্রামের মানুষের আস্থা ফিরে এসেছে, অপর দিকে মানুষ যখন দেখবে, গ্রাম বাংলার মানুষ যখন দেখবে যে রাজস্ব থেকে যে উদ্বৃত্ত হয় সেই আয়টাকে তাঁরা ব্যয় করছেন গ্রামের উন্নতির জন্যে, যখন মানুষ দেখবে সেই আয়টাকে ব্যয় করা হচ্ছে গ্রামের রাস্তাঘাটের উন্নতি করার জন্যে, তখন মানুষ চেষ্টা করবে, গ্রামের মানুষ চিন্তা করবে, তারা নিশ্চয়ই কর দেবে। কর দেবার মনোবৃত্তি হবে এই জন্যে সেই কর তাদের নিজেদের কাজে লাগবে, অপর কারো কাজে লাগবে না। আমরা লক্ষ্য করতে পারছি আমরা লক্ষ্য করছি যে ভূমি রাজস্বের উপর কর ধার্য হচ্ছে—অনেকে একথা বলেছেন যে ভূমি রাজস্বের উপর কর ধার্য হওয়া উচিত নয়, অনেকে চিন্তা করেছেন যে এই কর ধার্য করার ফলে সাধারণ মানুষের উপর অত্যাচার করা হচ্ছে, নিরন্ন মানুষের উপর অত্যাচার করা হচ্ছে, সেই সমস্ত খেটে খাওয়া মানুষ, যে সমস্ত মানুষ ভূমিহীন চাষী, সেই সমস্ত মানুষের উপর অত্যাচার করা হচ্ছে কিন্তু এটা লক্ষ্য করা উচিত যে এই কর ধার্য করার পিছনে একটা যুক্তি আছে। সেই যুক্তি হচ্ছে এই, ১৯৩৭ সালে যে কর ধার্য হয়েছিল, যে খাজনা ধার্য হয়েছিল, ১৯৩৭ সালের পর থেকে সেই খাজনা আমরা কিন্তু বাড়াবার চেষ্টা করিনি বা এই খাজনাটাকে পরিবর্তন করার চেষ্টা করিনি। খাজনাটা যা স্বাধীনতার পূর্বেকার যুগে এবং দ্বিতীয় মহাযুদ্ধের পূর্বে ছিল। স্বাধীনতার পরবর্তী যুগে এবং যখন আমাদের দৈনন্দিন জীবনের মান উন্নত হয়েছে তখন কিন্তু সেই করকে পরিবর্তন করার কোন চেষ্টা হয়নি। আমরা এটা নিশ্চয়ই সমর্থন করি এইজন্য যে আমরা দেখেছি আমাদের শতকরা ৬০ ভাগ কৃষিজীবীকে আজকে এই কর থেকে রেহাই দেওয়া হয়েছে। কেমন করে রেহাই দেওয়া হয়েছে? ৯ বিঘা পর্যন্ত সম্পত্তি যাদের আছে তাদের এই করের আওতা থেকে বাদ দেওয়া হয়েছে। আমরা জানি বাংলাদেশে শতকরা ৬০ ভাগ কৃষিজীবী যারা এই ৯ বিঘা সম্পত্তির মালিক, শতকরা ৪০ ভাগ কৃষিজীবী ৯ বিঘার বেশী সম্পত্তি ভোগ করে। অতএব শতকরা ৬০ ভাগ সম্পত্তির মালিক তাদেরকে বাঁচাবার জন্যে, শতকরা ৬০ ভাগ মানুষের উন্নতি করার জন্যে শতকরা ৪০ ভাগ মানুষের উপর কর ধার্য করা এমন কিছু অন্যায় নয়, অযৌক্তিকও নয়। তবে একটা কথা, আমার এখানে সংশয় আছে সেটা হচ্ছে এই যে আমরা জানি ১৯৫৪-৫৫ সালে যে খতিয়ান তৈরী হয়েছিল মধ্যস্বত্ব বিলোপের পরে সেই খতিয়ান কিন্তু সম্পূর্ণ নয় আমাদের কাছে। এই খতিয়ান থেকে এখনো মানুষের প্রকৃত জমি কোনটা সেটা নিরূপণ করতে পারি কিন্তু প্রকৃত জমির মালিক কে কিংবা জমির মালিক সেটা আমরা জানতে পারিনা। স্বভাবতঃই মানুষের কর ফাঁকি দেওয়ার প্রবণতা এর থেকে জেগে উঠে। অতএব আমি আশা করবো সরকার যখন কর ধার্য করবার চেষ্টা করছেন, সরকার যখন চেষ্টা করছেন কর থেকে উদ্বৃত্ত আয় সকল মানুষের জন্য ব্যয় হবে তখন সঙ্গে সঙ্গে আমরা চিন্তা করবো যে আজকে যে খতিয়ান সেই খতিয়ানকে পরিবর্তন করে বা ভূমির যে খতিয়ান সেই খতিয়ানকে অন্য কোন ভাবে রূপায়িত করা যায় কিনা তার জন্য চেষ্টা করতে হবে। তা যদি চেষ্টা না করতে পারি তাহলে আমরা মনে করি আমাদের যে প্রচেষ্টা সেই প্রচেষ্টা হয়ত ফলপ্রসু হবে না সেই প্রচেষ্টা হয়ত আকাশকুসুম পর্যায়ে পর্যবসিত হবে। প্রকৃতপক্ষে সেটা বাস্তবে রূপায়িত করা যাবে না। সেইজন্য আমাদের বক্তব্য হচ্ছে বা আমরা মনে করছি যে আজকে সরকার চেষ্টা করুন কিন্তু যেখানে বাজেটে বলা হয়নি কেমন করে বেকার সমস্যা দূর করা হবে, আজকে যখন বলা হয়নি তীব্র বেকারির জ্বালা কেমন করে উপশম হবে আজকে যেখানে বলা হয়নি যে সমস্ত গ্রাম বাংলার মানুষ, যে সমস্ত গ্রাম বাংলার শিক্ষিত যুবক এবং অশিক্ষিত, আধা শিক্ষিত যুবক, তারা যখন রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে, তাদের আজকে কাজ দিতে পারছি না তখন আমরা এখান থেকেই তাদের কাজের একটা সমাধান করে দিতে পারি। সেটা হচ্ছে যে এই যে ভূমি সংস্কার এবং ভূমি বন্টন, এই দুটি সংস্কার করার

জন্ত আমরা লক্ষ লক্ষ বেকারকে চাকরি দিতে পারি এবং আমরা এদের নিয়োজিত করে শিক্ষিত করে তুলতে পারি। এটা হলে দুটি ফল হবে, একটা হল এই ভূমি পুনর্বিন্তাসের ফলে বা ভূমি পুর্ণবিন্তাসের ফলে আজকে আমাদের কাছে প্রকৃত তথ্য উদ্‌ঘাটিত হবে, প্রকৃত তথ্য যখন আমাদের হাতের মধ্যে আসবে, অপর দিকে আমাদের গ্রাম বাংলার চাষী এবং গ্রাম বাংলার যে সমস্ত যুবক যাঁরা আজকে চাষের কাজে নিযুক্ত হবার চেষ্টা করছেন, যাঁরা আজকে প্রকৃত তথ্য উদ্‌ঘাটিত করবার চেষ্টা করবে তাদের সঙ্গে একটা নিবিড় যোগসূত্র সৃষ্টি হবে। পরবর্তীকালে তাঁরাই ভূমিসেনার কাজ করবেন। স্বাভাবিক ভাবে তখন খাজনা ফাঁকি দেবার কোন সুযোগ থাকবে না, ফাঁকি দেবার চেষ্টা করলে তাঁরা বাধা দেবার চেষ্টা করবে। অতএব আমরা চিন্তা করবো সরকার যখন চেষ্টা করছেন, আমাদের অর্থনীতির উপর যখন স্পষ্ট বক্তব্য রাখার চেষ্টা করছেন, আজকে গ্রাম বাংলার উন্নতির জন্তে ভূমির যে খাজনা সেই খাজনার পুনর্বিন্তাস করতে হবে। সঙ্গে সঙ্গে এটাও আমরা আশা করবো যে খাজনা যাতে প্রকৃতপক্ষে আদায় হয়। যারা খাজনা দিতে চাইছে না, যে সমস্ত বড়লোক, জোতদার ও জমিদাররা আজকে খাজনা দিতে চাইছে না তাদের কাছ থেকে খাজনা যাতে আমরা ঠিকমত আদায় করতে পারি তার জন্ত চেষ্টা করতে হবে।

আর একটা কথা আমাদের মন্ত্রী মহাশয়ের খুব ভাল লেগেছে। সেটা হচ্ছে আমাদের প্রাদেশিক সরকারগুলিকে যে টাকা দেবে কেন্দ্রীয় সরকার সেটা জনসংখ্যার ভিত্তিতে চাই। এই ব্যাপারে অনেকে অনেক রকম কথা বলেন, কেন্দ্র এবং প্রাদেশিক সরকারের সম্পর্ক নিয়ে অনেকে অনেক ছিনিমিনি খেলেন, অনেকে বলে থাকেন আমাদের রাষ্ট্র দরিদ্র কিন্তু কেন্দ্র আমাদের টাকা দিচ্ছে না, এই সব কথা বলে অনেক গণ্ডগোলের সৃষ্টি করেন। প্রকৃতপক্ষে যা হওয়া উচিত সেটাই আমাদের অর্থমন্ত্রী মহাশয় বলেছেন এবং সেটা হচ্ছে জনসংখ্যার ভিত্তিতে টাকা দেওয়া হোক। সেজন্ত বিহারের লোক সংখ্যা যদি বেশি হয় তাহলে সে বেশি টাকা পাবে কিংবা পাঞ্জাবের লোক সংখ্যা যদি বেশি হয় তাহলে সে বেশি পাবে এবং সেটা হলে কেন্দ্র এবং প্রদেশের সম্পর্ক নিয়ে যে আন্দোলন হয়, কেন্দ্র আমাদের রাষ্ট্রের প্রতি বিমাতৃসুলভ ব্যবহার করেছেন বা করার চেষ্টা করেছেন এ সমস্ত বলার সুযোগ হবে না এবং তখন এটা বলতে হবে যে কেন্দ্র মাতৃসুলভ ব্যবহার করে রাষ্ট্রকে তৈরী করার চেষ্টা করছেন। অতএব আমি এই বাজেটকে পুরোপুরি সমর্থন জানাই, এই বাজেটে গণতান্ত্রিক সমাজবাদের ধাপ হিসাবে যে আলোর নিশান রয়েছে, কেন্দ্র এবং প্রাদেশিক রাষ্ট্রের সম্পর্ককে সুন্দর করবার জন্ত এবং গ্রাম বাংলার উন্নতির জন্ত যে প্রচেষ্টা রয়েছে তাকে স্বাগত জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। বন্দেমাতরম।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বাজেটকে সাধারণভাবে স্বাগত জানিয়ে এর কতকগুলি বিষয় সমালোচনা এবং আলোচনা করা প্রয়োজন বলে মনে করি। মাননীয় অর্থ মন্ত্রী মহাশয় অনেক পরিশ্রম করে এবং বুদ্ধিমত্তা দেখিয়ে বাজেট উপস্থিত করেছেন, সেজন্ত আমি তাঁকে ধন্তবাদ জানাই। কিন্তু আমি আশা করেছিলাম যে এই বাজেট একটা বৈপ্লবিক বাজেট হবে, সেটা কিন্তু হয়নি। আমরা নির্বাচনের আগে জনসাধারণকে প্রতিশ্রুতি দিয়েছিলাম যে সমাজবাদ আনব, সমাজবাদী বিপ্লব আনব। এই বাজেটের গোড়া থেকে শেষ পর্যন্ত তন্ন তন্ন করে খুঁজেও সমাজবাদের আভাস পাইনি। আগে আগে যে সমস্ত বাজেট এই বিধানসভায় পেশ করা হয়েছে তার তুলনায় এই বাজেট নিশ্চয়ই প্রগ্রেসিভ, কিন্তু বাজেটে আমরা যে সমস্ত জিনিষ চেয়েছিলাম তা না পেয়ে হতাশ হয়েছি। এই বাজেটের মধ্যে বেকার সমস্যা সমাধানের কোন সুষ্ঠু কর্মপন্থা পাইনি, যেটাকে বলা যেতে পারে ক্রেজড্ প্রোগ্রাম তার মধ্যে নাই।

৩০ লক্ষের বেশী বেকার, আশা করেছিলাম এই বাজেটের মধ্যে একটা ফেজড প্রোগ্রাম থাকবে কিভাবে কত দিনের মধ্যে কত ছেলেদের চাকরি দেওয়া হবে তার একটা সুষ্ঠ প্রোগ্রাম থাকবে, কিন্তু সেটা এর মধ্যে নাই। তারপর গরিবী হঠাও যে কথা আমরা নির্বাচনের আগে এবং পরে বলে বেড়িয়েছি, সমাজবাদ-এর পথে চলেছি এবং সমাজবাদ আনব বলে যে সমস্ত কথা আমরা বলেছি সেই গরিবী হঠাবার জন্য কোন প্রভিশন এই বাজেটের মধ্যে পাইনি।

তারপর প্রাথমিক শিক্ষার উপরও কোন গুরুত্ব দেওয়া হয়নি। আমাদের দেশে প্রাথমিক শিক্ষা অতি শোচনীয়। এই খাতে কোন টাকা বরাদ্দ হয়নি দেখে দুঃখিত হয়েছি। বর্তমান অবস্থায় ৪০ জন ছাত্রের জন্য এক একজন শিক্ষক আছে, তাতে লেখাপড়া কিছুই হয়না, ছেলেরা যার যেমন ইচ্ছে তেমন করছে, কোন ছেলে হয়ত আর একজনের খাবার কেড়ে খাচ্ছে, একজন হয়ত আর একজনের পকেট ছিঁড়ছে, লেখাপড়া কিছুই হচ্ছে না, প্রাথমিক শিক্ষার ব্যাপারে কোন ব্যবস্থা হয়নি দেখে আমি হতাশ হয়েছি।

[4-00 - 4-10 p m.]

তারপর প্রাইভেট সেকটারে চাকরীর কথা বলেছেন। এই প্রাইভেট সেকটারে চাকরীর সঙ্গে সঙ্গে উৎপাদন বৃদ্ধির কোন চেষ্টার কথা নেই দেখে হতাশ হয়েছি। আর বাজেটে কলকারখানা খোলার কথা বলা হয়েছে কিন্তু কতগুলি কারখানা খুলল এবং যে সমস্ত কারখানা বন্ধ হতে চলেছে সেই কারখানা কি করে বন্ধ না হয় তার কোন সুনির্দিষ্ট কথা আমরা বাজেটে পাই নি। আমরা এই সমস্ত আশা করেছিলাম কিন্তু ২৫ বৎসর স্বাধীনতার পরেও আমরা ভিখারী জাতিতে পরিণত হয়েছি। আমাদের টি, আর ও জি, আর-এর উপর নির্ভর করে চলতে হয়। আমাদের অর্থনীতি রিলিফ অরিয়েনটেড ইকনমি ছাড়া আর কিছু নয়। আমরা আশা করেছিলাম যে লেবার ওরিয়েনটেড ইকনমি হবে, এগ্রিকালচারের কথা থাকবে। কিন্তু এর কোন সুস্পষ্টরূপ আমরা দেখতে পাইনি। এই বাজেটে আমরা আশা করেছিলাম যে কম্পালসারি ক্রপ ইনসিওরেন্স চালু করা হবে। কারণ আমরা জানি যে বন্যা এবং খরায় প্রতি বছর চাষীদের ক্ষতি হচ্ছে তাদের কষ্ট হচ্ছে। তারা চাষ করতে পারে না তারা ঘরে থাকতে পারে না। সেইসব কারণে কম্পালসারি ক্রপ ইনসিওরেন্স করা উচিত ছিল। আর একটা কথা হচ্ছে যে আমাদের গ্রামের চেহারাগুলি আজ কি? সহর গ্রামের উপর নির্ভরশীল। গ্রামের উপর নজর দেওয়া সবচেয়ে বেশী প্রয়োজন কারণ গ্রাম না বাঁচলে সহর বাঁচতে পারে না। এই গুরুত্বপূর্ণ জিনিষের প্রতি অবহেলা করা হয়েছে। কিন্তু আমরা জানি মাননীয় অধ্যক্ষ মহাশয় যে, ভারতে অর্থনীতি গ্রামের উপর পুরাপুরি নিভরশীল। আমরা যদি পুরাপুরিভাবে গ্রামের অর্থনীতিকে পুনর্গঠিত করতে না পারি তাহলে ভারতবর্ষ বা পশ্চিমবাংলার গ্রামীণ অর্থনীতির উন্নতি হবে না। আমাদের গ্রামীণ অর্থনীতিকে পুনর্জীবিত করা যাবে না। আর একটা কথা বাজেটে দেখতে পেলাম না সেটা হচ্ছে দ্রব্যমূল্য বৃদ্ধির কথা। দ্রব্যমূল্য বৃদ্ধির ফলে গরীবদের জীবনে দুঃখ দুর্দশা বেড়ে যাচ্ছে। এ যদি রোধ করতে না পারি তাহলে সমস্ত পরিকল্পনা নষ্ট হয়ে যাবে। আর একটা কথা বলতে চাই টাকার কথা। এই কালো টাকা ধরার জন্য প্রগ্রেসিভ কিছু থাকলে ভাল হতো। কর ব্যবস্থা যেটা করেছেন সেটাকে আমি স্বাগত জানাবো। আমি তাকে প্রগ্রেসিভ বলবো। ক্যাবারের উপর ট্যাক্স বসিয়েছেন সেজন্য আমি তাঁকে স্বাগত জানাই। কিন্তু সিনেমার ৫০ পয়সার টিকিটের উপর ৩০ পারসেণ্ট যা বসিয়েছেন এটা আমি মনে করি যে, যারা সিনেমা দেখে তাদের অবস্থা আরো খারাপ হয়ে যাবে। সেইজন্য আমি নিবেদন করছি যে, সিনেমার নিম্ন টিকিটের হারের উপর যে

ন্ন বসিয়েছেন তা থেকে ট্যাক্স অবিলম্বে তুলে নেওয়া হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেট াবিক বাজেট নয়, এ সমাজের এ্যাসপিরেসানকে সেটিসফাই করতে পারে নি তবুও এর মধ্যে কিছু চেষ্টা আছে, এর মধ্যে কার্য্য করবার কথা আছে। সেই কারণে আমি এই বাজেটকে সমর্থন নাই। কিন্তু আমি অনুরোধ জানাবো যে এই রিলিফ ওরিয়েনটেড ইকনমি ছেড়ে—ভিক্ষাবৃত্তি ড়, ঐ টি, আর ও ইকনমিক পরিবর্ত্তন করে একটা শক্ত বুনিয়াদের উপর ভিত্তি করে আমাদের নীতি গড়া হোক এই অনুরোধ আমি জানাচ্ছি।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিম বাংলার অর্থমন্ত্রী যে জেট পেশ করেছেন এই বাজেটকে নিশ্চয় সমর্থন করছি। কিন্তু এই কথা পরিষ্কার করে বলতে ই যে এই বাজেটে আমরা যে আশা করেছিলাম তা পূরণ হয় নি। বাজেটে ট্যাক্স ধার্য করা হয়েছে মির উপর ট্যাক্স ধার্য্য করে কৃষক এর কাছ থেকে সেই কর আদায় করা হবে। কিন্তু অর্থমন্ত্রী াশয়-এর এটা দেখা উচিত ছিল যে পশ্চিমবাংলায় যে এক কোটী চুয়াল্লিশ লক্ষ একর জমি আছে ারমধ্যে এক কোটি আট লক্ষ একর জমিতে জলের কোন ব্যবস্থা নেই। এই প্রসঙ্গে বলতে গিয়ে লতে চাই যে কৃষকেরা দুগুন বা চারগুন ট্যাক্স দেবে কিন্তু সেই কৃষকদের আজকে গবাদি পশু কেনার কা নেই। তারা এই গবাদি পশু কেনার ঋণ ঠিক সময় মত পায় না। যখন তাদের টাকা আসে খন সেই আশ্বিন মাসে তখন গবাদি পশু কেনার টাকা আসে।

আজকে পশ্চিমবঙ্গে ট্যাক্স ধার্য হয়েছে তাতে আমরা কী দেখছি? পুঁজিপতিরা লক্ষ লক্ষ কা কর ফাঁকি দিচ্ছে। ফলে সরকারকে বাধ্য হয়ে ঘাটতি পূরণের জন্য ১০ কোটি টাকা tax ধার্য্য রতে হচ্ছে। আমি বলতে চাই পশ্চিমবঙ্গের পাওনা আছে কয়লাখনির কাছে ২৬ থেকে ২৮ কাটী টাকা। সেই ২৮ কোটী টাকা খনিমালিকদের কাছ থেকে আদায় করবার ক্ষমতা এই রকারের নাই। তাই তারা আজকে ট্যাক্স বসাচ্ছেন। ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কোটী কোটী কা শিল্পপতিরা বাকি ফেলে রেখেছে, তা আদায় হচ্ছে না। তাই আমি বলতে চাই—বড় বড় পুঁজিপতি যারা—আজকে সরকারের txa ফাঁকি দিচ্ছে, কোটী কোটী টাকা যা তাদের কাছে বাকি পড়ে আছে—তা আদায় করা উচিত ছিল পশ্চিমবঙ্গের কল্যাণের জন্য। আজ পশ্চিমবাংলায় বেকার সমস্যা—যা একটা গুরুহ সমস্যা আকারে দেখা দিয়েছে—সে সম্বন্ধে কোন কথা এই বাজেটে বলা হয় নাই। অর্থমন্ত্রী তাঁর বাজেটে বেকারদের সম্বন্ধে বলতে গিয়ে যা বলেছেন তা ভবিষ্যতের কথা। বর্তমান সরকারের এই সমস্যা সমাধানের কোন সুষ্ঠ পরিকল্পনা নাই। তাই আমরা খানিকটা হতাশ হয়ে পড়েছি।

মাননীয় উপাধক্ষ মহাশয়, আজকে একথা স্বীকার করা দরকার যে বেকার সমস্যা সমাধান করবার জন্য যে বিস্তারিত কার্য্যক্রম পেশ করা উচিত ছিল তা এর মধ্যে নাই। গ্রামের কৃষি-কার্য্য সুষ্ঠভাবে পরিচালনার কোন ব্যবস্থাও এর মধ্যে নাই। সেখানে সেচের জল পাওয়া যায় না। আরো অনেক অসুবিধা রয়েছে। এইসব দিক ভেবে আরো প্রগতিশীল করা যেত এই বাজেটকে। তারজন্য টাকার অভাব হত না। টাকা আমাদের রয়েছে—পুঁজিপতিদের কাছে আটক পড়ে আছে—সেই কোটী কোটী টাকা আদায় হচ্ছে না। বৃহৎ পুঁজিপতিরা ফাঁকি দিচ্ছে কর। বড় বড় জমির মালিকদের উপর ট্যাক্স ধার্য্য করতে হবে। পশ্চিমবঙ্গের শহরে বড় বড় অট্টালিকা রয়েছে—যা থেকে মালিকরা বহু টাকা রোজগার করছে অথচ সেখানে কোন ট্যাক্স ধার্য্য করা হয় নাই। আজকে স্পষ্টভাবে পশ্চিমবঙ্গের সমস্যাবলী সামগ্রিকভাবে সমাধান করবার জন্য কোন কথা বাজেটে বলা হয়

নাই। মাঝখানে দেখলাম ১০ লক্ষ বেকারের চাকরী হবে। তারজন্য ১৪০০ কোটী টাকা দরকার। সে টাকা কে দেবে? মন্ত্রীরা তাদের বিভিন্ন বক্তৃতার মধ্যে যে আশা রেখেছেন, তা সামগ্রিক আশা নয়। মাইকেল মধুসূদনের ভাষায় বলা যায়—

"ক্ষণপ্রভা প্রভাদানে বাড়ায় মাত্র
আঁধার পথিকে ধাঁধিতে।"

তেমনি এর মধ্যে মাঝে মাঝে দু একটা আশার কথা রয়েছে মাত্র। জনগণের দুঃখদুর্দশাকে সামগ্রিকভাবে দূর করবার জন্য কোন সামগ্রিক পরিকল্পনা নাই। বড় বড় পুঁজিপতি ও একচেটিয়ে শিল্পপতিরা যে লক্ষ লক্ষ কোটী কোটী টাকা ট্যাক্স ফাঁকি দিচ্ছে—তা যদি আমরা আদায় করতে পারতাম, তবে যে বেকার সমস্যা নিয়ে আমরা বিব্রত, যে বন্যা ও খরা সমস্যা নিয়ে আমরা বিব্রত, সামগ্রিকভাবে আমাদের জনসাধারণের যে সমস্যা. তা আমরা অনায়াসে দূর করতে পারতাম। আমি আশা করি আমাদের অর্থমন্ত্রী এইসব দিকে বিবেচনা করবেন। এই কথা কয়টা বলে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Jyotirmoy Majumdar**: স্যার, বাজেট আলোচনা হচ্ছে অথচ ট্রেজারী বেঞ্চ একদম খালি, কেউ উপস্থিত নাই। এ কী রকম ব্যাপার।

(Voices: আছে, আছে, এদিকে বসে আছেন।)

**Shre Krishnapada Roy**: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে যে বাজেট মাননীয় অর্থমন্ত্রী রেখেছেন, সেই বাজেটকে আমি সমর্থন করছি, এই কারণে যে আজকে বাজেটের মধ্যে প্রগতিশীল দৃষ্টিভঙ্গীর পরিচয় কোথাও কোথাও আছে আমি লক্ষ্য করেছি। কিন্তু একটা জিনিষ আজকে পরিষ্কারভাবে আপনার মাধ্যমে মন্ত্রীসভার কাছে ও মাননীয় অর্থমন্ত্রীর কাছে পৌঁছে দেওয়া প্রয়োজন বলে আমি মনে করছি। পশ্চিমবঙ্গের লক্ষ লক্ষ যুবক তরুণ ছাত্র-সম্প্রদায়ের প্রতিনিধি হিসেবে পশ্চিমবাংলার বিধানসভায় উপস্থিত হয়েছিলাম, নূতন করে যুবসমাজকে বাঁচবার পথ দেখাবে এই প্রগতিশীল সরকার।

[4-10—4-20 p.m.]

এই সরকার কয়েক লক্ষ বেকার যুবকদের কাছে কর্মসংস্থানের গঠনমূলক কর্মসূচী রেখে তাকে বাস্তবে রূপায়িত করবার চেষ্টা করবেন এই প্রতিশ্রুতি দিয়ে নির্বাচনের আগে আমরা মন্ত্রী মহাশয়রাও তাঁদের সমর্থন কামনা করেছিলেন। বাজেটের কোথাও কোথাও হয়তো বেকার যুবকদের প্রতি কিছু কিছু কল্যাণের কথা আছে। কিন্তু পরিষ্কারভাবে পশ্চিমবাংলার বেকার সমস্যা সমাধান করার জন্য কি ধরনের অর্থনৈতিক পরিকল্পনা করা হচ্ছে। কর্মসংস্থান কোথায় হবে, কিভাবে হবে সে কথা আমরা জানতে পারলাম না। পশ্চিমবঙ্গের যুব সম্প্রদায় এই সরকারের কাছে বহুবার এই দাবী করেছে যে সরকার কি পারেন না, আইন করে পশ্চিমবঙ্গে যে সমস্ত বেসরকারী প্রতিষ্ঠান আছে সেখানে ওভার টাইম পদ্ধতি বন্ধ করে পশ্চিমবঙ্গের কয়েক হাজার যুবকের কর্মসংস্থানের সুযোগ করে দিতে? আমরা জানি, পশ্চিমবঙ্গে যে সমস্ত প্রতিষ্ঠান লাভ করছে, সরকার কি পারেন না, আইন করে মিনিমাম পারসেণ্টেজ অব এম্পপ্লয়মেণ্ট করে দিতে? এই কথা পশ্চিমবঙ্গের যুবকদের পক্ষ থেকে সরকারের মাধ্যমে শিল্পপতিদের কাছে পৌঁছে দেবার প্রয়োজনীয়তা আছে বলে মনে করি। আমরা লক্ষ্য করেছি, যে বাজেট আমাদের কাছে দেওয়া হয়েছে সেই বাজেটে হোটেল

রেস্তোরায় যারা অবস্থাপন্ন লোক যারা খুবই বিলাসিতার সঙ্গে জীবন যাপন করেন সেইসব আমোদ প্রমোদের উপর কর বসানোর প্রস্তাব করা হয়েছে; এতে আমরা নিশ্চয়ই অভিনন্দন জানাবো। কিন্তু একটা জিনিস আমরা জানি যে কয়েকটি ক্ষেত্রে মালবাহী মোটর যান এবং যাত্রীবাহী মোটর যানের উপর কর বসানোর প্রস্তাব করা হয়েছে। এতে সাধারণ মানুষের উপর করভার বাড়িয়ে দেওয়া হয়েছে। আমি আশা করি মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এ বিষয়ে বিচার বিবেচনা করবেন। ভূমি রাজস্বের উপর যে করের কথা বলা হয়েছে সে সম্পর্কে আমার আগের বক্তা বলে গেছেন। আমি মনে করি ভূমি সমস্যার সমাধান করে গঠনমূলক পদ্ধতিতে কৃষিজাত দ্রব্যের উপর আয়ের ভিত্তিতে কর বাড়াই তাহলে হয়তো কিছু আয় বাড়তে পারে। সেল ট্যাক্সের যে কথা বাজেটে বলা হয়েছে আমরা জানি আমাদের এখানে সিঙ্গল পয়েন্ট সেল ট্যাক্স পদ্ধতি আছে। কিন্তু ভারতবর্ষের অন্যান্য প্রদেশে মালটিপয়েন্ট সেল ট্যাক্স পদ্ধতি চালু আছে। আমাদের পশ্চিমবঙ্গে এই পদ্ধতি চালু করলে সেল ট্যাক্সের মাধ্যমে আরও বেশী রাজস্ব বাড়তে পারে। এই প্রস্তাব আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছে রাখলাম তিনি এটা বিবেচনা করে দেখবেন।

আমি জানি যে রুগ্ন ও বন্ধ কারখানাগুলির দিকে সরকার নজর দিচ্ছেন। একথা আমি আমাদের অর্থমন্ত্রীর দেওয়া বাজেটে লক্ষ্য করেছি। আমি হাওড়া জেলা থেকে নির্বাচিত প্রার্থী। নূতন করে এই সভায় বলার দরকার নেই যে আমার জেলার অধিকাংশ কলকারখানা আজ প্রায় ধ্বংসের মুখে। এটা আমি প্রথম দিন রাজ্যপালের ভাষণে আলোচনা করেছিলাম এই সামগ্রিক সমস্যার প্রতি দৃষ্টি দেবার জন্য। হাওড়া ও হুগলী জেলার আর একটি বিরাট সমস্যা হচ্ছে এই মার্টিন রেলপথ। এখানে টাকার সমস্যা আছে তা আমরা জানি। কিন্তু এই রেলপথ চালু করার যথেষ্ট প্রয়োজনীয়তা আছে। আমি জানি রেমণ্ড ইঞ্জিনীয়ারিং কারখানা একটি বিরাট কারখানা। তারা তাদের দাবী দাওয়া নিয়ে সরকারের কাছে দিনের পর দিন ধরণা দিচ্ছে—কিন্তু সরকারী কর্তৃপক্ষ সেদিকে নজর দিচ্ছেন না। বেলুড়ে নিস্কো একটি বিরাট কারখানা। গত কয়েকমাস আগে এই কারখানাটি সরকারী সাহায্যে নূতন করে চালু হয়েছে। এবং কয়েক মাসের মধ্যে কয়েকশত যুবকের এখানে চাকুরী হয়েছে। নিস্কোর ব্যাপারে আমি উল্লেখ করেছিলাম এক সপ্তাহ আগে শ্রমিকরা অভিযোগ করেছিল পরিচালনার বিরুদ্ধে দুর্নীতিগ্রস্ত পরিচালনার বিরুদ্ধে। কিন্তু তারা অফিসারদের বিরুদ্ধে কোন শাস্তি-মূলক ব্যবস্থা না নিয়ে কর্মচারীদের কয়েকজনকে ছাঁটাই করে দিলেন। আমলাতান্ত্রিক সরকারী অফিসারদের উর্দ্ধে এই বাজেটে এই রকম কোন আভাস নাই যার উপর আমরা আস্থা রাখতে পারি। সরকারী প্রশাসন যন্ত্রকে ঢেলে সাজাতে না পারলে পশ্চিমবাংলার সামগ্রিক উন্নতি সম্ভব নয়। আমরা জানি পশ্চিমবাংলার সাধারণ মানুষের কাছে আমরা যে গণতান্ত্রিক সমাজবাদের প্রতিশ্রুতি দিয়ে আমরা যে প্রগতিশীল সরকার তৈরী করেছি সেই সরকারের অর্থমন্ত্রীর বাজেটের দৃষ্টিভঙ্গী আরও প্রগতিশীল হতে পারতো। আমরা আশা করি পশ্চিমবাংলার সাধারণ মানুষের কাছে অর্থ নৈতিক সুযোগ সুবিধা পৌঁছে দিয়ে পশ্চিমবাংলার হতাশাগ্রস্ত বেকার যুব সমাজ যে যুব সমাজ কয়েক মাস আগেও বিভ্রান্তিকর রাজনীতির শিকার হয়েছিল এবং যারা পশ্চিমবাংলার সামাজিক জীবন এবং রাজনৈতিক জীবনকেও বিপর্যস্ত করেছিল তাদের কাছে মাননীয় অর্থমন্ত্রী গঠনমূলক কর্মসূচী রেখে আমাদের কাছে আশার কথা শোনাবেন। পশ্চিমবাংলার মানুষের কাছে, পশ্চিমবাংলার যুব সমাজের কাছে গঠনমূলক কর্মসূচী রেখে তাদের আস্থা ভাজন হবেন। এই কথা বলে বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ বিধানসভার ইতিহাসে এই সর্বপ্রথম একজন অর্থমন্ত্রী যিনি কেন্দ্রীয় অর্থ কমিশনের কাছ থেকে জনসংখ্যার ভিত্তিতে কেন্দ্রীয়

অর্থ সাহায্য কামনা করেছেন। দুর্ভাগ্যের কথা আমরা আজকে যখন স্বাধীনতার ২৫ বছর পরে এবং যখন স্বাধীনতার রজতজয়ন্তী বছর পালিত হতে চলেছে তখন পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী তথা পশ্চিমবঙ্গের মন্ত্রীসভার দিবানিদ্রা কেটে গিয়েছে। তখন দেখতে পাচ্ছি কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গকে যে দৃষ্টিকোণ থেকে বিচার করে এসেছেন আজকে সেই দৃষ্টিকোণকে নূতনভাবে পালটানের প্রয়োজন আছে। আমরা দেখতে পেয়েছি ইতিপূর্বে বিভিন্ন বিভাগে যদিও অর্থমন্ত্রী নিজে তাঁর বাজেটে ঘোষণা করেছেন আয়কর, আবগারী শুল্ক, পাট, চা ইত্যাদি বাবদে যে বৈদেশিক মুদ্রা এই পশ্চিমবঙ্গের মাধ্যমে কেন্দ্রীয় সরকার পাচ্ছেন আমরা তার ন্যূনতম অংশ পাই না। এটা দুঃখের কথা। তাই এই বাজেটের এই চিন্তাধারাকে স্বাগত জানাচ্ছি এবং ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু কণ্ঠ এত ক্ষীণ হওয়ার প্রয়োজন আছে মনে করি না। কেননা, গণতান্ত্রিক মোর্চার ২১৬ জন সদস্য উপস্থিত আছেন। প্রয়োজন হলে কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের বক্তব্য তুলে ধরতে প্রস্তুত আছি। ভয় কিসের ? আমরা তাই চেয়েছিলাম মন্ত্রীসভা দৃঢ়ভাবে এই ব্যাপারে বক্তব্য রাখবেন। কিন্তু দুঃখের বিষয় তা পেলাম না। পশ্চিমবঙ্গে বিশেষ করে সি. এম. ডি. এ-তে যে সম্পদ সৃষ্টি হয় এবং পশ্চিমবঙ্গ থেকে যে বিরাট বৈদেশিক মুদ্রা আসে তার সামান্য একটা অংশ পায় পশ্চিমবঙ্গ। পশ্চিমবঙ্গের উৎপন্ন পাট ও চা-তে যে বৈদেশিক মুদ্রা অর্জন হবে তার মেসিনারী থাকবে পশ্চিমবঙ্গে এবং যে মেশিনারীর মাধ্যমে আমাদের উৎপাদন আহরণ করবে সেই মেশিনারীর নাট, বল্টু একটু ঝরঝরে হয়ে গেলে সেদিকে কদৃষ্টি দেওয়ার প্রয়োজন নেই। অথচ এর দ্বারা উপকৃত হবে সমস্ত ভারতবর্ষ।

[4-20—4-30 p.m.]

অর্থমন্ত্রী নিশ্চয় চিন্তা করেছেন, নিশ্চয় তাঁর দৃষ্টিতে এসেছে এই জিনিষটা, কিন্তু এবিষয়ে আরো একটু সচেতন ও সজাগ দৃষ্টি আমরা আশা করেছিলাম। সারা ভারতের উপকারের জন্ম পাট ও চা শিল্পের যাতে উন্নতি হয় সেই উদ্দেশ্যে জলসরবরাহ, জলনিকাশী, পরিবহনের সুযোগ সুবিধা ও অন্যান্য ব্যয় বহনের দায়িত্ব কিন্তু একা পশ্চিমবঙ্গ সরকারের। আশ্চর্য্য হয়ে গেলাম। অর্থমন্ত্রী বাজেট বক্তৃতায় রেখেছেন যে, যে জিনিষের উপর বা যে মেশিনারীর উপর থেকে আমরা অর্থ উপার্জন করছি সেই মেশিনারীকে রক্ষণবেক্ষণের দায়িত্ব বা তারজন্য টাকা দেওয়া হচ্ছে না সেটার জন্য ষ্টেট গভর্ণমেণ্টকে টাকা ঢালতে হবে। এ যুক্তি আমরা মানতে পারছি না, মানতে চাইছি না। তারপরে ১২ পৃষ্ঠায় অর্থমন্ত্রী বলেছেন, "ভূমিরাজস্বের হার সংশোধন করে যে অর্থ পাওয়া যাবে তা সাধারণত কৃষি সাহায্যের আকারে এবং সেচ ও অন্যান্য সুবিধা দান বাবত গ্রামীণ অর্থনীতিতে নিয়োগ করা হবে।" একথা কেন ? কেন আমরা বলব না যে ভূমিরাজস্বের হার সংশোধন করে যে অর্থ পাওয়া যাবে তা কৃষি ও সেচের সুবিধার জন্ম গ্রামীণ অর্থনীতিতে নিয়োগ করা হবে। এখানে "সাধারণতঃ" শব্দটা কেন ? কাজেই অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতা থেকে এই "সাধারণতঃ" শব্দটা প্রত্যাহার করুন বা তুলে নিন এটা আমরা দাবী করছি বা চাইছি। আজকে প্রগতিশীল সরকার ভূমিরাজস্ব যা বসাতে চলেছেন তাকে আমি স্বাগত জানাচ্ছি, ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু সেখানে প্রগতিশীলতার অভাব থাকলে চলবে না বা সব জিনিষ গুলিয়ে ফেললে চলবে না। আজকের দিনে তিন থেকে পাঁচ একর জমির মালিকের খাজনা দেবার ক্ষমতা যতটুকু ৫ থেকে ১৭ একর জমির মালিকের খাজনা দেবার ক্ষমতা কি ততটুকু ? আমরা তিন থেকে পাঁচ একর জমির মালিকের কাছ থেকে যেটুকু খাজনা দাবী করতে পারি বা নিতে পারি, ৫ থেকে ১৭ একর জমির মালিকের কাছ থেকে সেই পরিমাণ খাজনা যদি দাবী করি বা নিই তাহলে কিন্তু তিন থেকে পাঁচ একর জমির যারা মালিক তাদের প্রতি অবিচারই করা হবে। কারণ মিশ্র অর্থনীতিতে কখনও একথা বলেনা, বলতে পারেনা ; আমরা মুখে বলব মিশ্র অর্থনীতি, তাকে স্বীকার করে নিয়ে সামনে রাখবো আর রেখে তিন থেকে

পাঁচ একর জমির মালিকের উপর যতটা আঘাত করবো ৫ থেকে ১৭ একর জমির মালিকের উপর ঠিক ততখানি আঘাত করবো এ হতে পারে না। আমরা আশা করেছিলাম অর্থমন্ত্রীর দৃষ্টিতে এদিকটা ধরা পড়বে বা তিনি এদিকটা চিন্তা করবেন, কিন্তু দুঃখের কথা তা হয়নি। তারপরে বলা হয়েছে, "পূর্তকার্যে সেসের হার বৃদ্ধির প্রস্তাব আছে। জেলাগুলিতে যোগাযোগ ব্যবস্থা উন্নততর করার জন্য বর্ধিত সেসের আয় কাজে লাগানো যেতে পারে।" ঐ কাজে যে আয় হবে সেই আয় কেন শুধুমাত্র জেলার রাস্তাঘাটের উন্নয়নের জন্য খরচ করা হবে না? এখানে "যেতে পারে" শব্দটা কেন? স্যার, ১৯৫২ সাল থেকে ১৯৭০ সাল পর্যন্ত যতগুলি সরকার এসেছে তার প্রতিটি সরকার নগরকেন্দ্রীক চিন্তাধারা নিয়ে এসেছে। প্রতিটি সরকার গ্রামবাংলার নিপীড়িত মানুষকে শোষণ করে, তাদের দৈনন্দিন জীবনযাত্রাকে শোষণ করে নগরকেন্দ্রীক চিন্তাধারাকে নিয়ে এগিয়ে গিয়েছে। দুঃখ আমার, ব্যাথা আমার, আজকের প্রগতিশীল সরকারও তার ব্যতিক্রম ঘটাতে পারলো না। একথা যখন বললাম তখন নিশ্চয় আমার কাছে প্রমাণ চাইতে পারেন। এর প্রমাণ হিসাবে বলছি, এখানে যে বিল আসবে তাতে দেখবেন, নারকেল তেল, চিনে বাদামের তেল, লঙ্কা, পোস্তদানা ইত্যাদির উপর বিক্রয়কর বসানো হচ্ছে। খুব ভালো কথা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে একটি ছোট্ট ঘটনার কথা বলব। গ্রামবাংলার অভিজ্ঞতা যাঁদের আছে সেই সমস্ত মাননীয় সদস্যরা জানেন, বর্ষার সময় বা খরার সময় গ্রামবাংলার লোকেরা ২৫ পয়সা নিয়ে দোকান করতে যায়। তারা মুদিখানার দোকানে ২৫ পয়সার বেশী খরচ করতে পারে না। সেই ২৫ পয়সার মধ্যে তারা কেনে, ৬ পয়সার সরষের তেল, ৩ পয়সার লঙ্কা, ৬ পয়সার পোস্ত, ৫ পয়সার নারকেল তেল, ৫ পয়সার পিঁয়াজ। এই অবস্থায় সেখানে যদি নারকেল তেল, পোস্ত, চিনেবাদামে তেলের উপর বিক্রয়কর বসে তাহলে কোলকাতার মজুতদাররা তা মজুত করে রাখবে আর এই কোলকাতা থেকে ঐ সমস্ত জিনিষ যখন বর্ধমানের মঙ্গলকোটে হাত বদলাতে বদলাতে যাবে তখন ৫ টাকা কেজির জিনিষটা হবে ৭ টাকা কেজি, তার উপর বিক্রয়কর বসে নারকেল তেল কেজি হবে ৮ টাকা। স্যার, গ্রামবাংলার ৭০ পারসেন্ট অশিক্ষিত, নিপীড়িত মানুষ যারা বর্ষার সময় অপরের জমিতে জলে ভিজে সূর্যোদয় থেকে সূর্য্যাস্ত পর্যন্ত ধান পোতেন আপনি জানেন, তারা সপ্তাহে ২।৩ দিন মাথার চুলে নারকেলতেল দেয়।

আমার সরকার, অত্যন্ত লজ্জার সঙ্গে আমাকে স্বীকার করতে হচ্ছে, আমার সরকার আগামী বর্ষার দিনে সেই সমস্ত গ্রামবাংলার নিপীড়িত ভদ্রমহিলারা যাতে সপ্তাহে একদিন নারকেলের তেল না দিতে পারেন তারজন্য ব্যবস্থা করে দিলেন। এই নারকেলের তেলের দাম যখন বাড়বে, ভারত সরকার একবার চিন্তা করলেন না, আগামী দিনে যখন বিক্রয়কর বসান হবে, নারকেলের তেলের দাম যখন বৃদ্ধি পাবে তখন তা দিয়ে গ্রামবাংলার শতশত প্রায় ৭০% মানুষকে তারা শোষণ করছেন। একইভাবে আপনারা জেনে রাখুন এই কলকাতা সহরে যতগুলি United Bank-এর শাখা আছে সেগুলি বাদ দিলে বাকী মফঃস্বলের এলাকায় যতগুলি United Bank-এর শাখা আছে সেই শাখা-গুলিতে ১৯৭১-৭২তে ৮০ কোটি টাকা deposit পড়েছিলো। এই ৮০ কোটি টাকার মধ্যে মাত্র ১১ কোটি টাকা গ্রামবাংলার উন্নতির জন্য খরচ করা হচ্ছে বাকী ৬৯ কোটি টাকা এই কলকাতা এবং পশ্চিমবঙ্গের বাইরে ভারতবর্ষের জন্য। কি অপরাধ করেছে গ্রামবাংলার শত শত মানুষ। আপনারা জেনে রাখুন, C.M.D.A এর জন্য ১৫০ কোটি টাকা বরাদ্দ হয়েছে, এই ১৫০ কোটি টাকা পশ্চিম-বাংলাকে ধার শোধ করতে হবে কেন্দ্রের কাছে বছরে ২০ কোটি টাকা করে। এই ১৫০ কোটি টাকার সুযোগ সুবিধা কারা পাচ্ছে? নগর কলকাতার মানুষ, যাদের জন্য রাস্তা হবে, studium হবে, পাতালরেল হবে। আরো চিত্তরঞ্জন হোক, আরো দুর্গাপুর হোক, কল্যাণী হোক, আমার বিন্দুমাত্র

আপত্তি নেই। কিন্তু এই ১৫০ কোটি টাকা কলকাতার নগর এই সুবিধা পাওয়া সত্বেও ৪০ কোটি টাকা প্রতি বারে কেন্দ্রের কাছে ধার শোধ করতে হবে। তখন সেই ৪০ কোটি টাকা কে দেবে? আমরা ধরে নিলাম কলকাতা শহরের মানুষ বছরে ৫ কোটি টাকা দেবেন বাকী ৩৫ কোটি টাকা কে দেবেন? বাকী ৩৫ কোটি টাকা দেবে ঐ গ্রামবাংলার মানুষ, যারা এক নয়া-পয়সার সুযোগ পাবে না। এই রকমভাবে ১৯৫২ সাল থেকে ১৯৭০ সাল পর্যন্ত চলছে। আপনারা বলুন, গ্রামবাংলার মানুষ, গ্রামবাংলার শিক্ষিত বেকাররা টাকার অভাবে ক্ষুদ্রশিল্প তৈরী করতে পারছে না, তাদের চাকুরী দিতে পারছি না, তারা বলছে আমরা ক্ষুদ্রশিল্প প্রতিষ্ঠা করতে চাই আমাদের টাকা দেওয়া হোক। United Bank টাকা দিতে পারছে না, আমাদের সরকার টাকা দিতে পারছে না, আমাদের সরকার তাকে সাহায্য করতে পারছেনা। ১০ কোটি টাকা বাড়তি উৎপাদনের জন্য আমাকে ভূমি রাজস্বের উপর কর বসাতে হচ্ছে অথচ ২৬ কোটি টাকা শিল্পপতিদের কাছে রায়তি বাকী থাকা সত্বেও, misa আইন সরকারের হাতে তুলে দেওয়া সত্বেও ২৬ কোটি টাকা আদায় হয়না। ১০ কোটি টাকা বাড়তি উৎপাদনের জন্য আমাকে নূতন করে গ্রামবাংলার মানুষকে শোষণ করার জন্য কর বসাতে হচ্ছে, লজ্জার সঙ্গে স্বীকার করতে হচ্ছে। আপনার কাছে এইটুকু দাবী করতে পারতাম। যাদের হাতে misa আইন তুলে দিয়েছি সেই Cabinet ১০ কোটি টাকা কেন ২৬ কোটি টাকা এই মুহূর্তে পেতেন। কেন সেই সমস্ত শিল্পপতিকে misa আইনে গ্রেপ্তার করে ২৬ কোটি টাকা আদায় করা গেল না? বাজেটে কিছু কিছু সুযোগ কিছু কিছু পরিকল্পনা, সরকারের নূতন চিন্তাধারার পরিচয় আমরা পেয়েছি। কিছু কিছু অর্থমন্ত্রীর প্রগতিশীল চিন্তাধারার পরিচয় পেয়েছি, কিন্তু সে সমস্ত চিন্তাধারাকে বাস্তবে রূপায়িত করতে গেলে যে total যে collective পরিকল্পনা সেটা কিন্তু আটঘাট হওয়া দরকার। কিন্তু দুঃখের কথা সেই আটঘাটের দিকে তিনি লক্ষ্য রাখতে পারেননি। আমি আশা করবো তিনি গ্রামবাংলার দিকে তাকিয়ে ভুমিরাজস্ব যেভাবে বসাবেন আমি আশা করবো তিনি গ্রামবাংলার ২০% মানুষের দিকে তাকিয়ে নারকেল তেলের উপর tax তুলে নেবেন। আমি আশা করবো তিনি চলচ্চিত্র শিল্পের উপর যে tax বসাতে চেয়েছেন শুধুমাত্র বাংলা চলচ্চিত্র শিল্পের উন্নতির জন্য সেই টাকা খরচ করবেন অন্য কোন খাতে খরচ করা হবে না। এই প্রতিশ্রুতি তিনি অন্ততঃ দেবেন। বাংলাদেশ জাগুক, বাংলাদেশ বাঁচুক, বাংলাদেশের মানুষ বাঁচুক। বাংলার চলচ্চিত্র শিল্প বাঁচুক। বাংলার শিল্প বাঁচুক, বাংলার বেকার ভাইয়েরা বাঁচুক; এই আশা-আকাঙ্ক্ষা নিয়ে আজকে আমি এখানে উপস্থিত হয়েছি। আজকে বাজেটে অর্থমন্ত্রী সেই দৃষ্টিভঙ্গীর বিচার করবেন। বন্দে মাতরম্‌, জয় হিন্দ।

[4-30—4-40 p.m.]

**শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রথম ১৯৭২-৭৩ সালের এই আয়ব্যয়কে সমর্থন জানাচ্ছি। সমর্থন জানিয়ে আমি একটা বিশেষ বিষয়ের উপর আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি অর্থমন্ত্রী মহাশয়ের। খুব গুরুতর ব্যাপার নয়, এর আগে অনেক মাননীয় সদস্য বলেছেন, মোটামুটি ঘাটতি হচ্ছে ১৩ কোটি ৩৬ লক্ষ টাকার মত এবং ১০ কোটি টাকার নতুন সম্পদ সংগ্রহ করার ব্যবস্থা করা হয়েছে। আর ৫৭৬ কোটি টাকার মধ্যে ৩ কোটি ৩৬ লক্ষ টাকা এমন কিছু নয়, এই রকম বিবৃতিতে রয়েছে। আমি প্রথমে অনুরোধ জানাবো যে এখানে এই ১০ কোটি টাকা বোধ হয় কোন সমস্যা নয়, অর্থমন্ত্রীর কাছেও বোধ হয় সমস্যা নয়, এই সভার কাছেও বোধ হয় সমস্যা নয়, আমরা জানি ইতিপূর্বে এই সম্পর্কে ইঙ্গিতও দেওয়া হয়েছে যে পশ্চিমবাংলায় সেল্‌সট্যাক্স যে পরিমাণ ফাঁকি দেওয়া হয়, তার পরিমাণ কয়েক কোটি টাকা। দ্বিতীয় কথা ইতিপূর্বে

বন্ধুবর সুকুমার বাবু বলেছেন যে কয়লা খনি মালিকদের কথা এবং অন্যান্য কর রয়েছে, যেমন চুঙ্গী কর। তাতে যে ফাঁকি চলেছে, এইগুলো বন্ধ করে যদি এই ঘাটতি হতো তাহলে এই সভার অনুমোদনের ক্ষেত্রে বোধ হয় খুব একটা বক্তব্য কারো থাকতো না। কিন্তু সরকারী ব্যবস্থাপনায় যেখানে এই কর বাকী আছে, সেখানে নুতন করে এই কর আরোপের যে চিন্তা এই চিন্তাটাকে আমরা সমর্থন করতে পারছি না। দ্বিতীয় কথা হচ্ছে যে, আজকে ভূমির উপর যে কর বৃদ্ধির কথা হচ্ছে এবং খুব যদিও উল্লেখযোগ্য নয় আমার কাছে, তবুও আমি বলতে বাধ্য হচ্ছি যে মহারাষ্ট্র তামিলনাড়ু প্রভৃতি রাজ্যগুলির কথা উল্লেখ করে এখানে খাজনা বৃদ্ধির সুপারিশ করা হয়েছে। অর্থমন্ত্রী যদি এখানে রাখতেন যে পার ক্যাপিটা ইনকাম মহারাষ্ট্র, তামিলনাড়ু বা অন্ধ্রে কত এবং সেখানে তাদের যে ষ্ট্যান্ডার্ড অব লিভিং এবং অন্যান্য বিষয়গুলি যদি পশ্চিমবাংলার সঙ্গে তুলনামূলক ভাবে রেখে খাজনা বৃদ্ধির কথা রাখতেন, তাহলে এটা আমাদের কাছে পরিষ্কার হতো। আমার যতদূর খবর আছে, তাতে দেখা যায়, ওখানকার মাথাপিছু আয় অনেক বেশী। বিশেষ করে কৃষি অর্থনীতির উপর ভিত্তি করে এই সব রাজ্যগুলি, মহারাষ্ট্র বাদে, সেখানে যথেষ্ট উন্নতি লাভ করছে, সেই ক্ষেত্রে খাজনা বৃদ্ধির কথা সেখানে যেটা আছে, সেটা এখানে প্রযোজ্য কি না, সেটা বিবেচনা করার অনুরোধ জানাচ্ছি। এই প্রসঙ্গে একটা কথা বলতে চাই যে এই বিবৃতির মধ্যেই মাননীয় অর্থমন্ত্রী মহাশয় স্বীকার করে নিয়েছেন যে পাঞ্জাব কৃষি অর্থনীতির উপর নির্ভরশীল হওয়া সত্ত্বেও পশ্চিমবঙ্গের মাথাপিছু আয় অনেক বেশী। এটা যদি ঠিক হয় তাহলে শুধু কতকগুলো রাজ্যের কথা বলে পশ্চিমবাংলার গ্রামীণ অর্থনীতিকে নুতন ভাবে বিপর্যয়ের মধ্যে ঠেলে দেওয়া উচিত হবে বলে আমি মনে করছি না। কারণ আজকে যেখান থেকে ট্যাকসেশন হবে—প্রগ্রেসিভ ট্যাকসেশন, তার মধ্যে যেখানে আমি কর আরোপ করবো সেটা নিশ্চিত হওয়া দরকার। এই কথা আমরা জানি যে পশ্চিমবাংলার এই কৃষি কখনও খরা, কখনও বন্যায় বিপর্যস্ত। শুধু সেচ দপ্তর-এর মানচিত্রে কোথায় কালি দিয়ে এঁকে দিলেন কমাণ্ড এরিয়া বলে, প্রভাকশনের কমাণ্ড এরিয়া বলে এবং তার উপর খাজনা বৃদ্ধি হবে। যেখানে কৃষি অনিশ্চিত, সেখানে এই ধরণের চিন্তা, একটু বিবেচনা করতে অনুরোধ জানাবো আমাদের অর্থমন্ত্রীকে এবং এটাকে সামনে রেখে নানা দিকে যে ধরনের গুন্‌জন শুরু হয়েছে, তাকে বন্ধ করার জন্য পশ্চিমবাংলার গ্রামের মানুষ, যে মানুষ আজকে সংখ্যাধিক্য-এর সমর্থন জানিয়েছে, তাদের দিকে তাকিয়ে এই সম্বন্ধে যেন পুনর্বিবেচনা করা হয়। এই প্রসঙ্গে আর একটা বিষয়ের উল্লেখ করতে চাই, এই বিষয়ে বন্ধুবর জ্যোতি বাবু বিশেষ করে বলেছেন যে আজকে এই বাজেটের মধ্যে গ্রামের কথা আমরা পাচ্ছি না। আমি অর্থমন্ত্রীকে অনুরোধ জানাবো যে এই বিবৃতির মধ্যে এই ২৫ লক্ষ ক্ষেত মজুরের কথা যদি থাকতো তাহলে এখানে বলার কিছু ছিল না।

আজকে এই বিবৃতিতে বলা হয়েছে যে, ৬০ হাজার লোকের জন্য ৫ হাজার একর জমির বিলি ব্যবস্থা করা হবে, প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। কিন্তু এই বাজেটে বলা হয়নি যে, পশ্চিমবাংলার গ্রামে ভূমিহীন বাস্তুহারার সংখ্যা কত এবং সেই বাস্তুহারাদের যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল সেই প্রতিশ্রুতি রক্ষা করা হচ্ছে কিনা। এই কথা না থাকলেও আজকে আমরা দেখছি যে, পূর্ত বিভাগ, তারা শহরে কয়েক হাজার নুতন বাড়ী, ফ্লাট তৈরী করবেন, আর যে মানুষগুলির মাথার উপর চাল নাই, এমন কি তাদের পায়ের তলায় যে মাটির উপর তারা দাঁড়াবে, সেই মাটিও ফেলা হয়নি। আজকে এই বাজেটের মধ্যে তার কোন ইঙ্গিতও আমরা পাচ্ছি না।

আর একটা বিশেষ ব্যাপারের প্রতি আপনার মাধ্যমে আমি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হচ্ছে বেকার সমস্যা। এখানে ৫ম পরিকল্পনার দোহাই দিয়ে বেকার সমস্যাকে এরিয়ে যাওয়া হয়েছে। আজ যে এমপ্লয়মেণ্ট পেটেনসিয়ালিটি এই পশ্চিমবাংলায় আছে বা যা এখনও তৈরী করা

যায়, সেকথা এখানে ঘোষণা করা হয়নি। এই কথা যদি থাকত যে আজকে পশ্চিমবাংলায় যে সমস্ত শিল্পে লাইসেন্স চাওয়া হচ্ছে তার কতগুলি লাইসেন্স কেন্দ্রীয় সরকার মঞ্জুর করেননি বা কতগুলি তাদের বিবেচনায় আছে, এইটা যদি পরিষ্কার ভাবে থাকত তাহলে এইটা আমাদের কাছেও পরিষ্কার হতো। এইসব কারণে পশ্চিমবাংলা পিছিয়ে আছে কিনা এই কথাগুলি পরিষ্কার হওয়া দরকার। বিশেষ করে আমি বলব যে গ্রামবাংলার কথা যে গ্রামীণ অর্থনীতি তাকে বলিষ্ঠ করার জন্য কোন স্পষ্ট ইঙ্গিত এই বাজেটের মধ্যে নেই। এই বাজেটে বলা হয়েছে যে ক্ষুদ্র শিল্পের আমরা উন্নতি করব। এই কথা কি আমরা জানিনা যে পশ্চিমবাংলার যে সমস্ত ক্ষুদ্র ও কুটির শিল্পগুলি ছিল এবং যে শিল্পগুলি থেকে হাজার হাজার মানুষ তাদের রুজি-রোজকারের ব্যবস্থা করত, সেই শিল্পগুলি আজ নষ্ট হয়ে গিয়েছে। এই কথা কি আমরা জানিনা তাঁত শিল্পগুলি সুতার অভাবে নষ্ট হয়ে গিয়েছে। আজকে মহারাষ্ট্র এবং গুজরাটের সুতা ব্যবসায়ীরা কিভাবে কালোবাজারী করছে। আর আমাদের এখানে বড়বাজারে ৬জন মহাজন যে কালোবাজারী করছে, পশ্চিমবাংলার সুতা শিল্প ধ্বংস করবার যে ব্যবস্থা করছে, সেই সম্বন্ধে কোন ইঙ্গিত এই বাজেটের মধ্যে থাকলে আমরা আনন্দিত হতাম, কিন্তু সেই সব কোন ইঙ্গিত এই বাজেটের মধ্যে নাই। ক্ষুদ্র শিল্পকে কিভাবে পুনর্জীবিত করা হবে তার কোন কর্মসূচীই এই বাজেটের মধ্যে দেওয়া হয় নাই। আজকে কোন শিল্প থাকবে এবং সেই শিল্পের চাহিদা কতখানি এবং তার এ্যামপ্লয়মেন্ট পোটেনসিয়ালিটি কতটা বাড়বে তার একটা ইঙ্গিত দেওয়া উচিত ছিল। আমি এই বাজেটকে সমর্থন জানাচ্ছি, কিন্তু সেই সঙ্গে অনুরোধ জানাব মাননীয় অর্থমন্ত্রীকে যে বিশ্বনাথদা যে কথা বলেছেন, এবং অন্যান্য সদস্যরা যে কথা বলেছেন যে, বিশেষ করে বেকার সমস্যার উপর একটা সুনির্দিষ্ট কর্মসূচী গ্রহণ করা হোক।

**শ্রীপ্রশান্তকুমার সাউঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিম-বঙ্গ সরকারের মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক উপস্থাপিত ১৯৭২-৭৩ সালের বাজেটকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। কিন্তু বাজেট আলোচনায় অংশ গ্রহণ করতে গিয়ে প্রথমেই আমাকে কিছুটা আশা ভঙ্গ করতে হয়েছে, কারণ বাজেটের মধ্যে আমরা যে সমস্ত জিনিষ আশা করেছিলাম এবং গত বিধান সভার অধিবেশনের শেষে গ্রামে ফিরে গিয়ে অনেক আশা দিয়েছিলাম যে সামনের বাজেটের মধ্যে আমরা অনেক কিছু পাব। ইন্দিরা গান্ধীর সমাজবাদের যে আদর্শ নিয়ে আমরা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেছিলাম সেই সমস্ত যে আদর্শ আজকে তার সঙ্গে তাল রেখে এই বাজেট তৈরী হয়। যে সমস্ত যুব সম্প্রদায়ের অক্লান্ত পরিশ্রমে এই জনপ্রিয় সরকার গঠিত হয়েছিল তাদের জন্য এই বাজেটে বিশেষ কোন ব্যবস্থা করা হয়নি। তাই আমি সেইদিকে আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর আমি শিক্ষা সম্বন্ধে বলব। শিক্ষা জাতির মেরুদণ্ড। আমারা স্বাধীনতার রজত জয়ন্তী পালন করছি। কিন্তু দুঃখের বিষয় শিক্ষা ব্যবস্থার মধ্যে শুধু প্রাথমিক শিক্ষা ছাড়া মাধ্যমিক বা কলেজীয় শিক্ষা সম্বন্ধে কোন সুষ্ঠু চিন্তাধারা আমরা লক্ষ্য করিনি। এখন দেখা যাচ্ছে যে বিরাট শিক্ষিত যুবকরা আমাদের দিকে একটা সমস্যা। উচ্চশিক্ষিত যুবকরা বেকার হয়ে বিভিন্ন জায়গায় একটা গোলমাল হচ্ছে। এ সম্পর্কে একটা সুষ্ঠু নির্দেশ এই বাজেটে নেই। শুধু প্রাথমিক শিক্ষা বিস্তার কিছু স্কুল এবং শিক্ষক নিয়োগের কথা রয়েছে। প্রাথমিক স্কুল নিয়ে বাজেটে খুব কথা রয়েছে। এই সমস্ত স্কুল মঞ্জুরীর ব্যাপারে সরকার একটা বোর্ড করে দিয়েছেন প্রত্যেক জেলাতে। সেখানে সমস্ত M. L. A. রা থাকবেন, কিন্তু তার চেয়ারম্যান হবেন একজন আমলা—অর্থাৎ D. M. আমরা বুঝতে পারছিনা গণতন্ত্র আমলাতন্ত্রের অধীনে, না আমলাতন্ত্র গণতন্ত্রের অধীনে। মন্ত্রীমহাশয় বলেছেন আমলাতন্ত্রের নাগ পাশ থেকে আমরা গণতন্ত্রকে মুক্ত করছি। কিন্তু সরকারের প্রত্যেকটা কাজে

দেখছি যে আপনাদের প্রাধান্য দেওয়া হয়েছে। সেজন্য প্রাথমিক শিক্ষা সম্বন্ধে যে Advisory Committee করা হয়েছে তাকে সমর্থন করতে পারছি না। তারপর তপশীলী জাতি ও উপজাতিদের কল্যাণের দিকে সরকার নাকি এবার মন দিয়েছেন। কিন্তু ৫৫৬ কোটি টাকার বাজেটের মধ্যে তাদের অংশে পড়ল মাত্র ৭০ লক্ষ টাকা। এদিক থেকে যেখানে এই টাকা তাদের বই কেনা, পরীক্ষা, পড়াশুনা ব্যয় হবে। অর্থাৎ তাদের সামগ্রিক উন্নয়নের জন্য বাজেটে কোন অর্থবারাদ্দ নেই। সেজন্য আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব যেন তাদের দিকে সুনজর দেওয়া হয়। বন্যা প্রকল্পে সরকারের যে সমস্ত প্রচেষ্টা লক্ষ্য করেছি তাকে সমর্থন করেছি। মেদিনীপুর জেলার কথা বলছি যে সেখানে দুবদা বেসিনের কাজ এগিয়ে চলেছে। কিন্তু বারচৌকী বলে যে প্রকল্প রয়েছে পটাশপুর থানায় তার সম্বন্ধে কোন পরিকল্পনার কথা বাজেটে নেই। অথচ হাজার হাজার লক্ষ লক্ষ লোক প্রতি বছর এই বেসিনের দ্বারা নিগৃহীত হচ্ছে। সরকারী হিসাবে দেখা যাচ্ছে সরকার যে পরিমাণ খয়রাতি সাহায্য প্রভৃতি বছর এখানে অনুদান হিসেবে দেন ২/৩ বছরের টাকা দিয়ে যদি সেই কাজ আরম্ভ করা হয় তাহলে এর সুষ্ঠু সমাধান হয়। চাষবাসের সুযোগ হয়। তারপর মেদিনীপুর জেলার অর্থনীতির ভিত্তি হচ্ছে কৃষি। কিন্তু অনাবৃষ্টি, বন্যার জন্য আজ সেই এলাকার সেই কৃষি ভিত্তিক অর্থনীতি একেবারে ভেঙ্গে পড়েছে। সেখানে শিল্প প্রসারের অত্যন্ত প্রয়োজন। কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করছি কুটির শিল্পের ক্ষেত্রে আমাদের মেদিনীপুরের কোন স্থান নেই। এখানে ১ হাজার ৩৬৬টি কুটিরশিল্প হয়েছে, কিন্তু তার মধ্যে ৬টি শিল্পও মেদিনীপুরে নেই—বিশেষ করে কাঁথি Sub-Division-এ নেই। একমাত্র হলদিয়া হচ্ছে। মুখ্যমন্ত্রী যখন Minister Of West Bengal ছিলেন তখন বলেছিলেন যে একলক্ষ লোকের চাকুরী হবে কিন্তু আজ পর্যন্ত ১০ জনেরও হয়েছে কিনা জানি না। তাই সরকারের কাছে আবেদন যে চির অবহেলিত মেদিনীপুর জেলার দিকে যেন একটু দৃষ্টি দেন। সর্বশেষে এই বাজেটকে সমর্থন করে আমি বক্তব্য শেষ করছি।

**শ্রীনিতাইপদ ঘোষ:** মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, মাননীয় অর্থ মন্ত্রী মহাশয় এই সভায় যে বাজেট পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। কিন্তু সমর্থন করলেও কিছু আলোচনা না করে পারছি না। বীরভূম জেলায় চিনির কল একমাত্র বড় ইণ্ডাষ্ট্রী ছিল যেটা বহুদিন থেকে বন্ধ আছে। এই বাজেটে দেখলাম না সেটা কখন খোলা হবে এবং কিভাবে খোলা হবে, সেই রকম কোন পরিকল্পনা। বীরভূম জেলার মহম্মদ বাজার থানায় প্রচুর পাথর আছে যে পাথর উন্নয়নমূলক কাজে ব্যবহৃত হতে পারে। যদি এই জাগয়াকে ডেভেলপ করা যায় তাহলে বীরভূম জেলার ২ হাজার শিক্ষিত বেকার এবং ২০ হাজার শ্রমিকের কর্ম সংস্থানের ব্যবস্থা হতে পারে। এই সাজেসান আমি পুর্বে দিয়েছিলাম কিন্তু সেদিকে টনক নড়ার কোন লক্ষণ আমি দেখতে পাচ্ছি না। আজকে কয়েক লক্ষ টাকা রয়্যালটি বিহার গভর্ণমেন্ট পাচ্ছে সেটা বাংলা গভর্ণমেন্ট পেতে পারত। এর জন্য প্রয়োজন ছিল ১২ থেকে ১৮ কি: মি: রেল লাইন তৈরী করে দেওয়া। এই ১২ থেকে ১৮ কি: মি: রেল লাইনকে ইলেকট্রিফিকেসান যদি করতে পারতেন এবং ৫ একর জায়গা নিয়ে বেকার সংগঠন সংস্থাকে পাথর ভাঙার জন্য ঋণ দেবার যদি ব্যবস্থা করতে পারতেন তাহলে ২ হাজার শিক্ষিত বেকার এবং ২০ হাজার বেকার শ্রমিক সেখানে কাজ পেত। আমি আশা করব মন্ত্রীসভা চিন্তা করবেন যাতে এই স্কীমটি কার্যকরী হতে পারে। আর একটা জিনিস লক্ষ্য করেছি সেটা হচ্ছে পশ্চিমবঙ্গে শিল্প বাড়ানর কথা বলা হচ্ছে এবং বেকার সমস্যার সমাধান শিল্প বাড়িয়ে কি করে করা যায় সেদিকে চিন্তা করা হচ্ছে। আজকে পশ্চিমবঙ্গে ওয়াগনের অভাবে শিল্পগুলি কাঁচা মাল পাচ্ছে না। সেজন্য আমি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি যে আপনারা অবিলম্বে কেন্দ্রের উপর চাপ সৃষ্টি করুন যাতে পশ্চিমবঙ্গে ওয়াগনের অভাব দুর হয়। বিভিন্ন শিল্প সংস্থা যদি কাঁচা

মাল পায় তাহলে পশ্চিমবঙ্গে আরো নতুন নতুন শিল্প গড়ে উঠবে। সামগ্রিকভাবে কৃষি উৎপাদনের কথা বলেছেন। কৃষি উৎপাদন বাড়াতে গেলে সেচ, বৈদ্যুতিকরণ, রাসায়নিক সার, কীটনাশক ঔষধ প্রভৃতি দরকার। আজকে বিদ্যুতের অভাব, কীটনাশক ওষুধ তৈরী করবার জন্য কারখানা করবার কোন ব্যবস্থা দেখতে পাচ্ছি না। আজকে জেনারেটরের অভাবে ইলেকট্রিক সর্টেজ হচ্ছে। আমি বিশ্বস্তসূত্রে জেনেছি ২২ শো মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করতে হলে যে জেনারেটরের প্রয়োজন হবে সেই জেনারেটর আমাদের নেই। আমি বিশ্বস্তসূত্রে জেনেছি জেনারেটরের অর্ডার দেওয়া হয়েছে কিন্তু সেই জেনারেটর পাওয়া যাবে ৫ বছর পরে এবং বসাতে লাগবে আরো ২ বছর, তাহলে ইলেকট্রিসিটি পেতে ৭ বছর লাগবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রী সভাকে জানাতে চাই যে তাঁরা কেন্দ্রের উপর চাপ সৃষ্টি করুন যাতে উদ্বাস্তু এবং নানা সমস্যায় জর্জরিত পশ্চিমবঙ্গের জন্য বিশেষ দৃষ্টি দিয়ে জেনারেটারের ব্যাপারে বিশেষ কোটা সৃষ্টি করেন যাতে বিদ্যুতের অভাব অচিরে মিটতে পারে।

আর একটা জিনিস আমরা লক্ষ্য করেছি সেটা হচ্ছে সি, এম, ডি, এ কলকাতার নানা রকম উন্নতি করছে কিন্তু কলকাতার পাশে গ্রামাঞ্চলে ৮ মাইল দূর থেকে লোকে আসতে পারে না। গ্রামে বর্ষাকালে ৬ মাস রাস্তায় সাইকেল চলে না। সেজন্য আমি বলতে চাই আপনারা এই প্রতিশ্রুতি দিন যে গ্রামের লোক ১॥ থেকে ২ মাইলের মধ্যে পাকা রাস্তা পাবে। প্রত্যেক মাইলে পাকা রাস্তা করে দিন এই কথা আমি বলতে চাই না।

[4-50—5-00 p.m.]

২/৩ মাইল হাটা যায়, কিন্তু ৮/১০ মাইল হাটা যায় না। কিন্তু তার জন্য কোন প্রস্তাব এখানে নেই। এটা যাতে ভবিষ্যতে হয় তার জন্যে আমি অনুরোধ করছি। কৃষি লোনের কথা বলা হয়েছে, কিন্তু ব্যাংক বলছে আমাদের সাফিসিয়েন্ট স্টাফ নেই। এই যদি অবস্থা হয় তাহলে এটা কি ভাঁওতাবাজি হচ্ছে না? আমার বক্তব্য হচ্ছে আপনারা যা বলবেন সেটা যেন কাজে পরিণত হয় এবং চাষী যেন ব্যাংক থেকে সময়মত লোন পায়। আমি আর একটা জিনিস লক্ষ্য করেছি সরকারী কর্মচারীরা যাতে খারাপ কাজ না করেন তার জন্য তদারকি কমিটি গঠন করা হয়েছে। আমার বক্তব্য হচ্ছে শুধু বি, ডি, ও-দের জন্য তদারকি কমিটি করলে হবে না, প্রতিটি ডিপার্টমেন্টের জন্য কমিটি করুন। বেকার সমস্যা সমাধানের জন্য কিছু লোককে চাকুরী দেবেন বলেছেন। এখানে আমার বক্তব্য হচ্ছে এই কাজ যেন আমলাতন্ত্র না করেন, আপনারা সুষ্ঠু একটা কমিটি করুন এবং তাঁরা যেন এই সমস্যার সমাধান করেন এবং যতটা বেশি পারেন চাকুরী দেবার ব্যবস্থা করুন। রিলিফের ব্যাপারে আমার বক্তব্য হচ্ছে বীরভূমে প্রচণ্ড খরা চলছে। হাজারে ৫/১০টি যা বলা হচ্ছে আমি তার প্রতিবাদ করছি, হাজারে ২৫টি যেন থাকে।

**শ্রীমনোরঞ্জন প্রামানিক** ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের অর্থমন্ত্রী মহাশয়, যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে আপনার মাধ্যমে কয়েকটি বিষয়ের প্রতি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। বিগত নির্বাচনের প্রাক্কালে আমরা জনসাধারণের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলাম যে, আমাদের প্রতিষ্ঠিত সরকার বেকারী, দারিদ্র্য দূর করবে এবং সমাজতন্ত্র প্রতিষ্ঠা করবে। এই প্রতিশ্রুতির ভিত্তিতে জনগণ আমাদের সমর্থন জানিয়েছে। সেদিক থেকে এই বাজেটের মধ্যে কিছু নতুনত্ব থাকা উচিত ছিল। কিন্তু আমরা দেখছি চিরাচরিত প্রথায় বাজেট উপস্থাপিত করা হয়েছে। বাজেটের মধ্যে সমস্যা দেখান হয়েছে, কিন্তু সেই সমস্ত সমস্যার সমাধানের কোন ইঙ্গিত দেওয়া হয়নি। বিধান

সভার গত অধিবেশনে রাজ্যপালের ভাষণের উপর বিতর্কে অংশ গ্রহণ করে আমি বর্দ্ধমানের সদরঘাটে দামোদরের উপর সেতু নির্মাণের উল্লেখ করেছিলাম। গত ৪ঠা এপ্রিল আমাদের পূর্তমন্ত্রী রাত্রি সাড়ে নয়টার সময় এই হাউসে এই ব্রীজের যৌক্তিকতা স্বীকার করেছিলেন এবং বলেছিলেন এই সেতু স্থাপনের জন্য তিনি অগ্রাহী। কিন্তু বর্তমান বাজেটে সেই সেতু নির্মাণের জন্য কোন কথা না থাকায় আমি দুঃখিত হয়েছি। ১৯৭২-৭৩ সালের বাজেটে বলা হয়েছে যে, কেন্দ্রীয় সরকারের ঋণ ১৬ কোটি টাকা পাওয়ার প্রতিশ্রুতি পাওয়া গেছে এবং ৩০ কোটি টাকা কেন্দ্রীয় ঋণ সহায়তা স্বরূপ ধরে নেওয়া হয়েছে। এই দুটি ক্ষেত্র থেকে ওই সেতু নির্মাণের জন্য আনুমানিক এক কোটি ২৫ লক্ষ টাকা ব্যয় করা যেত। কিন্তু সেটা না হওয়ার জন্য ওই এলাকার দামোদর নদী পরপারের যে সমস্যা ছিল সেটা যে তিমিরে সেই তিমিরেই রয়ে গেল। বাজেটে বেকার সমস্যার কথা বলা হয়েছে। কিন্তু আমি মনে করি এখানে বেকারদের ভাতা দেবার একটা প্রথা থাকা উচিত ছিল। বেকারদের কর্ম সংস্থান যতদিন না করা যায় ততদিন তাদের ভাতা দেওয়া দরকার। বেকারদের দীর্ঘশ্বাস সরকারের কাছে অশুভ এবং বেকার সমস্যার সমাধান না করতে পারলে এর পরিণাম ভয়ংকর। আমি মনে করি শিল্পে স্থানীয় বেকারদের অগ্রাধিকার দেওয়া দরকার। গরিবী হঠাও অর্থাৎ দারিদ্র্য দূর করবার কথা বলা হচ্ছে। কিন্তু এই প্রসঙ্গে আমার বক্তব্য হচ্ছে বর্তমান যে সমাজ ব্যবস্থা রয়েছে তাতে গরীবদের উন্নতি করবার প্রচেষ্টা চলেছে বটে কিন্তু তাকে যদি বাস্তবে রূপায়িত করতে না পারে তাহলে গরীব মানুষ নিঃশেষ হয়ে যাবে, যেমন এখন নিঃশেষ হয়ে যাচ্ছে।

মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ভূমি রাজস্ব বৃদ্ধি প্রসঙ্গে বলেছেন যে অন্যান্য রাজ্যের তুলনায় আমাদের পশ্চিম বাংলার ভূমি রাজস্ব অত্যন্ত কম। এটা অত্যন্ত সত্যি কথা। কিন্তু অন্য রাজ্যের যে উন্নতভাবে চাষ করা সম্ভব হয় পশ্চিমবাংলায় নিশ্চয়ই সেইরকম ভাবে উন্নত উপায়ে চাষ করা সম্ভব হয় না। আমাদের এই পশ্চিম বাংলার গ্রামে গ্রামে বৈদ্যুতিক শক্তি পৌঁছায় নি। প্রসঙ্গত উল্লেখ করতে পারি হরিয়ানায় এমন কোন গ্রাম নাই যেখানে বিদ্যুৎ শক্তি পৌঁছে দেওয়া হয়নি। আমি জানি মহারাষ্ট্রের কথা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এখানে উল্লেখ করেছেন সেই মহারাষ্ট্রে এমন কোন গ্রাম নাই যেখানে বছরে দুবার করে চাষের জল দেওয়া হয় না। কিন্তু আমাদের দেশে যেমন আমার কেন্দ্রের যে সমস্ত চাষযোগ্য জমি আছে সেখানে বছরে দুবার করে জল দেওয়া হয় না। অথচ মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে দুই থেকে তিনবার শস্য উৎপাদনের কথা—কিন্তু আমি বলবো যেখানে একেবার জল দেওয়াই সম্ভব হয় না সেখানে দুবার কিংবা তিনবার ফসল উৎপাদন করা কি করে সম্ভব? এবং এই বাজেটের উপসংহারে বলা আছে যে সামাজিক ন্যায় বিচারে পঞ্চবার্ষিকী পরিকল্পনা ভিত্তির হাতিয়ার হওয়া উচিত। কিন্তু এই সমস্যা সমাধানের কোন সুস্পষ্ট ইঙ্গিত এই বাজেটের মধ্যে পাওয়া যায় না। বেসরকারী লগ্নির ক্ষেত্রে আমি বলবো চতুর্থ পরিকল্পনায় ১৫৯০২ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে, কিন্তু এই লগ্নি করা যেতে পারতো। বেসরকারী ক্ষেত্রে লগ্নির অংশ কমিয়ে দিয়ে যদি সরকারী উদ্যোগে মাঝারি এবং ক্ষুদ্র শিল্প স্থাপন করা যায় তাহলে আমি মনে করি অধিক সংখ্যক বেকারের কর্মে নিয়োগ করা সম্ভব হতে পারে। পঞ্চবার্ষিকী লগ্নির পরিমাণ সম্বন্ধে নির্ধারণ করতে হবে। এই বাজেটে শুধু সমস্যা তুলে দেওয়া হয়েছে এবং পল্লী এলাকার সমস্যাকে অনেকটা এড়িয়ে যাওয়া হয়েছে। আমাদের পশ্চিমবাংলার গ্রামের ভাগই বেশি এবং গ্রামের উন্নতির দিকে অধিক নজর দিতে হবে। কলকাতায় দ্বিতীয় সেতু নির্মাণ করা হচ্ছে, সি এম, ডি, এ-র মাধ্যমে এবং কলকাতাকে উন্নত করার প্রচেষ্টা হচ্ছে। আমি বলবো কলকাতার উন্নতি হোক—কিন্তু সঙ্গে সঙ্গে গ্রাম প্রধান যে পশ্চিমবঙ্গ যেখানে গ্রামের সংখ্যাই বেশী সেই গ্রামের দিকেই

অধিকতর নজর দেব'র জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সর্বশেষে আমি এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে এবং এই বাজেটে যাতে গ্রাম বাংলা সুবিচার পায়, তার আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ

**শিশিরকুমার ইশোর:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বিধানসভায় যে বাজেট উত্থাপন করেছেন আমি সর্বপ্রথমে তাকে স্বাগত জানাই এবং সমর্থন করছি। সমর্থন করছি এই কারণে এর যে প্রগতিশীল নীতি এবং দৃষ্টিভঙ্গীর পরিচয় রয়েছে সেই জন্যই আমি বাজেটকে সমর্থন করছি। এই বাজেটে হয়তো আমাদের সব আশা চরিতার্থ হয়নি তথাপি বহু প্রগতিশীল কাজের এবং প্রগতিশীল দৃষ্টিভঙ্গীর জন্য বাজেটকে সমর্থন করতে হয়। আমি সমর্থন করে কিছু কিছু বাজেট সম্বন্ধে আলোচনা করে আমার বক্তব্য রাখছি। প্রথমত যে কথা আছে সেটা হচ্ছে এই প্রগতিশীল কর্মসূচীর মধ্যে শিল্পোন্নয়ন, রুগ্ন ও বন্ধ কলকারখানার পুনরুজ্জীবন এবং শ্রমিকদের তাতে কর্ম সংস্থান হচ্ছে এটা নিশ্চয় উন্নতির লক্ষণ।

[5-00—5-10 p. m.]

এবং সেই সঙ্গে কৃষি অর্থনীতি, ভূমি সংস্কারের কিছু ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। কিন্তু কৃষি অর্থনীতি এবং ভূমি সংস্কারের ক্ষেত্রে—যে নতুন করের ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে, এই কর সম্বন্ধে বড় রায়তের উপর করের ব্যবস্থা সমর্থনীয়, কিন্তু ছোট আয়ের কৃষকদের ক্ষেত্রে এই কর ঠিক সমর্থন করা যায় না। কারণ এখন গ্রাম বাংলার অর্থনৈতিক সংকট তীব্র আকার ধারণ করেছে। সাধারণ মানুষের দারিদ্র্য দিনের পর দিন বেড়েই যাচ্ছে, এর উপর নতুন করের বোঝা নিশ্চয়ই আমরা সমর্থন করতে পারি না। তাছাড়া আর একটা বড় কথা সেটা হচ্ছে আমরা আশা করেছিলাম যে পশ্চিমবঙ্গের সর্ববৃহৎ সমস্যা হল আমাদের মতে বেকার সমস্যা। এই বেকার সমস্যা সমাধানের জন্য বিশেষ কোন পরিকল্পনা এবং তার জন্য কোন ব্যয় বরাদ্দ এই বাজেটে আমরা দেখতে পাচ্ছি না। আজকে পশ্চিম বাংলায় বেকার সমস্যা যে আকার ধারণ করেছে তাতে এই সমস্যা সমাধান করার জন্য এখন থেকে যদি চেষ্টা না হয় তাহলে আমাদের অর্থনীতি ঠিক স্বাস্থ্যকর অর্থনীতি হয়ে উঠবে কি করে সেটাই আমাদের জিজ্ঞাস্য। সেইজন্য আমাদের মনে হয় এই বেকার সমস্যাকে যুদ্ধকালীন জরুরী অবস্থার মত ধরে নিয়ে এই সমস্যার সমাধানে তৎপর হওয়া উচিত। তাছাড়া আর একটা জিনিস উল্লেখ করছি সেটা হচ্ছে শিল্পতে সরকার যথেষ্ট উৎসাহ দিচ্ছেন, নতুন নতুন লাইসেন্স দিচ্ছেন, বন্ধ কারখানা খুলছেন এবং নতুন শিল্পে নানা রকম খয়রাতি সাহায্য দেবার ব্যবস্থা করছেন, কিন্তু শিল্পের দিক থেকে এটা উচিত ছিল যে শিল্প কোন একটা জায়গায় কনসেনট্রেট না করে কিছু কিছু গ্রাম বাংলায় ছড়িয়ে দেওয়া দরকার। যেমন ধরা যাক উত্তর বাংলা। উত্তর বাংলা চিরদিন অবহেলিত হয়ে আসছে, দীর্ঘ ২০ বছরে উত্তর বাংলায় কোন কাজ হয়নি বলা চলে এবং শিল্পের নামগন্ধ সেখানে নাই। বেকার উত্তর বাংলায় ছেয়ে গিয়েছে এবং অর্থনৈতিক সংকট দিন দিন তীব্র আকার ধারণ করেছে। উত্তর বাংলায় বিশেষ করে জলপাইগুড়ি চা বাগান থেকে এবং কুচবিহারের তামাক থেকে কেন্দ্রীয় সরকার যথেষ্ট ট্যাক্স আদায় করেন, কিন্তু কেন্দ্রীয় সরকারের আদায়টা অনেকটা দায়িত্বহীন, কেন্দ্রীয় সরকার উত্তর বাংলার জন্য কিছুই করেন নি, সেইজন্য মন্ত্রীসভাকে অনুরোধ করছি যে মন্ত্রীসভা উত্তর বাংলার উন্নতির জন্য কেন্দ্রের উপর এই দাবী রাখুন যে উত্তর বাংলার উন্নতির জন্য অবিলম্বে আরো কিছু অর্থ সাহায্য দেওয়া দরকার। কারণ উত্তর বাংলায় আজকে তীব্র অর্থনৈতিক সংকট দেখা দিয়েছে, মানুষের অভাব অনটন দিন দিন বেড়ে যাচ্ছে, এই অবস্থার প্রতিকার হওয়া

দরকার। তাছাড়া এই অর্থনৈতিক অবস্থার জন্য রাজনৈতিক সংকট সৃষ্টি হতে পারে এবং রাজনৈতিক সংকট কোন কোন ক্ষেত্রে সৃষ্টি হয়েছে, উত্তর বাংলায় উত্তর খণ্ড দল মাথা চাড়া দিয়ে উঠেছে, সেইজন্য সরকারকে এইদিকে, এই সমস্যার দিকে, একটু সতর্ক হওয়ার দরকার আছে।

আজকে কুচবিহার সব দিক থেকে অবহেলিত, ভারত স্বাধীন হওয়ার পর সেখানে কোন পরিকল্পনার কাজ হয়নি, কোন উন্নয়নের ব্যবস্থা হয়নি, অবহেলিত হয়ে পড়ে আছে। কুচবিহারের সমস্যা প্রচুর, কিন্তু বাজেটের মধ্যে তার জন্য কোন ব্যবস্থা হয়নি। আমরা উত্তর বাংলা সম্বন্ধে অনেক আশ্বাসবাণী শুনেছিলাম, কিন্তু বাজেটের মধ্যে সেই আশ্বাসবাণী পাইনি বা কোন লক্ষণও দেখি না। আজকে পশ্চিমবাংলায় অনেক সমস্যা, হাসপাতালের সমস্যা সর্বত্রই আছে। বহু জায়গায় হাসপাতালের এক্সটেনশনের ব্যবস্থা হয়েছে, তার উল্লেখ বাজেটের মধ্যে দেখছি, কিন্তু কুচবিহারের এই হাসপাতাল মহারাজা আমলের হাসপাতাল, তখন লোক সংখ্যা ছিল ৬ লক্ষের মত, আর আজ সেখানে ১৪/১৫ লক্ষ হয়েছে, সুতরাং এদের সংকুলান হাসপাতালে হয়না, রোগীরা বাইরে পড়ে থাকে, কুচবিহারের এই হাসপাতালের জন্য কোন ব্যবস্থাই গ্রহণ করা হয়নি। আমার আশা ছিল যে এই কুচবিহারের হাসপাতালের জন্য তার সম্প্রসারণের জন্য কিছু ব্যয়বরাদ্দ হবে। আমাদের মনে ছিল যে এই বাজেটের মধ্যে আমাদের আশা আকাঙ্খা সমাধানের পথ নিহিত আছে। আগামী দিনে এই যে বাজেট হবে আমরা আশা করি তাতে এই সমস্যাগুলির সমাধানের পথ খুঁজে পাব। জনগণকে আশ্বাসবাণী শুনিয়েছেন, তাদের সমাজবাদের কথা বলেছেন, গরিবী হঠাওয়ের কথা বলেছেন, আশা করি এই সমস্ত সমস্যার সমাধান ভবিষ্যতে কার্যে রূপায়িত করবেন, এই বক্তব্য বলে বাজেটকে পরিপূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীলালবাহাদুর সিংহঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ১৯৭২-৭৩ সালের বাজেট যা এখানে পেশ করা হয়েছে তাকে সমর্থন করছি। এই বাজেটে সমাজবাদী মানুষের যে আশা আকাঙ্খা তার দিকদর্শন পাওয়া যায়নি। আমরা আশা করেছিলাম ১৯৩১ সনের জুন মাসে মহাত্মা গান্ধী যে কথা বলেছিলেন .....The basis of sosialism is the economic equality.

সেটা হবে কিন্তু যে ভাবে অর্থ বিতরণ করা হয় তাতে গত ২৫ বছরে ফেল করেছেন। সাধারণ মানুষ কি দেখছে, যার কাছে অর্থ ছিল বা পুঁজি ছিল সেই পুঁজির পরিমাণ আরও বেড়েছে কিন্তু সাধারণ মানুষের বিশেষ কিছু হয়নি। তারপর সাধারণ মানুষের মধ্যে একটা আশার সঞ্চার হয়েছিল যখন শ্রীমতী ইন্দিরা গান্ধী বললেন যে, যে মানুষের কাছে নাই তাকে দিতে হবে। ভারত সরকার কি করবেন জানিনা আমরা আশা করেছিলাম পশ্চিমবঙ্গ সরকার নিশ্চয়ই করতে পারবেন যার কাছে নাই তাকে দেবার ব্যবস্থা পশ্চিমবঙ্গ সরকার করতে পারবেন। এই বাজেটের মধ্যে আমরা দেখছি ট্যাক্স বাড়ছে যা দ্বারা ইন্ডাষ্ট্রী বাড়তে পারবে। কিন্তু যারা কৃষি কাজ করবে, কি কলকারখানায় কাজ করবে তাদের কি হবে? তাদের জীবনের কোন ব্যবস্থা উন্নয়নের ব্যবস্থা করতে পারবেন কি পারবেন না। জেলাওয়ারী হিসাবে মানুষের দৈনিক আয় কত সেটা ১৯৬৮ সালে একবার গেজেটে বেরিয়েছিল। তাতে দেখছি হাওড়া জেলায় একজনের দৈনিক আয় হচ্ছে ১·২৭ টাকা, হুগলী জেলায় ·৯০ টাঃ, বর্দ্ধমানে ১·০১ টাঃ, দিনাজপুরে ·৮০ টাঃ, নদীয়ায় ·৮০ টাঃ, বীরভূমে ·৭৩ টাঃ, মুর্শিদাবাদে ·৬৯ টাঃ, মালদহে ·৬৭ টাঃ, মেদিনীপুরে ·৬৩ টাঃ, বাঁকুড়ায় ·৬২ টাঃ এবং পুরুলিয়ায় ·৫৪ টাঃ। যেখানে একজনের অন্ততঃ ২২৫০ ক্যালোরী দরকার তার পক্ষে এই সামান্য আয়ে কি করে বাঁচা সম্ভব

যদি না তার আয় বাড়ান যায়? আমরা জানি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা নিয়ে বড় বড় রাস্তা করা যেতে পারে, রেল লাইন করা যেতে পারে, কিন্তু সে রাস্তা ব্যবহার করবে কারা? যাদের কাছে পয়সা আছে, সেই বড় লোকেরা। যাদের কাছে পয়সা নেই তারা কি করতে পারে? আমাদের পশ্চিম বাংলার বেকারের সংখ্যা ২৫ থেকে ৩০ লক্ষ।

[5-10—5-20 p.m.]

এদের জন্য আমরা কি করতে পেরেছি? আজ পশ্চিম বাংলায় আণ্ডার এমপ্লয়মেণ্ট রেজিষ্টার্ড বেকারের সংখ্যা জানা আছে। কিন্তু বহু বেকার আছে যাদের নাম রেজিষ্টার্ড করা নেই। আমরা সেই সব মানুষের দাবী রাখতে পারি নি। এদের ভগবানের খাতা ছাড়া অন্য খাতায় নাম নেই। যারা রাস্তায় আছে তাদের জন্য আমরা কি করতে পেরেছি? আমাদের সরকার গণতান্ত্রিক প্রগতিশীল সরকার বলা হয় গণতান্ত্রিক প্রগতিশীল মোর্চা। কিন্তু সাধারণ মানুষের জন্য আমরা কি প্ল্যান নিতে পেরেছি? আমরা এখানে বসে বাজেট পাশ করতে পারি কিন্তু সাধারণ মানুষের জন্য এগ্রিকালচারের জন্য আমরা কি করতে পেরেছি? আমরা এগ্রিকালচারের জন্য তেমন কিছু করতে পারিনি। এডুকেশানের তেমন কোন ব্যবস্থা করতে পারি নি। আমরা ইউনিভারসিটি করতে পারি, হুল করতে পারি কিন্তু এডুকেসান কমপালসারি করতে পারি নি। আমি আশা করি সব বিষয়ে সরকার চিন্তা করবেন এবং সাধারণ মানুষের যে আশা সেই আশা তাঁরা পূরণ করবেন।

**শ্রীগণেশ হাটুই ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে পুরাপুরি সমর্থন করে সমালোচনার স্থরে আমি দু একটা কথা বলতে চাই। এই বাজেটকে কিছুটা প্রগতিশীল ও গণতান্ত্রিক বাজেট বলা যেতে পারে। কিন্তু রাজ্যে ঘাটতি পূরণ করতে হলে কর বসান দরকার। সেই কর যাতে উন্নয়নমূলক কাজে ব্যয় করা হয় সেইজন্য আমরা এই বাজেটকে সমর্থন করছি। কিন্তু আমি এখানে একটা কথা বলতে চাই যে তিন একর থেকে পাঁচ একর পর্যন্ত জমির মালিকের ভূমি রাজস্ব বাড়ান উচিত হয়নি। যে কর বসাবার প্রস্তাব করা হয়েছে তাকে আমি সমর্থন করছি। আমরা বলেছিলাম যে জনগণের দারিদ্র্য দুর করবো, ধনী দরিদ্রের বৈষম্য দূর করবো, দেশ থেকে বেকারী হটাব, বন্যা নিয়ন্ত্রণ করে গভীর নলকূপ ও সেচের ব্যবস্থা করে সেচের মাধ্যমে কৃষিক্ষেত্রে সবুজ বিপ্লব ঘটাব। জোতদাররা যাতে বর্গাদারদের উচ্ছেদ করতে না পারে আর উপযুক্ত ব্যবস্থা করবো ও শিক্ষা ব্যবস্থার আমূল সংস্কার করবো, প্রতি ব্লকে ছোট শিল্প সংস্থা স্থাপন করে বেকারদের কাজ দেবার ব্যবস্থা করবো। দেশ থেকে দারিদ্র্য ও বৈষম্য দুর করতে হলে দেশের কিছু পুঁজি স্বনিয়ন্ত্রনাধীন আনা দরকার। দেশ থেকে বেকারী হটান সহজ কথা নয়। এরজন্য সুনির্দিষ্ট পরিকল্পনা ও কর্মসূচী থাকা দরকার। এই বাজেটে দারিদ্র্য ও বেকারীর বিরুদ্ধে সরাসরি আক্রমণের কথা বলা হয়েছে। কিন্তু কিভাবে দারিদ্র্য ও বেকারী হটান হবে তার কোন সুস্পষ্ট ইঙ্গিত এই বাজেটে নেই। কৃষিক্ষেত্রে সবুজ বিপ্লব ঘটাতে হলে বন্যানিয়ন্ত্রণ পরিকল্পনাকে সুষ্ঠভাবে ও দ্রুততার সহিত কার্য্যকরী করা দরকার। বন্যা নিয়ন্ত্রণ করতে না পরেলে বাংলাদেশের চাষীদের অবস্থার কোন উন্নতি হবে না। বন্যা নিয়ন্ত্রণের সঙ্গে সঙ্গে প্রতি ব্লকে নলকূপ বসিয়ে ও সেচের খাল কেটে সেচের ব্যাপক ব্যবস্থা করতে হবে। এই সম্পর্কে বাজেটে ইঙ্গিত যা দেওয়া হয়েছে তা খুব আশাপ্রদ নয়। ১৯৫৪ সালের পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনের ক্রমিক সংশোধনের ফলে বর্গাদারদের অবস্থা অধিক পরিমাণে নিরাপদ হয়েছে এই কথা বাজেটে বলা হয়েছে। কিন্তু কার্য্যক্ষেত্রে দেখা যাচ্ছে যে জমির মালিকরা বর্গাদারদের বে-আইনী উচ্ছেদ করেই চলেছে। জে, এল, আর ও অফিসে বে-আইনী উৎখাতের অভিযোগ করে অনেক বর্গাদার হতাশ হয়েছেন।

যদি কোন বর্গাগার J. L. R.O অফিসে তার নাম নথীভুক্ত করবার জন্য দরখাস্ত করেন, অমনি জমির মালিক তাকে জমি থেকে উৎখাত করবার জন্য চক্রান্ত সুরু করে দেন। এই অবস্থার মোকাবেলা করতে গেলে একটা বৈজ্ঞানিক কর্মপন্থা গ্রহণ করতে হবে। অতিরিক্ত রাজস্বের জন্য ভূমিরাজস্ব বাড়ানো হচ্ছে। আমি পূর্বেই বলেছি এজন্য বিভিন্ন Slab হওয়া উচিত। যেমন ৩ থেকে ৫ একরের মালিক যারা তাদের উপর কিছু বাড়ানো হোক। তারপর ২০ থেকে ৩০ বিঘার Slab হওয়া উচিত। তারপর ৩০ থেকে ৪০ বিঘা, ৪০ বিঘা থেকে ৫০ বিঘা। এইরকম-ভাবে Slab হবে এবং বিভিন্ন ষ্টেজে ভূমিরাজস্ব কিছু কিছু করে বৃদ্ধি করা উচিত বলে আমি মনে করি।

প্রতি বছর বন্যা হওয়ার ফলে আমন ধান ঘরে তুলবার কোন নিরাপত্তা নাই। যাতে নিরাপদে চাষীরা আমনধান ঘরে তুলতে পারে তার ব্যবস্থা করতে হবে।

বর্তমান বাজেটে শিক্ষা ব্যবস্থার সংস্কার সম্পর্কে একটা কথাও বলা হয় নাই। প্রাথমিক বিদ্যালয়ের সমস্যার সমাধান সম্পর্কে কোন কথা উল্লেখ করা হয় নাই। বর্তমানে প্রাথমিক বিদ্যালয়ে ৪০ জন ছাত্রের জন্য একজন করে শিক্ষক থাকেন। কিন্তু এর আগের অধিবেশনে বলা হয়েছিল ২৫ জন ছাত্র পিছু একজন করে শিক্ষক নিয়োগ করা হবে। তার ফলে গ্রামবাংলার অনেক ছেলে চাকরী পাবে এবং সঙ্গে সঙ্গে প্রাথমিক শিক্ষার মানও উন্নত হবে। যে সমস্ত মাধ্যমিক বিদ্যালয়কে লাম্প গ্রান্ট দেওয়া হয়, তাদের পুরাপুরিভাবে সরকারী সাহায্যের আওতায় আনার কোন সুস্পষ্ট ইঙ্গিত এই বাজেটের মধ্যে নাই।

গ্রাম বাংলার উন্নতি করতে হলে গ্রামপঞ্চায়েতের উপর বেশী দায়িত্ব দিতে হবে, তাদের উপর অতিরিক্ত সম্পদ আহরণের ভার দিতে হবে। কৃষিকর প্রবর্তন করতে হবে এবং এই কৃষিকর আদায়ের জন্য গ্রাম পঞ্চায়েতের উপর দায়িত্ব দিতে হবে। তাহলে পরে অতিরিক্ত সম্পদ আহরণ করা সহজ এবং সম্ভব হবে বলে আমি মনে করি। এই কথা কয়টী বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরাধারমণ সাহা:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের সামনে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সে সম্বন্ধে আলোচনা প্রসঙ্গে দু-একটি বক্তব্য পেশ করছি। তার মানে প্রথমে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, তার উপর পূর্ণ আস্থা জ্ঞাপন করছি।

এই বাজেটে হোটেল রেস্তরা এবং অন্যান্য বিলাস দ্রব্যের উপর যে কর ধার্য্য করা হয়েছে, তা প্রশংসনীয়, কারণ ঐ সমস্ত ক্ষেত্রে যাঁরা পয়সা খরচ করতে পারবেন, তাঁরা ঐ ধার্য্য কর অবশ্যই দিতে পারবেন। কিন্তু সেই সঙ্গে এমন কয়েকটি জিনিষের উপর কর ধার্য্য করা হয়েছে—যা নিত্য ব্যবহার্য্য দ্রব্য, যার জন্য গ্রামবাংলার সাধারণ মানুষ ও সহরের খেটে খাওয়া মানুষ ভীষণ অসুবিধার সম্মুখীন হয়েছে। এই রকম কতকগুলি ক্ষেত্রে এই বাজেট আমাদের কাছে প্রশংসনীয় বলে মনে হচ্ছে না। এই বাজেটে উল্লেখ করা রয়েছে শিল্পোন্নতির জন্য কতকগুলি স্থান নির্ণয় করা রয়েছে। কিন্তু এমন কতকগুলি গ্রাম বাংলার কুটির শিল্প আছে—যে কুটির শিল্পগুলি বর্তমানে বন্ধ ও রুগ্ন। আর এমন কতকগুলি স্থান আছে, যে সমস্ত স্থান কুটির শিল্পের জন্য স্মরণীয় সেই সমস্ত স্থানে শিল্পোন্নতির কোন ব্যবস্থা বর্তমান বাজেটে নাই। যেমন আমরা জানি—নদীয়া জেলার আমাদের নবদ্বীপে, রানাঘাটে, শান্তিপুরে, সমুদ্রগড়ে, শ্রীরামপুরে ও অন্যান্য কয়েকটি স্থানে, যা তাঁতশিল্পের জন্য বিখ্যাত—এর কোন স্থানই শিল্পোন্নয়নের জন্য নির্ণয় বা নির্দিষ্ট করা হয় নাই।

সেই সঙ্গে সঙ্গে আর একটি জিনিষের প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হোল বেকার সমস্যা। বর্তমানে বাজেটে দেখলাম বেকার সমস্যা সমাধানের অর্থ বরাদ্দ নাই। আমি জানি গ্রাম বাংলায় এবং সহরে ২৮ লক্ষ বেকার আছে। এই সমস্ত বেকাররা এগিয়ে এসে অক্লান্ত পরিশ্রম করে বর্তমান সরকারকে প্রতিষ্ঠা করার জন্য আপ্রাণ চেষ্টা তারা চালিয়ে গেছে কিন্তু দুঃখের বিষয় আজকে বাজেটে বেকারদের কর্মসূচী নাই। সেই সঙ্গে সঙ্গে আমি আর একটা জিনিসের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। গ্রামবাংলার বেকার সমস্যা সমাধানের পদ্ধতি ও সহরাঞ্চলের বেকার সমস্যা সমাধানের পদ্ধতি সম্পূর্ণ আলাদা। বর্তমান বাজেটে গ্রাম এলাকার এবং সহর এলাকার বেকার সমস্যা সমাধানের ব্যাপারে আলাদা কোন ব্যবস্থা নাই। আর একটা কথা অনুন্নত এলাকার জন্য কোন রকম অর্থ বরাদ্দ করা হয়নি। আমরা সকলেই জানি অনুন্নত এলাকার অর্থনৈতিক ও সামগ্রিক উন্নতির জন্য বাজেটে বিশেষ বরাদ্দের প্রয়োজন—তা না হলে গ্রামের মানুষের উন্নতি কখনও সম্ভব নয়। বিগত পাঁচ বছরে অস্থায়ী শাসনের ফলে আমাদের দেশের অর্থনৈতিক কাঠামো দুর্বল হয়ে এসেছে এবং প্রায় ধ্বংস হয়ে গেছে। সেই আমরা আশা করেছিলাম যে বর্তমানে যে বাজেট হবে সেই বাজেট অত্যন্ত সমাজতান্ত্রিক ধাচের বাজেট হবে যার ফলে গ্রামবাসী এবং সহরের মানুষেরা উপকৃত হবে। কিন্তু আমরা দেখলাম সেই বাজেট হয় নি। তাই আমি আবেদন রাখছি যে আগামী যে বাজেট হবে তা এমনভাবে হবে যাতে সামন্ততান্ত্রিক বিপ্লবের বাস্তব রূপায়ণ ঘটে। জয় হিন্দ।

**শ্রীবীরেশ্বর রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিধানসভায় মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে আমি অভিনন্দন জানাই। কিন্তু অভিনন্দন জানাবার সাথে সাথে কয়েকটি বিষয় আমি আলোচনা না করে পারছি না আজকে বিশেষ করে গ্রাম বাংলার উন্নয়নের অবশ্যই প্রয়োজন আছে। আজকে অত্যন্ত জরুরী বিষয় হচ্ছে গ্রাম বাংলার অর্থনৈতিক উন্নয়নের জন্য যে সমস্ত বিষয়ের প্রয়োজন তার মধ্যে কৃষির উপর বিশেষ করে জোর দেওয়া উচিত। আজকে কৃষির উন্নয়নের জন্য যে পরিমাণ ঋণ সার প্রভৃতি দেওয়া দরকার বা যে পরিমাণ জল সেচের ব্যবস্থা করা দরকার সেই রকম কোন ব্যবস্থা দেখলাম না। আজকে উত্তরবঙ্গের জন্য কোন রকম বিশেষ পরিকল্পনা নেওয়া হয়নি। যার জন্য উত্তরবঙ্গের কৃষক চাষী দিনের পর দিন দুর্দশাগ্রস্ত হয়ে পড়ছে। আমাদের পশ্চিম দিনাজপুরের জমিতে প্রভুত পরিমাণ ধানের চাষ হয়। এই সমস্ত কৃষিকার্য্যে নিয়োজিত লোকেরা খুবই দুরবস্থার মধ্যে দিন যাপন করছে। তার জন্য বিশেষভাবে কোন অর্থ বরাদ্দ করা হয় নি। এই বাজেটে কৃষিমূলক উন্নয়নের কোন বিশেষ পরিকল্পনার ইঙ্গিত নাই। চাষীরা যাতে কৃষি কাজের উপর নির্ভরশীল না হয়ে তাদের অর্থনৈতিক উন্নয়নের জন্য কুটিরশিল্পের ক্ষেত্রে তারা যাতে আংশিক তাদের নিয়োজিত করতে পারে অর্থাৎ যাতে তারা কৃষি ভিত্তিক কুটির-শিল্পে আত্মনিয়োগ করতে পারে সেদিকে নজর দেওয়ার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। কুটিরশিল্পকে ত্বরান্বিত করতে বিদ্যুৎ দরকার। আমরা এই বিদ্যুৎ যদি ঠিকমত সরবরাহ করতে না পারি তাহলে গ্রামবাংলার অর্থনৈতিক উন্নয়ন কোন দিনই সম্ভব হবে না। তাই আজকে বিদ্যুৎ পরিবেশনের যে ব্যবস্থা নেওয়া হয়েছে ১০ হাজার গ্রামে বিদ্যুৎ সরবরাহ করার সেটা কার্যকরী করা একান্ত দরকার।

বিশেষ করে অর্থনৈতিক দিকথেকে যদি আমাদের উন্নতি করতে হয় এইসবদিকে দৃষ্টি দেওয়ার দরকার। যদি আমাদের গ্রাম বাংলার ভিতরে কুটির শিল্পের প্রচুর পরিমাণে ব্যবস্থা না করা যায় তাহলে গ্রাম বাংলার অর্থনৈতিক উন্নতি সম্ভব হবে না। শুধু শহরের উন্নতি দ্বারা আমাদের গরীব জনসাধারণের উন্নতি সম্ভবপর হবে না। আমরা গরীবি হটাও নীতি যেটা সামনে নিয়েছি এটা যদি কার্যকরী করতে চাই তাহলে কুটিরশিল্পের বিশেষভাবে প্রয়োজন এবং এগুলো করতে গেলে

আমাদের যথেষ্ট পরিমাণে বিদ্যুতের প্রয়োজন। যে বিদ্যুতের ব্যবস্থা চলছে তাতে মনে হয় প্রতিটি বাড়ীতে ব্যবহারের জন্য তা যথেষ্ট নয়। তাছাড়া শিল্পে যে বিশেষভাবে বিদ্যুতের দরকার সেটা এখনও পর্যন্ত গ্রামে এসে পৌঁচচ্ছে না অত্যন্ত মন্থরগতিতে এটা পরিচালিত হচ্ছে। এছাড়া শ্রমশিল্পের দিকে একটি বিশেষ শ্রেণী অত্যন্ত অবহেলিত অবস্থায় পড়ে আছে। Shops and Establishment-এ যে সমস্ত শ্রমিকরা কাজ করে তাদের নূনতম বেতম হার বর্তমান বাজেটে স্থির করা নেই এবং আমাদের গরিব জনসাধারণের বিরাট অংশ এই শ্রেণীভূক্ত এবং এদের নূনতম বেতন স্থির করে দেওয়া উচিত যাতে আমাদের গরিব জনসাধারণ যথেষ্ট পরিমাণে উপকৃত হতে পারে। এছাড়া আমরা দেখতে পাচ্ছি উত্তর বাংলার রাস্তাঘাটের অত্যন্ত খারাপ অবস্থা। সেখানে যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্র আছে এর ফলে সেখানে ডাক্তার যেতে চায় না এবং এর ফলে গ্রাম বাংলার স্বাস্থ্য অত্যন্ত অবহেলিত এবং অবহেলা সেখানে দেখানো হয়েছে। গ্রাম বাংলার যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্র আছে তাতে ডাক্তার যেতে চাইছে না এবং রাস্তাঘাট সত্যি বিশেষভাবে প্রয়োজন। সেইজন্য বর্তমান বাজেটে বিশেষভাবে গুরুত্ব দেওয়া হয়েছে বলে আমি মনে করি না।

আরও দু একটা বিষয় আছে। শিক্ষার দিক থেকে অন্ততপক্ষে কম্পালসারি প্রাইমারী এডুকেশান করা দরকার। এটা না হলে আমরা গ্রামবাংলার দিকে জ্ঞানের আলো ছড়িয়ে দেওয়ার পরিকল্পনা সরকার কার্যকরী করতে পারছেন না বা পারবেন না। এই দিকেও নজর দেওয়ার দরকার। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Kinkar Mahato :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বর্তমান অধিবেশনে যে বাজেট আমাদের অর্থমন্ত্রী পেশ করেছেন তাকে আমি সমর্থন জানাই। সঙ্গে সঙ্গে দু চারটে কথা বলি। যেমন এই বাজেটে আছে অতিরিক্ত কর বসাবার কথা। এই অতিরিক্ত করের মধ্যে আছে যাদের তিন একরের কম জমি আছে তারা পড়বে না। কিন্তু তিন একরের বেশী জমি যাদের আছে তারা পড়বে। কিন্তু আমাদের পুরুলিয়া জেলা কংকরময়, শুকনো। সেখানে ৫ একর পর্যন্ত খাজনা নেওয়া চলবে না। সেখানে জল নেই এমনি অসুবিধা। আন-ইরিগেটেড জমি এবং সেখানে যদি ইরিগেশানের কোন ব্যবস্থা করা হয় তবুও হাওড়া, হুগলী এই সমস্ত জায়গার সঙ্গে তুলনায় সমান করা যাবে না কোনদিন। কংকরময় মাঠে যে কৃষি ফসল হয় তা অতি সামান্যই। কাজেই পুরুলিয়া জেলায় অন্যান্য জেলার সমান ট্যাক্স নেওয়া উচিত হবে না এবং পুরুলিয়া জেলায় ১৯৬৭ সালের ১লা নভেম্বর পশ্চিমবঙ্গে আসার পরও বিহারের আইনগুলি চলছে যদিও সেগুলোকে পশ্চিমবঙ্গ সরকার স্বীকার করেন নি।

[ 5-30—5-40 p.m. ]

যেমন ওখানের পঞ্চায়েত সেক্রেটারীদের এখনও সরকারী কর্মচারী বলে ধরে নেওয়া হয়নি, স্কুলের শিক্ষকরা তারা এরিয়ারের টাকা পায়না, সেখানে যে ল্যাণ্ড রেভিনিউ এ্যাক্ট—জমির যে খাজনা সেই খাজনা সারা পশ্চিমবাংলার সম্পূর্ণ আলাদা, সেটা সম্পূর্ণভাবে কার্যকরী হয়নি। কাজেই এইভাবে আমরা অনেক পিছনে পড়ে আছি। তারপরে পুরুলিয়া জেলা অনুন্নত জেলা। সেখানে জলের ব্যবস্থা নেই। অথচ আশ্চর্য্যের ব্যাপার যখন ২৬ হাজার রিফিউজি সেখানে যায় সেই সময় টিউবওয়েল হল। জিওলজিক্যাল সার্ভে বলে থাকেন সেখানে টিউবওয়েল হবে না অথচ রিফিউজিদের জন্য সেখানে ২০০ টিউবওয়েল বসানো হয়েছিল। এখন বলা হচ্ছে, প্রতিটি ব্লকের জন্য ৩৫টি করে টিউবওয়েল হবে আর পুরুলিয়ার জন্য হবে ডাগওয়েল। আর্থৎ রিলিফ স্কীমে কাঁচা মাটি খনন করে কুঁয়ো তৈরী

করা হবে। স্যার, এই প্রসঙ্গে আমি জানাতে চাই যে পুরুলিয়া শহরে ইতিমধ্যেই ৪টি টিউবওয়েল হয়েছে এবং আমরা সেখানে ডাগওয়েল চাই না, আমরা টিউবওয়েল নেব এবং সেখানে তাই হবে। কারণ রিফিউজিরা গেলে যদি হতে পারে তাহলে সেখানকার জনসাধারণের জন্য কেন হবে না। স্যার, এরপর আর একটি দুঃখের কথা বলব। এখানে মাননীয় শিক্ষামন্ত্রীমহাশয় যদিও নেই তবুও বলছি, সেখানে কয়েকজন প্রাথমিক শিক্ষককে এ্যাপয়েন্টমেন্ট দিয়েও আবার ক্যানসেল করা হয়েছে। এটা কোথাকার নীতি তা আমরা বুঝতে পারিনি। তারপরে স্যার, আমরা অনেক আশা ভরসা নিয়ে এখানে এসেছি কিন্তু বেকারদের জন্য পূর্ণাঙ্গ সুযোগ সুবিধার কথা এই বাজেটের মধ্যে দেখতে পাইনি। অগ্রাধিকারের ভিত্তিতে স্থানীয় বেকার ছেলেরা যাতে সুযোগ সুবিধা পায় সেজন্য আমি সরকারের কাছে আবেদন রাখছি। স্যার, এই প্রসঙ্গে বলতে চাই যে পুরুলিয়াতে দৈনিক ২॥ কোটি বিড়ি তৈরি হয়। সেই বিড়ি কারখানার শ্রমিকদের এবং লাক্ষা শিল্পের শ্রমিকদের কারখানার আইনভুক্ত করা হয়নি। কাজেই পুরুলিয়ার ঐ শ্রমিকরা ইনডাষ্ট্রীর জন্য লোন বা কোন সুযোগ সুবিধা পাচ্ছে না। স্যার, পুরুলিয়া ভারতবর্ষের ২০০টি ব্যাকওয়ার্ড জেলার ভেতরে এবং পশ্চিমবঙ্গের সবচেয়ে অনুন্নত জেলা। সরকার এ বিড়ি থেকে অনেক ট্যাক্স পান সেই কারণে পুরুলিয়ার ঐ বিড়ি শ্রমিকদের প্রতি সরকারের দৃষ্টি আকৃষ্ট করছি। তবে এখন দুচারটি কারখানা পুরুলিয়াতে প্রতিষ্ঠিত হতে চলেছে। সেখানে কারখানার জন্য 'র'মেটিরিয়ালস সাফিসিয়েন্ট আছে। যেমন সিমেণ্ট কারখানার 'র' মেটিরিয়ালস, এ্যালয় ষ্টিলের জন্য জঙ্গলের কাঠ, তা ছাড়া হাড়, তাম্র, অভ্র অনেক জিনিস পুরুলিয়াতে আছে। কাজেই সেখানে 'র' মিটিরিয়ালস থাকার জন্য কলকারখানা হতে পারে। এই প্রসঙ্গে আমার বক্তব্য স্যার, সেখানে স্থানীয় লোকদের অগ্রাধিকার দিতে হবে। তারপরে সাঁওতালদিতে রুরাল ইলেকট্রিফিকেসান স্কীম হয়েছে। কিন্তু আমাদের পুরুলিয়ার গ্রামের লোকেরা বিদ্যুৎ পাচ্ছে না। যেখানে ১০ হাজার গ্রামের বিদ্যুৎ যাবে বলা হয়েছে সেখানে পুরুলিয়াতে হবে মাত্র ২৮৩টি সাঁওতালদির বিদ্যুৎ চলে যাবে বর্ধমান, বাঁকুড়ায়; আমরা খুশি, কিন্তু দুঃখ আমাদের সেখানে হচ্ছে না। মেদিনীপুর, পুরুলিয়া এবং বাঁকুড়ার কিয়দংশে যে ব্যাকওয়ার্ড বা অনুন্নত শ্রেণীর লোকেরা বাস করে তাদের দিকে বিশেষভাবে নজর দেবার জন্য অনুরোধ জানিয়ে এই বাজেটকে সমর্থন করে আমি শেষ করছি।

**ডঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, এই বিধানসভায় যে বাজেট ষ্টেটমেন্ট রেখেছেন তার আলোচনা প্রসঙ্গে এই হাউসের মাননীয় সদস্যরা তাদের নিজ নিজ বক্তব্য রেখেছেন। গণতান্ত্রিক মোর্চার অন্যতম পার্টনার সি.পি.আই-এর মাননীয় বন্ধু শ্রীবিশ্বনাথ মুখার্জী তার আলোচনায় কিছু গঠন মূলক প্রস্তাব রেখেছেন সেটা নিঃসন্দেহ। কিন্তু এর ফাঁকে ফাঁকে তিনি ইনসিনুয়েশন-এর ত্রুটি করেন নি। আমি যতদুর শুনেছি তার বক্তব্যের কিঞ্চিৎ জবাব দেবার প্রয়োজন মনে করি। অন্যান্য মাননীয় সদস্যরা মেজর পয়েন্টস-এ বক্তব্য তুলেছেন আমি চেষ্টা করবো কভার করার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেট ষ্টেমেণ্ট করার আগে মাননীয় অর্থমন্ত্রী এই হাউসে আর একবার বিগত বিধানসভার অধিবেশনে তার বাজেট ষ্টেটমেণ্ট রেখেছিলেন। আমি মাননীয় সদস্যদের অনুরোধ করবো দুটোকে একসঙ্গে নিয়ে ১৯৭২-৭৩ সালে বাজেট-এর বক্তব্য সরকারের পক্ষ থেকে উত্থাপিত হচ্ছে, এই মনোভাব গ্রহণ করার জন্য। বিগত অধিবেশনে বাজেট বক্তৃতায় অর্থমন্ত্রী যে তথ্য ও যে বক্তব্য রেখেছিলেন স্বভাবতই এখানে পুনরুল্লেখ থাকবার কথা নয়। নয় বলেই, মাননীয় বিশ্বনাথ মুখার্জী, প্রথমে যে বক্তব্য রেখেছিলেন রাইজিং প্রাইজ সম্বন্ধে—মাননীয় অধ্যক্ষ মহাশয়, দ্বিতীয় বিশ্ব মহাযুদ্ধের পর গোটা বিশ্বব্যাপী এমন কোন দেশ, অনডেভলপড কানট্রি, ডেভলপিং ইকোনমি নয়, ডেভলপড কান্ট্রি, ইভন

ইন সোসালিষ্ট কানট্রি সেখানে আমরা দেখেছি প্রতিটি স্তরে মানুষের প্রয়োজনীয় সমস্ত দ্রব্যসামগ্রী কনজিউমার গুডসতো বটেই সাধারণভাবে সমস্ত দ্রব্যমূল্য উর্ধগতি লক্ষ্য করা গেছে। আমাদের ইকোনমি মূলত ডেভলপিং ইকোনমি এবং ডেভলপিং ইনকোমিতে ঘাটতি পুরনের সময় আমাদের যে ডেফিসিট ফিনানসিং এর স্কোপ আছে, যে ব্যবস্থা আছে, বাধ্য হয়ে এই সরকারকে নিতে হয়, সেই ব্যবস্থা নেই বলে এর অনিবার্য ফল পড়ে উৎপাদনের উপর এবং দ্রব্যমূল্যের উপর। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিশ্বনাথবাবু আবার ক্ষেপে যাবেন, বিগত ১৯৬৭ সাল থেকে ১৯৭১ পর্যন্ত পশ্চিমবঙ্গ-এর উৎপাদনের উপর যে আঘাত এসেছিলো রাজনৈতিক কারণে সেই আঘাতে উৎপাদন মন্দা হওয়ার জন্য, ন্যাচারালি এখানে দ্রব্যমূল্য কিছুটা অস্থিরতা আমরা দেখছি, উর্ধগতি লক্ষ্য করছি এবং এর মোকাবিলা করার জন্য এই সরকার গ্রহণযোগ্য সমস্ত ব্যবস্থা নিয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বিশ্বনাথবাবুর কাছে বিগত বাজেট অধিবেশনের ৫ পাতায় আমরা একটা পরিসংখ্যান দিয়েছি তাতে এটা আমরা অস্বীকার করার চেষ্টা করিনি। এর কারণগুলি দূর করার ইঙ্গিত দিয়েছি এবং এটা শুধু পশ্চিমবঙ্গের ক্ষেত্রে সীমাবদ্ধ নয়, ভারতের অন্যান্য অঙ্গ রাজ্যের ক্ষেত্রে দ্রব্যমূল্য বৃদ্ধি পরিলক্ষিত হয়েছে এবং পৃথিবীর সমস্ত দেশে ডেভলপ আন-ডেভলপ এ্যাণ্ড ডেভলপিং কানট্রি সমস্ত দেশে দ্রব্যমূল্য পরিলক্ষিত হয়েছে। এর যদি প্রতিকার করতে হয় আমরা দুই প্রকারে এর প্রতিকার করতে পারি। নাম্বার ওয়ান জোর দিচ্ছি উৎপাদনের উপর এবং অতঃপর মনে করি যে, রাজনৈতিক আবহাওয়া এখানে সৃষ্টি হয়েছে সেই আবহাওয়া উৎপাদনের অনুকূলে পরিবেশ সৃষ্টি করেছে এবং আমাদের কৃষিক্ষেত্রে এবং ইণ্ডাসট্রিয়াল সেকটরে উৎপাদন সম্ভবপর হবে এই বক্তব্যে আমি জানাচ্ছি, ট্রেড ইউনিয়নের বক্তব্য তিনি রেখেছেন, ট্রেড ইউনিয়ন সেকটর যদি ফুললি কোঅপারেট না করেন তবে প্রোডাকটিভ এইমস এ্যাণ্ড এনডেভারস অব দি গভার্ণমেন্ট সম্ভবপর হয়না। এটা গ্রামার হতে পারেনা, এটা যুক্তি হতে পারেনা। এখনও সমাজে ইগলেটারিয়ান ব্যবস্থা প্রবর্তিত হয়নি, সাম্যবাদ প্রতিষ্ঠা হয়নি বলে সমাজে যে বৈষম্য আছে তার জন্য শ্রমিক কিম্বা কৃষক একসঙ্গে বিপ্লব করে প্রোডাকশান ব্যাহত করবে বিশ্বনাথবাবু এই জাতীয় ইঙ্গিত করছেন। আমি মনে করি এই যুক্তি আমাদের জাতীয় স্বার্থ বিরোধী এবং পরিপন্থী এবং পশ্চিমবঙ্গের বর্তমানে যে টেটারিং ইকোনমি ছিলো সেখানে যদি এদের সাহস এবং উৎসাহ ওরা যোগায় তাহলে মুসকিল হবে। আমি অনুরোধ করবো যে ট্রেড ইউনিয়ন একটিভিটিস-এ প্রোডাকশান-ওরিয়েন্টেড হওয়া উচিত। আমি অনুরোধ করবো লক্ষ্যটা যেন আমাদের এক হয়, দারিদ্র্য দূর করা। এই দারিদ্র্য দূর করা যাবে সম্পদ সৃষ্টির মাধ্যমে।

[5-40—5-50 p. m.]

সম্পদ সৃষ্টি হবে By increasing Production, অন্য কোন প্রকারে নয়, একই সঙ্গে বৈষম্য দূর করার যে নীতি নেওয়া হয়েছে, সেই বৈষম্য দূর করার জন্য আমরা মোটামুটি তিনটি ক্ষেত্র বেছে নিতে পারি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আমাদের দারিদ্র্য মূলত তিনটি কারণে। এই তিনটি কারণের মধ্যে একটি হচ্ছে প্রচুর unemployment, Open unemployment, আমাদের বেকারত্ব দুর্বিসহ বেকারত্ব, অন্যদিকে আমাদের কাজও আছে অথচ উপার্জন নেই। Under employment যাকে বলে economics-এর term-এ সেই under employment রয়েছে এবং তিন নম্বর কারণ আমাদের এখানে low resources of a very large number of producers either in the agricultural sector or in the industrial sector. মূলতঃ এই তিনটি কারণের জন্য আমাদের poverty অত্যন্ত ব্যাপক, আমাদের দারিদ্র্য এবং বৈষম্য অত্যন্ত প্রকট। এখানে যদি আমরা তা দূর করতে চাই তাহলে আমাদের both long term and short term

measure নিতে হবে, সেখানে শুধু রাজনৈতিক দল শুধু নয় trade union এর activityর co-operation আমার আশা করবো। বৈষম্য আছে সমাজে এই যুক্তি দেখিয়ে production ব্যাহত হয়, আমি মনে করি সমাজের বিপুল ক্ষতি হবে এবং পশ্চিমবাংলার মত রাজ্যে যেখানে এতবেশী ব্যাপক দারিদ্র্য রয়েছে, বেকারী রয়েছে, জনসংখ্যার বৃদ্ধি রয়েছে, জনসংখ্যার স্ফীতি রয়েছে, সেখানে ক্ষতিকারক হবে বলে আমি মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিশ্বনাথবাবু Co-operative Sectorএ Small and marginal farmerএর সম্বন্ধে ইঙ্গিত করেছেন। এই কথা বলতে কোন দ্বিধা নেই আমার পক্ষে যে পশ্চিমবঙ্গে মূলত Co-operative আন্দোলন, সমবায় আন্দোলন ব্যাহত হয়েছে। আমরা দেখেছি অসময় আন্দোলনে ভারতের অন্যান্য রাজ্য বিশেষ করে মহারাষ্ট্র যেখানে Sucessful হয়েছে Co-operative Sector-এ সেখানে আমরা গত হয়েছি, আমাদের অগ্রগতি স্তব্ধ হয়ে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে বুঝতে হবে production-এর Source আছে দুটো, Source of production, একটা সরকারী উদ্যোগে এবং আর একটা হচ্ছে বেসরকারী উদ্যোগে, এইগুলো মধ্য পথে থেমে পরছে। আমরা সামাজিক ন্যায় বিচারের জন্য ধন বৈষম্য দূর করার জন্য এবং উন্নয়নের সুবিধার দীনতা মানুষের কাছে পৌঁছে দেবার জন্য চেষ্টা করেছিলাম। আমরা প্রতিজ্ঞাবদ্ধ ছিলাম যে Co-operative Sectorকে develop করবো সেই Co-operative Sector মূলতঃ এখানে agriculture Oriented Co-operative Sector, এই agriculture Oriented Co-operative Sector long term এবং Short term loan এর হালচাল দেখলে আপনি চমকে উঠবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর কারণ বিশ্বনাথবাবু জানেন, ১৯৬৭-থেকে ১৯৭১ সালের মধ্যে যে পরাজয় আমাদের হয়েছে, যে অগ্রগতি ব্যাহত হয়েছে সেটা আমাদের দেখতে হবে। আজকে মানুষ, যারা credit নিয়েছে, তাদের অবস্থা কি দেখুন, আজকে long term Co-operative মোটামুটি Security Oriented Co-operative হয়েছে, যার সম্পদ আছে মোটামুটি দেওয়া হয়। এই long term Co-operative এর মধ্যে যেন সাধারণ agricultural মজুর, marginal farmer যারা আছে, small farmer যারা আছে, তাদের help করার জন্য S.F.D F. and M.F.A L. marginal farmer and agricultural labourer এদের জন্য যে সংস্থা আছে, আমরা দেখছি পশ্চিমবঙ্গের মূলতঃ দুটি জায়গায় বাঁকুড়া এবং পুরুলিয়ায় আমরা উদ্যোগ নিয়েছি, সেখানে এপর্যন্ত এই Scheme এর মাধ্যমে দু'শর বেশী কৃষককে সাহায্য করা সম্ভবপর হয়েছে। সমগ্র পশ্চিমবঙ্গ চাষীর জন্য এই Schemeকে প্রসার করা সম্ভবপর হয়নি। এপর্যন্ত আমরা কমবেশী ২২০০ লোককে facility দিতে পেরেছি। এবার কিন্তু Small and marginal former, এদের আমরা বিশেষ সুবিধা দেবার চেষ্টা করছি। অন্যদিকে যারা Security দিয়েছে, দেবার জন্য সম্পদ আছে, তাদের মধ্যে আমরা ৭ কোটি ৪২ লক্ষ টাকা দিয়েছি। এবার due ছিল আমাদের ৬৩ লক্ষ টাকা। আদায় হয়েছে, যেখানে সম্পদ বন্ধক আছে, Security দিয়ে যেখানে টাকা নিতে হয়, আমরা দেখেছি আদায় হয়েছে মাত্র 34%।

এইটা অত্যন্ত হতাশাব্যাঞ্জক ইন দি লং টার্ম অফ দি কো-অপারেটিভ মুভমেন্ট। সর্ট টারমের অবস্থা আরও ভয়ংকর। টোটাল ডিমাণ্ড আজ পর্যন্ত সর্ট টারম সেক্টারে ১৫ কোটি ৩৫ লক্ষ টাকা। সমস্ত পশ্চিমবঙ্গে আমরা আদায় করতে গিয়ে দেখলাম সর্ট টার্ম সেক্টারে ৩ কোটি ১২ লক্ষ টাকা পারসেনটেজ ইস লেস দেন ২৫%। ১০০ ভাগের ২৫ ভাগ আদায়ী। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন রিজার্ভ ব্যাঙ্ক ৪০% টাকা না এলে কোন স্টেটকে টাকা দেয় না। এ্যাগ্রিকালচারাল ক্রেডিট যেটা ফারমাররা পায়, আমরা দেখলাম পশ্চিমবঙ্গের সেটা দেয় ৩ কোটি কি সাড়ে ৩ কোটি টাকা। টোটাল ডিমাণ্ডের চেয়ে আদায় লেস্ দেন ২০%। আমরা সাড়ে ৩ কোটি টাকার বেশী দিতে

পারিনা, কারণ এইটা হলো অল ইণ্ডিয়া কোটা এবং এইটাতে যদি আমরা পৌছাতে না পারি তাহলে অন্য অন্য রাজ্যগুলি আমাদের পিছনে ফেলে এগিয়ে যাবে। আমরা চাই যে আমাদের স্মল এ্যাণ্ড মারজিনাল ফার্মস গুলি যাতে বেনিফিট স্তরে পৌছায়। আমাদের অভিজ্ঞতার মাধ্যমে আমরা দেখেছি শুধু লসের সমস্যার সমাধান করলেই চলে না, সমস্যার মোকাবিলা রাজনৈতিক মহলেও করতে হয়। আজকে আমরা তাই আহ্বান জানাচ্ছি আমাদের গণতান্ত্রিক মোর্চার পার্টনার হিসাবে রিয়ালাইজেসনের জন্য সাহায্য করা দরকার। রিয়ালাইজেসন না হলে এই আন্দোলন ব্যাহত হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের আর একটা জিনিসে য়্যাটাক করা হয়েছে যে আমরা নাকি শুধু বসে আছি প্রাইভেট সেক্টরের উপর নির্ভর করে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের ব্যাপারে শুধু নয় সমস্ত ভারতবর্ষের ব্যাপারে এটা সত্য নয়। ইনডাষ্ট্রিয়াল ডেভালপমেন্টের ক্ষেত্রে আমরা সরকারী উদ্যোগের সম্প্রসারণ করবার প্রবল আয়োজন চালাচ্ছি। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিশ্বনাথ বাবুর দৃষ্টি আকর্ষণ করতে পারি যে পশ্চিমবঙ্গ স্বাধীনতোত্তর কালে ১৯৪৭ সালে যেরূপ লাঞ্ছিত ছিল সেই অনুপাতে আজ ১৯৭২ সালে সরকারী উদ্যোগে ক্যাপিটেল ইনভেষ্টমেণ্ট এবং এ্যাম্পলয়মেণ্ট ইন পাবলিক আণ্ডার টেকিং—গভর্ণমেণ্ট আনডার টেকিং অনেকখানি বেড়ে গিয়েছে এই কথা অস্বীকার করার কোন উপায় নাই। এই সরকার প্রাইভেট সেক্টরকে এনকারেজ করছে যে, তাদের যে রিসোর্সেস আছে সেই রিসোর্সেসকে যাতে তারা কাজে লাগায় এবং ইণ্ডাষ্ট্রিস করে। ইনডাষ্ট্রিস করার সমস্যা যদি অর্থ সমস্যা হয়, মূলধনী সমস্যা হয় আমার মনে হয় তাহলে সরকারের এই সিদ্ধান্ত যে আমাদের উন্নয়নকে ত্বরান্বিত করার জন্য সরকারী উদ্যোগের সঙ্গে বেসরকারী উদ্যোগকেও কাজে লাগাতে হবে। উনি এখানে টী ইনডাষ্ট্রিস এর ন্যাশানালইজেসনের কথা বলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বরাবরই বলা হয় পাবলিক আনডার টেকিং এটা ট্রেড ফিনান্স করপোরেশনের কমিটেড এ্যাচিভমেণ্ট এবং কমিটেড এ্যাকটিভিটিস। যদিও এটা কংগ্রেসের কমিটমেণ্ট নয়, কংগ্রেস ইডিওলজির কমিটমেণ্ট নয় এইটা পি ডি. এফ এর কমিটমেণ্ট নয়—কমিটমেণ্ট অফ ওয়ার্ক আজকে সরকারী উদ্যোগের ক্ষেত্রে লিফট করা সম্ভব নয়, লক্ষ সহকারে এগিয়ে যাওয়া সম্ভবপর নয়।

[5-50—6-00 p.m.]

কথাটা হচ্ছে যে সরকারী উদ্যোগের ক্ষেত্রে পরিবহন, ষ্টীল, কোলিয়ারী ইত্যাদি সব ক্ষেত্রেই আমরা private sector-এর উপর জোর দিয়েছি। আমরা পশ্চিমবাংলা ক্ষুদ্র, বৃহৎ সব ক্ষেত্রেই আমরা private sector নিয়েছি। বাজেটে এসব কথা বলা উচিত ছিল। আমাদের small scale Industry-এ 66 production and training units আছে দুর্গাপুরে ৬০ কোটি টাকা invested, ৩ কোটি ৬৪ লক্ষ টাকা annual loss. 67 wood industries—চেয়ার, টেবিল তৈরী হয়, lock তৈরী হয়, ceramic industries-এ যেখানে cup ডিস তৈরী হয়, আমাদের ceramic and china clay আছে কিন্তু 67 in small-scale industries যে সমস্ত সরকারী উদ্যোগ আছে সেখানে ব্যর্থতা প্রত্যেকটা ক্ষেত্রে লক্ষ লক্ষ টাকা ঘাটতি। যে দেশে capital নেই সেই দেশে সরকারী উদ্যোগে এইভাবে যদি প্রসার করা হয় without any judgement and appropriate trade union preparation সেখানে তা সম্ভবপর নয়। সুতরাং বিশ্বনাথবাবুরা একবার এই বিধানসভায় বলেছিলেন tea, Jute and major industries এখুনি nationalise করা হোক। আমরা মনে করি দেশের মানুষ, প্রশাসন and people at the same time working capital—অর্থাৎ আমাদের এক কথায় বলা হয়েছিল panacea, মকরধ্বজ অর্থাৎ ব্যাঙ্ক থেকে যেরকম টাকা নেন সেরকম নিন। Bank যে টাকা দেয় সেটা কিসের ভিত্তিতে। Not to lossing concern দেয় না। Bank

যেখানে টাকা দেবে সেখানে bank জানবে যে টাকা দেওয়া তার সফল হবে। After all bank larger context of conception-এ দেখবে যে peoples-এর টাকা অপচয় করার অধিকার তার নেই। আজ সেজন্য চিন্তার সময় এসেছে কোন কোন সময় কোন কোন industry সরকারী নিয়ন্ত্রনাধীনে করা উচিত। তিনি যে monopoly-র কথা বলেছেন সেই monopoly-র স্বপক্ষে আমরা নই। দেশের প্রতিটি মানুষ যা চায় সেই monopoly-র স্বার্থ আমরা ক্ষুণ্ণ করব, তার কথা ক্ষুণ্ণ করব। Monopoly sector-কে আমরা উৎসাহিত করি না। এটা All India policy, Union Minister of Finance-এর বাজেট বক্তৃতা যদি দেখেন তাহলে দেখবেন সেখানে একই কথা আছে। তবে পশ্চিমবাংলায় industry-র ক্ষেত্রে কোন কোন monopoly industry-কে নেওয়া সম্ভবপর সেটা বিচার করতে হবে। ৩ মাসে এই lift করা সম্ভব নয়। সেজন্য আমাদের আগের অধিবেশনে সরকারের তরফ থেকে সেখানে বলেছি ছোট scale industry-র private sector-এ Bank nationalisation, এর পর আমরা চেষ্টা করছি ব্যাঙ্কের যে মূলধন সেই মূলধন যেন সাধারণ industry, small scale industry এবং small purpose-এর কাছে পৌছায়। এক্ষেত্রে R.B.I-র একটা রিপোর্ট যদি তুলে ধরি তাহলে দেখবেন সেখানে যথেষ্ট অগ্রগতি হচ্ছে after nationalisation of Banks. আমি R.B.I-র report থেকে দেখাতে পারি যে এটা সম্ভবপর হয়েছে। ব্যাঙ্ক থেকে যে দাদন সেটা যেন সাধারণ farmer-র কাছে পৌছায়, সাধারণ turnover-এর কাছে পৌছায়। তমলুকে গীতাদি ও বিশ্বনাথদার প্রভাব খুব বেশী আছে। তমলুকে ১৬২টা case-ও pursuade করে small scale sector ও ২।৪।৫ হাজার টাকা লোন দিয়েছি।

১৬২ জন ইণ্টারপেনারের মধ্যে ১৬০ জন টাকা দেওয়া বন্ধ করেছে, কোন টাকা শোধ করছে না। আমাদের মাননীয় বিশ্বনাথবাবু এবং শ্রীমতী গীতা মুখার্জির প্রভাব যেখানে অত্যন্ত প্রবল সেখানেও দেখেছি যে আমাদের এই টাকা নিলে টাকা পরিশোধের চিন্তা থাকে না। সুতরাং আজকে যদি প্রাইভেট সেক্টার, স্মল ইনডাষ্ট্রিয়াল সেক্টারকে এনকারেজ করতে হয় তাহলে এই দেশের রাজনৈতিক এবং প্রশাসনিক আবহাওয়া ব্যাঙ্কের লগ্নী করার অনুকূলে হওয়া উচিত। টাকা নিলে টাকা ফেরত দিতে হবে, টাকা রোল করবে। যে হাঁস সোনার ডিম দেয় সেই হাঁসকে মেরে ফেলে ডিম বের করার নীতিতে আমরা বিশ্বাস করি না। As regard advance to concerns in the small scale sectors, sheduled commercial banks, advance rose from 294 crores in June 1961 to 419 crores in March 1970 and the number of accounts increased from 85,280 to 1.35 lakhs। আজকে অগ্রগতি সম্ভবপর হচ্ছে। মূল সমস্যা গ্রোথের সমস্যা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিশ্বনাথবাবু বর্গাদার সম্বন্ধে কিছু কথা উল্লেখ করেছেন, এই হাউসে স্বভাবতঃই মেনশান আওয়ারে একটা উত্তেজনা ছিল। নিশ্চয়ই সরকার এই বিষয়ে সম্পূর্ণ অবহিত। কিন্তু এই সম্বন্ধে বিশ্বনাথ বাবুদের কাছে আমাদের নিবেদন এই উচ্ছেদ রাজনৈতিকভাবে মোকাবেলার প্রয়োজন, একথা অস্বীকার করবার উপায় নেই, উইথ দি ইনভেষ্টমেণ্ট অব পাওয়ার টু পিডিএ। সবাই ধোয়া তুলসী পাতা হয়ে গেছে একথা বিশ্বাস করা চলে না। আমাদেক অভিজ্ঞতা বলে সমাজের যারা দুষ্ট প্রকৃতির তারা স্বভাবতঃই পাওয়ারের কাছে আশ্রয় নেবার জন্য এগিয়ে আসে। এখানে গণতান্ত্রিক মোর্চার পাটনার হিসাবে বিশ্বনাথবাবু এবং গীতা মুখার্জী দায়িত্ব অস্বীকার করতে পারেন না। আমরা যদি সমবেতভাবে রাজনৈতিকভাবে এর মোকাবেলা করি তাহলে এই সমস্যা যতটা প্রকট বলে চিন্তার কারণ হয়েছে ততটা প্রকট থাকার কথা নয়। কারণ ল্যাণ্ড রিফর্মসের যে প্রোগ্রেসিভ লেজিসলেসান রয়েছে তাতে দেখেছি একজন বর্গাদারকে প্রায়শঃ ফর অল প্র্যাকটিক্যাল পার্পাসেস জমির মালিকের তাকে উচ্ছেদ করার সাধারণ হাতিয়ার নেই। আইনে বর্গাদার উচ্ছেদ করার জন্য

কোন উৎসাহ দেওয়া নেই। সুতরাং সেক্ষেত্রে যদি ইনডিভিজুয়্যাল কেস কোথাও হয়ে থাকে থাকতে পারে। কিন্তু আমরা বিশ্বনাথ বাবুকে যেটা বলছিলাম যেসব জায়গায় কাজ করি সেখানে দেখিনি রাজনৈতিক স্তরে মোকাবেলা করার পর এই উচ্ছেদ সম্ভবপর হয়েছে। আজকে দুটো জিনিসকে পৃথক করতে হবে। কেননা, এককালে ল্যাণ্ড গ্র্যাবিং মুভমেন্ট এগিয়ে ছিল, আজকে ভাগচাষ উচ্ছেদের ফলে যেকথা বলছেন ভুল করছেন কিনা জানি না, কোন কোন ক্ষেত্রে তার প্রতিক্রিয়া হিসাবে কিছু ঘটছে কিনা এটা দেখার প্রয়োজন রয়েছে। কিছু কিছু লোকাল বি.ডি.ও, জে.এল. আর. ও, ও. সি—একথা আগেই বলেছিলাম, গতবারে যে গণতান্ত্রিক মোর্চা ছিল তাতেও এই সিদ্ধান্ত ছিল, সেই বিষয়ে গতবারে কার্যকরী করা হয়নি, এই বিষয়ে বিভাগীয় দপ্তরের সঙ্গে বসে আলোচনা করে ভাগচাষীদের স্বার্থ যাতে রক্ষিত হয় সেই বিষয়ে কার্যকরী ব্যবস্থা নিতে পারি, সেজন্য আতঙ্কিত হবার কিছু নেই। পুলিশ জোতদার মিলে উচ্ছেদ করবে এটা সম্ভব নয়; মানুষ গণতান্ত্রিক সচেতন, প্রোগ্রেসিভ ডেমোক্র্যাটিক এ্যালায়েন্স ক্ষমতা পাবার ফলে আমরা মনে করি না ব্যাপক হারে উচ্ছেদ হওয়া সম্ভব।

[6-00—6-11 p.m.]

আমাদের আবদুল বারি সাহেব বললেন টিউবওয়েল নাকি সিংক করাই হয়নি। আমি কতগুলি জেলার খবর জানি পানীয় জল সরবরাহের জন্য আমরা চেষ্টা করেছি। ব্লকওয়াইস থার্টিফাইভ টিউবওয়েল নিউ সিংকিং অর রিসিংকিং অনেক জায়গাতেই হয়েছে। ১ হাজার ৫০০ টাকা একটা টিউবওয়েলে ধার্য ছিল। যেখানে ৩৫টি করার কথা সেখানে অনেক জায়গায় ৭৯/৮০টিও হয়েছে। যেসব জায়গা টিউবওয়েল এরিয়া নয়, অর্থাৎ ২ হাজার ফিট যেতে হয়, খননের অসুবিধা আছে সেখানে কাজ পিছিয়ে আছে। কেন্দ্রীয় সরকারের খরা রিলিফ বাবদ যে বরাদ্দ ছিল সেইসব মিলিয়ে আমরা চেষ্টা করেছি প্রতিটি ব্লকে মিনিমাম থার্টিফাইভের কম যাতে না হয়। পানীয় জলের সোস, দেবার জন্য আমরা টিউবওয়েল, রিং ওয়েল, ম্যাসনরি ওয়েলের চেষ্টা সর্বত্র করেছি এবং রুর‍্যাল এমপ্লয়মেন্ট যাতে পায় তারজন্য টেস্ট রিলিফ চালু রেখেছি। আমাদের সুধীরবাবু এখানে নেই। তিনি বললেন গ্রামের কথা নাকি চিন্তাই করা হচ্ছে না এবং গ্রামকে বাদ দিয়ে আমরা উন্নয়নের চিন্তা করেছি। আমি একথায় দুঃখিত হয়েছি। আমরা যে অবজারভেসন রেখেছি তাতে বলেছি যে আমরা গ্রামকে প্রাওরিটি দিয়েছি। অর্থমন্ত্রী মহাশয়ের বাজেট স্পীচ মার্চ মাসে যেটা ছিল তাতেও আছে এবং আজকে যে বাজেট স্পীচ তাতেও একটা প্যারা আছে ফর রুরাল ডেভলপমেন্ট। এই রুরাল ডেভলপমেন্ট সম্বন্ধে সরকার সম্পূর্ণ সচেতন আছেন এবং আমরা জানি গ্রামের সমস্যা মুলতুবী রেখে শহরের সমস্যার সমাধান করা যায়না এবং দেশকেও এগিয়ে নেওয়া যায়না। সেইজন্য এগ্রিকালচারাল সেক্টর এবং সাবসিকোয়েন্টলী স্মল স্কেল ইনডাষ্ট্রীয়াল সেক্টর এবং এ্যাট দি সেম টাইম কটেজ এ্যাণ্ড খাদি ইনডাষ্ট্রিয়াল সেক্টর এই সমস্ত মিলিয়ে আমরা গ্রামে একদিকে কর্ম সংস্থান এবং অন্যদিকে সম্পদ সৃষ্টির চেষ্টা করছি। উত্তরবঙ্গ সম্বন্ধে এখানে প্রশ্ন উঠেছে। আমি অস্বীকার করছিনা সমগ্র পশ্চিমবাংলায় যে উন্নয়ন সম্ভবপর হয়েছে এবং ফার্স্ট প্ল্যান, সেকেণ্ড প্ল্যানে, থার্ড প্ল্যান এ্যাণ্ড ফোর্থ প্ল্যানে যে টাকা বরাদ্দ করা হয়েছে তাতে উত্তরবঙ্গের প্রতি বৈষম্য পরিলক্ষিত হয়েছে। এই সরকার উত্তরবঙ্গের সমস্যার সম্বন্ধে সম্যকভাবে অবহিত আছেন এবং তার সমাধানের জন্য নর্থ বেঙ্গল ডেভলপমেন্ট অথরিটি বিগত কোয়েলিসন সরকার গঠিত করেছিলেন। এই সরকার চেষ্টা করছেন উন্নয়নের সেই গতি জোরদার করবার জন্য এবং নর্থ বেঙ্গলকে অ্যাট পার উইথ দি রেস্ট অব ওয়েষ্ট বেঙ্গল প্রতিষ্ঠিত করবার জন্য যেখানে যেখানে উন্নয়ন করা সম্ভবপর সেই চেষ্টা করা হচ্ছে এবং চতুর্থ পরিকল্পনার যে ২ বছর বাকী আছে তার মধ্যে যে যে উন্নয়ন করা সম্ভবপর হবে তার

চেষ্টা করা হচ্ছে। উত্তরবঙ্গের ব্যাপারে কিছু বেসিক অসুবিধা আছে এবং সেটা হচ্ছে যোগাযোগ ব্যবস্থা। ফরাক্কার স্বার্থক রূপায়নের পর আজ নর্থবেঙ্গলের সঙ্গে রেস্ট অব ওয়েস্ট বেঙ্গলের যোগাযোগ সম্ভবপর হয়েছে। আজকে শিল্প এবং অন্যান্য ক্ষেত্রে যোগসূত্র স্থাপন করা হয়েছে নর্থ বেঙ্গলের সঙ্গে পশ্চিমবাংলার অন্যান্য জায়গায়। ফরাক্কা ব্যারেজের পর শিল্প এবং এগ্রিকালচারাল সেক্টর, ইরিগেশন সেক্টরে আমাদের দৃষ্টি দেওয়া সম্ভবপর হবে। তিস্তা মাস্টার প্ল্যান যেটা আছে সেটা অত্যন্ত ব্যয় সাপেক্ষ এবং টাইম কনজিউমিং প্রকল্প। তা সত্বেও সরকারের সেচ এবং জলপথ দপ্তর এ সম্বন্ধে অবহিত আছেন এবং আশু যে সমস্ত জায়গায় বন্যা হয়েছে সেদিকে দৃষ্টি দিয়ে আমাদের সীমিত অর্থ সঙ্গতি যা আছে সেই অর্থ সঙ্গতির ফ্রেমওয়ার্কের মধ্যে বন্যার জল এবং নদী পথের যে অসুবিধা আছে সেগুলি দূর করব।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিশ্বনাথবাবুর শেষ কথা আমি যদি বুঝে থাকি তিনি বোধহয় বলতে চেষ্টা করেছেন যে সমস্ত গণতান্ত্রিক মোর্চার পক্ষে এটা বলে অস্বীকার করার উপায় নাই যে গণতান্ত্রিক মোর্চায় কিছু কনস্পিরেটর, কিছু প্রভোকেটিয়ার কিম্বা মানুষ আছে। আমরা মনে করি আজকে আমাদের জাতীয় কংগ্রেসের শ্রীমতী গান্ধীর নেতৃত্বে যে নব উদ্যোগ এবং বাছাই চলেছে —আমরা মনে করি আমাদের মধ্যে যদি কেউ থেকে থাকে পরিবর্তন করব তার মনোভাব, নইলে তাকে ছেড়ে যেতে হবে। আমরা ইকুয়ালি মনে করব যে আমাদের এই বন্ধুদের মধ্যে যদি কেউ থাকে তাহলে তাকেও পরিবর্তন করতে হবে নইলে ছেড়ে যেতে হবে। সরকার যে প্রতিশ্রুতি দিয়েছেন সেই প্রতিশ্রুতিতে বিঘ্ন সৃষ্টি করা চলবে না। কিন্তু বিশ্বনাথবাবু যদি এই কথা মনে করেন যে কংগ্রেসের মধ্যে কিছু এলিমেন্ট আছে যারা এই সরকারের কমিটেড প্রোগ্রামে বাধা দিচ্ছে তাহলে তো আমি দুঃখ পাব। দুঃখ পাব এইজন্য যে আমরা চেষ্টা করেছি আমাদের পরিকল্পনা সামগ্রিকভাবে এই হাউসের পরিকল্পনা, আমাদের প্রদত্ত প্রতিশ্রুতি সামগ্রিকভাবে বিধানসভায় প্রদত্ত প্রতিশ্রুতি সমগ্র মেম্বারের ২৫৪ জন মেম্বার আমরা যারা আছি সরকারপক্ষে এবং প্রত্যেকের দায়িত্ব এই প্রতিশ্রুতি রক্ষা করবার এবং প্রতিশ্রুতি পালন করবার। সুতরাং আমাদের মধ্যে ভাগ আছে এই তথ্য আমি মানব না। যদি আমি ভুল বুঝে থাকি আমি সবচেয়ে বেশী খুশী হব। আমরা এক লক্ষ্য নিয়ে একাগ্র মন নিয়ে একনিষ্ঠার সঙ্গে সবাই এক লক্ষ্যে পৌঁছুবার জন্য কংগ্রেসের ২১৬ জন তো বটেই, সমগ্র গণতান্ত্রিক মোর্চার সি, পি, আই বন্ধুরা এবং আরো আরো বন্ধু যারা আছেন সবাই এক লক্ষ্যে পৌঁছুবার জন্য আমরা তৈরী। আমাদের মধ্যে ভাগ নেই, বিভেদ নেই, আমরা একলক্ষ্যে পৌঁছুবার জন্য প্রস্তুত এবং আমরা Committed to the people to fulfil our pledges given before the election. আমাদের যে ম্যানিফেস্টো এ সবই তারই প্রদত্ত প্রতিশ্রুতি রূপায়ণের জন্য পালনের জন্য। এই সরকার এবং এই দল সামগ্রিকভাবে গণতান্ত্রিক প্রগতিশীল মোর্চায় সম্পূর্ণভাবে অঙ্গীকারবদ্ধ, এই মনোভাব নিয়ে সবাইকে কাজ করবার জন্য আমি আহ্বান করব। আমাদের মধ্যে বিভেদ নেই, একমত হয়ে আমাদের লক্ষ্যে পৌঁছবার জন্য প্রস্তুত হতে হবে। এখানে য়্যাডমিনিষ্ট্রেটিভ যে অসুবিধা আছে, যে ইঙ্গিত বিশ্বনাথবাবু করেছেন এবং অপর কেউ কেউ বন্ধু করেছেন যে, শুধু জেলা ম্যাজিষ্ট্রেটকে ক্ষমতা দিয়ে প্রতিকার হবে না, অ্যাট দি সেইম টাইম য়্যাডমিনিষ্ট্রেটিভ ইউনিট যদি প্রতিটি জেলায় হয় সেই জেলার সার্থক রূপায়ন কিম্বা ডেভলপমেণ্ট প্রজেক্ট কোথায় কি কার্যরত আছে ওয়ার্কিং কণ্ডিসনে আছে—এটার সম্বন্ধে যদি একটা কো-অর্ডিনেটিং মেসিনারী রাখা না যায়। জেলার সর্বময় কর্তা হিসাবে জেলায় সমাহর্তাকে যদি ইনভলব করা না যায়। Other than law and order problem to the developm ental aspects also. আমি মনে করি একটা বিরাট গ্যাপ থেকে যাচ্ছে। Administrative gap credit-

ability gap and a gap every where. সেইজন্য সম্প্রতি কনফারেন্স মুখ্যমন্ত্রী এবং মন্ত্রী-সভার সদস্যরা জেলার পরিকল্পনা একদিকে ল য়্যাণ্ড অর্ডার অন্যদিকে জেলার বিভিন্ন পরিকল্পনার কর্ম সংস্থানের ব্যবস্থা, উৎপাদন বৃদ্ধির ব্যবস্থা এর মধ্যে সমন্বয় সৃষ্টি করবার জন্য জেলা ম্যাজিষ্ট্রেটকে টিউন আপ করবার জন্য একটা সমন্বয় করবার চেষ্টা হয়েছে। সেইজন্য কিছু সংস্কার এবং পরিবর্তন প্রয়োজন। আমি মনে করি বিশ্বনাথবাবু এবং এই সভার অন্যান্য মাননীয় সদস্যরা একমত হবেন যেখানে কো-অর্ডিনেটিভ ওয়েতে ডেভেলপমেণ্টাল প্রোগ্রাম নেয়া সম্ভবপর না হয় সেখানে গ্যাপ থেকে যাবে। এবং সুপারভিসন সম্ভবপর হবে না। এফেকটিভ কনট্রোল এবং সুপারভিসন যদি সম্ভব না হয় একদিকে এটা দীর্ঘমেয়াদী হওয়ার সম্ভাবনা, অন্যদিকে ব্যর্থ হবার সম্ভাবনাও আছে। সেজন্য জেলা ম্যাজিষ্ট্রেটের প্যাডেস্টাল থেকে উঁচু মান রেখে জেলার সমস্ত পরিকল্পনা রূপায়নের চেষ্টা এবং কো-অর্ডিনেসনের চেষ্টা আমরা করছি। এটা ফাইনাল কিছু নয়। আমরা ভাবনা চিন্তা করছি আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় এ সমন্ধে ভাবনা চিন্তা করছেন। আমরা সেজন্য মনে করি যে জেলার পরিকল্পনা বোর্ড প্ল্যানিং বোর্ড তৈরী হয়েছে জেলা ভিত্তিক। এখানে মাননীয় সদস্যরা প্লানিং বোর্ডের সদস্য। তাদের বক্তব্য অবজারভেসন তারা রাখতে পারবেন, তাদের দাবী দাওয়া প্লেস করতে পারবেন এবং আমরা মূলতঃ আনএমপ্লয়মেণ্ট গরীবি হটাও অর্থাৎ সম্পদ সৃষ্টির পরিকল্পনা নিয়ে জেলা পরিকল্পনা বোর্ডগুলিকে নিয়ে কার্যকরী করব। আমরা যদি নিষ্ঠার সঙ্গে এতে পার্টিসিপেট করি কোঅর্ডিনেসন অফিসীয়াল লেভেলে এবং ব্যুরো-ক্রাটিক লেভেলে যা করার চেষ্টা করা হচ্ছে সেটা যদি সফল হয় আমাদের প্ল্যান পিছিয়ে যাবার কথা নয়, পল্লী বাংলাও পিছিয়ে থাকবার কথা নয়। আজকে সেই শুভ কামনা করে আমাদের সমস্ত সদস্যরা যদি চেষ্টা করেন তাহলে উদ্যোগ সার্থক হবে এবং আমাদের প্রদত্ত প্রতিশ্রুতি পালিত হবে। এই বক্তব্য রেখে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বরাদ্দের দাবী রেখেছেন আমি সমগ্রভাবে তা সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

**Adjournment**

The House was then adjourned at 6-11 p.m. till 1 p.m. on Friday, the 30th June, 1972, at the "Assembly House", Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 30th June, 1972, at 1 p. m.

**Present :**

Mr. Speaker ( Shri APURBA LAL MAZUMDAR ) in the Chair, 10 Ministers, 7 Ministers of State, 3 Deputy Ministers and 176 Members.

### Oath or affirmation of allegiance

[1-00—1-10 p.m ]

**Mr. Speaker :** Honourable Members, if any of you have not yet made an oath or affirmation of allegiance, you may kindly do so.

(There was none to take oath)

### Starred questions
(to which oral answers were given)

### G. R. Cases in the Raiganj Court

*7. (Admitted question No. *8.) **Shri Ramendra Nath Dutt.** Will the Minister-in-charge of the Home (General Administration) Department be pleased to state—

(a) the number of complaints and G. R. cases filed in the courts of Magistrates, Raiganj (district West Dinajpur), and disposed of with conviction or acquital during the period from 1st April, 1967 to 23rd February, 1972 ; and

(b) category-wise number of pending cases handed over to the Judicial Magistrates as per G. R. and T. R. Registers during the above period ?

**Dr. Md. Fazle Haque :**

**A.—Complaints cases.**

| | | | |
|---|---|---|---|
| | No. of cases filed | — | 3426 |
| | No. of cases disposed of with conviction | — | 2010 |
| | No. of cases disposed of with acquittal | — | 1108 |
| | **B.—G. R. Cases** | | |
| | No. of cases filed | — | 3283 |
| | No. of cases disposed of with conviction | — | 1505 |
| | No. of cases disposed of with acquittal | — | 611 |
| (i) | No. of complaint cases | — | 346 |
| (ii) | No. of G. R. Cases | — | [illegible] |

**Shri Ramendra Nath Dutt** : আপনি যে ফিগার দিলেন তাতো মিলছে না। কম্পলেন কেস ৩৪২৬ দেখতে পাচ্ছি আর ডিসপোজড অব কেস হচ্ছে ২০১০ এবং ১১০৮ এই দুটো মিলিয়ে হচ্ছে ৩১১৮, এটা বাদ দিলে ৩০৮টি কেস হয়, সেখানে আপনি বলছেন ৩৪২৬।

**Dr. Md Fazle Haque :** It includes 38 cases pending since 1967 out of which there are complaint cases and G. R. Cases. There are 6 G. R. cases pending since 1967.

**Shri Ramendra Nath Dutt** : সেগুলি মেনশন করেন নি ?

**Dr. Md. Fazle Haque :** That is beyond 1967.

### Calling Attention to Matters of Urgent Public Importance.

**Mr. Speaker** : I have received 9 notices of calling attention on the following subjects, namely :—

1. Closure of Ahamadpur Sugar Mill in Birbhum District—from Shri Sachi Nandan Shaw.
2. Reconstruction of the bridge damaged by flood near Rajagram—from Shri Kashinath Misra.
3. Raniganj Coal-field workers' threatened strike from the 3rd July, 1972—from Shri Sukumar Bandyopadhyay.
4. Acute scarcity of cement and other building materials—from Shri Harish Chandra Mahapatra.
5. Threatened strike by Calcutta Municipal Workers and employees from 19th July, 1972—from Shri Aswini Roy, Sm. Ila Mitra and Dr. A. M. O. Ghani.
6. Protection of Digha and its hinterland from erosion—from Shri Hemanta Dutta.
7. Administrative power of the District Magistrates—from Shri Rajani Kanta Doloi.
8. Implementation of the scheme of sinking tubewells in Purulia District —from Shri Rup Singh Majhi.
9. Opening of a Dairy Farm in Hazar Duari or Nashimpur Rajbati in Murshidabad District—from Shri Mohammad Dedar Baksh.

I have selected the notice of Shri Aswini Roy, Sm. Ila Mitra and Dr. A. M. O. Ghani on the subject of threatened strike by Calcutta Municipal Workers and employees from 19th July, 1972.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

**Shri Gyan Singh Sohanpal** : On the 4th July, 1972.

### Mention Cases

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি সরকারী সংস্থার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। এই প্রতিষ্ঠানটির নাম হল আসানসোল পরিকল্পনা সংস্থা। সরকার এই সংস্থায় ৮ লক্ষ টাকা খরচ করেছেন। কিন্তু এই সংস্থা কতকগুলি কাগজ ছাপান ছাড়া আর কিছু করতে পারে নি। গত আট বছরে এই সংস্থায় ২১ কোটি টাকা মূলধনী

পরিকল্পনায় বিনিয়োগ করা হয়েছে। তার মধ্যে আছে আসানসোল উপনগর, বস্তি উন্নয়ন পরিকল্পনা, দুর্গাপুর নগর কেন্দ্র পরিকল্পনা, আসানসোল বাজার উন্নয়ন পরিকল্পনা, আসানসোল-দুর্গাপুর অঞ্চলে বর্ধিত জল সরবরাহ, বর্ধমান জেলায় বাসযাত্রী সমীক্ষণ প্রকল্প। দুঃখের বিষয় এই সমস্ত পরিকল্পনা-গুলি কাগজে কলমে রয়ে গেছে, এই পরিকল্পনা কার্যে রূপায়িত হচ্ছে না। গত কয়েকদিন আগে যখন পরিকল্পনা দপ্তরের মন্ত্রী আসানসোলে এসেছিলেন তখন এই প্রসঙ্গে আমি তাঁকে বলেছিলাম। বলার সঙ্গে সঙ্গে তিনি পরিকল্পনা সংস্থার সমস্ত অফিসারদের ডেকে পাঠান, চীফ অফিসারকে ডেকে পাঠাবার পর বলেন যে, এই সমস্ত কাজ করতে চেষ্টা করছেন না কেন? সেই চীফ অফিসার কাগজ হাতে দিয়ে বললেন এই কাগজ। এই কাগজ আমরা তৈরি করি। এইভাবে কতগুলি কাগজ ও মানচিত্র তিনি দিলেন। সঙ্গে সঙ্গে কাজ হয়ে গেল। আমি জিজ্ঞাসা করতে চাই যে, এই সংস্থাকে আমরা সুপারিশ করবো কিনা। আট বছর ধরে এরা সরকারের কথা মত কাজ করতে পারেন নি। এই সংস্থা না করে অন্য সরকারী সংস্থা করা উচিত যার দ্বারা বেকার ছেলেদের চাকরী হতে পারে। এই সংস্থার কাজ হচ্ছে কেবল কতকগুলি কাগজ বা মানচিত্র করা, আর কোন কাজ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আমাদের বিধান সভার অভিভাবক। আপনার মাধ্যমে আমি বলছি যে এই সংস্থার কাজ হল কেবল কতকগুলি কাগজ ও মানচিত্র করা। তাই এই সংস্থা না রেখে অন্য কিছু করা উচিত।

**শ্রীদ্বিজপদ সাহা:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে খরা কবলিত বীরভূম জেলার গরীব ও মধ্যবিত্ত শ্রেণীর জনসাধারণের চরমতম দুঃখ দুর্দ্দশার প্রতি মাননীয় মন্ত্রী মণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলায় গরীব মানুষেরা বিশেষ করে রাজনগর খয়রাশোল, দুবরাজপুর ইলামবাজার থানার অধিকাংশ জনসাধারণ আজ চরম বিপর্যয়ের সম্মুখীন হয়ে পড়েছে। টেষ্ট রিলিফের কাজ প্রায় বন্ধ হয়ে গেছে। অথচ চাষের কাজও এখনও আরম্ভ হয়নি। ফলে কাজের অভাবে লোকের দুঃখ দুর্দ্দশা বেড়েই চলেছে। অনেকে অনাহারে এবং অর্দ্ধাহারে দিন কাটাচ্ছে। গরীবদের থালা বাটি ছাগল গরু যা ছিল তা প্রায় সব বিকিয়ে গেল। আট দশ একর জমির মালিকেরাও আজ চরম বিপর্যয়ের সম্মুখীন। আমি রাজনগর খয়রাশোল থানার বহু গ্রাম স্বচক্ষে দেখেছি। তারা নিজেদের সংসার চালাতে পাচ্ছে না। তারা ছেলেপুলেদের খেতে দিতে পাচ্ছে না। চাষের জন্য কৃষি ঋণ এবং গরু কেনবার জন্য ঋণের আবেদন করেও তারা সুফল পাচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্ত্তমানে বীরভূম জেলার বিশেষ করে রাজনগর খয়রাশোল থানার গরীব জনসাধারণ যে ভাবে দিন কাটাচ্ছে এবং তাদের যে অবস্থা হয়েছে তাতে আমার মনে হয় সেখানে দুর্ভিক্ষ আরম্ভ হয়ে গেছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, লক্ষ্য করেছি যে আমাদের জনপ্রিয় সরকারের কাছে বীরভূম জেলা অবহেলিত ও ততোধিক অবহেলিত রাজনগর কেন্দ্রে জনসাধারণ সম্পূর্ণ অসেচ এলাকার একমাত্র কৃষির উপর নির্ভর এই জনসাধারণ আজ সরকারের কৃপাদৃষ্টি থেকে সম্পূর্ণ বঞ্চিত। পুরুলিয়া, বাঁকুড়া ও মেদিনীপুর জেলাকে বরাবর খরা কবলিত এলাকা বলে গণ্য করে ভারত সরকার এখানে খরা প্রবণ এলাকা প্রকল্প অনুমোদন করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়-এর দৃষ্টি আকর্ষণ করে অবিলম্বে ঐ তিনটি জেলার মত বীরভূম জেলাকেও বরাবর খরা কবলিত এলাকা বলে গণ্য করে খরা প্রবণ এলাকা প্রকল্প অনুমোদন করার জন্য অনুরোধ জানাচ্ছি। কিন্তু সমস্যা জর্জরিত ভয়াবহ বীরভূমের কথা আদৌ চিন্তা করা হয় নাই। আমি এ বিষয় চিন্তা করবার জন্য ও ব্যবস্থা অবলম্বনের জন্য অনুরোধ জানাচ্ছি। জয়হিন্দ।

[1-10—1-20 p.m.]

**শ্রীঅসমঞ্জ দে:** মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের অন্যতম বিশ্ববিদ্যালয় কল্যাণী বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিককালে উদ্ভূত এক সংকটময় গুরুত্বপূর্ণ পরিস্থিতির প্রতি এই সভার সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। খবর পাওয়া যাচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের কৃষি বিভাগ কল্যাণী বিশ্ববিদ্যালয়কে একটা পূর্ণাঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করতে চাচ্ছেন। যার ফলশ্রুতি হিসেবে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের মধ্যে দারুন অসন্তোষ ও বিক্ষোভ পুঞ্জীভূত হয়ে উঠেছে। মাত্র দুদিন পরে আগামী সোমবার ৩রা জুলাই গ্রীষ্মাবকাশের ছুটির পর কল্যাণী বিশ্ববিদ্যালয়ের দরজা আবার খুলছে। আমার যথেষ্ট ভয় ও আশংকা রয়েছে আবার সেখানে দারুন গণ্ডগোল ও অসন্তোষের সৃষ্টি হতে পারে।

১৯৬৭ সালে পশ্চিমবঙ্গ সরকার একবার এইভাবে কল্যাণী বিশ্ববিদ্যালয়কে একটা পূর্ণাঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করতে চেয়েছিলেন। কিন্তু তখনকার আন্দোলনের চাপে সরকার সেই পরিকল্পনা প্রত্যাহার করে নিতে বাধ্য হন। আমরা ইতিহাস আলোচনা করলে দেখি ১৯৬৫ সালে ডা: বি, সি, রায় at the instance of the Land Grant University of America. এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেন এবং 6th April বিধান সভায় তদানীন্তন শিক্ষামন্ত্রী রায় হরেন্দ্রনাথ চৌধুরী এই কল্যাণী বিশ্ববিদ্যালয় বিল উত্থাপন প্রসঙ্গে পরিষ্কারভাবে বলেছিলেন We will not Sacrifice liberal Education. Agriculture Department-এর আশংকা কল্যাণী বিশ্ববিদ্যালয়কে Agricultural University-তে রূপান্তরিত করা না যায়, তাহলে গ্রান্ট পেতে অসুবিধা হবে। 9th May, আই, সি, দেওয়ান কল্যাণীতে গিয়ে কল্যাণী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে পরিষ্কার ভাবে জানিয়েছিলেন যদি কয়েকটি representative firms কল্যাণী বিশ্ববিদ্যালয়কে hand over করা যায় এবং Animal Husbandry open করা যায়, তাহলে ঐ গ্রান্ট পেতে কোন অসুবিধা হবে না। এবং আরো আমরা খবর পেয়েছি নয়টি representative firms এবং চারটি research Schemes নাকি already কল্যাণী বিশ্ববিদ্যালয়কে hand over করা হয়েছে এবং Animal Husbandry খুলবার জন্যও approval পাওয়া গেছে। Next session থেকে সেটা খুলবে। Agricultural University না হলেও গ্রান্ট পেতে কোন অসুবিধা হবে না। বরঞ্চ U. G. C. benefit Directional University পাবে না। সেই জন্য আমি পরিষ্কারভাবে বলছি এই অসন্তোষ শেষ করতে একটা Seperate Universityর পরিকল্পনা করা হোক। Agriculture and Animal Husbandry নিয়ে ১৩০০ একরের firm ও দুটো Veterinary buildings আছে। কাজেই তার জন্য extra liability সরকারের কিছু হবে না। Arts and Science facultyর সঙ্গে মেডিকেল এবং ইন্জিনীয়ারিং করে Calcutta University-কে যে ভাবে re-organisation করেছেন, সেইভাবে নদীয়া ও মুর্শিদাবাদের কলেজগুলিকে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের affiliation দিলে সেখানে আর একটা Humanities and Science facultyর ভাল বিশ্ববিদ্যালয় গড়ে উঠতে পারে। অবিলম্বে সরকারকে এই ব্যবস্থা নেবার জন্য দাবী করছি। নাহলে ৩রা জুলাই থেকে কল্যাণী বিশ্ববিদ্যালয় গ্রীষ্মের অবকাশের পর খুলছে, আবার সেখানে অসন্তোষ ধূমায়িত হলে বিশৃঙ্খলা ও অরাজকতার সৃষ্টি হতে পারে।

**শ্রীলালচাঁদ ফুলমালি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৮শে জুন বীরভূম জেলার মহেশ্বর থানার কয়েকজন বর্গাদারের উচ্ছেদের খবর আমার কাছে এসেছে। সেটা আপনার মাধ্যমে এখানে সরকারকে জানাচ্ছি। উচ্ছেদকারী জোতদারের নাম আমির আলি মোল্লা, সাং ফুকুটিয়া।

তিনি যে দুজন বর্গাদারকে উচ্ছেদ করেছেন তাদের নাম হলো, এক নম্বর রেজাউল সেখ ও দুনম্বর বারহাস সেখ, সাং ফুকুটিয়া, মন্তেশ্বর।

তারপর উচ্ছেদকারী জমির মালিকের নাম (১)—হাজি সেইদার রহমান, (২) এহিয়া সেখ, ও (৩) মকলেম সেখ, সাং ফুকুটিয়া। এরা যে দু-জন ভাগচাষীকে উচ্ছেদ করেছে তাদের নাম মজামেল সেখ ও আনসার সেখ। এদেরও সাং ফুকুটিয়া। আর একজন উচ্ছেদকারী জোতদারের নাম হচ্ছে শ্রীবিভূতিভূষণ দে, সাং রামকৃষ্ণপুর। ইনি দুজন ভাগচাষীকে উচ্ছেদ করেছেন—এক জনের নাম লক্ষীকান্ত বাগদী ও অপরজনের নাম শক্তিপদ বাগদী। এদের বাড়ী মাঠ বহড়া। এরা আমাকে খবর পাঠিয়েছেন। এই সম্পর্কে অবিলম্বে সরকারকে যথাযথ ব্যবস্থা অবলম্বনের জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রীনির্মলকৃষ্ণ সিংহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই সরকার সমস্ত বর্গাদার ও কৃষকদের নামে জমি রেকর্ডভুক্ত করবার জন্য নির্দেশ দিয়েছেন এবং রেকর্ড হয়ে গেলে বর্গাদারদের আর উচ্ছেদ করা যাবে না। কিন্তু স্যার, আপনি খোঁজ নিয়ে দেখবেন আমাদের উদ্যোগে—সরকারী উদ্যোগে এখনও সেখানে হয়নি—আমাদের উদ্যোগে ২০।২২ জনের নাম রেকর্ড করবার জন্য দরখাস্ত দাখিল করার সঙ্গে সঙ্গে জোতদাররা মুনসেফ কোর্টে ইনজাংসন জারী করে দিয়েছে। আমি জে এল. আর. ও এবং এস. এল. আর ও-দের কাছে গিয়ে জানলাম যে আইনে তাদের হাত পা বেঁধে দেওয়া আছে। এই সমস্ত অফিসারদের ভূমি সংস্কারের জন্য বার বার তাগাদা দেওয়া হচ্ছে। আমার ধারণা এই বর্গাদার উচ্ছেদ রোধ করার জন্য যদি তাদের নাম রেকর্ড করা না যায় তাহলে তারা উচ্ছেদ হয়ে যাবে এবং তা করতে হলে এই যে ওপাশে হাইকোর্ট রয়েছে এবং মুনসেফ কোর্টের ক্ষমতা যদি খর্ব করতে না পারি তাহলে বর্গাদার উচ্ছেদ বন্ধ করা অসম্ভব হবে। কারণ ইনজাংসন জারী করে তারা আমাদের গতিরোধ করতে পারে। এই সরকারের চেয়ে কি একটা মুনসেফের ক্ষমতা বেশী? যে কোন একটা মিথ্যা মামলা দায়ের করে জোতদাররা আমাদের এই কাজের গতিরোধ করছে। যদি এই অবস্থা থাকে তাহলে বর্গাদার উচ্ছেদ বন্ধ হবে না এবং তাদের নামও রেকর্ডভুক্ত করা যাবে না। আমি এই রকম ২০।২২টি কেস রেকর্ড করতে গিয়েছিলাম, কিন্তু যেহেতু ইনজাংসন জারী আছে জে. এল. আর-ও বা এস. এল. আর-ও-এর সেটা একতিয়ারের বাইরে। তাই আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে জানাতে চাই যে কিভাবে তাদের হাত পা বেঁধে সরকারী নির্দেশ অমান্য করে জোতদাররা আমাদের সমস্ত বানচাল করে দিচ্ছে সেই দিকে নজর দেওয়ার জন্য।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এখানে তুলছি। গত ১৯৭১ সালে পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পঞ্চম হইতে অষ্টম শ্রেণীর ছাত্রীদের বেতন মকুব করেছেন। বিনা বেতনে পড়াশুনা করার কথা ঘোষণা করেছিলেন। এই ঘোষণাকে আমরা স্বাগত জানিয়েছিলাম। তার পর থেকে বালিকা বিদ্যালয়ে ১৯৭১ সাল থেকে পঞ্চম হইতে অষ্টম শ্রেণীর ছাত্রীদের যেটা টিউসন ফি—সেটা তারা আদায় করেনি। বিগত আর্থিক বছরের শেষে ১৯৭২ সালে শিক্ষা দপ্তর থেকে ছাত্রীদের বেতন মুকুবের অনুদান পাঠিয়েছে। তখন দেখা যাচ্ছে পঞ্চম হইতে অষ্টম পর্যন্ত ছাত্রীরা বিনা বেতনে পড়ার সুযোগ পাচ্ছে না—সেখানে বলা হচ্ছে তাদের বয়স সীমা ১৪ বছরের উর্ত্তীর্ণ হতে পারবে না—তাহলে তারা এই সুযোগ থেকে বঞ্চিত হবে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামের মেয়েদের শিক্ষার প্রসার করার জন্যই বর্তমান সরকার এই নীতি নিয়েছিলেন। আমরা সকলেই জানি যে গ্রামের মেয়েদের একটু বয়স হলেই তারা লেখাপড়া শেখে।

১৪ বছরের মেয়েরা অনেক সময় দেখা যায় অষ্টম শ্রেণীতে পড়ে না এবং সেইজন্য তারা এই সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। আমি একটা বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা একটি অভিভাবককে নির্দেশ দিতে জেনেছে যে পুনরায় এই টিউসন ফি জমা দেবার জন্য এবং এই টিউসন ফি না দিলে মেয়েকে তার ক্লাসে আসতে দেওয়া হবে না। এইভাবে বাঁকুড়া বালিকা বিদ্যালয় থেকে এই চিঠি দেওয়া হয়েছে। আমি আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে অবিলম্বে এই আদেশ তুলে দিয়ে স্ত্রী শিক্ষা যাতে প্রসার লাভ করে তার ব্যবস্থা করার জন্য।

[1-20—1-30 p.m.]

**শ্রীরাধারমণ সাহা**ঃ মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের সামনে একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের দিকে দৃষ্টি আকর্ষণ করছি। এর আগে যে বন্যা হয়ে গিয়েছে তাতে নদীয়া জেলার অভাবনীয় ক্ষতি হয়েছে এবং নবদ্বীপে সেই ক্ষতির পরিমাণ সাংঘাতিক। কিন্তু সেখানকার বিভিন্ন ক্ষতিগ্রস্ত মানুষের যে ঘরবাড়ি ধ্বংস হয়ে গিয়েছে তারজন্য এইচ, বি গ্রান্ট বা এইচ, বি লোন আজও সেখানে পৌছয় নি। তার উপর সেখানে টেষ্ট রিলিফের কাজ বন্ধ হওয়ায় গরীব চাষীদের তন্তুজীবীদের যারা সাধারণতঃ সুতো ঘুরিয়ে, মুলি ঘুরিয়ে খায় তাদের অবস্থা সাংঘাতিক হয়েছে। আমি আগেও সেই নবদ্বীপকে খরা-অঞ্চল ঘোষণার দাবী জানিয়েছিলাম। আজও আমাদের সেখানকার গরীব লোক যারা চাষী যারা তারা এইচ, বি গ্রান্ট, বা এইচ, বি লোন পায় নি। তাই স্পীকার মহোদয়ের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়ের কাছে আবেদন রাখছি তারা যাতে এইচ, বি লোন, এইচ, বি, গ্রান্ট পায়। বর্ষা এসে গেলো, কাজেই বন্যা আসতে দেরী নেই। কাজেই তারা যাতে এই সব পায় সেইজন্য স্পীকার মহোদয়ের মাধ্যমে মন্ত্রী মণ্ডলীর কাছে আবেদন রাখছি।

**শ্রীপ্রবোধসিংহ রায়**ঃ মাননীয় স্পীকার স্যার আপনার মাধ্যমে ঘটনাটা বিভাগীয় মন্ত্রী তথা সরকারের দৃষ্টি গোচরে আনতে চাই। এই ঘটনাটা আপাত দৃষ্টিতে ছোট হলেও গ্রাম বাংলার কৃষকদের কাছে এর গুরুত্ব অত্যধিক। পশ্চিম দিনাজপুর জেলার কুমারগঞ্জে আত্রাই নদীর ভাঙ্গনে একটা কৃষক প্রধান গ্রাম নিশ্চিহ্ন হবার উপক্রম। দু বছরের চেষ্টাতেও তারা সরকারের দৃষ্টি আকর্ষণ করতে না পারায় আমাকে আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করায় বাধ্য করেছে। গত বছর ২০।২২ ঘর পড়ে নদীর ভাঙ্গনে ভেঙ্গে গিয়েছে। তাই একশো দেড়শো একর জমি নদীগর্ভে চলে গিয়েছে এবং এখন আশংকা করা হচ্ছে এইবারও দুশো তিনশো বিঘে জমি নদীগর্ভে বিলিন হয়ে যেতে পারে। তাই আপনার মাধ্যমে সরকারকে বলতে চাই এরা কথা বলতে পারে না বলেই কি এরা চির উপেক্ষিত হয়ে আসবে ? এত বড় কৃষি প্রধান গ্রামে এত বড় কৃষির উপযোগী জমি কি নদীগর্ভে বিলীন হয়ে যাবে ? এই রকম গ্রামে যেখানে তিনশোর মতো কৃষক পরিবারের বাস যারা অল্প জমির মালিক দু তিন একরের বেশি জমি যাদের নেই তাদের অবিলম্বে রক্ষা করার ব্যবস্থা করা হক।

**শ্রীললিতকুমার গায়েন**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। যদিও আমরা মনে করছি যে বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমরা এই সব গুরুত্বপূর্ণ কথা বললেও মন্ত্রীরা আমাদের কথার গুরুত্ব দেন বলে মনে করি না বা জানি না। যাই হক, আমরা যে সমস্ত মেনশন করি সেগুলো বিবেচনা করবেন আশা করছি। গতকাল স্বাস্থ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী শ্রীগোবিন্দচন্দ্র নস্করের সঙ্গে বারুইপুর স্বাস্থ্য কেন্দ্রে সারপাইজ ভিজিটে গিয়েছিলাম। গিয়ে

দেখি সেখানে পাঁচশো রুগী দাঁড়িয়ে আছে। সেখানে ডাক্তার নেই। সেই স্বাস্থ্যকেন্দ্রে তিনজন ডাক্তার থাকা সত্ত্বেও একজন ডাক্তারও সেখানে উপস্থিত নেই। গ্রামের রোগীরা তারা অত্যন্ত গরীব। শুধু পয়সা কড়ি খরচ করে দূর দুরান্তের থেকে এখানে আসে চিকিৎসার জন্য। কিন্তু সেখানের এই হচ্ছে হাল। এই পাঁচশো রোগীর কি দুরবস্থা। সেখানে মাননীয় রাষ্ট্রমন্ত্রীর অনারারী পি, ডাঃ সুব্রত বসুকে রাষ্ট্রমন্ত্রী বসিয়ে দিয়ে অন্যত্র চলে যান। সেখানকার পাঁচগাছিয়া সাবসিডিয়ারী হেলথ সেণ্টারে গত জানুয়ারী থেকে ঔষধ নেই। স্বাস্থ্য দপ্তরের মাননীয় মন্ত্রী এখানে উপস্থিত আছেন। আমি আশা করি তিনি এই দিকে ব্যবস্থা নেবেন।

সেখানে ধন্বন্তরী ঔষধ হিসাবে পুকুরের জল শিশিতে ভরে দেওয়া হচ্ছে। আমরা অত্যন্ত দুঃখিত। আমরা সরকারের কাছে অনেক কিছু আশা করি, কিন্তু সেখানে এইভাবে ধন্বন্তরী ঔষধ দেওয়া হচ্ছে। যেখানে নতুন নতুন হাসপাতাল স্থাপনের চেষ্টা হচ্ছে সেখানে পুরানো হাসপাতালগুলিতে চিকিৎসার সুব্যবস্থা যদি না হয় তাহলে জনসাধারণ এবং আমরা অত্যন্ত বিক্ষুব্ধ হব। সরকারের কাছে অনুরোধ যাতে প্রাইমারী হেলথ সেণ্টার ও সাবসিডিয়ারীহেলথ সেণ্টারে চিকিৎসার সুব্যবস্থা হয় সেটা দেখুন। এই বলে আমি শেষ করলাম।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের নদীয়া জেলার বহু স্কুল কর্তৃপক্ষ আমার কাছে চিঠি লিখেছেন এই বলে যে, তারা ১৯৭০ সালে এবং ১৯৭১ সালে যে বন্যা হয়েছিল এবং তাতে স্কুল ঘরের যে ক্ষতি হয়েছিল তারজন্য সাহায্যের আবেদন করা সত্ত্বেও সাহায্য পায়নি। স্যার, আমি ডিপার্টমেণ্টে খোঁজ নিয়ে দেখেছি ১৯৭০ সালে ডি.পি. আই অফিস কনট্রাকসান বোর্ডের কাছে পাঠিয়েছিলেন। তারা কতগুলি কেস লিষ্ট করে ডিষ্ট্রিক্ট একসিকিউটিভ ইঞ্জিনিয়ারের কাছে পাঠিয়েছিলেন তদন্ত করার জন্য। কিন্তু সেই ইঞ্জিনিয়ার সাহেব তিন মাস ফেলে রেখে আবার ফেরত পাঠিয়েছিলেন এই বলে যে আমার পক্ষে এ তদন্ত করা সম্ভব নয়। তারপরে আবার এখান থেকে এই নিউ সেক্রেটারিয়েট থেকে কনসট্রাকসান বোর্ড চিঠি লিখে পাঠিয়েছেন এই বলে যে তোমাকেই তদন্ত করতে হবে। রাইটার্স বিল্ডিং, নিউ সেক্রেটারিয়েট এবং ওখানকার বা নদীয়া জেলার একসিকিউটিভ ইঞ্জিনিয়ার এই তিনজনের ঝগড়ার জন্য যাদের ঘরবাড়ী ধ্বংস হয়ে গিয়েছে তারা আজ পর্য্যন্ত কোনরকম সাহায্য পায়নি। তারপরে আবার ১৯৭১ সালের বন্যা আছে। তাতেও স্কুল তাদের ঘরবাড়ী মেরামতের টাকা পায়নি। তা ছাড়া স্যার, আপনি জানেন, নদীয়া জেলায় নকশালী হামলার জন্য অনেক স্কুলের অনেক ক্ষতি হয়েছে। তারা যথাযোগ্য স্থানে আবেদন করা সত্ত্বেও টাকা পয়সা পায়নি। এখানে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় আছেন, তাঁর কাছে অনুরোধ তিনি এটা দেখুন যে কে তদন্ত করবেন, কে করবেন না, তা দেখে এটার ব্যবস্থা করুন কারণ স্কুল কর্তৃপক্ষ এতে হয়রান হচ্ছেন। তারপরে হায়ার সেকেণ্ডারীর ছাত্র ছাত্রী তারাও ঐ বন্যার টাকা পায়নি। সেটা মাননীয় মন্ত্রীমহাশয় একটু দেখুন। স্যার, এই প্রসঙ্গে আর একটি কথা বলব। বন্যার পর কৃষকরাও লোন পায়নি। তারা হাউস বিল্ডিং লোন পায়নি বা অন্যান্য লোন পায়নি। সেখানে কৃষকরা না খেয়ে আছে। সেখানে খয়রাতি সাহায্যের পরিমাণ যাতে বাড়ানো হয় এবং অন্যান্য হাউস বিল্ডিং লোন বা কৃষিঋন দেবার ব্যবস্থা করার জন্য দাবী করছি।

**শ্রীসচিনন্দন সাউ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি আপনার মাধ্যমে জানতে চাই যে মন্ত্রী বড় না আমলা বড়। স্যার, আপনি জানেন, দুদিন আগে আপনার কাছে কলিং এ্যাটেনশান দিয়েছি যুগান্তর পত্রিকার খবর অনুসারে এবং আজকে আপনার কাছে একটা দৃষ্টান্ত উপস্থিত করছি। স্যার, ৩।৫।৭২ তারিখে কৃষি দপ্তরের রাষ্ট্রমন্ত্রী শ্রীআনন্দমোহন বিশ্বাস তিনি

টেলিগ্রাম করে বীরভূমের রাজনগরের শিশল ফার্মের এ্যাসিস্টেন্ট মেকানিকের বদলির আদেশ স্থগিত করেছেন। স্থগিত আদেশ দেওয়া হয়েছে কিন্তু সেই স্থগিত আদেশ আজ পর্যন্ত কার্যকরী হয়নি। বীরভুম জেলার যিনি প্রিন্সিপ্যাল এগ্রিকালচারাল অফিসার তিনি বলেছেন, "আমি দিমু না জয়েন করতে, মন্ত্রীরে বলুন, গাই বাছুরের দুধ খান গা।" তা ছাড়া বীরভুম জেলার উপমন্ত্রী শ্রীসুনীতি চট্টরাজ তিনিও একটা চিঠি লিখেছিলেন। সেই ভদ্রলোক বলেন, "আমি সেটা ফেলে দিয়েছি।" স্যার, আপনি জানেন, বীরভূমের রাজনগরে যে শিশল ফার্ম সেটা স্বর্গত ডাঃ বিধানচন্দ্র রায়ের প্রতিষ্ঠিত। ১৫০০ একর জমির উপর প্রতিষ্ঠিত সেই শিশল ফার্মের ৭টি মেশিন আছে। এই মেকানিক জয়েন না করার জন্য সেই মেশিনগুলি কার্যকরী হচ্ছে না। ফলে ৪টি মেশিন বন্ধ হয়ে আছে। এতে কাজের সমূহ ক্ষতি হচ্ছে এবং যেসমস্ত থানা ফার্ম্ম আছে সেই সমস্ত থানা ফার্মের পাওয়ার টিলার ডিসঅর্ডার হয়ে পড়ে আছে। আমি জানতে চাই আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের কাছে যে এই আদেশ কার্যকরী হবে কিনা।

[1-30—1-40 p.m.]

**শ্রীবিমল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী এবং সদস্যদের একটি গুরুত্বপূর্ণ আমার জেলার বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। মালদহের প্রেস কর্মচারীরা গত ১০ দিন যাবৎ ধর্মঘট করে আছে। কারণ, নূনতম মজুরী আইনে তাদের যা প্রাপ্য তারা সেটা পাচ্ছে না। সবচেয়ে আশ্চর্য্যের বিষয় হচ্ছে মিনিমাম ওয়েজ ইন্সপেক্টর এস. ডি. ও. অফিসে যে ত্রিপাক্ষিক আলোচনা চক্র ডেকেছিলেন তাতে মালিক পক্ষ যোগদান করেননি এবং বলেছেন ৭ দিনের মধ্যে তারা আলোচনায় যোগদান করতে পারবেন না, তাদের অসুবিধা আছে। আমি এই কথা বলতে চাই আজকে মালিকপক্ষ যাতে যোগদান করে শ্রম আইনের যথাযোগ্য মর্য্যাদা দিয়ে প্রেস কর্মচারীদের ধর্মঘটের মীমাংসা হয় সেইজন্য আমি সরকার পক্ষের কাছে আবেদন রাখছি।

**শ্রীশিশিরকুমার সেন ঃ** মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে এই, গত বিধানসভার অধিবেশনে আমরা পাবলিক অর্ডার বিল এনে পুলিশের হাতে দেশের আইন শৃঙ্খলা এবং অরাজকতা দমন করার ভার দিয়েছিলাম। পুলিশের হাতে আমরা এই সমস্ত দায়িত্ব বিশেষভাবে অর্পণ করেছিলাম এই জন্য যে বাংলাদেশে যে অরাজকতা ও হত্যালীলা চলছিল দু-দিনে সেটা দমন করতে পারবে এবং তা থেকে দেশের মানুষকে মুক্তি দেবে এবং সর্বোপরি মানুষের মনে আস্থা ফিরিয়ে আনার জন্য পুলিশের উপর এই দায় দায়িত্ব অর্পণ করা হয়েছিল। কিন্তু আজকে আমরা দেখতে পাচ্ছি যে পুলিশ তার অপব্যবহার করে সমাজে নতুন করে বিশৃঙ্খলা সৃষ্টি করছে। আমি এই প্রসঙ্গে হাওড়া জেলার পক্ষ থেকে বলতে পারি যে বিভিন্ন থানা অফিস যা কাজ করছে তাতে জনসাধারণের মনের মধ্যে পুনরায় হতাশার ভাব ফিরে এসেছে। এই বিষয়ে দু একটি ঘটনা আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার সামনে আগেও রেখে বিচার প্রার্থনা করেছিলাম, এখন আবার তার পুনরাবৃত্তি করছি। হাওড়া জেলার শ্যামপুর থানার দুটি স্কুলে বিভিন্ন দুষ্কৃতকারী ঢুকে নানা জিনিসপত্র ও ল্যাবরেটরি পুড়িয়ে দিয়েছে এবং এতে দেখা যাচ্ছে একটির ক্ষতির পরিমাণ হচ্ছে ১ লক্ষ টাকা এবং আর একটির ক্ষতির পরিমাণ হচ্ছে ১।। লক্ষ টাকা। এই বিষয়টি আমরা সঙ্গে সঙ্গেই ওখানকার থানা অফিসে জানিয়েছিলাম। ঘটনাটি ঘটেছিল গত ১৭।১।৭২ তারিখে। সেই ঘটনাটি থানায় লিপিবদ্ধ করার পরে আমরা এস. পি-কে জানিয়েছি এবং তারপরে বিভাগীয় স্বরাষ্ট্র দপ্তরের প্রতিমন্ত্রী শ্রীসুব্রত মুখার্জি মহাশয়কেও

জানিয়েছি। সঙ্গে সঙ্গে এস. পি. বিভাগীয় দপ্তর তল্লাসী করার জন্য নির্দেশ দিয়েছিলেন, কিন্তু দুঃখের বিষয় আজ প্রায় ৪।৫ মাস অতিবাহিত হল এখন পর্যন্ত সে সম্পর্কে কোন তদন্ত করা হয়নি। সুতরাং সেখানকার স্থানীয় জনসাধারণের মনে পরিষ্কারভাবে একটি প্রশ্ন দেখা দিয়েছে যে যদি এইভাবে এই সমস্ত অরাজকতা চলতে থাকে অর্থাৎ স্কুল কলেজ বন্ধ করে দেবার ব্যবস্থা চলতে থাকে, তার যদি কোন প্রতিবিধান না হয় তাহলে সরকার সম্বন্ধে লোকের মনে একটা হতাশার ভাব ফুটে উঠবে। কাজেই সরকারকে চেষ্টা করতে হবে যাতে আগামী দিনে স্কুল কলেজ বন্ধ হবার কোন ঘটনা না ঘটে এবং এ বিষয়ে সরকারের সচেষ্ট হওয়া উচিত। আমরা এবিষয়ে সরকারের কাছে পুলিশের বিভিন্ন অপকর্মের কথা তুলে ধরা সত্বেও আজ পর্যন্ত তার কোন ব্যবস্থা হয়নি। তাই এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার জন্য আবার আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের সামনে আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীদুর্গাদাস বাউড়িঃ** মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে পুরুলিয়া জেলার রঘুনাথপুর পৌর এলাকার একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বিভাগীয় মন্ত্রী তথা সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৫ বৎসর ধরে এই পৌর এলাকায় কোন পানীয় জলের সুব্যবস্থা হয় নাই। এখানকার অধিবাসীগণ মজা, হাজা পুকুরের দূষিত জল পান করে কোনরকমে বেঁচে আছেন। কাজেই এই পৌর এলাকায় বৎসরের সকল সময় সাধারণ মানুষ নানারূপ সংক্রামক ও মারাত্মক রোগে আক্রান্ত হন এবং এখানে সুচিকিৎসা লাভের জন্য উপযুক্ত চিকিৎসালয়ও নেই। এই এলাকায় একটি মুনসেফ কোর্ট, ফৌজদারী কোর্ট, রেজেষ্ট্রি অফিস, আর. এস. কোর্ট থাকা সত্বেও বাইরে এলাকার প্রচুর লোক এই কোর্ট কাছারীতে আসেন। তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমণ্ডলীর নিকট অনুরোধ যেন অনতিবিলম্বে এই পৌর এলাকাতে টিউবওয়েল-এর ব্যবস্থা করা হয়।

**শ্রীশিশিরকুমার ঘোষঃ** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। Thomas Dub Group-এর যে ৫টি জুটমিল আছে সেই জুটমিল থেকে ৩ জন supervising staff কে বিনা কারণ দর্শিয়ে বরখাস্ত করা হয়েছে। বহু আবেদন নিবেদন করার পরেও যখন তাদের পুনর্নিয়োগ করা হলনা তখন গত ২৮ তারিখ থেকে ঐ ৫টি মিলে আমরণ অনশন করছে superviging staffরা। তাদের অবস্থা অবনতি হচ্ছে এবং শ্রমিকেরা বিক্ষুব্ধ হচ্ছে। আমি আশঙ্কা করি অবিলম্বে যদি এবিষয়ে মন্ত্রীসভা হস্তক্ষেপ না করেন তাহলে এই ৫টি মিলে strike-এর দিকে চলে যাবে এবং উৎপাদন ব্যাহত হবে এবং আমি মনে করি সরকার যে সিদ্ধান্তের কথা কালকে বাজেট আলোচনার সময় বলেছেন সেদিকে লক্ষ্য রেখে অবিলম্বে এই বিষয় হস্তক্ষেপ করবেন এবং শ্রমিক বিক্ষোভ যখন দমন করার জন্য মালিকের এই যে স্বৈরাচারিতা এটাকে বন্ধ করবার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। আমি মনে করি যে অবিলম্বে যদি এই বিষয়ে হস্তক্ষেপ না করা হয় তাহলে যে শ্রমিকরা এখানে আমরণ অনশনে রত, অবস্থার যা অবনতি দেখে এসেছি তা যদি চলতে থাকে তাহলে এমন একটা অঘটন ঘটবে যে অঘটনের জন্য এই সরকারের লজ্জায় মাথা নত হয়ে যাবে। সেজন্য বিভাগীয় মন্ত্রী এখানে নেই সমস্ত মন্ত্রীসভার কাছে অনুরোধ করবো অবিলম্বে যাতে এই মালিকদের বাধ্য করান ঐ যে ৩ জন শ্রমিক কর্মচারী, যাদের বরখাস্ত করেছেন তাদের পুনর্নিয়োগ যাতে করা হয় এবং Thomas Dub Group-এর এই যে স্বেচ্ছাচারিতা এই সম্পর্কে একটা তদন্ত দরকার, আমি যথেষ্ট সন্দেহ করি তারা এর মধ্যে অনেক দেশদ্রোহীতার কাজ করছেন।

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আগেও আকর্ষণ করেছি এবং এখনও করছি। ঐ mention গুলি আমাদের Assemblyতে খুব গুরুত্বলাভ করেছে

নূতম আইন সভায় তার জন্য মন্ত্রীদের থাকার অনুরোধ করা হোক, যদি নাও থাকেন কেননা একজন মন্ত্রী সেটা নোট করে সংশ্লিষ্ট মন্ত্রীকে দেবেন। আমার যতদূর মনে হচ্ছে এই ঘটনার উপর ইতিপূর্বে mention হয়েছে এবং সংশ্লিষ্ট মন্ত্রী এবিষয়ে জানতে পেরেছেন কি যে এতবড় একটা গুরুত্বপূর্ণ ঘটনা ঘটেছে।

**Mr. Speaker :** I also draw the attention of the Members of the Treasury Bench about the feelings of the Members of the House that they should be present in the House or some of the responsible Members should take not because some matters mentioned here are really very important. I think that the Members of the Treasury Bench will take note of the feelings of the House.

**ডঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রত্যেক দপ্তরের মাননীয় মন্ত্রী কিম্বা রাষ্ট্রমন্ত্রী কিম্বা উপমন্ত্রী থাকেন এখানে বাইরে কোন কাজ না থাকলে। এটা আরো সহজ করতে পারেন আপনি, কারণ আপনার এখানে যে reporting হয় as in the other cases of the Assembly business. প্রত্যেক বিষয় যদি Assembly থেকে বিভাগীয় দপ্তরে পাঠিয়ে দেওয়া হয় I think it will receive the attention. এবং আমাদের accurate reportingটা পাওয়া সম্ভবপর হবে। এখানে expert আছে, তারাও কিন্তু বাইরে থাকে, আমরা নোট নেবো সেই সময় এটা সম্ভব হয় না, কারণ আমরা ভুল বুঝতে পারি, inattentive হতে পারি, your Assembly record in that case আমাদের পক্ষে জানা সম্ভব হবে। কাজেই I will request you to send it to the Department concerned. এখানে যে সমস্ত report হবে mention-এর সেটা in toto পাঠিয়ে দেবার জন্য অনুরোধ করছি।

**শ্রীবিশ্বনাথ মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখান থেকে report-এর একটা copy পাঠাতে পারেন। উনি যে প্রস্তাব করেছেন সম্ভব কিনা সেটা আপনি দেখবেন। কিন্তু আর একটা হতে পারে, মন্ত্রীরা যে সময় সদস্যরা mention করেন সেই সময় unimportant মনে করেন বা পরস্পরের সঙ্গে কথা বলেন তারা সেই সময় note নিতে পারেন। যদি তাতে না হয় তাহলে Parliamentary Affairs Department থেকে বা Legistative Department থেকে একজন officer এই আধ ঘণ্টা সময় এখানে বসতে পারেন এবং তিনি Departmental-wise নোট দিতে পারেন। আপনি পাঠাতে পারলে ভাল কিন্তু Parliamentary Affairs অথবা Lagistative Department-এর কোন একজন অফিসার for this half an hour অথবা 40 minutes এখানে বসে নোট নিয়ে যান এবং সেই নোটটি যদি respective Minister-এর কাছে পৌঁছে দেন তাহলে ভাল হয়।

**ডঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিশ্বনাথবাবু একটু insinuation মাঝে রেখেছেন। আপনি নিশ্চয়ই দেখেন যে মাননীয় সদস্যরা আসে Treasury Bench-এর কাছে তাদের বিশেষ কোন বিষয় জানানোর জন্য এবং এতে দেখছি আমাদের C.P.I· বন্ধুরা দক্ষ এবং সিদ্ধহস্ত। আমি সেজন্য বলি reporting যা হবে সেটা খুব accuracy হবে এবং সেটা পাঠাতে পারলে আমাদের পক্ষে সুবিধা হবে insinuation আশা করি তারা একটু কমিয়ে করবেন কারণ "আপনি আচরি ধর্ম অপরে শিখাও" এবিষয়ে বন্ধুরা তো কম দক্ষ নয়।

[1-40—1-50 p.m.]

**Mr. Speaker :** In view of the strong feeling of the Members and also

the willingness of the Members of the Treasury Bench to know what exactly is mentioned or submitted by honourable Members, I will consult my Secretary and my office, and, if possible, I will try to send copies of the notices that are given to me by individual Members under rule 351, to the Departments concerned. So, if the Members co-operate with me and submit to me two copies of the each notice, giving in short the entire subject matter, one copy will remain with my office and the other copy may be sent to the Department concerned. That will help the Members of the Treasury Bench because they might come prepared and if necessary, give a short reply. I think honourable Members will co-operate with the Chair in this matter.

**শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ** স্যার, আমি আপনার কাছে আবেদন করেছিলাম বলে, আমাদের কাজটা আপনি বাড়িয়ে দিলেন? এটা তো চমৎকার সমাধান হলো! বহু লোক তো অনেক মাইনে পান, আমরা তো মাত্র ২৫০ টাকা মাইনে পাই, তার ভেতরে কেউ একজন বসে লিখবেন না স্যার? এটাই আপনি ঠিক করলেন? ধরবি ধর, ধর বেঁড়েকেই ধর? আমাদেরকেই এখন দু-তিন কপি দিতে হবে? কেউ একজন বসে লিখুন না।

**ডঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় বিশ্বনাথবাবু কালকে বললেন যে কাজে উনি ভয় পাননা, আজকে এত অল্পেতে তিনি এত ঘাবড়ে গেলেন? এমন একজন প্রবীণ সদস্য, এটা তো একটা হতাশার কথা, এ্যাট এনি রেট, আপনি বললেন দেন এ্যাণ্ড দেয়ার—মন্ত্রীদের পক্ষে তা উত্তর দেওয়া সম্ভবপর নাও হতে পারে। এই রুলটা আপনি একটু এ্যামেণ্ড করে নিন।

**Mr. Speaker** : If the matter is important, the Ministers concerned can make the statements the next day.

**Shri Biswanath Mukherjee** : Sir, we do not want that statements should necessarily by made. What we want is that the Ministers concerned should be informed that such and such matters have been brought to the notice of the House and that they should take notes thereof. We do not want that statements have necessarily to be made, but please make some arrangement so that somebody takes notes of the mention cases and supplies those notes to the respective Ministers,

**Mr. Speaker** : In view of this feeling that I am giving some extra load of work on individual Members who table notices of mention cases under rule 351, I will one day sit with my Secretary and the Minister for Parliamentary Affairs and consider whether the suggestion you have given that some persons from my office should be present here and take notes and hand them over to the Ministers is possible or not because I wlll have to see how many persons are available for that purpose and I will let you know one or two days thereafter, when you will come to my Chamber.

**শ্রীমদনমোহন মাহাতো:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এক বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিক্ষা বিভাগের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মহোদয় অবগত আছেন যে পুরুলিয়া জেলা পশ্চিমবঙ্গের মধ্যে সর্বাধিক অনগ্রসর জেলা। এই জেলার অনগ্রসতার যতগুলি কারণ আছে শিক্ষা তার অন্যতম। এই জেলাকে আদিবাসী, হরিজন ও অনুন্নত সম্প্রদায় অধ্যুষিত অঞ্চল বলা চলে। পুরুলিয়া জেলার অধিবাসীদের মধ্যে শিক্ষার আলোক না পৌঁছাইবার কারণ সেখানে উপযুক্ত সংখ্যক প্রাথমিক বিদ্যালয়, জুনিয়ার হাই স্কুল বা কলেজের অভাব। কাজেই বিভাগীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ পুরুলিয়া জেলাবাসীর অনগ্রসবতা এবং উপযুক্ত পরিমাণ শিক্ষা প্রতিষ্ঠানের অভাবের কথা চিন্তা করিয়াই ক্ষুদ্র ত্রুটি বিচ্যুতিকে না ধরিয়া গ্রামগুলোতে চুটি প্রাথমিক বিদ্যালয় স্থাপনের ব্যবস্থা করা, অধিক সংখ্যক জুনিয়ার হাই স্কুলের মঞ্জুরী দেওয়া এবং কলেজ স্থাপনের ব্যবস্থা ত্বরান্বিত করা। ক্ষুদ্র ত্রুটি বিচ্যুতির গোড়া কলে ফেলে যেন পুরুলিয়া জেলার শিক্ষা ব্যবস্থা ক্ষতিগ্রস্ত না হয়, সেদিকে জোর দৃষ্টি দেবার জন্য অনুরোধ জানিয়ে তথা খরা প্রপীড়িত পুরুলিয়া জেলার আর্থিক অভাবগ্রস্ত ছাত্র ছাত্রীদের স্কুল কলেজের বেতন নূতন ফসল না হওয়া পর্যান্ত মকুব করার জন্য আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা নতুন এবং অদ্ভূত কেসের দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এই বছর মে মাসের ২৯ তারিখে গর্ভানমেণ্ট থেকে ডি. আই. আর. এর ১১৯ ধারার একটা অর্ডার জারি করা হয়েছে ইণ্ডিয়ান অক্সিজেন কোম্পানীর উপর। এ্যাকটিভ হস্টিলিটি নয়, কি সেই ব্যবস্থা কেন হলো। সেটা ধারা দেখলে বুঝতে পারবেন, ১১৯ ধারা হচ্ছে এমপ্লয়মেণ্ট সম্বন্ধে, অর্থাৎ যারা এমপ্লয়েড আছেন তারা অথরিটির আদেশ ছাড়া আর যেতে পারবেন না ধর্মঘট করতে পারবেন না, কাজ বন্ধ করতে পারবেন না ; আবার অথরিটিও লক-আউট করতে পারবেন না। শ্রমিকদের সুযোগ সুবিধা দেখার জন্য ট্রেড ইউনিয়ন দরকার। কেন কাল যে এটা এসেনসিয়াল সারভিস তাই ডি. আই. আর. প্রয়োগ করা হলো, কিন্তু এখন তো যুদ্ধ শেষ হয়ে গিয়েছে। ১৯৭০/৭১/৭২ সালে তিনবার এ্যাগ্রিমেণ্ট হয়েছিল মেনেজমেণ্টের সঙ্গে ইউনিয়নের সঙ্গে। এই বৃটিশ কোম্পানী এদের এই ব্যাপারে মনোপলি আছে এবং এই কোম্পানীর সঙ্গে তিনটা এগ্রিমেণ্ট হয়েছিল এবং কেন্দ্রীয় সরকারের দৃষ্টি এই ইউনিয়নের সভাপতি ডাঃ রনেন সেন এম. পি. আকর্ষণ করেছিলেন এবং পশ্চিমবঙ্গ সরকারেরও দৃষ্টি আকর্ষণ করেছিলেন যে এগ্রিমেণ্টগুলি ইমপ্লিমেণ্ট হচ্ছে কিনা এইটা আপনারা দেখুন। এই ঘটনার উপর এই বছর এপ্রিল মাসে একটা ষ্ট্রাইক হয় এবং ১২ দিন ষ্ট্রাইক হওয়ার পর আমি এবং লেবার মিনিস্টার, আমাদের দুই জনের হস্তক্ষেপের ফলে তারা ষ্ট্রাইক প্রত্যাহার করে নেয়, এবং কতগুলি টার্মসএ তারা ষ্ট্রাইক প্রত্যাহার করেন এবং লেবার মিনিস্টার মিডিয়েট করে দেবার প্রতিশ্রুতি দেন। কিন্তু এখনও সেই মিডিয়েসন হয়নি। ইন দি মিন টাইম এপ্রিল মাসের ২২ তারিখে ষ্ট্রাইক উইথড্রন হলো। আমাদের প্রশ্ন হলো যে লেবার মিনিস্টারের সঙ্গে এগ্রিমেণ্ট হওয়া সত্বেও ডি. আই. আর. এ্যাপ্লাইড হলো কেন? আপনারা বলবেন যে ডিফেন্স অফ ইণ্ডিয়া রুলস এ্যাসেনসিয়াল সার্ভিসকে কনট্রোল করার জন্য দরকার। তাহলে এখানে ডি. আই. আর. এর ১১০ ধারায় আছে ম্যানেজমেণ্টকেও কনট্রোল করতে হবে। এবং আরও তিনটি ধারা আছে, সেই ধারায় আপনারা ম্যানেজমেণ্টকে টেক ওভার করতে পারবেন। ম্যানেজমেণ্টকে কনট্রোল করবার যে ধারা আছে, তার কোনটাই এ্যাপ্লাই করলেননা, আর ওয়ার্কাসদের কনট্রোল করবার যে ধারা আছে তাকে এ্যাপ্লাই করলেন। যখন তাদের ডিসপুট পেণ্ডিং এবং লেবার মিনিষ্টার যখন তাদের মিডিয়েট করে দেবেন ঠিক সেই সময় তার প্রয়োগ করা হলো। আমার মনে হয় এই ধরনের ডি. আই. আর. এর প্রয়োগ শ্রমিকদের বিরুদ্ধে ব্রিটিশ মালিকের পক্ষে তাদের মুনাফা

বাড়াবার জন্য ভারতবর্ষের ক্ষেত্রে দিস ইস ইম্রাল। যদি বাস্তবিকই এইটা প্রয়োগ করতে হয় তাহলে ১১৯ ধারা প্রয়োগ না করে ১১৫ ধারা প্রয়োগ করুন ম্যানেজমেন্টকে কনট্রোল করবার জন্য। এই বিষয়ে আমি দৃষ্টি আকর্ষণ করছি যে এইটা প্রথম ঘটনা এবং এইটা আরম্ভ হলে ডি. আই. আর এই নামে ম্যানেজমেন্টকে সুযোগ করে দেওয়া হয় শ্রমিকদের এক্সপ্লয়েড করবার। দিস ইস এ ফাষ্ট কেস আই হ্যাভ হার্ড অফ যে পেণ্ডিং এ সেটেলমেণ্ট অলরেডি টেকেন বাই দি লেবার মিনিস্টার এবং আমি বিশেষ ভাবে ইনভলবড বলে, তাদের ষ্ট্রাইক উইথড্র করার ব্যাপারে আমি তাদের পারসুয়েড করেছিলাম। সেখানে ট্রাইপার্টাইটমিটিং এর কথা হয়েছিল। সুতরাং এই ঘটনা শ্রমিক আন্দোলনের ক্ষেত্রে একটা নতুন জিনিস হলো এবং এই প্রথম ঘটনা হিসাবে আমি দৃষ্টি আকর্ষণ করছি যে যদি উইথড্র নাই হয়, গভার্ণমেন্ট সেখানে ১১৫ ধারা প্রয়োগ করুন টোটাল ম্যানেজমেণ্টকে কনট্রোল করুন অথবা টোটাল ম্যানেজমেণ্ট ন্যাশানালাইজ করে নিন, অনলি এ্যাগেনষ্ট দি লেবার চলবে না। লেবারকে কনট্রোল করার জন্য ডি. আই. আর প্রয়োগ, তাদের প্রফিট বাড়াবার জন্য ডি. আই. আর. প্রয়োগ এইটা হতে পারেনা। তাই আমরা সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়-এর এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি।

[1-50—2-00 p.m.]

### Report of the Business Advisory Commottee

**Mr. Speaker** : The Business Advisory Committee at its meeting held in my Chamber on the 29th June, 1972, considered the question of allocation of dates and time for the disposal of Voting on Demands for Grants onwards from 20th July, 1972 and recommended a time-table in respect thereof.

A copy of the time-table, as recommended by the Committee, is laid on the Table.

The Hon'ble Minister-in-charge of Perliamentary Affairs may now move the motion for acceptance.

**Shri Gyan Singh Sohanpal** : I beg to move that the 7th Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

**Mr. Speaker** : I think the motion is adopted. ···(pause)··· The motion is adopted.

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, C.P.I. নেতা বিশ্বনাথবাবু যে কথা বললেন আমি তাঁকে অনুরোধ করব তিনি যেন বিস্তৃত কাগজপত্র নিয়ে আমার সঙ্গে দেখা করেন এবং এই House-এর কাছে এ বিষয়ে যত তাড়াতাড়ি সম্ভব আমি একটা Statement দেব।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী** ঃ ধন্যবাদ।

### General Discussion on the Budget for 1972-73

**শ্রীপ্রদ্যোৎ মহান্তি** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭২-৭৩ সালের জন্য অর্থমন্ত্রী যে বাজেট আমাদের সামনে রেখেছেন সেটা ৫৫৬ কোটি টাকার বাজেট। সেই বাজেটে ঘাটতি দেখান হচ্ছে ১৩ কোটি ৩৬ লক্ষ টাকা এবং তার মধ্যে taxation-এর মারফৎ ১০ কোটি টাকা ঘাটতি পূরণের জন্য তিনি প্রস্তাব রেখেছেন—অর্থাৎ নিট ঘাটতি দাঁড়াচ্ছে ৩ কোটি ৩৬ লক্ষ টাকা। আমরা যখন

কলেজে অর্থনীতির বই পড়তাম তখন দেখতাম লেখক বলছেন balance budget is no budget অতএব বাজেটকে ঘাটতি বাজেট রূপান্তরিত করে তাকে বাজেট আখ্যা দেবার চেষ্টা করছেন। মন্ত্রীমহাশয় তাঁর ভাষণে বলেছেন এই বাজেট employment oriented budget, people budget, কিন্তু আপনার মাধ্যমে সদস্যদের কাছে একথা বলতে চাই যে এই বাজেটের দফাওয়ারী আলোচনা যদি করা যায় তাহলে দেখা যাবে employment oriedted budget, peoples বাজেট বলে জনসাধারণকে ধোকা দেওয়া হচ্ছে। পশ্চিমবাংলার মানুষ গত ৫ বছর ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত বিশৃঙ্খলা, সন্ত্রাস ও পেছনে হটার রাজত্বে বাস করছিল। ১৯৭২ সালে নির্বাচনে নূতন মন্ত্রীমণ্ডলী গঠিত হওয়ায় পশ্চিমবাংলার মানুষ আশা করেছিল এই মন্ত্রীমণ্ডলীর কাছ থেকে একটা প্রগতিশীল বাজেট পাবে।

এই সভার মাননীয় সদস্য কমিউনিষ্ট দলের নেতা বিশ্বনাথ মুখোপাধ্যায় মহাশয় গতকাল জেনারেল বাজেট ডিক্সাসানের উদ্বোধন করে একটা কথা বলেছিলেন যে প্রোগ্রেসিভ গভর্ণমেণ্ট প্রোগ্রেসিভ ট্যক্সেসান করেছেন। প্রোগ্রেসিভ ট্যাক্সেসানের ধাঁচ এসেছে বটে কিন্তু যে প্রোগ্রেসিভ ট্যাক্সেসানের দ্বারা আমার গাঁয়ের মানুষ উপকৃত হল না, বড় লোকের গায়ে হাত দেওয়া গেল না, যে প্রোগ্রেসিভ ট্যাক্সসানের দ্বারা গ্রাম বাংলার মানুষ করভারে জর্জরিত, সেই প্রোগ্রেসিভ ট্যাক্সেসানের কি মূল্য আমি বুঝে উঠতে পারিনা। মন্ত্রীমহাশয় ১৯৭২-৭৩ সালের যে বাজেট রেখেছেন সেই বাজেটের দ্বারা গ্রাম বাংলার মানুষ বিশেষ করে শ্রমজীবী, প্রকৃত চাষী, মধ্যবিত্ত সমাজ বিশেষ করে তাঁর ভাষণের মধ্যে রেখেছেন পশ্চিমবাংলার দারিদ্র্য এবং বেকার সমস্যা সেই শিক্ষিত অশিক্ষিত বেকার ভাই-বোনরা হতাশ হয়েছে। আজকে জিজ্ঞাসা করলে বলছে মন্ত্রী মহাশয় যে বাজেট রেখেছেন এ কি বাজেট। তারা বার বার বলে এসেছে আমরা নির্বাচিত করে পাঠিয়েছি, আমরা খেটে খাওয়া মানুষ ৮০, ৯০, ১০০ টাকা রোজগার করব সেই ব্যবস্থা আমাদের করে দিন। তাদের কথা এই বাজেটের মধ্যে নেই যদিও মন্ত্রী মহাশয় বলেছেন এই বাজেট প্রোগ্রেসিভ বাজেট, এই বাজেট পিপলস বাজেট, এই বাজেট এমপ্লয়মেণ্ট ওরিয়েণ্টেড বাজেট। মন্ত্রী মহাশয়ের ভাষণের দফা ধরে আমি বলতে আরম্ভ করছি তাতে আমাদের বোঝার সুবিধা হবে এবং বলারও সুবিধা হবে। প্রথমে তিনি বলেছেন ভূমি ব্যবহার এবং ভূমি সংস্কার। আমরা এত লক্ষ একর জমি উদ্ধার করেছি এবং এত লক্ষ একর জমি উদ্ধার করব। ১৯৬৭ সাল থেকে এর পূর্বে যে কংগ্রেস সরকার ছিল তাঁরা যে কথা বলেছেন বিশেষ করে ভূমি উদ্ধারের ব্যাপারে প্রকৃত যে তথ্য রেখেছেন বাস্তব দৃষ্টিভঙ্গীতে দেখা যায় সেই উক্তির সঙ্গে বাস্তবে জমি পাবার আকাশ-পাতাল তফাৎ। এর কারণ বাস্তব দৃষ্টিভঙ্গী না রেখে আইনের খুঁটিনাটি বিচার না করে ভূমি সংস্কারের নামে তাড়াহুড়া করে বাহবা নেবার জন্য যে সমস্ত আইন তৈরি করেছেন সেই সমস্ত আইনের ফাঁক দিয়ে বড় বড় রাঘববোয়ালরা জমি রাখার সুযোগ পাচ্ছে। উনি বলছেন বর্গাদারদের স্বার্থ রক্ষা করছেন আইনের মাধ্যমে। কলকাতায় রাইটার্স বিল্ডিংসে বসে এক কলমের খোঁচায় একটা সার্কুলার দিয়ে জেলা শাসকের কাছ থেকে কত জমি পাওয়া গেল সেই খবর আনা সহজ কিন্তু আইন দ্বারা বর্গাদারদের স্বার্থ রক্ষা করা যাচ্ছেনা এই হচ্ছে বাস্তব চিত্র। ভূমি রাজস্ব বৃদ্ধির কথা হয়েছে, তবুও গবর্নমেণ্টকে সাধুবাদ জানাই ৩ একরের খাজনা মকুব করার জন্য। কিন্তু ৩ একরের উপরে যে খাজনা করতে যাচ্ছেন ইরিগেটেড এরিয়া, নন-ইরিগেটেড এরিয়া এই সমস্ত দিক এই খাজনা ধার্য করার পূর্বে চিন্তা করা উচিত।

যার কাছ থেকে খাজনা নিচ্ছি তার মাথার ঘাম পায়ে ফেলে উৎপন্ন করা যে শস্য সেই শস্য সে বাড়ীতে নিয়ে যেতে পারছে কিনা সেটা দেখা উচিত। পশ্চিমবঙ্গে ৫ বছরে যে অবস্থা ছিল সেই

অবস্থা ভাল হয়েছে বটে কিন্তু বেশীর ভাগ দেখা যাচ্ছে গ্রামে জমি পতিত থেকে যাচ্ছে জমি দখলের নামে বহু লোক জমি বে-দখল করে বসে আছে। প্রশাসন তাদের সাহায্য করতে পারছে না। কোর্টে গেলে তার কোন সুরাহা হচ্ছে না, ৫/৭ বছর পড়ে আছে। আমি যে চাষীর কাছ থেকে খাজনা নিচ্ছি, আমার সেই রাইট আছে খাজনা নেবার ঠিকই, কিন্তু চাষীর প্রতি আমার একটা অবলিগেসান আছে, সেই অবলিগেসান হচ্ছে যে জমির জন্য আমি খাজনা নেব সেই জমির শস্য চাষী ঘরে নিয়ে যেতে পারছে কিনা সেটা দেখা।

[2-00—2-10 p.m.]

সরকার সেটা না দেখে ঢালাওভাবে ইরিগেটেড এরিয়ায় এই খাজনার সিলিং, নন-ইরিগেটেড এরিয়ায় এই খাজনার সিলিং এটা করছেন। অর্থাৎ আমরা দেখছি প্রকৃত অবস্থার সঙ্গে খাজনার কোন সংগতি থাকছেনা। তারপর মধ্যবিত্ত সমাজ যারা একমাত্র চাষের উপর নির্ভর করে তাদের উপরেই বেশী করে সরকারের দণ্ড নেমে আসছে যেটা তারা সহ্য করতে পারছেনা। তাদের দিনের পর দিন খাজনা দিতে হচ্ছে আর সরকার ভূমি রাজস্ব খাতে খাজনা বৃদ্ধি করে ওইসব কথা বলতে চাচ্ছেন। তারপর সরকার বলেছেন শিল্প বৃদ্ধির আবহাওয়া সৃষ্টি হয়েছে। কথাটা ঠিক। আমি জিজ্ঞাসা করছি শিল্প বৃদ্ধির আবহাওয়া সৃষ্টি হলে এবং কয়েকটি লাইসেন্স ইস্যু করলেই কি শিল্প স্থাপন করা হল? আমার কাছে যে তথ্য আছে তাতে সরকার বলছেন যে ভারতবর্ষে ৩০টি কাগজের কলের লাইসেন্স দেওয়া হয়েছে। মাননীয় স্পীকার মহাশয় এবং মাননীয় সদস্যেরা সকলেই জানেন যে, কাগজ তৈরী করতে গেলে রমেটেরিয়ালস হিসেবে প্রধানতঃ লাগে বাঁশ। এই বাঁশ আমাদের পশ্চিমবাংলায় টন প্রতি বিক্রয় হয় ৩০০ থেকে ৪০০ টাকা। আর বিড়লাকোম্পানী উত্তরপ্রদেশ এবং মধ্যপ্রদেশে যে বাঁশের জমিদারী কিনে রেখেছে লক্ষ একরের মত সেই বাঁশের জমিদারী থেকে যে বাঁশ তারা পায় সেটা তারা টন কেনে ৪ থেকে ৬ টাকায়। আমরা শুনেছি পশ্চিমবঙ্গ সরকার পশ্চিমবাংলায় কাগজের কল তৈরী করবার জন্য লাইসেন্স দিয়েছেন। আমি জিজ্ঞাসা করছি কে এমন ব্যবসায়ী আছেন, কে এমন শিল্পপতি আছেন যিনি ৪ থেকে ৬ টাকা টনের বাঁশ না পেয়ে ৩০০ থেকে ৪০০ টাকা টনের বাঁশ কিনে বিড়লা যে কাগজ তৈরী করবে তার সঙ্গে কমপিট করবে? আমাদের এখানে যে রমেটেরিয়ালস পাওয়া যায় তার দাম কত এবং অন্যান্য প্রদেশে যে রমেটেরিয়াস পাওয়া যায় তার দাম কত তার সঙ্গে তুলনামূলকভাবে আলোচনা না করে, বাস্তব দৃষ্টিভঙ্গী না দিয়ে আমিও ভাষণের মধ্যে ছেপে দিতে পারি যেভাবে মন্ত্রীমহাশয় ছেপে দিয়েছেন যে, আমি এতগুলো কলের লাইসেন্স দিলাম। শুধু লাইসেন্স দিলেই হবেনা, লাইসেন্স দেবার সঙ্গে সঙ্গে এমনভাবে রমেটেরিয়ালস্-এর ব্যবস্থা করতে হবে যাতে আমাদের পশ্চিমবাংলার শিল্পপতিরা যে জিনিস উৎপন্ন করবে সেই শিল্প উৎপাদিত জিনিষ অন্যান্য প্রদেশের উৎপাদিত জিনিসের তুলনায় তাদের কাছে সেটা লাভজনক হবে এবং তা যদি হয় তবেই শিল্প স্থাপনের আবহাওয়া সৃষ্টি সার্থক হবে। আমরা শিল্পের লাইসেন্স দিচ্ছি বটে, কিন্তু এখানে শিল্পপতিরা বড় হোক বা ছোট হোক শিল্প করতে পারছেন না এই সমস্ত অসুবিধার জন্য। মন্ত্রীমহাশয় বৃহৎ শিল্পের সঙ্গে সঙ্গে ক্ষুদ্র শিল্পের কথাও বলেছেন। ক্ষুদ্র শিল্প বলতে পশ্চিমবাংলায় আমরা কি বুঝি? একথা ঠিক জাপান, জার্মান এবং অন্যান্য বহু দেশ শুধু কুটির শিল্পের মাধ্যমে তাদের দেশের বেকার সমস্যার সমাধানের চেষ্টা করছে। আমি মন্ত্রীমহাশয়ের কথাতেই বলি দারিদ্র্য এবং বেকারী পশ্চিমবাংলার এই যে দুটি প্রধান সমস্যা সেই দারিদ্র্য এবং বেকারী দূর করতে গেলে শুধু বৃহৎ শিল্পের উপর নির্ভর করলেই হবেনা, ক্ষুদ্র এবং মাঝারী শিল্পের উপরেও নির্ভর করতে হবে।

কিন্তু পশ্চিমবাংলায় ক্ষুদ্র শিল্প এবং মাঝারি শিল্পের কি অবস্থা। মেদিনীপুর জেলায় আমরা দেখেছি চন্দ্রকণা, তমলুকের রাধামণির কাজের ব্যাপারে ছোট তাঁত শিল্প সেখানে কোন পথে চলেছে তারা সুতা পাচ্ছেনা, মাঝারি শিল্পেও সুতা পাচ্ছেনা, যদিও বা তারা সুতা পাচ্ছে, মাঝারি শিল্পপতিরা যদি বা সুতা যোগাড় করলো সেই সুতায় যে মাল তারা তৈরী করলো তার বাজারে সেই জিনিসের ডিমাণ্ড নেই, চাহিদা নেই। এবং সরকারের সাবসিডিও তারা ঠিকমত পায়না। সরকারের এই ভ্রান্ত নীতির ফলে ক্ষুদ্র শিল্প ও মাঝারি শিল্প আস্তে আস্তে করে পিছে হটে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একে বাঁচাবার কোন প্রচেষ্টা নেই। এখানে সমবায়ের মাধ্যমে প্রচেষ্টা করলে অধিক কার্যকরী হবে কো-অপারেটিভ এবং স্মল স্কেল ইনডাষ্ট্রিস যদি পাশাপাশি চলে। পশ্চিমবঙ্গে কো-অপারেটিভ-এর অবস্থা মন্ত্রীমণ্ডলীর অনেক সদস্যই আছেন তাঁরা জানেন। এখানে মাননীয় সন্তোষ রায় বহুদিন থেকেই কো-অপারেটিভ-এর সঙ্গে যুক্ত আছেন,তিনি জানেন সমবায় সম্বন্ধে পশ্চিমবঙ্গের মনে ঘৃণা আছে ভীতি আছে, কারণ এটা একটা বিভ্রান্ত নীতির উপর চলছে। এই কো-অপারেটিভ চলতে পারে যদি সম সঙ্গতি সম্পন্ন লোকে তা করে। কিন্তু একজনের ১০ হাজার টাকার শেয়ার থাকলো এবং আর একজনের যদি মাত্র ১০ টাকার সেয়ার থাকে তাহলে সেই ১০ টাকা শেয়ারের সদস্যর কিছুদিন পরে ঐ সঙ্গতিসম্পন্ন লোকের কবলে চলে যায় এবং আস্তে আস্তে সে সেই কো-অপারেটিভ সোসাইটিকে গ্রাস করে এবং তাদের জমি ভিটাও চলে যাবে। এই কো-অপারেটিভ পলিসি ঠিক না করতে পারলে এবং তার প্রশাসনিক ব্যবস্থা ঠিক মত চালু না করতে পারলে মাঝারি শিল্পই বলুন আর ছোট শিল্পই বলুন কোন শিল্পই গড়ে উঠতে পারবেনা।

দ্বিতীয়ত: বৃহৎ শিল্পের কথা বলি যে পশ্চিমবঙ্গ সরকারের কোন ইনডাষ্ট্রিয়াল পলিসি আছে কি? কোন পলিসিই নেই। যদি পলিসি থাকতো তাহলে মন্ত্রীমহোদয় বলতে পারতেন কি পলিসিতে এই শিল্প-গুলি চলবে। দেখে মনে হয় পশ্চিমবঙ্গ সরকারের পলিসি হচ্ছে অলওয়েজ লস্ পলিসি। অনেক জায়গায় আছে নো লস নো গেন পলিসি, অনেক জায়গায় আছে অলওয়েজ গেন নো লস, আর আমাদের পশ্চিমবঙ্গ সরকারের পলিসি হচ্ছে অলওয়েজ লস। অনেক ডিপার্টমেণ্ট ক্ষতির পর ক্ষতি হয়ে চলেছে। আর এক দিকে ভূমি রাজস্ব থেকে খাজনা আদায় করে গ্রাম বাংলার কোন উন্নতি করতে পারছেন না। সেই টাকাগুলি নিয়ে এসে আমার বন্ধু যোগাযোগ মন্ত্রী শ্রীজ্ঞান সিং সোহেন পাল মহাশয়ের ডিপার্টমেন্টে ভরতুকি দেওয়া হচ্ছে। তাঁর যে ডিপার্টমেণ্ট সেই ডিপার্টমেণ্ট কয়েক কোটি টাকা বছরে লস দিচ্ছেন ট্রাম ও বাসে। গ্রামের মানুষের কাছ থেকে খাজনা নিয়ে আসবেন, গ্রামের লোকের কাছ থেকে ট্যাক্স আদায় করে নিয়ে এসে কলকাতা সহরে যেসব লোক বাস করে সেই লোকদের ট্রামে ও বাসে যাওয়ার জন্য বছরের পর বছর লক্ষ লক্ষ টাকা ক্ষতি করতে থাকবেন এইটাই গভর্ণমেন্টের পলিসি। এবার আমি আসছি শ্রমিকদের দিকে। কিছুদিন আগে এই মন্ত্রীমণ্ডলী ধন্যবাদার্হ হয়েছেন পাট শিল্প নিযুক্ত শ্রমিকদের কাছে। ১৮০ টাকা তাদের মাইনে ছিল সেই মাইনে ত্রিপাক্ষিক চুক্তির দ্বারা ৪৬ টাকা বেড়ে গেল। শ্রমিক ভাই যারা কাজ করে চটশিল্পে তাদের বেতন বৃদ্ধি হোক সে সম্বন্ধে কারো দ্বিমত থাকতে পারেনা, কিন্তু এখানে পলিসির প্রশ্ন আসছে। যেখানে আমাদের গ্রামে একজন লোক প্রতিদিন হয়ত একমুঠা খেতে পায়না, লোকে সেখানে দৈনিক একটাকা, মাসে ৩০ টাকা মাইনের চাকরী পায়না, সেখানে যাদের ১৮৯ টাকা করে বেতন তাদের একদিনে ৪৬ টাকা মাইনে বাড়িয়ে দিলেন।

[2-10—2-20 p. m.]

দ্বিতীয় যুক্তফ্রণ্ট-এর সময় আমরা জানি তিন কোটি টাকা পাট শিল্পের শ্রমিকদের বাড়িয়ে দেওয়া হয়েছিল। সেই যুক্তফ্রণ্ট সরকার বলেছিল যে শ্রমিকদের স্বার্থে এটা করে দিলাম, তাদের

তিন কোটি টাকা বাড়িয়ে দিলাম। তখনকার শ্রমমন্ত্রী, তখনকার অর্থমন্ত্রী দিল্লী উড়ে গেছল এইজন্য যে সেখানে গিয়ে এক্সপোর্ট কন্সেসন করে আনলেন, করে শ্রমিকদের ৩ কোটি টাকা দিয়ে দিলেন, পাট শিল্পে নিযুক্ত শ্রমিকদের। এতে কার লাভ হল? শ্রমিকদের দিলেন তিন কোটি টাকা কিন্তু যে ১২ কোটি কন্সেসন নিয়ে এলেন তার বাকি টাকা পেল মালিক। মালিককে ৯ কোটি টাকা লাভ করিয়ে দিয়ে ছিটেফোঁটা শ্রমিকদের দিয়ে দিলেন। এই করেছিলেন তখনকার সরকার। আজকেও ঠিক এইভাবেই পাট শিল্প শ্রমিকদের বেতন বৃদ্ধি হল। হোক্। সরকার যে বাজেট স্পীচ দিলেন তাতে তাঁরা এম্পলয়মেণ্ট ওরিয়েণ্টেড বাজেট করতে চান, আমি বলি এই পাট শিল্পের মালিকদের উপর চাপ দেওয়া হোক্। তাদের বলা হোক যে তোমরা যে ওয়েজেস্ দাও তার টেন পারসেণ্ট বাড়িয়ে দাও। এটা কিসের জন্য? এদ্বারা এ্যাডিশনাল এম্পলয়মেণ্ট করতে হবে। আজকে দারিদ্র্য সমস্যা বেকার সমস্যা অতি প্রকট দেশে ত্রিপাক্ষিক চুক্তিতে শ্রমিকদের মাইনে বৃদ্ধি করা হল কিন্তু মালিকদের বাধ্য করা হলনা যে তোমরা এডিশনাল টেন পারসেণ্ট টুওয়ার্ডস ওয়েজেস বাড়িয়ে দাও যার দ্বারা দেশের শিক্ষিত অশিক্ষিত যুবক যারা আছে, যারা না খেতে পেয়ে রাস্তায় ঘুরে বেড়াচ্ছে মৃত্যুমুখের সম্মুখীন হয়ে এম এল এ, মন্ত্রী এবং বিভিন্ন কলকারখানার মালিকদের কাছে গিয়ে চাকুরি চাইছে, তাদের কর্মসংস্থান করে দেওয়া যায়। এই ডিমাণ্ড সরকার করুন, মালিকদের বাধ্য করুন টেন পারসেণ্ট মোর ওয়েজেস্ ইনভেষ্ট করতে যাতে এ্যাডিশনাল এমপ্লয়মেণ্ট এর ব্যবস্থা করতে পারেন। তার ব্যবস্থা কিছু করা হয়নি।

স্বাস্থ্যের কথা কি বলব? শুধু কলকাতা সহরের লোক নয় গ্রামের লোকও এ ব্যাপারে ভুক্তভোগী। কি দরকার স্বাস্থ্যবিভাগে টাকা দিয়ে? ডাক্তারখানা খোলা আছে তো ডাক্তার নাই, ডাক্তারখানা খোলা আছ কিন্তু তাতে ঔষধ নাই, রুগীদের জল দেবার ব্যবস্থা নাই। রুগী তো দূরের কথা সেখানকার হাসপাতালে কর্মচারী যা দু চার জন থাকে তারাই জল খেতে পায়না। টিউবওয়েল সমস্ত অকেজো হয়ে পড়ে আছে। ডাক্তারখানা আছে তার পাশ দিয়ে ইলেকট্রিসিটি গিয়েছে কিন্তু সেই ডাক্তারখানায় কেরোসিনের লাইট টিম টিম করে জ্বলছে, সেখানে যে অপারেশন করা যাবে তার কোন ব্যবস্থা নাই। অথচ বলা হচ্ছে গ্রামে গ্রামে ইলেকট্রিসিটি দেওয়া হচ্ছে, কিন্তু এই যে অবস্থা সেখানে ইলেকট্রিসিটি দেবার ব্যবস্থা হবে কি? একতিয়ারপুর এবং তবিনগর দুটি মৌজা পাশাপাশি। এক্তিয়ারপুরে যে মাসে ইলেকট্রিক দিয়েছেন, তার থেকে তবিনগর মৌজা খুব দূরে নয়, দশহাত দূরে সেখানে একটা খুঁটি পোতা হল, তারপরে বলে দিলেন ইলেকট্রিক দিয়ে দিলেন। এই হচ্ছে ইলেকট্রিসিটি দেবার নমুনা। গ্রামের লোক বছরের পর বছর দরখাস্ত করেও ইলেকট্রিসিটি পাচ্ছেনা। সেখানে মানুষ ইণ্ডাষ্ট্রি করতে চায়, কিন্তু বিদ্যুৎ পাচ্ছেনা, ডাক্তারবাবুর বাড়ীর জন্য নয়, হাসপাতালের জন্য ইলেকট্রিসিটি চাইছে রোগীদের অপারেশনের জন্য, ইণ্ডোরে যে রুগীরা আছে তাদের শুশ্রূষা করার জন্য, পরিচর্য্যা করার জন্য কিন্তু ইলেকট্রিক পাচ্ছেনা। আজকে স্বাস্থ্য বিভাগে যে কাজ হচ্ছে তাতে তারা কলকাতা সহরে স্পেশালিষ্টদের বসিয়ে রেখেছেন আর মফঃস্বলের মানুষ এই বিভাগের বেশীরভাগ টাকা বছরের পর বছর জুগিয়ে যাচ্ছে।

আমি আজ মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি এই কলকাতায় কতগুলি স্পেসালিষ্ট ডাক্তার আজ ১০, ১২, ১৩ বছর ধরে বসে আছেন। তাদের আপনারা বদলি করছেন না। যা বা বদলি করেছেন তা তারা মফঃস্বলে যাচ্ছে না তারা যাচ্ছেন আর,জি, কর থেকে মেডিকাল কলেজ, আর না হয় নীলরতন কলেজ থেকে ন্যাশানাল মেডিকাল কলেজ। এই হচ্ছে বদলির নমুনা। ডাক্তার বা স্পেশালিষ্টদের যেমন কলকাতার লোকেদের দরকার মফস্বলের লোকেদেরও সেরকম দরকার। এদের আপনারা ট্রান্সফার করুন। এদের আপনারা রোটেসান করে মফঃস্বলে পাঠান। তা না হলে হসপিটালে কি হচ্ছে।

মফস্বলে হাসপাতাল আছে কলেজ আছে। কিন্তু কি হচ্ছে হাসপাতালের অবস্থা। আমি হাসপাতালের কথা বলতে পারি মেদিনীপুর সদরহাসপাতাল। সেখানে ৬০০টা রুগী থাকবার কথা; দেখা গেল সেখানে ১২০০ রুগী। তার কারণ ৬০০ টা রুগী খাটের নীচে। আমি ডাক্তার বাবুকে জিজ্ঞাসা করলাম ৬০০ বেড সেখানে ১২০০ রুগী কেন? নীচে শুইয়ে রেখেছেন কেন? তিনি বললেন যে কোথায় পাব বিছানা, কোথায় পাব বিছানা কম্বল মশারী। কোথায় পাব পরিচর্য্যা করবার সরঞ্জাম। তাই তারা নীচে পড়ে আছে। জনসাধারণের চাপে তাঁরা নিয়েছেন। আর জনসাধারণ যে মিথ্যা চাপ দিয়াছেন তা নয় সিরীয়াস রুগী আছে তাদের দিতে হবে হাসপাতালের সুযোগ তাদের দিতে হবে। মন্ত্রী মহাশয় এখান থেকে গাড়ী করে গেলেন, গিয়ে বললেন যে ৬০০ বেডে ১২০০ রুগী কেন? ডাক্তার বাবু ইনকমপিটেন্ট অতএব ডাক্তার বাবু সাসপেণ্ড। ৬০০ জনের খাবার আপনি ১২০০ জনকে খেতে দিচ্ছেন অতএব আপনি সাসপেণ্ডেড। জনসাধারণের চাপে তাঁরা বেড বাড়াতে পারলেন না। জনসাধারণের চাপে সেখানে ১২০০ লোককে ঢোকাল তাদের জন্য তাদের ৬০০ জনের ঔষধ ১২০০ জনকে দিতে হয়েছে, ঐ ৬০০ জনের শয্যা ১২০০ জনকে করে দিতে হল। ডাঃ নাচার। অথচ এ্যাডমিনিষ্ট্রেসান নিজেদের ব্যর্থতা ঢাকতে গিয়ে এরূপ অবস্থার সৃষ্টি করেছে। এই ভাবে ডাক্তারদের কাজ করার অসুবিধা সৃষ্টি করা হচ্ছে। আমরা দেখেছি বর্দ্ধমানে ও বীরভূমে ডাঃ খুন হয়েছে। আমি জানি না এর মধ্যে কতটা রাজনৈতিক খুন। কিন্তু জনসাধারণ সরকারকে দোষ দিচ্ছে, সরকার সেটা ডাক্তারদের উপর চাপিয়ে দিচ্ছে, তারফলে গ্রামাঞ্চলে স্বাস্থ্যের অবস্থা অচল হয়ে পড়েছে। হাসপাতাল আজ ভূতের আড্ডায় পরিণত হয়েছে। রাতে সেখানে ঝি ঝি পোকা ডাকে। সেখানে ডাঃ নেই ঔষধ নেই কোন চিকিৎসার ব্যবস্থা নেই। সেখানে কোন বেড নেই সেখানে স্বাস্থ্যের অবস্থা এই আজ হয়েছে। কোথাও ডাক্তার পাওয়া যাচ্ছে না। এই হল এ্যাডমিনিষ্ট্রেসানের অবস্থা। চার বছর আগে পি, এস, সির মাধ্যমে যে প্যানেল করা হয়েছিল তার ভাগ্য কি জানিনা। প্যানেল যে আজও কি অবস্থায় আছে তা আমরা কেউ জানি না। আগে যে এ্যাডভাটাইজমেন্ট করা হয়েছিল তারই কি হল? কোন লিষ্ট বা কিছু বেরয়নি। গত দু বছরের মধ্যে বেসিক গ্রেড থেকে সিলেকশান গ্রেডে প্রমোশন বন্ধ হয়ে আছে। ডাক্তাররা কাজ করেছেন—তাঁরা কাজ করতে চান কিন্তু তাদের যদি ইনসেনটিভ না থাকে—তাদের যদি প্রমোশন না থাকে তাহলে কি হবে? বহু তরুণ ডাক্তার বহু বৃদ্ধ ও প্রৌঢ় ডাক্তার-এর সঙ্গে আমি কথা বলেছি তাঁরা বলেছেন যে তাঁরা কাজ করতে চান যদি তাঁরা সরকারের কাছ থেকে ন্যায্য পাওনা পান বা তাদের নায্য দাবী মেনে নেয়া হয় বা এমন যে পরিবেশ সৃষ্টি করা হয় যার দ্বারা তাদের মর্য্যাদা অক্ষুন্ন থাকে। তাঁরা বলেন আমাদের ক্ষতি করে আমরা জনসাধারণের জন্য সাড়া দিতে রাজি আছি। কিন্তু আমরা এত হাসপাতাল খুলছি অথচ হাসপাতালে খাবার ঠিক নেই, হাসপাতালে শয্যা ঠিক নেই—। আপনারা হাসপাতাল বাড়াবেন ঠিক, কিন্তু গ্রামের পশ্চিমবাংলার মানুষের আজ যে অবস্থা স্বাস্থ্যের দিক থেকে তাতে তারা সে হাসপাতালের সুযোগ গ্রহণ করতে পাচ্ছে না। আর একটা কথা আমি বলতে চাই কৃষির কথা। আজকে কৃষির অনেক কথা বলা হয়েছে। যে ডিপ টিউবওয়েল করেছেন তাতে আজ কি অবস্থা? কৃষির সবচেয়ে বড় সমস্যা সেচের সমস্যা—জলের সমস্যা। সেখানে তাদের ভগবানের উপর ভরসা করে থাকতে হয়। পশ্চিমবাংলায় যদি জল সেচের ব্যবস্থা করে দিতে পারেন তাহলে কৃষির উন্নতি হবে, চাষীদের বুদ্ধি দেবার কোন দরকার নেই, যদিও তাদের বুদ্ধি ও নানা জিনিষ দেবার জন্য ব্যবস্থা আছে। আমাদের এগ্রিকালচার ডিপার্টমেন্ট আছে। আমাদের এ্যাসিসটেন্ট এগ্রিকালচার অফিসার আছে, আরো আছে একসটেনসান অফিসার, আছেন আমাদের এগ্রিকালচার অফিসার এবং গ্রামে আছে গ্রাম সেবক। এই সমস্ত এগ্রিকালচার অফিসারের কাছে যদি খোঁজ নেন তাহলে দেখবেন যে পশ্চিমবাংলায় যে ব্লক বেশীর ভাগ ব্লকেই এগ্রিকালচার একসটেনসান অফিসারের পদ

খালি। যদিও কল্যাণী ইউনিভারসিটি থেকে এবং অন্যান্য ইউনিভারসিটি থেকে হাজার হাজার লোক এম, এস, সি (এগ্রি) বা বি, এস, সি (এগ্রি) পাশ করে বসে আছে কিন্তু ব্লকগুলিতে আজও এগ্রিকালচার এক্সটেনশান অফিসারের পদ খালি পড়ে আছে। সমস্ত এগ্রিকালচার গ্র্যাজুয়েটরা বেকার হয়ে ঘুরে বেড়াচ্ছে, তাদের এ্যাপয়েন্টমেন্ট দেবার কোন ব্যবস্থা নেই। *শিক্ষার কথা বলি। এই বাজেট ভাষণের মধ্যে মন্ত্রীমহাশয় রেখেছেন যে গ্রামাঞ্চলে এতগুলি প্রাথমিক বিদ্যালয় ১৯৭২-৭৩ সালে হবে। কিন্তু কি করলো। দোষ আমাদের মফঃস্বল।

[2-20—2-30 p. m.]

আমি জানি মফঃস্বলে একটা সার্ভে করা হয়েছিল। এবং সেই সার্ভে করেছিল প্রাথমিক শিক্ষক মহাশয়রা। সেই সার্ভে রিপোর্ট আমি যুক্তি তথ্য দিয়ে প্রমাণ করে দিতে পারি যে শতকরা ৯০ ভাগ ঐ তথ্য ভুল। তাঁরা যে সার্ভে করেছিল তাদের দৃষ্টিভঙ্গি ছিল যে আমরা গ্রামের কি করে দুটি ছেলেকে চাকুরী দিতে পারি। সেই সংখ্যাটা প্রকৃত সংখ্যা ছিল না। প্রাথমিক শিক্ষকরা গায়ে গাঁয়ে গিয়ে ১০০টি ছেলের প্রতি একটি স্কুল দেওয়া যায় এইভাবে করেছিলেন। কিন্তু আসলে ৪০ জন ছাত্র হলে একজন এবং ৮০ জন ছাত্র হলে দু জন শিক্ষক হবে সেখানে ৩টি বা চারটি ক্লাসের রেশিও ছিল না। এবং এই রেশিওতেই গ্রামাঞ্চলে প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হচ্ছে। গ্রামাঞ্চলে মাধ্যমিক শিক্ষার অবস্থাও সেই রকম। তাদের পরিচালনা করবার জন্য প্রতি জেলায় একজন করে জেলা স্কুল ইন্সপেক্টর রাখা হয়েছে। আমি বলি এই জেলা স্কুল ইন্সপেক্টার না বলে এঁদের ডিষ্ট্রিক্ট ফাইন্যান্স (এডুকেশন) অফিসার বললেই হয়। তারা কখনই স্কুল পরিদর্শন করতে যান না। অবশ্য দোষ দিয়ে ভদ্রলোকদের লাভ নেই। কারণ তাদের পরিদর্শন করতে যাবার সুযোগ নেই। তারা বিল পাশ করাবেন, অফিস এ্যাডমিনিষ্ট্রেশন দেখবেন, শিক্ষকদের চাকুরীর নিরাপত্তা দেখবেন। এই সব করার পর ফিজিক্যালি ইমপসেবল তাদের স্কুল পরিদর্শন করার। স্যার, আপনি জানেন স্কুল ইন্সপেক্টারের কাজ হচ্ছে স্কুলে যাওয়া—স্কুল ভিজিট করা। তারা সবাই ট্রেণ্ড এক্সপার্ট ইন এডুকেশন এবং এই দেখেই তাদের এ্যাপয়েন্ট করা হয়েছে। তারা স্কুলে গিয়ে আলোচনা করবেন এক্সচেঞ্জ অব ভিউজ করবেন, এক্সচেঞ্জ অব থট অন এডুকেশন লাইন করবেন। কিন্তু তার বদলে তাদের আজকে হিসাব দেখতে হচ্ছে—বিল পাশ করাতে হচ্ছে। সেখানে টিউসন ফি বেশী নিয়ে গেল কিনা সেই সব দেখতে হচ্ছে। আজকে স্কুল ইন্সপেক্টারদের রিপোর্ট সেই রিপোর্ট এডুকেশন ডিপার্টমেন্টের আসছে Education Deptt. সেই রিপোর্টের কোন গুরুত্ব দেন না। আসলে এডুকেশন ডেভেলপমেন্ট সম্বন্ধে কিছুই তারা করতে পারছে না। আজকে কোন ইন্সপেক্টার হেড মাষ্টার-এর উপর কিছু করতে পারে না। কারণ ডিপার্টমেন্ট তার ইন্সপেক্টারের রিপোর্টের উপর কোন গুরুত্ব দেন না। আগে একটা ভীতি ছিল যদি কোন ইন্সপেক্টার কোন শিক্ষকের উপর বা স্কুলের উপর খারাপ রিপোর্ট করতো তাহলে ডিপার্টমেন্ট সেই রিপোর্টের ভিত্তিতে এ্যাকসন নিত তাকে সাসপেনও করতো। আমি আশা করেছিলাম যে এই বাজেটের মাধ্যমে আমাদের অর্থ মন্ত্রী এই সরকারের এডুকেশন পলেসি কি তা রাখবেন। কিন্তু এই পলেসির কথা এই ভাষণের মধ্যে নেই। পরিশেষে আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে বেকার সমস্যা। আপনি জানেন কিনা জানি না, নিশ্চয় অনেকে দেখেছেন এই ডানলপ কোম্পানীর ১৯৭০-৭১ সালের ব্যালেন্স সীট যদি দেখেন তাহলে দেখবেন যে তার গ্রস প্রফিট ৮৭ ক্রোরস এক্সপেনডিচার দেওয়া হয়েছে ৪৭ ক্রোরস আর ওয়েজেস দেওয়া হয়েছে ৭ ক্রোরস। তার নেট প্রফিট হচ্ছে ৯ ক্রোরস। অতএব এইভাবে একটা ডানলপ কোম্পানীর যেখানে ৮৭ ক্রোরস গ্রস প্রফিট করছে সেখানে সেই জায়গায় ওয়েজেস দিচ্ছে অনলি ৭ ক্রোস।

আর নেট প্রফিট নাইন ক্রোসস্। আমাদের বন্ধু শ্রীজ্ঞান সিং সোহন পাল চীৎকার করছেন কোথায় পাব টায়ার? কোথায় পাব টিউব? মোটর বাস সব বন্ধ হয়ে গেছে আমাদের সরকার কি সেই টায়ার টিউব উৎপাদনকারী ডানলপ কোম্পানীকে বাধ্য করতে পারেন না—, তোমরা যে 87 Crores net profit করেছ তার only 10% invest কর for additional Employoment? তাহলে তো সেখানে ২৪০০/২৫০০ লোক চাকরী পেতে পারে। তা না করে বন্ধুবর বার বার এই হাউসের সামনে বলছেন আমরা টায়ার টিউব পাচ্ছি না। ওদের আপনারা বাধ্য করুন, শিল্পের বিস্তার হোক, ২৪শো লোক চাকরী পাক্, তা না করে Development বাজেটে বেকার সমস্যা সমাধানের জন্য ১১৭ কোটী টাকা নিয়োগের কথা বলছেন। আমাদের ভারত সরকারের লেবার কমিশনার আমাদের কাছে একটা হিসেব রেখেছেন—তিনি বলেছেন একটি যুবকের চাকরী দিতে গেলে কম পক্ষে 29 thousand rupees invest করতে হবে। তাহলে হিসেব করলে দেখা যাবে বেকারী দুর করবার জন্ম যে ১১৪ কোটি টাকা যা আপনারা development খাতে খরচ করতে চাচ্ছেন, তাতে মাত্র ৩৪২০০ বেকার ছেলেকে চাকরী দেওয়া যাবে। Employment Exchange এ মার্চ মাস পর্য্যন্ত রেজিষ্টার্ড বেকারের সংখ্যা হচ্ছে ২৪ লক্ষ। এই ১১৪ কোটী টাকা দিয়ে যদি কোন শিল্পস্থাপনের ব্যবস্থা না করেন, কোন additional employment দেবার ব্যবস্থা না করেন, তাহলে কি করে দেশ থেকে দারিদ্র্য ও বেকারী দূর করতে পারবেন, তা আমরা বুঝতে পারি না। অথচ তারা বলছেন এটা peoples বাজেট, এটা employment oriented বাজেট। এটা সম্পূর্ণ ভাওতা। আমি বিভিন্ন তথ্যের মাধ্যমে হাউসের সামনে এই কথা রাখছি যে এই বাজেটের দ্বারা গ্রামের মানুষ আরো বেশী অত্যাচারিত হবে। তাঁরা Sales Tax এর কথা বলেছেন। এই Sales Tax দ্বারা যে টাকা উঠবে, তাতে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের অভাব হবে, দামও কমবে না, বাড়বে। সিনেমা হাউসে প্রমোদকর আরো বাড়িয়ে দেওয়া হয়েছে। এতে সাধারণ গ্রামের চাষী মধ্যবিত্ত যারা সিনেমা দেখে, তাদের কষ্ট হবে। আমার কথা হচ্ছে সিনেমা হাউসকে tax free করে সিনেমার মালিকের প্রফিটের শেয়ার থেকে tax নেওয়া উচিত। এই যদি আপনারা করতেন—তাহলে তাকে Progressive Taxation বলা যেতে পারতো কাজেই আপনার এই বাজেটের দ্বারা গ্রামের মানুষ শিক্ষিত ও অশিক্ষিত বেকার মধ্যবিত্ত চাষী সকলে হতাশ হয়েছে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি এবং সেই সঙ্গে মাননীয় স্পীকারকে ধন্যবাদ জানাচ্ছি।

**Shri Kumardipti Sengupta** : মি: স্পীকার স্যার, মাননীয় পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী যে বাজেট প্রস্তাব এই বিধান সভায় পেশ করেছেন, আমি তাকে সমর্থন জানাই। সমর্থন জানাই এইজন্য তিনি যতখানি চেষ্টা করেছেন—তারমধ্যে নিপীড়িত জনগণকে, গরীব জনগণকে উপেক্ষিত ও বঞ্চিত জনগণকে কিন্তু ট্যাক্সের আওতা থেকে বাদ দেবার চেষ্টা করা হচ্ছে না। সবক্ষেত্রে ট্যাক্সের আওতা থেকে বাদ দিতে তিনি পারেন নি—এ কথা সত্য। তাঁর যে বাজেট—তার মধ্যে নূতন দৃষ্টিভঙ্গী ও নূতন কিছু প্রচেষ্টার ইঙ্গিত রয়েছে—Progressive rate of Taxation। মাননীয় সদস্য মহান্তি মহাশয় এর আগে তাঁর বক্তব্যে বললেন—৯ বিঘার উপর জমির মালিক যারা, তাদের উপর থেকে কেন খাজনা নেওয়া হবে? তিনি কি জানেন না পশ্চিমবাংলার শতকরা ৫৭ জন ভূমিহীন কৃষক-তাদের কোন জমি নাই। পশ্চিমবাংলার ২৮ লক্ষের মত বেকার? তিনি কি এমন কোন নির্দেশ দিতে পারেন—যেখান থেকে এই ভূমিহীন ৫৭ ভাগ কৃষককে আমরা* কোন রকমে প্রতিপালন করতে পারবো? এবং ঐ ২৮ লক্ষ বেকারের কোন রকম কর্মসংস্থান করতে পারবো? এই রকম একটা প্রশ্ন রাশিয়ায়ও করা হয়েছিল এবং সেখানেও এই প্রশ্ন একদা উঠেছিল। আমরা পশ্চিমবাংলার লোক—আমাদের এখানে হয়ত লেনিন সাহেবের মত নেতৃত্ব নাই। আজকে তাই হয়ত রাশিয়ার সঙ্গে

আমাদের তুলনা করা উচিত হবে না। প্রশ্নটা যখন রয়েছে—তখন আমি বলতে বাধ্য হচ্ছি—রাশিয়াতে যখন খাদ্যভাণ্ডার সংগ্রহ করার প্রয়োজন হয়েছিল, তখন লেলিন সাহেব এই উক্তি করেছিলেন—খাদ্য ট্যাক্স ছাড়া আমাদের কিছু নাই। কেউ অন্য কোনরূপ প্রস্তাব করেন নাই। তা ভাবা যাচ্ছিল না। আমরা কৃষকদের কাছ থেকে দুবার বা তিনবার করে শস্য নিয়েছি এবং তাকে আগের চেয়ে খারাপ অবস্থায় ফেলে দিয়েছি। ফলে যে কৃষকরা বেশী পরিশ্রমী, তারা অনেকে অন্যের চেয়ে বেশী ভুগেছে।

[2-30—2-40 p.m.]

মানুষের জীবনে, জাতীয় জীবনে চলার পথে যেতে গেলে এইগুলোর প্রয়োজন ঘটে। এগুলো অস্বীকার করা যায় না, মহান্তি সাহেব একথা স্বীকার করবেন। অন্তত এক থেকে ৯ বিঘা জমি যাদের তাদের ট্যাক্সের আওতা থেকে বাদ দিয়েছেন বলে নিশ্চয় তিনি পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রীকে সাধুবাদ জানাবেন। মহান্তি সাহেব এমপ্লয়মেণ্ট প্রবলেম সম্বন্ধে যে প্রশ্ন তুলেছেন হয়তো নীতিগতভাবে আমরা তার সাথে একমত। পশ্চিমবঙ্গের এর আগেও ট্যাক্সেসান হয়েছে। ইকনমিক রিভিউতে দেখতে পাচ্ছি পার ক্যাপিটা ট্যাক্স ১৯৬৯ সালে ছিল ৩৪.৮৪, ১৯৭০ সালে ৪০.০২, ১৯৭১ সালে ৪২.১৫। সেই রেট পশ্চিমবঙ্গে বাড়ছে দিনে দিনে। কিন্তু সে তুলনায় পশ্চিমবঙ্গের উন্নতি কতখানি হচ্ছে আজকে সেটা বিচার্য বিষয়। আজকে যে পরিমাণ বেকার আছে তা যদি থাকে তাহলে পশ্চিমবঙ্গের শান্তি, শৃঙ্খলা বিপন্ন হতে পারে এবং পশ্চিমবঙ্গের বেকার বেকার থাকবে আর আমরা ঠাণ্ডা ঘরে বসে থাকবো এবং পশ্চিমবঙ্গেও শান্তি, শৃঙ্খলা বজায় থাকবে সেদিন পশ্চিমবঙ্গের আর নেই। আমি তাই অর্থমন্ত্রীকে দুঃখের সঙ্গে জানাচ্ছি বেকার সমস্যার সমাধানের জন্য তিনি কোন বলিষ্ঠ ও সুস্পষ্ট পদক্ষেপ করতে পারেন নি। আজ তাই তাঁর কাছে ব্রিটিসিজমের ওয়েতে নয় কনট্রাকটিভ ওয়েতে কতকগুলো বক্তব্য রাখতে চাই। আপনারা হয়তো জানেন পশ্চিমবঙ্গ থেকে যে সমস্ত মোটর গাড়ী বিহারে যায় সেগুলোকে ট্যাক্স দিতে হয়, কিন্তু পশ্চিমবঙ্গে যে সমস্ত গাড়ী বিহার থেকে আসে তারজন্য ট্যাক্স দিতে হয় না। যে আইনের জন্য এটা হয় সেটা 19th February Bihar Gazttee এ বেরিয়েছে। In exerecise of the powers conferred by section 8 of the Bihar Taxation on Passengers and Goods carried by Public Service Motor Vehicles, Act, 1961, read with sub-rule (1) etc .....etc. এতে আমরা দেখতে পাচ্ছি যদি পশ্চিমবঙ্গের গাড়ী বিহারে যায় সেখানে আমাদের ট্যাক্স দিতে হচ্ছে শুধু ট্রাকের জন্য প্রতিদিন ৮ টাকা ৫০ পয়সা, আর ট্যাক্সি কারের জন্য ৩ টাকা ২৫ পয়সা। এছাড়া অন্যান্য ধরণের গাড়ীতেও ট্যাক্স আছে। আজকে মন্ত্রীসভার কাছে প্রস্তাব রাখছি। শুধু চাকরি দিয়ে বেকার সমস্যার সমাধান করা যাবে না। বাঙালীর আত্মমর্যাদা আছে, বাঙালী বুদ্ধিমান জাতি, বাঙালী আকাশ থেকে তারা ছিনিয়ে আনতেও পারে। তাই নিবেদন করবো, For God's sake do not creat a nation of clerks. আজকের দিনে দরকার হয়েছে ব্লক লেভেলে, গ্রাম লেভেলে একটা করে সোশ্যালিষ্ট ইউনিট তৈরী করা। কলকাতায় বসে গরিবী হঠানো যাবে না, কলকাতায় বসে সোশ্যালিজম আনা যাবে না। ব্লক লেভেলে কটেজ ইনডাষ্ট্রী করে দিন। ম্যাচ ফ্যাক্টারী, ব্রিক ফ্যাক্টারী, রিক্সা ইত্যাদির কটেজ ইণ্ডাষ্ট্রি করুন। এই রকম ধরণের এগ্রিক্যালচারাল ইমপ্লিমেণ্টস দিয়ে আমাদের ছেলেদের সেখানে বসিয়ে দিন। শহরের উপর চাপ এসেছে, গ্রাম থেকে ছেলেরা এসেছে তারা ভাবে শহরে গেলে চাকরি পাওয়া যাবে। যদি ব্লক লেভেল সোশ্যালিষ্ট ইউনিট সৃষ্টি করা যায় তবে আমার মনে হয় পশ্চিমবঙ্গে বেকার সমস্যার সৃষ্টি হতে পারে না। তাদের

এক্সপার্ট গাইডেন্স দেবেন। আমি যে ট্যাক্সের কথা বললাম সেটা যদি করতে পারেন পশ্চিম বঙ্গে যদি দিনে ৫ হাজার করে ট্রাক আসে তার চেয়েও বেশি আসে এবং ৬ টাকা ৫০ পয়স করে না নিয়ে যদি আমরা ৫ টাকা করে নিই এবং সে গাড়ী যদি গড়ে পশ্চিমবঙ্গে ৪ দি করে থাকে, তাহলে আমাদের আয় হচ্ছে ৩ কোটি ৬৫ লক্ষ টাকা। এই টাকা পশ্চিমবঙ্গে লোক দেবে না, পশ্চিমবঙ্গের বাইরের লোক দেবে। যেটা রাজস্থানে আছে, বিহারে আছে এবং ভারতবর্ষের অন্যান্য প্রদেশেও এটা হচ্ছে। এটা প্রগেসিভ ট্যাকসেসান। এই ট্যাক্স পশ্চিমবঙ্গের বেকার সমস্যার সমাধানের জন্য অন্য দেশের লোকের কাছ থেকে আনতে হবে।

তা যদি না দিই, এরকম ধরনের আইন না করি, তাহলে আমার মনে হয় পশ্চিমবঙ্গের কোন উন্নতি হওয়া সম্ভব নয়। পশ্চিমবঙ্গের মাননীয় অর্থমন্ত্রী বড় আনন্দ পেয়েছেন, একট অংকও বলেছেন, তাতে দেখতে পাচ্ছি যে ১৪২ কোটি টাকার একটা ডেভালপমেন্ট প্লান আমি এই বইটি পুঙ্খানুপুঙ্খরূপে পড়েছি কিন্তু এরমধ্যে কোন ইঙ্গিত পেলাম না যাতে এই আনএমপ্লয়েড ছেলেদের জন্য বা এই হতভাগ্য ছেলেদের জন্য একটা নির্দিষ্ট বা সুস্পষ্ট পদক্ষেপ করা হয়েছে। তাই আমি বলছি এই ট্যাকসেসান এটা আপন ডিফারেণ্ট পিপল অব ডিফারেণ্ট প্রভিনসেস এটা করা ছাড়া আমাদের পশ্চিমবঙ্গকে বাঁচাবার কোন উপায় নেই। পশ্চিমবঙ্গে ডেভালপমেণ্ট প্লান নিয়ে কি করবেন, আপনাদের যেটা আছে সেটাই তো চলে না। ১৯৬৯ সালের রেকর্ড হল ৫·৬৩ পারসেণ্ট প্রোডাকসান আর আজকে সেটা হচ্ছে মাইনাস ৫·৬৩। কটনের প্রেডাকসান ৬·৫৫ পারসেণ্ট, আজকে সেই প্রোডাসান হচ্ছে মাইনাস ৯·৭৭ পারসেণ্ট। কাজেই আজকে যেটা আপনাদের রয়েছে সেটাই আপনারা চালাতে পারছেন না। ১৯৬৫/৬৬ সালকে বেস ধরলে ৬৬ পারসেণ্ট অব দি টোট্যাল প্রেডাক্টস এক্সপোর্টেড ফ্রম ইণ্ডিয়া তাতে পশ্চিমবঙ্গের ছিল শীর্ষ স্থান, একটা গৌরবের স্থান এবং সেটা বেশী দিনের কথা নয়, এই সেদিন মাত্র। ১৯৬৫/৬৬ সালে যেটা ছিল ৬৬ পারসেণ্ট ১৯৭০/৭১ সালে সেটা এসেছে ১৭ পারসেণ্টে। আজকে আমাদের যে ফ্যাক্টারীগুলি রয়েছে সেখানে ৪০ থেকে ৫০ পারসেণ্ট পর্য্যন্ত তাদের ফুল ক্যাপাসিটি সেটা পর্য্যন্ত কাজ করানো যাচ্ছে না। আমাদের মিল, কলকারখানা যেগুলি রয়েছে আজ পর্য্যন্ত সেগুলিকে পূর্ণ উদ্যমে আমরা চালু করতে পারছিনা। এই মিলগুলিকে যদি আমরা চালু করতে পারতাম তাহলে আমাদের দেশের অর্থনৈতিক কাঠামো অনেকখানি উন্নত হতে পারতো। আমাদের পশ্চিমবঙ্গের মাটিতে সোনা রয়েছে। এই সোনা সরকারকে শুধু আহরণ করতে হবে। জুট বা পাট এতে কাজ করে ৩·৩ লক্ষ ওয়ার্কার, ৪ মিলিয়ন এগ্রিকালচারাল ফারমার্স এর এতে অন্নের সংস্থান হয়, আর ফরেন এক্সচেঞ্জ আর্ন করি আমরা ২৫০ কোটি টাকার তাছাড়া ট্যোটাল রেভিনিউ অব দি সেণ্ট্রাল এ্যাণ্ড ষ্টেট পাওয়া যায় ৬০ কোটি টাকা। বড়ই দুঃখের কথা এই পাট যেটা আমাদের মূল ব্যাকবোন অব দি ইকনমি সেই পাটের জন্য আমরা কেন ভাল বীজ, সার এবং ভাল ইরিগেসানের ব্যবস্থা করে উন্নতির দিকে দেশকে নিয়ে যেতে পারছি না। বাংলাদেশ থেকে পাট নিয়ে গিয়ে পশ্চিম পাকিস্থানে ইন্দ্রপুরি তৈরি হয়ে গিয়েছে। কয়েকটা পরিসংখ্যান থেকে আমরা দেখতে পাচ্ছি যে পৃথিবীতে যে পাট বিক্রি হয় বাংলাদেশ, পাকিস্থানের পাটের তুলনায় আমরা যে পাট পাঠাই তার পরিমাণ হচ্ছে মাত্র ২৫ পারসেণ্ট। সুতরাং ডেভালপমেণ্ট প্ল্যানের বড় বড় কথা না বলে যদি পাটের জন্য কিছু নির্দিষ্ট রূপে খরচ করতাম তাহলে আমার মনে হয় পশ্চিমবঙ্গের যে ইকনমি তা এত দুর্দশাগ্রস্ত হত না। কটন সম্বন্ধে বলি যে সুন্দরবনে যে চাষ হচ্ছে তা যদি উন্নত ধরনের করতে পারি তাহলে বাংলাদেশের ভবিষ্যৎ অতি উজ্জ্বল। দুঃখের কথা আজকেও বাংলাদেশে আমেদাবাদের মত একটা শহর আমরা তৈরি করতে পারি নি। তারপরে রাশিয়াতে ইল্ড হচ্ছে ৭২২ পাউণ্ড আর

তার করেসপণ্ডিং ইণ্ডিয়ানে ইল্ড হচ্ছে মাত্র ১২০ পাউণ্ড। সুতরাং সুন্দরবনে যদি আমরা এই রকমের ফসল তৈরী করতে পারি তাহলে আমার মনে হয় পশ্চিমবঙ্গের অগ্রগতি ঘটবে। আজকে ট্যাক্স করা সত্বেও কি কোন সলিউসান হবে? ট্যাক্স আমরা যতই বাড়াই না কেন আমাদের অপচয়ের অবস্থাটা কি? আজকে আমাদের মাননীয় মন্ত্রীমহাশয় যে বই বার করেছেন তাতে তিনি স্বীকার করেছেন একমাত্র টিউবওয়েলেই খরচ হয়েছে ২ কোটি ৩৩ লক্ষ টাকা। আর, ডব্লিউ, এস বলে একটা ডিপার্টমেণ্ট রয়েছে তাদের দায়িত্ব ছিল কাজকর্ম করে এই টিউবওয়েলগুলি চালু রাখা। আজকে যে ২ কোটি ৩৩ লক্ষ টাকা খরচ হয়ে গেল তার এক পয়সাও খরচ হওয়া উচিত ছিল না যদি আর, ডব্লু. এস ঠিকমত কাজ করতো। বহরমপুরে একটা ট্রাক্টর ডিভিসান আছে এবং তার কতকগুলি বড় বড় মেশিন আছে। তার টায়ারের দাম হচ্ছে ৬ হাজার টাকা। সেখানে তিন বছর ধরে একটা হাণ্ডেল দিয়ে কোন মেশিন ষ্টার্ট করা হয়নি এবং এরজন্য প্রতি বছর আমরা মাহিনা দিচ্ছি ২। লক্ষ টাকা।

এছাড়া যে টিউবওয়েল আমরা নদীয়া, মুর্শিদাবাদে বরেছি তার রেট হচ্ছে মোটামুটি ৪০ টাকা থেকে ৮০ টাকা, আর রিসিকিং আর, ডব্লিউ, এস, এর রেট হচ্ছে ২৫০ টাকা, ঐ একই ধরণের টিউবওয়েল করার জন্য এবং যদি এই ধরণের অপচয় ঘটে থাকে, যদি আমলাতন্ত্রের অন্যায়, জুলুমবাজী চলতে থাকে এবং তারপর চৌর্য্যবৃত্তি দমন করতে না পারা যায় তাহলে যতই টিউবওয়েল করুন, ফুটো বুজবে না, সব ব্যর্থ হবে, বৃথা চেষ্টা তৃষ্ণা মেটাবারে —আমি যে অপচয়ের হিসাব দিচ্ছি এর সঙ্গে আরো কতকগুলি অপচয়ের কথা বলতে পারি যেগুলি আগেও অনেকবার বলা হয়েছে। তারপরে টিউবয়েলে দেখুন আমাদের দরনাথিং এতগুলি টাকা খরচ হয়ে গেল, যদিও একটি ডিপার্টমেণ্ট ছিল তবুও অকারণ ২ কোটি ৩৩ লক্ষ টাকা খরচ হয়ে গেল। আজকে যদি আমরা এ্যাডমিনিষ্ট্রেসন ঠিক করতে না পারি তাহলে হাজার চেষ্টা করলেও কিছু হবে না। আমলাতন্ত্রের বিরুদ্ধে যদি আমরা ব্যবস্থা অবলম্বন করতে পারতাম, অত্যাচার, অন্যায়ের বিরুদ্ধে যদি সরকার আরো শক্ত হতেন তাহলে আমরা এই টাকা ব্যয় না করে আরো অসংখ্য কাজ করতে পারতাম। আজকে আমাদের একটি বই দেওয়া হয়েছে, Government of West Bengal, Finance Department, Statement showing the financial results of important schemes of Government involving transactions of commercial or semi-commercial nature for the year 1972-73. এই বইটির মলাটটি সাদা, কিন্তু আসলে বইটির মলাটটি কালো হওয়া উচিত ছিল। এতে পশ্চিমবঙ্গের একটি কলঙ্কের ইতিহাস লিপিবদ্ধ করা আছে। এখানে দেখা যাচ্ছে গ্রেটার ক্যালকাটা মিল্ক সাপ্লাই স্কীমে আমরা লোকসান দিচ্ছি ১ কোটি ১৭ লক্ষ ৮২ হাজার টাকা এবং এটা চালু রাখার জন্য মাইনে দেওয়া হয় মাত্র ২৫ লক্ষ টাকা। আজ যদি এটা আমরা বন্ধ করে দিই তাহলেও আমাদের প্রায় ১ কোটি টাকা পর্যন্ত নেগেটিভ ওয়েতে লাভ হচ্ছে। তারপরে আর একটি কারখানা দেখুন ইণ্ডাষ্ট্রিয়াল এস্টেট, বারুইপুর, সেখানেও আমাদের বেশ খানিকটা লোকসান হয়ে গেছে এবং টপিকাল কাল্টিভেসন স্কীমে আমাদের ১৪ লক্ষ ২৮ হাজার টাকা লোকসান হচ্ছে এবং ওয়েজেস এণ্ড স্যালারিজ বাবদ মাত্র খরচ হচ্ছে ৯১ হাজার টাকা। আজ যদি এটা বন্ধ করে দিয়ে সেই কর্মচারীদের বাড়ীতে মানি অর্ডারে টাকা পাঠান হয় তাহলেও আমাদের লাভ আছে। কাজেই আমরা হিসাব করে দেখছি এই ভাবে ২ কোটি ৩৫ লক্ষ টাকা আমাদের পাবলিক আণ্ডারটেকিং-এ লোকসান যাচ্ছে এবং এর জন্য আমরা আগেই ২ কোটি ৩৩ লক্ষ টাকা লোকসান দিয়েছি টিউবওয়েলের মধ্য দিয়ে। সুতরাং আমার নিবেদন হচ্ছে টিউবওয়েলের পদ্ধতিতে সলিউসান নেই

—টিউবওয়েল করতে হবে, কিন্তু টিউবওয়েল যারা করবেন তাদের এই দায়িত্ব নিতে হবে, যে বুভুক্ষ মানুষের কাছ থেকে আমরা পয়সা ছিনিয়ে নিচ্ছি তার প্রতিটি পয়সা যেন উপযুক্তরূপে ব্যয় হয়। আজকে আমলাতন্ত্রের জন্য আমরা খুব বিব্রত। আমরা যারা এম, এল, এ রয়েছি প্রতিদিন রাইটার্স বিল্ডিংসে যখনই যাচ্ছি তখন মন্ত্রী মহাশয়রা একটুখানি স্মীত হাস্য করে হুকুম দিচ্ছেন, একটি করে অর্ডার দিচ্ছেন, কিন্তু কাজ আমরা পাচ্ছি না। আমরা কেবলই ঘুরছি আর ঘুরছি। এই আমলাতন্ত্রই হচ্ছে আদি, অনন্ত, অকৃত্রিম, ওরাই সৃষ্টি, ওরাই স্থিতি, ওরাই আমাদের পথ দেখাচ্ছে। একদা যেমন শ্রীকৃষ্ণ অর্জুনকে বলেছিলেন "সর্বধর্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ" অর্থাৎ সব কিছু পরিত্যাগ করে আমাকে স্মরণ কর, আমরাও সেইজন্য আমলাতন্ত্রর পিছনে পিছনে ঘুরছি আর ঘুরছি। এরা আমাদেরকে বিভূতি দেখাচ্ছে। আশা করি আমার গঠনমূলক সাজেসান বিহারের গাড়ীর ট্যাক্স সম্বন্ধে এটা মন্ত্রী মহাশয় বিবেচনা করে দেখবেন।

[2-40—2-50 p.m.]

**শ্রীমতী গীতা মুখার্জিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাজেটের সাধারণ আলোচনার পরিসর খুব ব্যাপক, কিন্তু আমার সময় এতখানি ঠিক নেই। কাজেই এই পরিসরের মধ্যে পরিসংখ্যানের একটি বিশিষ্ট দিক বেছে নিচ্ছি আলোচনার জন্য এবং সেই বিশিষ্ট দিকটি হচ্ছে সম্পদ সংগ্রহের দিক, ইংরাজীতে যাকে বলে রিসোর্স মবিলাইজেসন। আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তার মধ্যে তিনি সম্পদ সংগ্রহের জন্য কয়েকটি নুতন কর ধার্য্য করেছেন। বিলাসিতা দ্রব্য ইত্যাদির উপর কর ধার্য্য করে তিনি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আবার একটা ডাইরেকসন ধরেছেন এবং সেগুলিকে আমরা অনেক ক্ষেত্রে সমর্থন করছি এবং সেই ডাইরেকসন ঠিকই ধরেছেন বলে মনে হয়। কিন্তু তার কয়েকটি করের বিষয়ে আমাদের যে অমিল আছে তাও ইতিপূর্বে আমাদের বিভিন্ন বক্তা তাঁদের বক্তৃতার মধ্যে এই হাউসের সামনে তুলে ধরেছেন।

এই কর বসিয়ে আরো টাকা তুলবার সুযোগ হয়ত ২।১টি ব্যাপারে আরো থাকতে পারে। যেমন ধরুন Luxury Construction যেগুলি হয়েছে, Park Street-এ যেখানে বিরাট বিরাট বাড়ী উঠেছে এবং সবই জানালায় দেখবেন যে এয়ার কণ্ডিসানার বসান হয়েছে। এই যে বিরাট বিরাট বাড়ী Luxury Construction হয়েছে এগুলিতে থাকবেন বড় লোকেরা। যেহেতু বড় লোকেরা থাকবে হয়ত Luxury Construction একটা taxএর কথা ভাবা যেতে পারে। কিন্তু আমার আজকে যে আলোচ্য বিষয় সেটা প্রধানতঃ এটা নয়। আমি একটা কথা প্রধানতঃ তুলতে চাই, এই নূতন চেষ্টা করা সত্বেও আজকে এই বাজেটে কিন্তু সম্পদ সংগ্রহের জন্য প্রধানতঃ যার উপর নির্ভর করা হয়েছে সেটা হচ্ছে সেই পুরানো ধরনের। অর্থাৎ কর বসিয়ে—প্রত্যক্ষ বা অপ্রত্যক্ষ কর বসিয়ে আরো সম্পদ সংগ্রহ করা। এখানে এ বিষয়ে আমাদের যে ধারণা সেটা হচ্ছে এই যে, দেখুন কর বসিয়ে সম্পদ সংগ্রহ করে প্রধানতঃ তাদের উপর সর্বপ্রকার মঙ্গল করবো ; ধনতান্ত্রিক দেশে বিশেষ অবস্থার মধ্যে হয়ত সাময়িক এই রকম একটা পরিকল্পনা করা যেতে পারে কিছু কিছু জায়গায়। কিন্তু আমাদের মত দেশ যেখানে Government বলছেন যে তারা গণতান্ত্রিক সমাজবাদ করতে চাচ্ছেন অর্থাৎ পুঁজিবাদ থেকে অন্ততঃ কিছুটা সরে যেতে চাচ্ছেন, এটাই ধরে নেবো। এবং যেখানে একটা প্রগতিশীল অর্থনীতি, উন্নতিশীল একটা দেশের অর্থনীতি কিন্তু সম্পদ প্রধান উৎস সেখানে যদি প্রত্যক্ষ বা অপ্রত্যক্ষ কর হয় তাহলে কিছুতেই সেই রাজ্য বা রাষ্ট্রের হাতে যথাযোগ্য সম্পদ mobilised হতে পারেনা। কারণ আমাদের দেশের মানুষ অত্যন্ত গরীব। সুতরাং তাদের কর দেবার ক্ষমতা

সীমাবদ্ধ। আর যাদের হাতে অতিরিক্ত টাকা super rich, তারা super profit করতে চান, super profit না হলে তারা লগ্নী করেন না বা লগ্নী করবার ইচ্ছা বোধ করেন না, কর তৈরী করবেন তাদের উপর। কর ফাঁকি দেবার তারা super কায়দা জানে। সুতরাং এই রকম একটা পরিস্থিতিতে স্বভাবতঃই আমাদের এই প্রধান সম্পদ সংগ্রহের ধারা হিসাবে রাষ্ট্রায়ত্ব বানিজ্য এবং রাষ্ট্রায়ত্ব শিল্প ক্ষেত্র করতে হবে একথা এড়ানোর কোন উপায় নেই। এ সম্পর্কে আমি কিছু নির্দিষ্ট গঠনমূলক প্রস্তাব দেবো, কিন্তু তার আগে একটি কথা বলে নেওয়া দরকার যে, রাষ্ট্রায়ত্ব ক্ষেত্রে শিল্পে অনেক জায়গায় লোকসান হচ্ছে। এই ঘটনার সুযোগ নিয়ে বড় বড় মুনাফাখোর ব্যবসায়ীরা এবং একচেটিয়া পুঁজিপতিরা এবং তাদের প্রচারবিদরা এই ক্ষেত্রকে প্রসারিত করার বিরুদ্ধে ক্রমাগত লড়াই করছে। ব্যাপকভাবে বলেছি C. P. I. এর সদস্যরা মোর্চার মধ্যে কংগ্রেস সদস্য এবং আমাদের সমগ্র গণতান্ত্রিক মোর্চার সমর্থন প্রাপ্ত যে মন্ত্রীসভা সকলকে ধরে বলেছি আমরা। এই আমরা সকলে এইটুকু চাই, এটা কি ভাবে আমরা কি challenge করে এক ভেংগে দেওয়া যায়, blust করা যায় সেই রকম একটা কর্মসূচী নিয়ে এগিয়ে যাবার চেষ্টা করবো, না কি এই প্রচারের শিকার হব। এটাই হচ্ছে আমার কাছে একটা বড় প্রশ্ন যা আমি বিধান সভার সকলের কাছে আবার উপস্থিত করতে চাচ্ছি। রাষ্ট্রায়ত্ব ক্ষেত্রে বর্তমানে লোকসান হবার অনেক কারণ থাকতে পারে। কিন্তু আমরা কি একথা ধরে নেবো যে বরাবরই লোকসান হবে? না তা কখনই ধরে নিতে পারি না। কারণ যদি আমরা তা ধরে নেই তাহলে আমরা একচেটিয়া পুঁজিপতিদের হাতে, বৃহৎ বৃহৎ ব্যবসায়ীদের হাতে আমাদের পথ সঁপে দেবো এবং আমাদের দেশের দারিদ্র্য বলুন, বেকারী বলুন তা বাড়িয়ে তুলবো। তাই রাষ্ট্রায়ত্ব ক্ষেত্রে যাতে লোকসান বন্ধ করা যায় আমরা মনে করি সেটা উল্লেখ হওয়া উচিৎ ছিলো। নির্দিষ্ট বিষয়ে নির্দিষ্ট কি পরামর্শ আছে তার উপর দাঁড়িয়ে এবং সেই নির্দিষ্ট বিষয়ের উপর দাঁড়িয়ে কেমন করে সর্বশক্তি প্রয়োগ করা যায় তার উপর দাঁড়িয়ে আমার যে সীমিত জ্ঞান ও অভিজ্ঞতা সেই সীমিত জ্ঞান ও অভিজ্ঞতা নিয়ে এই সভায় ২।৪টি কথা তুলে ধরতে চাই। আমাদের এই রাষ্ট্রায়ত্ব ক্ষেত্রে লোকসান বন্ধ করবার উপায় কি? দেখুন, আমি কয়েকটি শিল্প থেকে এই উদাহরণ তুলে ধরবার চেষ্টা করবো। আমি যেগুলি দেবো তার চেয়ে অনেক বেশী উদাহরণ আমি বিশ্বাস করি মন্ত্রীমণ্ডলীর জানা আছে। বহু Expert Committeeর report বেরিয়েছে সুতরাং উদাহরণ থেকে indicative সেই রকম আমি ২।১টি উদাহরণ দেবো। দেখা যাক আমাদের রাষ্ট্রয়ত্ব শিল্পে যে capacity সেই capacity আমরা কতখানি ব্যবহার করছি।

ধরুন এখন তো দারুন বিদ্যুৎ সঙ্কট। এই বিদ্যুৎ সঙ্কটের অবস্থায়, প্রথমে আমার বিদ্যুতের কথা মনে পড়ছে। বর্তমানে State Electricity Board এর underএ ব্যাণ্ডেল এবং গৌরীপুর এই দুটো Power station এবং DPLএর অধীনে রয়েছে, DPL বিদ্যুৎ কেন্দ্র, এছাড়া অবশ্য DVC'র আছে, সেই অংশে আমি যাচ্ছিনা। এই প্রথমোক্ত তিনটি কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের প্রত্যক্ষ এবং অপ্রত্যক্ষ অধীনে। এই তিনটিতে Built-in-capacity যা আছে, সেই capacity, আর যা capacity utilised হচ্ছে,তার মধ্যে বিরাট তফাত। উদাহরণ স্বরূপ DPL এর installed capacity হলো ২৮৫ মেগাওয়াট, এই isntalled capacity-কে যথাযথভাবে ব্যবহার করতে পারলে সেখান থেকে পাওয়া যেত আমাদের ১৮৫ মেগাওয়াট। কিন্তু সেখান থেকে এখন পাচ্ছি ১০০ মেগাওয়াট। এখন এর অনেক জটিল দিক আছে, আমি সমস্ত দিকের কথা বলছি না। একটা ন্যূনতম উদাহরণ আমি ধরি, এই তিনটি পশ্চিমবঙ্গ সরকারের প্রত্যক্ষ এবং অপ্রত্যক্ষ underএ যে তিনটি power generator রয়েছে বহুদিন ধরে এই কথা উঠছে যে এই তিনটিকে একটা ছাতির তলায় আনতে। কেন একটা ছাতির তলায় আনবে। অন্ত আরও অনেক over head cost বাদ দিলেও সমস্তগুলি

generating station এর নিয়ম হচ্ছে যে তাদের যে installed capacity তার একটা অংশকে বরাবর রেখে দিতে হয় reseve হিসাবে, তার বাকীটাকে কার্যকরী করতে হয়। হঠাৎ যদি fail করে যায় তাহলে reserve থেকে যাতে দেওয়া যায়। এখন এই তিনটি আলাদা আলাদা unit সুতরাং তিন জায়গায় সমান reserve রাখতে হচ্ছে, তার commensurate অথচ এই তিনটি আলাদা আলাদা unit যদি এক জায়গায় হত, তাহলে এত reserve রাখতে কোন সময়েই হতো না। এমন কি বর্তমানে যা function করছে তিন তিনটি, খারাপ ভাবেও যদি function করতে পারতো তাহলেও যদি এক unbrellaর under এ আনা যেত—একটু improve করতে পারলেই এই reserve টা cut out করতে পারলেই দেখা যেত যে আমরা আরও বাড়তি ১৫ মেগওয়াট বাড়তি power পেতাম। আপনারা বলছেন যে ৫০ মেগাওয়াটে নাকি গোটা rural Electrification হয়ে যায়। সেই কথায় আমি পরে আসবো যেদিন power সম্বন্ধে আলোচনা করবো। কিন্তু যদি সে কথা সত্য হতো তাহলে ১৫ মেগাওয়াট—এক এক কিলো ওয়াট তৈরী করতে ১৬০০ টাকা খরচ হয় আর এই নুতন ১৫ মেগাওয়াট install করতে হলে ১২ কোটি টাকা লাগবে। অথচ এই সুপারিস, এই সুপারিশ অনেকদিন থেকে অনেকে করেছেন, কস্তুরলাল কমিটি, যারা ১৯৬৭ সালে নিযুক্ত হয়েছিল কেন্দ্রীয় সরকারের, বিহার সরকারের এবং পশ্চিমবঙ্গ সরকারের সেখানে প্রতিনিধি ছিল, তাঁরাও এই সুপারিশ করেছেন, অথচ আমরা এদিকে গেলামনা। একটা উদাহরণ যেমন আমি বললাম তেমনি আর একটা উদাহরণ উপস্থিত করছি যেটা হচ্ছে Oriental Gas Company সম্বন্ধে। এই Gas Companyতেও লোকসান হচ্ছে। লোকসান ঠেকানোর যে নানারকম দিক আছে, তার মধ্যে একটা খুব grossly দিক আছে, যে কেউ তাকালেই দেখতে পাবেন যে DPL থেকে যে Gas পান Oriental Gas Company, তার শতকরা ৪০ শতাংশ Unaccounted for Gas, অর্থাৎ তারা পলাতক, অর্থাৎ DPL থেকে কলকাতায় আসবার পথে, এসেই পলাতক হলো কি, পথেই পলাতক হলো, কোথায় পলাতক হলো তা বোঝা যাচ্ছে না। কিন্তু ৪০ শতাংশ DPL থেকে এসেই পলাতক হয়ে যাচ্ছে। এবং এই যে ৪০ শতাংশ Gas এর দাম কিন্তু হচ্ছে, ৩০ থেকে ৩৫ লাখ টাকার মত। আর পলাতককে তো গ্রেপ্তার করতে হবে আর কাউকে পারি না পারি। সমস্ত বিদেশীরা বলছেন পলাতক হতে পারে শতকরা বড় জোর ৫ ভাগ। আমাদের যন্ত্রপাতি ভাঙ্গা, আমাদের না হয় একটু বেশী পলাতক হলো, কিন্তু তাহলেও বড়জোর ১০ ভাগ হতে পারে। এর উপর আমাদের একটা Enquiry Report রয়েছে, যারা এই বিষয়ে কি করতে হবে তা বলেছেন, আমি সেই lineএ যাচ্ছি না। তারপর আমি আর একটা উদাহরণ দিচ্ছি। বিভিন্ন মন্ত্রকের underএ যেসব রাষ্ট্রায়ত্ব শিল্প আছে। আমি তার কয়েকটা আলাদা আলাদা উদাহরণ দেবার চেষ্টা করছি। সোহনপাল মহাশয়ের underএ যারা আছেন, সেই State Busএর কথা একটু বলছি। আমার সময় বেশী নেই, আমি অনেক উদাহরণ দিয়ে সময় নষ্ট করতে পারবো না। কিন্তু সংক্ষিপ্তভাবে এই কথা বলতে চাই যে State Busএ অনেকগুলো বিরাট যন্ত্রপাতি আছে, যা ভেবে দেখুন instal পর্য্যন্ত হয়নি, production তো দূরের কথা। Modernising Equipment Machine, Spare partএর ক্ষয় ক্ষতি নিবারণের জন্য spare parts spray, Eletromagnet scarp machine, এইগুলো instal হয়নি। Sand dusting machine, mouldising of spray এর জন্য দরকার, instal হয়নি। Universal milling machine তিনি সবকিছু কাজই করতে পারেন, তিনি একবার installed হয়ে, আবার তার production বন্ধ হয়ে গেছে, ১৯৫৯ সালে installed হয়েছিল। এবং আরও ৫টি machine আছে যাতে moulding shop থেকে যদি moulded হয়ে আসে তাহলে এই সমস্ত spare parts তৈরী করা যায়।

[2-50—3-00 p.m.]

৫টি মেসিন আছে যাতে মোল্ডিং সপ থেকে মোল্ড হয়ে আসে ধাতু। তা যদি আসে তাহলে সমস্ত স্পেয়ার পার্টস তৈরী করা যায়। মল্ডিং সপ থেকে ধাতু মোল্ড হয়ে আসা এমন কিছু কঠিন নয়। বাসের জন্য স্পেয়ার পার্টস বাইরে থেকে কেনা হচ্ছে এইগুলি একচুয়ালি মোলডিং সপে তৈরী হচ্ছেনা। আমি আগেই বলেছি এইগুলিকে কার্য্যকরী করতে পারলে স্টেট বাসের অনেক সমস্যার সমাধান হয়ে যেতে পারে। এখানে আরও অনেক উদাহরণ আছে। আমার চেয়ে অনেক বেশী উদাহরণ দিতে পারেন অনেকে আমি এই কথা জানি। কিন্তু আমার মনে হয় যে এই রকম কতগুলি যায়গায় যেখানে রাষ্ট্রায়ত্ব শিল্পকে জেনারালাইস করে এই কথা বলা যে প্রতিটির যে আইডেল ক্যাপাসিটি তা সম্পূর্ন যদি ইউটিলাইস করা যায় এবং ম্যানেজমেণ্টকে এ্যাফিসিয়েণ্ট করা যায় এবং কর্মচারীদের যদি উৎসাহিত করা যায় তাহলে ভবিষ্যতে লাভজনক পরিস্থিতির উদ্ভব হতে পারে। বর্ত্তমানে যে ১৪ থেকে ১৭ টাকা আছে তার থেকে ১০ থেকে ১২ কোটি টাকা লাভ হতে পারে। কিন্তু কিভাবে করা যাবে? না দুরকম আছে, একটা হচ্ছে কিছু করা যাবে না, আর একটা হচ্ছে যে করেই হোক করতে হবে। এবং এই দ্বিতীয়টাই আমাদের ধরে নিতে হবে। প্রথমটা বললে চলবে না উই ক্যান নট এ্যাফর্ড টু। তাই আমি শিল্পকে লাভজনক করার জন্য বিধানসভার ভিতর মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মণ্ডলীকে এই এ্যাটিচুড নিয়ে সেন্স অফ আরজেনসি নিয়ে জোর দিয়ে বিচার করে দেখবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। এইটা করতে পারলে একটা নতুন জিনিস হবে যা শ্রীপ্রফুল্ল সেন মহাশয় করতে পারেননি বা শ্রীজ্যোতি বসু মহাশয় করতে পারেননি। সেইটা সোহনপাল সাহেব পারেন কিনা, জয়নাল সাহেব পারেন কিনা, তরুণ বাবু পারেন কিনা এইটাই দেখবার। এবং তাদের পারা না পারার উপর পশ্চিম বঙ্গের ভবিষ্যৎ নির্ভর করছে। আমরা চাই তারাও পারুন এবং আমরাও রাজি আছি তাদের সঙ্গে সম্পূর্নরূপে সহযোগিতা করতে। এই পথে যে সব বাধা আছে সেগুলি আমরা তুলে ধরতে চাই। ম্যানেজমেণ্টকে এ্যাফিসিয়েণ্ট করবার জন্য বিশেষ ব্যবস্থা করা দরকার; যেমন তাদের জন্য স্পেশাল ক্যাডার তৈরী করা, এই যে আন ইউটিলাইজ ক্যাপাসিট পড়ে রয়েছে সেগুলি এক্সপার্ট দিয়ে রিভিউ করতে বলছি। এই ক্যাডার করতে হবে তাদের নিয়ে যারা প্রকৃতরূপে এই বিষয়ে ওয়াকিবহাল, আই, এ, এস, বা ইঞ্জিনিয়ার নিতে বলছি না। যারা বাস্তবিকই জানে তাদের নিয়ে ক্যাডার তৈরী করে এ্যাডমিনি-ষ্ট্রেশনে একটা পরিবর্ত্তন করা এই হলো একটা দিক, আর একটা দিক হচ্ছে এবং সে দিকটাই আমরা বিশেষ নজর দিতে চাই সেইটাই হচ্ছে আসল চাবি কাঠি—সেই আসল চাবি-কাঠি হচ্ছে এই সমস্ত স্পেসাল এণ্টারপ্রাইজ-এর ম্যানেজমেণ্টে শ্রমিকদের প্রকৃত অংশীদার করা। আর এই প্রকৃত অংশীদার করার মানে কেউ কেউ বলেন যে শ্রমিকদের ঐ বোর্ডে নিলেই শ্রমিকদের ম্যানেজমেণ্টে শ্রমিকদের অংশীদার করা হয়, কিন্তু এই কথা আমি মনে করি না।

একটা নুতন চেষ্টা যদি করতে হয় তাহলে সত্যি নুতনভাবে চেষ্টা করতে হবে। একেবারে সব workshop level থেকে তার উচ্চতমস্তর management এবং workers-দের Joint Committee করতে হবে। সেই Joint Committee, Advisory Committee করলে চলবেনা। সেই Joint Committee-কে execution ক্ষমতা দিতে হবে যাতে তারা সবকিছু কার্য্যকরী করতে পারে। শ্রমিকরা উৎপাদন করতে চায়—এটাই atmosphere. আমি বলব আপনারা experiment করুন। আপনাদের এত লোকসান হচ্ছে তাতে ভয়কি। ৪'৫ জায়গা vital জায়গা ধরে নিয়ে experiment করুন। আপনারা বলছেন শ্রমিকরা উৎপাদন করবে Communism হলে—একথা আমরা কেউ বলিনি। রাষ্ট্রায়ত্ত শিল্পে উৎপাদন বৃদ্ধির জন্য A. I. T. U. C.-র আমরা যারা

Trade Union-এর সঙ্গে আছি তারা অনেকদিন আগেই এই সিদ্ধান্ত নিয়েছি যে রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রে উৎপাদন আমরা বৃদ্ধি করতে চাই। তা যদি চান তাহলে এই ধরণের কতকগুলি জায়গায় Challenge accept করা যাক। নূতন যে উৎসাহ generated হচ্ছে সেখানে তা পরীক্ষা করা যাক। এই জায়গায় পুরান যে শ্রমিক এবং বাহিরের কর্মচারীর মধ্যে যে আবহাওয়া সৃষ্টি হয়েছে সেটা দূর করা প্রয়োজন। পুরানো এবং নূতন শ্রমিক দুজনেই দেশপ্রেমিক। সুতরাং এ বিষয়ে আমাদের রাষ্ট্রায়ত্ত শিল্পকে এগিয়ে নিয়ে যাবার দিকে, তার loss করার দিক থেকে যে suggestion তাতে আমি বিনীতভাবে অনুরোধ করব এর urgency আপনারা বিশেষভাবে অনুধাবন করবেন। তা ছাড়া আরও কয়েকটা রাষ্ট্রায়ত্ত শিল্প করা আশু প্রয়োজন আছে বলে আমি মনে করি। কাল কতকগুলি বিশ্বনাথবাবু বলেছিলেন এবং দেখলাম আবেদীন সাহেব বললেন বিচার করবেন। কাঠ, ডাল, সরষে, মোটা কাপড় ইত্যাদির কথা আমি বিশদভাবে আলোচনা করবনা, শ্রীমতী মিত্র এ নিয়ে বললেন। আমি অবিলম্বে সরকারকে একটা শিল্প হাতে নেবার জন্য অনুরোধ করব। চায়ের নীলাম বাজার। চায়ের নীলাম বাজার কোলকাতায় একচেটিয়াভাবে ৮জন মালিকের হাতে আছে। সেদিন দার্জিলিং-এ তারা Conference করে দেখলেন সর্বোচ্চ দার্জিলিং চায়ের দাম তাঁরা ৮ টাকা পান। অথচ তাঁদের তার ২১/২ গুণ দামে কেনা থাকে। এটা একটা বিরাট foreign exchange earner. সেজন্য বলছি যে চায়ের নীলাম বাজার হাতে নিলে নিশ্চয় অনেক লাভ হবে একথা আমরা বিবেচনা করছি। এই Sector-এ সীমেণ্টের পাইকারী বাণিজ্য নেবার কথা চিন্তা করা দরকার। এই সঙ্গে সঙ্গে বলব কয়েকটা শিল্প ক্ষেত্রে সাহসিকতার সঙ্গে সরকারকে উদ্যোগ নিতে হবে। যতগুলি Development programme আপনারা করেছেন সেই development programme-এ linkage যেসব শিল্প আছে সেগুলি হাতে নিতে হবে। আপনারা বলেছেন বিরাট বিদ্যুৎ উৎপাদন করব, সেটা করতে হলে যে সমস্ত শিল্পের দরকার তারজন্য যে materials আনতে হবে বাহিরে থেকে সেই সমস্ত electrical goods এখানে উৎপাদনের জন্য আপনারা অগ্রসর হন। আপনারা বলছেন C. M. D. A. ব্রীজ ইত্যাদি Construction করবেন। এর linkage যেসমস্ত materials আছে সীমেণ্ট থেকে আরম্ভ করে—সীমেণ্ট এখানে পারবেন না—পাথরকুচি এখানে পাবেন তা আপনাদের হাতে নিতে হবে। বীরভূম, পুরুলিয়ার পাথরকুচির কুয়ারী করতে পারেন। সেখানে লোকসান যাবার কোন ভয় নেই। প্রশ্ন হতে পারে টাকা কোথা থেকে পাব? টাকা Bank, L. I. C. ইত্যাদি যে সব বড় বড় Finance Corporation আছে সেখান থেকে পাওয়া যাবে। কালকে আবেদীন সাহেব বলেছেন ব্যাঙ্ক থেকে টাকা নিয়ে কি আমরা তাদের ডুবিয়ে দেব? এটা কি একটা কথা?

[3-10—3-30 p.m. including adjournment]

আমি বলি কাউকে ডোবাবেন না সকলকে ভাসান, ব্যাঙ্ক, এল. আই. সি-র কাছ থেকে টাকা নিন। আমি আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব, সেটা হচ্ছে ডোবান চলবে না ভাসাবই এই মনোভাব যদি নিতে হয় তাহলে ধনতন্ত্র বজায় রেখে সমাজতন্ত্র করবেন এ জিনিস হবে না, এটা ভাল করে চিন্তা করে দেখবেন। আপনারা সমাজতন্ত্রের দিকে এগিয়ে যাবার চেষ্টা করতে পারেন যাবার একটা ভিত্তি আছে, সেই ভিত্তিতে চেষ্টা করলে সফল হতে পারবেন। শেষে আর একটা কথা না বললে আমার মন খুব পীড়িত থাকবে, সেটা হচ্ছে আমি যে জাতির প্রতিনিধি সেটা হচ্ছে নারী জাতি, তাদের সম্পর্কে যদি কিছু না বলি তাহলে আমি নিজেকে অপরাধী বোধ করব। বিধান সভার দু'দুটো অধিবেশন হয়ে গেল, আজ পর্যন্ত কোন দিন মেয়েদের কর্মসংস্থানের যে বিরাট সমস্যা সেটা আপনাদের সামনে আনতে পারিনি। না আনা আমার পক্ষে পাপ,

অপরাধ। কাজেই মেয়েদের কর্মসংস্থানের দিকে এখন থেকে যদি নজর না দেন তাহলে বিপদে পড়তে হবে। এই বিষয়ে সাজেশান আমি ভবিষ্যতে দেওয়ার চেষ্টা করব। এই বিষয়ে পশ্চিমবঙ্গে প্ল্যানিংএর একটা বিশেষ সেল গঠন করার জন্য অনুরোধ জানিয়ে এই বাজেটকে সাধারণভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned for 20 minutes.)

(After adjournment)

[3-30—3-40 p.m.]

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় (কাটোয়া)ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী বিগত মার্চ মাসে অন্তবর্তীকালীন বাজেট পেশ করার পর ১৯৭২-৭৩ সালের যে পূর্ণাঙ্গ বাজেট পেশ করেছেন এই বাজেটকে আমি অভিনন্দন জানাই, সমর্থন জানাই। কারণ, এই বাজেট পেশ করার ভেতর দিয়ে আমরা দেখেছি কিছু জায়গায় কর ধার্যের প্রস্তাব আছে, সেই নতুন করগুলি সাধারণ মানুষকে স্পর্শ করেনা। আমরা দেখেছি এমন কতকগুলি জায়গায় কর ধার্যের প্রস্তাব রয়েছে যেখানে ধনী, বণিক, বুর্জোয়া সম্প্রদায় তাদের আরাম, বিরাম, বিলাসের জন্য ব্যয় করে থাকেন সেই হোটেল, রেষ্টুরেণ্ট, ক্যাবারের উপর কর ধার্যের প্রস্তাব হয়েছে এবং এই কর ধার্যকে আমার বিশ্বাস সকলেই একমত হয়ে অভিনন্দন জানাবেন। কিন্তু সঙ্গে সঙ্গে আমরা দেখেছি এই বাজেটে যে সমস্ত জায়গায় গুরুত্ব দেওয়া প্রয়োজন ছিল, যে জায়গায় আঘাত দেওয়ার প্রয়োজন ছিল, আমি মনে করি সেই জায়গায় গুরুত্ব কম দেওয়া হয়েছে।

এই বাজেটে মোট ১৩ কোটি ৩৬ লক্ষ টাকা যে ঘাটতি আছে তার ভেতরে ১০ কোটি টাকা কর ধার্য করে তোলার প্রস্তাব আছে। কিন্তু আমার বিশ্বাস আরও অনেক জায়গা ছিল, অনেক ক্ষেত্র ছিল যে জায়গায় আমরা নূতন কর ধার্য করতে পারতাম। এই এয়ার কনডিসন, এয়ার কুলার, রেফ্রিজারেটর এবং এই ধনী, বনিক এবং বুর্জোয়া সম্প্রদায় নিজেদের আরাম বিরামের জন্য যে সমস্ত উপকরণ, যে সমস্ত বিলাস সামগ্রী, যে সমস্ত প্রসাধন সামগ্রী ব্যবহার করেন তার উপরে কর ধার্য করা উচিত ছিল এবং সেই কর ধার্য করা হলে আমার ধারণা যে, আমাদের যে ঘাটতি রয়েছে সেই ঘাটতি অনেকাংশে পূরণ হোত। আমি বুঝতে পারছিনা এই সমস্ত জায়গায় কেন কর ধার্য করা হলনা। আমার নিজের বক্তব্য হচ্ছে আমাদের মূল লক্ষ্য হোল গনতান্ত্রিক কায়দায় সমাজবাদে পৌছাব। যারা শোষক, যারা বঞ্চক, যারা আমাদের মূল লক্ষ্যে পৌছাবার ক্ষেত্রে অন্তরায় হবে তাদের সঙ্গে সরাসরি চ্যালেঞ্জের মোকাবিলা গ্রহণ করা উচিত এবং সেখানে কোন রকম দুর্বলতা থাকা উচিত নয়। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই বাজেটের একটা জায়গায় আমরা হতাশ হয়েছি এবং সেটা হচ্ছে আমাদের দেশের যুব সম্প্রদায় যারা হতাশায় ভুগছে, দারিদ্রের জ্বালায় ভুগছে সেই যুব সম্প্রদায়ের সামগ্রিকভাবে উন্নয়ন করবার জন্য কোন পরিকল্পনা এই বাজেটের মধ্যে দেখছিনা। আমরা জানি যুব কল্যাণ দপ্তর বলে একটা দপ্তর আছে। কিন্তু মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই বাজেটের মধ্যে যুব কল্যাণের দরুণ কোন কথা বা কোন ইঙ্গিত আমি দেখছিনা। আমার ধারনা ছিল এই যুব কল্যাণের জন্য যুব হোস্টেল বা তাদের মান উন্নয়ন করবার জন্য পরিষ্কার কোন পরিকল্পনা থাকবে। আমার ধারনা ছিল এই বিরাট যুব সম্প্রদায় যারা বেকারীর জ্বালায় ভুগছে তাদের সেই বেকার সমস্যার সমাধান করবার জন্য কোন পরিকল্পনা থাকবে। আমরা সংবাদপত্রে দেখলাম যে আগামী ৩ মাসের মধ্যে ২৮ হাজার লোককে চাকুরী দেওয়া হবে। আমরা সংবাদপত্রে দেখছি ১০ লক্ষ লোকের কর্মসংস্থানের ব্যবস্থা হচ্ছে। কিন্তু এই বাজেটে যেভাবে কর্ম সংস্থানের কথা বলা হয়েছে তাতে ক্ষুদ্র শিল্পের কথা যেটা আছে তাতে

দেখছি ২ হাজার ক্ষুদ্র শিল্প স্থাপন করা হবে অক্টোবরে এরকম পরিকল্পনা নেওয়া হয়েছে এবং তার মধ্যে ১ হাজার ৩৬৬টী ক্ষুদ্র শিল্প স্থাপন করা হয়েছে। এতে কত লোকের কর্মসংস্থান হয়েছে, না, ৯ হাজার। এই ৯ হাজারকে যদি ১ হাজার ৩৬৬ দিয়ে ভাগ করি তাহলে দেখা যাবে এক একটি ক্ষুদ্র শিল্পে ৯টি লোকের কর্ম সংস্থান হবে। তাহলে এই যে পরিকল্পনা তাকে ক্ষুদ্র শিল্প বলব, না কুটির শিল্প বলব। কৃষির কথা যা বলা হয়েছে সেখানে দেখছি নৃতন করে কৃষিতে কর ধার্য হবে ভুমিরাজস্বে এবং যেখানে সেচ এলাকা সেখানে ৩গুণ ভুমিরাজস্ব বাড়ান হবে এবং অসেচ এলাকায় ২গুণ করা হবে এবং ৪ হেক্টর জমি থাকলে শতকরা ১০ ভাগ সারচার্জ বসান হবে। আমার ধারণা ছিল সারচার্জের ব্যাপারে ৪ হেক্টরের ক্ষেত্রে টেন পারসেণ্ট এবং ৫ হেক্টরের ক্ষেত্রেও টেন পারসেণ্ট। কিন্তু এই যে সারচার্জ বসান হয়েছে একে রিগ্রেসিভ ট্যাক্স বলা যেতে পারে। আমার ধারণা ছিল ধাপে ধাপে সারচার্জ বসান হবে অর্থাৎ যার ১০ বিঘা, যার ১৫ বিঘা, যার ৩০ বিঘা তাদের সারচার্জ এক রকম হবেনা। স্ল্যাব সিস্টেমে যদি সারচার্জ বসান হোত তাহলে আমার আপত্তি করবার কিছু ছিলনা।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা দেখছি এই শিক্ষার ক্ষেত্রে যে কথা বলা হয়েছে—প্রাথমিক শিক্ষার কথা বলা হয়েছে কিন্তু মাধ্যমিক শিক্ষা এবং কলেজীয় শিক্ষা সম্বন্ধে কোন কথা নেই। কেবল কয়েকটি প্রাইমারি স্কুল হবে এবং তাতে কিছু চাকরী দেওয়া হবে। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়কে একটা প্রতিশ্রুতির কথা পৌঁছে দিতে চাই। আমাদের একটা প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল যে সমস্ত লাম্প গ্রাণ্ট স্কুল আছে তাদের ডেফিজিট স্কীমে অবিলম্বে নিয়ে আসতে হবে। এই প্রতিশ্রুতি আমাদের বহুদিন আগে দেওয়া হয়েছিল। এই স্কীমগুলি ডেফিজিট স্কীমে আনতে হলে কিছু টাকার দরকার হবে তার কোন কথার উল্লেখ এর মধ্যে নেই। আমরা প্রত্যেকেই স্বীকার করবো যে এই লাম্প গ্রাণ্ট স্কুলগুলির কি করুণ চিত্র। এখানে একজন শিক্ষক ১০ মাস, এক বছর ধরে মাইনে পায়না, আমি মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি যে তাঁদের প্রতি তাঁরা সত্বর নজর দেবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅজিত কুমার পাঁজা:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীললিত গায়েন আজ সকালে মেনশন করেছেন যে বারুইপুর প্রাইমারি স্বাস্থ্য কেন্দ্রে ডাক্তার নেই এবং কয়েকটি জায়গায় ওষুধ নেই। সে সম্বন্ধে খবর মাননীয় সদস্যদের জানাচ্ছি। গতকাল, ২৯শে জুন আমরা খবর পাই যে তিনজন ডাক্তারের মধ্যে দুইজন অসুস্থ হয়ে কলকাতার হাসপাতালে ভর্তি হয়েছেন এবং একজন অনুপস্থিত আছেন। সঙ্গে সঙ্গে নীলরতন সরকার হাসপাতালের ডাক্তার হাজরাকে পাঠান হয়। তিনি ১১টার সময় সেখানে গিয়ে পৌছান এবং রুগীদের দেখতে সুরু করেন। স্বাস্থ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী তাঁকেও সঙ্গে সঙ্গে পাঠান হয়। তিনি ডাক্তার সুব্রত বোসকে সঙ্গে নিয়ে সেখানে গিয়ে পৌছান এবং ডাঃ সুব্রত বোস ও ডাক্তার হাজরা ঐ রুগীদের দেখতে শুরু করেন। এই স্বাস্থ্যকেন্দ্রে সব সুদ্ধ তিনজন ডাক্তার আছেন। এর মধ্যে দুইজন ডাক্তার অসুস্থ হয়ে পড়েন এবং আর একজন ডাক্তার তিনি কারণ না দেখিয়ে হঠাৎ অনুপস্থিত থাকেন। তাই এই অদ্ভুত পরিস্থিতির উদ্ভব হয়।

পাঁচগাছিয়া স্বাস্থ্যকেন্দ্রে ওষুধ নেই বলে যে মাননীয় সদস্য জানিয়েছেন সেটা সত্য। সেখানে প্রয়োজনীয় ওষুধগুলি কম পড়ে যায়। আমরা খবর পাওয়া মাত্রই সেখানে ওষুধ পাঠাবার ব্যবস্থা করেছি।

**শ্রীশান্তিকুমার দাসগুপ্ত:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার উপর আমাদের যে চিন্তা সেটা

রাখবার সুযোগ পেয়েছি। আমি নিজে এই বাজেট থেকে কিছুমাত্র আশার আলো দেখতে পাইনি। আমার মনে হয়েছে যে একটা চিন্তার, একটা দলীয় সরকার, যে দল নির্বাচনের আগে সুস্পষ্ট কয়েকটি কথা বলেছিলেন সেই সুস্পষ্ট কথাগুলি যেন বাজেটের মধ্যে পরিস্কার করে ধরে দেওয়া হয়নি। এই যে অস্পষ্টতা এই সম্বন্ধে মস্তবড় একজন দার্শনিক, তিনি কিছুদিন আগে মারা গেছেন, বান্দাতা থেকে তিনি বলেছেন, মানুষের ভিতরে যে চিন্তা সেটা যেভাবে চিন্তা করে সেইভাবেই তা প্রকাশ পায়। যদি অস্পষ্ট চিন্তা থাকে তাহলে অস্পষ্টভাবেই তা প্রকাশ হয় থাকে। আমার মনে হয় এই অস্পষ্ট চিন্তার ফলে বাজেটের মধ্যে বহু জায়গায় আমরা লক্ষ্য করেছি, করতে হবে, সামগ্রিক বেকার সমস্যাকে আক্রমণ করতে হবে, বাঞ্ছনীয়, উচিত, এই ধরণের কথাগুলি দেখছি যা থেকে একটা সুস্পষ্ট ইঙ্গিত বা নির্দেশ পাওয়া যায়না, বুঝতে পারা যায়না সত্যিই কি করা হবে।

[3-40—3-50 p.m.]

আজকে পশ্চিমবঙ্গে যে সমস্যা সবচেয়ে বড সমস্যা সেটা হল বেকার সমস্যা। এই সমস্যা সম্বন্ধে এমন কোন ইঙ্গিত পাওয়া যায়না যে ইঙ্গিতে মনে হতে পারে যে কিছু লোক চাকুরি পাবে। আমি কয়েকটি ক্ষেত্রে যে বক্তব্য রাখা হয়েছে সেই ক্ষেত্রগুলি সম্বন্ধে কিছু কিছু আলোচনা করব। ক্ষুদ্র শিল্প সম্বন্ধে বলা হয়েছিল দু হাজার করা হবে সেই জায়গায় হয়েছে ১৩৬৮টি। তাতে ৬০ ভাগ লোকের কর্মসংস্থান হলে হাজার ৬/৭/৮ লোক কাজ পাবে। আমি জানি আমাদের বন্ধু আবেদিন সাহেব জেলায় জেলায় ঘুরছেন, বোধ হয় কয়েকদিনের মধ্যে তিনি মেদিনীপুর যাবেন, ক্ষুদ্র শিল্প যাতে গড়ে উঠে তারজন্য তিনি প্রাণপাত চেষ্টা করছেন। কিন্তু বেকার সমস্যার কথা ভেবে একথা বলা যায় তাঁর চেষ্টা যতই হোক না কেন, দু হাজারটি ক্ষুদ্র শিল্প বোধ হয় গড়ে তোলা সম্ভব হবেনা. হয়ত তিনি পারতেও পারেন এমন কর্মী হতেও পারেন, যদি দু হাজার ক্ষুদ্র শিল্প করা সম্ভব হয় তাহলে সেখানে ১৪ হাজার লোকের কর্মসংস্থান হতে পারে, তার বেশী কিছুতেই নয়। এখানে বলা হল—বন্ধ এবং রুগ্ন শিল্পকে খোলার ব্যবস্থা হয়েছে, বন্ধ এবং রুগ্ন শিল্পকে এখনি খোলা যায়, অনেক সময় টাকা দিয়ে খোলা হচ্ছে, টাকা সাহায্য দিয়ে খুলছেন, আমি খবর রাখি, আমি যে অঞ্চল থেকে এসেছি, আমি জানি শিল্পকে অর্থ সাহায্য দেওয়ার ফলে এক বছর পর্যন্ত চালিয়ে নিয়ে যাচ্ছেন, নেওয়ার পর একই কৌশলে ক্ষুদ্র শিল্পকে আবার রুগ্ন করে ফেলছেন, যে টাকা যাচ্ছে সরকারের বিভিন্ন জায়গা থেকে সেই টাকা অযথা অপচয় হচ্ছে। আমি জানি সরকার চেষ্টা করছেন যাতে বেকারী না বাড়ে, যাতে সেই সব শিল্পে যে সমস্ত লোক কাজ করছে, তাদের চাকুরী থাকে। কিন্তু আসলে যা হচ্ছে যে অর্থ সাহায্য সরকার থেকে দেওয়া হচ্ছে তা অপব্যয় হয়ে যাচ্ছে, কেননা টাকা দেওয়ার ফলে এক বছরই তাদের কর্ম সংস্থান থাকছে, তারপরে আর থাকছেনা। এগুলি আমাদের সরকার যাঁরা চালান তাঁদের নজরে রাখতে বলি।

স্বাস্থ্য সম্বন্ধে যেটা বলা হয়েছে, আমি বিস্মিত, ভারতবর্ষ পিছিয়ে পড়া দেশ সন্দেহ নাই, হাজারে ·০৯ যদি ব্যবস্থা হয়, সেই দেশটাই কি ভারতবর্ষের মধ্যে শ্রেষ্ঠ? আমাদের স্বাস্থ্যমন্ত্রী এবং তাঁর সহকর্মী প্রচুর ঘুরাঘুরি করছেন এবং সাধ্যমত চেষ্টা করছেন, কিন্তু চেহারাটা যা দেখতে পাচ্ছি সেটা মারাত্মক ব্যবস্থা, সেটা হাজারে ·০৯ এই হচ্ছে রোগীদের ব্যবস্থাপনা। যাই হোক কিছু কিছু চেষ্টা করছেন। আমি বলব যে ১২৫ কি ৬৬টি বেড করে নেওয়াটা উল্লেখযোগ্য খুব একটা কিছু নয়। এর সঙ্গে সঙ্গে আমি ভাবছি কয়টি লোকের চাকুরি এতে হবে, সমস্ত চাকরিরই যদি ক্যালকুলেশন করা যায় তাহলে দেখা যায়, ক্ষুদ্রশিল্প যদি সর্বাংশে করাও যায় ২০০০ ই যদি করা যায় তাহলে তাতে ১৪ হাজার লোক কাজ পাবে, আর আমাদের স্বাস্থ্যমন্ত্রী খুব বেশী করে হলেও এক হাজার লোককে

চাকুরী দেবার ব্যবস্থা করতে পারবেন যে হাসপাতালগুলির কথা বলেছেন তা থেকে যে হিস পাওয়া যায়।

সি এম ডি এ সম্বন্ধে অনেক কথা বলা যায়। এ সম্বন্ধে আমাদের তিক্ত অভিজ্ঞতা হয়েছে এ সেকথা বলেছি এখানে আমরা বার বার। সি এম ডি এ-তে যত টাকা ব্যয় করা হচ্ছে তার অনেকখা যে অপব্যয় হচ্ছে সেটা আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি। আমরা দেখেছি, সে জায়গায় গিয়েছি যে সমস্ত বস্তীতে পায়খানা তৈরী হচ্ছে সেগুলিতে মশলার ভাগ দেওয়ার কথা এ চার, সেখানে এক ছয়, এক নয় পর্য্যন্ত দেওয়া হচ্ছে এবং এতে করে অনেক ট্যাঙ্ক ফুটো হয়ে গে সমস্তটাই বরবাদ। মনে রাখবেন ট্যাঙ্কের উপর ঘরগুলি তৈরী হয়, আজকে যদি ট্যাঙ্কগুলি লীক কা ঘরগুলিকে ভেঙে ফেলিতে হবে এবং তা হলে মালিকদেরই খরচ দিতে হবে।

সুতরাং দেখা যাচ্ছে যে সেখানে বিপর্যয়ের ব্যবস্থা করা হয়েছে। জল না থাকার জন্য সেখা একটা নরককুণ্ড অবস্থায় পরিণত হয়েছে। সেখানে জলের ব্যবস্থা রাখা দরকার। তারপর সমস্ত রাস্তা তৈরী হচ্ছে আমরা দেখেছি যে সি. এম ডি. এর অধীনে বহু বড় বড় রাস্তা তৈরী হয়েছে বহু জায়গায় বড় বড় পাথর কুঁচির বদলে ঝামা ফেলা হচ্ছে, পাথর নাকি পাওয়া যায় না, তাই ঝা দিয়ে এই সমস্ত রাস্তা তৈরী করা হচ্ছে। কিন্তু আপনারা খেয়াল করবেন এই সমস্ত কন্ট্রাক্টররা এখ রাস্তার কাজ শেষ করেনি। তারা রাস্তা তৈরী করবার ব্যবস্থা করে করলেন, না যখন বর্ষা এসে গেল বহুদিন ধরে আমাদের খরা চলছে, কনটাক্টররা হয়ত হিসাব করতে পারেননি যে এতদিন ধরে খর চলবে, তাই কাজ কিছুটা তাদের পিছিয়ে গেল। আমি যেকথা বলতে চাই যে জল হলে এই সম রাস্তা নষ্ট হয়ে যাবে। আর একটা কথা সেটা হল প্রশাসনের কথা, সেটা এই কনট্রাক্টররা খু ভালই বোঝেন কিভাবে প্রশাসনে কোথায় আটকে থাকে। আমার অভিজ্ঞতা আছে, আমি দেখেছি যে একটা ফাইল ঐ লালবাড়ী থেকে ১৩ তলায় যেতে তার সময় লেগে যায় ৯/১০ মাস। আবা কোথাও কোথাও একবছরও লেগে যায়। সুতরাং প্রশাসনের কোথায় কি ত্রুটি এবং যার ফলে সি. এম. ডি. এর রাস্তার কাজ প্রায় বন্ধ হয়ে যাচ্ছে এবং টাকা যে কিভাবে অপব্যয় হচ্ছে তাতে আমি এই কথা বলব এবং মাননীয় সদস্যদের এইকথা আমি স্মরণ করিয়ে দিতে চাই আমাদের একদলী নেতৃত্বে সরকার গঠন হয়েছে, আমরা দলীয় নেতৃত্বে সরকার গঠন করে ভূমি সেনার কথা বলেছিলাম সেই ভূমি সেনারা গ্রামে গ্রামে গিয়ে চারিদিকে খুঁজে বেড়াবেন কে কোথায় জমি লুকিয়ে রেখেছে কোথায় কোন চাষী কিভাবে জমি পাচ্ছে না, ইত্যাদি সব কাজ তারা দেখবেন। সেই ভূমি সেনারা লুকিয়ে রাখা জমি উদ্ধার করবেন। আমার কথা হল এই ভূমি সেনার মতন যদি সি. এম. ডি. এর জন্য এইরূপ তদারকী করা হত তাহলে কত লোকেরই চাকুরী হত এবং সি এম. ডি. এ. তে যেভাবে টাকা অপব্যয় হচ্ছে তা কমে যেত। আমার মনে হয় ৫০ শতাংশ কমে যেত এ বিষয়ে কোন সন্দেহ নেই। তার কারণ আমরা জানি যে বিভিন্ন জায়গায় ছেলেরা গিয়ে ঐ পায়খানা তৈরীর যেসব ব্যবস্থা তা দেখে তারা সব উল্টে দিয়েছে। সেখানে দেখা গেছে যেখানে ১নং ইট দেবার কথা সেখানে ৩নং ইট দেওয়া হচ্ছে এবং যে ইট হাতে দিলে গুঁড়িয়ে যাচ্ছে, এইসমস্ত ইট দিয়ে পায়খানা তৈরী করা হচ্ছে। এইভাবে টাকার অপব্যয় হচ্ছে। আমরা মনে মনে খুশী হচ্ছি হয়ত যে আমরা এত টাকা খরচ করতে পাচ্ছি, আমরা সি. এম. ডি. এর জন্য এত কোটি টাকা খরচ করলাম, বস্তী উন্নয়নের জন্য এত কোটি টাকা খরচ করলাম, এতে আমাদের খরচের আনন্দ হতে পারে যে এত খরচ করলাম, কিন্তু একথা মনে রাখতে হবে যে খরচ করলেই কাজ হয় না। আমি বস্তী অঞ্চলে ঘুরে দেখেছি যে সেখানে কিভাবে কাজ হচ্ছে। আমাদের টাকা আনবার জন্য চেষ্টা করতে হবে এবং বিভিন্ন জায়গা থেকে আমরা টাকা আনছি ঠিকই, অথচ আমাদের প্রশাসনিক

অক্ষমতা এবং অযোগ্যতার জন্য এইভাবে টাকা নষ্ট হয়ে যাচ্ছে, এর প্রতিরোধের চেষ্টা করা উচিত। শিক্ষা সম্বন্ধে আমরা দেখেছি যে সেখানে বলা হয়েছে যে ১৮ হাজার লোককে চতুর্থ পরিকল্পনার পিরিয়ডে অর্থাৎ ৫ ইয়ারস প্ল্যানে ঐ ১৮ হাজারের মত লোককে আমরা চাকুরী দেব, অর্থাৎ ৫ বছরে আমরা ১৮ হাজার লোককে চাকুরী দিতে চাইছি, সেটা বিচার করবেন। প্রাথমিক শিক্ষার ব্যাপারে শহরাঞ্চলে ১২৫টি বিদ্যালয় মঞ্জুরী দেওয়া হবে, যার ফলে শিক্ষকের সংখ্যা দাঁড়াবে ৫০০, অর্থাৎ সর্বসাকুল্যে আমরা ৫০০টি লোকের চাকুরী দিতে পারব, ক্ষুদ্র শিল্প থেকে আরম্ভ করে আমরা ১০/১২ হাজারের বেশী চাকুরী দিতে পারব না, অথচ ষ্টেটমেণ্টে আমরা দেখেছি যে ২৮ হাজারের মত লোকের চাকুরী দেবার সম্ভাবনার কথা বলা হয়েছে, যা জুলাই-এ বলা হয়েছে। আমি জানতে চাই এই যে চাকুরী আমরা কোথায় দেব ? কোথায় কত নেওয়া যায় কি যায় না সেটা দেখা দরকার। সেদিন কাগজে বেরিয়েছিল এবং আমরা দেখেছি যে আমাদের একজন পুরানো বন্ধু মন্ত্রী তরুণবাবু তিনি বলেছেন যে ১০ লক্ষ লোককে ৫ বছরে চাকুরী দেওয়া হবে। এই হিসাব কোথাও পাওয়া যাচ্ছে না। বাজেটের মধ্যে সমস্ত কিছু দেখলেও এই ১০ বা ১৫ হাজারের বেশী চাকুরী পাবে এরূপ কোন কথা দেখতে পাওয়া যায় না, অথচ বিভিন্ন জায়গায় বার বারই বলা হচ্ছে যে এত হাজার লোককে চাকুরী দেওয়া হবে। জুলাই মাসে চাকুরী দেওয়া হবে।

[3-50—4-00 p.m.]

আমাদের ইস্তাহারে বলা হয়েছিল আমরা বলেছি জনসাধারণকে আমরা এই কথা দিয়েছিলাম যে আমরা যারা বয়স্ক তাদের শিক্ষার ব্যবস্থা করবো, তাদের নিরক্ষরতা দূর করবো, গ্রামের চাষী ভাইদের জন্য এইসব কিছু করবো। এই ভূমি সেনা যদি নিয়োগ করতে পারতেন এই সকল কাজে, তাহলে গ্রামের বহু লোকের চাকরী হতে পারতো। ভূমিসেনা নাম দেন বা যে নামই দেন—তাদের দিয়ে এই নিরক্ষরতা দূর করার কাজ করান যেত। গ্রামে সহরে বস্তিতে কেবল উপরে লাইট পোষ্ট দিয়ে লক্ষ আলো দিলেই হবে না—, তাদের শিক্ষিত করে তোলা দরকার। পায়খানা যা C.M.D.A. তৈরী করে দিচ্ছে তার মধ্যে বিড়ি বা ন্যাকড়া ফেলে তো সর্বনাশ হবে। সে সম্বন্ধেও তাদের শিক্ষা দিতে পারলে অনেক ভাল কাজ হতো। এই শিক্ষার কাজেও বহু লোককে নিয়োগ করতে পারতেন, নিয়োগ বৃদ্ধি পেত।

আপনারা বিদ্যুতের কথা বলেছেন। কালকে সহরে দু-ঘণ্টা বিদ্যুতের আলো ছিল না। এই তো সহরের অবস্থা। সেখানে আপনারা বলেছেন ১০ হাজার গ্রাম বৈদ্যুতিকরণ করবেন। তাহলে তো ক্ষুদ্রশিল্প মন্ত্রী আরো খুশী হবেন—তাঁর ক্ষুদ্র শিল্প গ্রামে আরো বাড়বে। আমার মনে হয়—এই কুটির শিল্পের মাধ্যমে ভারতবর্ষের গ্রামের অনেক সমস্যার সমাধান করা যাবে। বড় বড় শিল্প তৈরী করলে আর কত হাজার লোককে চাকরী দেবেন ? দেশে যে সমস্ত খাদ্য আমরা ব্যবহার করে থাকি—যেখানে চালানের ব্যবস্থা নাই—Export এবং Import নয়—, সেখানে যদি কুটির শিল্পের মাধ্যমে হতো—, তাহলে শতকরা ২৫ ভাগ দাম বেশী হলেও মানুষ খেতে পেত। দেশের অভ্যন্তরে কুটির শিল্প অনেক সমস্যার সমাধান করতে পারে। আমাদের কুটির শিল্পের মন্ত্রী আগামী ৮ তারিখে মেদিনীপুর যাচ্ছেন শুনেছি—, কিন্তু খবর পেলাম সেখানে গিয়ে তিনি অসুবিধায় পড়বেন। সেখানে elcetrical energy পাওয়া যাবে না। দেখবেন হয়ত তার যাবে কিন্তু আলো জ্বলবে না।

আর একটি কথা বলে শেষ করবো। ওঁরা জোরের সঙ্গে বলেছেন ১৩।১৪ পৃষ্ঠায় লিখেছেন—আমরা যে পরিকল্পনা অনুযায়ী কাজ করি এই থেকে প্রমাণ পাওয়া যাবে। পল্লী অঞ্চল সম্বন্ধে বলেছেন—

কৃষকদের জন্য বাড়ী বানাবার জন্য—বাস্তুভিটা দেওয়া হয়েছে ৬০ হাজার। কতলোক আছে তার মধ্যে ? ৬০ হাজার বাস্তুভিটা দেওয়া হয়েছে। সেই বাস্তুভিটা দেবার সুষ্ঠু পরিকল্পনা কোথায় ? সমস্ত পল্লী অঞ্চলের যে বাড়ী—তার একটা এখানে, আর একটা ওখানে—মাঝখানে হয়ত ডোবা। এইভাবে যদি unplaned বাড়ী তৈরী হয়—, তাহলে কি করে সেখানে পাকা রাস্তা বানিয়ে দেবেন ? এগুলো করা উচিত নিজেদের। একটা জমির উপর তিন চার তলা বাড়ী তৈরী করে দিলেন। তার Sanitary arrangement করে দিলেন—, জলের জন্য পাম্পের ব্যবস্থা করে দিলেন। তবে তো একটা পরিকল্পনা হয়।

আমি একটা কেন্দ্রীয় সংস্থার কথা বলবো। সেখানে কয়েক হাজার লোক কাজ করে। আমি তার কাছাকাছি থাকি। তাদের deficit—loss হচ্ছে কত ? পাঁচ কোটী ৪০ লক্ষ টাকা প্রতি বছর। এই সমস্ত কর্মীদের বেতন দেওয়া হতো—অডিট্ রিপোর্ট বলছে—শুধু যদি বসিয়ে বসিয়ে বেতন দেওয়া হতো—, তাহলে মাত্র সাড়ে তিন কোটী টাকা লাগতো। সেখানে deficit পড়ছে বছরে ৫ কোটী ৪০ লক্ষ টাকা। এই inefficiency, অদক্ষতা ও অযোগ্যতা আমাদের প্রশাসনেব। তার ফলে কী হচ্ছে ? চাষীভাইদের কাছ থেকে কর আদায়ের ব্যবস্থা আমরা করবো।

আপনারা ভূমিকায় লিখেছেন অভূতপূর্ব খরা হয়েছিল এবং যার জন্য ৮০ কোটী টাকার শস্য নষ্ট হয়ে গেছে। আবার expert opinion বলছে—এ বছর প্রচণ্ডভাবে বরফ গলছে—, কাজেই প্রচণ্ডভাবে বন্যা হবে।

যে বছর খরায় ৮০ কোটী টাকার ফসল নষ্ট হয়েছে— যে বছর প্রচণ্ড বন্যা হবে বলা হচ্ছে সেই বছরই চাষীভাইদের উপর কর বসানো হচ্ছে। আমি বলবো রাজনৈতিক দিক থেকে এবং বাস্তব দিকে থেকে এটা একেবারে ভুল। তাই আমি অনুরোধ জানাবো যে অন্তত নিম্নবিত্তদের এই কর যাতে মকুব করা যায় তার ব্যবস্থা করতে।

**শ্রীকানাই ভৌমিক** : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, বাজেট সম্পর্কে আলোচনা অনেকখানি এগিয়ে গিয়েছে। এই বাজেট বক্তৃতা পড়ে আমি বুঝবার চেষ্টা করেছিলাম যে টাকা আনবার ব্যাপারে এবার কি ব্যবস্থা করা হচ্ছে। আমরা সবাই জানি যে আমাদের বাংলাদেশের নিজের জায়গা থেকে টাকা তোলার অবস্থা খুবই কাহিল। যা হোক আমাদের অর্থমন্ত্রী চেষ্টা করে ১০ কোটি টাকা বের করেছেন। কিন্তু তিনি নিজে লিখেছেন যে আমাদের পরিকল্পনাগুলি কেন্দ্রীয় সাহায্যের উপর নির্ভরশীল—এটা তাঁর বাজেট বক্তৃতায় আমরা পড়েছি। আমাদের চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যেখানে ৩২২·৪ কোটি টাকার পরিকল্পনা সেখানে কেন্দ্রীয় সাহায্য হচ্ছে ২২১ কোটি টাকা। ১৯৭২ সালে কৃষির জন্য যেখানে ৭৩·৫ কোটি টাকা করেছিল তার মধ্যে কেন্দ্রীয় সহায়তা ছিল ৪২·৮৭ কোটি। কেন্দ্রের কাছ থেকে আমাদের কোন সাহায্য না পেলে পর যতই রিসোরসেস ট্যাপ করুন না কেন আমাদের উন্নয়ন পরিকল্পনা সফল করতে পারবে না। কি বেকার সমস্যাই বলুন কি ইরিগেসন সমস্যাই বলুন অন্যান্য যে কোন সমস্যার আমরা সমাধান করতে পারবো না। এ বিষয়ে আপনি জানেন স্যার, শুধু পশ্চিমবাংলা কেন সারা ভারতবর্ষের সমস্ত ষ্টেটের তরফ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে ফাইন্যান্স কমিশনের কাছে প্ল্যানিং কমিশনের কাছে এই দাবীই উঠেছে যে আমাদের রাজ্যের প্রাপ্য অংশ কেন্দ্রের কাছ থেকে আদায় করে দাও। এই সম্পর্কে ফাষ্ট ফাইন্যান্স কমিশনে এবং ফিপথ ফাইন্যান্স কমিশনে এই সম্পর্কে বলা হয়েছে। আমরা লক্ষ্য করেছি যে এখনও পর্য্যন্ত সেই সম্পর্কে কিছু রদ বদল হয় নি। আমাদের পশ্চিমবাংলার জন্য যতই ভাল ভাল কথা বলি না কেন যতই ইঙ্গিত দেওয়া হোক না কেন, এ পরিকল্পনা আমরা সফল করতে পারবো না।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ** Why any sinior Minister is not here ?

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** আমি লোক পাঠিয়েছি—এখনই আসছেন।

**শ্রীকানাই ভৌমিক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে বলবো যে আজকে যদি পশ্চিমবাংলা শক্তিশালী না হয় এবং অন্যান্ত ষ্টেট যদি শক্তিশালী না হয় তাহলে কিছুতেই শক্তিশালী কেন্দ্র গড়ে উঠতে পারে না। সমস্ত ষ্টেটগুলিকে সাহায্য না করে তাদের উন্নয়ন পরিকল্পনাকে সাফল্যের দিকে সাহায্য না করে কেন্দ্র কখনও শক্তিশালী হতে পারে না। যারা মনে করেন কেন্দ্রকে শক্তিশালী করলেই প্রদেশগুলি শক্তিশালী হবে তাহলে ভুল তথ্য পরিবেশন করেন। প্রদেশগুলি বা রাজ্যগুলি যতক্ষণ না শক্তিশালী হচ্ছে তাদের উন্নয়ন পরিকল্পনাগুলি যতক্ষণ না শক্তিশালী হচ্ছে ততক্ষণ কেন্দ্র শক্তিশালী হতে পারে না একথা বার বার ফাইন্যান্স কমিশন এ্যাডমিনিষ্ট্রেটিভ রিফর্ম কমিটি বলেছে। তারা বলেছে যে সাহায্যের অভাবে রাজ্যসরকারগুলি তাদের পরিকল্পনাগুলি কার্যকরী হতে পারছে না। জনসাধারণের দুঃখ দুর্দশা বেড়ে যাচ্ছে। আমাদের এ্যাডমিনিষ্ট্রেটিভ রিফর্ম কমিটি থেকে আরম্ভ করে সবাই একথা বলেছে যে এগুলি ঠিক করা হচ্ছে না। আমাদের বাজেট আমাদের অর্থ মন্ত্রী অনেক কথাই বলেছেন—কিন্তু এগুলি তিনি বলেন নি।

কি করে তিনি করবেন ? এ পর্য্যন্ত আমরা কেন্দ্র থেকে তিন ভাবে টাকা পাই। এক হচ্ছে বন্টনযোগ্য ফাণ্ড সেটা হচ্ছে ডিভিসিব্‌ল পুল। কিন্তু সেখানে করপোরেশান ট্যাক্স, ওয়েলথ ট্যাক্স, এক্সপোর্ট ডিউটি, সারচাজ অন ইনকাম তার মধ্যে আসে না। এগুলো বাদ দিয়ে সেগুলো রাজ্যের মধ্যে ভাগ করে দেওয়া হয়। বাকি সমস্ত পড়ে থাকে রিসোর্স রাজ্য পায় না, কেন্দ্রের হাতে থাকে এবং এই ডিভিসিব্‌ল পুল কেন্দ্রের হাতে জমা থাকে রাজ্যগুলো পায় না। তার একটা ফিগার দেবো বুঝবার জন্য যে রাজ্যগুলিকে শক্তিশালী না করে কেন্দ্র শক্তিশালী হতে পারে না। ডিভিসিব্‌ল পুলে ১৯৫২-৫৩ সালে যেখানে ২২৭·৫ কোটি টাকা সেটা ১৯৬৫-৬৬ সালে বেড়ে হল ১১১৫·৬ কোটি টাকা। এটা নিয়ারলি ফাইভ টাইমস। কিন্তু ষ্টেটকে দেওয়া হল কত টাকা ? ১৯৫২ ৫৩ সালে যেখানে দেওয়া হল ২২৪·৫ সেখানে ১৯৬৫-৬৬ সালে দেওয়া হল মাত্র ৭৩.৮ ভাগ বাড়িয়ে ১১১৫·৬ টাকার মধ্যে ২৬৫·৯, এটা সাড়ে তিনভাগও নয়।

[4-00—4-10 p.m.]

এমনকি আমাদের সংবিধানের ২৭৯ ধারায় আছে কেন্দ্রের যে সমস্ত ট্যাক্স বসবে তার অংশ রাজ্য পাবে এবং কেন্দ্র সেই সমস্ত বিষয়ে ট্যাক্স আরোপ করছে যে সমস্ত বিষয়ে ট্যাক্স আরোপ হলে রাজ্য পায় না। যেমন আবগারীর উপর কর বাড়ছে, কিন্তু যে সমস্ত আবগারীর উপর কর বাড়লে রাজ্য পেতে পারে সেগুলোর উপর বাড়ছে না। তিন নম্বর দেখা যাচ্ছে, আয় করের একটা বড় অংশ রাজ্য সরকারগুলোকে দেওয়া হয়, সে আয়কর আদায়ের ব্যাপারে একটা শিথিলতা দেখা যাচ্ছে। কোটি কোটি টাকার আয়কর ফাঁকি দিচ্ছে, কিন্তু আদায় করে রাজ্যকে দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে না। কারণ সেখানে এক চেটিয়া পুঁজিপতিদের ঘাড়ে হাত দিতে হয়, দেশী-বিদেশী পুঁজিপতিদের গায়ে হাত দিতে হয়। যেমন বিড়লার ২৫০টা কোম্পানীর মধ্যে ২০০টায় কোন এ্যাসেসমেণ্ট হয় নি। ৫০ টাও এখনও এ্যাসেসমেণ্ট পুরো হয়নি। আয়কর ফাঁকি দিয়েছে। কিন্তু একথা জানা দরকার যে এই টাকা পেলে আমাদের উন্নয়ন পরিকল্পনা হতে পারতো। অনেক জিনিস হতে পারতো। তিন নম্বর হচ্ছে, আয়করের উপরে সারচার্জ বসছে। আয়করের অংশ রাজ্যগুলো পায়, কিন্তু সারচার্জের অংশ পায় না। সেই টাকা কেন্দ্রের হাতে থাকছে আমরা পাচ্ছি না। তারা এমন আইন করে রেখেছেন যে

কেন্দ্র বা রেলওয়ে যে সমস্ত বিদ্যুৎ ব্যবহার করেন সেই বিদ্যুতের উপর ট্যাক্স বসাতে পারি না। কেন্দ্র যে সমস্ত ট্যাক্স ডিভিসিব্যাল পুলের বাড়াতে পারে তার কোন ব্যবস্থা করছে না। করপোরেশান ট্যাক্স এর মধ্যে আনা হয় না, এক্সপোর্ট-ইম্পর্ট ডিউটিস এর মধ্যে আনা হয় না। এইভাবে রাজ্যগুলি বঞ্চিত হচ্ছে, রাজ্যগুলির পরিকল্পনা স্ট্যাণ্ড ষ্টিল পর্য্যায়ে যেয়ে পৌছুচ্ছে। রাজ্যগুলির এমন অবস্থা নেই যে তা দিয়ে পরিকল্পনা রূপায়িত করবে। রাজ মান্নার নেতৃত্বে যে কমিশন বসিয়েছিলেন তাতে বলেছিল Revenue sources allotted to the States are relatively unimportant and inelastic and hence the shortfall between the total expenditure of the State plan and non-plan and Receipts from taxes and revenue available is great. কাজেই সমস্ত জায়গায় এই কথা উঠেছে। এরপর আসছে বিশেষ সমস্যা ঋণের কথা। আমাদের ষ্টেটের ঋণ কেন্দ্রের কাছে পড়ে আছে। আমাদের মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন কি রকম ঋণ বেড়ে যাচ্ছে, ১৯৭২ সালের মার্চ মাসের শেষে হিমাচল প্রদেশ ব্যতীত রাজ্যসরকারগুলির সামগ্রিক বকেয়া ঋণের পরিমাণ ছিল ৮,৭৫৮ কোটি টাকা। ১৯৫১-৫২ সালের এইরূপ ঋণের পরিমাণ ছিল মাত্র ১৩৯ কোটি টাকা।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ঋণ সম্পর্কে আমি আপনাকে আর একটি কথা বলব। ১৯৪৭ সালের ১৫ই আগষ্ট আমাদের ঋণ ছিল মাত্র ৪৩·৯৭ কোটি টাকা। আর আজ ১৯৭২ সালে সারা ভারতবর্ষের ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ৮ হাজার ৭৫৮ কোটি টাকা। আর এই ঋণের জন্য সুদ দিতে হয় ১৪ পারসেন্ট। সেই সুদ আমরা যখন কেন্দ্রের কাছে ঋণ নিই সেই সময় কেটে নেয় এবং কেন্দ্র ঋণ দেবার সময় ওয়ান থার্ড টাকা কেটে নেন। কেটে নিয়ে আমাদের শুধু কাগজে কলমে দেখিয়ে দেন। এইভাবে ঋণের ভয়াবহ সমস্যা দাঁড়িয়েছে। মাননীয় মন্ত্রীমহাশয় ঋণ সম্পর্কে বলেছেন, সেই ঋণ সম্পর্কে ফোর্থ ফাইনান্স কমিশনের কাছে প্রশ্ন উঠেছে, বিভিন্ন কমিশনের কাছে প্রশ্ন উঠেছে, কিন্তু আমাদের রাজ্যসরকারের তরফ থেকে বা বাজেটের মধ্যে দিয়ে অর্থমন্ত্রীর তরফ থেকে সেই দৃঢ়তা কোথায় এই ঋণ সম্পর্কে রিভিসান করতে হবে, ছেড়ে দেবার ব্যবস্থা করতে হবে। কেননা এই ঋণের একটা বড় অংশ আমরা রাস্তাঘাট, হাসপাতাল, স্কুল-কলেজের জন্য খরচ করেছি যেটা নন-আরনিং রেভিনিউ। কাজেই এই ঋণ মুকুব পাওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে কেন আমরা জোরের সঙ্গে তুলতে পারিনা। আমাদের বিভিন্ন উন্নয়ন কাজের জন্য কেন্দ্রীয় সরকার গ্রাণ্ট দেন, ডিসক্রিসানারি গ্রাণ্ট দেন এবং এ ব্যাপারে আমাদের রাজ্যসরকারগুলিকে কেন্দ্রের কাছে প্রায় ভিখারির মত দাঁড়াতে হয়। সেখানে সবচেয়ে বড় ঘটনা যেটা দেখা যায় সেটা হচ্ছে টপ অফিসিয়ালস টপ বুরোক্রাটস অব সেণ্ট্রাল গভর্ণমেণ্ট তাদের কাছে আমাদের রাজ্যসরকারের মন্ত্রীরা এমন কি মুখ্যমন্ত্রী যা দাবী করেন তারা এককথায় হটিয়ে দেন। মুখ্যমন্ত্রী তাদের কাছে মেয়ার ক্লার্কসের মত দাঁড়ান, এরকম পর্য্যন্ত ব্যবহার করা হয়। কেন আমরা করবো? আমাদের গ্রাণ্ট পাবার ব্যাপারে কেন কনষ্টিটিউসানাল প্রভিসান থাকবে না? রাজ্য কি প্রিন্সিপ্যালে পাবে তার কনষ্টিটিউসানাল গ্যারাণ্টি কেন থাকবে না? তা যদি থাকে তাহলে রাজ্যসরকারগুলি তার উপর দাঁড়িয়ে সুষ্ঠুভাবে তাদের পরিকল্পনাগুলি করতে পারে, নিজেরা বোল্ডড্রাইভ দিতে পারে, নতুন নতুন পরিকল্পনা রি-সেপ করতে পারে। আর তা যদি না হয় তাহলে সব সময় আমাদের দেখতে হবে কেন্দ্র কতটা টাকা দেয়, বা তাদের তোষামোদ করে কি আনা যায়। আবার কেন্দ্রীয় মন্ত্রীরা বললেও কেন্দ্রের সেক্রেটারী বা বুরোক্রাট ও লালফিতার বাঁধন কি চিজ সেটা আপনারা সকলেই জানেন। কাজেই সেখানে কেন্দ্রীয় সরকারের অফিসারদের কাছে আমাদের রাজ্যসরকারকে অনেক হিনমন্যতার ভাব দেখাতে হয়। এ জিনিস সংশোধন করা দরকার বা বাজেটের মধ্যে এ প্রশ্ন ওঠা দরকার। তা না হলে

কিসের নতুন এ্যাংগেল ? শুধু কতকগুলি নতুন জায়গাতেই ট্যাক্স করলে হবে না—নিশ্চয় যে সমস্ত নতুন জায়গায় ট্যাক্স করেছেন, আরো অনেক জায়গা আমরা সাজেষ্ট করেছি, তা করুন কিন্তু আসল জায়গা যেখানে আমাদের ন্যায্য প্রাপ্য সেগুলি আনবার ব্যবস্থা করতে হবে এবং কেন্দ্রের কাছে আমাদের ন্যায্য দাবী উত্থাপন করতে হবে। ভারতবর্ষের প্রায় সব প্রদেশই উত্থাপন করেছে। তাদের সঙ্গে মিলে আমাদের কেন্দ্রীয় সরকারকে একথা বোঝাতে হবে যে কেন্দ্র শক্তিশালী হতে পারে না যদি না ষ্টেট শক্তিশালী হয়। অর্থাৎ তাদের উন্নয়ন পরিকল্পনা ঠিকমত করে তাদের কমিটমেণ্ট যদি না ঠিকমত রাখতে পারে। বাজেটের মধ্যে এগুলি থাকা দরকার। স্যার, সিক্সথ ফাইনান্স কমিশন গঠিত হয়েছে, ফিফথ ফাইনান্স কমিশনের আগেই সিক্সথ ফাইনান্স কমিশন গঠিত হয়েছে। তাদের কাছে এই সমস্ত বিষয়গুলি আমাদের ভালো করে উত্থাপন করা দরকার। আর তারমধ্যে এইসব জিনিষ জোরের সঙ্গে আনা দরকার যে ডিভিসিবল পুল যেগুলি থেকে কর্পোরেশন ট্যাক্স বাদ আছে, আমদানী রপ্তানী শুল্ক বাদ আছে, মূলধনী কর বাদ আছে সেগুলি যেন ডিভিসিবল পুলের মধ্যে আসে, যার শেয়ার রাজ্যসরকার পেতে পারে। আয়করের সারচার্জ নিশ্চয় ডিভিসিবল পুলের মধ্যে আনতে হবে। ১৯৫৬ সালের কেন্দ্রীয় বিক্রয়কর আইনের ১৪/১৫ ধারাতে আছে, রাজ্য-সরকারের সীমাবদ্ধতা করে দেওয়া আছে যাতে করে কেন্দ্রীয় সরকারের ঐ সমস্তের উপর ট্যাক্স বসাতে পারে না। সেই ধারা যাতে উঠে যায় তারজন্য আমাদের সিক্সথ ফাইনান্স কমিশনের কাছে উত্থাপন করা দরকার।

[4-10—4-20 p.m. ]

ঠিক তেমনি ২৮৭ নম্বর ধারাতে এইরকম যে সমস্ত রেষ্ট্রিকসান আছে সেই সমস্ত রেষ্ট্রিকসানগুলি আমাদের দূর করে দেওয়া দরকার এবং কেন্দ্রের কাছ থেকে যে সমস্ত সমস্যা দেখা যাচ্ছে তার মধ্যে আর একটি মস্তবড় সমস্যা দেখা দিয়েছে প্ল্যানিং কমিশন এবং ফাইনান্স কমিশনের রিলেশন সম্পর্কে। বারে বারে এই কোয়েশ্চেন উঠেছে যে প্ল্যানিং কমিশনকে কি ফাইন্যান্স কমিশনের কাজের ভার দেওয়া হয়েছে ? প্ল্যানিং কমিশন প্ল্যান তৈরী করবেন, আর ফাইন্যান্স কমিশন বিভিন্ন রাজ্যে যে টাকা ঘাটতি পড়বে উন্নয়ন পরিকল্পনা চালাতে গিয়ে, সেই টাকা কিভাবে পূরণ হয় সেটা তারা দেখবেন। ফাইন্যান্স কমিশনকে সেমি জুডিসিয়্যাল বডি বলে বলা হয়েছে। কিন্তু অনেক জায়গায় বলা হয়েছে ফাইন্যান্স কমিশন যে সমস্ত রেকমেণ্ড করছেন প্ল্যানিং কমিশন, সেণ্ট্রাল গভর্ণমেণ্ট সব উড়িয়ে দিচ্ছেন। ফাইন্যান্স কমিশন রেকমেণ্ড করলেন এই সমস্ত জিনিষ ডিভিসিবল পুলের মধ্যে আনা হোক, প্ল্যানিং কমিশন, সেণ্ট্রাল গভর্ণমেণ্ট বলল হবে না। কাজেই ফাইন্যান্স কমিশনের রেকমেণ্ডেসন বাধ্যতামূলক এটা বলেনি, যদিও আমরা দেখেছি আমাদের সংবিধানের মধ্যে এইরকম জিনিস আছে ২৮০ (৩) উপধারাতে, যেখানে ফাইন্যান্স কমিশন এই সমস্ত ব্যাপারে যা রেকমেণ্ড করবেন সেই রেকমেনডেসনকে সেন্ট্রাল গেভর্ণমেণ্ট এ্যাওয়ার্ড হিসাবে দেখবেন, এইভাবে একটি প্রভিসন থাকা সত্ত্বেও ফাইন্যান্স কমিশনের সুপারিশ অনেক ক্ষেত্রে প্ল্যানিং কমিশন বা কেন্দ্রীয় সরকার নাকচ করে দিচ্ছেন এবং এইভাবে একটি এ্যানোম্যালি পজিসন অবস্থায় এসে দাঁড়াচ্ছে। কাজেই এই কথা আমাদের আজকে জোরের সঙ্গে ভাবতে হবে, বুঝতে হবে যে ফাইন্যান্স কমিশনের পজিসনটা কি দাঁড়াবে, তার স্কোপ অব এ্যাকটিভিটি কি হবে—তারা যে সমস্ত রেকমেণ্ড করবেন সেটা আমাদের রাজ্যগুলির সঙ্গে জড়িত। কারণ, রাজ্যের রিসোর্স কিভাবে আসছে, কি করে খরচ হচ্ছে, ডেভেলাপমেন্ট প্রোজেক্ট কিভাবে চলছে, কোথায় ঘাটতি আছে, নন-প্ল্যান কিভাবে করবেন, প্ল্যানিং-এর টাকা কিভাবে খরচ হচ্ছে ইত্যাদি এই সমস্ত বিষয় ফাইন্যান্স কমিশনের এক্তিয়ারভুক্ত এবং

সেখানে ফাইন্যান্স কমিশন, সেমি-জুডিসিয়াল বডি এবং সেখানে সেমি-জুডিসিয়্যাল বডি, পাওয়ারে পড়ে এবং ফাইন্যান্স কমিশন সত্যিকারে ফাইন্যান্স কমিশন হিসাবে কাজ করতে পারে রাজ্যগুলিকে নিজেদের পায়ে দাঁড় করাবার জন্য এবং তাদের উন্নয়ন প্রোজেক্টগুলির কাজ করবার চেষ্টা করতে পারে, এই সমস্ত জিনিসগুলি নিশ্চয়ই আমাদের তোলা দরকার। এবার আমি লাষ্ট পয়েন্টে যাচ্ছি, সেটা হচ্ছে কেন্দ্রের সঙ্গে আমাদের রিলেশানের প্রশ্ন। কেন্দ্রের সঙ্গে আমাদের সম্পর্ক গড়ে তোলার ব্যাপারে এই কথা যেন কিছুতেই ভুল বোঝা না হয় যে আমরা কেন্দ্রকে কোনরকমে দুর্বল করতে চাই। আমরা একটি ডায়নামিক পাওয়ারফুল সেণ্টার চাই এবং অন্যান্য যে সমস্ত ভিউজ আছে, যারা মনে করে পশ্চিমবাংলা কেন্দ্রের উপনিবেশ, যারা কেন্দ্রকে দুর্বল করবার জন্য বিরাট অটনমির কথা তোলে, যারা মনে করে কেন্দ্র দুর্বল হয়ে যাক, আমরা সি. পি. আই. সদস্যরা তাদের সঙ্গে একমত নই এবং আমরা চাই একটা ডায়নামিক পাওয়ারফুল সেণ্টার হোক এবং কেন্দ্র ডায়নামিক পাওয়ারফুল সেণ্টার হতে পারে না, যদি না ষ্টেটগুলি নিজেদের শক্তি সঞ্চয় করতে পারে। সেই জন্য আমরা চাই ইউনিটি ইন ডাইভারসিটি। আমাদের মধ্যে পার্থক্য থাকবে, অসমতা থাকবে, উন্নত ও অনুন্নত এলাকা থাকবে, আমাদের মধ্যে বিভিন্ন রকম ডেনজার থাকবে, কিন্তু আমাদের মধ্যে এই ইউনিটি ইন ডাইভারসিটি থাকবে এবং সেদিক থেকে আমাদের ভারতবর্ষকে আমরা একটি ডায়নামিক পাওয়ারফুল সেণ্টার হিসাবে গড়ে তুলব, এই দৃষ্টিভঙ্গী আমাদের রাখা দরকার। আজকে আমাদের ইকনমিক ইসুর সঙ্গে ডেভেলাপমেণ্ট ইসুর সুযোগ নেই, ফলে বেকার সমস্যা তীব্র আকার ধারণ করেছে এবং ছেলেদের চাকুরী পাবার উপায় নেই। কাজেই উন্নয়ন পরিকল্পনার সাথে রাস্তা ঘাটের সুযোগ নেই। এটা একটি হাসপাতালে শুধু কয়েকজন রোগীর ব্যাপার নয়। কাজেই বিভিন্ন পরিকল্পনার মাধ্যমে ডেভেলাপমেণ্টের আর্জ বেরিয়েছে, মানুষের চেতনা বেড়েছে. মানুষের মধ্যে এগিয়ে যাবার আকাঙ্খা বেড়েছে, পুরানোকে ভেঙে নূতনের দিকে এগিয়ে যাবার একটা প্রচেষ্টা দেখা যাচ্ছে এবং সামনে যেটাই বাধা দিচ্ছে সেটাকে ভেঙে দেবার চেষ্টা হচ্ছে। কাজেই এই যে একটা মনোভাব, এই যে একটা মুভ, এই যে একটা স্পীড ভারতবর্ষের প্রত্যেকটি প্রদেশে তৈরী হয়েছে এবং আমাদের সেই প্রচেষ্টাকে চালিয়ে যেতে ইন্সপিরেসন দিচ্ছে এবং সেইজন্য আজকে বিভিন্ন ঘটনার উপর দিয়ে দাবী আদায়ের কথা উঠেছে।

কিন্তু আজকে আমাদের এই কেন্দ্রের বিরুদ্ধে নানা tassiporous tendency চলছে, নানা ধরণের ঘটনা ঘটবে এবং বিশেষ করে একটা কথা উল্লেখ করতে চাই। আজকে Economic issue, আজকে political issueর দিকে যাচ্ছে। বিভিন্ন রকম ডিস্‌রাপটিভ ফোর্সেস, Communal forces, যারা আমাদের দেশের বিভিন্নরকম বিভেদ করতে চায় সেই সমস্ত forces আজকে আমাদের দুর্বলতার সুযোগ নিচ্ছে, অনগ্রসরতার সুযোগ নিচ্ছে। ডেভলপমেণ্ট ওয়ার্ক ব্যর্থ হলে তার সুযোগ নেবে এবং বিভিন্ন জায়গায় হতে আরম্ভ করেছে। শুধু তাই নয় আমাদের পশ্চিমবাংলার border State হিসাবে এর পাশে আর একটি দেশ গড়ে উঠেছে, যে দেশ গড়ে ওঠাতে আমরা সকলে আনন্দিত, সমগ্র বিশ্ব আনন্দিত, পূর্ববাংলায় একটা নতুন সরকার তৈরী হয়েছে। তার সঙ্গে ভারতবর্ষের relation, তার সঙ্গে পশ্চিমবাংলার relation, তার সঙ্গে আমাদের এতবড় border তার মধ্যে আপনি দেখেছেন যে নানাদিক থেকে smuggling হচ্ছে, নানাদিক থেকে ঘটনা ঘটছে. যার মধ্যে anti-Indian feeling পর্যন্ত এসেছে. যার মধ্যে দিয়ে ভারতবর্ষের সঙ্গে পূর্ববাংলার সম্পর্কের তিক্ততা তৈরী করবার চেষ্টা হচ্ছে, নানাদিক থেকে ( ভয়েস : বাংলাদেশ বলুন। ) বাংলাদেশে তিক্ততা করবার চেষ্টা হচ্ছে, এবং American CIA agents যেখানে active, যেখানে British American agent active, ভুট্টো হেরে যেতে পারে, কিন্তু ভুট্টোর অনেক চেলারা সেখানে আছে,

অনেক reactionary forces সেখানে আছে, পশ্চিমবঙ্গের সঙ্গে বাংলাদেশের relation অত্যন্ত বন্ধুত্বপূর্ণ, অত্যন্ত ঘনিষ্ঠ। আজকে যেখানে development করছি সেই সমস্ত সময় আজকে পশ্চিমবাংলায় অর্থনৈতিক উন্নয়নে, পশ্চিমবাংলায় নানা ধরণের disruptive forces বিপ্লব ঘটাচ্ছে। নানা ধরণের গুপ্তচর agencyর কাজ চলছে। তারা এই economic issue ব্যবহার করছে, আমাদের অসন্তোষকে ব্যবহার করছে, বেকারীকে ব্যবহার করছে। কথায় কথায় একথা উঠছে যে, "ছিলাম নকশাল হয়েছি নব যদি না হয় আবার হব", এইসব কথা উঠেছে, এসব মুখে মুখে হচ্ছে। কাজেই এর থেকে আমাদের শিক্ষা নিতে হবে, এর থেকে আমাদের হুসিয়ারী নেওয়া দরকার। পশ্চিমবঙ্গের উন্নয়নে কতকগুলি টাকা খরচ করলেই হবেনা, কতকগুলি পরিকল্পনা করলেই হবেনা, কতকগুলি প্রতিশ্রুতি দিলেই হবেনা, কতকগুলি শুধু মুখের কথা বললেই হবেনা। আজকে তাকে নূতনভাবে চালাতে হলে, নূতনভাবে যাত্রা করতে হবে। পুরানো capilatistবাদকে ভেঙ্গে একটা নূতন দিকে যেতে হবে। আজকে অনেকে হয়ত মনে করছেন যে, কি করে আমরা নিয়ে যাব। কত কঠিন কাজ, নিশ্চয়ই কঠিন কাজ। আজকে ২৫ বছর ধরে পশ্চিমবাংলা যেভাবে এসে দাঁড়িয়েছে একে তৈরী করতে গেলে অনেক নূতন জিনিষ আনতে হবে। একে তৈরী করা কি সহজ কাজ। একদিনে কি একে তৈরী করা যায়, পুরানো থাকলে নূতন জিনিষ আনতে হবে। আমি দৃঢ়তার সঙ্গে বলতে চাই এই বাজেটের মধ্যে যে path নেওয়া হয়েছে, যে principal নেওয়া হয়েছে, জয়েন্ট সেক্টরকে সুবিধা দেবার যে নীতি Nationalisedকে দুর্বল করে দিয়ে জয়েন্ট সেক্টরকে সুবিধা দেবার যে নীতি নিয়েছেন, এই যে সর্বনাশা নীতি পশ্চিমবাংলাকে সর্বনাশার দিকে নিয়ে যাবে। আমরা কমিউনিষ্ট পার্টি থেকে বারে বারে P.D.A. Governmentকে বলে যাব Nationalisationকে বাদ দিয়ে পশ্চিমবাংলার উন্নয়ন হতে পারে না। এই যে principal আজকে monopoly capitalকে ঘা না দিয়ে foreign capitalকে ঘা না দিয়ে পশ্চিমবাংলার মত তুলনামূলকভাবে উন্নয়নের কাজে industrial stateকে আমরা কিছুতেই এগিয়ে নিয়ে যেতে পারিনা, সেখানে আমাদের উন্নয়ন প্রকল্প ভাল হতে পারে না। সেজন্য এই বাজেটের মধ্যে কতকগুলি বিষয়ে দৃঢ়পদক্ষেপ দরকার। সেদিক থেকে এই বাজেট সংশোধন করে এবং এই বাজেটের দৃষ্টিভঙ্গী সংশোধন করবার জন্য আবেদন জানাই।

[4-20—4-30 p.m.]

**শ্রীতুহীন সামন্ত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী মহাশয়, ১৯৭২-৭৩ সালের যে বাজেট পেশ করেছেন, সেই বাজেট ইংরাজ আমলের কাঠামোতে তৈরী এইটুকু ধারণা হয়েছে। এই বাজেট কর্মসংস্থানের বাজেট নয়, ব্র্যাংক ফায়ার, এ্যাসোরেন্স আফটার এ্যাসোরেন্স। আজকের দিনে যেটা বড় সমস্যা, সেই কর্মসংস্থানের সমস্যার কথা এই বাজেটের মধ্যে কোথাও নেই। কাঠামোর তাই মূলত: পরিবর্তন হওয়া উচিত ছিল, পরিষ্কার ভাবে এই বাজেটে বলা উচিত ছিল যে বিদ্যুৎ সরবরাহের জন্য কত লোক লাগবে, পুকুর পরিষ্কার করার জন্য কত লোক লাগবে বা রাস্তা তৈরী করার জন্য কত লোক লাগবে, গ্রামাঞ্চলে গুদাম তৈরী করার জন্য কত লোক লাগবে। ধরে নেওয়া যাক ৫ লক্ষ লোক লাগবে, এই ৫ লক্ষ লোকের অর্থ সংস্থানের জন্য কোন কোন খাত থেকে আসবে, এই সমস্ত জিনিস থাকা উচিত ছিল। যদি না আসে তাহলে ব্যাঙ্ক থেকে ঋণ করা যেতে পারে, এই কর্ম সংস্থানের নীতি এই বাজেটের মধ্যে নেই। পশ্চিম বাংলার ১০ লক্ষ যুবক এই বাজেটের উপর আশা করে বসে আছে। আজকে এই ১০ থেকে ২৬ লক্ষ বেকারদের মনের কথা যদি এই বাজেটের মধ্যে না থাকে তাহলে তার প্রতিক্রিয়া দেখা দিতে বাধ্য। বেকারদের যদি আজকে চাকরি দিতে না পারা যায়, এই ষ্টেটে যদি এই রকম একটা কাঠামো তৈরী করতে না পারা যায়

তাহলে এই বাজেটের কি মূল্য আছে, কোন মূল্য নেই। আমরা অনেক বক্তৃতা শুনেছি, অনেক প্রতিশ্রুতির কথা শুনেছি। মাসের ১লা তারিখে বেতন দিয়ে দেওয়া হবে, মাষ্টার মহাশয়দের মাসের প্রথম দিকে গ্রান্ট চলে যাবে, প্রাথমিক শিক্ষক মহাশয়রা সুযোগ সুবিধা পাবে, অনেক এ্যাসিয়োরেন্স শুনেছি। মাঝে মাঝে কাগজে এ্যাসিয়োরেন্স দেখতে পাই, ২৮ লক্ষ হয়ে গেল, কখনও হয়ে গেল ১০ লক্ষের, কখনও আবার ২৮ হাজারও হয়ে গেছে কোথায়? এই বাজেটে তার সংস্থান কোথায়? তার থেকে বলুন যে তোমরা রামায়ণ গান শোন গা। বাবার বাধ্য ছেলে ১৪ বছরের জন্য বনবাসে চলে যাও লেখাপড়া শেখার পর, সেখানে ফলমূল খেয়ে থাকবে চাকরী বাকরীর কোন প্রয়োজন নেই। তাও সেখানে ফলমূল পাওয়া যাবে না। তাই আজকে এই বাজেটের উপর কর্ম সংস্থানের দৃষ্টিকে নতুন করে উপস্থাপিত করার জন্য আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করছি। কি আছে এই বাজেটের মধ্যে? এই বাজেটে শুধু ট্যাক্স ধরা হয়েছে। বর্ধমান জেলার লোক আমি, আমরা পোস্ত খাই, আমাদের স্বাস্থ্যমন্ত্রীও পোস্ত খান, স্বাস্থ্যমন্ত্রীও দুঃখ করে বলেছিলেন আমি স্বাস্থ্যমন্ত্রীকে বলেছিলাম, আপনারা বলুন যে পোস্তর উপরও ট্যাক্স বসিয়েছেন, গ্রামের মানুষ সামান্য পোস্ত দিয়ে ভাত খায়—বর্ধমান জেলার লোকেরা বেশী করে পোস্ত খায়, তার উপরও ট্যাক্স বসলো, কোথায় নিয়ে যাচ্ছেন আপনারা? গ্রামের মানুষের জমির উপরও ট্যাক্স বসাবেন, একবার ভেবে দেখেছেন, গ্রামের ঘরগুলো কাঁপছে, গ্রামের মানুষগুলো রোগা, জীর্ণ, শীর্ণ ধুক ধুক করছে—স্বাস্থ্যর কথা অনেকেই বলেছেন।

শিক্ষার কথা অনেকেই বলেছেন, অনেকে অনেক কথা বলেছেন, কিন্তু বাস্তব-এ কিছুই হয়নি। আজকে এই পরিস্থিতিতে বাজেটকে যদি এই ভাবে নিয়ে যান, আমি বলবো সামনে পরিণাম কিন্তু ভয়াবহ এবং অশুভ। এই দৃষ্টিভঙ্গী নিয়ে চিন্তা করা উচিত। ছেলেদের কর্মসংস্থানের ক্ষেত্রে ব্যালেন্সিট দেখুন, টোটাল এক্সপেনডিচার হয়েছে কত? ১৭ পার্সেন্ট। যদি শতকরা ১০ ভাগ এমপ্লয়মেন্ট দেওয়া যায় তাহলে কি হবে, মাত্র ১.০৭ পার্সেন্ট বাড়বে। কিন্তু দু লক্ষ লোকের চাকরী হবে। দু লক্ষ ছেলের চাকরী হবে, এতে ইণ্ডাষ্ট্রিতে একটা নতুন আবহাওয়া সৃষ্টি হবে। এই সব করতে গেলে ডেমক্রেটিক এ্যাটিচুড নিয়ে করতে হবে এবং ব্যুরোক্রাটিক এ্যাটিচুড ত্যাগ করতে হবে। এই ভাবে কর্ম্ম সংস্থান করা যায় না। সমস্ত শিল্পপতিদের তো ডাকলেই পারেন। এই টেবলে সেই ব্যালেন্সশিট ফেলে দিলেই তো বুঝতে পারা যাবে। এই বাজেট তো শুধু আয় ব্যয়ের বাজেট, কত আয় হয়েছে এবং কত ব্যয় হয়েছে ফেলে দিলেই তো হলো, তাহলেই তো বুঝতে পারা যাবে এবং সেই ব্যালেন্সশিট প্রমাণ দিলেই দেখা যাবে যে দু লক্ষ লোকের চাকরী দেওয়া যাবে। এই দৃষ্টিভঙ্গী নিয়ে আসা দরকার ছিল। এই সব না করে, গ্রামের গরীবদের উপর—আমি তো বলি যত দোষ নন্দ ঘোষ, সেই গ্রামের কৃষকদের যত জ্বালা। সি, এম, ডি, এর জন্য ৫০ লক্ষ টাকা লগ্নী করা হয়েছে, কিন্তু শতকরা ৮০ ভাগ লোক চাকরী পেয়েছে বাইরের লোক। কেন রে বাবা আমাদের কি ছেলে নেই, আমাদের লোক নেই তারা ট্যাক্স দেবে আর যত লোক চাকরী পাবে অবাঙ্গালী দল? এটা কি করে হয়? (সবুজ আলো) মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য অনেক আছে, আমাকে একটু বলতে দিন।

(At this stage blue light was lit)

**মিঃ ডেঃ স্পীকার:** আপনার পাঁচ মিনিট সময়, আপনার পার্টি থেকে বেঁধে দেওয়া হয়েছে, তার বেশি এক মিনিট সময় আমি আপনাকে দিতে পারি।

**শ্রীতুহীনকুমার সামন্তঃ** শুধু সি, এম, ডি, এ নয়, সব জায়গায় এই অবস্থা আমরা দেখতে পাচ্ছি। কুটির শিল্পের কথা অনেক বলা হয়েছে। বড় বড় জ্ঞান দেওয়া হয়েছে। আমি বর্ধমান জেলার লোক, কুটির শিল্প বর্ধমান জেলায় কোথায় হয়েছে জানি না। অথচ গান্ধীজী বলেছিলেন যে গ্রামীণ অর্থনীতিকে ফিরিয়ে আনতে হবে। গ্রামীণ অর্থনীতি যদি গড়ে তুলতে না পারি তাহলে কিন্তু অর্থনীতির বুনিয়াদ শক্ত হয় না। যাহোক, আমি যা বলেছিলাম, সেখানে কুটীর শিল্পের কোন পাত্তা নেই। কুটির শিল্প-এর জন্য একটা ডিপার্টমেন্ট আছে জানি, তার একজন মন্ত্রী আছেন জানি, তার জন্য কি খরচ হয় তাও জানি, কিন্তু কুটির শিল্পের যদি সম্পূর্ণ ভাবে প্রসারের জন্য উপযুক্ত ব্যবস্থা অবলম্বন না করা হয়, তাহলে কেমন করে কুটির শিল্পের আবহাওয়া তৈরী হবে?

আজকে ঠিক তাই সরকারের কাছে, মন্ত্রী মণ্ডলীর কাছে অনুরোধ করব যে কুটির শিল্পের মাধ্যমে গ্রামবাংলার অর্থনীতিকে বাঁচিয়ে তুলুন. এ্যাগ্রোইণ্ডাসট্রির মাধ্যমে গ্রাম বাংলার অর্থনীতিকে ফিরিয়ে নিয়ে আসুন, তা না হলে গ্রাম বাংলার মানুষ আমাদের ক্ষমা করবে না। তাই আমি এই কথা বলতে চাই তাদের কথা তাদের জমির উপর ট্যাক্স হয় অথচ সরকার আজকে সেই সব কৃষকদের ঠিক মত জল দিতে পারেন না, তারা খারিপ মরশুমে জল দিতে পারল না তার ফলে সমস্ত বোরো ধান নষ্ট হয়ে গেল। বর্ষা পড়লে ক্যানেলে জল যায় আর বর্ষা বন্ধ হলে ক্যানেলে জল যায় না। এ্যামোনিয়া সার, সেই এ্যামোনিয়া সার এখন দাম হচ্ছে ৬০ থেকে ৭০ টাকা, তাও পাওয়া যায় না। তার উপর ট্যাক্স বসানর ফলে যে ঋণগ্রস্ত কৃষক তারা সেই সার কিনতে পায় না। আমাদের গণতান্ত্রিক সমাজবাদ প্রতিষ্ঠা করবার জন্য সবচেয়ে আগে এবং সব চেয়ে বড় প্রয়োজন যেটা সেটা হচ্ছে ঐ গ্রাম বাংলার মানুষের ছেলেদের কথা চিন্তা করা দরকার। তাদের ঘরে যে বেকার ছেলেরা আছে তাদের কথা চিন্তা করা দরকার। জানিনা কোন মন্ত্রীমহাশয়ের বাড়ীতে কোন ভাই বেকার আছে কিনা, তাহলে তারা বুঝতে পারতেন বেকার ছেলের জ্বালা কি ভীষণ জ্বালা। আজকে গ্রাম বাংলার চাষবাসের কি অবস্থা, চাষবাসে কি পরিমাণ খরচ পড়ে সে কোন কথ বাজেটে বলা হয়নি। এই কথা বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীলক্ষ্মীকান্ত বসুঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থ মন্ত্রী এই হাউসে যে বাজেট পেশ করেছেন, সেই প্রসঙ্গে বলতে গিয়ে, আলোচনা করতে গিয়ে প্রথমেই আমি বলব যে করভার এই করভার বোঝার উপর শাক। ১০ কোটি টাকা করের বোঝা চাপিয়ে দিয়েছেন, আর আমরা দেখতে পাচ্ছি পোস্ত থেকে শুরু করে পিয়াজ থেকে, বিভিন্ন দৈনন্দিন কমোডিটি থেকে শুরু করে সরকার একেবারে ক্যাবারে ড্যান্স পর্যন্ত ছুটে গিয়েছে। আমার এই ক্যাবারে ড্যান্স এর সম্বন্ধে কোন অভিজ্ঞতা ছিল না। তবে এইটা বাজেটে আসতে ভাবলাম যে এইটা একটু দেখে নিয়ে বক্তৃতা রাখব। আমি দেখলাম যে কোন সভ্য সমাজে এই জিনিস চলে না। কিন্তু দেখলাম এই সভ্য সমাজে এই জিনিসের উপর ট্যাক্স বসিয়ে এইরূপ অসভ্য জিনিসকে সরকার সমাজে আইন সিদ্ধ করে দিলেন। এই সমস্ত জিনিস কলকাতা শহরের বড় বড় রেষ্টুরেন্ট এবং হোটেলে চলেছে। রেষ্টুরেন্ট খাবারের দোকান এবং হোটেলের উপর ট্যাক্স বসেছে। বড় বড় হোটেল এবং রেষ্টুরেন্টের উপর ট্যাক্স বসেছে খুব ভাল কথা কিন্তু ছোট ছোট যে সব হোটেল আছে যেখানে খুব কম পয়সায় খাবার পাওয়া যায় তাদের উপর এইটা বসান ঠিক হবে না। বড় হোটেল কলকাতার নাম করা হোটেল ১নং এবং ২নং এবং ঐ একটির কর্মচারীদের ইউনিয়নের সঙ্গে আমি জড়িত, যেখানে ৬ লক্ষ টাকা প্রকৃত সেল। যেখানে এক কাপ চায়ের জন্য ১ টাকা ১॥ টাকা দিতে হয় সেখানে তার উপর ৫ পার্সেন্ট ট্যাক্স বসিয়ে দিন, তাদের বিলের

উপর। আমরা দেখছি চলচ্চিত্রের উপর ট্যাক্স বাড়ান হয়েছে এই বাজেটে। বাংলা চলচিত্রের উপর কখন ট্যাক্স বসান হচ্ছে, না যখন বাংলা চলচ্চিত্র মার খাচ্ছে। এর ফলে আপনারা ক্যাবারের উপর যে ট্যাক্স বসাচ্ছেন, সেই ক্যাবারে ড্যান্স যে হিন্দী চলচ্চিত্রে হয় সেই সেই হিন্দী চলচ্চিত্রের আকর্ষণ বাড়বে। গরীব মানুষ, খেটে খাওয়া মানুষ কল থেকে কারখানা থেকে ফিরে এসে রিক্রিয়েশন বলতে তারা ঐ একটু সিনেমা দেখে এবং হাজার হাজার লোক লক্ষ লক্ষ লোক এই চলচ্চিত্র-এর মাধ্যমে আনন্দ পেয়ে থাকে।

[4-30– 4-40 p.m.]

এর ফলে এই সমস্ত মানুষগুলোর আনন্দ কমে আসবে। আমরা এই করের আরও কতকগুলি নূতন দিক দেখছি যেগুলি কিন্তু আমাদের কিছুটা হতাশ করেছে। একটা হল অনেকগুলি জায়গায় কর বসেছে, কিন্তু ঘোড়ার মাঠের উপর কোন কর না বসায় আমরা দুঃখ বোধ করছি। শনিবার, রবিবার মানুষ ঘোড়ার মাঠে যে রকম ভাবে মানুষ দৌড়ায় তাতে সেটা তাদের recreation নয়। যাবার সময় তাদের খুব আনন্দমুখ থাকে, কিন্তু ফিরে আসার সময় তাদের সে চেহারা দেখা যায় না। কিন্তু সরকার যখন tax আহরণ করছেন, তখন এর উপর 100% tax করা উচিত। আপনারা পশমের উপর tax করেছেন। পয়সার জন্য শীতবস্ত্রের অভাব গ্রামের মানুষের খুব। তারা পশমের জামা কিনতে পারে না, কোন রকমে কাপড়ের খুঁট গায়ে দিয়ে তারা শীত কাটায়। কিন্তু সেখানে পশমের উপর tax হল, ঘোড়ার মাঠের উপর হল না। কিছু কিছু Commoditys উপর tax বাড়ছে—যেমন গাড়ী ইত্যাদি। আজকাল যে Rly. wagon পাওয়া যায় না। এই wagon-এর একটা কৃত্রিম অভাব সৃষ্টি করা হচ্ছে। সেজন্য মালপত্র বেশির ভাগই road transport এ যায়। কিন্তু আপনারা এর উপর tax বসাচ্ছেন। private car-এর উপর আরও বেশি করে চাপান তাতে আমাদের আপত্তি নেই। যারা ঘোড়া কিনতে পারে তারা চাবুকও কিনতে পারে। এটা যে petrol-এর দাম বাড়ল তাতে কি private car বন্ধ আছে? তা নেই। আমাদের দেশে road transport এই একমাত্র ভরসা।

Rail-এর উপর কোন ভরসা নেই। সেখানে wagon পেতে বসে ঘুষ দিতে হয়। শিক্ষার ক্ষেত্রে আমরা নতুন নূতন primary school করব বলেছি। কিন্তু secondary, college বা বিশ্ববিদ্যালয় সম্বন্ধে কোন কিছু নেই। আমরা জানি পশ্চিমবঙ্গ একটা প্রদেশ, কাশ্মীরও একটা প্রদেশ, কিন্তু সেখানকার মানুষ বিশ্ববিদ্যালয়গুলি পড়ার টাকা কত থেকে যাচ্ছে। অথচ পশ্চিমবাংলার মানুষ higher secondary পর্যন্ত টাকা পাচ্ছে না। আমাদের এই সমাজতান্ত্রিক দেশে সমস্ত প্রদেশের মানুষের সুযোগ সুবিধা একই হওয়া উচিত। সেখানে একটা প্রদেশের মানুষ শিক্ষাক্ষেত্রে সর্বোচ্চ সুযোগ পাবে, আর একটা প্রদেশ পাবে না তা হয় না। এখানে মহিলাদের অষ্টম শ্রেণী পর্যন্ত সুযোগ আছে, পুরুষদের কিছু নেই। শিক্ষার ক্ষেত্রে সরকার কোন নূতন আলো দেখাতে পারেন নি। এই বাজেটে employmeut সম্বন্ধে অনেক কথা বলেছেন। আমি চাকরীর কথা বলছি না, ব্যবসার কথা বলছি। চাকরীর ব্যাপারে লক্ষ লক্ষ কথা শুনছি, কি কত হবে জানিনা। আপনারা জানেন কোলকাতা শহরের বুকে কয়েক হাজার উদ্বাস্তু পরিবারের ছেলে তাদের ভরণ পোষণের জন্য ফুটপাতে বসে জিনিস বিক্রি করছিল। কিন্তু সরকার তা বন্ধ করে দিয়েছেন মানুষের চলাফেরার জন্য। সরকার যখন কর চাপান তখন বলেন দেশের মানুষের স্বার্থে এই কর তোমরা মেনে নাও। সুতরাং দেশের তীব্র বেকারীর কথা চিন্তা করে ফুটপাতে হকারদের জীবিকার কথা ভেবে তাদের সেখানে বসার দাবীটা মেনে নেন। তারা সব এখন line দিচ্ছে employment exchangeএ। শরণার্থী শিবিরে

যারা কাজ করতেন তাঁদের সব কাজ গেছে। তাঁদের নাকি অন্য জায়গায় নেওয়া হবে। census-এ যারা কাজ করতেন তাঁদেরও কোন employment নেই, তবে সরকার কথা দিয়েছেন যে তাঁদের নাকি নেওয়া হবে। নির্বাচন অফিসে যারা কাজ করতেন আজ ৩০ তারিখে তাঁদের কাজ গেল। একদিকে সরকার প্রতিশ্রুতি দিয়েছেন যে তোমাদের নাম panel হচ্ছে আবার অন্যদিকে যারা অর্ধকর্মরত অবস্থায় ছিল তাদের জন্য সরকার কিছু করতে পারেন নি।

আর একটা কথা আমি বলব যেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাজেটে এর ইংগিত থাকা উচিত ছিল অন্ততঃ মানবতার খাতিরে থাকা উচিত ছিল সেটা হচ্ছে সিডিউল্‌কাষ্ট এবং সিডিউল ট্রাইবদের আসন বেঁধে দেওয়া উচিত ছিল। আমার অঞ্চলে ৩টি স্কুল আছে, একটা ডেফ স্কুল, আর একটা ডাম স্কুল। এই যে হতভাগ্য মানুষগুলি ভগবানের আশীর্বাদ থেকে বঞ্চিত হয়েছে তারা আজকে তীব্র কর্ম প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে পারে না। তাদের জন্য নির্দিষ্ট করে কর্ম সংস্থানের ব্যবস্থা নেই, একমাত্র ব্যবস্থা ভিক্ষাবৃত্তি ছাড়া আর কিছু নেই। মন্ত্রী মহাশয় তাদের জন্য কিছু রিজার্ভ আসন করুন। ডেফ এণ্ড ডাম এদের মধ্যে যারা কর্মঠ তাদের হাত পা আছে কিন্তু কথা বলতে পারে না বোধ শক্তি রহিত তাদের জন্য রিজার্ভ আসনের ব্যবস্থা হওয়া উচিত ছিল অন্ততঃ উদার দৃষ্টি দিয়ে। আজকে সদম্ভে শিল্প ক্ষেত্রে ঘোষণা করেছেন পাটশিল্প শ্রমিকদের ২৩৫ টাকা ন্যূনতম মজুরী। এটা আনন্দের কথা। কিন্তু সরকার তাঁর নিজের ঘরে পুলিশের মত সমান ডিউটি করিয়ে নিচ্ছেন হোম গার্ডদের দিয়ে, যারা ৮।১০ বছর করে কাজ করছে তাদের মাইনে ১০৫ টাকা। একদিকে সদম্ভে কোম্পানীর ক্ষেত্রে বলছেন ২৩৫ টাকা একজন শ্রমিকের মাইনে আর অন্যদিকে তাঁর নিজের ঘরে হোম গার্ডদের যাদের পুলিশের সমান ডিউটি যারা নকসাল ধরতে গিয়ে বোমার ঘায়ে আহত হয়, এক জায়গায় হামলা হলে পুলিশের সমান ডিউটি দেয়, ইনজিয়োর্ড হলে উইদাউট পে, এটা তার পুরস্কার। ভাল সার্ভিসের পুরস্কার হল উইদাউট পে। এদের ছুটির কোন ব্যবস্থা নেই, নো ওয়ার্ক, নো পে। সুতরাং সরকার যে বাজেট পেশ করেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি কিন্তু এই সঙ্গে সরকারকে বলছি এই যে সমস্ত টাকা আমাদের কাছ থেকে নেওয়া হচ্ছে এইভাবে এই টাকা যেন ড্রেন আউট না হয়ে যায়। এই টাকার সদব্যবহার হবে এ সম্বন্ধে অর্থমন্ত্রীর সুদৃঢ় ঘোষণা আমরা চাচ্ছি।

**শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৭২-৭৩ সালের জন্য মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেটে কোন বলিষ্ঠ পদক্ষেপ না থাকলেও এবং এই বাজেটে পশ্চিমবঙ্গের অসহায় মানুষের সামনে কোন আশার আলো না থাকলেও মন্দের ভাল হিসাবে আমি সেই বাজেটকে সমর্থন করছি। তিনি ডেফিসিট বাজেট আমাদের সামনে উত্থাপিত করেছেন। ডেফিসিট বাজেট দেখে আমরা ভীত নই। তার কারণ আমরা জানি আণ্ডার-ডেভেলপ কান্ট্রিতে, উন্নয়নশীল দেশগুলিতে ডেফিসিট ফাইনানসিং সংগত এবং সেটাই স্বাভাবিক। সুতরাং ডেফিসিট ফাইনানসিং-এ আমরা ভীত হচ্ছি না। কিন্তু আমরা বলতে চাই, মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে আমাদের লক্ষ্য কি, নির্বাচনের পরে এবং নির্বাচনের পূর্বে আমরা কি ঘোষণা করেছি। আমরা বলেছি যে আমরা সমাজতন্ত্র কায়েম করব, আমরা বলেছি আমরা গণতান্ত্রিক সমাজবাদ আনব, আমরা বলেছি হ্যাভস এণ্ড হ্যাভনটস এর মধ্যে এই যে গাল্‌ফ অব ডিফারেন্স এটা মিনিমাইজ করব। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় সেই দৃষ্টিকোণ থেকে বাজেট যদি পেশ করতেন তাহলে আমরা খুশী হতাম। সেই লক্ষ্যে পৌছাবার একটা দৃঢ় পদক্ষেপ এই বাজেট একথা আমরা মনে করি না। তিনি হ্যাভস এণ্ড হ্যাভনটস এর মধ্যে ডিফারেন্স মিনিমাইজ করবার ব্যাপারে কতকগুলি ট্যাকসেসান বসিয়েছেন,

সেটা ঠিকই হয়েছে। যেমন হোটেল, লাক্সারি দ্রব্য এইগুলির উপর তিনি ট্যাক্স বসিয়েছেন। হ্যাভস এণ্ড হ্যাভনটস এর মধ্যে ডিফারেন্স মিনিমাইজেসান হবে এটা আমরা সমর্থন করি কিন্তু আমরা সঙ্গে সঙ্গে কিছু প্রস্তাব রাখতে চাই। সেই প্রস্তাব হল এই তিনি সম্পত্তি হস্তান্তরের ব্যাপারে ট্যাক্স বসিয়েছেন, আমরা জানি যারা স্থাবর সম্পত্তি কেনে তাদের ষ্ট্যাম্প ডিউটি দিতে হয়।

[4-40 – 4-50 p.m.]

ধরুন কারুর হয়ত কোলকাতায় একটা বাড়ী আছে যেটা শহরের সম্পত্তির মধ্যে চলে যেতে পারে বলে সে সেই শহরের সম্পত্তি বিক্রি করছে। কিন্তু এখানে আমরা দেখছি যিনি কিনছেন তাকে স্ট্যাম্প ডিউটি দিয়ে কিনতে হচ্ছে এবং যিনি বেচবেন তাকে কিছু দিতে হচ্ছে না। যিনি বিক্রি করে অনেক টাকা নিয়ে যাবেন তার উপরে ট্যাক্স বসান উচিত ছিল। ৫০ হাজার টাকা বা ১ লক্ষ টাকার উপরে যে বাড়ী বিক্রয় হবে সেখানে বিক্রেতার উপরে ট্যাক্স থাকা উচিত ছিল। সিনেমার উপরে ট্যাক্স বসান হয়েছে। এতে হ্যাভস্ এণ্ড হ্যাভনটস্-এর ডিফারেন্স মিনিমাইজেসন হবে বলে আমি মনে করি না। লোয়ার ক্লাশের মানুষ যারা ৮১০ আনা দিয়ে টিকেট কিনে সিনেমায় গিয়ে প্রমোদ, আনন্দ অনুভব করেন তাদের উপর ট্যাক্স চাপিয়ে আমরা পশ্চিম বাংলার নিপীড়িত, লাঞ্ছিত মানুষকে আঘাত করেছি একথা আমি না বলে পারছি না। যারা লাঞ্ছিত, যারা হোটেলে যেতে পারে না, যাদের চিত্ত বিনোদনের অন্য কোন পথ নেই তাদের উপর আঘাত করছেন একথা আমি অর্থমন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই। জমির উপরে আপনারা ট্যাক্স বসিয়েছেন। আমি পরিষ্কার ভাবে বলতে চাই খরা কবলিত পশ্চিমবাংলা, বন্যা কবলিত পশ্চিমবাংলার কৃষকদের এই খরা এবং বন্যার হাত থেকে বাঁচাবার জন্য কোন বলিষ্ঠ পদক্ষেপ ঘোষণা করেছেন সেটা পরিষ্কার ভাবে জানতে চাই। আমি মনে করি খরা কবলিত কৃষকদের এই যে ট্যাক্সের আওতায় এনেছেন তার কোন অধিকার আমাদের নেই। আমি পরিষ্কার প্রস্তাব করছি সেচ এলাকায় ১৫ বিঘা এবং অসেচ এলাকায় ২৫ বিঘা জমির মালিককে ট্যাক্সের আওতা থেকে ছাড় দেওয়া হোক। ট্যাক্স আপনারা বসিয়েছেন টাকা উঠবে এবং বিলও আমরা পাশ করব। কিন্তু আমি জানতে চাই এই টাকা কিভাবে খরচ করা হবে? আপনি বলেছেন এই টাকা পশ্চিমবাংলার উন্নয়নের জন্য খরচ হবে। আমরা ভুয়ো কথায় ভুলতে রাজী নই। আমরা বলিষ্ঠ এবং সুষ্ঠু কর্মসূচী চাই। আপনি সেই কর্মসূচী ঘোষণা করতে পারেননি কাজেই আপনার বক্তব্যের সঙ্গে আমি একমত নই। আপান যে ট্যাক্স বসিয়েছেন পশ্চিমবাংলার মানুষ সেই ট্যাক্স দেবে টাকা তারা দেবে। কিন্তু তার আগে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, আপনি ট্যাক্স বসাবেন এবং আপনার অফিসের কর্মচারীরাও ট্যাক্স বসাবেন এই দুটি ট্যাক্স কিন্তু আমরা মানব না। আপনি বিধান সভায় ট্যাক্স বসাচ্ছেন, কিন্তু আপনার অফিসের কর্মচারীরা যে সাধারণ মানুষের পকেট কেটে ট্যাক্স নেয় সে খবর আপনি জানেন কি? আপনার অফিসের কর্মচারীরা আর সাধারণ মানুষের কাছ থেকে বেআইনী ট্যাক্স নেবেন না একথা আপনাকে বলতে হবে, একথা আমরা শুনতে চাই। পশ্চিম বাংলার মানুষ ট্যাক্স দেবে, টাকা দেবে, কিন্তু সেই টাকা, পশ্চিমবাংলার মেহনতি মানুষের গায়ের রক্ত জল করা টাকা আপনার সরকারী দপ্তর অপচয় করবে না, অপব্যয় করবে না, এই পরিষ্কার প্রতিশ্রুতি আপনার কাছ থেকে আমরা চাই। স্যার উন্নয়নের মানে কি আমি বুঝতে পারছি না। আমি একটু উন্নয়নমূলক কাজের নমুনা এখানে দিচ্ছি। আমার কেন্দ্রে একটি রাস্তা হচ্ছে—উন্নয়নের কাজ—আজ ১০ বছর ধরে—কৃষ্ণনগর রাণাঘাট রাস্তা। কিন্তু আমরা দেখেছি পি, ডবলিউ, ডি-র গোডাউন থেকে লক্ষ লক্ষ টাকা চুরি হয়েছে এবং পি, ডবলিউ, ডি মিনিষ্টার সেই চুরি ধরতে পারেন নি। আমরা এ রকম

উন্নয়ন চাই যেখানে অর্থের সং ব্যবহার হবে এবং সেই প্রতিশ্রুতি আমরা আপনার কাছ থেকে চাই। আপনার উত্থাপিত বাজেট মন্দের ভাল একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তা সমর্থন করছি। এই প্রসঙ্গে কয়েকটি কথা বলতে চাই। প্রথমেই ট্যাক্স সম্বন্ধে বলবো। আমি দেখলাম নন ইরিগেটেড এরিয়ায় ট্যাক্স ধরা হচ্ছে। নন ইরিগেটেড এরিয়ায় ফসলের কোন নিশ্চয়তা নেই, বৎসরে একটা করে ফসল হয়। সেই ফসল কোনবার বন্যায় নষ্ট হয়, কোনবার খরায় নষ্ট হয়, মাঝে মাঝে বৃষ্টি না হওয়ায় প্রডাকশন কম হয়। এই সমস্ত বিবেচনা করে আমার মনে হয় নন ইরিগেটেড এরিয়ায় জমির খাজনা বসানর আগে কয়েকটি কাজ করা দরকার। তার জন্য ১নং হচ্ছে, একটা মাস্টার প্ল্যান করে জমিগুলি যাতে বন্যায় নষ্ট না হয় তার ব্যবস্থা করা দরকার; ২নং হচ্ছে, কয়ার ফিলটার এবং পাম্পিং সেট দিয়ে প্রত্যেক জমিতে জল সেচের ব্যবস্থা করা দরকার। কয়ার ফিলটার এবং পাম্পিং সেটগুলি লোন বেসিসে দিলে অনেক লোকই নেবে, জল সেচের ব্যবস্থা হলে অনেকেই এগিয়ে আসবে। আমি আমার এলাকার একটা জায়গার কথা জানি, বার বার ৫ বছর বন্যায় ফসল নষ্ট হয়েছে, তারা বছরের মধ্যে কোন ফসল পায়নি কিন্তু ট্যাক্স আদায়ের মধ্যে তারাও পড়বে। সেখানে আমি একটা ফ্লাড কন্ট্রোল স্কীম দিয়েছিলাম কিন্তু আমাকে মন্ত্রী মহাশয় বললেন যে কিপ্রিহেনসিভ ইয়ার প্ল্যানে হবে। যাই হোক, নদী থেকে রিভার লিফট ইরিগেশন করে জল সেচের ব্যবস্থা করা দরকার। ব্যাপকভাবে জল সেচ এই নন ইরিগেটেড এরিয়াতে করলে যাতে অন্তত বছরে একটা ফসল পেতে পারে সেই ব্যবস্থা করার পর ট্যাক্স করা যেতে পারে। হয়ত বলবেন ট্যাক্স করা হয়েছে কারণ ডিপ টিউবওয়েল আছে। ডিপ টিউবওয়েল শতকরা ২৫ টাই চালু হয়নি, শতকরা ৫০টির ডিস্ট্রিবিউশন পাইপ কনস্ট্রাকশন ডিফেকটিভ অর্থাৎ কনট্রাকটরদের চুরির জন্য নানা জায়গায় লিক হয়ে থাকার জন্য শতকরা ২৫ ভাগ জলও এর দ্বারা দেওয়া যায় না। এই ডিপ টিউবওয়েল নষ্ট হলে সব সময় স্পেয়ার পার্টস পাওয়া যায় না যার জন্য এই ডিপ টিউবওয়েলগুলি অচল হয়ে পড়ে থাকে। এই সবের জন্য এই ডিপ টিউবওয়েলের উপর ভরসা করে কোন চাষ আবাদ করা চলতে পারে না।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সিনেমা টিকেটস্, এ্যামুজমেণ্ট ট্যাক্স সম্বন্ধে বলছি। গ্রামাঞ্চলে কোন এ্যামিউজমেণ্টের ব্যবস্থা নেই। একমাত্র সিনেমা গ্রাম থেকে লোকে মাঝে মাঝে এসে অল্প পয়সায় টিকিট করে সিনেমা দেখে। এইসব জায়গায় মাঝে মাঝে বাঁদর নাচ দেখান, ভাল্লুক নাচ দেখান ছাড়া আর কোন রিক্রিয়েশন নেই, এই ক্ষেত্রে আট আনার টিকিট পর্যন্ত তার উপর যেন ট্যাক্স ধার্য না করা হয়।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বড় বড় যানবাহন বলতে রেল লাইন পশ্চিম দিনাজপুরে নাই বললেই চলে। এখানে বাসেই যাতায়াত করতে হয় যার ফলে গ্রামের লোকদের যাতায়াত খরচ বেড়ে যাবে। বাসের মালিকের উপর ট্যাক্স ধার্য করলে তারা দেবে না, লোকদেরই দিতে হবে। আমি কয়েকটী সাজেসান ট্যাক্সের ব্যাপারে দেবো। আমি জানি মফঃস্বলে ট্যাক্স ছাড়াও জমির খাজনা আছে এবং মিউনিসিপ্যাল এলাকায় মিউনিসিপ্যালিটির ট্যাক্স বাদেও জমির খাজনা সরকার থেকে নেওয়া হয়। কলকাতা কর্পোরেশনের বেশির ভাগ জমির খাজনা নেওয়া হয় না। আমি সাজেষ্ট করছি যে কলকাতা কর্পোরেশনের প্রত্যেক জমির ভ্যালুয়েশনের উপর ট্যাক্স বসান হোক। কেননা, কলকাতা কর্পোরেশনের মধ্যে বড় লোক বাস করে, এরা জমির ট্যাক্স দেয়না আর গ্রামের লোককে জমির ট্যাক্স

দিতে হচ্ছে. সেইজন্য বলবো যে এখানে জমির ভ্যালুয়েশনের উপর ট্যাক্স ধার্য করা হোক। দ্বিতীয়ত যে সমস্ত কম্পানীর এজেন্ট এবং ডিষ্ট্রিবিউটার আছে তাদের উপর লাইসেন্স ফি ধরুন। ডিষ্ট্রিবিউটারসিপ এবং এজেন্সি—যেমন টাটা কম্পানী এবং আরো বড় বড় কম্পানীর আছে তারা যাদের এজেন্সি দিয়েছে, বিশেষত সহরে এজেন্সি দিয়েছে।

[4-50—5-00 p.m.]

এই এজেন্সী থেকে তারা বছর বছর হাজার হাজার টাকা আয় করছে। এরা ৩।৪ শত টাকা লাইসেন্স ফি দিয়ে দেবে, তাদের গায়ে লাগবেনা। এক হাজার দেড় হাজার টাকা আয় করে যারা বছর তিন শত টাকা দেয় তাতে তাদের গায়ে লাগবে না। এর পরে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ভেষ্টেড জমি সম্বন্ধে একটু বলব। দু তিন বিঘা করে জমি দেওয়া হয়েছে যে কৃষকদের খাবার নাই বাস করার নিজস্ব জমি নাই, পরণের কাপড় নাই, সেই লোকদের দিয়ে চাষ করালে তাদের ক্ষমতা হবে না ফসলের উৎপাদন বাড়াবার। আমার সাজেশন হচ্ছে, এই সব লোকদের দিয়ে গ্রামসভা ওয়াইজ কো-অপারেটিভ করুন এবং প্রত্যেক গ্রামে একটি করে কো-অপারেটিভ করে সে কো-অপারেটিভে গ্রামের শিক্ষিত বেকার ছেলেদের একজনের উপর চার্জ দিন এবং এইসব গ্রামের যারা চাষী কো-অপারেটিভের মেম্বার আছে, তারা সেই জমিতে কাজ করবে, যে বেকার ছেলেকে চাকুরী দেওয়া হচ্ছে তাকে অন্ততঃ মাসে ১০০ টাকা করে এ্যালাউন্স দেবেন। এটা করা হলে সেখানে কোন লোকসান হবার ভয় নাই। সেখানে লোন দিয়ে ছেলেদের দিয়ে চাষ করালে লোনের টাকা ফসল উঠবার পর শোধ করে দিতে পারবে। এই কো-অপারেটিভে টাকা মার যাবার ভয় কম। এটা করলে গ্রামের শিক্ষিত বেকারদের সমস্যা অনেকটা কমবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি দেখলাম পাটকল শ্রমিকদের উনি ৭·৩৮টাকা দৈনিক বেতন দিতে পেরেই সন্তুষ্ট হয়েছেন। কিন্তু গ্রামে যারা পাট চাষ করে তারা কি পেয়েছে? পাট কলে শ্রমিকদের সংখ্যা হল আড়াই লক্ষ, তার মধ্যে ৭৭ পারসেণ্ট অবাঙালী, আর পাটের যারা কৃষক, তার সংখ্যা ৭০ লক্ষ, তাদের মজুরী দু টাকার বেশী কোন সময় পড়ছে না। এটা সম্বন্ধে আমাদের অর্থমন্ত্রী নজর পড়ল না, পড়লে নিশ্চয়ই তিনি চেষ্টা করবেন। এদের মজুরী বাড়াবার জন্য মনপ্রতি পাটের দাম ৬০ টাকা করতে বলতেন। কেন্দ্র থেকে যেটা বাড়িয়েছেন সেটা অত্যন্ত কম। আমি বলি এ রেট বাড়াবার চেষ্টা করা উচিত।

আমাদের কুটির শিল্পের উন্নতি হচ্ছে না, তার কারণ র-ম্যাটিরিয়েল যেমন লোহা, মোম প্ল্যাষ্টিক, সাবান, তেল, চর্বি ইত্যাদির কোটা নিয়ে বড় বড় ব্যবসায়ীরা ব্ল্যাক মার্কেটিং করছে গ্রামে কুটীর শিল্প র-ম্যাটিরিয়েলের অভাবে প্রসার লাভ করতে পারছেনা। আমার মতে এক ডিষ্ট্রিক্ট ওয়াইজ কোটা এ্যালট করে ব্লক ডিভেলপমেন্ট কমিটির মাধ্যমে বিলি ব্যবস্থা করে এ থেকে কুটির শিল্প ডিভেলপ করতে পারে, বেকার যুবকদেরও কাজের সুবিধা হতে পারতো।

**শ্রীসুধীর চন্দ্র দাসঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট করেছেন, এটা একটা মামুলি বাজেট বলেই আমি লক্ষ্য করলাম, তবু আমি সমর্থন করছি সমর্থন করছি এজন্য যে তিনি তাড়াতাড়ির মধ্যে যুক্তি পরামর্শ করে মৌলিক দৃষ্টি ভঙ্গ পরিবর্তন করবার সুযোগ তিনি কমই পেয়েছেন। কেননা এই বাজেট আমলাতন্ত্ররা আগে থেকেই তৈরী করে রেখেছিলেন, তাঁরা এসে বসেছেন এবং সেটাকেই যে পাশ করতে হয়েছে

সেটা আমি বুঝেছি। তবে সমালোচনা দরকার কোথায় কোথায় দৃষ্টিভঙ্গীর পরিবর্তন হয়নি, মৌলিক দৃষ্টিভঙ্গীগুলি দেখা দরকার। আমি বিশেষ করে দু তিনটি বিষয়ের উপরই আলোচনা করতে চাইছি।

আমি কর্মসংস্থানের মূল কয়েকটা কথা তুলতে চাই। খাজনার কথা আগেই বলেছি যে খাজনা আয়ের ভিত্তিতে করা হোক। মূল সমস্যা তাঁরা চাকরী করুন তাকে আয়ের ভিত্তিতে কর দিতে হয়। যিনি ব্যবসা করেন বা কলকারখানা করেন তাঁকে আয়ের ভিত্তিতে কর দিতে হচ্ছে। সুতরাং আয়ের ভিত্তিতে এই কর করা হোক। আপনারা তিন একরের খাজনা মুকুব করে দেবার কথা বলেছেন। কি জটিল অবস্থার সৃষ্টি হয়েছে দেখুন। নিশ্চয়ই ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় বুঝতে পারবেন—তিনি জানেন। আমি অফিসে গিয়েছিলাম, তাঁরা বলেছেন যে তিন একর কার আছে এ সিদ্ধান্ত করবার ক্ষমতা কারুর নেই, সরকারেরও নেই। কার তিন একর জমি আছে আর কার মুকুব বলে দিলাম—এ হয় না। তারপর বলেছেন ৫ একরের উপর স্লব সিস্টেম এত ১০ একরের উপর এত। এতে জটিলতা আরো বৃদ্ধি করেছে। এটা আমি বুঝতে পারলাম না। মূলতঃ আয়ের ভিত্তির দ্বারা করা হোক এটা দাবী রাখলাম। এই জটিলতা দূর করা হোক। অনেক বন্ধু বলেছেন, আমিও আবার বলছি পশ্চিমবাংলায় খরা বন্যা যেভাবে হয়েছে ও অসেচ এলাকায় যত বেশী আঘাত হেনেছে সেখানে নিম্নমধ্যবিত্ত ভাগচাষীরা বিধ্বস্ত হয়েছে। তাদের কারো যেন খাজনা বৃদ্ধির ব্যাপারে না আসে সেটা চেষ্টা করা উচিত এবং মূলতঃ আয়ের ভিত্ততে খাজনা ধার্য্য করা হোক এটা আমরা চাই। আর একটা বিষয় কর্মসংস্থানের বিষয়ে চিন্তা ধারা চাই। চাকরী দেওয়া হবে প্রচুর বলা হয়েছে। আমার অনেক বন্ধু বলেছেন—এবং তাঁরা আক্ষেপ করেই বলেছেন—সত্য কথা অনেক প্রতিশ্রুতি দিয়েছেন যেটা কার্য্যকরী করবার ক্ষমতা সরকারের নেই। সরকারী দপ্তর থানায় কোথায় কত চাকরী খালি আছে সেটা তারা বলতে পারছেন না। আমি গতবারে প্রশ্ন করেছিলাম তার কোন উত্তর পাইনি, এবারেও করেছি জানিনা কবে এর উত্তর পাব, কি হবে। কারখানায় কত নিতে পারবেন জানাননি। কেবল প্রতিশ্রুতির ছড়াছড়ি। সরকারের গুরুত্বপূর্ণ পদে থেকে এত বড় প্রতিশ্রুতি দিয়েছেন তা যে ক্ষতিকারক, এর প্রতিবাদ মন্ত্রীরা কেউ করেছেন কিনা জানিনা। হঠাৎ দেখলাম প্রাথমিক বিদ্যালয় গ্রামে গ্রামে দেওয়া হবে। ১৪০০ দরখাস্ত পড়ে গেল, দেখলাম মেদিনীপুর জেলায়, কিন্তু ২৫টা বিদ্যালয় মঞ্জুর হয়েছে। এটা জানা দরকার কত গ্রামে কত দরকার। প্রতিশ্রুতি যে দেওয়া হচ্ছে সেটা ঠিক নয়। আমি একটি বিষয়ের মন্ত্রী ছিলাম। সেই বাজেটে আমি দেখেছি যে কর্মসংস্থানের সুযোগ আছে কিন্তু তাতে টাকা নেই। এনিমেল হাস্‌বেণ্ড্রি পশুপালন দপ্তর এ পোলট্রি প্রচুর হচ্ছে। জোয়ান ছেলেরা বি, এ পাশ করছে। তারা বলছে চাকরীর দরকার নেই। দু হাজার টাকা দিলে বা ৪ হাজার টাকা দিলে তারা দাঁড়াতে পারে। কৃষি সম্পদের পাশে যদি পশু সম্পদকে সৃষ্টি করা হয় তাহলে উন্নতি হবে। আমরা যদি কর্মসংস্থানের না চেষ্টা করি, উৎপাদন ভিত্তিক, উৎপাদন ধর্মী কর্মসংস্থান করতে না পারি তাহলে সমস্ত ব্যর্থ হয়ে যাবে। চাকরীর জন্য আনপ্রডাকটিভ সার্ভিস দিয়ে কোন ষ্টেট চলতে পারে না—এটা আমার বক্তব্য। আমি দেখছি যে এই দপ্তরকে এত অবহেলিত রাখা হয়েছে, ১৯৭১-৭২ সালে এতে ধরা হয়েছিল দু কোটি ৬৩ লক্ষ, এবারে আরো কমিয়ে ২ কোটি ৪৯ লক্ষ করে দিয়েছেন। টাকা ইনভেষ্ট করে না দিলে—আমি জানি কয়েক হাজার ছেলে যারা মুরগী পালন করছে শিক্ষিত অশিক্ষিত আন স্কিল্ড লেবার এতে করে সুযোগ পাচ্ছে তারা টাকা না পেলে এসব করতে পারছে না।

আর একটা বিষয় বাজেটে দেখে আমি অবাক হলাম। ১৯৭১-৭২ সালের বাজেটে দেখলাম রাস্তাঘাট তৈরী, Flood damaged মেরামত ইত্যাদি বাবদ ৫ কোটী ৯৬ লক্ষ টাকা ধরা হয়েছিল Last year; এবার সেখানে একেবারে শূন্য। বন্যা বিধ্বস্ত গ্রামগুলির রাস্তাঘাট অত্যন্ত খারাপ। Normal Communication এর ব্যবস্থা গ্রামে একমাত্র ঐ রাস্তা—যেটা মূল প্রশ্ন—প্রত্যেক Police Station থেকে মহকুমার টাউন থেকে গ্রামের সঙ্গে Conect করে দেয় যে রাস্তা—সেই বন্যা বিধ্বস্ত রাস্তার জন্য কোন টাকা এবার বাজেটে ধরা হয় নাই। খোঁজ নিয়ে জানলাম—এই খাতে টাকা নাই। তাহলে কোন দিকে যাব?

আর একটী বিষয় উল্লেখ করছি। মিঃ আবেদীনের দপ্তর সম্বন্ধে একটী খবর পেয়েছি যেটা এখানে উল্লেখ করতে চাই। আমি জানলাম—বহু কারখানা খোলা হচ্ছে—সেখানে সব অবাঙ্গালীরা আসছে। কি করে আসছে? Employment Exchange এর ভেতর দিয়ে নিশ্চয় নয়। সেখানে যে Compulsory Notification of Vacancies Act আছে, তা তাঁরা পালন করছেন না। তাই সেখানে অবাঙ্গালীরা ঢুকে পড়ছে। সেখানে vacancy হলে notification হয়ে সেখানে আসতে হবে। তা না করে অন্যপ্রদেশের লোককে ঢুকিয়ে নেওয়া হচ্ছে। যেমন হলদিয়াতে হচ্ছে। এত বিরাট সম্ভাবনাময় যে প্রকল্প, আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করছি—তার অবাঙ্গালী কর্মকর্তা, অবাঙ্গালী Contractor—অবাঙ্গালী শ্রমিকদের সেখানে ঢুকিয়ে দিচ্ছে। পশ্চিমবাংলার লোকেরা বঞ্চিত হচ্ছে। এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে একটা বোঝাপড়া করা উচিত। যেমন করে উড়িষ্যা ও অন্যান্য প্রদেশে কেন্দ্রীয় পরিকল্পনা রূপ নিচ্ছে। সেখানে প্রাদেশিক কোটা রাখা হচ্ছে। হলদিয়াতেও যদি আপনারা সেই কোটা রেখে কাজ করতে পারেন—তাহলে পশ্চিমবাংলার বেকারদের কিছুটা কর্মসংস্থানের সুযোগ হতে পারে বলে আমি মনে করি।

[5-00—5-10 p.m.]

**Shri Satya Ranjan Bapuli:** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে ১৯৭২-৭৩ সালের বাজেট দেখে আমি খুব দুঃখিত হয়েছি—যে গ্রাম বাংলার—যে অর্থনৈতিক অবস্থা, তার উন্নতি হওয়া দূরের কথা, বরঞ্চ এতে এমন কতকগুলি tax বসান হয়েছে—যাতে করে আজকে গ্রাম বাংলার অর্থনৈতিক কাঠামোকে আরো শ্মশানে পরিণত করা হচ্ছে। খুবই চিন্তার কথা—আমাদের মাননীয় অর্থমন্ত্রী অত্যন্ত চিন্তা করে নিশ্চয়ই এই বাজেট পেশ করেছেন। আজ আমি কয়েকটী বিষয় থেকে দেখছি—১৯৬২-৬৩ সালের অর্থাৎ ১০ বছর আগে যে বাজেট এখানে উপস্থাপিত হয়েছিল, সেই একই বাজেট আবার এখানে দেওয়া হয়েছে, সামান্য কয়েকটী অংকের—যাতে কিছু পরিবর্তন ঘটান হয়েছে। তাছাড়া বাজেটের আকার ইঙ্গিত একই। গ্রাম বাংলার উন্নতির কথা বাজেটে নাই। বরং আমি বলছি সামান্য কিছু টাকার জন্য—গ্রাম বাংলার উপর further taxation এর দরকার ছিল না। বড়বাজারে একটু ঘুরে এলেই—এই টাকা পাওয়া যায়। Port Commissioners বছরে সাড়ে চার কোটী টাকা Extra time বা over time খাটায় যার জন্য কোন Income Tax দেয় না। তেমনি দেখা যায় বড় বড় বিজিনেসে কেবল রসিদ দেয়—tax entry করে—একটাতে, আর একটাতে—tax entry করে না। কেবল Sales tax ও Income tax—এই দুটোর উপর কেন্দ্র করেই ঘাটতি মেটান যেতে পারে। এর জন্য আর জায়গা জমির উপর further taxation করতে হয় না। আমি দুঃখের সঙ্গে লক্ষ্য করছি—কলকাতার Property-র উপর tax বসাতে সরকার যেন একটু উদাসীন মনোভাব দেখাচ্ছেন। এই

কলকাতার সম্পত্তির উপর যে রোজগার হয়, সেখানে দেখা যায়—লোকে দিনের পর দিন কোটীপতি হ'য়ে যাচ্ছে।

সেখানে এই সব ট্যাক্স বেশী করে যদি দেন তাহলে আমার মনে হয় ঘাটতি সমস্তটা পূরণ হয়ে উদ্বৃত্ত হয়ে যাবে। এবং তাতে কিছু বেকার ছেলেদের চাকুরীও দেওয়া যেতে পারবে। আমি পুরুলিয়া সম্বন্ধে যতদূর জানি যে আজ পর্য্যন্ত নাকি সেখানে ২০ লক্ষ টাকার নাকি জি, আর, দিয়েছে এই সরকার যেটা আমাদের জাতীয় জীবনে একটি অভিশাপ। আজকে এই জি, আর, আমাদের দেশকে পঙ্গু করে দিয়েছে। এবং এতে পুরুলিয়ার আরও অভাব বেড়েছে। কিন্তু সেখানে কোন পরিকল্পনা নাই। আজ পর্যন্ত স্বাধীনতা পাবার পর যদি পরিকল্পনা গ্রহণ করে এই ২০ কোটি টাকা খরচ করা হোত তাহলে এই জি, আর-এর প্রয়োজন হোত না যেটা নারসটু এ নেসন। আমি আর একটি বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করবো—নিশ্চয় এ বিষয়ে সকলেই চিন্তা করছেন যে গ্রামে জমির উপর নাকি ট্যাক্স অর্থাৎ খাজনা বসানো হচ্ছে। আমি বলবো যে এই বিধানসভার সদস্যদের নিয়ে একটা টিম করা হোক, যখনও এই বিধানসভা অনেক দিন চলবে—সেই ষ্টাডি টিম গ্রামে গিয়ে দেখুক যে সেখানে জমিদার ট্যাক্স করা চলে কিনা, খাজনা বাড়ানো চলে কিনা। আমি আমার এলাকায় জানি যার ৩০ বিঘা জমি আছে সে বলছে যে আমি সরকারকে সব জমি ছেড়ে দেবো আমার ছেলেকে একটা চাকুরী দেওয়া হোক। আজকে গ্রামবাংলার এই হচ্ছে অর্থনৈতিক অবস্থা তারা ধান চালের উপর সম্পূর্ণ নির্ভরশীল। আমি জানি আমার দক্ষিণ ২৪-পরগণা এলাকায় সেচের কোন ব্যবস্থা হয় নি। সেখানে যান, দেখবেন কোন চাষ হচ্ছে না—৪০'৫০ বিঘা যাদের জমি তারাও আজকে ভীষণ অভাবগ্রস্ত হয়ে পড়েছে। আর একটা কথা, আমরা ট্যাক্স করছি কেন—আমাদের সুবিধার জন্য—দারিদ্র্য দূরীকরণের জন্য। কিন্তু আমি বলবো তা হচ্ছে না—যে ট্যাক্স বাড়ছে তা ঐ আমলাতন্ত্রের পকেটে চলে যাচ্ছে। রাইটার্স বিল্ডিংসে আজকে দেখা যায় যে সমস্ত আই, এ, এস, আই, পি, এস অফিসাররা তারা ঐ রাইটার্স বিল্ডিংসে জন্ম নিলেন আর ঐ রাইটার্স বিল্ডিংসে মৃত্যু হোল। আর অন্যান্য সরকারী কর্মচারীরা দেখা যাচ্ছে তারাই কুচবিহার যাচ্ছে, জলপাইগুড়ি যাচ্ছে পাথরপ্রতিমাতে যাচ্ছে, আর আমলাতন্ত্র সেই বাহবা নিচ্ছে। আমরা যে টাকা ব্যয় করি সেই টাকা যদি ঠিকভাবে খরচ করা যায় তাহলে অনেক কাজ হতে পারে—কিন্তু তা হয় না। আজকে যান কোন পি, ডব্লিউ, ডি-র গো-ডাউনে দেখবেন সেখানে লক্ষ লক্ষ টাকার জিনিস নষ্ট হচ্ছে, ব্রীজ তৈরী হচ্ছে তিন বছর ধরে—সেখানে দেখবেন সিমেন্ট ইত্যাদি কত কি নষ্ট হচ্ছে—লক্ষ লক্ষ টাকা বিদ্যুতের তার চুরি হচ্ছে আর সেই তার দেখা যাচ্ছে বিদ্যুৎ কর্মচারীরাই চুরি করছে। এইভাবে যদি সরষের ভিতর ভূত থাকে তাহলে সেই সরষে দিয়ে ভূত ছাড়ানো যাবে কি করে?

আজকে যে ইণ্ডাষ্ট্রীতে অভাব দেখা দিয়েছে তার কারণ হচ্ছে ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সাল পর্য্যন্ত রাজনৈতিক অনিশ্চয়তা। ১৯৬৫-৬৬ সালে ১৩৯০ কোটি টাকা ভারী শিল্প থেকে ক্ষুদ্র শিল্প অর্ডার পেয়েছে। আর ১৯৭০-৭১ সালে পেয়েছে মাত্র ৫৫৮ কোটি টাকা। এর জন্য রাজনৈতিক অনিশ্চয়তাই একমাত্র দায়ী বলে আমি মনে করি। এ ব্যাপারে মাননীয় মন্ত্রী জয়নাল আবেদীন সাহেব বলেছেন যে ১৯৬৭ সালে লক্ষ লক্ষ টাকা ক্ষতি হয়েছে। সেগুলি আমাদের নূতন করে এনকারেজ করতে হবে। মিষ্টার স্পীকার স্যার, তাই আমি বলছি যে আজকে প্রাইভেট সেক্টরকে এনকারেজ না করে পাবলিক সেক্টরকে করতে হবে। কারণ প্রাইভেট সেক্টরকে এনকারেজ করলে মুষ্টিমেয় কতকগুলি লোকের পকেট মোটা হবে—কিন্তু তাতে সামগ্রিক

উন্নতি হবে না। তাই আমি প্রাইভেট সেক্টরের পাশাপাশি পাবলিক সেক্টরকে বিশেষভাবে এনকারেজ করার জন্য অনুরোধ জানাচ্ছি। এবং যে টাকা আমরা ব্যয় করছি তাতে যাতে চুরি-জোচ্চুরি না হয়ে ঠিকমত ব্যয় হয় সেদিকে নজর রাখার জন্য।

[5-10—5-20 p.m.]

এই গ্রোয়িং টেনডেনসি অব পপুলেশান আমাদের সবচেয়ে বড় একটা প্রশ্ন এবং সেই পপুলেশান দেখতে দেখতে বেড়ে যাওয়ার জন্য আমাদের অভাব-অভিযোগ বেড়েছে। সেদিকে আমাদের দৃষ্টি যেমন রাখা হয়েছে তেমনি আমি বলবো আমাদের সরকারের কাজের পদ্ধতির পরিবর্তন করা দরকার। কোটি কোটি টাকা খরচ হচ্ছে এমব্যাংকমেণ্ট মেনটেন্সের জন্য। সেই কোটি কোটি টাকা কনট্রাকটারকে না দিয়ে যদি নূতন লোক নিয়োগ করা যায় তাহলে এই টাকা কনট্রাকটারের হাতে যায় না এবং বহু বেকার ছেলে কাজ পায়। সেচমন্ত্রীকে বলবো যেন এটা চিন্তা করে দেখেন। এমব্যাঙ্কমেণ্ট মেনটেন্সের যে কাজ সেটা কণ্ট্রাকটারকে না দিয়ে বেকার ছেলেদের নিয়োগ করুন। তাহলে বেকার ছেলেরা কাজ পাবে অনেক টাকাও বেঁচে যাবে।

**শ্রী সেখ দৌলত আলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকের বাজেট প্রস্তাব আলোচনা করতে গিয়ে সমগ্র প্রস্তাব পাঠ করে যেটা মনে হয়েছে যে চিন্তা প্রকাশ হয়েছে, বিভিন্ন প্রকাশ এর সঙ্গে সংযোজন করে যে আকারে দেখা দিয়েছে সেটা আপনার মাধ্যমে পেশ করছি। আজকে বাজেট বক্তৃতা বা বাজেটের উপর আলোচনা করতে গিয়ে প্রথম মনে হয়েছে এখানে আশার কথা বলা হয়েছে। কিন্তু সমগ্রভাবে এই বাজেটে আশা ও নিরাশা দুইই আছে। আশার কথা এইজন্য বলবো যে এখানে আমাদের অর্থমন্ত্রী মহোদয় বলেছেন জনসংখ্যার ভিত্তিতে রাজ্যগুলির কেন্দ্রীয় সহায়তা হওয়া উচিত। ইতিপূর্বে কি এই ভিত্তিতে সহায়তা দেওয়া হচ্ছিল না? যদি না দেওয়া হয়ে থাকে তবে কারো সম্পদ উৎপাদনের দায়িত্ব ও বণ্টন সমান হওয়া উচিত। এটা আগের বারে দেখেছিলাম। ভারতবর্ষের মধ্যে যে রাজ্য সবচেয়ে বড় দায়-দায়িত্ব তাদের পক্ষে কম পড়ে। এটা আমরা লক্ষ্য করেছি যে আজকের বক্তব্যের মধ্যে এইটা আছে। এটা আশার কথা সন্দেহ নেই। তৃতীয়তঃ তিনি বলেছেন, পশ্চিমবঙ্গের জন্য কেন্দ্রীয় সম্পদের অধিকতর বরাদ্দ যেটা ৬ষ্ঠ অর্থ কমিশনের তার প্রারম্ভিক বক্তৃতায় রেখেছেন। আমি অত্যন্ত আনন্দিত তার বক্তব্যের সঙ্গে। আজকে ৬ষ্ঠ অর্থ কমিশন বসেছে এবং তাদের সাজেশানস পরিকল্পনা কমিশন-এর সাথে এই অর্থ কমিশন একটা যোগাযোগ একটা সমন্বয় থাকবে। সেই কো-অপারেশান রাখার দরকার ছিল। সেটা আমাদের বাজেট প্রস্তাবের মধ্যেকার বক্তব্যে প্রতিফলিত হয়েছে। অতএব এই বাজেটে কিছুটা আশার কথা আছে সন্দেহ নেই। কিন্তু এই কথা স্মরণ করিয়ে দেবার দরকার আছে যে এর মধ্যে নিরাশাও অনেক, সামাজিক ধনবৈষম্যও অনেক। আরও গণতান্ত্রিক বাজেট, আরও প্রগতিশীল চিন্তা, সুস্পষ্ট রূপায়ণের ব্যবস্থা তো দেখতে পাচ্ছি না। একটা কথা হল শিক্ষা ব্যবস্থা। সেখানে ১৮ কোটি টাকার উপরে বরাদ্দ আছে। বলা হয়েছিল শিক্ষকের জীবন, শিক্ষকের বেতন অন্যান্য কর্মচারীদের সাথে যাতে দেওয়া যায় তারজন্য সরকার দেখবেন। কিন্তু দেখছি কি? আজও আমাদের গতানুগতিক পথে শিক্ষকদের সহানুভূতির বুলি ছাড়া বাস্তব প্রয়োজন ভিত্তিক কর্তব্য তা এই সরকার পালন করছেন না বলে অভিযোগ করি।

সেখানে দেখেছি অর্থাৎ এর আগে তাদের যে বক্তব্য ছিল যে আমরা অনেকগুলি বিদ্যালয়কে ডেফিসিট ফাইনানসিং-এর আওতায় আনবো কিন্তু কেবল মাত্র সেটা খাতা পত্রেই সীমাবদ্ধ রয়েছে। আমি এ ব্যাপারে যথেষ্ট যোগাযোগ করি এবং খোঁজ খবর নিয়ে অত্যন্ত হতাশ চিত্র দেখেছি। আজকে

পশ্চিমবাংলার শিক্ষকসমাজ যাদের আমরা বলি মানুষ গড়ার কারিগর তাদের বাঁচার জন্য যেভাবে অন্ন পাওয়া উচিত ছিল, যেভাবে সামাজিক মর্যাদা পাওয়া উচিত ছিল আজকে এই বিংশ শতাব্দির যুগেও তারা তা পায়নি। আজকেও দেখি তাদের জীবনে দারিদ্র্য, উদ্বেগ, অশান্তি, অস্বস্তি, একমুঠো অন্নের জন্য হাহাকার। তারা চান পরিশ্রম করতে কিন্তু সেই পরিশ্রমের দাম তারা যথাসময়ে পান না। আজকে গ্রামীণ অর্থনীতির কথা বলা হয়ে থাকে। গ্রামীণ অর্থনীতির সবচেয়ে গুরুত্বপূর্ণ যেটা সেটা হচ্ছে, ক্ষুদ্র ও কুটিরশিল্প। আমাদের যারা তরুণ বন্ধু তারা চাকরির কথা নিশ্চয় বলবেন কিন্তু আজকে গ্রামীণ অর্থনীতিকে বাঁচাতে গেলে কুটির শিল্পের প্রসার দরকার। কিন্তু আমরা চোখের সামনে দেখতে পাচ্ছি আমাদের কুটিরশিল্পগুলি নষ্ট হয়ে যাচ্ছে। আমরা মাদ্রাজের ম্যাট ব্যবহার করি কিন্তু আমাদের চোখের অন্তরালে আমাদের দেশীয় ম্যাটশিল্প কোথায় হারিয়ে যাচ্ছে। আমরা তাদের সাহায্য দিচ্ছি না। অন্যদিকে ট্যাক্স ফ্রি হবার জন্য অন্য জায়গায় সেগুলি গ্রো করতে পারলো এবং আমরা সেগুলি গ্রহণ করতে পারলাম। আজকে যদি আমরা কুটিরশিল্পের মাধ্যমে আমাদের বেকার ছেলেদের এই দায়িত্ব দিতাম তাহলে অনেক বেকার ছেলের চাকরি হত। তারপরে আমাদের মোজা শিল্প সেটাও প্রায় বিনষ্টপ্রায়। আজকে উড়িষ্যার কথা বলি। সেখানে এই সুতোর মোজা সরকার থেকে মিলিটারীদের সরবরাহ করে এই শিল্পকে বাঁচাবার চেষ্টা চলেছে। কিন্তু আমাদের পশ্চিমবঙ্গে এই শিল্প যাতে আরো মৃতপ্রায় হয়ে যায় সেই চেষ্টা চলেছে। আজকে নাইলনের যে সুতো তাদের দেওয়া উচিত ছিল তা তাদের দেওয়া হয়নি। আজকে বাজেট প্রস্তাবের মধ্যে গ্রামীণ অর্থনীতির বুনিয়াদ সুদৃঢ় করবার যে মহান দায়িত্ব ছিল আমি মনে করি তা পালন করা হয়নি। আমরা খালি চিৎকার করছি, ট্যাক্সের কথা বলছি। স্যার, এই প্রসঙ্গে আমি দক্ষিণ ২৪-পরগণার সুন্দরবনের কথা বলব। এই বাজেট প্রস্তাব আমাকে হতাশ করেছে তার কারণ এতে সুন্দরবনের বাস্তব উন্নয়নের প্রোগ্রাম নেই। বরং দেখা যাচ্ছে কোলকাতা, হাওড়া এবং ২৪-পরগণা এই তিনটি জেলাকে অগ্রসর জেলা বলে ঘোষণা করা হয়েছে। স্যার, সুন্দরবনের জন্য এত কান্না বা এত চোখের জল আমরা বাইরে দেখি কিন্তু এই সুন্দরবনের বাস্তব উন্নয়নের জন্য বাস্তব বরাদ্দ দেখতে পাচ্ছিনা। আজকে গণ দারিদ্র্য এবং বেকারদের কথা অনেকে বলেছেন, সেটা আর আমি বলছি না কিন্তু এই ভূমি রাজস্বের উপর যে কর পড়বে তার প্রতিবাদ না করে আমি পারছি না। স্যার, আপনি জানেন, আজকে গ্রামের চাষ মজে গিয়েছে, চাষীদের অবস্থা অত্যন্ত ভয়াবহ ও দুঃসহ হয়ে পড়েছে। স্যার, যেখানে আমরা তাদের চাষবাসের জন্য সাজসরঞ্জাম দিতে পারছি না সেখানে এই জমির উপর আরো যে কর পড়বে সেটা নৈতিকতার দিক থেকে কোন পর্যায়ে পড়ে সে প্রশ্ন আমি এখানে রাখতে চাই। এই কথা বলে আমি শেষ করলাম।

[5-20—5-30 p.m.]

**শ্রীমতী ইলা মিত্র:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাজেট আলোচনা করতে গিয়ে আমি এই কথা বলতে চাই নিশ্চয়ই রাজ্যের অর্থনীতি কোন্ পথে চলেছে প্রধানতঃ বাজেটের মধ্যে তাই প্রতিফলিত হয়। কাজেই সেই বাজেট আলোচনা করতে গিয়ে আমরা প্রথমে স্থির করবো যে আমাদের মূল লক্ষ্য কি—যদি লক্ষ্য আমাদের স্থির থাকে তাহলে আমরা বিচার করতে পারি যে এই এই উদ্দেশ্য নিয়ে বাজেট করা হয়েছে। আমাদের মূল লক্ষ্য হল যাতে অর্থনৈতিক উন্নয়নের গতিবেগ বৃদ্ধি করা যায়, অধিকতর মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা যাতে করা যায় সেই সমাজতান্ত্রিক আদর্শ সামনে রেখে একটা স্বাবলম্বী স্বাধীন অর্থনীতি আমাদের দেশে আমরা গড়ে তুলতে পারি, আর আমাদের উন্নয়নের পথে যেসমস্ত পুঁজিপতি এবং সামন্তবাদীরা বাধা সৃষ্টি করছেন তাকে খর্ব করবার জন্য সর্ব শক্তি দিয়ে রুখবার চেষ্টা করি, মূল্যমানের উর্দ্ধগতি দিন দিন বেড়ে চলেছে তাকে প্রতিরোধ করে স্থিতিশীল অবস্থায় আনতে

পারি, গরিবী হঠাও শ্লোগান যে আমরা মানুষের সামনে উপস্থিত করেছি তাকে যাতে কার্যকরী করতে পারি—এই হচ্ছে আমাদের আজকের দিনে মূল লক্ষ্য। এই মুল লক্ষ্যের দিকে তাকিয়ে যদি আমরা কাজ করি তাহলে দেখতে পাব যে এই বাজেট পুরানো কাঠামোর মধ্যেই চলা-ফেরা করেও মানুষকে কিছু সুবিধা দেবার ইচ্ছা থাকায় কয়েকটি সঠিক পদক্ষেপ নেওয়া হয়েছে। কিন্তু পুরানো কাঠামোর মধ্যে থেকে মানুষ-এর অবস্থা যে একেবারে চরম সীমায় পৌছেছে বিশেষ করে বেকারীর অবস্থা যে মানুষ আর সহ্য করতে পারছে না, তার বদলে কোন প্রতিশ্রুতি বা ইঙ্গিত এই বাজেটের মধ্যে নেই, বিশেষ করে সমস্ত জিনিসপত্রের দাম, নিত্য ব্যবহার্য্য জিনিসপত্রের দাম প্রতিদিন যেভাবে বেড়ে চলেছে তার সুরাহা করার কোন ইঙ্গিত এই বাজেটের মধ্যে নেই, সেটা আমরা লক্ষ্য করলাম। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার সবচেয়ে মর্মান্তিক সমস্যা হচ্ছে বেকার সমস্যা এবং শুধু মর্মান্তিক নয়, প্রধান একটা রাজনৈতিক সমস্যাও বটে। এই কথা ঠিক বেকার সমস্যার. সমাধান করতে না পারলে আজকে পশ্চিমবাংলার কোন সরকারের অবস্থানই অসম্ভব। গণতান্ত্রিক মোর্চার জয়, বিশেষ করে কংগ্রেসের যে এমন বিপুল জয় তার অন্যতম প্রধান কারণ হল মানুষ ভেবেছে যে একটি স্থায়ী সরকার গঠনের সঙ্গে সঙ্গে সাধারণ মানুষের কর্মসংস্থানের সুযোগ হবে। কাজেই পশ্চিমবাংলায় যদি আমরা বেকারী হ্রাস করার দিকে না যেতে পারি তাহলে পরে আমাদের এই রাজ্যে অস্থিরতা যে একেবারে তুঙ্গে উঠবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। ১৯৪৭ সালে স্বাধীনতা লাভের পর,—রাজনৈতিক স্বাধীনতা লাভ করলেও অর্থনৈতিক স্বাধীনতা সেদিন আমাদের ভাগ্যে জোটেনি এবং আজকেও আমরা সম্পূর্ণ বিদেশী প্রভাবমুক্ত হওয়া সত্বেও আমাদের দেশে স্বাধীন অর্থনীতি গড়ে তুলতে পারিনি। দেশ বিদেশী একচেটিয়া পুঁজিপতির করতলগত। ভারতবর্ষের অর্থনীতি স্বাভাবিক ভাবেই যে পুঁজিবাদী অর্থনীতির পথ ধরে চলেছে, সেই পুঁজিবাদের মূল লক্ষ্য হল মুনাফাবৃদ্ধি, মানুষের কল্যাণ নয়। সেই জন্য স্বাধীনতা লাভের ২৪ বছর পরেও সাধারণ মানুষ তাদের মৌলিক অধিকার তারা পায়নি এবং শুধু তাই নয় ভারতের অর্থনীতি ব্যক্তিগত মালিকানাভুক্ত অংশ পুঁজিবাদী লেস এফেয়ার এবং রাষ্ট্রায়ত্ব ক্ষেত্রে অর্থনৈতিক সহাবস্থানের বেলায় আমাদের দেশের কমক্ষম স্ত্রী-পুরুষরা কাজ করতে পায় না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে এই কথা বলতে চাই যে যদি আমরা বেকার সমস্যা এবং পশ্চিমবাংলার কর্মসংস্থানের সুযোগ সম্পর্কে আলোচনা করতে যাই তাহলে আমাদের প্রথমে দেশের একটা অর্থনৈতিক ছবি বিশেষভাবে জানা দরকার। ১৯৭১ সালে আদমসুমারীর যে রিপোর্ট বেরিয়েছে তাতে এই কথা পরিষ্কারভাবে বলেছে, শুধু ভারতবর্ষেই নয়, পশ্চিমবাংলায় ১৯৬১ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত জনসংখ্যা অনেক বৃদ্ধি হয়েছে, কিন্তু কর্ম্মরত মানুষের সংখ্যা ১৯৬১ সালে যেখানে ছিল ১৯৭১ সালে তার থেকে অনেক কমে গেছে। আমি এবিষয়ে দু একটি উদাহরণ দিচ্ছি। ১৯৬১ সালে জনসংখ্যার ৩৩·২ জন মানুষ কর্ম্মরত ছিল, ১৯৭১ সালে জনসংখ্যা বৃদ্ধি পেয়েছে, কিন্তু কর্মরত মানুষের সংখ্যা কমে গিয়ে ২৮·৩৭ হয়েছে। চাষের ব্যাপারে আদম-সুমারীর যে রিপোর্ট বেরিয়েছে তাতে দেখা যাচ্ছে ১৯৬১ সালে ৩৮·৪ জন চাষী ছিলেন, ১৯৭১ সালে তা কমে গিয়ে ৩২·৭৫ হয়েছে। কিন্তু অন্যদিকে শিল্প, ব্যবসায় কর্মরত মানুষের অবস্থা যদি দেখি তাহলে দেখা যাবে ১৯৬১ সালে ৪৬·২ ছিল, ১৯৭১ সালে তা কমে গিয়ে ৪৫·৫০ হয়েছে। বিশেষ করে বর্ধমান-এর শিল্প অধ্যুষিত এলাকায় ১৯৬১ সালে কর্মরত মানুষের সংখ্যা যা ছিল এখন ১৯৭১।৭২ সালে তা অনেক কমে গেছে।

কৃষি শ্রমিকের অনুপাত যদি আমরা দেখি সেখানে দেখবো ১৯৬১ সালে ছিল শতকরা ১৫·৩ কিন্তু ১৯৭১ সালে তা বেড়ে ২৫·৭ হয়েছে, এই যে বেড়েছে কিন্তু এই বাড়াটা পশ্চিমবঙ্গের কোন অগ্রগতি নয়। এই বাড়ার মানে পশ্চিমবাংলার বন্ধ্যাত্বেরই পরিচয় পাওয়া যায়। কারণ ছোট

ছোট কৃষক জমি হারিয়ে কৃষি শ্রমিকে পরিণত হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমি বলছিলাম যে সম্প্রতি ভারত সরকার কর্তৃক নিয়োজিত একটা বিশেষজ্ঞ কমিটি নিযুক্ত করেছিলেন যে সমস্ত ভারতবর্ষের প্রকৃত অবস্থা বিবেচনা করার জন্য এবং তার যে report বেরিয়েছে সেই report এ পর্যন্ত বলা হয়েছে যে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলায় বেকারের অবস্থা সবচেয়ে ভয়াবহ। আমি এই একটি কথার উপর জোর দিচ্ছি যে এই বাজেটে সেটা বিশেষভাবে দেখতে চেয়েছিলাম এবং তার সুরাহের কথা অর্থমন্ত্রী এই মন্ত্রীসভায় বলবেন কিন্তু সেটা তিনি বলতে পারেন নি। শুধু তাই নয়, বিশেষ করে পশ্চিমবঙ্গে যে National Employment service-এর তথ্য সম্প্রতি বেরিয়েছে তাতেও আমরা দেখতে পাচ্ছি যে কর্মপ্রার্থী যে মানুষ তার মধ্যে শতকরা ৫২ ভাগ মানুষ তারা হচ্ছে অদক্ষ মানুষ, তারা কাজ চান এবং সেই report থেকে সামান্য উদ্ধৃতি করে বলতে পারি যে শতকরা ৩২ জন মানুষ কেরানীর কাজ অথবা Typist-এর কাজ চান এবং শতকরা ১১ ভাগ লোক তার মধ্যে দক্ষ বা অদক্ষ, তাছাড়া লক্ষ লক্ষ মানুষ আছে, যারা হচ্ছে অল্পশিক্ষিত এবং মোটেই শিক্ষিত নন এবং অদক্ষ। আজকে এই অবস্থার দিকে তাকালে দেখি পশ্চিমবাংলায় বন্ধ্যা অবস্থা। কাজেই আমরা পশ্চিমবাংলায় বেকার সমস্যা দূরীকরণের সময় অনেক সময় চিৎকার করে বলি শিক্ষিত বেকারের কথা, আমরা চিৎকার করে বলি শিক্ষিত Engineer-এর কথা, আমরা চিৎকার করে বলি শিক্ষিত ডাক্তারের কথা। কিন্তু এই যে লক্ষ লক্ষ অশিক্ষিত, অদক্ষ, অল্পশিক্ষিত যে সমস্ত মানুষ রয়েছে তাদের জীবনে এই বেকারের তীব্রতা কি ভীষণভাবে অনুভূত হচ্ছে, যাদের আর একদিনও বেকার থাকা অসম্ভব, আপনি নিজে পর্য্যবেক্ষণ করুন, অথচ তাদের সম্পর্কে কি কিছু লেখা আছে বাজেটে? এবং যদি পরিকল্পনা দরকার হয় তাহলে সর্বাগ্রে প্রাধান্য দেওয়া উচিত। লক্ষ লক্ষ মানুষ যারা অশিক্ষিত, অদক্ষ অল্প শিক্ষিত কারণ তারা হচ্ছে সামাজিক এবং রাজনৈতিক পশ্চাদপদ শিকার এবং তারাই হচ্ছে সবচেয়ে বেপরোয়া, তারাই হচ্ছে সবচেয়ে হতাশাগ্রস্ত এবং আমাদের দেশে যারা সুযোগ সন্ধানী ব্যক্তি আছেন তাদের নিয়ে বিশৃঙ্খলা কাজে বারে বারে ব্যবহার করেন। তাই যে কথা বলছিলাম এই রাজ্যের বেকারী হ্রাসের দিকে না গেলে এই রাজ্যে কি ভয়াবহ হয়ে অস্থিরতা হবে উঠবে সেকথা বোধ হয় ভাষায় বর্ণনা করা যায়না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কতজন ঠিক বেকার তার সঠিক কোন তথ্য পাওয়া যায় না, কিন্তু যেটুকু সরকারী তথ্য থেকে আমরা জানতে পারি তাতে দেখি যে ২ লক্ষ হচ্ছে শহরে বেকার আর ১৬ লক্ষ হচ্ছে গ্রামে বেকার আর employment exchange-এ নাম লিখিয়েছেন ৯ লক্ষ মানুষ এবং এই ৯ লক্ষ মানুষের মধ্যে অবশ্য সকলে পূর্ণ বেকার নন, কেউ কিছুদিন কাজ পান কেউ কাজ পান না। আবার কিছু আছে যারা ১২ মাস কাজ করেন তাদের বাঁচার মত মজুরী পান না। তাই, সকল সময় বিকল্প চাকুরী খোঁজেন। কাজেই মূলতঃ বেকার রয়েছে পশ্চিমবঙ্গে ১২ লক্ষ পুরো বেকার। ১৬ লক্ষের মুখ্যত লড়াই হচ্ছে সমান কাজে সমান মজুরী এবং তাদের জীবনধারণের উপযোগী যাতে তারা বেতন পেতে পারেন তারজন্য তারা লড়াই করছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে যখন আমরা বেকার সমস্যা এবং কর্ম্মসংস্থান নিয়ে আলোচনা করছি সে বিষয়ে মন্ত্রীসভার একটু দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে কায়িকশ্রমের ক্ষেত্রে বিপুল সংখ্যায় অস্থায়ী শ্রমিকের আগমন। কোন একটা নির্দ্দিষ্ট নীতির ভিত্তিতে এই সম্পর্কে যদি ফয়সালা না করা হয় তাহলে খুব শীঘ্র এই নিয়ে একটা প্রচণ্ড বিপদ উপস্থিত হতে পারে। এই হুঁসিয়ারী এখানে আমি রাখতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পুঁজিপতির খাঁচার মধ্যে থেকে বেকারী দূর করা যে আকাশ-কুসুম একথা কিছুদিন আগে করলে অনেকে বলতেন যে লোকটা কমিউনিষ্ট, সে তার মতাদর্শের প্রচার চালাচ্ছে।

[5-30—5-40 p.m.]

কিন্তু গত বিধানসভা অধিবেশনে কয়লাখনি জাতীয়করণের কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী নিজে

বলেছেন যে কয়লাখনির মালিকরা royalty-র ২২ কোটি টাকা সরকারের ফাঁকি দিয়েছে। মুখ্যমন্ত্রী নিজে বলেছেন যে এই সমস্ত কয়লাখনির মালিকরা provident fund-এর ৬ কোটি টাকা Provident Fund-এ জমা দেননি। মুখ্যমন্ত্রী একথাও বলেছেন যে এই কয়লাখনির মালিকরা Wage Board এর রায়ের অজুহাত দেখিয়ে তিন তিনবার কয়লার দাম বাড়িয়েছে। কিন্তু তা সত্ত্বেও Wage Board এর রায় তারা চালু করেননি। তিনি বলেছেন যে সেই কয়লাখনির মালিকরা পুঁজি নিয়োগ না করে, আধুনিক যন্ত্রপাতিকে নিয়োগ না করে কয়লা উৎপাদনকে ধ্বংস করছে, সেই জন্যই কয়লার জাতীয়করণ প্রয়োজন। তাই আজকে শুধু communist-রা নন অকম্যুনিষ্ট লোকেরা প্রকাশ্যে স্বীকার করছেন যে জাতীয়করণ ছাড়া দ্বিতীয় কোন পথ নেই। সেদিন শ্রমমন্ত্রীও এখানে বলেছেন যে চা-বাগিচার মালিক শ্রমিকের স্বার্থকে অস্বীকার করে ১৷৷/২ লক্ষ শ্রমিকের কর্মসংস্থানকে বঞ্চিত করেছেন। বাগিচাকে ধ্বংস করছে। কাজেই পুঁজিবাদকে সেবা করে অগ্রসর হওয়া যায় না, সেই কথা শ্রমমন্ত্রী স্বীকার করেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বেকারী হ্রাসের জন্য প্রথম এবং প্রধান প্রস্তাব হচ্ছে পশ্চিমবাংলার চা বাগিচা, কয়লাখনি, চটকল প্রভৃতি জাতীয়করণ করতে হবে। এছাড়া দরবৃদ্ধি যে পরিমাণ বেড়ে চলেছে, তারজন্য মানুষের জীবনে যে কষ্ট নেবে এসেছে, তার ফিরিস্তি আমি দিতে চাই না। আমি শুধু এই প্রস্তাব রাখতে চাই যে দর বৃদ্ধি প্রতিরোধের জন্য সাধারণ মানুষের যে সমস্ত নিত্যপ্রয়োজনীয় পণ্য, যেমন খাদ্যশস্য, কাপড়, তেল, কৃষির উপকরণ, বাড়ী তৈরীর উপকরণ, এই সমস্ত জিনিসের জাতীয়করণ করে, এই সমস্ত জিনিষের শিল্প এবং ব্যবসার জাতীয়করণ প্রয়োজন। নিত্য ব্যবহার্য পণ্য সমূহের বাজারে নিয়ন্ত্রিত দরে পণ্যের যদি সরবরাহ করতে হয় তাহলে তার প্রস্তুতকারী যেসমস্ত কলকারখানা আছে, তার বৃহদংশকে সরকারের কব্জায় আনতে হবে। তার কারণ এই বাজেটে দর বৃদ্ধির কথা বলা হয়নি। বাজেটে দরবৃদ্ধির প্রতিরোধের কোন কথা বলা হয়নি। এটা অতি দুঃখের বিষয়, দর বৃদ্ধি প্রতিরোধ যদি না করা যায় তাহলে যে পরিকল্পনা নেওয়া হয়েছে, সেই পরিকল্পনা ভেঙ্গে চুরমার হয়ে যাবে। সেদিন কাগজে দেখলাম যে ইঁটের দাম আগে ছিল ১০০ টাকা, তার দাম হয়ে গেছে ২০০ টাকা। কাজেই পরিকল্পনার জন্য যে টাকা বরাদ্দ হয়েছে তা ভেঙ্গে চুরমার হয়ে যাবে এই দরবৃদ্ধির জন্য, কোন পরিকল্পনা সেদিক থেকে সফল করা যাবেনা। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গরিবী হটাবার জন্য সরকারের পক্ষ থেকে দরবৃদ্ধি প্রতিরোধের প্রয়োজন। তা-না হলে মুনাফাখোরদের হাতে রেখে যেকোন আইনই সরকারের পক্ষ থেকে করা হোক না কেন, কোন উদ্দেশ্যই সফল হবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বেকারী হ্রাস এবং গরিবী হটাবার পূর্ব সর্ত হল জাতীয়করণ নীতিগ্রহণ। অন্য কোনরূপ প্রস্তাব tax বসানো অথবা যত রাস্তাঘাটেরই উন্নয়ন করুন অথবা যেকোন কাজই করুন সমস্ত ব্যর্থ হতে বাধ্য, যদি একচেটিয়া পুঁজির জাতীয়করণ না করা যায়। উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী P. C. Sethy ১৪ই April বিধানসভায় বলেছিলেন একচেটিয়া পুঁজিদের কারবারের কথা, বিড়লার ও শাহু-জৈনের যে Paper Mill আছে, তারা ৬ টাকা দরে বাঁশ কিনে যে কাগজ উৎপাদন করে তাদের কলে, যেখানে বাজারে ৩০০ টাকা দরে বাঁশ বিক্রি হয়, তাহলে বুঝুন বিড়লাদলের এমন দাপট যে সাধারণ বাজারকে পর্যুদস্ত করে দিয়ে ৩০০ টাকা টনের বাঁশ তারা ৬ টাকা দরে কেনেন এবং শেঠীর এই মন্তব্য থেকে বোঝা যাবে যে কি করে একচেটিয়া পুঁজি কিভাবে রাঘব বোয়ালে পরিণত হলো। শুধু মালিকের শোষণের জোরে নয়, সেই উৎপাদক চাষী তার স্বাভাবিক বাজারকে পায়ের তলায় দাবিয়ে রেখে, এমন কি প্রতিষ্ঠিত সরকারের উপর যদি অসামান্য দাপট এই বিড়লা পরিবারের না থাকে তাহলে কখনই এটা সম্ভব হয় না। যেখানে বাজারে ৩০০ টাকা টনে বাঁশ বিক্রি হয় সেখানে বিড়লা পরিবার ৬ টাকা দরে বাঁশ কেনেন। Licence এর কথা বলা হয়েছে।

আগেও বলা হয়েছে, বাজেটে লেখা আছে যে লাইসেন্স দেওয়া হয়েছে পশ্চিমবাংলার জন্য অনেক, কিন্তু সেই লাইসেন্স দিয়ে কি হবে? এই যে আমাদের দেশে কাগজের অভাব, গত ১০ বছরে

কেন্দ্রীয় সরকার ৩০টি কাগজের কারকানা খোলার লাইসেন্স দিয়েছে, কিন্তু খোঁজ নিয়ে দেখুন একটাও কাগজের কারখানা খুলতে পারেনি কারণ ঐ বিড়লার সঙ্গে কমপিটিশন, বিড়লার সঙ্গে প্রতিযোগিতা করে কারও বাবার সাধ্য নেই। সে ৩০০ টাকা করে বাঁশ কেনে। ঐ কাগজের কারখানা করার জন্য ১০ বছর হয়ে গেল ৩০টি লাইসেন্স দেওয়া হয়েছে। তাই মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে আমি এই কথা বলছিলাম যে পুঁজিপতিদের খর্ব না করে একচেটিয়া পুঁজিকে জাতীয়করণ না করে কোনদিনই অগ্রসর হতে পারবেন না। তাই আমাদের প্রস্তাব হলো কায়িক শ্রমের ক্ষেত্রে কন্ট্রাক্ট প্রথার বিলোপ সাধন। এই কথা আমি বিশেষ জোরের সঙ্গে বলতে চাই যে, এই অপবাদ দীর্ঘদিন ধরে চলে আসছে যে, বাঙ্গালীরা না-কি কায়িকশ্রম করতে পারে না, বেকার থাকে তবু কায়িকশ্রম করেনা। তবে এই কথা বুঝি যে কায়িকশ্রম মানে যদি পশু শ্রমকে বোঝায়, কায়িক শ্রম মানে যদি সময় বলে কিছু না থাকে, কায়িক শ্রম মানে যদি হয় কাজের সময় কাজি, কাজ ফুরালে পাজি তাহলে নিশ্চয়ই শ্রমিকদের ঘোরতর আপত্তি থাকবে। তাই আমার বিশেষ প্রস্তাব হলো এই ধরণের কাজের জন্য স্থায়ী প্রতিষ্ঠান করা দরকার। তাই আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব যে এই কন্ট্রাক্ট প্রথার বিলোপ করুন, এবং কন্ট্রাক্ট প্রথা বিলোপ করে শ্রম সমবায়ের মাধ্যমে আপনারা মানুষকে কাজের ব্যবস্থা করে দিন। তাহলে অনেক বাঙ্গালী আসবে। এরপর বৃহৎ অর্থনৈতিক অংশগুলি যদি জাতীয়করণ করা যায় তাহলে ছোট এবং মাঝারি শিল্পগুলি আবার নতুন করে জেগে উঠবে, আশার আলো দেখবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বৃহৎ শিল্পগুলির এমনই সব ব্যবস্থা যে তারা নিজেদের কারখানার শ্রমিকদের শুধু শোষণ করতেই থাকে না, তারা অন্যান্য মাঝারি এবং ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠানকে তাদের কিভাবে অর্থনৈতিক শোষণ করে তাদের কি পরিণতি করে তুলেছে, আশা করি সে সম্বন্ধে আপনারা সকলেই একমত হবেন। আমি একটা কথা বলছি, সেটা হচ্ছে এই সাউথ বেলেঘাটায় ন্যাশানাল ট্যানারী বলে একটা প্রতিষ্ঠান আছে, এইটা একটা বড় প্রতিষ্ঠান এবং সেখানের কারখানায় যে ইউনিয়ন আছে সেই ইউনিয়নের সভাপতি শ্রীঅর্দ্ধেন্দুশেখর নস্কর মহাশয়, তিনি এখানে বসে আছেন। সেই কারখানায় ১৯৬৬ সালে উৎপাদন হয়েছিল ২ কোটি ৮৬ লক্ষ টাকার। সেখানে আজকে '৭১ সালে হচ্ছে ২৬ লক্ষ টাকার প্রোডাকশান। এই শিল্পের মালিক এখানে যে সব ক্ষুদ্র ও মাঝারি কটেজ ইনডাষ্ট্রীস আছে, নিজেদের মুনাফার স্বার্থে তাদের শোষণ করছে। কি, ভীষণভাবে সেই সব ছোট ছোট এবং মাঝারি শিল্পগুলির মাধ্যমে, তাদের শ্রমিকদের শোষণ করে মরেন এ্যাক্সচেন্জ লাভ করছে। শুধু ন্যাশানাল ট্যানারী নয় এইরকম সব কয়টি বড় বড় শিল্প প্রতিষ্ঠান নিজেদের শ্রমিকদের কাজে না লাগিয়ে ঐ সব ছোট ছোট ও মাঝারী শিল্প প্রতিষ্ঠানগুলির মাধ্যমে প্রচুর মুনাফা লুঠছে।

[5-40—5-50 p. m.]

এই সময় হাজার হাজার ছোট ও মাঝারী শিল্পের শ্রমিকরা বাঁচার মত মজুরী পায় না। কাজেই এই সমস্ত বড় বড় শিল্প প্রতিষ্ঠানকে যদি জাতীয়করণ করা না হয় তাহলে ছোট মাঝারী শিল্পের শ্রমিকদের জীবন ধারণের মান উন্নত করা যাবে না। সেজন্য বলছি যে National Tannery কে এখুনি nationalise করা দরকার এবং তারজন্য যা করা দরকার তাই করা উচিত। আপনারা বলছেন ছোট ছোট শিল্প প্রতিষ্ঠান আমরা করব। কিন্তু আপনারা জানেন যে ছোট শিল্পের মালিকরা হচ্ছে বৃহৎ ও একচেটিয়া পুজির ক্রীতদাস এবং তাদের শ্রমিকরা বাঁচার মত মজুরী পায় না। তারা ১৮ ঘণ্টা খাটে—তাদের উপর দিয়েই বড় বড় মালিকরা মুনাফার পাহাড় লুটছে। এইরকম অনেক উদাহরণ দেওয়া যায়। আমি এরকম national tannery-র কথা বললাম। আবেদীন সাহেব বললেন ১৯৬৭-৬৯ সালে যুক্তফ্রন্টের জন্য উৎপাদন হয়নি। কিন্তু দক্ষিণ বেলেঘাটায় national

Tannery যদি গিয়ে দেখেন তাহলে দেখবেন সেখানে ১৯৬৬ সালে ২ কোটি ৮৬ লক্ষ টাকা উৎপাদন হবার পর আজ সেখানে ৯৬ লক্ষ টাকার উৎপাদন হচ্ছে। কাজেই আপনারা যে দৃষ্টিভঙ্গী উপস্থিত করছেন তার সঙ্গে একমত হতে পারিনা এবং সেই পুরানো কাঠামোর যদি পরিবর্তন না করেন তাহলে অগ্রসর হওয়া যাবে না। অতএব এই সমস্ত বড় বড় শিল্প প্রতিষ্ঠানগুলি যদি nationalise করে নেওয়া যায় তাহলে ছোট ছোট শিল্পের শ্রমিক যাদের এক বেলাও খাওয়া হয় না ১০ ঘণ্টা পরিশ্রম করে তারা তাহলে বাঁচার মত মজুরী পাবে, অমানুষিক শোষণের অবসান হবে এবং অর্ধেক বেকারী হ্রাস হবে। আর বাকী থাকল তাহলে ১২ লক্ষ বেকার—যারা সহর ও গ্রামে থাকে। ওদের কাজ দেওয়া কি একেবারে অসম্ভব? একদলকে যদি কাজ দেওয়া যায় তাহলে আর একদলের self employment হবে। এদের জন্য যদি বড় বড় ও ছোট ছোট শিল্প প্রতিষ্ঠান ব্যবস্থা করা যায় এবং কৃষিক্ষেত্রে যদি ৩ ফসলী চাষের ব্যবস্থা করা যায় তাহলে এই বেকারত্ব হ্রাস পাবে। আজ বিশেষ করে বাংলাদেশের সঙ্গে আমাদের যে অর্থনৈতিক সহযোগিতা হয়েছে তার মধ্য দিয়ে আমাদের দেশের আর্থিক উন্নয়ন করতে হবে এবং কর্ম সংস্থানের সুযোগ হবে। পুঁজিবাদী পক্ষ যখন তীব্র হয়েছে তখন সেই মরা নিয়ে আমার পশ্চিমবাংলায় যেন নৃত্য না করি। সেই মরা যেন পশ্চিমবাংলাকে প্রেতভূমিতে পরিণত না করে। এটা আমার কথা নয়। আজ সমস্ত অকম্যুনিষ্ট দেশের ব্যক্তিরা স্বীকার করেছেন যে জাতীয়করণ ছাড়া পুঁজিবাদের সেবা করে কিছুতেই এগিয়ে যাওয়া যায় না এবং পশ্চিমবাংলার ক্ষেত্রেও তাই।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সেদিন ১৩ই এবং ১৪ই মে নয়াদিল্লীতে গণতন্ত্র রক্ষা সোসালিষ্ট গোল টেবিল আলোচনার সূত্রপাত হয়েছিল, সেখানে প্রতিরক্ষা বিভাগের উৎপাদন মন্ত্রী শ্রীশুকলা বলেছেন—অর্থনৈতিক ক্ষমতার কেন্দ্রীয়করণে বাধাদান করা যদি সরকারের নির্দেশ সামাজিক রাজনৈতিক উদ্দেশ্য হয় তবে মৌলিক ও ভারী শিল্প বলে কথিত অঞ্চলে একচেটে পুঁজির রাষ্ট্রীয়করণ একটি অপরিহার্য কর্তব্য। গরিবী হটাবার সার্থক কার্যক্রম রচনার জন্য একচেটে পুঁজির বিলোপ সাধন একটি পূর্বশর্ত। উৎপাদনের উপকরণের বৃহদংশ একচেটে পুঁজির জিম্মায় রেখে গরিবী হটাবার সম্মুখসমর শুরু করাই অসম্ভব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১লা এবং ২রা জুন দিল্লীতে যে এ. আই. সি. সি'র অধিবেশন হয়ে গেল সেখানে কংগ্রেস প্রেসিডেন্ট কৃষ্ণ দয়াল শর্মা এই কথা বলেছেন একথা শুধু আমার একার কথা নয়, কমিউনিষ্ট বলে একথা বলছি না, একথা বলেছেন কংগ্রেস প্রেসিডেন্ট কৃষ্ণদয়াল শর্মা,—"A curb on monopolies is to-day a national demand. Nationalisalion is certainly an indispensable requisite for future socio-political changes. Nationalisation is not necessarily socialism, but without nationalisation there cannot be any socialism. Nationalisation on a sweeping scale can transform the socio-political structure."

তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে অর্থমন্ত্রী মহাশয়কে জানাতে চাই তাঁকে আজকে ভেবে দেখতে হবে তিনি সেই পুরান কাঠামোর মধ্যে চলাফেরা করে দেশকে একটু-আধটু এগিয়ে দেবার চেষ্টা করবেন, না, জাতীয়করণের পথ ধরে পশ্চিমবঙ্গকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করবেন এই কথা ভেবে দেখুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশিশিরকুমার সেন:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৭২-৭৩ সালের যে বাজেট উত্থাপিত করেছেন তাকে সমর্থন জানিয়ে একটা কথা বাজেট বিস্তারিতভাবে পড়ে আমার মনে হয়েছে। মন্ত্রীসভা যে সমস্ত কথা আগে বলেছেন তার সঙ্গে কথায় এবং কাজে বর্তমানে কোন মিল দেখা যাচ্ছে না। আমরা বিগত অধিবেশন থেকে হাওড়া এবং হুগলী জেলার সমস্ত এম. এল. এ-রা

এই দুটি জেলার গ্রামীন অর্থনীতি যে মার্টিন রেলকে কেন্দ্র করে গড়ে উঠেছিল সেই মার্টিন রেল পুনরায় চালু করার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী এবং সমস্ত মন্ত্রী সভার কাছে বারে বারে আবেদন রেখেছিলাম। সকলেই অবহিত আছেন যে, মাননীয় মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায় এবং জয়নাল আবেদিন সাহেব কেন্দ্রীয় সরকারের সঙ্গে বিভিন্নভাবে যোগাযোগ করে মাননীয় প্রধান মন্ত্রী শ্রীমতী ইন্দীরা গান্ধীর সঙ্গে কথাবার্তা বলে মার্টিন রেল চালু করার প্রতিশ্রুতি দিয়েছেন। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করেছি এবারে যে বাজেট উত্থাপিত হয়েছে সেই বাজেটের মধ্যে মার্টিন রেল চালু করার জন্য কোন আশ্বাস নেই। এই বাজেট হাওড়া এবং হুগলী জেলার মানুষের মনের মধ্যে একটা বিরাট হতাশার সৃষ্টি করেছে। যেখানে আমরা বেকারী দূর করার প্রতিশ্রুতি দিয়েছিলাম, যেখানে মার্টিন রেল চালু করার কথা বলেছিলাম, এই দুটো জেলার গ্রামীন অর্থনীতি প্রতিষ্ঠিত করার আশ্বাস দিয়েছিলাম সেখানে সরকার যে বাজেট পেশ করেছেন তাতে মার্টিন রেল চালানর কোন আশ্বাস না থাকায় আমাদের স্বাভাবিকভাবে মনে হয়েছে মুখ্যমন্ত্রী কি আমাদের সঙ্গে বিভিন্নভাবে প্রতারণা করেছেন? যেখানে আমরা কয়েকদিন আগে কাগজে দেখেছি মুখ্যমন্ত্রী মহাশয় আশ্বাস দিয়েছেন দুটি জেলার মানুষ দু'হাত তুলে আশীর্বাদ করছে সেখানে প্রগতিশীল সরকারের এই বাজেটে মার্টিন রেলের কথা উল্লেখ না থাকায় তাদের মনে বিরাট হতাশার সৃষ্টি হয়েছে।

[5-50—6-00 p.m.]

কৃষিক্ষেত্রে কৃষির উন্নয়নের জন্য সরকার যে বাজেট পেশ করেছেন সেখানে ২৪-পরগণা, হাওড়া এবং মেদিনীপুর জেলাকে সেচহীন, চিরকালের চাষের অযোগ্য এবং লবনাক্ত এলাকা বলে বর্ণনা করেছেন। আমি হওড়া জেলাব পক্ষ থেকে বলতে চাই যে লবণাক্ত অঞ্চল এবং চাষের অযোগ্য এলাকা বলে ঘোষিত হবার পর আমাদের সরকার একথা বলতে পারতেন যে তাঁরা এই এলাকাকে সেচ যুক্ত এলাকা করে ওই এলাকার মানুষকে চাষের কাজে উৎসাহিত করবার জন্য কি কি ব্যবস্থা করেছেন। আমি বিভিন্ন ব্লকে ব্লকে ঘুরে ঘুরে দেখেছি কয়েকটি ডিপ টিউবওয়েল করা হয়েছে বটে, কিন্তু সেই ডিপ টিউবওয়েলে আজ পর্যন্ত ইলেকট্রিফিকেসন যায়নি। কাজেই আমি কৃষি উন্নয়ন বিভাগের মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ করছি কৃষি উন্নয়নের জন্য সরকার যখন সচেষ্ট হয়েছেন, কৃষকদের অর্থনৈতিক উন্নয়নের জন্য সরকার যখন সচেষ্ট হয়েছেন, ডিপ টিউবওয়েল করে, লিফট ইরিগেসন করে চাষের উন্নতি করার যে পরিকল্পনা নিয়েছেন হাওড়া, ২৪-পরগণা এবং মেদিনীপুর জেলায় তার বাস্তব রূপায়ণ করুন। আমি আর একটি সাজেসন রাখছি। আপনারা যখন ডিপ টিউবওয়েল এবং লিফট ইরিগেসন করবার কথা চিন্তা করবেন তখন সরকারের যে ৪টি ডিপার্টমেন্ট আছে তাদের মধ্যে যদি কো-অর্ডিনেসন না থাকে তাহলে কিন্তু কিছুই হবেনা, তাদের মধ্যে যদি কো-অপারেশন না থাকে তাহলে কিন্তু কিছুই হবেনা। এই ৪টি ডিপার্টমেন্ট হল—এগ্রিকালচারাল ডিপার্টমেন্ট, ইরিগেসন ডিপার্টমেন্ট, ইলেকট্রিফিকেসন ডিপার্টমেন্ট এবং ল্যাণ্ড এণ্ড ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেন্ট। আমরা কোথাও কোথাও দেখেছি স্লুইস্ করতে গিয়ে ল্যাণ্ড এ্যাকুইজিসন করার ব্যাপারে ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেন্ট বাধা দিচ্ছে, কোথাও আবার খাল বলে ইরিগেসন ডিপার্টমেন্ট কাজে বাধা দিচ্ছে এবং সেখানে ইলেকট্রিফিকেসন যাচ্ছেনা। কাজেই আমি আমার নিজের অভিজ্ঞতা থেকে এই আবেদন রাখছি যে কৃষির উন্নয়নের জন্য এবং কৃষকদের মনের মধ্যে একটা উদ্দীপন সৃষ্টি করবার জন্য ৪টি ডিপার্টমেন্টের মধ্যে একটা কো-অর্ডিনেসন করে আমাদের ব্যাপকভাবে এগিয়ে যাওয়া দরকার। এটা যদি আমরা করতে পারি তাহলে কৃষকদের উন্নয়নের জন্য, কৃষকদের কল্যাণে জন্য আমরা যে সরকার গঠন করেছি সেকথা স্বার্থক হবে। শিক্ষাক্ষেত্রে শিক্ষকদের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে এবং মুখ্যমন্ত্রীও এই প্রতিশ্রুতি দিয়েছেন যে, মাধ্যমিক শিক্ষকদের ১লা তারিখে বেত

দেওয়া হবে। কিন্তু অতীব দুঃখের সঙ্গে লক্ষ্য করছি আজ পর্যন্ত সেই প্রচেষ্টা গ্রহণ করা হয়নি। তারপর বেকার সমস্যার সমাধানের ক্ষেত্রে সরকার যদিও কিছু কথা বলেছেন কিন্তু সেই বেকার সমস্যার সমাধানের জন্য নির্দিষ্ট কোন কর্মসূচী এই বাজেটে নেই। আমার নিজের ব্যক্তিগত ধারণা গ্রামীণ কুটির শিল্পকে বিশেষভাবে উৎসাহিত করে তার জন্য সুচিন্তিত পরিকল্পনা সৃষ্টি করে যদি এগিয়ে যাওয়া যায় তাহলে এই গ্রামীণ বেকার সমস্যার কিছু সমাধান হতে পারে। এই বেকার সমস্যার সমাধানের কথা অনেকেই বলেছেন, কিন্তু আমার মনে হয় প্রোডাকটিভ ওয়েতে যদি আমরা বেকার সমস্যার সমাধানের কথা চিন্তা না করি তাহলে এই ব্যাপক বেকার সমস্যার সমাধান হবেনা। সেইজন্য আমি মন্ত্রীসভার কাছে নিবেদন করছি যে আপনারা এই বেকার সমস্যার তীব্রতা নিবারণের জন্য পরিকল্পনা নিন। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমহম্মদ দেদার বক্স**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ১৯৭২-৭৩ সালের পূর্ণাঙ্গ বাজেটে ৫৭৬ কোটি টাকা দেখিয়েছেন, তার মধ্যে ১৩ কোটি ৩৬ লক্ষ টাকা ঘাটতি রয়েছে। তার মধ্যে ১০ কোটি টাকা আহরণ তিনি দেখিয়েছিলেন প্রগ্রেসিভ মেথডে ট্যাক্সেশন করে এবং এই যে এখানে প্রগতিশীল ইঙ্গিত রয়েছে বলে আমি এই বাজেট সমর্থন করি। এবং সেই সঙ্গে সঙ্গে দুঃখের সঙ্গে আমি জানাচ্ছি যে এই বাজেটে বেকার এবং দারিদ্রতা দূর করার জন্য সুস্পষ্ট কোন নির্দেশ নেই। যাই হোক, তিনি যে প্রগ্রেসিভ ট্যাক্সেশন করেছেন এবং এই যে জমির উপর খাজনা সেচ এবং অসেচ—বিশেষ করে এই অসেচ এলাকায়ও যে খাজনার পরিমাণ তিনি নির্দিষ্ট করেছেন সেটা আমি বলবো যে এই যে বর্তমানে খরা গেল এবং মন্ত্রীদের কাছে হিসাব রয়েছে যে ৮০ কোটি টাকার ফসল ক্ষতি হয়েছে এবং লোকজনদের বাঁচাবার জন্য টি. আর., জি. আর. ইত্যাদি দেওয়া হয়েছে এই ক্ষেত্রে গ্রামবাংলার চাষীদের উপর, বিশেষ করে সেচবিহীন এলাকায় সেই জমির মালিকদের উপর এইভাবে ট্যাক্সেশন করা নীতিগতভাবে ঠিক হবেনা। আমি সেইজন্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো যে এটা যেন তিনি বিবেচনা করেন। অবশ্য আর এক দিক দিয়ে এই ট্যাকসেশন করা যেতো। যারা বন্দুকের মালিক তাদের গান লাইসেন্সের উপর যদি কিছু ট্যাকসেশন করা যেতো তাহলে আমার মনে হয় কিছু টাকা পাওয়া যেতো। তারপর এই যে কেন্দ্রীয় সরকারের বন্টিত অর্থ আমাদের পশ্চিমবঙ্গে পাট এবং চা থেকে বৈদেশিক মুদ্রা অর্জিত হয় এবং কেন্দ্র থেকে এটা যে রাজ্য ভিত্তিক বণ্টন করা হোত সেটা তিনি জনসংখ্যার উপর ভিত্তি করে চেয়েছেন এটাতে যে প্রগতিশীল ইঙ্গিত রয়েছে এবং যে দুঃসাহসিকতার পরিচয় দিয়েছেন তজ্জন্যে তাঁকে আমি অভিনন্দন জানাচ্ছি। যাই হোক, এটাতে আত্মতুষ্টি লাভ করলে চলবেনা। কেননা, আমাদের এখন বর্তমানে কর্তব্য এই যে বেকারত্ব এবং দারিদ্রতা, এনিয়ে আমাদের পশ্চিমবঙ্গ কেন ভারতের সকল লোকই বিব্রত এবং আমাদের মাননীয় সদস্যরা অনেক বক্তৃতার উপর টেবিল চাপড়াচ্ছেন কিন্তু আমি আজকে মনে করিয়ে দিতে চাই এবং অনুরোধ করতে চাই যে এটা ভাল করে বিবেচনা করুন। কোনটা? সেটা হচ্ছে এই যে জন্ম নিয়ন্ত্রণ, এই যে জনসংখ্যা নিয়ন্ত্রণ, জনসংখ্যা নিয়ন্ত্রণ করতে হলে পরিবার পরিকল্পনা দরকার এবং পরিবার পরিকল্পনার উপর গুরুত্ব দেওয়া হয়েছে এবং নির্বিজকরণের জন্য শিবির খোলা হয়েছে এবং সাড়াও পাওয়া গিয়েছে, কিন্তু তাহলেও এটাতে আমি প্রস্তাব রাখবো যে যাতে একটা সীমিত সংখ্যক সন্তান সন্ততির পর যাতে এই প্রগ্রেসিভ হারে ট্যাক্সেশন হয় এবং বহু বিবাহ বন্ধ করা হয় তজ্জন্যে আমি আমার এই জনপ্রিয় সরকারকে বিচার বিবেচনা করতে বলবো। তারপর এই যে জনকল্যাণমূলক কাজ যেটাতে মাননীয় অর্থমন্ত্রীর বিবৃতিতে রয়েছে যে ৬৫ বৎসর অথবা তদূর্দ্ধে মাসিক ২০ টাকা হারে যে বার্দ্ধক্য ভাতা দেওয়া হয় তাতে মাত্র ১০ হাজার লোককে আওতায় আনা হয়েছে। অর্থ অনটনের জন্য অন্যান্য আরো এই রকম ব্যক্তি রয়েছে যাদেরকে আওতায় আনা হচ্ছেনা। আমি

অনুরোধ করবো যে এই সমস্ত লোককে এই কল্যাণকর কার্যে আওতায় যেন আনা হয় অর্থাৎ মাসিক ১০ টাকা হারে বার্দ্ধক্য ভাতা দেওয়া হয় তাহলে এই দারিদ্রতা খানিকটা কমবে। এবং এই সঙ্গে সঙ্গে আমি বলবো যে আজ ভারতের অন্যান্য রাজ্যে ভিক্ষাবৃত্তি বন্ধ করা হয়েছে। কিন্তু আমাদের এই সরকারের চেষ্টা করা উচিত এই ভিক্ষাবৃত্তি বন্ধ করা। কারণ আমি ইণ্ডিয়ান ইকনমিক্সে পড়েছি যে Begging is one of the causes of economic distress in India. কাজেই এই ভিক্ষাবৃত্তির দ্বারাই অনেক লোক কুঁড়ে হয়ে যায়। আমি অনুরোধ করবো এবিষয় যেন মাননীয় মন্ত্রী মহাশয় বিবেচনা করেন। আমাদের এই যে উন্নয়ন পরিকল্পনা এতে গ্রামীণ উন্নতি দরকার, কেননা গ্রামে শতকরা ৭০ ভাগ লোক বাস করে এবং গ্রামের শ্রীবৃদ্ধি যদি করতে হয় তাহলে গ্রামের উন্নতি করতে হবে এবং কৃষির উন্নতি করতে হবে। কৃষির উন্নতি যদি সাধিত না হয় তাহলে গ্রামের শ্রীবৃদ্ধি হবেনা এবং গ্রামের উন্নতি যদি না হয় এবং কৃষির উন্নতি যদি না হয়, কৃষিকে আধুনিকিকরণ যদি না করা হয় তাহলে গ্রামের শ্রীবৃদ্ধি হবেনা এবং এই সমস্ত গ্রাম বাংলার এই শতকরা ৭০ ভাগ লোকের ভাগ্য যেখানে জড়িত, এই গ্রাম বাংলার কৃষির উন্নতি যদি না করা হয় তাহলে পশ্চিম বাংলার কোন সমস্যার সমাধানই হবেনা। সেজন্য এই কৃষির উন্নতি করতে গেলে কৃষকদের সার দিতে হবে, কৃষকদের সেচের ব্যবস্থা করতে হবে, গ্রামীণ রাস্তাঘাটের উন্নতির ব্যবস্থা করতে হবে, বিদ্যুৎ সরবরাহ করতে হবে এবং কীটনাশক ঔষধ সরবরাহ করতে হবে।

[6-00—6-10 p.m.]

এইভাবে কীটনাশক ঔষধ সরবরাহ করতে হবে। এইভাবে যদি কৃষির উন্নতি না করা যায় তাহলে দারিদ্র্য দূর হতে পাবেনা। কারণ পাঞ্জাবে শিল্পের চেয়ে কৃষিকেই প্রাধান্য দেওয়া হয়েছে, তারজন্য সেখানে উন্নতি ঘটেছে। আমি আমাদের সরকার এবং অর্থমন্ত্রী মহাশয়কে বিবেচনা করতে বলব শিল্পের চেয়ে কৃষির উপরই প্রাধান্য দিবার জন্য; কৃষির উপর প্রাধান্য দিলে কৃষির উন্নতি হলে জীবন ধারণের মান উন্নয়ন হবে, তা না হলে হবেনা। আমি চাই যে শিল্পও থাকুক কিন্তু এটা নগরমুখী হয়েছে। আমাদের ক্ষুদ্র শিল্প যাতে গ্রামমুখী হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি এবং মাননীয় উপাধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি। জয়হিন্দ্।

**শ্রীকুমারদীপ্তি সেনগুপ্তঃ** অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার, হাউসে বোধ হয় কোরাম নেই।

**মিঃ ডেপুটি স্পীকারঃ** কোরাম আছে, আমি দেখছি।

**শ্রীঅতীশচন্দ্র সিংহঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই আলোচনায় একটা জিনিস লক্ষ্য করলাম, সেটা হচ্ছে এখানকার মাননীয় সদস্যরা প্রায় সকলেই ১৯৭২-৭৩ সালের বাজেটে বেকারদের কর্মসংস্থানের পূর্ণ ইঙ্গিত নেই, এই অভিযোগ করেছেন। কিছু বলার আগে আমি একটা কথা বলতে চাই। সেটা হচ্ছে আজকে আমরা বাজেট পেশ করেছি এমন একটা পরিস্থিতির মধ্যে যেখানে দেশকে একটা বিরাট খরার মধ্য দিয়ে যেতে হচ্ছে। তার চেয়েও ভয়াবহ বন্যার মধ্য দিয়ে যেতে হয়েছিল গত বছর। এই খরায় আমরা দেখেছি প্রায় ৮০ কোটি টাকার মত ফসল নষ্ট হয়েছে এবং গত বন্যায় এর থেকেও অনেক বেশী টাকার ফসল নষ্ট হয়েছিল। এই দুটি সমস্যা ছাড়া গত পাঁচ বছরে আমাদের পশ্চিম বাংলায় রাজনৈতিক আবহাওয়া সুষ্ঠু ছিল না। সেজন্য পশ্চিমবঙ্গের অর্থনৈতিক প্রগতি মোটেই হয়নি, বরঞ্চ অনেক দিক দিয়ে পিছিয়ে গিয়েছি। বহু শিল্প এখান থেকে চলে গিয়েছে, বহু লোক কর্মসংস্থান হারিয়েছে। এই রকম একটা পরিস্থিতিতে এই বাজেট পেশ

করেছি। এই বাজেটে আগামী দিনে আমরা প্রত্যেক দপ্তর অনুযায়ী কিছু কিছু কাজ করব এবং তাতে কিছু লোকের কর্মসংস্থান হবে, এবং সেই স্কীমের প্রতিটির বিবরণ দেওয়া সম্ভব নয়। আমি আশা করি এই জিনিসটা আপনারা বুঝবেন। বিশেষ করে আমরা মাত্র তিন মাসের মধ্যে এই বিরাট বেকারত্বের সমাধান করে ফেলব এটা সম্ভব নয়। সেদিক দিয়ে যে সব ইঙ্গিত অনেক মাননীয় সদস্য দিয়েছেন যে কোন স্কীমে কত লোক নিয়োগ করতে পারব সেই সমস্ত বললে বাজেট পূর্ণাঙ্গ হত সেটা সম্ভব নয়। মাত্র তিন মাসের মধ্যে পূর্ণাঙ্গ ইঙ্গিত দিলেই যে বেকার সমস্যার সমাধান করতে পারব এটা কখনও জোর করে বলা যায় না। একটা কথা আমরা আশা করছি যে বর্তমানে রাজনৈতিক পরিস্থিতির একটা স্থিতিশীলতা এসেছে এবং কাজ করবার একটা প্রবণতা এসেছে শ্রমিকদের মধ্যে, সঙ্গে সঙ্গে আমি একথাও বলতে চাই যে যে সমস্ত শিল্প প্রতিষ্ঠানের সঙ্গে সরকার জড়িত এবং সেই সমস্ত শিল্প প্রতিষ্ঠানে যে সমস্ত গলদ এবং ত্রুটি বর্তমান আছে সেগুলি সংশোধন করবার জন্য আপ্রাণভাবে আমরা চেষ্টিত হয়েছি এবং সঙ্গে সঙ্গে যে সমস্ত শিল্প নিজস্ব মালিকানার আওতায় আছে, তাদের উপর যথেষ্ট চাপ সৃষ্টি করেছি বা করব যাতে করে তারা মুনাফা লুটে নিয়ে যাবার পূর্বে লভ্যাংশের কিছু অংশ পুনর্নিয়োগ করে এবং এভাবে যাতে আরও কর্মসংস্থান-এর সুযোগ করে দিতে পারি এই স্কীম আমরা নিয়েছি, কিছুদিন আগে চেম্বার্স অব কমার্সের মিটিং-এ আমাদের শিল্পমন্ত্রী তাদের কাছে সেই প্রস্তাব রেখেছেন।

বেকারত্ব সমস্যার সমাধান করা সহজ নয়, সেকথা আগেই বলেছি। আমরা আশা করছি যে অর্থনৈতিক পুনরুজ্জীবন যদি পশ্চিমবাংলায় হয় তাহলে আপনা-অপেনি খানিকটা সমস্যার সমাধান হবে। আপনারা জানেন গত ৫ বৎসরে এবং তারও বহু আগে আমাদের স্বর্গত: মুখ্যমন্ত্রী ডা: বিধানচন্দ্র রায়ের আমলে দুর্গাপুরে কিছু কিছু বড় বড় কারখানা স্থাপন করা হয়েছিল। সেই যা প্রতিষ্ঠা হয়েছিল তারপর আর কোন বড় বড় শিল্প বা কারখানা স্থাপিত হয়নি। আমরা দেখেছি এবং এটা খুবই আনন্দের কথা আজকে পশ্চিমবাংলায় শিল্প সমৃদ্ধ বা নতুন শিল্প স্থাপন করবার জন্য এদিকে আবার দৃষ্টি দেওয়া হচ্ছে। আপনারা জানেন যে পুরুলিয়ায় একটা এ্যালয়েড ষ্টীল-এর কারখানা এবং সিমেন্টের কারখানা স্থাপিত হবার কথা হচ্ছে। আমরা আশা করছি এইরূপ ধরনের বহু শিল্প গড়ে উঠবে। তার কারণ আজকে যে বেকারত্বের সমস্যা আমাদের সামনে দেখা দিয়েছে তা যদি আমরা একটু তলিয়ে দেখি তাহলে দেখতে পাব যে আমাদের এই পশ্চিমবাংলায় কতগুলি গুরুতর সমস্যা আছে। আমি যদি স্ট্যাটিসটিকস আপনাদের দিই তাহলে আপনারা বুঝতে পারবেন পশ্চিমবাংলার ডেনসিটি অব পপুলেসন ১ বর্গ কিলোমিটারে ৫৬০ জন। সারা ভারতবর্ষের হিসাব দেখতে গেলে কেরালার পরে আমাদের পশ্চিম বাংলা সেখানে জমি যা চাষ করা যায় তার পরিমাণ ১ কোটি ৪০ লক্ষ একর এবং যদি ধরে নিই মাত্র ৭০ ভাগ চাষী তাহলে দেখতে পাব যে এক একটি চাষীর মাথা পিছু আবাদযোগ্য জমির পরিমাণ ১ বিঘার কিছু বেশি। সবভারতীয় ক্ষেত্রে ফিগার হচ্ছে ৬ বিঘা। আজকে পশ্চিমবাংলা যে-কোন কারণেই হোক—ভৌগলিক কারণেই হোক আর যে-কোন কারণেই হোক, এত জমির অভাব এবং সেখানে এত লোক যে সারা ভারতবর্ষে ৩ ভাগ এরিয়া যেখানে সেখানে সারা ভারতবর্ষের তুলনায় ৮ ভাগ পপুলেসন। কাজে কাজেই আমাদের পশ্চিমবাংলায় প্রথমেই বেসিক্যালি একটা অন্তরায় হয়ে যাচ্ছে এই রাজ্যকে এগিয়ে নিয়ে যাবার। তা সত্বেও বেকারত্ব-এর হাত থেকে যদি আমাদের মুক্ত হতে হয় তাহলে কেবলমাত্র জমি চাষের উন্নতি করলেই হবে না, আমাদের শিল্পেরও উন্নতি সাধন করতে হবে। বহুকাল আগে যা ছিল সে সময় সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা অগ্রণী রাজ্য হিসাবে পরিগণিত ছিল। সে সময় শিল্প প্রসারলাভ করেছিল। কিন্তু দুঃখের কথা সে সময় শিল্প প্রসার লাভ করলেও নূতন শিল্প বছর বছর বা সময় সময় যেহেতু হয়নি, যেহেতু আমরা নূতন করে

কলকারখানা করে সেই সমস্ত পুরানো কলকারখানাগুলিকে মডার্ণাইজেসন করতে পারিনি, যেহেতু আমরা দেখতে পাচ্ছি যে পশ্চিম বাংলায় যে সমস্ত কলকারখানা আছে তার মালমশলা ও যন্ত্রপাতি এত পুরানো হয়ে গেছে যে তার তুলনায় মহারাষ্ট্র এবং ভারতবর্ষের অন্য রাজ্যে এর যে সমস্ত কলকারখানা আছে তার সমান উৎপাদন করতে পারছে না। এই সমস্যা আছে, তবুও আমরা চেষ্টা করছি যে সমস্ত কলকারখানা ছিল তাদের পুনরুজ্জীবিত করে অর্থ প্রতিষ্ঠানের কাছ থেকে টাকা নিয়ে এসে সেগুলিকে পুনরুজ্জীবিত করার। আপনারা দেখেছেন যে মাত্র তিন মাসের মধ্যে যে সমস্ত কলকারখানা বন্ধ ছিল তার মধ্যে অনেকগুলি খুলেছি এবং তাতে ৬০ হাজার লোকের কর্মসংস্থান হয়েছে। আজকে ৩০ লক্ষ লোক বেকার, সেখানে ৬০ হাজার লোকের চাকুরী ফিরিয়ে দিতে পেরেছি। পুরানো কারখানা যে সমস্ত বন্ধ ছিল সেগুলি আমরা খুলতে পেরেছি, এটা কম কথা নয়। আমরা আশা করছি যে পশ্চিমবাংলায় এইরূপ যে সমস্ত বন্ধ কলকারখানা পড়ে আছে সেগুলি আগামী কয়েক মাসের মধ্যেই বা আগামী কয়েক বৎসরের মধ্যেই খুলে যাবে। ফলে কাজ যারা হরিয়েছিলেন কাজ তারা ফেরত পাবেন। কিন্তু আমরা জানি এতে সমস্যার সমাধান হবে না। কারণ বেকারত্বের সমস্যা অত্যন্ত বেশি এবং সেই জন্যই এখানে এত বেশি মাননীয় সদস্যরা আলোচনা করেছেন। আমি লক্ষ্য করেছি যে এখানে তারা ক্ষুদ্র শিল্প, মাঝারি শিল্প এবং কুটির শিল্পের উপর জোর দিয়েছেন। আজকে আমাদের বুঝতে হবে যে এই যে ক্ষুদ্র শিল্প বা কুটির শিল্প এর মাধ্যমে যদি আমরা কর্মসংস্থান করতে না পারি তাহলে কেবল চাকুরী দিয়ে এর সমাধান হবেনা। কেরানী করে চাকুরী দিয়ে এই সমস্যার সমাধান হবে না আমরা জানি।

[6-10—6-20 p.m.]

এই অবস্থাতে আমি আপনাদের আর একটা কথা জানাতে চাই, সেটা হচ্ছে অত্যন্ত দুর্ভাগ্যের। এর কারণ জানি না কেন। আমি একটা বই থেকে এ সম্বন্ধে একটু পড়ে আপনাদের শোনাচ্ছি। বইখানার নাম হচ্ছে—"India in Industries"—Indian Market Research Bureau দ্বারা প্রকাশিত। তাঁরা বলছেন—আমাদের পশ্চিমবঙ্গে অবাঙ্গালী শ্রমিক ও কর্মীর সংখ্যা কত তার হিসেব দিয়ে এখানে বলছেন—

Indian Market Research Bureau ..In the industrial employment percentage of non-Bengali workers in different industries are 79 per cent, in jute textile 54 per cent, in cotton textile 49 per cent,. in engineering 54 per cent., in iron and steel and 73 per cent. in paper, and the combined share of non-Bengali workers in the total factory employment cames to 61 per cent. They send out annually about 280 million rupees through postal remittances out of the State.

আজকে দুর্ভাগ্যের কথা—আমাদের গ্রাম বাঙ্গালী ভাইরা যেখানে চাকরী পাচ্ছে না, সেখানে পশ্চিমবঙ্গের বিভিন্ন শিল্পে পার্শ্ববর্তী বিভিন্ন রাজ্যের বহু লোক চাকরী করছে। আমি কোন পার্শ্ববর্তী রাজ্যের যাঁরা কাজ করছেন এখানে, তাদের প্রতি কোন কটাক্ষপাত করতে চাই না। কেন এই রকম অবস্থা হলো? চা-শিল্পে ৭০ ভাগ অবাঙ্গালী, জুট শিল্পে শতকরা ৮০ ভাগ অবাঙ্গালী। মাননীয়া সদস্যা শ্রীমতী ইলা মিত্র বলেছেন—আমরা আজকাল কর্ম বিমুখ নই। অত্যন্ত আনন্দের কথা সন্দেহ নাই। কিন্তু এককালে আমরা তাই ছিলাম। আমাদের নিজেদের মধ্যে গলদ ছিল যার সুযোগ নিয়ে বিভিন্ন শিল্পে চা-পাট-লোহা—এই সমস্ত শিল্পে এই অবস্থার সৃষ্টি হয়েছে। কাজে কাজেই আজকে

কেবল আমাদের রাষ্ট্রীয়করণ করে সমস্যার সমাধান হবে না। আমাদের নিজেদের যে সমস্ত গলদ আছে, যে সমস্ত ত্রুটি আছে, তা শোধরাতে হবে। আমি একথা জোর করে আপনাদের সামনে বলতে পারি, আমরা যে টাকা দিয়ে ক্ষুদ্র শিল্প স্থাপন করবো, সেই টাকার সদ্ব্যবহার করা যাবে না এই কারণে যে, গ্রামের ছেলেরা যে এই শিল্প করবে, সে সম্বন্ধে তার কোন আইডিয়া নাই যে কি করবে। বহু ছেলে আমার কাছে আসে বলে আমি ট্যানারী করবো, আপনি একটা স্কীম দেন। সেই স্কীম দিলে ব্যাংকে গেল, সেখানে তাকে জিজ্ঞাসা করলো ট্যানিং কি করে হয়? সে বললে জানি না। এই জন্য ব্যাংকের কাছ থেকেও ঋণ পেতে পারে না। আমাদের এখন আত্ম-সমালোচনা করতে হবে, এর জন্য আরো গভীরে আমাদের যেতে হবে। আমাদের সমাজে কি শিল্প গড়ে তোলবার মনোভাব আছে? এ নিয়ে আলোচনা করতে হবে। আমাদের বাঙ্গালী পরিবারে শিল্প প্রতিষ্ঠায় ছেলেদের উৎসাহিত করা হয় না। বহু ছেলে বলে এর অন্তরায় আমার বাপ-মা। তাঁরা বলেন ও লাইনে যেও না। তুমি একটা চাকরী খোঁজ। এই দায়িত্ব সমাজের। সমাজ যদি সেই দায়িত্ব পালন করতে না পারে, তার জন্য দোষ দেবেন কাকে? ছেলেদের শিল্পস্থাপনে উৎসাহিত করতে হবে। তা কি করে করতে হয় তার সম্বন্ধে জ্ঞান আহরণের সুযোগ দিতে হবে। সর্ব্বদা ছেলেদের উৎসাহিত করতে হবে। তা যদি না করি, বেকারীর সমাধান আমরা করতে পারবো না। অনেকের সঙ্গে আলোচনা করে দেখেছি। উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের কাছে একটা প্রস্তাব রাখতে চাই। সেটা হচ্ছে এই, তাঁরা চিন্তা করে দেখুন আজ আমাদের এই বাঙ্গালী ছেলে যারা অর্দ্ধশিক্ষিত ও উচ্চশিক্ষিত হয়ে চাকরীর জন্য ঘোরাঘুরি করছে, তাদের সত্যিই যদি ক্ষুদ্রশিল্প ও বড় বড় শিল্প স্থাপনে উদ্যোগী করতে হয়, তাহলে তাদের সেইভাবে শিক্ষিত করতে হবে। স্কুল পর্যায়ে বিদ্যালয় পর্যায়ে তাদের শিক্ষা দিতে হবে বিভিন্ন শিল্প যা আমাদের দেশে চলছে, বিভিন্ন জিনিষ সেখানে কীভাবে তৈরী হয়। অনেক সায়েন্স গ্রাজুয়েটকে আমি জিজ্ঞাসা করেছি সাবান কি করে তৈরী হয়? ফাউন্টেন পেনের ইন্‌ক কি করে তৈরী হয়? তারা এর জবাব দিতে পারেনি। আমাদের প্রাত্যহিক জীবনে বস্তুতান্ত্রিক হতে হবে। সেইভাবে যদি আমাদের বাঙ্গালী ছেলেদের শিক্ষিত করে তুলতে না পারি, তাহলে কিছুতেই কিছু হবে না। সেই বিরাট দায়িত্ব আমাদের যারা নির্বাচিত হয়ে এখানে এসেছি। বিভিন্ন সদস্য যে সব প্রশ্ন এখানে তুলেছেন, তাদের জবাব দেবার একটু চেষ্টা করবো।

মাননীয় শ্রীপ্রদ্যোৎ মহান্তি মহাশয় বলেছেন যে, জোতদারদের নাকি জমি লুকিয়ে রাখবার সুযোগ করে দেওয়া হয়েছে—বর্গাদারদের স্বার্থ রক্ষা করা হচ্ছে না। এই অভিযোগ একেবারেই ঠিক নয়। আমাদের সরকারের ঘোষিত নীতি হচ্ছে যে আমরা জোতদারদের সাহায্য তো করবোই না বরঞ্চ যে সমস্ত জমি তারা লুকিয়ে রেখেছে সেগুলি খুঁজে বের করবার চেষ্টা করবো। আমাদের মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় কতখানি জমি উদ্ধার করা হয়েছে তা বলেছেন। বর্গাদারদের স্বার্থ রক্ষা করা হচ্ছে না, একথা ঠিক নয়। এ প্রসঙ্গে আমি বলতে চাই যে বর্গাদারদের স্বার্থ রক্ষা করবার জন্য বিভিন্ন আইন করা হয়েছে যাতে তাদের উচ্ছেদ করা না যায়। এবং এ ব্যাপারে আমরা জে, এল, আর, ও এবং ডি, এম,-কে সুনির্দিষ্ট নির্দেশও দেওয়া হয়েছে। এ সম্বন্ধে যে সমস্ত অভিযোগ উঠেছে তার জন্য মাননীয় জয়নাল আবেদিন সাহেব স্পেসিফিক কেস চেয়েছেন এই ব্যাপারে বিশেষভাবে অনুসন্ধান করার জন্য। তার পর আমাদের যখন এই অবস্থা তখন সেখানে চাষীদের উপর কর স্থাপন করা অযৌক্তিক। একথা আমরা মানি। কিন্তু একটা জিনিস আমি মাননীয় সদস্যদের বলতে চাই। সেটা হচ্ছে এই যে আমরা ৯ বিঘা জমির মালিকদের উপর কর ধার্য করি নি। ৯ বিঘার উপরে জমির মালিকদের উপর কর ধার্য করেছি। এতে চাষীদের স্বার্থ রক্ষা হবে—তাদের স্বার্থে আমরা আঘাত হানি নাই। আর একটা জিনিস মাননীয় সদস্যদের জানাতে চাই সেটা হচ্ছে

যে রাজস্ব আদায় হয় ৬ কোটি টাকা, আর সেই খাতে ব্যয় হয় ৭ কোটি টাকা। যেখানে রাজস্ব থেকে আয়ের চেয়ে ব্যয় বেশী, সেখানে রাজস্ব কিছু যদি বাড়ানো না যায় তাহলে বিভিন্ন খাতে যেমন রাস্তাঘাট বলুন আর বেকার সমস্যাই বলুন টিউবওয়েলই বলুন এই সমস্ত হবে কি করে। এই সমস্তই একেবারে কেন্দ্রের কাছ থেকে নিয়ে এসে চালাবো এটা কি করে হয়। নিশ্চয়ই কেন্দ্রের কাছ থেকে নিয়ে আসতে হবে স্বীকার করি—কিন্তু সেই সঙ্গে সঙ্গে আমরা নিজেদের পায়ে দাঁড়াবার যদি চেষ্টা না করি তাহলে উন্নয়ন করা হবে কি করে? মাননীয়া গীতা মুখার্জী বলেছেন যে রাষ্ট্রায়ত্ব শিল্প সম্প্রসারণ করে কর বৃদ্ধি ব্যবস্থা করতে হবে—এইভাবে প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ কর আদায় করে এই সমস্যার সমাধান হবে না। আমি বলতে চাই যে শিল্প রাষ্ট্রায়ত্ব করতে আমরা পিছপাও নই। ১৪টি ব্যাঙ্ক আমরা রাষ্ট্রায়ত্ব করেছি, জেনারেল ইনসিওরেন্স রাষ্ট্রায়ত্ব করেছি, কোকিং কোল কোম্পানী বাষ্ট্রায়ত্ব করেছি। যত একচেটিয়ার পুঁজিপতিদের শিল্প আছে সেগুলি রাষ্টায়ত্ব বরলেই কি সমস্যার সমাধান হবে? তাহলে তো পার্লামেন্টে একটা আইন পাশ করে সমস্ত রাষ্ট্রায়ত্ব করে ফেলা যেতো। আজকে যে উদ্দেশ্য নিয়ে আমরা রাষ্ট্রায়ত্ত করতে চাচ্ছি উৎপাদনের উদ্দেশ্য নিয়ে সেখানে উৎপাদন যদি না করতে পারি তাহলে এই সমস্যার সমাধান হবে না। শ্রীমতী মুখার্জী আর এক জায়গায় বলেছেন যে ডি, পি, এল-এর বিল্ডিং ক্যাপাসিটি ১৮৫—অর্থাৎ উৎপাদন ১৮৫ মেগাওয়াট হওয়া দরকার সেখানে ১০০ মেগাওয়াট হচ্ছে। এটা কিন্তু ঠিক তথ্য নয়। ডি, পি এল, পাওয়ার প্লান্ট ১০০ মেগাওয়াট শুধু কলকাতাকে দেয়। এছাড়া ডি, পি, এল পাওয়ার প্লান্টের আরও দায়িত্ব রয়েছে। তার আশেপাশে যে সমস্ত শিল্প প্রতিষ্ঠান আছে সেখানেও তারা বিদ্যুৎ সরবরাহ করে। সেখানে প্রায় ৫০ থেকে ৬০ মেগাওয়াট সরবরাহ করে। যেখানে ১৮৫ মেগাওয়াট করার কথা সেখানে কলকাতাকে দেয় ১০০ মেগাওয়াট আর ৫০।৬০ মেগাওয়াট দেয় আশেপাশের শিল্প প্রতিষ্ঠানকে। এই সব মিলে সেখানে তৈরী হচ্ছে ১৬০ মেগাওয়াট। আপনারা শুনে আনন্দিত হবেন যে সমস্ত শিল্প রাষ্ট্রায়ত্ব হয়েছে তার মধ্যে হেষ্টিং হাউস স্যাকসবি ফারমার অন্যতম।

আমরা লক্ষ্য করেছি সেখানকার অর্থনৈতিক সমস্যা বহুকাল থেকেই খারাপ ছিল। আমরা সমস্যার সমাধান করেছি শ্রমিক এবং ম্যানেজমেন্টের সহযোগিতায়। আমরা আশা করছি যে প্রডাকসান রেট এক লক্ষ টাকা ছিল, সেটা যে বাড়িয়ে প্রায় ১৫ লক্ষ টাকার মতো এসেছে, আগামী জানুয়ারী মাসের মধ্যে এই হেসটিংস হাউস স্যাকসবি ফারমার নিজের পায়ে দাঁড়াতে পারবে। আমরা আশা করি আপনাদের সহযোগিতায় অন্যান্য রাষ্ট্রায়ত্ব শিল্প নিজের পায়ে দাঁড়াতে পারবে। আজকে গণতান্ত্রিক সমাজবাদ প্রতিষ্ঠা করতে গিয়ে একথা বলা দরকার এইসব রাষ্ট্রায়ত্ব শিল্প যদি নিজের উৎপাদন বাড়াতে না পারে এবং যে লগ্নী সরকার করেছেন তার উপর কিছু টাকা সরকারকে না দিতে পারে, তাহলে পরে সরকারের অন্যান্য জায়গায় শিল্প সম্প্রসারণ করা বা অন্যান্য উন্নয়নের খাতে টাকা ব্যয় করার ক্ষমতা সীমিত হয়ে আসবে। কাজেই আমাদের রাষ্ট্রায়ত্ব শিল্পের উৎপাদন বাড়ান এবং সেগুলোর কাজ যাতে কার্যকরী হয় সেদিকে নজর দেওয়া দরকার।

[6-20—6-30 p.m.]

পরিশেষে, মাননীয় অর্থমন্ত্রী যে ১০ কোটি টাকার কর ধার্য্য করেছেন তার মধ্যে আশার কথা যে সমস্ত জিনিসের উপর কর ধার্য্য করেছেন যেমন সিনেমার টিকিট, হোটেল, রেষ্টুরেন্ট, ক্যাবারে—এইগুলোকে অধিকাংশ সদস্যই সাদর সম্ভাষণ জানিয়েছেন। আমিও সাদর সম্ভাষণ জানাচ্ছি। শুধুমাত্র একটা আইটেম যেটা ক্রিটিসিজমের সম্মুখীন হয়েছিল সেটার কথা আমি আগেই বলেছি। আমরা সেটা থেকে ৬ কোটি টাকা আয় করি, কিন্তু ৭ কোটি টাকা ব্যয় হয়। কাজেই সেইটুকুকে

স্বনির্ভর করতে গেলে এটা বাড়ান দরকার। কিন্তু সেটা করতে গিয়ে নজর রেখেছি যাতে ছোট চাষীদের স্বার্থ ব্যাহত না হয়। কাজেই ৯ বিঘার উপর জমি যাদের আছে তাদের উপর বসিয়েছি।

কাজেই ১৯৭২-৭৩ সালের বাজেটকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রীমধুসূদন রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী এই বছর যে বাজেট পেশ করেছেন সেটাকে আমি আন্তরিকভাবে সমর্থন করছি। অবশ্য সমর্থনের পরেও দু একটা কথা না বলে পারছি না। সেটা হল এই বাজেটে আছে যে এ পর্যন্ত ২৮৬ প্রাইমারী হেলথ সেণ্টার করেছেন। আর ৫২১ টা সাব-সিডিয়ারী হেলথ সেণ্টার করেছেন। আর করা হচ্ছে ৩৫টা প্রাইমারী হেলথ সেণ্টার আর ৭৩ সাব-সিডিয়ারী হেলথ সেণ্টার। তবে এই যে ৩৫টা আর ৭৩টা হাসপাতাল করছেন সেটা আশার কথা। কিন্তু যেটা আছে সেটা অত্যন্ত দুর্দশাগ্রস্ত হয়ে আছে অর্থাৎ চলতি হাসপাতালগুলোর যে অবস্থা সেটা যদি লক্ষ্য করা যায় তাহলে অত্যন্ত হতাশ হতে হয়। অন্যান্য ডিসট্রিক্টের কথা অবশ্য জানিনা। আমি কুচবিহার ডিষ্ট্রিক্টের হাসপাতালগুলোর একটা বিবরণ ক্যালেক্ট করেছি। আমাদের ডিষ্ট্রিক্টে ৫০টা ডাক্তারের ভ্যাকান্সী এখনও পড়ে আছে অর্থাৎ এখনও ৫০ জন ডাক্তার সেখানে দরকার। আর একটা কথা ১১টা চ্যারিটেব্যল ডিস্পেনসারী আছে দীর্ঘদিন সেখানে ডাক্তার নেই। প্রত্যেক চ্যারিটেব্যল ডিস্পেন্সারীতে ১ জন করে ডাক্তার থাকার কথা, কিন্তু ১১টী চ্যারিটেবিল ডিস্পেনসারী বিনা ডাক্তার কিভাবে দীর্ঘদিন চলছে সেটা ভাবার কথা। আর চারটে সাবসিডিয়ারী হেলথ সেণ্টারে দীর্ঘ পাঁচ বৎসরের উর্ধে ডাক্তার নেই। অর্থাৎ গ্রাম বাংলায় হাসপাতাল নেই, হাসপাতাল যদি হল ডাক্তার নেই। ডাক্তার থাকলে মরার আগে অন্ততঃ উপদেশ নিয়ে যেতে পারে এবং জানতে পারে কি রোগ তার হয়েছে।

এই যে ১৫টি হাসপাতালে ডাক্তার নেই সেটা কিভাবে চলছে তা আপনি মাননীয় অধ্যক্ষ মহাশয়, নিশ্চয় বুঝতে পারছেন। আর সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টার যেগুলি তাতে মাত্র দুটি করে বেড তাও আবার লেবার বেড অর্থাৎ প্রসূতিদের জন্য। সেখানে আবার ঐ বেড দুটিতে যদি গ্রামবাংলার কোন প্রসূতি আসে তাহলে তাদের জন্য খাবার বা ফুডের কোন ব্যবস্থা নেই। তাহলে স্যার, দেখা যাচ্ছে, হাসপাতাল নেই, তা যদি থাকলো তো ডাক্তার নেই, ডাক্তার যদি থাকে তো ঔষধ নেই, ঔষধ যদি থাকে তো বেড নেই আবার বেড থাকলে ফুডের ব্যবস্থা নেই। এই যেখানে অবস্থা সেখানে বাজেটে কোনরকম সুস্পষ্ট নির্দেশ নেই। একমাত্র দেখা যাচ্ছে কয়েকটা জেলাতে হাসপাতালের সংখ্যা বাড়ানো হচ্ছে তারমধ্যে জলপাইগুড়ি জেলা আছে কিন্তু কুচবিহার জেলার কথা নেই। স্যার, কুচবিহার জেলা ১৯৫০ সালে পশ্চিমবঙ্গের সঙ্গে মার্জ হয়েছে। সেই সময় সেখানকার লোকসংখ্যা ছিল ৫ লক্ষ আর আজকে হয়েছে ১৫ লক্ষ। কিন্তু সেই অনুপাতে কোন হাসপাতালের সংখ্যা বৃদ্ধি করার কোন পরিকল্পনা এখনও পর্যন্ত সরকার গ্রহণ করেননি। কিছুদিন আগে পেপারে দেখেছিলাম কুচবিহার মহারাজের প্রাসাদটা নাকি নেওয়া হচ্ছে হাসপাতালের জন্য, কিন্তু সেটা পেপারেই দেখেছি বাজেটে তার কোন ইঙ্গিত দেখতে পেলাম না। এরজন্য আমরা কুচবিহার জেলার বিধানসভার সদস্যরা অত্যন্ত হতাশা বোধ করছি। স্যার, এরপর আমি বেকার সমস্যার কথা বলব। বেকার সমস্যার সমাধান সম্পর্কে বাজেটে কোন সুস্পষ্ট নির্দেশ নেই, একথা অনেক সদস্য বলেছেন, এটা সত্যি কথা। স্যার, এই প্রসঙ্গে বলি, আমাদের কুচবিহার জেলায় কিছুদিন আগে আমাদের জেলার মন্ত্রী ও অফিসারদের নিয়ে আমরা মিটিং করেছিলাম। সেখানে ডি, এম, জানিয়েছিলেন তাঁর সোর্সে

তিনি যা জানতে পেরেছেন তাতে আমাদের জেলায় ১০৫/১১৫টী ভেকেন্সী আছে। আর আমাদের জেলায় শিবির কর্মচারী যারা ছাঁটাই হয়েছেন, রয়েছেন ৯৫০ জন। অর্থাৎ ১১৫টি যেখানে ভেকেন্সী সেখানে শিবির কর্মচারীর সংখ্যাই ৯৫০। তাছাড়া অন্যান্য বেকাররা তো আছেই। স্যার, গত বিধানসভার অধিবেশন যখন শেষ হয় তখন আমরা গ্রামবাংলায় গেলে সেখানকার ছেলেরা দলে দলে আমাদের সঙ্গে দেখা করেছেন চাকরির জন্য। তারা বলছে, আপনারা প্রতিশ্রুতি দিয়েছিলেন বেকার সমস্যার সমাধান হবে, ব্যাপক কর্মসংস্থান হবে কিন্তু কার্যতঃ দেখা যাচ্ছে মন্ত্রীসভা গঠনের সঙ্গে সঙ্গে বা বিধানসভার অধিবেশন বসার সঙ্গে সঙ্গে ১৪শ শিবির কর্মচারী ছাঁটাই হয়ে গেল। অবশ্য এদের নাকি আবার নেওয়া হবে, এ প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। কিন্তু কিভাবে নেওয়া হবে তা জানিনা। স্যার, এরজন্য যুব মনে একটা হতাশা, একটা অসন্তোষ প্রকাশ পাচ্ছে। এতে একটা শ্লোগানও শোনা যাচ্ছে, সেটা হচ্ছে, "ছিলাম নকশাল হয়েছি নব, মাস থানেকের মধ্যে চাকরি না পেলে আরো কি বা হব।" অতীত বা বর্তমানের কথা বলছি না, ছিলাম নব হয়েছি নকশাল একথাও বলছি না, অর্থাৎ সব নকশালই নব কংগ্রেস বা সব নব কংগ্রেসই নকশাল একথাও বলছি না, ভবিষ্যতের কথা হচ্ছে, মাস থানেকের মধ্যে চাকরি যদি না পাই আরো কি বা হব। যুব মনে এই যে হতাশা অসন্তোষ এরজন্য যদি আমরা কিছুদিনের মধ্যে লোককে চাকরি দিতে না পারি তাহলে সারা পশ্চিমবাংলায় যে বিক্ষোভ দেখা দেবে সেটা আমাদের পক্ষে বা সরকারের পক্ষে দমন করা সম্ভব হবে না। কিছুদিন আগেও দেখেছি বলা হয়েছে, প্রত্যেক কনষ্টিটিউয়েনসী থেকে ১০০ করে লোক নেওয়া হবে, তার প্রোগ্রাম নেওয়া হয়েছে। আমাদের কুচবিহার জেলায় ৮টী সিট অর্থাৎ ৮০০ লোককে নেওয়া হবে। কিন্তু আগেই বলেছি আমাদের ওখানে শিবির কর্মচারীদের সংখ্যাই হচ্ছে ৯৫০জন। এখন এই ৮০০ লোককে কিভাবে নেওয়া হবে বাজেটে তার কোন ইংগিত নেই বলে ঠিক ঐ যুবকদের মত আমিও হতাশা বোধ করছি। স্যার, আমার সময় শেষ হয়ে যাবার জন্য আপনাকে ধন্যবাদ জানিয়ে আমি শেষ করলাম।

[6-30—6-40 p.m.]

**শ্রীপঞ্চানন সিংহঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী ১৯৭২-৭৩ সালের যে বাজেট বিবৃতি এই হাউসে আলোচনার জন্য রেখেছেন তাকে আমি আন্তরিকভাবে সমর্থন জানাই, স্বাগত জানাই। বিশেষ করে অন্য অনেক কারণের মধ্যে এই কারণে যে ট্যাক্স বসানোর জন্য তিনি নাম দিয়েছেন "অতিরিক্ত সম্পদ সংগ্রহ" সে বিষয়ে আমরা একটি নূতন দৃষ্টিভঙ্গীর পরিচয় বোধ হয় পশ্চিমবাংলার ইতিহাসে এই প্রথম পেলাম। তবে সমগ্র বাজেট বিবৃতিটি পড়ে কিছু কিছু প্রশ্ন আমার মনে যা যুগিয়েছে সেগুলি সংক্ষেপে আপনার মাধ্যমে মন্ত্রীসভার গোচরে আনতে চাই। আমরা যে জায়গার অধিবাসী তা হচ্ছে দক্ষিণ ২৪-পরগণার অত্যন্ত অবহেলিত অঞ্চল সুন্দরবন এলাকা এবং সেই এলাকা দীর্ঘকাল ২৫ বছর কেন বৃটিশ আমল থেকে আজ পর্যন্ত সেখানে যে সম্ভাবনাপূর্ণ যেসমস্ত জিনিষ আছে তার বিকাশ সম্বন্ধে অনেক আলাপ আলোচনা ও পরিকল্পনা হয়েছে, কিন্তু আমাদের এই বর্তমান বাজেটের মধ্যে কোন জায়গায় সুন্দরবনের উন্নয়নের বিষয় সম্বন্ধে সরকার যে বিশেষভাবে কোন চিন্তা করছেন তার পরিচয় আমরা পাইনি। বেকার সমস্যা নিয়ে অনেক আলোচনা হয়েছে দুদিন ধরে। বেকার সমস্যার সমাধান আমাদের করতেই হবে, এ বিষয়ে আমরা সকলেই একমত। বেকার সমস্যার সমাধান আমরা কিভাবে করবো তার কোন সুনির্দিষ্ট পরিকল্পনা বা কর্মসূচী আজ পর্যন্ত আমরা মানুষের সামনে রাখতে পারিনি। ছোট ছোট নিম্ন মধ্যবিত্ত জমির

মালিক যারা, এবারকার নির্বাচনে আমরা লক্ষ্য করেছি, তাদের মধ্যে আমাদের মহান নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর দেওয়া প্রতিশ্রুতি একটা বিরাট আশার উদ্রেক করেছিল এবং তারা দলে দলে এই সরকার-এর যারা অংশীদার কংগ্রেস ও সি. পি. আই. কে তাদের প্রার্থীপদে জয়যুক্ত করেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বেশীদিন আগের কথা নয়, আর. এস. পি., এস. ইউ. সি., সি. পি. এম. এর প্রতি এদের একটা বিরাট প্রভাব ছিল এবং ওখানে তাদের একটা ঘাঁটি ছিল। কিন্তু শ্রীমতী ইন্দিরা গান্ধীর দিকে তাকিয়ে, তাঁর কথার উপর আস্থা রেখে বহু দরিদ্র নিম্ন মধ্যবিত্ত মানুষ বিশেষ করে যুবকরা যারা আস্থা-স্থাপন করেছিল তাদের কাছে এখন পর্যন্ত কোন চাকুরী অথবা অন্য কোন উন্নয়ন পরিকল্পনার প্রতিশ্রুতি আমরা রাখতে পারিনি। আমি ৯ বিঘা জমির খাজনার কথা বলছি না, অন্ততঃ ১৫ বিঘা পর্যন্ত সুন্দরবন এলাকায় জমির মালিক যারা, যেখানে শুধু একটি মাত্র ফসল ছাড়া অন্য কোন ফসল হয়না, অর্থাৎ আমন ধানই কেবল হয়, তাও আবার নোনা জল, অনাবৃষ্টি, অতিবৃষ্টি যদি হয় বা নদীর বাঁধ ভেঙ্গে যায়, পর পর তিন বছর যেখানে একটি ফসলও জন্মায়নি, এখন সেখানে খরা অবস্থা চলছে, সেখানে ১৫ বিঘা জমির মালিক যারা তাদের দ্বিগুন হারে খাজনা দিতে হবে এই খরার পরে, স্বাভাবিকভাবে আমরা অনুমান করতে পারি যে তারা অত্যন্ত অসহায় অবস্থার মধ্যে পড়বে। সে এলাকায় কিছু কিছু খাজনা রেহাই দিতে হবে। আমাদের সরকার থেকে কৃষি ঋণ মকুব করতে হবে, ১২ মাস জি. আর. দিতে হবে, ১২ মাস নানা রকম সাহায্য যেখানে গভর্ণমেণ্ট থেকে দিতে হয় তাতেও সমস্যার সমাধান হয় না, সেখানে হঠাৎ দ্বিগুন খাজনা বৃদ্ধি করা ঠিক হচ্ছেনা। আমি তাই এটা পুনর্বিবেচনা করার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। বিশেষ করে ১৫ বিঘা পর্যন্ত জমির মালিক যারা এবং যাদের মধ্যে অসহায় নিম্ন মধ্যবিত্ত মানুষও আছে, তারা যদি নিজেরা ভাগ চাষ করে তবে ২৫ ভাগ ফসল পাবে এবং এটা যদি করেন তাহলে ২৫ ভাগ ফসলের যে আইন করে দিয়েছেন সেটাও তারা পাবেনা। কাজেই আমার নিবেদন হচ্ছে ১৫ বিঘা জমির মালিক যারা তাদের উপর বাড়িয়ে যদি ঘাটতি পূরণ করবার চেষ্টা করেন সেটা করুন, কিন্তু এইটা আপনি পুনর্বিবেচনা করুন। আমাদের মন্ত্রীসভার যথেষ্ট সদিচ্ছা আছে। খরা কবলিত প্রতিটি জেলায় আমাদের মন্ত্রীসভার প্রতিটি সদস্যারা ঘুরে ঘুরে বেড়িয়েছেন এবং তারা অসামান্য পরিশ্রম করেছেন, তার থেকে এম এল. এ. রাও রেহাই পাননি। নলকূপ বসানো নিয়ে আমরা একটু অসুবিধার মধ্যে পড়ে গেছি। আমার বাসন্তী থানার দুটি ব্লকে ৩৫টি ও ৭০টি করে নলকূপ বসানোর কথা ছিল। কিন্তু দুঃখের কথা আজ পর্যন্ত মাত্র প্রতিটি ব্লকে একটি করে টিউবওয়েল পোঁতার কাজ সুরু হয়েছে, এখনও শেষ হয়নি।

কাজ সুরু হয়েছে ১২ই জুন থেকে আজও পর্যন্ত শেষ হয়নি। কাজ সুরু হয়েছে ২১ জুন থেকে সেই কাজও আজ পর্যন্ত শেষ হয়নি একই রকম অবস্থায় পড়ে আছে। এটা মাননীয় মন্ত্রীমহাশয় জানেন। কেননা, তাঁর সুযোগ হয়েছিল এবং আমাদের সৌভাগ্য হয়েছিল। তিনি আমার এলাকায় গিয়েছিলেন। সেখানে জলকষ্ট, পানীয় জল নেই। ঐ এলাকার বেশীরভাগ tubewell খারাপ হয়ে গেছে তাও সংস্কার হয়নি। মাননীয় মুখ্যমন্ত্রী ঘুরে আসবার পরে আমরা আশা করেছিলাম যে অবস্থার কিছুটা উন্নতি হবে। ২১ তারিখে আমাদের Assurance Committee-র legislative-এর অনারেবল মেম্বার গিয়েছিলেন। একই অবস্থা আজ পর্যন্ত রয়েছে। কোন রকমভাবে আমলাতান্ত্রিক শৈথিল্য, আমরা যাকে বলি সেই আমলাতান্ত্রিক শৈথিল্যের বিন্দুমাত্র তারা বিচলিত হয়েছিলেন বলে মনে হচ্ছেনা। মন্ত্রীসভার যত সদিচ্ছা থাক, আমাদের মত সদিচ্ছা থাকেনা, কেন যে machinery-র ভিতর দিয়ে আমরা এই Socialistic programme-গুলি fulfil করতে যাচ্ছি সেটা এই machinery-র আনবার পথে কোন অনুকূল হবে কিনা এটা ভেবে দেখতে হবে।

ভূমিরাজস্বমন্ত্রী মহাশয় এখানে আছেন, কয়েকদিন ধরে শুনে আসছি বর্গাদার উচ্ছেদের কথা। তিনি এটা জেনে রাখুন যে আমার এলাকার J. L. R. O. সাহেব, তার এখনও পর্যন্ত সময় হলনা একটি petition সেই জায়গায় গিয়ে দেখার, তাদের আমরা আজকে authorisation করেছি, তারা সরোজমিনে তদন্ত করুন, যদি বোঝেন যে প্রকৃত বর্গাদারী রেকর্ড হয়নি তাহলে তারা সেটা record করবেন। হাজার হাজার দরখাস্ত আজ পর্যন্ত pending পড়ে রয়েছে, এখন পর্যন্ত তারা সময় পাচ্ছেননা, তারা বলছেন, মন্ত্রীদের বলুন, special officer পাঠাতে, আমাদের দ্বারা একাজ হবেনা। এই কথাগুলি তাদের সহানুভূতির সঙ্গে বিবেচনা করার জন্য এবং আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমনোরঞ্জন হালদার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৬শে জুন আমার সরকারের অর্থমন্ত্রী যে বাজেট আমাদের সামনে পেশ করেছেন এই বাজেটকে আমি মোটামুটিভাবে সমর্থন করছি, কারণ এটা মন্দের ভাল। আপাত দৃষ্টিতে যদিও এই বাজেট প্রগতিশীলতার দাবী রাখে বলে মনে হচ্ছে, তবুও কয়েকটি বিষয় আমি সমালোচনা করে বলবো যে এটা প্রগতিশীলতার পরিচয় দেয়নি। কিছু কিছু ক্ষেত্রে এই রকম পরিচয় আমি পাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আজ হাউসে যারা বসে আছেন তাদের বেশীরভাগ প্রায় সকলেই প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার প্রার্থী। আপনিও একজন প্রার্থী ছিলেন এবং বিপুল ভোটে জিতে এসেছেন। আজকে যে বাজেট এখানে পেশ করা হয়েছে তার সঙ্গে তুলনা করে যদি দেখি তাহলে দেখবো যে প্রগতিশীল মনোভাবের পরিচয় অনেকক্ষেত্রে দেওয়া হয়নি। বাজেটের ১৩ পৃষ্ঠায় এখানে পরিষ্কার করে লেখা আছে যে, পরিকল্পনা কমিশন ইতিপূর্বে ঘোষণা করেছেন যে কলকাতার, ২৪-পরগণা, হাওড়া জেলায় ছাড়া অন্যান্য সকল জেলায় অনুন্নত। কিন্তু একথা এবং ভাষা স্পষ্ট হয়, ২৪-পরগণা জেলা উন্নত হলে। এবং এটা যে তারা পরিকল্পনা কমিশনের দ্বারা এই সিদ্ধান্ত এখানে তারা মেনে নিয়েছেন কিন্তু আমি মনে করি যে পরিকল্পনা কমিশন এই যে উন্নত এলাকা বলে মনে করেছেন, তারা হয়ত ২৪-পরগণা জেলার একটা অংশ, উত্তর ২৪-পরগণার কিছু অংশ ঘুরে ২৪-পরগণা উন্নত এলাকা বলে ঘোষণা করেছেন এবং এই পরিপ্রেক্ষিতে আজকে বাজেটে সেকথা লিখে দেওয়া হয়েছে যে ২৪-পরগণা জেলা উন্নত এলাকা। আমার মনে হয় মাননীয় মন্ত্রী এবং মন্ত্রী মণ্ডলী অনেকেই ২৪-পরগণার একটা অংশ যেটা দক্ষিণ ২৪-পরগণা, সেই সম্বন্ধে ওয়াকিবহাল নন। তাই তারা বলেছেন যে ২৪-পরগণা জেলা উন্নত এলাকা এবং এই দক্ষিণ ২৪-পরগণার একটা বিরাট অংশ যেটা সুন্দরবন বলে সকলে জানেন।

[6-40 —6-50 p.m.]

সুন্দরবন এলাকা সম্বন্ধে আপনার মাধ্যমে বলতে চাই, যদিও এটা আমার constituency নয়, তবে বলবো যে সেখানকার যে বন সম্পদ, কৃষি সম্পদ তার দ্বারা আমাদের পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষ পূর্ণ হয়ে থাকে। পশ্চিমবাংলার অন্তর্গত যে দক্ষিণ ২৪-পরগণা অঞ্চলের যে সুন্দরবন তার সম্বন্ধে কোন বক্তব্য এই বাজেটের মধ্যে লেখা হয়নি। এই সরকারের উপর আমাদের আস্থা ছিল, কিন্তু আস্তে আস্তে আমরা হতাশায় মুহ্যমান হয়ে পড়ছি। কারণ যে সরকার প্রগতিশীল সরকার বলে ঘোষিত এবং গত Election-এর প্রাক্কালে আমরা গ্রামবাংলার মানুষদের ঘোষণা করেছিলাম যে গ্রামবাংলার এবং শিল্পের উন্নতি করবে। কিন্তু আজকে দেখছি গ্রামবাংলার দিকে ফিরে তাকানো হচ্ছেনা, এবং এটা খুব স্পষ্ট হয়েছে, এই বাজেটের মাধ্যমে। তাই মাননীয় উপাধ্যক্ষ

মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, তিনি নিশ্চয়ই এর একটা সুরাহা করবেন। এবং সুন্দরবন বলে যে একটা এলাকা আছে তার প্রতি নজর দেবেন, এবং তার জন্য কিছু বাজেট বরাদ্দ করবেন। সঙ্গে সঙ্গে এই কথা বলি যে খবর এসেছে political review থেকে যে আজকে যারা এখানে উপস্থিত নেই ঐ CPM বন্ধুরা, তারা হয়তো চেষ্টা করছেন সশস্ত্র বিপ্লব করবার জন্য, সেই স্বপ্ন তারা দেখছেন। একটা বাংলা প্রবাদ আছে হেলে সাপ ধরতে পারেনা, কেউটে সাপ ধরতে যায়, তাই তারা করতে যাচ্ছেন। তারা বিধান সভা বর্জন করেছেন Political review থেকে খবরটা এসেছে যে তারা সশস্ত্র বিপ্লব করতে পারে এবং সেই বিপ্লবের সূচনা হতে পারে, আমার মনে হয় দক্ষিণ ২৪-পরগণার ঐ সুন্দরবন এলাকা থেকে। কারণ সেই এলাকা বিচ্ছিন্ন এলাকা। সেখানে তাদের সাজসরঞ্জাম, যন্ত্রপাতি, অস্ত্রশস্ত্র লুকিয়ে রাখার একমাত্র স্থান হচ্ছে ঐ দক্ষিণ ২৪-পরগণার সুন্দরবন এলাকা। তাই আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীকে স্মরণ করিয়ে দিতে চাই যে যদি আপনাদের দেশকে সশস্ত্র বিপ্লবের হাত থেকে রক্ষা করতে হয় এবং CPM-এর যে সক্রিয় রাজনীতি তাকে যদি খতম করে দিতে হয় তাহলে সুন্দরবনের Development করা উচিত। আমার সময় অল্প, আমি দু-একটি বক্তব্য রাখছি। আপনি জানেন, গত Election এর প্রাক্কালে বেকার সমস্যা সম্বন্ধে যে কথা বলেছিলাম, অনেক বন্ধু, অনেক সদস্য এই বিষয়ে বলে গেছেন এবং আমারও একই বক্তব্য যে, বেকার সমস্যা সমাধানের জন্য এই বাজেটে কোন সুস্পষ্ট ধারণা কিছু দেওয়া হয়নি, এবং বেকার সমস্যা সমাধানের জন্য কি ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে, কত বাজেট বরাদ্দ করা হচ্ছে, তার সুস্পষ্ট নির্দেশ এখানে নেই। এই কথা এই বাজেট থেকে পরিষ্কার হয়ে যাচ্ছে। Paperএ যেগুলো flush করা হচ্ছে এবং মন্ত্রীরা যে সমস্ত বিবৃতি দিচ্ছেন, তার সঙ্গে বাজেটের কোন মিল নেই। এতে মনে হচ্ছে, আমরা যে সমস্ত কথা এখানে বলি, সেটা প্রহসন ছাড়া আর কিছু নয়। কারণ আপনারা জানেন সুন্দরবন এলাকার development এর জন্য নিশ্চয়ই একটা resolution-এর দরকার আছে। মাননীয় মুখ্যমন্ত্রী একদিন বলেছিলেন যে মাসের প্রথমে বলে দেবেন যে কোন কোন গ্রামে সেই মাসে Eelctrification যাবে, অধিবেশন বসার কিছুদিন আগে একটা list পেয়েছিলাম, কিন্তু তারপর আর কোন list পাচ্ছিনা, এবং হতাশার সঙ্গে বলছি যে আজ পর্যন্ত আমার এলাকায় কোন কিছু হয়নি। আজ থেকে ৫ বছর আগে যে Electrification হয়েছিল, সেই দুটো গ্রামের নাম list-এ উল্লেখ করা হয়েছে। এর পরে ৩ মাস চলে গেল সেখানে Electrification-এর কোন কিছু দেখতে পাচ্ছি না। আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়কে অন্ততঃ স্মরণ করিয়ে দিতে চাই যে মুখে যেটা বলা হচ্ছে সেটা যেন কাজে করেন। সঙ্গে সঙ্গে একটা কথা বলি, শিক্ষা জগতের দিকে তাকালে হতাশা ছাড়া কিছু দেখা যায়না। এই শিক্ষিত যুবকদের কাছে এবং যারা শিক্ষক আছেন প্রাথমিক স্কুল এবং উচ্চমাধ্যমিক শিক্ষক এবং যারা কলেজের শিক্ষক, তাদের জন্য কোন বাজেট বরাদ্দ করা হয়নি, এই সব বিষয়ে আপনার মাধ্যমে অর্থমন্ত্রীকে স্মরণ করিয়ে দিতে চাই।

**ডাঃ এক্রামূল হক্ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৭২-৭৩ সালের যে বাজেট উত্থাপন করেছেন তাকে আমি আন্তরিক ভাবে সমর্থন জানিয়ে আপনার মাধ্যমে কিছু বক্তব্য রাখছি। আজ দুদিন ধরে বিভিন্ন মাননীয় সদস্যের বক্তৃতা শুনছি এবং তাতে একটা সুর প্রথমেই ধ্বনিত হয়ে উঠেছে, সেটা হচ্ছে গ্রাম-বাংলার কথা। এই কথা সত্য যে আমরা যারা গ্রাম-বাংলা থেকে নির্বাচিত হয়ে এসেছি, আমরা সকলেই স্পষ্টভাবে বলিষ্ঠ ভাষায় আমাদের গ্রাম-বাংলার করুণ চিত্র, ভয়ঙ্কর চিত্র তুলে ধরতে সক্ষম হয়েছি। মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের কথায় কতটুকু কর্ণপাত করছেন বা কতটুকু গুরুত্ব দিচ্ছেন, তা আমরা ঠিক অনুধাবন করতে পারছি না। তাই এই প্রসঙ্গে মাননীয় অর্থমন্ত্রীর কাছে একটা অনুরোধ রাখতে চাই, সেটা হচ্ছে তিনি কলকাতায় বসে কি চিন্তা করেছেন যে গ্রাম বাংলার চাষীদের উপর যে কর ধার্য করা হয়েছে সেটা তারা কি ভাবে দেবে। জানিনা তিনি

চিন্তা করেছেন কি না ? তবে আমাদের আশংকা হয় যে তিনি হয়ত গ্রাম-বাংলার প্রকৃত চিত্র না জেনেই এইরকম ভাবে চাষীদের উপর কর ব্যবস্থা আরোপ করেছেন। যাই হোক আমি যে চিত্র গ্রামে দেখেছি, এবং মন্ত্রী মহাশয়ের বাজেটে সেটা প্রতিফলিত হয়েছে, তিনি স্বীকার করেছেন যে, গ্রাম-বাংলা বিগত বন্যায় এবং খরায় ৮০ কোটি টাকা খরচ হয়েছে এবং সেই ক্ষেত্রে তিনি কোন সাহসে, কি চিন্তাধারা নিয়ে আজ সারা বাংলার চাষীদের উপর কর ধার্য করলেন, আমি তা বুঝে উঠতে পারছিনা। হয়ত হতাশা এবং আশংকা প্রকাশ করছেন ? জানিনা শতকরা ৮০ ভাগ লোক যেখানে গ্রামে বাস করে তাদের চিন্তা না করে কেন কর ধার্য করা হলো ? আমরা জানি কর আদায়ের, অর্থ সংগ্রহের আরও উপায় ছিল, তিনি কেন সেইগুলি উপেক্ষা করেছেন তা বুঝতে পারছি না। অনুরূপভাবে দেখা যায় এই কলকাতা সহরে বিরাট বিরাট অট্টালিকা হবে, বহু ধনবান ব্যক্তি আছে, আমরা চাই গ্রামে যে কর ধার্য করেছেন সেইটা উঠিয়ে নিয়ে শহরের মধ্যে একটা ওয়েলথ ট্যাক্স যদি করে দিতেন তাহলে আমরা খুসি হতাম। কিন্তু তা না করে তাদের সেই ওয়েলথ ট্যাক্স থেকে মুক্ত করে আমাদের এই গ্রাম-বাংলার সদস্যদের গ্রাম-বাংলার জনগণের কাছে হেয় প্রতিপন্ন করা হয়েছে। সেস ট্যাক্স এবং অন এমপ্লয়মেন্ট সারচার্জ যদি আপনারা বিত্তবানদের উপর আরোপ করতেন তাহলে আমাদের সরকার তার থেকে বহু টাকা পেতেন এবং আমাদের আন-এমপ্লয়মেণ্ট সমস্যার আংশিক সমাধান হতো। আর কয়েকটা জিনিস দেখছি। মাননীয় মন্ত্রী যে বক্তৃতা রেখেছেন তাতে দেখছি গ্রাম-বাংলার প্রাথমিক শিক্ষাকে সম্পূর্ণ অবহেলা করেছেন। তার বাজেট বক্তৃতায় দেখলাম শহরের মধ্যে ১২৬টি বিদ্যালয়ের কথা বলা আছে। এইটাতে আমরা খুবই দুঃখ এবং ব্যথা পেয়েছি। আমরা আশা করছি যে তিনি এই বিষয়ের প্রতি দৃষ্টি দেবেন। মুখ্যমন্ত্রী মহাশয় নির্বাচিত হওয়ার পর যে কথা দিয়েছিলেন যে তিনি গ্রামে গ্রামে স্বাস্থ্যকেন্দ্র করে দেবেন, কিন্তু সেই ব্যাপারেও আমরা হতাশ হয়েছি। তারপর পূর্ত বিভাগ এর পুর্ত খাতে গ্রামে একটাও রাস্তা বা সেতু করার কথা না থাকায়, উল্লেখ না থাকায় হতাশা বোধ করছি। অথচ শহরে ফ্লাট নির্মাণের কথা বলা হয়েছে। আর বেকার সমস্যার কথা, প্রতিটি মাননীয় সদস্য তাদের করুণ সমস্যার কথা তুলে ধরেছেন। জানিনা এই সরকার সেই সমস্যার কতটুকু সমাধান করতে পারবেন। গ্রামের কোথাও ভাল হাসপাতাল নেই, তারপর যে সব হাসপাতাল আছে সেগুলির অবস্থা অতি শোচনীয়। সেখানে ডাক্তার আছে তো ঔষধ নেই, ঔষধ আছে তো ডাক্তার নেই, এইরকম অবস্থা চলছে। যাতে এই অবস্থার সুষ্ঠু ব্যবস্থা করা যায় তার দিকে একটু নজর রাখবেন।

[6-50—6-58 p.m.]

আমাদের পল্লী বাংলার যে সমস্ত block আছে সেই block-এ যেসমস্ত কর্মচারী আছেন তাদের সঙ্গে উপরের কোন সামঞ্জস্য না থাকায় শাসনকার্য্যে অনেক অনেক অব্যবস্থা আমাদের দৃষ্টিতে পড়ছে। সেই সঙ্গে সঙ্গে গ্রামীণ ক্ষুদ্রশিল্প ও কুটির শিল্পের সম্প্রসারণ করে গ্রামবাংলার বেকার যুবকদের যাতে কর্মসংস্থান করা যায় সেদিকে লক্ষ্য রাখতে মন্ত্রীমহাশয়দের বলছি। আর একটা কথা কয়েকজন সদস্য বলেছেন যে কর ফাঁকি হচ্ছে। সেই কর যদি realise করা যায় তাহলে আমাদের মস্তবড় সংস্থান হবে এবং কয়লাখনির যে ২৮ কোটি টাকা royalty বাকী আছে সেটা যদি আমরা তুলে নিতে পারি তাহলে তা দিয়ে বেকার সমস্যার সমাধান হবে। বাজেটের ব্যাপারে অর্থমন্ত্রী যে বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন তারজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি এবং বলছি যে গ্রামীণ বাংলার নির্বাচিত সদস্যরা যেসব কথা বলেছেন তার উপর যেন তিনি গুরুত্ব দেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসামসুল আলাম:** মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের শ্রদ্ধেয় অর্থমন্ত্রী যে বাজেট আমাদের সামনে রেখেছেন তাকে আন্তরিক সমর্থন করছি এবং সেই সঙ্গে অভিনন্দন জানাচ্ছি আমাদের মন্ত্রীমণ্ডলীকে এজন্য যে তাঁরা মেদিনীপুরের মত জেলাকে একটা backward জেলা বলে স্বীকৃতি দিয়েছেন। সেজন্য দুঃখ এবং বেদনা জানাই তাঁরা মেদিনীপুর জেলাকে অবহেলার চোখে দেখেছেন। তাঁরা মনে করছেন মেদিনীপুর জেলার যে সমস্ত M.L.A রয়েছেন তাঁরা কাজের উপযোগী নন এবং সেই হিসাবে তাঁরা অবহেলা করছেন। আজ বাজেটে যে প্রগতির পথ দেখান হয়েছে, সেটা প্রগতির পথ নয়। প্রগতির পথে বার্ধক্যের নামান্তর মাত্র। পাড়াগাঁয়ে বিভিন্ন পণ্যদ্রব্যের উপর যেসমস্ত কর চাপাচ্ছেন সেগুলি অসহনীয়। তাঁরা সহরের সম্পত্তির উপর কর ধার্য্য করেননি। আজ স্বাধীনতার ২৫ বছর অতিক্রান্ত হতে চলেছে। কিন্তু পাড়াগাঁ পাড়াগাঁই থেকে গেছে। আজ সেই জায়গার কথা যে ১৬ কিলোমিটার দূর থেকে হেঁটে এসে পীচের রাস্তা ধরতে হয়। তাঁদের কোন plan, programme নেই। এটা স্বীকার করছি যে মন্ত্রীমহাশয়রা অত্যন্ত পরিশ্রম করছেন—সকাল ৮টা থেকে ১২টা পর্যন্ত তাঁরা কাজ করছেন। M.L.A.-রা খুব কাজ করছেন। আজ যে বাজেট তাঁরা তৈরী করেছেন সেটা হচ্ছে যে রোগীকে আগে লক্ষ্য না করে ওষুধকে লক্ষ্য করে রোগ নির্ণয় করা হয় এবং ওষুধের ব্যবস্থা করা হয়। আগে উচিত ছিল রোগ কি তারপর ওষুধ prescription করা। কিন্তু তা না করে রোগী দেখে prescription করা হচ্ছে। পল্লীগ্রামের যাঁরা M.L.A. আছেন তাঁদের মতামত নিয়ে কোথায় সমস্যার সমাধান হওয়া দরকার সেইভাবে করা উচিত ছিল।

তাঁরা কারোর কাছ থেকে প্ল্যান প্রোগ্রাম না নিয়ে বাজেট তৈরী করেছেন, সেজন্য তাঁদের এই বাজেট আমলাতন্ত্র ভিত্তিক, জনসাধারণ ভিত্তিক নয়। এই বাজেট তৈরী করার আগে প্রত্যেক জায়গায় প্রত্যেক জেলায় মাষ্টার প্ল্যান তৈরী করা উচিত ছিল। সেই সমস্ত জায়গায় প্ল্যান প্রোগ্রাম করে কোথায় কি শিল্প হতে পারে, কোথায় কি নেই, কিসের অভাব আছে সেই সমস্ত জেনে সেইভাবে বাজেট তৈরী করলে ঠিক হত। আজকে অর্থনৈতিক দিক থেকে যদি আমরা সিস্টেমেটিকভাবে এগোতে না পারি তাহলে এই ধরণের বাজেটের দ্বারা ৫ বছর তো দূরের কথা ২০ বছরেও দেশের দারিদ্র্য দূর করতে পারব না। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রী সভার কাছে অনুরোধ জানাব, তাঁরা যেন পাড়াগাঁয়ের প্রতি দৃষ্টি দেন এবং সেখানকার প্রত্যেকটি কাজ যেন এম, এল, এ, ভিত্তিক হয়, এম, এল, এ,রা যেন সেখানে নেতৃত্ব দেন। আজকে গণতান্ত্রিক ভিত্তিতে যেন সেখানকার জনসাধারণ তার মূল্যায়ণ করতে পারে এই বক্তব্য আমি মন্ত্রী মণ্ডলীর কাছে রাখছি। সেখানে রাস্তাঘাট নেই। সেখানে দারিদ্র্য এত তীব্র যে সে সম্বন্ধে আর সমালোচনা করে কাজ নেই। তাছাড়া যে সমস্ত বেকারীর কথা বলা হয়েছে সেখানে যেটুকু পদ খালি রয়েছে সেখানে কলকাতা থেকে নিয়ে গিয়ে আমাদের ঘাড়ে চাপিয়ে দিয়েছে। সেখানে বলা হয়েছে যে কাজ দেওয়া হবে, বেকার সমস্যা সমাধান করা হবে, কিন্তু আজ পর্যন্ত কিভাবে হবে তার উপায় খুঁজে পাচ্ছি না। সুতরাং এই কথা বলতে চাই কৃষকদের চাকরির কথা বলে তাদের বেকারত্ব ঘোচান সম্ভব নয়, তাদের জন্য ডিপ টিউবওয়েল, স্যালো টিউবওয়েল দিয়ে কৃষি বিপ্লব যদি না আনা যায় তাহলে পাড়াগাঁয়ে সবুজ বিপ্লব আনা সম্ভব হবে না, জনসাধারণের ক্ষিধে মিটবে না, বেকার সমস্যার সমাধান করা সম্ভব হবে না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

## Adjournment

The House was then adjourned at 6-58 p.m. till 1 p.m. on Monday, the 3rd July, 1972, at the "Assembly House", Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 3rd July, 1972, at 1 p. m.

**Present :**

Mr. Speaker (Shri APURBA LAL MAZUMDAR) in the Chair, 11 Ministers, 6 Ministers of State, 1 Deputy Minister and 159 Members.

### Oath or affirmation of allegiance

**Mr Speaker :** Honourable Members, if any of you have not yet made an oath or affirmation of allegiance, you may kindly do so.

(There was none to take oath)

[ 1-00—1-10 p.m. ]

**শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সভার কাজ আরম্ভ করবার আগে আমি সদস্যদের একটি ব্যাপারে আপনার মাধ্যমে কিছু বলতে চাই। আমাদের রেলওয়েতে ট্রাভেল করবার জন্য যে কুপন দেওয়া হয় তাতে আমাদের কাছ থেকে ট্যাক্স হিসেবে ফাইভ পারসেন্ট সারচার্জ ক্যাস-এ আদায় করে নিচ্ছে এবং সেটা আমাদের পকেট থেকে দিতে হচ্ছে। কতগুলি স্টেসনে এবং বিশেষ করে আইনসভার মধ্যে যে রেলওয়ে বুকিং অফিস আছে সেখানে এই ট্যাক্স আমাদের কাছ থেকে আদায় করে নিচ্ছে। শিয়ালদহ এবং হাওড়াতে এটা নিচ্ছেনা। তাহলে আমাদের বলে দেওয়া হোক যে, আইদার আওয়ার ট্রাভেল ইজ ফ্রি অর আওয়ার ট্রাভেল ইজ নট ফ্রি। কালকে এ সম্বন্ধে আমি বলেছিলাম এবং আজকেও আবার বলছি আমাদের ট্রাভেল যদি ফ্রি হয় তাহলে Either the Government informs the railway that Government will pay the surcharge and you should not take that from the M.L.A.'s. মিনিস্টারদের জন্য যেসব ওয়ারেন্ট ইস্যু হয় সেখানে মিনিস্টাররা কি তাঁদের পকেট থেকে সারচার্জ দেয়? মোটেই তা নয়। সেটা তো গভর্ণমেণ্ট পে করে। তাহলে আমাদের বেলায় গভর্ণমেণ্ট কেন এই সারচার্জ দেবেনা। তাহলে আপনারা বলে দিন যে, আওয়ার ট্রাভেল ইজ নট ফ্রি।

**Mr. Speaker :** Mr. Mukherjee, so far as this surcharge is concerned, I think the Ministers are also paying it from their pocket. I understand if the rules are not suitably amended, Members including the Ministers will have to pay the surcharge. I think it will be better if you place this matter when the Chief Minister will be here, and if necessary, the rule can be amended.

**শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ** আই আণ্ডারস্ট্যাণ্ড, স্যার। আমাদের টাকার অঙ্কে কুপন দেওয়া হয়না, আমাদের কিলোমিটারে কুপন দেওয়া হয়। কিলোমিটারের যা কিছু ভাড়া ছাট ইজ ইনক্লুডেড।

**Mr. Speaker :** The Minister for Parliamentary Affairs may say something.

**Shri Gyan Singh Sohanpal :** Mr. Speaker, Sir, the other day Mrs. Mukherjee brought this issue to my notice. I have assured her that I am looking into this matter and will see what can be done about this. I don't think there is any necessity of raising this point again.

**শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যাঁরা উত্তরবাংলায় যাচ্ছি তাঁদের কাছ থেকে এই সারচার্জ বাদ দিয়ে ফরাক্কার জন্য আবার এক্সট্রা চার্জ নিচ্ছে।

**মিঃ স্পীকার ঃ** এটা ভিন্ন জিনিস। যেমন, Surcharges আর গিভিন ফর দি বালি ব্রিজ। ছাট ইজ সামথিং আদারওয়াইস— এগুলি আমার মনে হয় সারচার্জের মধ্যে পড়েনা।

### Starred Question

(to which oral answers were given)

#### Kamargachi Health Centre

***8.** (Admitted question No. *2.) **Shri Gangadhar Pramanik :** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the present condition of the building constructed for Health Centre at Kamargachi under Haroa P.S. ;

(b) if any Caretaker has been appointed to look after this building ;

(c) whether the Government contemplates to open the proposed Health Centre ; and

(d) if so, when ?

**Shri Ajit Kumar Panja :**

(a) The construction of the Health Centre was completed in 1968 but before it could start functioning the doors and windows were found missing.

(b) A G. D. A. was posted when the buildings were taken possession of from the P. W. Department.

(c) and (d) The Health Centre will be opened as soon as the buildings are repaired by the P. W. Department who were requested in this behalf. That Department have intimated that the estimate of cost is under preparation.

**শ্রীগঙ্গাধর প্রামাণিক ঃ** কেয়ারটেকার তখন থেকে এ্যাপয়েন্টেট হয়েছিল এখনও তিনি আছেন তো ?

**শ্রীঅজিত পাঁজা ঃ** যিনি জি. ডি. এ ষ্টাফ এ্যাপয়েন্টেড হয়েছেন তিনি এখনও আছেন।

**শ্রীগঙ্গাধর প্রামানিক ঃ** এই কেয়ারটেকার থাকা সত্বেও জানলা দরজা চুরি গেল তার ব্যবস্থা সরকার কি নিয়েছেন ?

**শ্রীঅজিত পাঁজা ঃ** কেয়ারটেকার এ্যাপয়েন্টেড হয়েছেন ৪ঠা এপ্রিল ১৯৬৮, জি. ডি. এ ষ্টাফ।

**শ্রীগঙ্গাধর প্রামানিক ঃ** এর আগে কি চার্জ নেওয়া হয়েছে ?

**শ্রীঅজিত পাঁজা ঃ** P. W. Deptt. completed the building on 6th April 1968 and a G. D. A. Staff was posted two days before.

**শ্রীগঙ্গাধর প্রামানিক ঃ** তাহলে দেখা যাচ্ছে নেবার আগে কেয়ার টেকার এ্যাপয়েন্টেড হয়েছিল এবং তিনি থাকা সত্বেও দরজা জানালা চুরি গেল তার ব্যবস্থা সরকার কি কিছু নিচ্ছেন।

**শ্রীঅজিত পাঁজা ঃ** Government is making an enquiry in this respect and will find out whether any F.I.R. was lodged or not, whether any person had been arrested or not.

**শ্রীগঙ্গাধর প্রামানিক ঃ** Since when this action was being taken ?

**শ্রীঅজিত পাঁজা ঃ** Since it come to the notice of the Government.

**শ্রীগঙ্গাধর প্রামানিক ঃ** এই ঘটনা আপনার নজরে কবে আসে এবং কবে থেকে এটা আপনারা করছেন।

**শ্রীঅজিত পাঁজা ঃ** From my report I do not find the actual date when this came to the notice of the Government I will make an enquiry and inform the Member.

**শ্রীগঙ্গাধর প্রামানিক ঃ** কেয়ারটেকার কি এখনও ঐ বাড়ীতে থাকেন ?

**শ্রীঅজিত পাঁজা ঃ** G. D. A. Staff was posted there. I do not know where he lives.

**শ্রীগঙ্গাধর প্রামানিক ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় অনুসন্ধান করে জানাবেন কি তাকে পোষ্টিং কোথায় করা হয়েছে এবং তার কি দায়িত্ব এবং কোথায় তিনি থাকেন ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** আমি নিশ্চয়ই অনুসন্ধান করে দেখব।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় আজকে প্রশ্নোত্তরের সময় যে সমস্ত জবাব দিলেন আমার মনে হচ্ছে তা সম্পূর্ণ হলনা। কেয়ারটেকার থাকা সত্বেও সেখানে জানালা দরজা চুরি হয়ে গেল এবং তিনি ইনফর্মেসন পরে পেলেন। আমি জিজ্ঞাসা করি কেয়ার টেকার ঠিক সময়মত রিপোর্ট করল না কেন ইন ডিউটাইম এবং কেয়ারটেকার আছেন কেন এবং সেজন্য এই কেয়ারটেকারের বিরুদ্ধে কোন য়্যাক্সন নেয়া হয়েছে কি ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** নতুন সরকার আসার আগে এই ঘটনা ঘটেছে ৬ই এপ্রিল ১৯৬৮ সালে। সুতরাং নতুন সরকার আসার পর ওখানকার কি অবস্থা হয়ে আছে, কেন হেলথ সেণ্টার খোলা যায়নি, কেয়ারটেকার ওখানে থাকবে কিনা, তার কি কাজ আছে, এই সম্বন্ধে সবই অনুসন্ধান করা হচ্ছে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** কেয়ারটেকার যে কোন গভর্ণমেণ্টের দ্বারা য়্যাপয়েণ্টেড হোক না কেন, Government is responsible for holding his responsibility and for holding all enquiries. আমার কথা হচ্ছে যে কোন গভর্ণমেণ্টের দ্বারা য়্যাপয়েণ্টেড হোক আপনি কোশ্চেন য়্যানসার দেবার সময় নিশ্চয়ই আপনার ইনফর্মেসন নেয়া উচিত ছিল যে কেয়ারটেকারের বিরুদ্ধে কাজে শৈথিল্যের জন্য এবং ইনফর্মেসন দেরিতে দেয়ার জন্য এবং তার ডিউটি ঠিকমত না করার জন্য তার বিরুদ্ধে কি কোন য়্যাকসান নেয়া হচ্ছে কি ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** এখনও অবধি কোন য়্যাকসন নেয়া হয়নি, আমি অনুসন্ধান করছি কেয়ার টেকারের কিভাবে শেষ পোষ্টিং হয়েছিল, তার কাজের কোন গাফিলতী হয়েছে কিনা, সবই অনুসন্ধান করা হচ্ছে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** যদি দেখা যায় যে এই কেয়ারটেকারের ক্ষেত্রে তাদের রিপোর্ট দিতে ডিলে করছে শৈথিল্য করে, এবং এই আননেসেসারি এবং উইদাউট এনি রিজিনেবেল কজ যদি শৈথিল্যের জন্য দেরী হয় তাহলে তার বিরুদ্ধে যথাযথ এ্যাকশন নেওয়া হবে কি ?

[1-10—1-20 p.m.]

**শ্রীঅজিত কুমার পাঁজা :** স্বাস্থ্য দপ্তরে যেখানে শৈথিল্য দেখা যাচ্ছে, সেখানেই কি এ্যাকশন নেওয়া হচ্ছে তা মাননীয় সদস্যরা নিশ্চয়ই জানেন।

## সরকারী কর্ম্মচারীদের পদোন্নতি

*৯ (অনুমোদিত প্রশ্ন নং *১০) **শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** গত ৫ই মে ১৯৭২ তারিখে প্রদত্ত অ-তারকিত ২৪৭ (অনুমোদিত প্রশ্ন নং ৬৩৫) নং প্রশ্নোত্তর উল্লেখ করিয়া অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩১-৫-৭২ তারিখ পর্যন্ত উক্ত জেলায় ঐরূপ কয়জন কর্মীর পদোন্নতি হইয়াছে; এবং

(খ) ঐ জেলায় কতজন কর্মচারী উক্ত ধর্মঘটে যোগদান করেন নাই ?

**Shri Sankar Ghosh** :

(ক) পূর্ব বর্ণিত একজন ছাড়া আর কাহারও পদোন্নতি হয় নাই।

(খ) পাঁচ শত তের জন।

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** মন্ত্রীমহাশয় বললেন যে একজনকে দেওয়া হয়েছে। কিন্তু এক রায়গঞ্জেই চারজনের পদোন্নতি হয়েছে। মাননীয় মন্ত্রীমহাশয় আমাদের কাছে যে তথ্য দিলেন তা ঠিক নয়, এবিষয় অনুসন্ধান করবেন। কারণ পশ্চিম দিনাজপুরে রায়গঞ্জ বাদে ইসলামপুর, বালুরঘাট আছে, আমি জানি এক রায়গঞ্জেই চার জনকে দেওয়া হয়েছে। আমি নামগুলি এখানে দিতে

পারছিনা কারণ উত্তরটা এইভাবে দেবেন তা ভাবিনি। আমার প্রশ্ন হচ্ছে যে নন স্ট্রাইকার থাকতে এই একজনকে প্রমোশন দেওয়া হল কেন?

**শ্রীশঙ্কর ঘোষঃ** পশ্চিম দিনাজপুর জেলায় একজনের পদোন্নতি করা হয়েছিল। সে স্ট্রাইকে অংশ গ্রহণ করলেও তাকে লোয়ার ডিভিশন থেকে আপার ডিভিশনে উন্নীত করা হয়। তার সমস্ত রেকর্ড দেখে একজনকে অস্থায়ী পদে উন্নীত করা হয়।

**শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ** অধ্যক্ষ মহাশয়, আমি এটা জোর গলায় বলছি যে তিনি ভাল করে খোঁজ নিন। এক রায়গঞ্জেই চার জনকে দেওয়া হয়েছিল। মাননীয় মন্ত্রীমহাশয় এটা খোঁজ নেবেন কি?

**শ্রীশঙ্কর ঘোষঃ** আমাদের কাছে যে তথ্য আছে সেই তথ্যই দিয়েছি। মাননীয় সদস্যদের কাছে যদি আরো তথ্য থাকে তাহলে আমার সঙ্গে দেখা করে তাদের নামগুলি দেবেন, আমি অনুসন্ধান করে দেখবো।

**শ্রীসুব্রত মুখার্জীঃ** একজন যে স্ট্রাইক করেছিল অথচ তাকে প্রমোশন দেওয়া হল, তার কারণগুলি দয়া করে বলবেন কি?

**শ্রীশঙ্কর ঘোষঃ** সরকারের যেটা নীতি সেটা প্রমোশনের ক্ষেত্রে স্ট্রাইক করলে জিনিসটা বিবেচনা করে দেখতে হবে এবং আরো সমস্ত রেকর্ড বিবেচনা করে দেখতে হবে। শুধু স্ট্রাইকই নয় সমস্ত বিষয়টা মিলিয়ে দেখতে হবে। সেইভাবে একজনকে অস্থায়ী পদে নিয়োগ করা হয়েছে।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** স্যার, রমেন বাবুর প্রশ্নের ঠিক উত্তর হলনা। প্রশ্নটা হচ্ছে যে নন স্ট্রাইকার থাকতে স্ট্রাইকারকে প্রমোশন দেওয়া হল এটা কি বিধিসম্মত হয়েছে?

**শ্রীশঙ্কর ঘোষঃ** সরকারের যেটা নীতি সেটা হল যে স্ট্রাইক করলে সেটা বিবেচনা করা হবে, প্রমোশনের ক্ষেত্রে সেটা বাধাস্বরূপ কিন্তু সমস্ত রেকর্ডটা দেখে একজনকে প্রমোশন দেওয়া হয়। স্ট্রাইকটা নিশ্চয়ই বিবেচনা করতে হবে প্রমোশনের ক্ষেত্রে। এখানে যে লিষ্ট ছিল তাতে সব কিছুই বিবেচনা করা হয়েছে এবং সেইজন্য অনেককে প্রমোশন দেওয়া হয়নি। শুধু একজন কর্মীকে তার সমস্ত রেকর্ড দেখে দেওয়া হয়েছে।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** তাহলে এটাকে একটা স্পেশাল কেস বলে ধরা যেতে পারে। এই কেসে কোন স্পেশাল কজ ছিল বলেই তাকে প্রমোশন দেওয়া হয়েছে, এই স্পেশাল কজগুলি কি তা দয়া করে বলবেন কি।

**শ্রীশঙ্কর ঘোষঃ** সমস্ত রেকর্ডটাই বিবেচনা করে দেখতে হবে। এই প্রমোশনের ক্ষেত্রে নানা রকম কারণ আছে।

**Rasulpur Cold Storage**

***10**. (Admitted question No. *26.) **Shri Aswini Roy:** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) whether there is any specification prescribed by Government for construction of cold storage and any authority entrusted with examining compliance with such specification ; and

(b) if so,

(i) whether the cold storage at Rasulpur, P.S. Memari, district Burdwan, was constructed in accordance with such specification, and

(ii) whether the said cold storage was duly examined and okayed by the prescribed authority, and if so, when ?

**Shri Abdus Sattar :**

(a) The West Bengal Cold Storage (Licensing and Regulation) Act, 1966 does not lay down the specifications for the construction of cold storages, but the Licensing Authority examines the arrangements as suitability for storage and conditions of insulation, etc.

(b) (i) Does not arise.

(b) (ii) At the time of issuing license in 1969 this cold storage was inspected by Executive Engineer (Mech-Refrigeration) who on being satisfied of its suitability for storage of the agricultural produce and the conditions of its insulation and plant and machinery recommended the issue of license by the Licensing Officer.

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্য্য ঃ** কোল্ড ষ্টোরেজ এ্যাক্টে—স্পেসিফিকেশনের কোন রকম কিছু নিয়ম নাই, অথচ লাইসেন্সিং অথরিটি দ্বারা ইন্সপেক্টেড হয়েছিল। আপনারা সকলেই জানেন এবং মাননীয় মন্ত্রীমহাশয়ও জানেন যে এটা মাটির গাথনি বলে প্রমাণিত হয়েছে। যে ইন্সপেক্টাররা এই রকম ফল্‌স্ ইন্সপেকসন রিপোর্ট দিয়েছিল তাদের বিরুদ্ধে কোন রকম ষ্টেপ নিয়েছেন কি ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** প্রশ্ন হচ্ছে এই যে ষ্ট্রাকচার সম্বন্ধে আইনে কিছু নাই। প্রধান প্রশ্ন লাইসেন্স দেওয়ার রুল হচ্ছে ৪বি…

'The Cold Storage is suitable for the storage of agricultural produce stored or proposed to be stored and referred to in the applications and it satisfies the condition regarding insulation, refrigeration, sanitary and other arrangements and is properly maintained as required by the provisions of the Act and these rules, and it is manned by qualified staff.'

ষ্ট্রাকচারের ব্যাপারে কোন স্পেসিফিকেশন নাই, ইনসুলেশন, রেফ্রিজারেশন, স্যানিটেশন এই সবের নিয়ম আছে, ইঞ্জিনীয়ার দেখে শুনে সার্টিফিকেট দেন তবে দেওয়া হয়।

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্য্য ঃ** আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে এই কোল্ড ষ্টোরেজ এ্যাক্ট স্যুটেবলী এ্যামেণ্ডেড করে ষ্ট্রাকচার সম্বন্ধে ব্যবস্থা আইনে অবলম্বন করার কথা চিন্তা করছেন কি ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** ষ্ট্রাকচার সম্বন্ধে কোন স্পেসিমেন না থাকায় অনেক অসুবিধা হয়। সুতরাং ষ্ট্রাকচার সম্বন্ধে লাইসেন্স দেওয়ার আগে কোন নিয়ম করার কথা আমাদের কণ্টেমপ্লেশনে আছে, এ সম্বন্ধে আমরা বিবেচনা করছি।

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্য্য ঃ** ক্ষতি যা হয়েছে, সেটা চাষীদেরই হয়েছে, এই চাষীদের ক্ষতিপূরণ দেওয়ার কথা চিন্তা করছেন কি ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** It does not arise.

**Use of Time-barred Medicines**

***11.** (Admitted question No. *36.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if the Government has received any information/report of use of time-barred medicines in the State Hospitals ,

(b) if so, the names of the Hospitals/Health Centres where such irregularity has been detected/reported ; and

(c) action, if any, taken by the Government in this regard ?

**Shri Ajit Kumar Panja :**

(a) No.

(b) & (c) Do not arise.

**শ্রীরজনী কান্ত দলুই ঃ** অনেক টাইম বার্ড মেডিসিন যার ভ্যালিডিটি আর দুই এক মাস মাত্র আছে সেগুলি হেলথ ডিপার্টমেন্টে বিক্রী হয় ডিরেক্টারকে অনেক টাকা পয়সা দিয়ে নেওয়া হয় এবং সেগুলি হয়ত সেনট্রাল মেডিকেল ষ্টোরসে যেতে যেতেই ডেট এক্সপায়ার করে যায়, সেজন্য সেখানে এই রকম অনেক মেডিসিন পড়ে আছে সে মন্ত্রীমহাশয় জানেন কি ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** না, এই রকম কোন খবর আসেনি।

**শ্রীরজনী কান্ত দলুই ঃ** এই রকম খবর দিলে ব্যবস্থা অবলম্বন করবেন কি ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** আমি মাননীয় সদস্যকে জানাতে পারি যে নিশ্চিত ব্যবস্থা অবলম্বন করা হবে যদি খবর দেন।

**পাথরকুচিদহে লিফ্‌ট ইরিগেশন**

*১২ (অনুমোদিত প্রশ্ন নং *১২৬) **শ্রীনিতাইপদ ঘোষ ঃ** কৃষিবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মহম্মদবাজার ব্লকের অন্তর্গত ভেজেনা মৌজায় ময়ুরাক্ষী নদী হইতে পাথরকুচিদহে লিফ্‌ট ইরিগেশন চালু করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা , এবং

(খ) থাকিলে, ঐ কাজ কত দিনের মধ্যে আরম্ভ হইবে বলিয়া আশা করা যায় ?

**Shri Abdus Sattar :**

(ক) উক্ত নদী সেচ পরিকল্পনাটি বর্তমানে সরকারের পরীক্ষাধীনে আছে ;

(খ) পরীক্ষা নিরীক্ষার পর পরিকল্পনাটি গ্রহণযোগ্য বিবেচিত হইলে এবং প্রয়োজনীয় অর্থ বরাদ্দ পাইলে ইহার রূপায়ণের কাজ হাতে নেওয়া যাইতে পারে। তবে কতদিনের মধ্যে রূপায়ণের কাজ হাতে নেওয়া হইবে তাহা এখন বলা যায় না।

**কাঁচরাপাড়া টি বি হাসপাতালের টাকা কারচুপির অভিযোগ**

*১৩ (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬) **শ্রীনিতাইপদ সরকার ঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কাঁচরাপাড়া টি বি হাসপাতালে কয়েক সহস্র টাকার কারচুপির অভিযোগ সরকারের গোচরীভূত হইয়াছিল ; এবং

(খ) সত্য হইলে, এ সম্পর্কে সরকার এ পর্যন্ত কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**Shri Ajit Kumar Panja** :

(ক) কয়েকটি অতিরিক্ত শয্যার জন্য সাজসরঞ্জাম কিনতে গিয়ে কিছু নিয়মের ব্যতিক্রম করা হয়েছে।

(খ) এ বিষয়ে তদন্ত করা হয়েছে। তদন্তের রিপোর্ট পরীক্ষা করা হচ্ছে।

[1-20—1-30 p.m.]

**Shri Soroj Roy** : এই যে আপনি উত্তরে বললেন গোলমাল জাতীয় একটা কিছু ওখানে হয়েছিল এ সম্বন্ধে কোন নির্দিষ্ট খবর আছে টাকাকড়ি কারচুপির ?

**Shri Ajit Kumar Panja** : আমার উত্তরে তো বল্লাম কয়েকটি অতিরিক্ত শয্যার জন্য সাজ সরঞ্জাম কিনতে গিয়ে কিছু নিয়মের ব্যতিক্রম করা হয়েছে। অর্থাৎ সাজসরঞ্জাম কিনতে গিয়ে টাকা দিয়ে যা কেনা উচিত বা যে টাকা সেজন্য খরচ করা উচিত তাতে দেখছি কাজের ব্যতিক্রম রয়েছে। এ সম্বন্ধে enquiry করা হয়েছে। সেই এনকোয়ারীর রিপোর্ট এখন পরীক্ষা করা হবে।

**Shri Subrata Mukherjee** (2) : এই যে মন্ত্রীমহাশয় বল্লেন সাজসরঞ্জাম কিনবার জন্য নিয়মের ব্যতিক্রম হয়েছে, আমার প্রশ্ন হচ্ছে এই নিয়মের ব্যতিক্রম হবার জন্য যিনি বা যাঁরা দায়ী তাঁদের সম্বন্ধে তিনি কী ধরণের ব্যবস্থা নেবেন দয়া করে জানাবেন ?

**Mr. Speaker** : This question has already been answered.

## Deep tube-wells in Bongaon-Bagdah Block

***14.** ( Admitted question No. *136. ) **Rabindra Ghosh** : Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) whether the Government has any proposal for sinking fresh deep tube-wells in the Bongaon-Bagdah Block ;

(b) if so, the proposed sites for such tube-wells ;

(c) how many of the previously sunk deep tube-wells are in order at present ;

(d) how many acres of land are being irrigated by these deep tube-wells , and

(e) whether the Government has any contemplation of providing employment under this scheme to the sons of the soil, for maintaining these deep tube-wells ?

**Shri Abdus Sattar** :

(a) At present there is no such proposal.

(b) Does not arise.

(c) 34 out of 35 in Bongaon and 5 out of 8 in Bagdah Block.

(d) 2397·95 acres in Bongaon and 623·45 acres in Bagdah.

(e) There is no such scheme.

**Shri Asamanja De :** মাননীয় মন্ত্রীমহাশয়, দয়া করে জানাবেন কি যে, বর্তমানে সাম্প্রতিক খরা পরিস্থিতির মোকাবেলা করবার জন্য যখন ১৯৭২-৭৩ সালের financial year-এ আপনি টিউবওয়েল fresh sinking এর পরিকল্পনা গ্রহণ করছেন না, তখন আপনি সে সম্বন্ধে কী ব্যবস্থা নিচ্ছেন ?

**Shri Abdus Sattar :** আমাদের ১৯৭২-৭৩ সালে মোটামুটিভাবে deep tubewell-এর জন্য এক কোটী টাকা রয়েছে। এই এক কোটি টাকার মধ্যে আমি দেখছি যে ৬৭ লক্ষ টাকা operation and maintenance এর জন্য এবং যে টিউবওয়েলগুলি আছে তার function-এর জন্য ও electricity charges ইত্যাদির জন্য আরও খরচ হবে ৩৩ লক্ষ টাকা, আর সেই হিসেব এক কোটী টাকার মধ্যে বর্তমানে নাই। আমরা যে Agricultural Scheme নিয়েছি সেই স্কীম হচ্ছে দু-বছরের মধ্যে আমরা খাদ্যে যাতে স্বয়ং সম্পূর্ণ হতে পারি। কেন্দ্রীয় সরকার একটা Study team পাঠিয়েছিলেন কিছুদিন আগে Agriculture Department থেকে, তাঁরা সব Study করে আমরা যা দু-বছরের মধ্যে নিয়েছি তাঁরা তা তিন বছরের মধ্যে নিতে বলেছেন। মোটামুটি আমাদের স্কীম তাঁরা Sanction করেছেন। প্লানিং কমিটিও recommend করেছেন যেটা accepted হবে বলে আশা করি। এ বছর আমরা কত পারবো তা এখন বলতে পারছিনা। তবে অনেক ক'টি নিতে পারবো বলে মনে হয়।

**Shri Asamanja De :** মাননীয় মন্ত্রী জানাবেন কি—বাগদা ও বনগাঁ ব্লকে out of order হয়ে গেছে এমন ডীপ টিউবওয়েলের সংখ্যা কত ?

**Shri Abdus Sattar :** প্রশ্নের (C) উত্তরে এর উত্তর দেওয়া হয়েছে 34 out of 35 in Bongaon and 5 out of 8 in Bagdah Block. বাগদা তিনটি খারাপ আছে। আর বনগাঁর হচ্ছে একটি।

**শ্রীঅসমঞ্জ দে :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে বাগদা ব্লকের মরশুমপুরে একটি ডিপ টিউবওয়েল অর্দ্ধেক বসানো হয়েছিল। তারপর সেখানে বিপদজনক অবস্থা ছিল বলে সরকার সিদ্ধান্ত নিলেন সেটা তুলে নেওয়া হোক। এখন গ্রামবাসীরা অনুরোধ করছে যে যখন মুজিবর রহমনের সঙ্গে আমরা মৈত্রী চুক্তিতে আবদ্ধ হয়েছি তখন ঐ মরশুমপুরে ঐ ডিপ টিউবওয়েলটি যেটা অর্দ্ধেক অবস্থায় পড়ে আছে সেটাকে নূতন করে বসানোর কথা চিন্তা করছেন কি ?

**শ্রীআবদুস সাত্তার :** আপনি নোটিশ দেবেন। আমি উত্তর দেবো।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** আপনি নোটিশ চেয়েছেন—কিন্তু ঐ মরশুমপুরে একটি ডিপ টীউবওয়েল অর্ধেক বসালেন তারপর সেটা তুলে নেবার অর্ডার দেওয়া হোল কারণ সেটা ইণ্ডো-পাক বর্ডারের কাছে বলে বিপদজনক অবস্থায় ছিল। কিন্তু এখন বাংলাদেশ স্বাধীন হয়েছে—সেই বিপদজনক অবস্থা আর নেই। এখন সেই অর্ধেক বসানো টিউবওয়েলটি যেখানে পাইপ অর্ধেক বসানো হয়েছে, সেই টিউবওয়েলটি আবার বসাবার অর্ডার দেবেন কি ?

**শ্রীআবদুস সাত্তার :** তুলেছি কি তুলিনি সেটা প্রশ্ন নয়। এ ব্যাপারে আমি নোটিশ চাইছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** টেকিং রেসপনসবিলিটী আমি বলছি যে ইট ইজ এ ফ্যাক্ট যে অর্ধেক হবার সেটা উইথড্র করা হয়েছে। অর্ধেক পাইপ বসানো হয়েছে সেখানে দয়া করে সেই টিউবওয়েলটি বসিয়ে দেবেন কি ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** আপনি যেটা বলছেন সেটা নূতন করে প্রশ্ন করবেন—আমি নোটিশ চাইছি—তাহলে আমি উত্তর দিয়ে দেবো।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** ঐ বাগদা ব্লকে পাথুরেতে একটা ডিপ টিউবওয়েল হয়েছে। কিন্তু সেখানে এখনও ইলেকট্রিসিটি চালু করা সম্ভব হয়নি—এই রকম অনেক জায়গায় ডিপ টিউবওয়েল বসানো হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে ঐ পাথুরেতে যে ডিপ টিউবওয়েল বসানো হয়েছে সেখানে ইলেকট্রিসিটি দেবার কোন ব্যবস্থা করছেন কি?

**শ্রীআবদুস সাত্তার ঃ** অনেক সময় অনেক জায়গায় ডিপ টিউবওয়েল বসানো হয়েছে যেখানে ইলেকট্রিসিটি এখনও যায়নি। আমরা চেষ্টা করছি যাতে সেখানে ইলেকট্রিসিটি পৌঁছে দেওয়া যায়। কিন্তু নূতন নিয়ম অনুসারে ঠিক হয়েছে যে যেখানে ইলেকট্রিসিটি বর্তমানে আছে সেখানেই আমরা ডিপ টিউবওয়েল বসাবো।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** ঐ পাথুরেতে যে ডিপ টিউবওয়েল বসানো হয়েছে সেখানে ইলেকট্রিসিটি নাই—তাহলে সেখানে কি ইলেকট্রিসিটি দেওয়া হবে?

**শ্রীআবদুস সাত্তার ঃ** যখন ডিপ টিউবওয়েল বসিয়েছি তখন নিশ্চয় সেখানে ইলেকট্রিফিকেসনের ব্যবস্থা করা হবে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** এই নিশ্চয় হবে—কত দিনের মধ্যে হবে? একটা ডিপ টিউবওয়েল বসাতে কয়েক লক্ষ টাকা ব্যয় হয়। সেইজন্য বলছি যে এই ডিপ টিউবওয়েল-এ ইলেকট্রিসিটি সরবরাহ করতে কত সময় নেবেন। আর একটা প্রশ্ন হচ্ছে যে এই ডিপ টিউবওয়েল জলসরবরাহ করবে ২০০ একর জমি—এই ডিপ কম্যাণ্ডিং এরিয়ায় জল সরবরাহ করার কথা। কিন্তু বর্তমানে যে সব টিউবওয়েল ফাংসান করছে সেখানে সেই টারগেট ফুলফিল করছে না। এ সম্বন্ধে কিছু এ্যাসিওরেন্স দেবেন?

**শ্রীআবদুস সাত্তার ঃ** যতশীঘ্র সম্ভব এ ব্যাপার কার্যকরী করা হবে।

**শ্রীআসমঞ্জ দে ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে ডিপ টিউবওয়েলে এতো একর জমি সেচের ব্যবস্থা করা হবে কথা ছিল। এই যে ২০০ একর করে বলা হয়েছে সেখানে মাত্র ৬০/৭০ বিঘা জমিতে চাষ করা সম্ভব হচ্ছে। তাহলে কি এই হিসাব কাগজে? বাস্তবে নয়?

**শ্রীআবদুস সাত্তার ঃ** শ্রীরবীন ঘোষ মহাশয় প্রশ্ন করেছেন how many acres are being irrigated by this deep tubewell? যেটা ইরিগেটেড হয়েছে সেটা বলেছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** একথা সবাই জানেন যে ২০০ একর হচ্ছে কম্যাণ্ডিং এরিয়া। সেখানে ৬০/৭০ বিঘাই দিতে পারছে না। এই যে হিসাব দিলেন—এটা কি শুধু কাগজে? একচুয়েলি ৬০/৭০ বিঘার বেশী দিতে পারছে না?

**শ্রীআবদুস সাত্তার ঃ** এটা একচুয়েলি কি তা বলছি না। কোথায়ও ৬০ বিঘা, কোথায় ১০০ একর আবার কোথায়ও দেড়শত একর হয়েছে এভারেজ হচ্ছে এই। আপনি তো অন্য জায়গার কথা বলছেন। আপনি আপনার কনষ্টিটিউয়েন্সিতে কি হয়েছে তাই বলুন।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** মাননীয় মন্ত্রীমহাশয় যে হিসাব দিয়েছেন তার সঙ্গে বাস্তবের কোন সঙ্গতি নাই। আমি তাঁকে একথা জানাতে চাই আমাদের যে লক্ষ্য ছিল তার সঙ্গে বাস্তবের কোন সঙ্গতি নাই। আমরা এই যে কমপ্লেন করেছি এ সম্বন্ধে তিনি এনকোয়ারী করে দেখবেন কি ?

[1-30—1-40 p.m.]

**শ্রীআবদুস সাত্তারঃ** আপনি ৬০ একর এরিয়ায় কম্যাণ্ডিং-এর কথা বলছেন। দয়া করে স্পেসিফিক দু একটা জায়গার নাম যদি বলেন তবে এনকোয়ারি করে দেখবো।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** বাগদায় হচ্ছে না।

**শ্রীআবদুস সাত্তারঃ** বাগদা তো আপনার কনষ্টিটিউয়েন্সী নয়। আপনি জলংগীর লোক জলংগীর কথা বলুন।

**শ্রীসুধীরচন্দ্র বেরাঃ** আমরা যখন ইলেকট্রিক ডিপার্টমেণ্টে গিয়েছি সেখানে বলেছে ডিপ টিউবওয়েল যেখানে হবে সেখানে ইলেকট্রিসিটী যাবে। আবার আপনি বলছেন ইলেকট্রিসিটী যেখানে যাবে ডিপ টিউবওয়েল সেখানে হবে। আমরা কোথায় যাবো ?

**শ্রীআবদুস সাত্তারঃ** উনি বলছেন কোথায় যাবেন। আপনি বিধানসভায় থাকুন কোথাও যেতে হবে না।

**শ্রীসুধীরচন্দ্র বেরাঃ** এই প্রশ্নের উত্তর চাই। আমরা যখন ডিপ টিউবওয়েলের জন্য যাচ্ছি তখন বলছেন ইলেকট্রিসিটী যেখানে যাবে সেখানে যাবে। আর ইলেকট্রিসিটীর জন্য যখন যাচ্ছি তখন বলছেন ডিপ টিউবওয়েল যেখানে যাবে সেখানে ইলেকট্রিসিটী যাবে। আমরা বিধানসভায় বসে থাকলে গরিবী যাবে না বৈদ্যুতিকরণ হবে ?

**শ্রীআবদুস সাত্তারঃ** আমাদের আগে যেটা নিয়ম ছিল আগে ডিপ টিউবওয়েল হবে তারপর ইলেকট্রিফিকেশান। এখন deep tubewell will follow electrification. সেই হিসাবে বলছি এখন আপনাদের চিন্তার কোন কারণ নেই। যেখানে ইলেকট্রিসিটী গিয়েছে সেখানে নিয়ে যাবো।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ** প্রশ্নের পরিধি এত ব্যাপ্ত হয়েছে যে সেটা বাগদা-বনগাঁ থেকে সারা বাংলাদেশে গিয়েছে। আমার গুরুত্বপূর্ণ প্রশ্ন আছে। আমি যতদুর বুঝলাম কৃষিমন্ত্রী বললেন বর্তমানে যেখানে ইলেকট্রিসিটী আছে সেখানে ডিপ টিউবয়েল যাবে। ইলেকট্রিফিকেসানে অনেক লম্বা লম্বা লিষ্ট দেখছি। কিন্তু তার চলে গিয়েছে মাঝে মাঝে দেখছি এটার ব্যাপারে কি করবেন ?

**শ্রীআবদুস সাত্তারঃ** আমি বলেছি যে টিউবওয়েলগুলো বসে নাই তার কথা অর্থাৎ যেগুলো ভবিষ্যতে বসবে। যেখানে ইলেকট্রিসিটী গিয়েছে সেখানে সাইট সিলেকসান হবে। এটা ভবিষ্যতের ব্যাপার। অতীতের কথা বাদ দিয়ে দিন।

**শ্রীসরোজ রায়ঃ** আপনার জবাবটা ভয়ানক গোলমেলে হয়ে গেলো। আগে যে ডিপ টিউবয়েল ছিল সেখানে ইলেকট্রিসিটী হবে আপনি বলছেন, আর এবার যেখানে ইলেকট্রিসিটী

হবে সেখানে ডিপ টিউবয়েল হবে। কাগজপত্রে দেখলাম দু এক জায়গায় আপনাদের রুর‍্যাল ইলেকট্রিফিকেসানের কোন ব্যবস্থা নেই। কিন্তু ডিপ টিউবওয়েল ইতিমধ্যে হয়ে গিয়েছে। সেখানে ইলেকট্রিসিটি যাবে তো? সেই সব জায়গায় এবং অন্যান্য কাছাকাছি জায়গায় আরও ডিপ টিউবওয়েল বসান হচ্ছে সেখানে হবে কিনা?

**শ্রীআবদুস সাত্তার ঃ** নিশ্চয়ই হবে।

**শ্রীসরোজ রায় ঃ** তাহলে এটাকে এমন ভাবে বলুন যাতে কনট্রাডিকটারী না হয়। কারণ এই থরার পর আমাদের এই ডিপ টিউবওয়েল সম্বন্ধে অনেক অভিজ্ঞতা হয়েছে। আপনি সে দিকে নজর রেখে এটা বলুন।

**শ্রীআবদুস সাত্তার ঃ** আপনি প্রশ্ন করলেন না বক্তৃতা করলেন সেটা আমি বুঝতে পারলাম না। আমি বলেছি যে ডিপ টিউবওয়েল সিংক করার পর দেখা গিয়েছে ২,৩ বছর কেটে গিয়েছে ইলেকট্রিক আসেনি। এত লক্ষ টাকা খরচ করে করবার পর সেটা পড়ে রয়েছে। গ্রামের দিকে ইলেট্রিক যা যাচ্ছে তাতে বাড়ীর আলো জলবে এ বিশ্বাস আমার নেই, সেটা চাষের উপকারের জন্য দরকার হবে। কাজেই চাষের উপকারের দিকে খেয়াল রেখে আমরা নতুন ভাবে চিন্তা করছি যে যেখানে ইলেকট্রিক গিয়েছে এবং যেখানে টিউবওয়েল বসানো উচিত সেখানে বসানো হবে, যাতে টিউবওয়েল করে বসিয়ে রাখতে না হয়।

**শ্রীঅসমঞ্জ দে ঃ** সংশ্লিষ্ট এলাকার ছেলেদের নিয়োগনীতি সরকার গ্রহণ করেন নি। গ্রামাঞ্চলে ব্যাপক হারে ডিপ টিউবওয়েলের ট্রান্সফরমার এবং পার্টস চুরি যাওয়ার এটা অন্যতম কারণ বলে মাননীয় মন্ত্রী মহাশয় মনে করেন কি?

**শ্রীআবদুস সাত্তার :** যেটা বন্ধ হয়ে আছে কেবলমাত্র সেখানেই চুরি হচ্ছে না, যেটা ইন অপারেশন অলরেডি কাজ হচ্ছে সেখান থেকেও চুরি গিয়েছে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** আমি যে প্রশ্ন করেছিলাম সেখান থেকে শিফটেড হয়ে মন্ত্রী মহাশয় অনেকদূর চলে গিয়েছেন। কমাণ্ডিং এরিয়া যা ছিল ডিপ টিউবওয়েল বসানোর সময় সেটা শুধু বাগদা বা জলঙ্গী নয় মন্ত্রী মহাশয়ের কেন্দ্র লালগোলাতে (অবশ্য যদি বসে থাকে) তাহলে আমরা যেখানে বসিয়েছিলাম সেখানে ২শো একর কমাণ্ডিং এরিয়া হবে। কিন্তু ডিপ টিউবওয়েল বসানো বেশ কিছুদিন হয়ে গেল মন্ত্রী মহাশয়ের গোচরীভূত করবার জন্য বলছি এখনও পর্যন্ত ২শো একর কমাণ্ডিং এরিয়া ফুলফিল করতে পারেনি। মন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য, উনি কি জানাবেন, কতগুলি ডিপ টিউবওয়েল ফুলফিল করতে পারেনি এবং তার কারণ কি?

**শ্রীআবদুস সাত্তার ঃ** আপনি একই প্রশ্ন বার বার করছেন। আপনি আপনার নিজের কেন্দ্র জলঙ্গীতে যে ডিপ টিউবওয়েল আছে সেখানের কমাণ্ডিং এরিয়া দেখে আসুন। দেখে এসে আমাকে বলবেন, যদি না হয় ব্যবস্থা করা যাবে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** ওরকম যদি হয় যে তাহলে ধরে নেব কি যেখানে রিপোর্ট হবে সেখানে হবে?

**শ্রীআবদুস সাত্তার ঃ** হ্যাঁ।

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলী ঃ** কমাণ্ডিং এরিয়াতে পুরো জল পাচ্ছে না। সেখানে যারা

অপারেটিং এমপ্লয়ী তারা নিজের জমি ভাগে চাষ করাচ্ছে, চুরি করছে এবং লিফটিং-এর কোন এ্যারেঞ্জমেণ্ট নেই, এটা মন্ত্রী মহাশয় জানেন কি?

**শ্রীআবদুস সাত্তার ঃ** যদিও প্রশ্ন আসে না, তবুও মাননীয় সদস্যকে বলছি যে আপনি স্পেসিফিক কেস দিন, ব্যবস্থা অবলম্বন করবো। এই প্রসঙ্গে আপনাদের জানাই, রানীনগর থেকে এই ধরনের অভিযোগ এসেছিল এবং আমি অর্ডার দিয়েছি ফর সাসপেনসান এবং সেটা দেখা গিয়েছে ফ্যাক্ট। আপনারাও এইভাবে স্পেসিফিক কেস দিন।

[1-40—1-50 p.m.]

**শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি এই বিষয়ে ভারপ্রাপ্ত মন্ত্রী ছিলাম এবং আমার অভিজ্ঞতা হচ্ছে যে অনেক জায়গায় ডিপ টিউবওয়েল থেকে ৫০/৬০ একর জমি জল পায়, বেশিরভাগ জায়গায় ১০০ একর জমি জল পায়, খুব অল্প জায়গায় ১০০ একরের বেশী জমি জল পায় এবং কোন কোন এরিয়ায় ২০০ একর পর্যন্ত জমি জল পায়। এই অভিজ্ঞতা আমার হয়েছে as a Minister-in-charge of that particular section of Agriculture Department.

## মেদিনীপুর জেলায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

*১৫ (অনুমোদিত প্রশ্ন নং *১৬৭) **শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন কোন ব্লকে এখনও কোন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হয় নাই; এবং

(খ) যে ব্লকগুলিতে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হয় নাই সেই ব্লকগুলিতে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কি ব্যবস্থা সরকার গ্রহণ করিয়াছেন?

**Shri Ajitkumar Panja :**

(ক) নিম্নলিখিত ব্লকগুলিতে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র চালু হয়নি :—

(১) তমলুক ২ নং
(২) ময়না
(৩) মহিষাদল ১ নং
(৪) মহিষাদল ২ নং
(৫) মোহনপুর
(৬) রামনগর ২ নং
(৭) নন্দীগ্রাম ৩ নং
(৮) খড়গপুর ২ নং
(৯) কাঁথি ২ নং
(১০) কাঁথি ৩ নং
(১১) খেজুরী
(১২) গড়বেতা ২ নং

(খ) মোহনপুর ব্লক ছাড়া আর সব ব্লকগুলির জন্যই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণ কার্য মঞ্জুর করা হয়েছে। মোহনপুর ব্লকের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের জন্য প্রয়োজনীয় জমি সংগৃহীত হইলে নির্মাণ কার্য মঞ্জুর করা হবে।

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন, জমি সংগ্রহের ব্যাপারে সরকারের নীতি কি, অর্থাৎ আমি জানতে চাচ্ছি সরকার কি জমি দান গ্রহণ করবেন, আর জমি দান যদি না পাওয়া যায় তাহলে কি সরকার জমি কিনবেন ?

**শ্রীঅজিতকুমার পাঁজা ঃ** নীতি হচ্ছে প্রথমতঃ অনেক জনসাধারণ আছেন যারা জমি নিজেরা দান করতে চান, সেটা আমরা যদি দেখি যে সত্যিকারের জনসাধারণের উপকারে আসবে যে জায়গায় জমি রয়েছে এবং যেখানে নির্মাণ কার্য করা যাবে তখন আমরা নিই। যদি এমন কোন জায়গা থাকে যেখানে কোন জমি দান হিসাবে পাওয়া যাচ্ছে না তাহলে আমাদের আইনতঃ জমি যাতে সংগ্রহ করা যায় তার ব্যবস্থা করি।

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি ঃ** মেদিনীপুর থেকে এই জমি দানের কোন প্রস্তাব সরকারের কাছে এসেছে কি ?

**শ্রীঅজিতকুমার পাঁজা ঃ** এখন অবধি আমার কাছে আসেনি।

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি ঃ** যদি না এসে থাকে তাহলে সরকার কি এখন জমি কেনার ব্যবস্থা করবেন ?

**শ্রীঅজিতকুমার পাঁজা ঃ** জমি কেনা শুধু নয়, আইনতঃ যেভাবে নেওয়া যায় সেইভাবে ব্যবস্থা করা হবে।

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি ঃ** দাশপুর প্রাইমারী হেল্‌থ সেন্টার এখন হয়নি, এটা জানেন কি ?

**শ্রীঅজিতকুমার পাঁজা ঃ** আপনি জানেন দাশপুর ব্লক ২ তে খুকুড়দা বলে একটি জায়গা আছে সেখানে স্বাস্থ্যকেন্দ্র করার অর্ডার দেওয়া হয়েছে।

**শ্রীসুধিরচন্দ্র বেরা ঃ** আপনি জানেন খুকুড়দা তো সোনাখালির কাছে চলে যাচ্ছে। প্রাইমারী হেল্‌থ সেন্টার সোনাখালিতে হবার কথা, সেটা খুকুড়দাতে হবার কথা কি আছে ?

**শ্রীঅজিতকুমার পাঁজা ঃ** চলে যাচ্ছে না। খুকুড়দা দাশপুর ব্লক ২ হিসাবে এখানে আছে এবং সেখানকার উপ-স্বাস্থ্যকেন্দ্রকে উন্নত করে প্রাইমারী হেল্‌থ সেন্টার করা হচ্ছে।

**শ্রীসুধিরচন্দ্র বেরা ঃ** খুকুড়দা হচ্ছে দাসপুর ব্লক ২-র একদম প্রান্তে এবং সেইজন্য ব্লক অফিসকে সরিয়ে সোনাখালিতে নিয়ে যাবার কথা হচ্ছে। প্রাইমারী হেল্‌থ সেন্টার হবার কথা সোনাখালিতে, সেটা অন্য জায়গা খুকুড়দাতে করা হচ্ছে কেন, সেটা জানাবেন কি ?

**শ্রীঅজিতকুমার পাঁজা ঃ** খুকুড়দা সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টারকে উন্নত করে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র করার ব্যবস্থা করা হচ্ছে।

**শ্রীসুধিরচন্দ্র বেরা ঃ** খুকুড়দা দাশপুরের একেবারে প্রান্তে অবস্থিত এবং তাই ব্লক

অফিসটিকে একটা সেন্টার জায়গা সোনাখালিতে নিয়ে যাওয়া হচ্ছে। কাজেই সোনাখালিতে প্রাইমারী হেল্‌থ সেন্টার হবার কথা, কিন্তু খুকুড়দাতে সেটা কনসিডার করা হল কেন, এটা জানাবেন কি ?

**শ্রীঅজিতকুমার পাঁজা ঃ** সেখান থেকে জনসাধারণ দাবী করেন এবং জনসাধারণের দাবীর সঙ্গে ঠিকমত জমি পাওয়া যায়, তখন চতুর্দিক লক্ষ্য রেখে এবং জনসাধারণ কিসে উপকৃত হবেন, আর কি কি সুবিধা থাকতে পারে সেই সব দেখে খুকুড়দাকেই উন্নত করা হয়েছে।

**শ্রীসুধিরচন্দ্র বেরা ঃ** সোনাখালিতে প্রাইমারী হেল্‌থ সেন্টার তৈরী করার জন্য বহুদিন থেকে প্রপোজাল স্বাস্থ্যবিভাগের ছিল, তা সত্ত্বেও খুকুড়দাতে কেন করা হলো, এই সম্বন্ধে একটু আলোকপাত করবেন কি ?

**শ্রীঅজিতকুমার পাঁজা ঃ** সোনাখালি সম্বন্ধে নোটিশ দেবেন বলে দেবো, এই প্রশ্নোত্তরে সেটা ওঠেনা।

**শ্রীব্রজকিশোর মাইতি ঃ** একটা ছোট ব্লকে যেখানে একটা প্রাইমারী হেল্‌থ সেন্টার হয় এবং একটা সাবসিডিয়ারী হেল্‌থ সেন্টার তৈরী হয়, কিন্তু বিরাট যে ব্লক আছে, যার এরিয়া ধরুন ২০০ স্কয়ার মাইল ধরুন, সেই সব ব্লকে আরও কিছু হেল্‌থ সেন্টার বাড়ানোর পরিকল্পনা সরকারের আছে কি ?

**শ্রীঅজিতকুমার পাঁজা ঃ** আপাততঃ সরকারের নীতি প্রতি ব্লকে একটা করে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র আর দুটি করে উপ-স্বাস্থ্য কেন্দ্র করা, তবে কিছু কিছু জায়গায় দেখা গেছে, যে ব্লক বড় কিংবা লম্বাতে বড়, চওড়াতে হয়তো বেশী নয়, সেইগুলো আমরা পরীক্ষা করে দেখছি এবং নিজে গিয়ে দেখেছি। সেখানে আমরা বাড়ানোর কথা চিন্তা করছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, কি এই রকম কোন পরিকল্পনার কথা চিন্তা করছেন যে কতকগুলো প্রাইমারী হেল্‌থ সেন্টার এবং কতকগুলো সাবসিডিয়ারী সেন্টারকে নিয়ে একটা জোনাল হেল্‌থ সেন্টার তৈরী করা ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** না।

## আউশ, আমন ধান ও পাটের বীজ সরবরাহ

*১৬ (অনুমোদিত প্রশ্ন নং *১৫৭) **শ্রীমহম্মদ দেদার বক্স ঃ** কৃষিবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে খরাজনিত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে ১৬ই জুন ১৯৭২ পর্যন্ত ভগবানগোলা থানার ১নং এবং ২নং ব্লকের প্রতি ব্লকে আউশ ও আমন ধানের এবং পাটের বীজ কত পরিমাণে দেওয়া হয়েছে ; এবং

(খ) উক্ত বীজ কোন্ কোন্ সময়ে দেওয়া হয়েছে ?

**Mr. Speaker** : Starred question No. 16 is held over as the reply has not yet been received.

### Tube-wells at Judges Court Road, Mayurbhanj Pail Depot and Christopher Road

***17.** (Admitted question No. *1086.) **Dr. Kanailal Sarkar:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if it is a fact that three giant tube-wells have been sunk in the year 1968 at—

(i) 24 Judges Court Road, Calcutta (within Chetla Maternity Home);

(ii) Mayurbhanj pail depot, Calcutta; and

(iii) Christopher Road, Calcutta;

(b) if so, have they been commissioned uptill now, and

(c) if not, the reasons therefor?

**Sri Ajit Kumar Panja:**

(a) Yes. The tube-wells were sunk more than two years ago

(b) The tube-well at Christopher Road was commissioned a year ago and is functioning satisfactorily; the tube-well at Mayurbhanj Pail Depot has also been recently commissioned and is functioning.

(c) The delay in commissioning the tube-well at 24, Judges Court Road is mainly due to getting permission for laying raising main for the big tube-well to Calcutta Corporation main thoroughfare, a piece of land not belonging to Calcutta Corporation. Meanwhile the doors and windows of the pump house constructed were stolen with fixures. These factors have cuased delay in commissioning the tube-well at 24, Judges Court Road.

**ডাঃ কানাইলাল সরকার ঃ** টিউবওয়েলগুলো সাংক করা হয়েছিল ১৯৬৮ সালে যখন জলের খুব দুরাবস্থা হয়েছিল। সেই সময় প্রেসিডেণ্টস রুল চালু ছিল, ১৯৬৮ সালে সাংক করা হয়েছিল। তবে যেটা দুবছর বললেন, সেই রিপোর্টিং ঠিক নয়।

**শ্রীঅজিতকুমার পাঁজা :** আমাদের কাছে যা রিপোর্ট আছে, তাতে দেখলাম টিউবওয়েল সাংক করা হয়েছিল দু বছর আগে। মাননীয় সদস্য ভুল করছেন, টিউবওয়েল সাংক করা মানে, টিউবওয়েল বসানো হয়ে যাওয়া, কাজেই শুরু নয়, কাজের শুরু থেকে দেখতে গেলে হয়তো কিছুদিন আগে থেকে ভাবছেন।

**ডাঃ কানাইলাল সরকার :** আপনাদের ডিপার্টমেণ্ট রিপোর্টটা ভুল দিয়েছে, ১৯৬৯ সালে ওটা কমপ্লিশন হয়ে গেছে। বোধ হয় যেটা ময়ূরভঞ্জ সেটা কমিশন হয়নি, কানেকশন হয়েছে। আর যেটা বলছেন রাস্তা নেই, অমুক নেই,—৮০ হাজার টাকা দিয়ে একটা কাজ করলেন, কোন ধার দিয়ে লাইন যাবে সেটা না দেখে করলেন? তা ছাড়া আর একটা বলছি দরজা দিয়ে লাইন চলে গেছে, এই খবর ঠিক নয়। তার কারণ তার পাশে তো চেতলা মেটারনিটি হোম তৈরী হয়েছে, সেখানে দারওয়ানরা রয়েছে, দরজা চলে যাবার জন্য যে কনেকশন হবে না টিউবওয়েলের।

**মিঃ স্পীকার :** Please do not give information you would only elicit information.

## কালীতলাদিয়ারে স্বাস্থ্যকেন্দ্র

*১৮ (অনুমোদিত প্রশ্ন নং *১৯৩) **শ্রীশংকরদাস পাল ঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বহরমপুর থানার অধীন মৌজা কালীতলাদিয়ারে জনস্বাস্থ্যকেন্দ্র খুলিবার কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কতদিনের মধ্যে উহা খোলা হইবে বলিয়া আশা করা যায় ?

**Shri Ajit Kumar Panja :**

(ক) হ্যাঁ।

(খ) জমি পাওয়া যাইবে কি না এই বিষয়ে সঠিক এখনও জানা যায় নাই। জমি পাওয়া গেলে একটি সিদ্ধান্তে আসা সম্ভব হবে।

[1-50—2-00 p.m.]

**শ্রীশংকরদাস পাল ঃ** জমি অলরেডি সেখানে দেওয়া হয়েছে, এইটা কি আপনি জানেন ?

**শ্রীঅজিতকুমার পাঁজা ঃ** আমার কাছে যতদূর খবর রয়েছে, তাতে এখন অবধি জমি পাওয়া যায়নি। মাননীয় সদস্যর কাছে যদি খবর থাকে নিশ্চয় আমাকে জানাবেন, আমি অনুসন্ধান করে দেখব।

## তুলা ও চীনাবাদাম চাষ

*১৯ (অনুমোদিত প্রশ্ন নং *২৮) **শ্রীঅশ্বিনী রায় ঃ** কৃষিবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ-পূর্বক জানাইবেন কি—

গত তিন বৎসরে জেলাভিত্তিতে তুলা ও চীনাবাদাম চাষের পৃথকভাবে জমির পরিমাণ (একরে) ও মোট উৎপাদন (টনে) কত ?

**Mr Speaker**: The starred question No. 19 is held over.

### Gopalpur Subsidiary Health Centre

*20. (Admitted question No. *3.) **Shri Gangadhar Pramanik** : Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if the Government is aware that the Gopalpur Subsidiary Health Centre under P.S. Haroa, 24-Parganas, is being run without doctor for more than a year ; and

(b) if so, the action proposed to be taken by the Government in this regard ?

**Shri Ajit Kumar Panja** :

(a) Yes.

(b) Steps have already been taken so that the Medical Officer of the Health Centre, who is on deputation to another Health Centre, may come back to Gopalpur within four five days.

## রায়গঞ্জ ব্লকে কৃষিকার্যের জন্য গভীর নলকূপ

*২১ (অনুমোদিত প্রশ্ন নং *১১৭) **শ্রীরমেন্দ্রনাথ দত্ত:** কৃষিবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় রায়গঞ্জ ব্লকে এ পর্যন্ত কৃষিকার্যের জন্য কতগুলি ডিপ টিউব-ওয়েল বসানো হইয়াছে;

(খ) তন্মধ্যে বর্তমানে কতগুলি চালু আছে;

(গ) প্রতিটি ডিপ টিউবওয়েল-এর জন্য কতজন কর্মী নিয়োগ করা হইয়াছে এবং প্রতিটি ডিপ টিউবওয়েল-এর জন্য গড়ে মাসে কত টাকা খরচ হইতেছে, এবং

(ঘ) প্রতিটি ডিপ টিউবওয়েল ১৯৭২ সালে (১৮ই জুন পর্যন্ত) প্রতিদিন গড়ে কত একর জমিতে জল দিয়াছে?

**Shri Abdus Sattar :**

(ক) ২৬টি।

(খ) ২৩টি।

(গ) ২১টি ডিপ টিউবওয়েলের প্রতিটিতে ২ জন এবং বাকী ৫টির প্রতিটিতে ১ জন।

গড়ে মাসে ৯০০ টাকা।

(ঘ) প্রতি টিউবওয়েল গড়ে প্রতিদিন ৩ একর।

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা যারা প্রশ্ন করি, আমরা যদি প্রতিটি প্রশ্নের অসত্য উত্তর পাই তাহলে এটা খুবই দুঃখের বিষয়। আমি নিজে ভাল করে জানি, এবং কালকে সেখান থেকে এসেছি, ১৮টির বেশি ডিপ টিউবওয়েল সেখানে চালু নাই। টিউবওয়েলগুলির যে পাইপ লাইন আছে, সেখানে কন্ট্রাকটরদের চুরির ফলে সেই পাইপ লাইনগুলি থেকে জল লিক করে এবং তাতে যে পরিমাণ জল দেওয়ার কথা উনি বলছেন তার ১/৩ ভাগ জলও পাওয়া যাচ্ছে না। প্রচণ্ড খরা হচ্ছে, তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অনুরোধ করছি, উনি যদি যান তাহলে দেখতে পাবেন। আমার প্রশ্ন হচ্ছে এই এ্যানোমালি তথা যে অফিসার দিয়েছেন তার উপর উনি এ্যাকশন নেবেন কিনা?

**শ্রীআবদুস সাত্তার ঃ** আপনি আমাকে খোঁজ দিলে আমি নিশ্চয়ই খবর নেব। ডিটেলস্ রিপোর্ট পেলে। I may take action on the basis of that reports.

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** যারা জল দেয়, তারা এখানে থাকতে পারে না। কেবলমাত্র একটা ওয়াডার থাকে, তিনি অনুগ্রহ করে জল দেন। বেশিরভাগ টিউবওয়েলগুলি বেশিরভাগ সময় অচল হয়ে থাকে। কোন সময় বলে ডিজেল নাই, কোন সময় বলে স্পেয়ার পার্টস নাই। এই বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয় খোঁজ নেবেন কি?

**শ্রীআবদুস সাত্তার ঃ** আমি যা রিপোর্ট পাচ্ছি তাতে মোটামুটি দেখছি ২৬ টার মধ্যে ২৩টা চলছে। আমি জানি এই রকম অভিযোগ অনেকেরই আছে এবং সেইজন্য বিস্তারিত বিবরণ দেওয়ার কথা আমি বলেছি। অনেক সময় অপারেটররা লোককে হয়রানী করে থাকে। তাই কেউ যদি আমাকে খোঁজ দেন আমি নিশ্চয়ই খবর নেব। প্রশ্ন হচ্ছে এই রিপোর্টে যা আছে তাই দেখে আমি বলছি। আপনারা যদি কোন কেস দেন সেটা খোঁজ নিয়ে রিপোর্ট দিতে পারি এবং এ্যাকশন নিতে পারি।

**শ্রীসুশান্ত ভট্টাচার্য্য ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই ধরনের ভুল তথ্য যে অফিসার দেয় তাদের সম্বন্ধে কি ব্যবস্থা অবলম্বন করবেন ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** আগেই অসত্য ধরে নেব কেন। আগে রিপোর্ট সত্য কিনা খোঁজ নিতে হবে। এবং উনি যেগুলি খারাপ বলছেন, সেইগুলি খারাপ কিনা দেখতে হবে।

**শ্রীসুশান্ত ভট্টাচার্য্য ঃ** কিন্তু যদি অসত্য হয় তাহলে সেই সমস্ত Officer-দের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা প্রয়োজন বলে কি আপনি মনে করেন ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** যদি চালু নয়, অথচ চালু বলে report দেয় তাহলে নিশ্চয় তখন চিন্তা করা যাবে। কিন্তু তারা তো বলবে কাল থেকে খারাপ হয়ে গেছে। তবে যদি এরকম হয় নিশ্চয় তাহলে তাদের বিরুদ্ধে enquiry করার আমরা চেষ্টা করব।

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** কাল থেকে চালু নেই বললে হবে না। মাঠ দেখলেই বোঝা যাবে যে জল দিয়েছে কিনা এবং এর থেকেই প্রমাণ হবে যে চালু আছে কিনা। staff-তো সেখানে থাকে না। আমি definitely বলছি যে চালু নেই। আমি তাঁকে invite করছি দয়া করে তিনি সেখানে গিয়ে দেখবেন এবং খোঁজ করবেন।

**শ্রীআবদুস সাত্তার ঃ** আচ্ছা।

**Enquiry into the affairs of the Calcutta Nationai Medical College**

***22.** (Admitted question No. *43) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Health Department be pleased to refer to the reply given to question 214 (Admitted question No. 632), dated the 5th May, 1972, and to state—

(a) the finding of the Committee ; and

(b) the action taken by the Government or proposed to be taken in the light of the report of the Committee ?

**Mr. Speaker:** : Starred question No 22. is held over.

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** On a point of order, Sir, এ সম্বন্ধে আমি Home Minister-এর দৃষ্টি আকর্ষণ করছি। এ বিষয়ে আমি গত Session-এ একটা motion যখন এনেছিলাম তখন আমি বলেছিলাম—দেখব কিভাবে দেওয়া যায়। আজ দেখছি যে এটা Held over হয়ে গেল। ১৯৬৯ সালে Enquiry Commission বসেছিল এবং ১৯৭০ সালে তারা report submit করেছে। এটা Writers Buildings-এ রয়েছে। কিন্তু তাসত্ত্বেও বুঝতে পারছি না কেন মন্ত্রীমহাশয় এটা supress করছেন। যে সমস্ত officer যাদের বিরুদ্ধে allegation রয়েছে তাদের allegation-কে চেপে দেবার জন্য কেন চেষ্টা করা হচ্ছে ? আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব তিনি যেন অবিলম্বে এই report আমাদের House-এ place করেন। আপনাকে অনুরোধ করব একটা সময় দিন যে সময়ে এই Enquiry Commission-এর report নিয়ে একটা thorough discussion হবে। আমি by post যে

একটা report পেয়েছি সেটা আমি একটু gist পড়ে দিচ্ছি—"It was particularly printed out that the promotion of Dr. Benoy Bhattacharyya, as Professor of surgery was arbitrary and irregular and the complaints made of teaching and Medical Staff Association in respect of him must held to be justified." এক মাস আগে আনন্দ বাজারেও একটা খবর এ বিষয়ে বের হয়। সেই report-টা দেন Late Mr. Justice Renupada Mukherjee এবং Mr. Justice S. K. Sen I.C.S. সেই report Deputy Secretary Mr. Modak তাঁর আলমারীর মধ্যে তালা বন্ধ করে রেখে দিয়েছেন। ৩ লক্ষ টাকা খরচ করে সেই report তৈরী হয়েছিল।

**শ্রীঅজিত পাঁজা ঃ** আমি ভাবতে পারিনি মাননীয় সদস্য আমাকে charge করবেন suppression বলে। গতকাল রাত্রে তিনি আমায় phone করায় তাঁকে পরিষ্কারভাবে জানিয়েছিলাম এই question-এর answer-টা held over করতে অনুরোধ করছি। কারণ Department থেকে যে উত্তর আমার কাছে দেওয়া হয়েছিল তাতে আমি সন্তুষ্ট নই। Department থেকে উত্তর দেওয়া হয়েছিল যে এই Enquiry Commission-এর report গভর্ণমেন্টের বিবেচনাধীন আছে। অথচ আমার কাছে কিছু দেখান হয়নি। ১৯৭০ সালের February মাসে Mr. Justice Sen এই report দাখিল করেছেন। কোথায় গেছে সেই report কার গাফিলতি ইত্যাদি প্রতিদিনের হিসাব to explain every day's delay চেয়ে পাঠিয়েছি।

[2-00—2-10 p.m.]

মাননীয় সদস্যকে জানান সত্তেও আমাকে উনি বললেন সাপ্রেসান। এটা খুব দুঃখের কথা। আমি হোল্ড ওভার চেয়েছি কারণ আমি বিস্তারিতভাবে জানতে চাই এই সম্বন্ধে কি হয়েছে। তবে যদি আপনারা বলেন জোর করে উত্তর দিতে তাহলে সেক্রেটারী যা লিখে দেন আমরা তাই বলে চলে যাব।

**Mr. Speaker :** The Hon'ble Minister himself is trying his level best to get report of the Committee. He has not yet seen the report and so he has not given any evasive reply. In view of the anxiety expressed by Mr. Doloi and other Members, I also think the Hon'ble Minister will try to go through the report and after some days enlighten the House with the Committee's report, if possible.

**Shri Ajit Kumar Panja :** Sir, I bow down to your rulling.

**Mr. Speaker :** Started question No. 23 is held over because the answer has not been received.

## সিউড়ি সদর হাসপাতালে অকেজো এ্যাম্বুলেন্স

*২৪ (অনুমোদিত প্রশ্ন নং *১২৭) **শ্রীনিতাইপদ ঘোষ ঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে বীরভূম জেলার সিউড়ি সদর হাসপাতালের দুইটি অ্যাম্বুলেন্সই দীর্ঘদিন যাবৎ অকেজো হয়ে পড়ে আছে ;

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ;

(গ) ইহা কি সত্য যে, মহম্মদবাজার প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ইউনিসেফ জিপটি গত অক্টোবর ১৯৭১-এ সিউড়ি সদর হাসপাতালে দেওয়া হয়েছিল এবং বর্তমানে অকেজো হয়ে পড়ে আছে ; এবং

(ঘ) সত্য হইলে, ঐরূপ করার কারণ কি এবং ঐ জিপটিকে স্বাস্থ্যকেন্দ্রে ফেরত দেওয়ার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**শ্রীঅজিতকুমার পাঁজা :** (ক) হঁ্যা।

(খ) সিউড়ি সদর হাসপাতালে একটি নতুন এ্যাম্বুলেন্স দেওয়া হয়েছে। অকেজো এ্যাম্বুলেন্স দুটির মধ্যে একটি মেরামতের অযোগ্য। অন্যটি মেরামত করা হচ্ছে। সপ্তাহকালের মধ্যে এটি চালু হবে বলে আশা করা যায়।

(গ) হঁ্যা।

(ঘ) জরুরী প্রয়োজনে গাড়ীটি সদর হাসপাতালে পাঠান হয়েছিল।

বর্তমানে গাড়ীটি মেরামত করা হচ্ছে। কিছুদিনের মধ্যেই গাড়ীটি স্বাস্থ্যকেন্দ্রে ফেরত দেওয়া হবে।

**শ্রীশচীনন্দন সাউ :** সিউড়ি সদর হাসপাতালে ২৬০টি বেড আছে, অথচ সেখানে ৪৬০টি রোগী ভর্তি আছে, এই ব্যাপারে আপনি কি চিন্তা করেছেন ?

**শ্রীঅজিতকুমার পাঁজা :** এ্যাম্বুলেন্স সম্বন্ধে প্রশ্ন করেছিলেন, এটা যদিও উঠে না তবুও আমি জানি বলেই বলছি। যেখানে যেখানে আমরা খবর পেয়েছি যে যা শয্যা সংখ্যা আছে তার চেয়ে এ্যাডমিসান প্রতিদিন রোগীর সংখ্যা বেড়ে যাচ্ছে ১ শো, ২ শো করে সেখানে বিশেষ শয্যার ব্যবস্থা যেখানে যেখানে জায়গা আছে করা হচ্ছে, যেখানে জায়গা নেই সেখানে নূতন করে তাড়াতাড়ি কনষ্ট্রাকশান করে কি ব্যবস্থা করা যায় সেই বিষয়ে চিন্তা করা হচ্ছে।

**মিঃ স্পীকার :** Question hour is over.

## Starred Questions

(to which written answers were laid on the table)

### মেদিনীপুর জেলার টিউবওয়েল ও কূপ খননের কাজ

*২৫ (অনুমোদিত প্রশ্ন নং *১৬৯) **শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি :** স্বাস্থ্য (গ্রামীণ জল-সরবরাহ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরের খরা পরিস্থিতি মোকাবিলার জন্য মেদিনীপুর জেলার কোন্ ব্লকে ৩১-১-৭২ তারিখের মধ্যে কয়টি টিউবওয়েল ও কুয়া খনন করা হয়েছে ; এবং

(খ) এ বাবদ ৩১-১-৭২ তারিখের মধ্যে উক্ত জেলায় কোন্ ব্লকে কত টাকা খরচ হয়েছে ?

**The Minister-in-charge for the Health (Rural Water Supply) Department :**

(ক) ও (খ) ব্লকওয়ারি বিবরণ এ পর্যন্ত পাওয়া যায়নি। জেলার পূর্ণ বিবরণ অতিরিক্ত তারকাচিহ্নহীন প্রশ্নের উত্তর সম্বলিত তথ্যে দেওয়া হলো।

## অতিরিক্ত সম্ভাব্য প্রশ্নের উত্তর সম্বলিত তথ্য

বর্তমান বৎসরে খরা পরিস্থিতি মোকাবিলায় পানীয় জল সরবরাহের জন্য বর্তমান মন্ত্রী-সভার অনুমোদনক্রমে প্রতি ব্লকে অন্ততঃ ৩৫টি করে নলকূপ খনন বা পুনর্খনন (অথবা যেখানে নলকূপ কার্যকরী হয় না সেখানে কুয়া খনন) করার জন্য ব্যবস্থা করা হয়েছে। মেদিনীপুর জেলার কোন ব্লকে কত কাজ করা হয়েছে তার হিসাব স্থানীয় জেলাশাসকের নিকট হতে এখনও পাওয়া যায় নি। তবে উক্ত জেলায় মোট কত কাজ হয়েছে তার একটি হিসাব নিয়ে দেওয়া হল :—

| | | | |
|---|---|---|---|
| নতুন নলকূপ খনন | ... | ... | ২১৮টি সমাপ্ত। |
| | | | ১০৬টার কাজ চলছে। |
| পুরাতন নলকূপ পুনর্খনন | ... | ... | ২১০টি সমাপ্ত। |
| | | | ১২২টির কাজ চলছে। |
| নলকূপ মেরামত করা হয়েছে | ... | ... | ২৩৩২টি। |
| নতুন কূপ খনন | ... | ... | ৬৮টির কাজ চলছে। |
| | | | ৮২টি সমাপ্ত। |
| পুরাতন কূপ সংস্কার করা হয়েছে | | .. | ৪৬১টি। |

মেদিনীপুর জেলার বিভিন্ন ব্লকে নলকূপ ও কূপ খনন বা পুনর্খনন ইত্যাদির জন্য জেলা শাসকের হাতে মোট ১৭ লক্ষ টাকা নগদ ও ১৬ লক্ষ ৭ হাজার ৩৬৩ টাকার সরঞ্জামাদি দেওয়া হয়েছে।

## বিশেষ ধরনের শিশুরোগ

*২৬ (অনুমোদিত প্রশ্ন নং *১৪০) **শ্রীনিতাইপদ সরকার ঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রী-মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, খরা কবলিত এলাকায় সম্প্রতি বিশেষ এক ধরনের শিশুরোগে আক্রান্ত হইয়া অনেক শিশু মারা গিয়াছে,

(খ) অবগত থাকিলে, ঐরূপ শিশুমৃত্যুর সংখ্যা কোন্ জেলায় কত ; এবং

(গ) উক্ত শিশুরোগ প্রতিরোধের জন্ত সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**The Minister-in-charge for the Health Department :**

(ক) হ্যাঁ।

(খ) মুর্শিদাবাদ জেলায় ৮৭ জন এবং মেদিনীপুরে ৭ জন।

(গ) নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহণ করা হয়েছে—

(১) আক্রান্ত এলাকা হইতে মুমূর্ষু রোগীদের অ্যাম্বুলেন্স-এর সাহায্যে হাসপাতালে অবিলম্বে স্থানান্তরিত করা এবং বিশেষজ্ঞ দ্বারা চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে।

(২) অন্যান্য রোগীদের ভ্রাম্যমাণ চিকিৎসক সংস্থার সাহায্যে রোগীদের নিজ গৃহে চিকিৎসার বন্দোবস্ত করা হয়েছে।

(৩) আক্রান্ত এলাকার পার্শ্ববর্তী গ্রামগুলির উপর নজর রাখিবার ব্যবস্থা করা হয়েছে।

(৪) আক্রান্ত এলাকায় ১২ বৎসর বয়স পর্যান্ত সমস্ত শিশুদের ক্রিমিনাশক ঔষধ খাওয়াবার ব্যবস্থা হয়েছে। রোগ এখন আয়ত্বে।

## উত্তর বাংলায় হিমঘর

*২৭ (অনুমোদিত প্রশ্ন নং *১১৮) **শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ** কৃষিবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তর বাংলায় কোন্ জেলায় কয়টি কোল্ড স্টোরেজ বর্তমানে চালু অবস্থায় আছে,

(খ) উত্তর বাংলায় আরও কোল্ড স্টোরেজ স্থাপন করার কোন পরিকল্পনা আছে কি না; এবং

(গ) থাকিলে, কয়টি এবং কোথায় কোথায়?

**The Minister-in-charge for the Agriculture Department :**

(ক) উত্তর বাংলার জলপাইগুড়ি জেলায় শিলিগুড়ি শহরের সন্নিকটে একটি মাত্র সেলে হিমঘর আছে।

(খ) হ্যাঁ।

(গ) দুইটি, নিয়ন্ত্রিত বাজার উন্নয়ন পরিকল্পনাধীনে একটী হিমঘর পশ্চিম দিনাজপুরের কালিয়াগঞ্জ এবং অপরটি দার্জিলিং জেলার শিলিগুড়িতে স্থাপনের প্রস্তাব আছে। তবে সমগ্র প্রকল্পটী এখনও সরকারের বিচারাধীন।

## ডাল আহারে পক্ষাঘাত রোগ

*২৮ (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩) **শ্রীনিতাইপদ সরকারঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, এক ধরনের বিশেষ ডাল খাওয়ার ফলে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় পক্ষাঘাত রোগের প্রাদুর্ভাব দেখা দিয়াছে,

(খ) সত্য হইলে, কোন্ জেলায় কতজন লোক এরূপ ঘটনায় আক্রান্ত হইয়াছে, এবং

(গ) সরকার এ ব্যাপারে কি ব্যবস্থা করিয়াছেন?

**The Minister-in-charge for the Health Department :**

(ক) হ্যাঁ। খেসারী ডাল প্রধান খাদ্যরূপে খাওয়ার ফলে মালদহ জেলার কোনও কোনও অঞ্চলে পক্ষাঘাত রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছিল।

(খ) মালদহ জেলার তিনটী অঞ্চলে ৪৮ জন লোক এ রোগে আক্রান্ত হয়েছিল।

(গ) এ খবর পাওয়ার সঙ্গে সঙ্গেই একটি ভ্রাম্যমাণ চিকিৎসা কেন্দ্র ঘটনাস্থলে পাঠানো হয়। অল্প আক্রান্ত ব্যক্তিদের নির্দেশাদি দেওয়া হয় এবং বেশী আক্রান্ত ব্যক্তিদের হাসপাতালে কিংবা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে পাঠানোর ব্যবস্থা করা হয়।

খেসারী ডালকে ব্যবহারের পূর্বে কেন শোধন করা প্রয়োজন এ সম্পর্কে স্বাস্থ্যদপ্তরের একটি বিশেষ বিজ্ঞপ্তি দৈনিক খবরের কাগজে ও আকাশবাণীর মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা হয়। এ সম্পর্কে একটি বিজ্ঞপ্তি ঐ অঞ্চলে স্থানীয় জনসাধারণের মধ্যেও প্রচার করা হয়। এ ছাড়াও স্থানীয় স্বাস্থ্য-শিক্ষা শাখা এ বিষয়ে জনগণকে সজাগ করার জন্য প্রচার অভিযান চালান।

### ভগবানগোলা থানায় নূতন নলকূপ খনন

*২৯ (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮) **শ্রীমহম্মদ দেদার বক্স ঃ** স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

বর্তমান বৎসরে খরাজনিত পরিস্থিতির মোকাবিলায় সরকার ভগবানগোলা ১নং ও ২নং ব্লকে এ পর্যন্ত কয়টা (১) নূতন নলকূপ খনন ও (২) পুরাতন নলকূপ মেরামত করিয়াছেন ?

**The Minister-in-charge for the Health (Rural Water Supply) Department :**

ভগবানগোলা ১নং ও ২নং ব্লকে—

(১) নলকূপ খনন করা হইয়াছে ... ৪টি।

(২) পুরাতন নলকূপ পুনর্খনন হয়েছে ... ৭৮টি।

দুটি ব্লকেই কোন পুরাতন নলকূপ মেরামত করা হয়নি।

## Unstarred Questions

(to which written answers were laid on the table)

### Shortage of Bengali Stenographers

1. (Admitted question No. 44.) **Shri Rajanikanta Doloi :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state with reference to his reply given on 26th April, 1972, to the unstarred question No. 68 (admitted question No. 369) whether the West Bengal Public Service Commission has since complied with the request referred to therein ?

**The Minister for Finance :**

The Public Service Commission in its letter No. 1754PSC(V), dated 12th June, 1972, informed that only two candidates qualified in the Bengali Stenographers' Recruitment Examination, 1972, and, therefore, it was possible for the Commission to comply with the request of the Government only in part.

### Inclusion of the Railway Colony within Kharagpur Muninicipality

2. (Admitted question No. 90.) **Shri Rajanikanta Doloi :** Will the Minister-in-charge of the Municipal Service Department be pleased to refer to the reply to clause (b) of question No. 175 (admitted question No. 428), dated the 5th May, 1972 and state—

(a) if the Government has since come to a decesion in the matter ; and

(b) if so, the details thereof.

**The Minister of State-in-charge of the Municipal Services :**

(a) and (b) The proposal forwarded by the District Magistrate, Midnapore, is now under consideration of the Commissioner, Burdwan Division. On receipt of the latter's recommendation Government, decision will be finalized.

**Bus route connecting Diamond Harbour Road, Hide Road and Taratolla Road, etc,**

3. (Admitted question No. 95.) **Shri Rajanikanta Doloi** : Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) if it is a fact that great hardship is being experienced by the people of the locality for want of a bus route connecting Diamond Harbour Road, Hide Road, and Taratolla Road and the Transport Depot Road ; and

(b) if so steps contemplated to be taken by the Government for alleviating the sufferings of the people in this regard ?

**The Minister for Home (Transport) :**

(a) The area is served by two bus routes, viz., 42 and 12/12A/12B having a total fleet strengh of 138.

(b) The suggession of the local people for a new bus route in the area or for diverting the route No. 12C for connecting Diamond Harubour Road, Taratolla Road and Transport Depot Road is being examined by the Regional Transport Authority, Calcutta, who is the competent authority to allow such diversion.

## আবগারী দোকান

৪। (অনুমোদিত প্রশ্ন নং ২২।) **শ্রীঅশ্বিনী রায়** : আবগারী বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে আবগারী দোকানের সংখ্যার কোনও তথ্য আছে কি ;

(খ) থাকিলে, জেলাভিত্তিক—

(১) ১৯৬৯ সালে ফেব্রুয়ারী মাসে দোকানের সংখ্যা,

(২) ১৯৬৯ সালের ১লা মার্চ হইতে ১৯৭০ সালের ৩১এ মার্চ পর্যন্ত নতুন দোকানের মঞ্জুরির সংখ্যা, এবং

(৩) আদালতের আদেশহেতু সাময়িকভাবে নতুন মঞ্জুরিকৃত দোকান বন্ধ রাখার সংখ্যা ; এবং

(গ) ১৯৭২ সালের ৩১এ মার্চ পর্যন্ত যে-সকল দোকান বন্ধ আছে তাহার নাম ও ঠিকানা ?

**The Minister for Excise :**

(ক) আছে।

(খ) (১) আবগারী দোকান প্রতি বৎসর ১লা এপ্রিল হইতে এক বৎসরের জন্য বন্দোবস্ত করা হয়। মাসিক ভিত্তিতে নহে। ১৯৬৮-৬৯ সালের দোকানের সংখ্যা (জেলাওয়ারী) নিম্নে দেওয়া হইল। প্রতি মাসের দোকানে সংখ্যা পৃথকভাবে রাখা হয় না।

(২) ৩৭।

(৩) এবং (গ) এই পরিসংখ্যান বিভিন্ন জেলা হইতে সংগৃহীত হইলে উপস্থাপিত করা হইবে।

*Statement referred to in reply to Clause (kha) of unstarred question No 4*

## ১৯৬৮-৬৯ সালে জেলাওয়ারী আবগারী লাইসেন্সের সংখ্যা

| জেলার নাম | আবগারী লাইসেন্সের মোট সংখ্যা |
|---|---|
| ১। বর্ধমান ( পূর্ব ) ... ... | ৩২২ |
| ২। বর্ধমান ( পশ্চিম ) ... ... | ২৪৭ |
| ৩। বীরভূম ... ... | ৩৩৪ |
| ৪। বাঁকুড়া ... ... | ২৪৮ |
| ৫। মেদিনীপুর ... ... | ৪০২ |
| ৬। হুগলী ... ... | ৩০৬ |
| ৭। হাওড়া ... ... | ১৫২ |
| ৮। ২৪-পরগণা ( দক্ষিণ ) ... ... | ২২৩ |
| ৯। ২৪-পরগণা ( উত্তর ) ... ... | ২০৭ |
| ১০। কলিকাতা ... ... | ৪৫৬ |
| ১১। নদীয়া ... ... | ৭২ |
| ১২। মুর্শিদাবাদ ... ... | ১৪৭ |
| ১৩। পশ্চিম দিনাজপুর ... ... | ৮৯ |
| ১৪। জলপাইগুড়ি ... .. | ১২৪ |
| ১৫। মালদহ ... ... | ৬৯ |
| ১৬। দার্জিলিং .. ... | ১৩২ |
| ১৭। কোচবিহার ... ... | ৬০ |
| ১৮। পুরুলিয়া ... ... | ১৩৭ |
| সারা পশ্চিমবঙ্গে মোট আবগারী লাইসেন্সের সংখ্যা .. | ৩,৭২৭ |

### Calling attention to matters of urgent public importance

**Mr. Speaker** : The Minister-in-charge of the Labour Department will please make a statement on the subject of closure of Shri Hanuman Cotton Mill at Phuleswar in Howrah District—called attention by Shri Rabindra Ghosh on the 27th June, 1972.

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে পড়ছি। আর্থিক দুরবস্থা ও শ্রমিকগণের ক্রমবর্ধমান শৃঙ্খলাহীনতার জন্য হনুমান কটন মিলের কর্তৃপক্ষ ১১-৬-৭১ তারিখের নোটিশ দ্বারা গত ১২-৬-৭১ তারিখ হইতে মিলটা বরাবরের জন্য বন্ধ করিয়া দিয়াছেন। এই মিলে প্রায় ১০০০ শ্রমিক কাজ করতেন— তাঁহাদের সকলেই কর্মচ্যুত হইয়াছেন।

এই কারখানার বর্তমান অবস্থা ও উহার মেসিন পত্রাদির অবস্থা সম্যক তদন্তের জন্ত ইণ্ডাষ্ট্রীজ ডেভেলপমেণ্ট এণ্ড রেগুলেসান এ্যাক্ট অনুযায়ী একটি কমিটি গঠিত হইয়াছে। উক্ত কমিটির রিপোর্ট পাওয়া গেলে যথারীতি ব্যবস্থা গ্রহণ করা হইবে।

গত ১৭-১২-৭১ তারিখে ৬৬৮ জন কর্মী প্রভিডেণ্ট ফাণ্ড আইনের ৬৮ (এইচ) ধারানুযায়ী বেকারত্বের নিমিত্ত সাহায্য (এ্যাডভান্স) দিবার জন্ত আবেদন করিয়াছিলেন। কিন্তু ঐ আবেদনগুলি মঞ্জুর করা সম্ভব হয় নাই যেহেতু কর্তৃপক্ষের নোটিশ অনুযায়ী শ্রমিকরা সকলেই ছাঁটাই হইয়াছেন। সেজন্য ঐগুলি সংশ্লিষ্ট ইউনিয়নকে ফিরাইয়া দেওয়া হইয়াছে এবং বলা হইয়াছে যে নির্দিষ্ট ফরমে প্রভিডেণ্ট ফাণ্ডের সমস্ত পাওনা উঠাইয়া লইবার জন্য যেন সদস্যগণকে দরখাস্ত করিতে নির্দেশ দেওয়া হয়। এতদানুসারে গত জানুয়ারী '৭২ হইতে মে ১৯৭২ এর মধ্যে মোট ৫টা এবং তৎপূর্বে মাত্র ২টা দরখাস্ত পাওয়া যায়। সব কয়টা দরখাস্তেরই চূড়ান্ত নিষ্পত্তি হইয়া গিয়াছে।

**Mr. Speaker**: The Minister-in-charge of the Development and Planning (T. & C. P) Department will please make a statement on the subject of reported dismissal of an officer of the C.M.P.O.—attention called by Shri Mrigendra Mukherjee, Shri Abdul Bari Biswas and Shri Sachi Nandan Shaw on the 28th June, 1972.

**শ্রীশঙ্কর ঘোষ**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত ২০শে জানুয়ারী ১৯৭২ তারিখে টাউন এ্যাণ্ড কানট্রি প্ল্যানিং কমিশনারের এক আদেশ বলে সি এম পি ও-র ল্যাণ্ড প্ল্যানার চিন্ময় মজুমদারকে সাময়িকভাবে কর্মচ্যুত করা হয়েছিল। এই আদেশ পর্যালোচনা করে রাষ্ট্রমন্ত্রী শ্রীসুব্রত মুখার্জী এবং আমাদের মুখ্যমন্ত্রী চিন্ময় মজুমদারকে পুনর্বহালের আদেশ জারি করেন। এই নির্দেশ পালিত হয়েছে এবং শ্রীমজুমদারের কর্মচ্যুতির আদেশ বাতিল করা হয়েছে এবং শ্রীমজুমদার তাঁর কাজে যোগদান করেছেন। সরকার এই বিষয়ে দৃঢ় প্রতিজ্ঞ তাঁদের সকল আদেশ যাতে যথাযথভাবে পালিত হয়।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী**ঃ অন এ পয়েণ্ট অব ইনফরমেশন, যে অর্ডার অনুযায়ী চিন্ময় মজুমদার জয়েন করেছেন তার তারিখটি কত। অর্থাৎ কোন তারিখে তিনি যোগদান করেছেন।

**Mr. Speaker**: It's just a point of information. I think there is no scope of any debate over that matter.

I have received two notices of calling attention on the following subjects, namely :—

(1) Removal of the Vice-Chancellor of the Calcutta University—from Shri Rajani Kanta Doloi : and

(2) Protection of Digha Sea Beach from heavy erosion—from Shri Hemanta Dutta.

I have selected the notice of Shri Hemanta Dutta on the subject of protection of Digha Sea Beach from heavy erosion. The Hon'ble Minister in charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

**Shri Gyan Singh Sohanpal**: The statement will be made on the 5th July next.

## Mention Cases

**শ্রীরাধারমন সাহা ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। নবদ্বীপে একটিমাত্র কলেজ আছে এবং তার নাম হচ্ছে নবদ্বীপ বিদ্যাসাগর কলেজ। এই কলেজে প্রায় ২ হাজার ছেলেমেয়ে পড়াশুনা করে। সেখানে মাত্র ৪টি ছোট ছোট ঘর আছে এবং তারই মধ্যে কোন রকমে মাথাগুঁজে তারা পড়াশুনা করে। সেই কলেজে ইউ জি সি গ্রাণ্ট আজ পর্যন্ত গিয়ে পৌছায় নি এবং এমন কি ১৯৬৯ সালের স্টেট শেয়ার-এর টাকাও গিয়ে পৌছায়নি। তারপর বিগত বন্যায় সেই কলেজের যে সব বিল্ডিং ড্যামেজ হয়েছে তারজন্য কোন গ্রাণ্ট সেখানে গিয়ে পৌছায়নি। সেখানে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে তাতে সেখানে যদি অবিলম্বে কলেজের জন্য বিল্ডিং তৈরী না হয় তাহলে যারা হায়ার সেকেণ্ডারী এবং স্কুল ফাইনাল পরীক্ষায় পাশ করে আসবে তারা গিয়ে পড়াশুনা করতে পারবেনা। তারপর ১৯৭১ সালের বন্যার দরুণ পার্টওয়ান এবং পি ইউ পরীক্ষার ফিস্ মকুব করবার কথা যা বলা হয়েছিল সেটাও কার্যকরী করা হয়নি। ১৯৭০ সালের ফ্লাড এ্যাফেকটেড স্টুডেন্ট যারা ছিল তাদের সামান্য কিছু বেতন মকুব করা হয়েছে। আর একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি এবং সেটা হচ্ছে প্রতি জেলায় প্রাইমারী এবং সেকেণ্ডারী এডুকেসন বোর্ডের একটা করে এ্যাডভাইসরি কমিটি হয়েছে। জানতে পারলাম সেকেণ্ডারী এডুকেশন বোর্ডের রিকগনিসন কমিটির মিটিং আজকে হবে এবং শুনতে পাচ্ছি সেখানে কতগুলি সেকেণ্ডারী স্কুলকে রিকগনিসন দেওয়া হবে। আমি জানিনা এ খবর কতখানি সত্য। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুসন্ধান করবার জন্য আবেদন জানাচ্ছি এবং সঙ্গে সঙ্গে এই আবেদনও রাখছি যে, নবদ্বীপ কলেজে ইউ জি সি গ্রাণ্ট এবং স্টেট শেয়ারের টাকা গিয়ে যেন পৌছায় এবং অবিলম্বে ফ্লাডের জন্য যে বিল্ডিং ড্যামেজ হয়েছে তার টাকাও গিয়ে যেন পৌছায়। ঐ ছেলেদের বেতন মকুব হওয়ার কথা ফ্লাড গ্রাণ্ট হিসাবে। আর একটা আবেদন আমি এখানে রাখছি ঐ সেকেণ্ডারী স্কুল বোর্ডে রেকগনিসনের মিটিং যদি সত্য হয় তাহলে অনুসন্ধান করবেন এবং সঙ্গে সঙ্গে আবেদন রাখছি প্রত্যেকটি জেলায় যে য়্যাডভাইজরী বোর্ড তৈরী করা হয়েছে সেই য়্যাডভাইজরী কমিটির কাছে পেণ্ডিং কেসগুলি যাতে চলে আসে এই ব্যবস্থা করবেন এই বলে আমি শেষ করছি।

[2-10—2-20 p.m.]

**শ্রীঅসমঞ্জ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শান্তিপুর বনগাঁ লোকাল ট্রেণের যাত্রীদের অসহনীয় দুর্দশার ও জন নিরাপত্তার অভাবজনিত পরিস্থিতি আজকে কোন পর্যায়ে উঠেছে সেই বিষয়ে মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। গত শুক্রবার আমি বাড়ী ফিরছিলাম সন্ধ্যায়—এই রকম একটা নির্দিষ্ট সময় লোকাল ট্রেণের সমস্ত কমপার্টমেণ্ট ঘুরে দেখলাম কোন কমপার্টমেণ্টের দরজা নেই, জানালা নেই, আলো নেই, ফ্যান নেই, প্রচণ্ড বর্ষণ চলছিল। যাই হোক একটা কম্পার্টমেণ্টে কোন রকম আশ্রয় নেবার সুযোগ পেয়েছিলাম। বর্ষণে ভাসিয়ে দিচ্ছিল কম্পার্টমেণ্টকে। কোন রকম আমরা যাত্রীসাধারণরা মুরগী প্যাকিং-এর মত অবস্থায় চলছিলাম। আলো ছিল না, একটা বাল্ব যা টিম টিম করে জ্বলছিল কিছুক্ষণ পর তার আয়ু শেষ হয়ে গেল, কিছুক্ষণ পরে একজন মহিলা চিৎকার করে উঠলো শুনতে পেলাম। খানিকক্ষণ পর একটা ষ্টেশনে গাড়ী থামল, পরে জানতে পারলাম ভদ্রমহিলার গলার হার ছিনতাই হয়ে গেছে। আমার একজন সহকর্মী অধ্যাপক বন্ধু যাচ্ছিলেন, কিছুক্ষণ পর যখন টিম টিম করে আলো জ্বলে উঠল খবর পেলাম তার একটা ট্রাঙ্ক স্যুটকেশ ছিল, সেটা পর্যন্ত চুরি হয়ে গেছে। এইরকম ধরণের নিরাপত্তার অভাব জনিত

পরিস্থিতির মধ্যে দিয়ে শান্তিপুর লোকাল ট্রেনের প্রত্যেকদিন ৫০০ ডেলি প্যাসেঞ্জার, ২০০ হাটুরে এবং অগণিত যাত্রীদের যেতে হচ্ছে। আমার এই বিষয়ে পরিষ্কার বক্তব্য—আমি ষ্টাটিসটিক্স নিয়ে দেখেছি যে সমস্ত এফ. আই. আর রেকর্ড করা হয়েছে তিনমাসে ৪০টা তার মধ্যে বড় চুরি ছিনতাই ধরণের ঘটনা হয়েছে। চুরিত অপারেসানাল ফিল্ডার সেটা দেখছি উল্টাডাঙ্গা থেকে দমদম, শ্যামনগর থেকে নৈহাটি, কল্যাণী থেকে চাকদহ, আর কালীনারায়ণপুর থেকে ফুলিয়া পর্যন্ত। এখানে যে প্রটেকটিভ ফোর্স আছে তা টোটালী কোরাপটেড। মেনটেনান্স ডিপার্টমেন্ট আছে দ্যাট ইজ টোটালী ডিফাংক্ট। আমি সেজন্য মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে ট্রান্সপোর্ট মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি এবং দাবী করছি যে অবিলম্বে যেন প্রিভেণ্টিভ ভিজিলেন্স-এর ব্যবস্থা করা হয়। সকাল বেলায় আসছিলাম, চালের চোরাই চালান কারবারীদের জ্বালায় অস্থির। তা বন্ধ করার কোন ব্যবস্থা নেই। টিকিট নিয়ে বসতে পারছিনা, টিকিট একজামিনার টিকিট রিনিউ করে না। এই সমস্ত বিষয়ে ট্রান্সপোর্ট মিনিষ্টারের অবিলম্বে কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে একটা ব্যবস্থা করা উচিত। তা নাহলে অসহনীয় দুর্দশা আরও বেড়ে যাবে। আমি এই দাবী পেশ করছি।

**শ্রীমহাদেব মুখার্জী** ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আরামবাগ মহকুমায় যে ১৯৭১ সালে বিরাট বন্যা হয়েছিল এবং তাতে যে মুণ্ডেশ্বরীতে ভাঙ্গন এবং খাল হয়েছিল সেই সব খাল ইরিগেসন বিভাগ থেকে বাঁধ করে দেবার কথা ছিল এবং আমাদের একজন একজিকিউটিভ ইঞ্জিনিয়ার মিঃ পি. সি. চ্যাটার্জী তিনি আমাদের সঙ্গে দেখা করে বলেছিলেন যে ৬০/৬২ লক্ষ টাকা এই সব বাঁধ বাঁধতে লাগবে। এবং ইরিগেসন ডিপার্টমেণ্ট থেকে এই বাঁধ বাঁধা হবে কিন্তু আজ পর্যন্ত সেই মারাত্মক ভাঙ্গন খানাকুল এবং আরামবাগ এই ২/৩টি অঞ্চলে বাঁধা হয়নি। আমাদের সামনে যে বন্যা আসছে এই বন্যার সামান্য জল মুণ্ডেশ্বরী নদীতে যদি আসে তাহলে মুণ্ডেশ্বরী নদী বর্ষায় আড়াই/তিন লক্ষ জল এই নদী দিয়ে পাস হবে। যে ভাঙ্গনের সৃষ্টি হয়েছে তাতে ৫০ হাজার থেকে ৬০ হাজার কিউসেক জল যদি আসে তাহলে আরামবাগ সাবডিভিসন বন্যা কবলিত হবে, মাঠগুলি এবং গ্রামগুলিও ডুবে যাবে। এবং লক্ষ লক্ষ টাকার ফসলও নষ্ট হবে। এবং সঙ্গে সঙ্গে হাওড়া জেলায় যে উদয়নারায়ণপুর থানা তা পর্যন্ত ডুবে যাবে। এই ভাঙ্গনগুলি ইরিগেসন বিভাগ থেকে করবার জন্য দুজন এ্যাসিস্টেণ্ট ইঞ্জিনিয়ার বসে আছে সেখানে মুণ্ডেশ্বরী চাঁপাডাঙ্গা এবং আরামবাগ সাবডিভিসনে কাজ করবার জন্য। এবং এই সমস্ত খালগুলি তাঁরা পরিদর্শন করেছেন. এই কাজগুলি করবার জন্য বসে আছেন কিন্তু ইরিগেশন ডিপার্টমেণ্টকে তাগিদের পর তাগিদ দেওয়া সত্বেও আজ পর্যন্ত টাকা পাওয়া যায়নি। একটা ভাঙ্গনেরও কাজ আরম্ভ হয়নি। তাই এখানে বিভাগীয় মন্ত্রী মহাশয় এবং স্পীকার মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই মারাত্মক যে সমস্ত হানা, যে হানাগুলি বন্যা প্রতিরোধ করার জন্য সারান হয় তার ব্যবস্থা করবেন। এই হানাগুলি খুবই মারাত্মক। খানাকুলকে বাঁচান। হরিখোলার ব্রীজের ইষ্ট এবং ওয়েষ্টে যে ভাঙ্গনগুলি আছে গুড়ের পারে পুরশুরা থানায় যে মারাত্মক ভাঙ্গনগুলি আছে সেই ভাঙ্গনগুলি যদি বাঁধা যায় তাহলে বন্যা প্রতিরোধ করা যাবে। যাতে বর্ষার আগেই এই ভাঙ্গনগুলি বাঁধা যায় তারজন্য এখনি টাকা পাঠান হোক।

**শ্রীঅহীন্দ্র মিশ্র** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি বিশেষ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে এই যে কেন্দ্রীয় সরকার নির্যাতিত রাজনৈতিক কর্মীদের জন্য পেন-সনের ব্যবস্থা করার সিদ্ধান্ত নিয়েছেন। এই সিদ্ধান্ত নিঃসন্দেহে অভিনন্দন যোগ্য। এবং আমরা জানি যে সব রাজনৈতিক কর্মী নির্যাতিত হয়েছিল, স্বাধীনতা আন্দোলনে যারা উল্লেখযোগ্য অংশ গ্রহণ করেছিল, আমাদের পশ্চিমবংগে তাদের অনেকেই উপকৃত হবে। কিন্তু ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসের একটা বিশেষ ঐতিহাসিক সত্য সেটা প্রায় বিস্মৃতির অতলে তলিয়ে যাচ্ছে এবং ভারতবর্ষের

স্বাধীনতার সংগ্রামকে অন্ততঃপক্ষে ১০ বছর ত্বরান্বিত করতে সাহায্য করেছিল ভারতবর্ষের নৌ বাহিনী বিদ্রোহ, সেই বিদ্রোহী সৈনিকদের প্রতি কোন মর্যাদা আজ পর্যন্ত দেখান হয়নি। একটি জিনিস ঠিক মনে আছে ১৯৪৬ সালের ফেব্রুয়ারী মাসে বম্বে এবং করাচীতে যে ভারতীয় নৌ বাহিনী বিদ্রোহ করেছিল সেই বিদ্রোহ সারা ভারতবর্ষে একটা অনুপ্রেরণা সৃষ্টি করেছিল। স্বাধীনতা সংগ্রামে ১৭৫৭র সিপাহী বিদ্রোহের পর আজাদহিন্দ ফৌজ নেতাজীর নেতৃত্বে যে সংগ্রাম করে জাতীয় স্বীকৃতি, জাতীয় মর্যাদা এবং তাদের প্রতি সরকারের যে দায় দায়িত্ব ছিল সেই দায়িত্ব কতখানি প্রতিপালিত হয়েছে তা এখনো আমাদের অনেকের কাছে রহস্যাবৃত। অনেকে হয়ত যোগ্য মর্যাদা পায়নি। তারপর যখন আজাদহিন্দ ফৌজের কাহিনী সারা ভারতবর্ষে ছড়িয়ে পড়েছে, যখন নেতাজীর অন্তর্ধানের কাহিনী রহস্যাবৃত এবং তাঁর জলন্ত দেশ প্রেমের কাহিনী সারা ভারতবর্ষকে তোলপাড় করে তুলেছে ঠিক সেই মুহূর্তে ১৯৪৬র ফেব্রুয়ারীতে দ্বিতীয় মহাযুদ্ধ শেষ হয়ে যাওয়ার পর নৌবাহিনী বিদ্রোহ করেছিল। বম্বে এবং করাচীতে তার মূল ঘাটিতে এবং এ্যারাবিয়ান সিতে যে ২০ খানা জাহাজ ছিল ফ্লাগশিপ নর্মদার নেতৃত্বে, ওদিকে করাচী হারবারে নোংগর করা হিন্দুস্থান জাহাজ সেখানে বিদ্রোহীরা দখল করে নিয়েছিল। ১৮ই ফেব্রুয়ারী থেকে ২৩শে ফেব্রুয়ারী পর্যন্ত এই ধর্মঘট এবং পরবর্তীকালে যেটা বিদ্রোহের আকার নিয়েছিল তাতে শত শত আত্মাহুতি দিয়েছিল এবং আরো বহু কর্মী এবং বহু বিদ্রোহী সৈনিককে কারাগারে পাঠান হয়েছিল, নির্যাতন করা হয়েছিল, তাড়িয়ে দেওয়া হয়েছিল। যদিও সেই সময় সদার বল্লভ ভাই প্যাটেল এই প্রতিশ্রুতি দিয়েছিলেন যে No victimisation will be taken against the victims. তাহলেও তৎকালীন ব্রিটিশ শাসক কতৃপক্ষ তার মূল্য দেয়নি, পরবর্তীকালেও স্বাধীন সরকার তাদের প্রতি কোন সুবিচার করতে পারেননি। আজকে আমাদের প্রশ্ন এবং জিজ্ঞাসা—যদিও বিষটি সম্পূর্ণ রাজ্য সরকারের এক্তিয়ারের বাইরে তাহলেও আজকে যাতে এই নৌবাহিনীর যারা একদিন এই দেশের স্বাধীনতার যুদ্ধকে অগ্রগামী করতে সাহায্য করেছিল, দেশের যারা জেলে গিয়েছিল, যারা আত্মাহুতি দিয়েছিল, যারা নির্যাতন ভোগ করেছিল এবং পরবর্তীকালে হ হ্যাভ গন ইন দি অবলিভিয়ন, বিস্মৃতির অন্তরে তলিয়ে গেল আজকে তাদের কোন সন্ধান নেই। এর জন্য কয়েক মাস পরে একটা কমিশন সৈয়দ ফজল আলীর নেতৃত্বে, জাষ্টিস মহাজন ছিলেন এবং সেই কমিশনের রিপোর্ট আজ পর্যন্ত প্রকাশিত হয়নি। ৬-৭ শত পৃষ্ঠার রিপোর্ট হয়ত ডিফেন্স হেড কোয়ার্টার্সে পাওয়া যেতে পারে। আমার বক্তব্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানান হোক এই রিপোর্ট এবং ডিফেন্স হেড কোয়ার্টার্সের যাবতীয় তথ্য এবং নথিপত্র ইত্যাদি যা আছে বিদ্রোহ সংক্রান্ত তাতে যারা অংশ গ্রহণ করেছিল তাদের ট্রেস আউট করে যাতে তাদের—এইজন্য বলছি কারণ আমাদের অনেক বাংগালী তরুণ সেই দিন সেই বিদ্রোহে অংশ গ্রহণ করেছিল এবং পরবর্তিকালে তার চরম মূল্য দিতে বাধ্য হয়েছিল, তাতে আমাদের মন্ত্রীমণ্ডলী যদি সিদ্ধান্ত গ্রহণ করেন এবং অনুরোধজ্ঞাপক সিদ্ধান্ত যদি কেন্দ্রীয় সরকারকে জানান হয় এই মর্মে যে নৌ বিদ্রোহে যারা অংশ গ্রহণ করেছিল, নথিপত্র উদ্ধার করে ডিফেন্স হেড কোয়ার্টার্স থেকে এবং নেভাল হেড কোয়ার্টার্স থেকে তাদের খুঁজে বের করে তারা যাতে আজকে নির্যাতিত রাজনৈতিক কর্মী হিসাবে, দেশের স্বাধীনতার সৈনিক হিসাবে আজকে যাতে স্বীকৃতি পায় এবং সেই সংগে যাতে আর্থিক সাহায্য কিছুটা পেতে পারে তার জন্য যেন সিদ্ধান্ত গ্রহণ করে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাতে পারেন।

[2-20—2-30 p.m.]

**শ্রীশংকরদাস পাল:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার কাছে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করব। আমি আজকে বহরমপুর থেকে আসবার পূর্বে দেখলাম সেখানে একটা লোকাল পেপারে একটা মারাত্মক খবর বেরিয়েছে। এই পত্রিকাটির নাম মুর্শিদাবাদ সমাচার।

এতে বেরিয়েছে—মুর্শিদাবাদকে বাংলাদেশের অন্তর্ভুক্ত করতে হবে। কারণ এটা মুসলমান প্রধান অঞ্চল। কাগজে লিখেছে—"আমাদের জেলার সীমান্তবর্তী অঞ্চলে নাকি প্রকাশ্যে পোষ্টার পড়েছিল মুর্শিদাবাদকে বাঙলাদেশের অন্তর্ভুক্ত করতে হবে। কারণ এটা মুসলমান প্রধান জেলা। অভিযোগ পাওয়া মাত্র পুলিশ পোষ্টারগুলি নষ্ট করে দেয়। ওয়াকিবহাল মহলের খবর লালগোলায় জনৈক ইয়াংকী প্রফেসার কিছুদিন আগে এসেছিলেন। দক্ষিণ পূব এশিয়া সংক্রান্ত বিষয়ে রিসার্চ স্কলার বলে ঘোষিত এই ভদ্রমহোদয়ের বাংলাদেশ ভারত সম্পর্ক সম্বন্ধে আগ্রহ ছিল অসীম। স্থানীয় এক প্রভাবশালী নেতার সংগে আলোচনাই শুধু নয়, সীমান্ত অঞ্চলেও নিয়মিত ঘোরাফেরা করেছেন ইনি।

অভিযোগ এই বিদেশী অধ্যাপক চলে যাবার প্রায় সংগে সংগেই এই সব ভারত বাঙলাদেশ বিরোধী পোষ্টার পড়েছে সীমান্তে। পাঠকদের স্মরণ আছে নিশ্চয় বেলডাঙাতেও কিছুকাল আগে এক জারমান ছাপ সাধু অন্ধকার রাতে গোপনে এসেছিলেন। এখন প্রশ্ন উঠা মোটেই অস্বাভাবিক নয় যে বিদেশী নিয়ন্ত্রিত এই মুর্শিদাবাদ জেলায় আগমনের বৈধ অনুমতি পত্র কি এদের ছিল?"

মাননীয় স্পীকার মহাশয় আপনার মাধ্যমে এই প্রশ্নটাই তুলছি যে আমাদের ভারত ও বাংলাদেশের মধ্যে যে শুভ রিলেশন আছে সেটা নষ্ট করবার জন্য পাকিস্তান কিছু রাজাকার এবং আলবদর অনেকের বর্ডারে ছেড়ে দিয়েছে এবং যার, যাতে আমাদের এই শুভ রিলেশন নষ্ট হয় তার জন্য এই সমস্ত পোষ্টার দিয়ে লোকজনকে বিভ্রান্ত করবার চেষ্টা করছে। সেজন্য আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রী মহাশয়কে এ ব্যাপারে অবহিত হতে বলি এবং সি আই ডি বিভাগ যাতে এই ব্যাপারে বিশেষ সতর্ক হন এবং সংগে সংগে এই সমস্ত রাজাকার এবং আলবদরদের এ্যারেষ্ট করেন তারজন্য ব্যবস্থা করবার জন্য আমি স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে সকালবেলা বাড়ী থেকে ফিরেছি, আমি এখানে যে চিত্র দেব সেই সচিত্র ইতিহাস আমার মনে হয় গোটা বাংলাদেশেরই হবে এবং এই রকম অবস্থাই চলছে। আপনি স্যার, জানেন, বিগত কিছুদিন আগে আমাদের পশ্চিম বংগের বেশ কিছু জেলার উপর দিয়ে বিধ্বংসী বন্যা চলে গেল এবং তারপরে খরা চলে গেল। স্যার, এই বিধ্বংসী বন্যায় অনেক লোকের ঘরবাড়ী পড়ে গেল। সরকার থেকে আশানুরূপ সাহায্য কিম্বা ত্রিপল বা তাঁবু অর্থাৎ বাড়ীতে থাকবার মত কোন সাহায্য দিতে সক্ষম হলেন না। আমার মনে হয় পরবর্তী সময়ে এই বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকৃষ্ট হওয়া উচিত ছিল। গত বিধান সভায় আমরা এ বিষয় সরকারের কর্ণগোচরে প্রবেশ করাবার জন্য প্রস্তাব উত্থাপন করেছি। আজকে গ্রাম বাংলায় যাদের ঘর বাড়ী পড়ে গিয়েছিল তাদের দাঁড়াবার জায়গা নাই। তার উপর খরা চলে গেল মাথার উপর দিয়ে, আজকে তাদের অর্দ্ধাহারে অনাহারে দিন কাটাতে হচ্ছে। গ্রামে এক রকম ঘাস হয় যাকে বলে মোথা ঘাস, যে জিনিষ শুকরে খায় সেই জিনিষ কোন কোন জায়গায় মানুষকে অভাবের তাড়নায় খেতে হচ্ছে। ২৪-পরগণা জেলায় কোন কোন অঞ্চলে পিরিয়া শাক মানুষ খাচ্ছে। আজকে এই সমস্ত লোকের ঘরবাড়ী নাই, তার উপর বৃষ্টি এসে গেল, এক দিকে অর্দ্ধাহার অনাহার, অন্য দিকে রোদে পুড়ল, বৃষ্টিতে ভিজছে, এই অবস্থা যদি চলতে থাকে তাহলে সংক্রামক রোগ দেখা দেওয়া মহামারী দেখা দেওয়া খুব একটা অস্বাভাবিক কিছু নয়। এই সমস্ত লোকের আজকে মাথা গুঁজবার সংস্থান নাই, এদের জন্য যদি একটা ব্যবস্থা অবলম্বন না করা যায় তাহলে আমার মনে হয় সরকারের দিক থেকে পবিত্র দায়িত্ব এবং কর্তব্য পালন করছেন না।

তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার সদস্যদের সকলের এবং বিশেষ করে আমাদের মুখ্যমন্ত্রীর

দৃষ্টি আকর্ষণ করছি। অনেক টাকা তো আমরা ব্যয় করলাম টেষ্টরিলিফে ও জি-আর. বাবদ, কিন্তু এই সমস্ত বন্যাক্লিষ্ট ও খরাপীড়িত মানুষের ৬০/৭০ ভাগ যাদের বাড়ীঘর পড়ে গেছে, তারা কোন অনুদান বা রিলিফ পায় নাই। এইসব ক্ষতিগ্রস্ত জেলায় ঐ সব দুঃস্থ মানুষের জন্য ৫০ হাজার টেন্ট পাঠান হোক—যাতে করে এখন বৃষ্টিতে যারা জলে ভিজছে তারা একটু মাথাগুজতে পায় আরাম পায় ও বাড়ীতে শুতে একটু জায়গা পায়।

**Shri Benjamin Hembrom** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা করতে ইচ্ছুক। Notification No.975 Edu (p), dated 26-10-71 অনুসারে D.P.I. of Schools থেকে একটি circular প্রকাশিত হয়েছিল। তাতে বলা হয়েছিল যে যদি school final passed scheduled tribe candidate পাওয়া না যায় তবে সংখ্যাধিক্য তপশীল উপজাতি অধ্যুষিত গ্রামগুলিতে যে সমস্ত প্রাথমিক বিদ্যালয় আছে, তাতে Class VIII পাশ-করা scheduled tribe and scheduled caste candidate-দের নেওয়া হবে। কিন্তু দুঃখের বিষয় তাহা কোথাও কার্য্যকরী করা হইতেছে না। এমন অনেক তিন শিক্ষক বিশিষ্ট প্রাথমিক বিদ্যালয় ১৯৭১-৭২ সালে অনুমোদন লাভ করিয়াছে যাহাতে scheduled tribe শিক্ষকগণ দ্বিতীয় অথবা তৃতীয় পদে থাকিয়া অর্গানাইজ করিয়া আসিতেছিলেন; কিন্তু আজ পর্য্যন্ত তাঁরা সরকারী নিয়োগ-পত্র পান নাই। ঐ একই বিদ্যালয়গুলিতে আবার tribe শিক্ষক ছাড়া অন্যান্য শিক্ষকগণ নিয়োগপত্র পাইয়াছেন, যদিও সেই এলাকাগুলি সংখ্যাধিক্য তপশীল উপজাতি বলিয়া বর্ণিত এবং S.F. passed tribe candidate নাই। এতে এটাই বোঝা যায় যে সার্কুলারে প্রকাশিত বিষয়বস্তু শুধু কাগজেই থাকিয়া যায়। এজন্য আমি অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি ও অনুরোধ করছি তিনি যেন এ বিষয় একটু কৃপাদৃষ্টি করেন।

**Shri Sudhir Chandra Bera** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার দৃষ্টি আছে জানি, তবুও একটু আকর্ষণ না করে পারছি না। সেটা হচ্ছে এই জিনিষপত্রের দাম তো বাড়ছে, তার সঙ্গে চালের দামও এতো বাড়ছে যে সাধারণ লোকের জীবন দুর্বিষহ হয়ে উঠেছে। গত ১০।১৫ দিনের মধ্যে চালের দাম এত বেড়েছে যে গরিবী হটাও যে প্রোগ্রাম আমরা নিয়েছিলাম তা প্রায় হটিয়ে আনছিলাম আর কি, যদি এক্ষুনি এই চালের দাম বাড়া সরকার বন্ধ না করেন, তাহলে আমাদের জীবনও দুর্বিষহ হয়ে যাবে।

**Shrimati Geeta Mukhopadhyaya** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত ৩০শে জুন রাত্রিতে বৃটিশ কোম্পানী Metal Box তারা লে-অফ্ করেছে। তার ফলে দু-হাজার শ্রমিক সাময়িক ভাবে কর্মচ্যুত হয়ে পড়েছে। এই লে-অফের বৈশিষ্ট্য হলো এই যখন কোম্পানীর সঙ্গে ত্রি-পাক্ষিক আলোচনা চলছে- সরকারও একটা পক্ষ, সেই আলোচনা যখন সফল সমাপ্তির মুখে এসে যাচ্ছিল এইরকম সময়ে রাতারাতি তারা লে-অফ্ করেছে। লে-অফের আইন অনুযায়ী এই লে-অফ্ বে-আইনী। তৃতীয় কথা হচ্ছে লে-অফের নোটিশে লে-অফ পিরিয়ডের মাইনে শ্রমিকরা পাবেন না বলে তাঁরা ঘোষণা করেছেন। এই শ্রমিকরা লে-অফের পর কাজে আসতে পারবে—তার নিশ্চয়তাও তারা রাখেন নাই। এই লে-অফ দিয়ে শ্রমিকরা একটা concerted action নিতে পারবে, লড়তে পারবে, সেটাও নোটিশে অনিশ্চিত করেছে। ডেসপাচের মাল আগে কোম্পানীর লরীতে করে বেরিয়ে যেত। এই মাল বেরিয়ে যাবার ব্যাপারে স্বভাবতঃ শ্রমিকদের লাগতো। এখন শ্রমিকরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। এখন শ্রমিকদের না লাগিয়ে পুরান প্রাকটীস্ ছেড়ে দিয়ে কোম্পানী এখন কন্টাক্টর দিয়ে মাল খালাস করছে।

সুতরাং এই ডেসপ্যাচ করে তারা ক্ষতিগ্রস্ত হয়েছে। কনট্রাক্টেড এ্যাকসন করার দায়িত্ব শ্রমিকদের নয় মালিকদের। তারা সম্পূর্ণ কোন আলোচনা না করে ইউনিল্যাটারাল্যি শ্রমিকদের নেবার পথ বন্ধ করে দিলেন। তারা বাইরের কণ্ট্রাক্টরদের দিয়ে মাল খালাস করবার চেষ্টা করছেন। ও ব্যাপারে কনসিলিয়েসন চলাকালীন তারা লে-অফ করেছেন। এতে প্রায় ২ হাজার কর্মী কর্মচ্যুত হয়েছে। তাদের কাজের কোনও গ্যারান্টি নেই। তাদের আগের পিরিয়ডের মাইনা ইত্যাদির কোন গ্যারান্টি নেই। এই বিষয়ে প্রতিকার করবার জন্য এবং এই বৃটিশ কোম্পানীকে উপযুক্ত-ভাবে এই বিষয়ে বলবার জন্য আমি শ্রম দপ্তরের মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য:** এই মেটাল বক্সের শ্রমিকরা কিছুক্ষণ আগে আমার কাছে এসেছিল। আমি তাদের সঙ্গে সমস্ত জিনিসটি নিয়ে বিস্তৃত আলোচনা করেছি। এখন যে অবস্থা দাঁড়িয়েছে তাতে বোঝা যাচ্ছে যে শ্রমিকদের পক্ষ থেকে একটা ভুল আন্দোলনে যাবার ফলে এবং মালিকদের অত্যন্ত এ্যাডামেণ্ট এ্যাটিচিউডের জন্য এই কারখানা এই অবস্থায় উপনীত হয়েছে। আমি এই জিনিসটা নিয়ে আজকেই সবে আলোচনা সুরু করেছি। আশা করি দু-এক দিনের মধ্যেই সমাধানে আসতে পারবো।

[2-30—2-40 p.m.]

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে যে জিনিসটার প্রতি আলোচনা করছি তাতে সমগ্র মন্ত্রীসভা ও বিশেষ করে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের পশ্চিমবাংলার যে দুর্ভাগ্য সেই দুর্ভাগ্যের উপর দুর্ভাগ্য বেড়েই চলেছে। স্যার, আপনি জানেন যে, বিড়লার যে বড় বড় কোম্পানী আছে এবং তার যে হেড অফিস এখানে ছিল কিছুদিন যাবৎ সেগুলি সরিয়ে নিয়ে যাবার তারা চেষ্টা করছে এবং কেন্দ্রীয় সরকারের কেন্দ্রীয় প্রতিষ্ঠানও সেইরকম চেষ্টা করছে। সম্প্রতি একটা ঘটনা ঘটেছে যা খুবই গুরুত্বপূর্ণ। জিওলজিক্যাল সার্ভে অব ইণ্ডিয়া-এর হেড অফিস কলকাতায় দীর্ঘকাল ইংরাজ আমল থেকে ভারত সরকার সুরু করেছিল। এখন এটাকে ডিসইনটিগ্রেট করে ভেঙ্গে দিয়ে সেণ্ট্রাল গ্রাউণ্ড ওয়াটার বোর্ড তাদের হাতে দিয়েছেন, গ্রাউণ্ড ওয়াটার এক্সপ্লয়েটেসন এণ্ড সার্ভে-র সমস্ত ভার আর মিনারাল এক্সপ্লরেসন করপোরেসন তাদের হাতে দিয়ে দেবেন মিনারেল এক্সপ্লরেসন। গ্রাউণ্ড ওয়াটার এক্সপ্লরেসন অর্থাৎ গ্রাউণ্ড ওয়াটার বোর্ডের অফিস চলে যাবে ইউ. পি.তে এবং মিনারাল এক্সপ্লরেসন কর্পোরেসন অফিস যাবে মহারাষ্ট্রে। সুতরাং জি. এস. আই-কে ভেঙ্গে ইউ. পি. এবং মহারাষ্ট্রে তার প্রধান অংশগুলি নিয়ে যাওয়া হচ্ছে। বাকী ম্যাপ সেকসন যেটা চলে যাবে হায়দরাবাদ। তিনটী প্রধান রাজ্য আছে মহারাষ্ট্র ইউ. পি. হায়দরাবাদ—পশ্চিমবাংলা তো একটা ফালতু রাজ্য। এইটাই বরাবর হয়ে আসছে গত ২৫ বছর ধরে। এই জি. এস. আই অত্যন্ত পুরানো সংস্থা এবং অত্যন্ত যোগ্যতার সঙ্গে কাজ করছিল। এটাকে ভেঙ্গে দেওয়া হোল। এবং এটার একটা খোলস কেবল এখানে থাকবে। এই জি, এস. আই-তে প্রায় ২৬ হাজার লোক কাজ করে তার মধ্যে ছয় হাজার কলকাতায় বাকী ২০ হাজার অন্যান্য রাজ্যে। এখন কলকাতায় যে হেড কোয়াটার ওখানে নূতন ভেকেন্সি কয়েক হাজার হয়েছে প্রায় ৩৪ হাজার এবং এটাকে অন্যান্য রাজ্যে নিয়ে যাবার ফলে সেই ভেকেন্সি এখানে ফিল্ড আপ হবে না অন্য রাজ্যে ফিল্ড আপ হবে। সুতরাং চাকুরী বাড়ানোর জায়গায় এই যদি কেন্দ্রীয় সরকারের উদ্দেশ্য হয় তাহলে আমরা অত্যন্ত দুর্ভাগ্যের মধ্যে পড়ছি। এবং তার যে যুক্তি দেওয়া হয়েছে সে যুক্তি কোন যুক্তিই নয়। গভর্ণমেণ্ট একটা Committee on organisation of scientific research করেছেন। সেখানে একটা রেকমেণ্ডেসন দেওয়া হয়েছে—সেই রেকমেণ্ডেসনের

ভিত্তিতে গভর্ণমেন্ট আর একটা কমিটি করেছে কমিটি অন সায়েন্স এণ্ড টেকনোলজি—তারা এই ডিসিসন দিয়েছে।

এখানে এই যে কমিটিগুলো এর কোনটাতে জিওলজিষ্ট কেউ নেই। জিওলজিক্যাল সার্ভের কাজকর্ম্ম সম্বন্ধে রিপোর্ট দেবার জন্য যে কমিটি হয়েছে তাতে জিওলজিষ্ট কেউ নেই। সাইনটিষ্ট এবং অন্যান্য সায়েনটিষ্ট দিয়ে এই কমিটি করা হয়েছে এবং সবচেয়ে মজার কথা জিওলজিক্যাল সার্ভে অফ ইণ্ডিয়ার যিনি ডিরেক্টার ছিলেন মিঃ চ্যাটার্জী তাঁকে তো ডাকাই হয়নি, এমন কি একজন অবাঙ্গালীকে পর্য্যন্ত সাষ্ট মিটিংএ ডাকা হয় নি এবং সেকেণ্ড মিটিংএ ডাকা হয় তিনি ডিসেন্ট করেন, প্রতিবাদ করেন। তাতে কমিটির যিনি চেয়ারম্যান তিনি চিঠি লিখে ছিলেন যে ভবিষ্যতে আপনার মিটিং-এ না আসাই উচিত এবং তার ভিত্তিতে এই রেকমেনডেসান হয়েছে। অন্যান্য বাঙালী যাঁরা অতীতে জি. এস. আইয়ের ডিরেক্টার ছিলেন, জি. এস. আই সম্বন্ধে অভিজ্ঞ বৈজ্ঞানিক তাঁদের ডাকা হয়নি। বাঙালী হলে পার্টিশানড মনোভাব হতে পারে এইজন্য হয়ত ডাকা হয়নি। কিন্তু যারা অবাঙ্গালী বিশেষজ্ঞ তাদেরও ডাকা হয় নি। এবং তাদের না ডেকে এইরকম সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ডঃ ওয়েষ্টকে পর্য্যন্ত ডাকা হয়নি। ইরিগেশান কমিশন যাতে এগ্রিক্যালচারিষ্টরা ছিলেন সেই ইরিগেশান কমিশন তার রেকমেনডেসান পেশ করেছেন পার্লামেন্টে। তাঁরা বলেছেন Ground water power, exploration and utilisation যেভাবে এরা করতে চাইছেন It is not fiseable. এদের বিরুদ্ধে অনেক এক্সপার্ট কমিটি এবং অনেক এক্সপার্ট মতামত প্রকাশ করেছেন। তা সত্ত্বেও এটা হচ্ছে। আমি এটা দৃষ্টি আকর্ষণ করছি শুধু পশ্চিমবাংলার স্বার্থে নয় সারা ভারতবর্ষের স্বার্থে জি. এস আই এইরকমভাবে ভেঙ্গে দেওয়া উচিত কিনা ভারত সরকার বিবেচনা করুন। বিশেষ করে বিভিন্ন এক্সপার্ট কমিটির রিপোর্ট এবং ইরিগেশান কমিটির রিপোর্ট বিবেচনা করে সরকারকে অনুরোধ জানাই। আমি কোনদিন প্রাদেশিকতাবাদী নই, আমি জীবনে প্রাদেশিকতাবাদী নই। কিন্তু তার মানে এই নয় যে অন্যায়ভাবে এই রাজ্যের মানুষকে বঞ্চিত করা হবে এবং যেহেতু প্রাদেশিকতাবাদী নই সেইহেতু চুপ করে থাকবো। কেউ এই প্রদেশের বিরুদ্ধে অবিচার করবে তা মেনে নিতে পারি না।

[2-40--2-50 p.m.]

**শ্রীপ্রফুল্লচন্দ্র সেন**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাজেট বিবৃতির উপসংহারে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় খুব উৎসাহব্যঞ্জক, আশাব্যঞ্জক কথা বলেছেন। তিনি বলেছেন, "সাম্প্রতিক নির্বাচনে স্পষ্ট রায় ছিল গণতন্ত্র ও সমাজতন্ত্রের পক্ষে। আমাদের বেকারী ও গণদারিদ্র্যের বিরুদ্ধে সরাসরি আক্রমণ চালাতে হবে। জনগণের জীবনযাত্রার মান দ্রুত বৃদ্ধি করার দিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। সাধারণ মানুষ এবং সমাজের দুর্বলতর ও কম সুবিধাপ্রাপ্ত শ্রেণীগুলির ভাগ্যোন্নয়নের জন্য আমাদের বৈপ্লবিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। শ্রমিক, কৃষক, মধ্যবিত্ত শ্রেণী এবং সাধারণভাবে জনগণের অবস্থার উন্নতিসাধনের জন্য আমাদের উন্নয়ন কর্মসূচি এবং সমগ্র প্রশাসন যন্ত্রকে কাজে লাগাতে হবে।" মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই উপসংহার পড়বার পর আরো ভালো করে সমস্ত আয়ব্যয়ের হিসাবগুলি দেখলাম। দেখে বুঝলাম যে, নতুন কোন কর্মধারা এই বাজেটে সূচিত হয়নি, কোন বৈপ্লবিক কথাও এই বাজেটে নেই এবং সমাজতন্ত্রের কথাও নেই। ১৯৫১-৫২ সাল থেকে আজ পর্য্যন্ত যত বাজেট হয়েছে আপনি যদি সেটা ভালো করে, বিশদ ভাবে পর্যালোচনা করেন তাহলে দেখতে পাবেন যে সেই একই ধারা ১৯৭২-৭৩ সালে এই তথাকথিত বৈপ্লবিক বাজেটে আমরা দেখতে পাচ্ছি। আমাদের এই বাজেটে বিভিন্ন উন্নয়নমূলক খাতে যে বরাদ্দ আছে গত বছরের বাজেটের

তুলনায় তাতে যে খুব বেশী কিছু তারতম্য তা আমরা দেখতে পাচ্ছি না। শিক্ষা খাতে ১৯৭১-৭২ সালের রিভাইজডে ছিল ৮২ কোটি টাকা, এবারে ধরা হয়েছে ৭৮ কোটি টাকা। মেডিক্যালে ১৯৭১-৭২এ ছিল ২০ কোটি কয়েক লক্ষ টাকা, এবারে ধরা হয়েছে ২১ কোটি কয়েক লক্ষ। পাবলিক হেলথে ১৯৭১-৭২ এর রিভাইজডে ছিল ৯ কোটি কয়েক লক্ষ টাকা প্রায় ১০ কোটি, এবারে ৭ কোটি ৯৬ লক্ষ এবং তার সংগে যোগ করতে হবে ফ্যামিলি প্লানিংএ যে অংক আলাদা ভাবে দেখানো হয়েছে ৩ কোটি ১৩ লক্ষ অর্থাৎ মোট ১১ কোটি ৯ লক্ষ টাকা। এগ্রিকালচারে ১৯৭১-৭২ সালে ধার্য ছিল রিভাইজডে ১৪ কোটি আর এবারে ১৯৭২-৭৩ এ আছে ১৬ কোটি টাকা। এ্যানিমাল হাসবেনড্রিতে ২ কোটি ৫৭ লক্ষ টাকা ছিল এবারে সেটা কমে গিয়ে ২ কোটি ৩৮ লক্ষ টাকা হয়েছে। কো-অপারেশানে গত বছর ছিল ১ কোটি ২৭ লক্ষ টাকা এবারে সামান্য বেড়ে ১ কোটি ৪৭ লক্ষ টাকা হয়েছে। ইনডাসট্রিজে গত বছর ছিল ৩ কোটি ১৩ লক্ষ টাকা এবারে হয়েছে ৩ কোটি ৩৬ লক্ষ টাকা। কটেজ ইণ্ডাষ্টীতে গত বছর ছিল ২ কোটি ৬৩ লক্ষ টাকা এবারেও ধার্য করা হয়েছে ২ কোটি ৬৩ লক্ষ টাকা। তা ছাড়া কোলকাতা শহরকে তো একটা উদ্যান শহরে পরিণত করা হবে। তারজন্য গত বছর ছিল ৬ কোটি ২৫ লক্ষ আর এবারে এই বৈপ্লবিক বাজেটে ২ কোটি ৫৫ লক্ষ টাকা। আমরা গ্রামের উন্নয়নের দিকে যদি যাই তাহলে দেখতে পাবো যে বিশেষ কিছুই উন্নয়নের ব্যবস্থা নেই, কোন সমস্যার দ্রুত সমাধানের ব্যবস্থা নেই। কাজে কাজেই এই বাজেট অত্যন্ত মামুলী, এতে অসাধারণত্ব কিছু নেই। ভূমি সম্বন্ধে কতকগুলি মৌলিক কথা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় উত্থাপন করেছেন। ভূমি সম্বন্ধে তিনি বলেছেন যে আমরা ভূমি সংস্কার করবো। এটা পড়তে পড়তে মনে মনে ভাবছিলাম যে ভূমি সম্বন্ধে আমাদের মনে যে সমস্ত কুসংস্কার আছে সেগুলি যতদিন পর্যান্ত দূরীভূত না করতে পারবো ততদিন পর্যান্ত ভূমিসংস্কার অসম্ভব। আমাদের পশ্চিমবাংলায় মাথাপিছু কৃষিভূমি এক বিঘার মত বা এক বিঘার একটু কম। সমগ্র ভারতবর্ষে মাথাপিছু কৃষিভূমি দুই বিঘার মত আর কমিউনিষ্ট শাসিত রাশিয়াতে কৃষিভূমির পরিমাণ মাথাপিছু ৬·৬ বিঘা।

ভারতবর্ষের চেয়ে ৩ গুনের বেশী, আমাদের পশ্চিমবাংলার চেয়ে ৬ গুনের বেশী। ইউ. এস. এ. তে মাথাপিছু কৃষি জমি ৪।।০ বিঘা, আর জাপানে যেখানে লোকসংখ্যা ১০ কোটির বেশী ভূমির পরিমাণ খুব কম, সেখানে কৃষি ভূমির পরিমাণ ৪ জনের জন্য ১ বিঘা মাত্র, আমাদের পশ্চিমবাংলার চেয়েও কম। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে জাপান তার ভূমি সমস্যার সমাধান করেছে সমাজতান্ত্রিক না হয়েও এবং তার খাদ্য সমস্যার সমাধান করেছে এবং যেখানে ৪ জনের জন্য এক বিঘা জমি আছে, সেই সামান্য জমি থাকা সত্বেও তার ভূমির উপর চাপ নেই। মাননীয় অর্থ মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন ১৯৬১ সালে আমাদের যে আদমসুমারী লোক গণনা সেনসাস হয়েছিল তাতে ভূমিবান লোকের সংখ্যা পশ্চিমবাংলায় ছিল ৪৫ লক্ষ, আর ১৯৭১ সালে ১০ বছর পরে সেন্সাস হয়েছে তাতে ভূমিবান লোকের সংখ্যা ৪৫ লক্ষ থেকে হ্রাস পেয়ে ৪০ লক্ষ দাঁড়িয়েছে। আর অপর দিকে ফার্ম লেবার অর্থাৎ কৃষি শ্রমিক যাদের সংখ্যা ১৯৬১ সালে ছিল ১৮ লক্ষ মাত্র, তাদের সংখ্যা এই ১০ বছরে বাড়তে বাড়তে ১৯৭১ সালে দাঁড়িয়েছে ৩২ লক্ষে, আপনারা এটা কল্পনা করে দেখুন। আমরা ৯ লক্ষ একর কৃষি জমি পেয়েছি, ফরেষ্ট বাদ দিয়ে আরো ২ লক্ষ একর জমি পাব। এই জমি ভাগ করে অর্থাৎ দারিদ্র্য ভাগ করে আমরা সমাজতন্ত্র প্রতিষ্ঠা করবো যেখানে ১৮ লক্ষ ভূমিহীন কৃষক, মজুর এসে দাঁড়িয়েছে ৩২ লক্ষে, ৪৫ লক্ষ ভূমিবান লোক দাঁড়িয়েছে ১০ বছরে ৪০ লক্ষে। কাজে কাজেই এই জমির উপর চাপ হ্রাস যদি আমরা না করতে পারি, আমাদের এই সত্যিকারে জমির জন্য যে ক্ষুধা আছে, জমির উপর চাপ আছে, জমি টানাটানির এই যে কুসংস্কার আছে, এই টানাটানি যদি বন্ধ করতে না পারি তাহলে আমাদের আর্থিক উন্নতি হবে না। আমেরিকায় যেখানে এত জমি আছে

অর্থাৎ মাথাপিছু কালটিভেবল ল্যাণ্ড যেখানে ৪।।• বিঘা জমি আছে সেখানেও ১০০ জনের মধ্যে ৭ জনেরও কম লোক কৃষির উপর নির্ভরশীল। জাপানে সমাজতন্ত্র নেই, গণতন্ত্র আছে, সেখানেও দ্রুত বৈপ্লবিক উন্নতি ঘটেছে। জাপানে ৫০ বছর আগে যেখানে ১০০ জনের মধ্যে প্রায় ৬০ জন কৃষির উপর নির্ভর করতো এখন সেখানে ১০০ জনের মধ্যে মাত্র ১৪ জন কৃষির উপর নির্ভর করছে। আমরা এ জমি একটু একটু বণ্টন করে আন ইকনমিক হোল্ডিং সৃষ্টি করে দারিদ্র্য বণ্টন করবো, সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে পারব না। এ যেন ফুটো কলসীতে জল ঢালা হচ্ছে। আজকে তাই সেই জন্য আমাদের এই ভূমির ব্যাপারটি নূতন করে চিন্তা করতে হবে। নূতন সোসালিষ্টিক দৃষ্টিভংগি নিয়ে আমরা চিন্তা করতে পারি, কিন্তু কোন দেশে ঠিক সুচারুরূপে ভূমি সমস্যার সমাধান হয়নি, কমুউনিষ্ট শাসিত রাশিয়াতেও হয়নি, আবার আমেরিকাতেও হয়নি, কিন্তু জাপানে হয়ে গেছে। কাজে কাজেই যতক্ষণ পর্য্যন্ত না আমরা অধিক অধিক সংখ্যক লোককে ভূমি থেকে সরিয়ে এনে বিভিন্ন শিল্পে নিয়োগ করতে পারবো ততক্ষণ পর্যন্ত এই ভূমি সংস্কারের কোন কথাই কাজের কথা হবে না। গান্ধীজী বলেছিলেন, "ভূমি গোপালের"। ভূমি, গোপাল, ভগবানের অর্থাৎ পঞ্চায়েতের অর্থাৎ সকলের। বায়ু যেমন সকলের, সেই রকম ভূমিও সকলের।

[2-50—3-00 p. m.]

সেই ভূমি কি করে সকলের হতে পারে? হতে পারে, আমাদের যে সমস্ত উদ্বৃত্ত জমি আছে মাননীয় কৃষিমন্ত্রী সেই জমিকে নিয়ে যদি বিলি করেন ছ বিঘা তিন বিঘা, চার বিঘা, পাঁচ বিঘা করে তা না করে সেই জমি নিয়ে যদি কো-অপারেটিভ কৃষি করেন, সমবায় কৃষি করেন এবং ধীরে ধীরে গ্রামের সমস্ত জমি সমবায়ের মাধ্যমে যদি আনেন, তাহলে এই ভূমি সমস্যার সমাধান হতে পারে। জমি থেকে যে ফসল উৎপন্ন হবে, এক, দুই কি তিনটি গ্রামে, সেই গ্রামের লোকেরা সেটা নেবে এবং যে জিনিস আমরা ব্যবহার করি না, আমাদের খাবার জন্য লাগে না, যেটা ক্যাশ ক্রপ, সেটা সরকার নিজে উৎপন্ন করে তার ব্যবস্থা অবলম্বন করবেন। কিন্তু মূল কথা হচ্ছে বেকারীর কথা বলা হচ্ছে, যে দ্রুত বেকার সমস্যার সমাধান করতে হবে, কেউ বলছেন যে পশ্চিমবাংলায় ৪৫ লক্ষ বেকার আছে, কেউ বলছেন না, পশ্চিম বাংলায় ২৮ লক্ষ বেকার আছে। এই বেকারদের কথা যখন আমরা বলি তখন বোধ হয় একটা কথা আমরা ভুলে যাই যে পার্টিসিপেশন পুরুষলোকেরা করে আমাদের পশ্চিম বাংলায় শতকরা ৫৪ জন। পুরুষ যত আছে তার মধ্যে শতকরা ৫৭ জন পার্টিশিপেট করে ওয়ার্কে। কিন্তু ১০০ জন মেয়ের মধ্যে মাত্র ৯ জন মেয়ে পার্টিশিপেট করেন। পার্টিশিপেশন মেয়েদের মধ্যে কম অন্য দেশের মত, আমেরিকার মত, ইউ. এস. এস, আরের মত, এবং জাপানের মত মেয়েরা যদি বলে যে আমরা কাজ করবো তাহলে কল্পনা করুন মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের বেকার সমস্যা আরও কত ভীষণ আকার ধারণ করতো। এই বেকার সমস্যা দূর করতে গেলে আমাদের শিল্পের উন্নয়ন করতে হবে। আমি একটু আগে আপনার কাছে রেখেছি যে আমাদের শিল্পের উন্নয়নের জন্য এমন কিছু বরাদ্দ হয় নি। এই শিল্পের যদি উন্নয়ন করতে হয় আমাদের দেশে এবং তার মাধ্যমে যদি কর্মসংস্থানের ব্যবস্থা করতে হয় তাহলে আমাদের বেশী বেশী করে নজর দিতে হবে ছোট শিল্পের দিকে, কুটির শিল্পের দিকে, তা নজর তো নেই? আমাদের পশ্চিম বাংলায় প্রায় ৩।।০ লক্ষ লোক তাঁতের উপর নির্ভর করে। এই ৩।।০ লক্ষ লোক, যারা তাঁত বুনে খায়, তাঁদের সংসার চলছে না। তারা যে মজুরী পায় তা অতি সামান্য। কিন্তু এই বাজেটে দেখবেন এই সাবসিডি যেটা দেওয়া হচ্ছে এই তাঁতী শিল্পীদের জন্য, তার পরিমাণ আগের চেয়ে বাড়েনি, বরং বোধ হয় একটু কমে গেছে। আমার ঠিক অঙ্কটা মনে নেই। আমরা তাঁত শিল্পকে যদি পুনরুজ্জীবিত করতে না পারি, আমরা তাদের

আয়ের আরও বেশী ব্যবস্থা না করে দিতে পারি—নিশ্চয়ই উপায় আছে, আমাদের পশ্চিম বাংলায় যতগুলো কাপড়ের কল আছে তাতে যে বস্ত্র উৎপাদন হয়, কটন মিল্‌সে, তাতে আমাদের কুলোয় না। আমরা বম্বে, আমেদাবাদ, নাগপুর থেকে কাপড় আমদানি করি। আমাদের বাংলাদেশের শিল্পকে যদি বাঁচাতে হয়, আমাদের কর্মসংস্থানের ব্যবস্থা যদি আরও সুষ্ঠু করতে হয় তাহলে বাইরে থেকে—কেন্দ্রীয় সরকারকে বলতে হবে, বাইরে মানে বম্বে, আমেদাবাদ এবং নাগপুর থেকে এই বস্ত্র আনা বন্ধ করতে হবে। আমাদের যা চাহিদা সেইগুলো আমরা মেটাবো। তাতে আমরা বোধ হয় আরও ২০ কি ২২ কোটি গজ বস্ত্র আমরা উৎপন্ন করতে পারবো। অর্থাৎ তাঁতে এখন যত লোক কাজ করে, সেই লোকের সংখ্যা দ্বিগুন এর বেশী হয়ে যেতে পারে। আমাদের এখানে যত লোক আছে ১৯৬১ সালের আদমসুমারীতে আমরা দেখেছি যে আমাদের এখানে ১ কোটি ১৪ লক্ষ লোক ওয়ার্কার, তার মধ্যে মেয়ে কম। মেয়ে পুরুষ ধরে ১ কোটি ১৪ লক্ষ লোক, সেটা বেড়ে হয়েছে এখন ১ কোটি ৩০ লক্ষ লোক। তার মধ্যে ৪০ লক্ষ লোক এর ভূমি আছে। ধরে নিই তারা ভূমিতে কাজ করে ৩২ লক্ষ লোক কৃষি মজুর, তাহলে ১ কোটি ৩০ লক্ষ থেকে ৭২ লক্ষ লোক কৃষির উপর নিভর করে। এটা কমাতে হবে। এটা যতদিন কমাতে না পারবো, কৃষি থেকে লোককে সরিয়ে না আনতে পারবো, ততদিন পর্যান্ত ভূমির ক্ষুধা মিটবে না, ভূমি সংস্কারের নানা বিধ আইন করে ভূমি সমস্যার সমাধান হবে না, বেকার সমস্যারও সমাধান হবে না।

কাজে কাজেই আমাদের হিসাব করে দেখতে হবে, মাননীয় অর্থমন্ত্রীকে দেখতে হবে যে, কত লোক কোথায় কাজ করছে। আমাদের এখানে যত রেজিষ্টারর্ড ফ্যাক্টরী আছে, সেখানে এক সময় প্রায় সাড়ে ৮ লক্ষ লোক কাজ করত। কমে কমে এখন দাঁড়িয়েছে ৭ লক্ষ ৯১ হাজার। আমাদের যে কয়লা খনি আছে এতে আগে একটু বেশী লোক কাজ করত, সেটা হ্রাস পেয়ে এখন দাঁড়িয়েছে ১ লক্ষ ১৩ হাজারে। টী প্ল্যানটেশন যা আছে তাতে এখন লোক দাঁড়িয়েছে ১ লক্ষ ৮১ হাজার। ছোট ছোট যে শিল্প আছে তাতে যে লোক কাজ করে তা শুনলে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি আশ্চর্যান্বিত হবেন, তার সংখ্যা প্রায় ১২ লক্ষ। আমাদের এখানে শিক্ষক যারা আছেন সেই শিক্ষকদের সংখ্যা ১ লক্ষের কিছু বেশী। স্টেট গভার্ণমেন্টের অফিসে যত লোক কাজ করে তার সংখ্যা ২ লক্ষ ৬৫ হাজারের বেশী। আমাদের এখানে সেন্ট্রাল গভার্ণমেন্টের যে অফিস আছে তাতে যত লোক কাজ করে তার সংখ্যা ৪ লক্ষ ৮৮ হাজার। কোয়াসি গভার্ণমেন্ট যত প্রতিষ্ঠান আছে তার সংখ্যা ১ লক্ষ ৬ হাজার। আর যে লোকাল বডিস অফিসেস আছে মিউনিসিপ্যালিটি ইত্যাদি তার কর্মচারীর সংখ্যা ১ লক্ষ ৮৯ হাজার। যে সব দোকান আছে তার লোকের সংখ্যা ১ লক্ষ ১৫ হাজার। আর যে সব কমারশিয়াল এ্যাষ্টাব্লিষ্টমেন্ট আছে বড় বড় তাতে তাদের সংখ্যা হচ্ছে ৫৯ হাজার। কাজেই আমাদের সবচেয়ে বেশী লোক কাজ করে কৃষিতে। এই কৃষির উপর চাপ কমাতে হবে। তা যদি আমরা কমাতে না পারি তাহলে আমাদের বৈপ্লবিক উন্নয়নের কোন পথই আবিষ্কার করতে পারা যাবে না। আমাদের পশ্চিমবাংলা পাট শিল্পে একচেটিয়া অর্থাৎ ভারতবর্ষে যত পাট হয় তার সবই পশ্চিমবাংলার। পাট জাত শিল্পের উৎপাদন ১০০-র মধ্যে ১০০ই আমাদের এখানে। কাপড় ভারতবর্ষে যত হয় তার ৫ ভাগ আমরা উৎপাদন করি। তবে ভারতবর্ষের লোক সংখ্যার তুলনায় মোট উৎপাদনের শতকরা ৮ ভাগ কাপড় পশ্চিম বাংলায় লাগে। অন্যান্যদের তুলনায় আমরা বস্ত্রের একটু বেশী ব্যবহার করি। আমরা গড়ে মাথাপিছু ১৮ মিঃ বস্ত্র ব্যবহার করি। আর ভারতবর্ষের অন্যান্য যায়গার লোকেদের ১৫ থেকে ১৬ মিঃ লাগে। আমাদের এখানে যত সুতার কল আছে তাতে ভারতবর্ষের সমস্ত সুতা উৎপাদন যত হয় তার শতকরা ৫ ভাগ। কাজে কাজেই ৮ লক্ষ করে পশ্চিমবাংলার ভাগের সুতা আমরা অম্বর চরকার মাধ্যমে এবং অন্যান্য চরকার মাধ্যমে এই সুতা

আমরা গ্রামে গ্রামে কুটিরে কুটিরে তৈরী করতে পারি। আমাদের এখানে যত ফিনিষ্ট ষ্টীল হয় তা ভারতবর্ষের মোট উৎপাদনের শতকরা ২০ ভাগ। আমরা পিগ আইরণ তৈরী করি ৩২ ভাগ। আমাদের এখানে সালফিউরিক এ্যাসিড শতকরা ১১ ভাগ করি। সুইং মেশিন, ইলেকট্রিক ফ্যান প্রায় শতকরা ৭০ ভাগ ইত্যাদি। বাই-সাইকেল শতকরা ২০ ভাগ করি। কাজে কাজেই এই সমস্ত পরিসংখ্যাণের সুত্র থেকেই বুঝতে পারছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিশেষ করে গ্রামের কথা এই বাজেটের মধ্যে অন্যান্য বারের তুলনায় বেশী নাই বরং কোন কোন ক্ষেত্রে কমই আছে এবং সেগুলি গ্রহণ করতে হবে। যেমন পাবলিক হেলথ ও রুরাল ওয়াটার সাপ্লাই এই খাতে গত বছর ছিল ৬৮ লক্ষ টাকা আর এই বারে রাখা হয়েছে মাত্র ৬০ লক্ষ টাকা। কি বৈপ্লবিক ভূমিকা নেবেন? নলকূপ বসানোর প্রস্তাব হয়েছে এবং এখানে যখন আলোচনা হয় তখন আমার মনে হয় এখানে বলা হয়েছে যে ৪ঠা আগষ্ট তারিখের মধ্যে মাননীয় শ্রীআবদুস সাত্তার মহাশয় টিউবয়েল যেখানে যত খারাপ হয়েছে সব মেরামত করে দেব বলেছেন।

[3-00— 3-10 p.m ]

খবর পেয়েই মেরামত করে দেবেন। কার দায়িত্ব খবর দেওয়া? নিচের স্তরপ্রাপ্তি সরকারী কর্মচারীদের দায়িত্ব হচ্ছে খবর দেওয়া। কত tubewell আছে তা নিয়ে হাঙ্গামা হচ্ছে। কেউ কেউ বললেন tudewell নলকূপ, ইঁদারা যত অকেজো আছে তার সংখ্যা ৭০ থেকে ৮০ হাজার। মন্ত্রীমহাশয় বললেন ১৭/১৮ হাজারের মত। আমি বলব আপনাদের তো অনেক cells হচ্ছে, কমিটি সাব-কমিটি হচ্ছে অনুসন্ধান করার জন্য। এরজন্য একটা কমিটি করা হোক অনুসন্ধানের জন্য এবং দেখা হোক পশ্চিমবাংলায় গ্রামাঞ্চলে কত পানীয় জলের source খারাপ হয়ে যায় সেটা নলকূপ, ইঁদারা, কুয়ো বা পুকুর যাই হোক না কেন। এটা কি গ্রামের প্রতি দরদের বিষয়। আমি একটা গ্রামে গিয়েছিলাম এবং সেই গ্রামের লোককে জিজ্ঞাসা করলাম এখন জিনিষপত্রের দাম বেড়েছে। আজ ২ বছর ধরে গরীবি হটাও ধ্বনি চারিদিকে শুনছি। আমি সেই লোকদের জিজ্ঞাসা করলাম ২বারে আগেকার তুলনায় ১৯৭০ সালের সঙ্গে তুলনামূলকভাবে বলত জিনিষপত্রের দাম বেড়েছে না কি? তারা বলল ১৯৭০ সালে ১ কিলো মুসুর ডাল কিনতাম ১·৭০ পয়সায়, এখন কিনছি ২·৩০ পয়সায়। ২ বছর আগে ১ কেজি নুন কিনতো ১২ পয়সায়। এখন কিনছে ৩০ পয়সায়। ২ বছর আগে ১ কেজি চিনির দাম ছিল ১·৯০ পয়সা, কিন্তু যেই গরীবি হটাও ও সমাজতন্ত্রের সমস্ত ব্যবস্থা হয়ে গেল তখনই আমাদের আরামবাগ মহকুমায় তার দাম বেড়ে হল ৩·৫০ পয়সা। চিনি না হলে গরীব মানুষরা গুড় খায়; যখন গরীবি হটাও slogan দেওয়া হয়নি তখন ১ কিলো গুড়ের দাম ছিল ৮০ পয়সা, আর এখন তার দাম ১·৮০ পয়সা। কতভাবে গরীবি হটছে তা একবার বুঝুন। গ্রামের লোককে জিজ্ঞাসা করলাম এখন জ্বালানী পায় না। তারা বললেন বন্যায় এখন কাঠ পাওয়া যায় না বলে কয়লাই একমাত্র জ্বালানী। তার দাম যখন গরীবি হটাও ধ্বনি চারিদিকে শোনা যায়নি তখন ছিল প্রতি কুইন্টাল ৫·৫০ পয়সা, এখন ঐ গ্রামেই তার দাম প্রতি কুইন্টাল হচ্ছে ১০ টাকা। তারপর washing soda. ধোপার বাড়ীতে তারা নিশ্চয় কাপড় কাচতে নিশ্চয় দেয়না। ২ বছর আগে এক কেজি washing soda-র দাম ছিল ১ টাকা। কিন্তু এখন যখন গরীবি হটাচ্ছে তখন এর দাম হল ২·৫০ পয়সা। গরীবলোকের একটা গেঞ্জী চাই। ১৯৭০ সালে একটা গেঞ্জীর দাম যেখানে ছিল ১·৪০ পয়সা, আর এখন তার দাম হয়েছে ২·২০ পয়সা।

ধূতির দাম আগে যেটা ছিল ৫·৫০ পয়সা এখন তার দাম ৮ টাকা। শাড়ীর আগে ছিল ৭·৫০ পয়সা এখন সেটা হয়েছে ১২ টাকা। গ্রাম থেকে অধিকাংশ সদস্য এসেছেন, তাঁরা সকলেই

জানেন গামছা পরে অনেক সময় কৃষকদের থাকতে হয়, সেই গামছা যেটা আগে ১ টাকায় পাওয়া যেত সেটা এখন দাঁড়িয়েছে, গরীবি হঠছে কিনা, ২ টাকায়। আমি গ্রামের মজুরদের জিজ্ঞাসা করেছিলাম জিনিসপত্রের এত দাম বেড়েছে, ১৯৭০ সালে ২ বছর আগে তোমাদের দিন মজুরী কত ছিল আর আজকে দিন মজুরী কত, তারা বললে, মশায়, ১৯৭০ সালে দিনমজুরী ২ টাকা পেতাম, এখন সেই জায়গায় ২.৫০ পয়সা পাচ্ছি। মাননীয় সদস্যগণ বুঝতে পারছেন গরীবী কি করে হঠছে। এতো গ্রামের কথা বললাম, আমি কলকাতা শহরের কয়েক বছরের কনজিউমার প্রাইস ইনডেক্স নাম্বার মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার কাছে উপস্থিত করছি। ১৯৬০-৬১ সালকে যদি বেস ধরা যায় তাহলে ১৯৬৬ সালে অল আইটেমস-এ ১শো টাকা পর্যন্ত যার আয় তার ছিল ১৩২ টাকা, ফুডে ছিল ১৩৫ টাকা। ১৯৬৭ সালে অল আইটেমসে ১৩২ থেকে বেড়ে হল ১৪৮, ফুডে ১৩৫ থেকে বেড়ে হল ১৫৮। ১৯৬৮ সালে অল আইটেমসে ১৩২ থেকে বেড়ে হল ১৬৫, ফুডে হল ১৮২.৫৫। ১৯৬৯ সালে অল আইটেমসে হল ১৬৩, ফুডে হল ১৭৪। ১৯৭০ সালে অল আইটেমসে ১৬৯, ফুডে ১৭৪ থেকে বেড়ে ১৮৪তে উঠল। জানুয়ারী ১৯৭১ সালে অল আইটেমসে ১৭৭ ইনডেক্স, ফুডে ১৯৪। আর ১৯৭২ সালের জানুয়ারীতে গরীবি হটাওয়ের ফলে অল আইটেমসে হয়েছে ১৮৪, ফুডে হয়েছে ১৯৯.৪। তাহলে ১৯৬৬ সালে অল আইটেমসে যেটা ছিল ১৩২ সেটা আজকে দাড়িয়েছে ১৮৪, ফুডে যেটা ১৯৬৬ সালে ছিল ১৩৫ আজকে সেটা দাঁড়িয়েছে ১৯৯। তাহলে গরীবী কতটা হটেছে অনুমান করুন। আজকে সেজন্য আমি বলছিলাম যে বড় বড় কথা বলে কোন কাজ হবে না। আমরা যদি বলি যে আমরা সোসালিজম আনব, কি করে সোসালিজম আনব। এখানে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট উত্থাপন করেছেন তাতে বিভিন্ন খাতে ডেভেলপমেন্টের কথা আছে কিন্তু তাতে গরীবী হঠাও এর প্রশ্ন নেই, সমস্যা সমাধানের কথা নেই, সেখানে বেকার সমস্যা সমাধানের কথা নেই। আর সোসালিজমের কথা—আমরা অনেককে প্রতিক্রিয়াশীল বলি কিন্তু আমি তুলনা করে দেখলাম আমাদের সময়কার বাজেট আর এখনকার বাজেটের মধ্যে কোন তফাৎ নেই, অনেকদিক থেকে আমরা এখন পিছিয়ে পড়েছি। আজকে সেজন্য নতুন করে চিন্তা করতে হবে। মাননীয় শিল্পমন্ত্রী মহাশয় একটা বক্তৃতা দিলেন, সংবাদপত্রে বেরুল যে ৫ বছরের মধ্যে ১৪ শো কোটি টাকা খরচ করে সবই তো শ্লোগানে চলছে হাওয়ায় চলছে, ১০ লক্ষ লোকের কর্ম সংস্থান করব। ১৪শো কোটি টাকা কোথায় পাওয়া যাবে এটা হল প্রথম কথা। ১৪ শো কোটি টাকা দিয়ে কত শিল্প প্রতিষ্ঠা করব এটা হল দ্বিতীয় কথা। আর ১৪ শো কোটি টাকাতে প্রতি বছরে ২ লক্ষ হিসাবে ১৭ লক্ষ লোকের কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারব কিনা এটা ভেবে দেখতে হবে। যদি সত্যসত্যই বৈপ্লবিক সমাজতান্ত্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে কাজ করতে চাই, দেশের পুনর্গঠনের কথা চিন্তা করে সেইভাবে বাজেট রচনা করতে হবে।

[3-10—3-45 p. m. including adjournment]

কিন্তু দেখছি আমাদের চিন্তা শক্তি হ্রাস পেয়েছে। আমাদের পশ্চিমবাংলার সমগ্র চিত্রটি তুলে ধরতে হবে যে আমরা কত লোককে কাজ দিতে পারব। আমার মনে আছে আমাদের ডাঃ রায় যখন পশ্চিমবাংলার দায়িত্ব গ্রহণ করেন সেই সময় যত সব সরকারী কর্মচারী ছিল তাদের সংখ্যা ছিল প্রায় ৮০ হাজার। বাড়তে বাড়তে সেটা এখন ২ লক্ষ ৬০ হাজারের উপর দাঁড়িয়েছে। শিক্ষকের সংখ্যা ছিল ২৫ হাজার, সেটা বাড়তে বাড়তে ২ লক্ষের উপর হয়েছে। কিন্তু তবুও আমাদের সমস্যার সমাধান হচ্ছে না। সত্যিকারের বৈপ্লবিক দৃষ্টিভঙ্গী নিয়ে, সমাজতান্ত্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে, গরীবী হঠাওর সত্যিকারের দৃষ্টিভঙ্গী নিয়ে, বেকার সমস্যার সমাধানের সত্যিকারের দৃষ্টিভঙ্গী

নিয়ে যদি আমরা কাজ আরম্ভ করতে চাই সেটাই হবে প্রকৃত বাজেট। আর তা যদি না কর তাহলে তো ওই পি. সি. সেনের মত প্রতিক্রিয়াশীল লোকের বাজেট হবে। কোন পরিবর্তন আমরা দেখতে পাবনা। অনেকে পি. সি. সেনকে প্রতিক্রিয়াশীল বলছেন। পি. সি সেন প্রগতিশীল বটে পি. সি. সেন যুবা বটে এবং যদিও আমার বয়স ৭৬ বছর তবুও আমি নিজেকে বৃদ্ধ মনে করিনা অনেক লোক যাঁরা বড় বড় কথা বলেন তাঁদের চেয়ে আমি অনেক বেশী প্রগতিশীল। কিন্তু দুঃখের বিষয় হচ্ছে যারা প্রতিক্রিয়াশীল তারাই আজকে বাজারে প্রগতিশীল বলে চালু হচ্ছে। এতে দেশের কোন সমস্যার সমাধান হবেনা। এই বছরের বাজেট হয়ে গেছে। আমার বক্তব্য হচে আগামী বছরের বাজেট যখন রচনা করা হবে তখন সমগ্র পশ্চিমবাংলার আর্থিক অবস্থা বুঝে, ক লোক কোথায় কাজ করছে সেটা দেখে নতুন করে কাজ আরম্ভ করতে হবে এবং সেটা যদি পারি তাহলে বুঝব আমরা বৈপ্লবিক কর্মপন্থা গ্রহণ করেছি। কথা উঠেছে আমরা সমাজতন্ত্র আনব সমাজতন্ত্র তো একটা শ্লোগানে এসে দাড়িয়েছে। আমি হিসেব করছিলাম বিটুইন ওয়েষ্ট জার্মানী এ্যাণ্ড ইস্ট জার্মানী। ওয়েষ্ট জার্মানী সমাজতান্ত্রিক নয়। ইষ্ট জার্মানী যখন কমিউনিষ্ট শাসিত তখন নিশ্চয়ই সেটা সমাজতান্ত্রিক। ওয়েষ্ট জার্মানীর উৎপাদন বেশী এবং তাদের জি, এন, পি বেশী ইস্ট জার্মানীর চেয়ে। মাথাপিছু জি, এন, পি, লোকসংখ্যার উপর নির্ভর করে। ওয়ে জার্মানীর লোকসংখ্যা ৬ কোটি এবং ইস্ট জার্মানীর লোকসংখ্যা ১ কোটি। কিন্তু মাথাপিছু আ ইষ্ট জার্মানীর চেয়ে ওয়েষ্ট জার্মানীতে বেশী। জাপান সমাজতান্ত্রিক নয়, কিন্তু তারা এত কম ভূ থাকা সত্বেও তাদের ভূমি সমস্যার সমাধান করেছে, কর্মসংস্থানের সমাধান করেছে, ভিক্ষুক সমস্যা সমাধান করেছে। জমিতে কি সমাজতন্ত্র করবে? সমাজতন্ত্রের যাঁরা ব্যাখ্যাকার তারা কি বলছেন রাশিয়া যেভাবে ভূমি সমস্যার সমাধান করেছে সেটা কি সমাজতন্ত্র? যুগোশ্লোভিয়ায় টিটো যেট করেছে সেটা কি সমাজতন্ত্র? চায়না কমিউন করতে গিয়ে যেভাবে গাড্ডায় পড়েছে সেটা কি সমাজতন্ত্র? না, জাপান যেভাবে ভূমির ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন করেছে এবং তার সমাধা সেটা সমাজতন্ত্র। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি মাননীয় অর্থমন্ত্রীর কোন রকম ক্রিটিসিজ করতে চাইনা, আমি গঠনমূলক কাজের কথা বলছি, আমি মৌলিক কথা বলছি। এই মৌলিক দৃষ্টিভঙ্গী নিয়ে যদি আমরা বাজেট রচনা করি তাহলে আমরা বেকার সমস্যার সমাধান করতে পারব ভূমি সমস্যার সমাধান করতে পারব এবং পশ্চিমবাংলার সর্বাঙ্গীন উন্নতি করতে পারব।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার ছোট্ট একটি জিজ্ঞাসা আছে আমি বয়সে ছোট এবং অভিজ্ঞতাও কম তবুও আমি জানতে চাই ১৯৬৮ সালে পশ্চিমবাংলা মুখ্যমন্ত্রী কে ছিলেন এবং তখন খাদ্য আন্দোলন নামে যে বস্তুটি হয়েছিল তার রূপ কি ছিল?

**শ্রীপ্রফুল্লচন্দ্র সেন ঃ** খাদ্য আন্দোলন এমন ভীষণ আন্দোলন, এমন বিরাট আন্দোলন যে সেই খাদ্য আন্দোলনের কথা এখন আকাশে-বাতাসে ঘুরে বেড়াচ্ছে এবং তাতে কত শহীদ হয়েছিল সে কথা ব্যাখ্যা করার কোন প্রয়োজন নেই বিশেষ করে ওই মাননীয় সদস্যের মত লোকের কাছে।

( At this stage the House was adjourned for half an hour. )

(After adjournment)

[3-45 – 3-55 p.m.]

**Sixth Report of the Business Advisory Committee.**

**Mr. Speaker** : I beg to report that the Business Advisory Committee a its meeting held in my Chamber to-day considered the question of revising th programme of the House and recommended as follows :

The West Bengal Entertainments and Luxuries (Hotels and Restaurants) Tax Bill, 1972 (Consideration and Passing) be taken up on Tuesday, the 4th July, 1972, before the business already fixed for that day and 1 hour be allotted for the same.

As there will be no meetings of the Assembly from the 17th to 20th July, 1972, the business fixed for 17th, 18th, 19th, 20th and 25th and 28th July, 1972 be taken up on Tuesday, the 25th July, Saturday, the 8th July, Friday, the 28th July, Sunday, the 9th July, Saturday, the 15th July, and Saturday, the 29th July 1972, respectively.

The revised Programme of Business containing the changes as stated is being circulated to you.

**Shri Gyan Singh Sohanpal** : Sir I beg to move that the 6th Report of the Business Advisory Committee presented this day, be agreed to by the House.

The motion was then adopted.

**The West Bengal Entertainments and Luxuries (Hotels and Restaurants) Tax Bill, 1972.**

**Shri Sankar Ghose** : Mr. Speaker, Sir, I beg to introduce the West Bengal Entertainments and Luxuries (Hotels and Restaurants) Tax Bill, 1972.

(Secretary then read the Title of the Bill.)

**শ্রীকৃষ্ণকুমার শুক্লা** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার বিধান সভার সামনে যে বাজেট উপস্থাপিত হয়েছে আমি এই বাজেটকে সমর্থন করছি। সমর্থন করছি এইজন্য যে আমি গত তিন দিন ধরে এই বাজেটের উপর বিভিন্ন বক্তৃতা অত্যন্ত ধীরস্থীরভাবে শুনছিলাম। আমি জানি পশ্চিমবাংলার গত নির্বাচনের মাধ্যমে তাঁদের যে মনোভাব প্রকাশ করেছেন, পশ্চিমবঙ্গ সমেত গোটা ভারতবর্ষে আজকে যে পরিস্থিতি চলেছে এই পরিস্থিতির আমূল পরিবর্তন করার দায়িত্ব পশ্চিমবাংলার জনসাধারণ যেমন আমাদের উপর দিয়েছেন তেমনি দিয়েছেন গোটা ভারতবর্ষের মানুষ আমাদের দলের উপর। আমরা সে সম্বন্ধে সজাগ। নির্বাচনের আগে পশ্চিমবঙ্গের মানুষের কাছে আমরা যে প্রতিশ্রুতি দিয়েছিলাম নূতন পশ্চিমবাংলা গড়ে তুলবো, সন্ত্রাসমুক্ত পশ্চিমবাংলা গড়তে চাই, সাধারণ মানুষের বেঁচে থাকবার পরিবেশ সৃষ্টি করতে চাই, পশ্চিমবাংলাকে আমরা নূতনভাবে রূপায়িত করতে চাই, আমাদের এই রাজনৈতিক শ্লোগানকে পশ্চিমবাংলার মানুষ অকুণ্ঠ সমর্থন জানিয়েছেন। তাঁরা যখন সমর্থন জানিয়েছেন আমরাও তখন দায়বদ্ধ যে পশ্চিমবাংলার মানুষের সমস্যার প্রতি সম্পূর্ণ আমরা সজাগ থাকবো। যে বাজেট এখানে মাননীয় অর্থমন্ত্রী এখানে উপস্থাপিত করেছেন সেই বাজেটের মধ্যে বৈপ্লবিক দৃষ্টিভঙ্গী কেউ কেউ খোঁজার চেষ্টা করেছেন, কেউ কেউ খোঁজার চেষ্টা করেছেন এই বাজেটের মধ্যে সারা পশ্চিমবাংলার সমস্ত সমস্যার সমাধানের কোন ইঙ্গিত আছে কিনা, কেউ জানার চেষ্টা করেছেন সমস্যাসঙ্কুল এই বাংলার সমস্ত দুঃখকষ্ট এই এক বছরের বাজেটের মধ্যে দিয়ে দূর করার প্রয়াশ পশ্চিমবঙ্গ সরকার করেছেন কিনা। আমি মাননীয় সদস্যদের কাছে অত্যন্ত বিনীতভাবে আবেদন করতে চাই, এই বাজেটকে অত্যন্ত সহানুভূতির সঙ্গে বিবেচনা করতে হবে। পিষ্টভূমি চোখের সামনে রেখে এই বাজেটকে যদি আলোচনা করা যায় তাহলে নূতনভাবে আমরা

এই সম্বন্ধে বিচার বিবেচনা করতে পারি। ১৯৬৭ সালে পশ্চিমবাংলার বুকে যে তাণ্ডব আরম্ভ হল ১৯৭১-এর শেষ পর্যন্ত এই তাণ্ডবের পদধ্বনিতে পশ্চিমবাংলা বিধ্বস্ত, সন্ত্রাস, খুন, হত্যা, রাজনৈতিক কর্মীকের একের পর এক নাশ করে দেওয়া, চারিদিকে মানুষ্য জীবনের যে অনিশ্চয়তা এর উর্দ্ধে উঠতে চেয়েছে পশ্চিমবাংলার মানুষ, এই পশ্চিমবাংলার মানুষকে আমরা কথা দিয়েছি পশ্চিমবাংলায় প্রচ্ছন্ন সরকার গড়ে তুলবো। পশ্চিমবাংলাকে নূতন করে গড়ে তোলার দায়িত্ব আমরা নিচ্ছি। আমাদের এই কথায় পশ্চিমবাংলার মানুষ বিশ্বাস করেছে, বিশ্বাস স্থাপন করেছে। এই পিষ্ট ভূমিতে এই বাজেট এবং এই বাজেট সরকার হাতে নেওয়ার কয়েকদিনের মধ্যেই অর্থমন্ত্রীকে উপস্থাপিত করতে হয়েছিল, আজকে তার পরিবর্তিত এবং পরিবর্দ্ধিত রূপে আমাদের কাছে এসেছে। এর মধ্যে বৈপ্লবিক রূপ আমরা দাবী করছিনা, এর মধ্যে বিপ্লবও খুঁজছিনা। আমরা শুধু পশ্চিমবাংলার মানুষের কাছে নূতন করে দেশ গড়ার ব্রত এই বাজেটের মাধ্যমে দিয়েছি এই আস্থা রাখতে চাই। দাম বেড়েছে অস্বীকার করিনা, অস্বীকার করার উপায় নেই। গরীবি হটাওকে ব্যাঙ্গ করে যদি আজকে পশ্চিমবঙ্গের অগ্রগতিকে কেউ রোধ করতে চান বিশেষ করে বর্ষীয়ান নেতা শ্রীপ্রফুল্ল সেনের মত লোক যদি কটুক্তি করেন গরীবি হটাওএর উপরে তাহলে অত্যন্ত ঘৃণাভরে শ্রীপ্রফুল্ল সেনকে মনে করিয়ে দেবো যেদিন চরকার মাধ্যমে স্বাধীনতার কথা গান্ধীজী বলেছিলেন সেদিন গান্ধীজীকেও কটুক্তি করা হয়েছিল, গান্ধীজীকেও সেদিন বাতুল বলা হয়েছিল, পাগল বলা হয়েছিল। গান্ধীজীকে যেদিন বাতুল বলা হয়েছিল তা যদি তিনি স্বীকার না করেন তাহলে আজকে যে বলিষ্ঠ নেতৃত্ব নূতন চিন্তাধারায়, রাজনৈতিক চিন্তাধারার মানুষকে, রাজনৈতিক চেতানাসম্পন্ন দল দেশের মানুষের কাছে বলছে লক্ষ লক্ষ বেকার এদের চাকরী দেওয়ার প্রয়াস পাচ্ছি, বলছি যেখানে বিলাস ব্যাসন আছে, যেখানে সাধারণ মানুষের চোখে লাগার মত কটুদৃশ্য আমরা তাকে খর্ব করতে চাই, আটকে দিতে চাই, আমরা যখন পশ্চিমবাংলার মানুষের কাছে কৃচ্ছ আনার প্রয়াস পাচ্ছি এই বাজেটের মাধ্যমে সেই মুহূর্তে বাজেটের সমালোচনা অন্য খাতে টেনে নিয়ে গেলে সমালোচনা হয়না, পশ্চিমবাংলার মানুষকে বিভ্রান্ত করার প্রয়াস পায় মাত্র বলে আমি মনে করি। আজকে যে পরিবেশে এই বাজেট আমরা আলোচনা করছি আমাদের বোঝা দরকার যে শুধু আলোচনা সমালোচনা করে পশ্চিমবাংলার মানুষের দুঃখ দুর্দশা দূর করা যাবেনা। বেকার সমস্যা আছে, এই বেকার সমস্যাকে পশ্চিমবাংলার মানুষের কাছে দিনের পর দিন মাসের পর মাস তুলে ধরলে একটা বেকার ছেলের চাকরী হবেনা যদি না সামগ্রিক ভাবে দায়িত্ব নিয়ে আমরা নিষ্ঠার সঙ্গে প্রত্যেকটি প্রগতির কাজকে আমরা এগিয়ে নিয়ে যাওয়ার দায়িত্ব নিই। বেকার সমস্যা দূর করতে গেলে ৪৭ লক্ষ মানুষের চাকরী দরকার। এই ৪৭ লক্ষ লোকের দু'হাতের কাজ যদি জোগাড় করে না দেওয়া যায় তাহলে এই ৪৭ লক্ষ লোকের ৯৪ লক্ষ হাত আমাদের ক্ষমা করবেনা। এটা আমরা জানি কিন্তু কিভাবে দেবো। আমরা নিশ্চয়ই একথা বলছিনা যে একদিনে বা এক বছরের বাজেটে আমরা একাজ করে দিতে পারবো।

[3-55—4-05 p.m.]

এই বাজেট পশ্চিমবাংলার মানুষের কাছে এই আশ্বাস রেখেছে যে আমরা সরকারীভাবে এগিয়ে যেতে চাই, দুর্গাপুরে শিল্প নগরী তাই গড়ে তুলেছি পশ্চিমবাংলার মানুষের কল্যাণের জন্য। কতটা কল্যাণ সাধিত হয়েছে সে সম্বন্ধে মাননীয় সদস্যদের মতবিরোধ থাকতে পারে, কিন্তু পশ্চিমবাংলার ম্যাপে আমরা নূতন কমপ্লেক্স সৃষ্টি করেছি, কমপ্লেক্স সৃষ্টি করেছি হলদিয়ায় এবং কাজও আমরা আরম্ভ করেছি, যদি এই কাজ সার্থক হয় তাহলে পশ্চিমবাংলায় স্থায়িত্ব আসবে। একথা বিশ্বাস করি যে নিছক সরকারী আমলাতন্ত্র সরকারী যন্ত্রের উপর নির্ভর করে পশ্চিমবাংলার সমস্যার সমাধান হবেনা, বেকারিত্ব দূর করা যাবেনা।

আজকে বাঁচার তাগিদে মানুষ গ্রাম থেকে সহরে চলে আসছে। অবিলম্বে যদি গ্রামের মানুষকে ামেই আটকান না যায়, সেখানে যদি তাদের জীবন ধারণের সমস্ত পরিবেশ সৃষ্টি করে না দেওয়া য় তাহলে সহর বাঁচবেনা। আমরা জানি যে কিছুদিন আগেও কংগ্রেস বিরোধী যারা তারা এই াগান দিয়েছিল যে গ্রাম ছেড়ে সহর ঘিরে ফেল। তারা এই করে গ্রাম এবং সহরকে ছাড়খার র দিতে চেয়েছিল। আজকে আমরা অত্যন্ত পরিষ্কারভাবে আশ্বাস পেয়েছি পশ্চিমবাংলায় ল্লায়ণ করে হাজার হাজার মানুষকে কাজ দেবার প্রয়াস করছেন কোটি কোটি টাকা লগ্নী করে। ক দিকে যেমন এই জিনিষ করছেন তেমনি অন্য দিকে অল্প বরাদ্দ করে গ্রামকেও বাঁচিয়ে নেওয়া বে। যদি গ্রামকে বাঁচান যায় তাহলে পশ্চিমবাংলার অনেক সমস্যার সমাধান হয়ে যায়। আমরা ন করি যদি বড় বড় পরিকল্পনার চাইতে যদি ছোট ছোট পরিকল্পনার উপর নির্ভর করা যায়, বিরাট ল্পের তুলনায় যদি ক্ষুদ্র শিল্পের উপর, যেমন কুটির শিল্পের উপর—চড়কার উপর গ্রামের তাঁতের পর, মৃত্তিকা শিল্পের উপর কি কাঠের কাজের উপর নির্ভর করা যায় তাহলে নিশ্চয়ই পশ্চিমবাংলাকে ংসের হাত থেকে বাঁচিয়ে তোলা যায়। আমি আমাদের অর্থমন্ত্রী মহাশয়কে এই বাজেট আলোচনার ধ্যমে নিবেদন করতে চাই যে যেখানে বৃহত্তর শিল্পের সৃষ্টি করে বেকারী দূর করার উপায় হচ্ছে ই সঙ্গে গ্রামের মানুষকে বাঁচাবার জন্য কুটির শিল্পের কথাও একবার চিন্তা করুন। একজন তোরকে কিছু ইউটেনসিল যোগাড় করে দিয়ে কিছু কাঠ কেনার পয়সা যোগাড় করে দিয়ে কিছু ন্ত্রপাতি যোগাড় করে দিয়ে বাঁচাবার মত পরিবেশ যদি গ্রামে তাকে সৃষ্টি করে দেওয়া যায় তাহলে ুরুষানুক্রমে যে কাজ করে আসছে বাঁচার জন্য সেই কাজের মাধ্যমেই তাকে গ্রামে আটকান সম্ভব বে। আমি বিভাগীয় মন্ত্রী মহাশয় এবং অর্থমন্ত্রীর কাছে নিবেদন করতে চাই যে কল্যাণী দুর্গাপুর ড়ে উঠছে, এ জিনিষ আমরা আন্তরিকতার সঙ্গে ভালবাসার সঙ্গে বিশ্বাসের সঙ্গে করছি যে তাহারা ামাদের পশ্চিমবাংলার উন্নতি হবে এবং সেই বিশ্বাস নিয়ে আমরা বড় বড় চিমনীওয়ালা কলকারখানা ড়ে তুলেছি আর ভেবেছি বেকার সমস্যার সমাধান হবে। কিন্তু তার সঙ্গে সঙ্গে এর মধ্য দিয়ে বহু নির্যাতন অত্যাচারের জলও গঙ্গার মধ্য দিয়ে বয়ে গেছে এবং তখনও দেখেছি পশ্চিমবাংলার মানুষ বঁচে থাকতে চায়। আজকে বড় বড় কলকারখানা সৃষ্টি করে সাধারণ মানুষের জীবিকার্জনের ব্যবস্থা রে দিতে হবে এবং সেই দৃষ্টি ভঙ্গী নিতে হবে। আক্রমণের কথা বলা হয়েছে, আক্রমণ করতে হবেনা, অর্থমন্ত্রীর জবাব দেবে এই বাজেট, এই বাজেটেই আক্রমণ করছে এবং আক্রমণ কারীর সমস্ত দায় দায়িত্ব পশ্চিমবঙ্গ সরকারের এবং বিধান সভার ঘাড়ে, যাদের বিরুদ্ধে সংগ্রাম করার কথা আমরা সংগ্রাম ঘোষণার মধ্য দিয়েই কাজ আরম্ভ করছি। আজকে ফাইলে আটকে রাখলে চলবেনা, আমি বিভাগীয় মন্ত্রী এবং অর্থমন্ত্রীর কাছে আবেদন করছি তাঁরা বিবৃতি দিচ্ছেন আমাদের কাছে হলদিয়া গড়ে তোলার জন্য সেই হলদিয়ার জন্য কত জমি দখল করেছেন? যে হিসাব পেয়েছি তাতে দেখছি ১৪ বর্গমাইল জমি দখল করছেন। হলদিয়া আমাদের দেশের গৌরব, ভবিষ্যতের আশা এটা অস্বীকার করিনা। কিন্তু এই ১৪ বর্গমাইল জমি দখল করার জন্য উৎখাত করা হচ্ছে যাদের তারা খেসারত্ যাতে পায় সেটা দেখতে হবে। একটা বিরাট শিল্প, কমপ্লেক্স গড়ে উঠছে, এই কমপ্লেক্সের নীচে যে সমস্ত কৃষকের জমি নেওয়া হয়েছে তাদের মূল্য দেবার প্রশ্ন যেন চাপা পড়ে না যায়।

এবং তাদের সেই ১৪ বর্গমাইল এলাকা থেকে উৎখাত করা হয়েছে। কেন্দ্রীয় সরকার সমেত আমাদের পশ্চিমবঙ্গ সরকার এই আশ্বাস দিচ্ছেন কিনা যে, যে কৃষক পরিবারগুলিকে ঐ হলদিয়া সৃষ্টি করবার জন্য তুলে দিলাম, তাদের পরিবারকে চাকরী দেবো, তাদের পরিবারের লোকদের চাকরীর ব্যাপারে অগ্রাধিকার দেব? তাই যদি হয় তাহলে মেদিনীপুরের মানুষের চক্ষে হলদিয়া আগামী দিনে একটা গৌরবের জায়গা হবে। ঐ ১৪ বর্গমাইল এলাকা থেকে যারা উৎখাত হয়ে এখন এ

দপ্তর থেকে সে দপ্তরে ঘোরাঘুরি করছিল পয়সা না পেয়ে, তাদের চোখের জলে হলদিয়া ডুবে যাবে পশ্চিমবঙ্গের মানুষের কল্যাণের জন্য যেখানে যা করা দরকার তা করা হোক এবং তা করতে গিে তাদের কথাও সর্বাগ্রে বিবেচনা করতে হবে, তাদের জন্য সজাগ থাকতে হবে। কাজেই দপ্তর থেে অন্য দপ্তরে এক অফিসার থেকে অন্য অফিসারের পেছনে দিনের পর দিন মাসের পর মাস তা ঘুরতে পারবেনা। কেন ঘুরবে তারা? আমরা তো দেশের মানুষকে বলেছি যাদের আছে তাদে আর জমবে না; যাদের নাই তাদের দিতে হবে। তার উদ্দেশ্য নিয়েই আমরা বিধান সভায় এসেছি এই কথা যদি মনে প্রাণে বিশ্বাস করি তাহলে যাদের থেকে কেড়ে নেওয়া হয়েছে, তাদের জিনিষ তাদে দোর গোড়ায় পৌঁছে দিতে হবে। এই বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর স্বাস্থ্য সংক্রান্ত ব্যাপারে আসছি। দেখলাম অনেক উন্নতি আমরা করেছি। নূত নূতন বিরাট বিরাট হাসপাতাল তৈরী হয়েছে, হাসপাতালের শয্যা সংখ্যা অনেক বেড়েছে সব ঠিক। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় খোঁজ নেবেন বড় বড় হাসপাতালের বাড়ী তো তৈরী হয়েে সেখানে সেবা কতটুকু মিলছে? হেলথ্-সেন্টারগুলো গ্রামে গ্রামে হয়েছে সেখানে সাধারণ মানু সেবা পায় কতটুকু? আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর কাছে আবেদন করতে চাই সিউল মোহনপু ইউনিয়নে হেল্থ্ সেন্টার স্থাপনের দশ বছর আগে টাকা জমা দিয়েছে। অথচ সেই সিউ মোহনপুরের মানুষ আজও হেল্থ্ সেন্টার পেল না। এটা কোথায় আটকে আছে, দেখুন বাজেটের মধ্যে বিপ্লব খুঁজে না পেলেও একটা বৈপ্লবিক মনোভাব নিয়ে যেন মন্ত্রীমহাশয় এদিে একটু দৃষ্টি দেন। কোন্ লালফিতায় তা আটকে রেখেছে? কোন্ অফিসার সেটা আটকে রেখেছে যদি আটকে থাকে, যে পশ্চিমবঙ্গ সরকার মানুষের কল্যাণের জন্য সব কিছু পরিকল্পনা করছেন অথচ সেই পশ্চিমবঙ্গ সরকারকে মানুষের কাছে হেয় প্রতিপন্ন করবার জন্য কোন প্রচেষ্টা তলে তে কেউ করছেন কিনা, সেটা ভাল করে খুঁজে দেখার দরকার আছে। ভবিষ্যতে যদি এই ব্যবস্থা গ্রহ করেন, তাহলে সাধারণ মানুষ আপনাদের সমর্থন জানাবে। আর যদি ফাইলের মাধ্যমে পশ্চিমবঙ্গে কল্যাণ করবার কথা ভাবেন তা হবে না।

তারপর জনসংখ্যা নিয়ন্ত্রণের কথা বাজেটে রয়েছে। এই জন সংখ্যা নিয়ন্ত্রণ করা নিতা দরকার এটা অস্বীকার করিনা। কিন্তু জনসংখ্যা নিয়ন্ত্রণ না করলে পশ্চিমবঙ্গের উন্নতি হবে না একথা যদি স্বীকার করেন, তাহলে ব্যর্থতাকেই স্বীকার করে নিতে হয়।

কিছুক্ষণ আগে শুনলাম আমাদের সংগঠন কংগ্রেসের প্রধান নেতা শ্রীপ্রফুল্লচন্দ্র সেন সুচতু ভাবে বারে বারে তাঁর বক্তৃতার মধ্যে জাপানের উদ্ধৃতি দিচ্ছিলেন। আমরা পশ্চিমবঙ্গে চেষ্টা কর সমাজতন্ত্রের দিকে যেতে, আমিও বলছি জাপানে সমাজতন্ত্র নাই। আমার খট্‌কা লেগেছে আমেরিকার জালে জড়িয়ে দেবার জন্য তিনি আমাদের প্রলোভন দেখাচ্ছিলেন। যুদ্ধের পরে জাপা তার শিক্ষাদীক্ষা সবকিছু হারিয়ে সমৃদ্ধিলাভ করেছে সত্য। কিন্তু আমরা ভারতবর্ষের মানুষ বিশেষ কে পশ্চিমবাংলার মানুষ আমাদের একটা নিজস্ব বৈশিষ্ট্য আছে—সেটা আমরা হারাতে রাজী নই তিনি যতই প্রলোভন দেখান না আমরা আমাদের বৈশিষ্ট্য হারাতে রাজী নই। তিনি আন্তর্জাতি সমস্যার কথা তুলে আমাদের প্রলুব্ধ করবার চেষ্টা করলেন Americanised হবার জন্য, তি আমেরিকার ফাঁদে জড়াবার জন্য আমাদের লোভ দেখালেন। আমি বলবো পশ্চিমবঙ্গের মানু এইরকম প্রতিক্রিয়াশীলদের কথনো বরদাস্ত করবেনা।

(লালবাতি জ্বললো)

স্যার, আমাকে আর দু-তিন মিনিট সময় দেন।

**Mr. Speaker** : Mr. Shukla, I think you ought to have been allotted more time by the Whip of your Party. Unfortunately you have been alloted only 15 minutes. I will have to follow the time schedule. If the Whip agrees, I have nothing to say in the matter.

**Shri Krishna Kumar Shukla :** তাহলে স্যার আমি বাজেটকে পুরোপুরি সমর্থন জানিয়ে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

[4-05—4-15 p.m. ]

**শ্রীঅজিতকুমার বসু :** মিঃ স্পীকার স্যার, আমি রুর্যাল আনএমপ্লয়মেণ্ট এবং সেই রিসোরসেস মবিলাইজেন সম্বন্ধে একটু আপনার কাছে রাখছি। গত দু দশকে আমাদের দেশে এমপ্লয়মেণ্ট অপরচুনিটির অভাবে মানুষ এমন উদ্‌ভ্রান্ত হয়ে উঠেছে যা আমরা সকলেই জানি। আজকে মানুষ যখন অর্থনৈতিক উন্নতির আশা করছে তখন এই অভাব এতো তীব্রতরভাবে অনুভূত হচ্ছে যে আমাদের দেশে গ্রাম এবং সহরে তা নিয়ে মানুষ অভিভূত হয়ে পড়েছে। বহু মানুষ সারা বছরের মধ্যে ৪/৮ মাস বেকার থেকে যাচ্ছে। গ্রামের অবস্থা এর মধ্যে সবচেয়ে ভয়াবহ। আমাদের দেশে কেউ বেকার কেউ অর্দ্ধ বেকার এবং এই সম্বন্ধে আমাদের কারও ভাল ধারণা নেই। এমন অনেকেই এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে নাম লেখান নি—তাই সেই ভিত্তির উপর নির্ভর করা যায় না। ১৯৬৭-৬৮ সালে পর্য্যন্ত আমাদের যে ন্যাশন্যাল স্যাম্পল সার্ভে রিপোর্ট যে সমস্ত তথ্য হাজির করেছিলেন তার উপর নির্ভর করা যায় না, যেহেতু সেখানে বেকারদের এ্যাজ পারসেনটেজ অব লেবার ফোরস ধরা হয়েছে। ক্যাটাগরিক্যালি আনএমপ্লয়মেণ্ট বা হাউসলেস লেবার তাদের এর মধ্যে ধরা হয়নি। ১৯৬৪-৬৫ সালে আমাদের যে অল ইণ্ডিয়া রুর‍্যাল ইনকোয়ারী কমিটি হয়েছিল তার রিপোর্টে এক অদ্ভুত ব্যাপার দেখা যাচ্ছে। সেটা হচ্ছে এই যে, একটি কৃষক পরিবারের গড়ে পুরুষদের ক্ষেত্রে ২২৭ এবং মেয়েদের ক্ষেত্রে ১৬৩ জন বেকার দেখানো হয়েছে। এটা ঠিক হিসাব নয়। মোটামুটি বলতে চাই যে কোন একটা সঠিক তথ্য আমাদের কাছে নাই। থার্ড প্ল্যানে আমরা দেখি যে ১৫৪ কোটি টাকা ধার্য করা হয়েছিল। সেবারে সে সম্বন্ধে কোন সুষ্ঠ প্লান তৈরী হোল না এবং তা কার্যকরী করার পক্ষে টাকা খরচ হোল, ফললাভ হোল না। ডিসেণ্ট বেরিয়াস দিয়ে এই প্ল্যান চেপে দেওয়া হোল। ১৯৬৯ সালে চতুর্থ পরিকল্পনার খসড়া পরিকল্পনা এলো। তখন দেখা গেল মোটামুটি বেকারদের সম্বন্ধে কোন উচ্চ-বাচ্য করা হচ্ছে না—মাঝে মাঝে সরকারী তরফ থেকে তদন্ত কমিটি গঠন করা হয়েছে। দন্তওয়ালা কমিটির কথা বলছি, নানা রকম সাজেসন দেওয়া হচ্ছে কিন্তু কাজ হচ্ছে না। এদিকে বেকার সমস্যা, সারা ভারতবর্ষে অসম্ভব হয়ে উঠেছে। এই রকম বেসামাল অবস্থায় ডাঃ ভগবতীর নেতৃত্বে একটি কমিটি গঠিত হয়। এই কমিটি ১৯৭২ সালে ১২ই ফেব্রুয়ারী ইনটেরিম রিপোর্ট দিয়েছে। সেই কমিটি বলেছে যে কোথা থেকে টাকার সংস্থান হবে। ৪০ লক্ষ বেকারের কর্মসংস্থানের রিসোরস তাতে দেওয়া হোল, বলা হোল Levy of a special surcharge on corporate taxation and advertising revenue, agricultural income-tax and Rs. 280 crores from the nationalised bank and voluntary contribution to the tune of Rs. 180 crores.

এরা এখানে একটা কথা বলেন নি। আমি সেটা যোগ করতে চাই। ক্রপ ইনসিওরেন্স এর কথা যেটা সম্বন্ধে সময় হলে পরে দু একটা কথা বলবার চেষ্টা করবো। ক্রপ ইনসিওরেন্স

যদি চালু করেন তাহলে পশ্চিমবাংলায় অন্তত পক্ষে তাদের হিসাব মতো ১০/১২ কোটি টাকা পাওয়া যাবে। মোটামুটি একটা কমিটির সুপারিশ আছে। তার সঙ্গে কতটা থাপ থাইয়ে এখানে মন্ত্রী-সভার কাছে কিছু কর্মসূচী রাখছি।

(১) ক্ষুদ্র সেচ পরিকল্পনা।

(২) গ্রাম রাস্তা নির্মাণ।

(৩) গ্রাম জল সরবরাহ।

(৪) রুর‍্যাল ইলেকট্রিফিকেশান্স।

(৫) রুর‍্যাল হাউসিং।

(৬) ড্যাবল সিস্টেম অফ প্রাইমারী এডুকেশান।

(৭) স্থায়ী ও অল্প স্থায়ী বয়স্ক শিক্ষাব্যবস্থা।

(৮) এক ফসলী জমিকে দু ফসলী করা।

(৯) কটেজ ইন্ডাষ্ট্রীস।

ইনস্ট্যান্ট এমপ্লয়মেন্ট এবং এনক্যারেজমেন্ট টু প্রডাকটিভিটি—এই দিকে লক্ষ্য রেখে আমরা এর মধ্যে তিনটে জিনিষের উপর জোর দিতে চাই। এক হচ্ছে ক্ষুদ্র সেচ পরিকল্পনা। সকলেই জানেন, পশ্চিমবাংলার জমির ফসল বাড়াবার জন্য এবং এক ফসলী জমিকে দু ফসলী করার জন্য এটা অত্যন্ত জরুরী প্রয়োজন। দীর্ঘদিন আলোচনা করছি ক্ষুদ্রসেচ পরিকল্পনা সম্পর্কে কিন্তু ভালভাবে কার্যকরী হচ্ছে না। নানা কারণ আছে। সেগুলো সম্বন্ধে এখানে আলোচনা করার সময় পেলে করবো। দ্বিতীয় রাস্তা নির্মাণ কার্য্যসূচী এবং হাউস বিল্ডিং দু গুন এবং ক্ষুদ্রশিল্প ৬ গুন। তৃতীয় নম্বর হচ্ছে জল সরবরাহ। আমাদের গ্রামদেশে এবং গ্রামের কাছেপিঠে বহু জলাশয় পড়ে রয়েছে মজে। যদি সেগুলোর সংস্কারকার্য্য করা যায় তাহলে মানুষের ব্যবহৃত জলের সংস্থান এবং সঙ্গে সঙ্গে চাষবাসের কিছুটা সাহায্য হবে। কাজেই এই তিনটে জিনিষের উপর আমি বিশেষভাবে জোর দিচ্ছি।

এখানে মোটামুটিভাবে এই কথা বলার পরে যে কথাটা মন্ত্রীসভার সামনে রাখতে চাই সেটা হচ্ছে আমাদের যে প্রোগ্রাম বা প্ল্যান তৈরী করতে হবে সেটা নিয়মিতভাবে বা ধারাবাহিকভাবে ফলো করা দরকার। তেমনি সুপরিকল্পিত করা দরকার ক্ষুদ্রসেচ পরিকল্পনা। অনেক সময় জলসেচ পাওয়ার সম্ভাবনা আছে কিনা, না দেখেই পরিকল্পনা নেওয়া হয়, অনেক সময় এ্যাডমিনিষ্ট্রেটিভ রিজিডিটির জন্য বা প্ল্যানের টেকনিক্যাল স্যাংসনের জন্য দেরী হয়, আবার অনেক সময় টাকা মঞ্জুরী হতে দেরী হয়। কিন্তু এই ব্যাপারে যে নানারকম স্কীম করা যায় সেদিকে মন্ত্রীসভাকে নজর দিতে হবে। কিন্তু রিসোর্স বলতে ভগবতী কমিটি যে সমস্ত কথা বলেছেন তার মধ্যে আমরা যেসমস্ত কথা দিয়েছি, এ ছাড়া রিসোর্সের ব্যাপারে কিছু কিছু মোটামুটি-ভাবে ভাবতে হবে। একটা পাবলিক ওয়ার্কাস প্ল্যান যেখানে বেকারীর সমাধান হবে এবং এ্যাট দি সেম টাইম প্রোডাকটিভিটি এ্যানক্যারেজড করতে হবে। এই রকম একটি ক্ষেত্রে মানিটারী রিসোর্সের কথা ভাবছিলাম। আপনাদের সোসিওইকনমিক কনডিসান, ট্রান্সপোর্ট, ইরিগেসান ফেসিলিটিস—এই যে সমস্ত ইনডাইরেক্ট রিসোর্স এগুলোর কথা ভালভাবে ভাবতে হবে এবং প্রত্যেক এলাকায় এই ডাইরেক্ট রিসোর্সের কথা ভেবে মাষ্টার প্ল্যান করে মোটামুটি আমাদের নিতে হবে।

ক্রপ ইনসিওরেন্স সম্বন্ধে একটা কথা আমি রাখতে চাই। সেটা এই যে আমাদের দেশে প্রত্যেক বছর বহু ফসল নষ্ট হয়ে যাচ্ছে। চাষীদের মনে একটা ভরসা আসবে যদি তারা একটা প্রিমিয়াম দিয়ে এটা পায়। ভগবতী কমিটির রিপোর্ট-এ এটা আলোচনা হয়েছে সেজন্য কথাটা রাখছি।

[4-15—4-25 p.m.]

তাহলে আমাদের ফসল গেলেও ভবিষ্যতে খারাপ হবে না। কিন্তু সঙ্গে সঙ্গে একথা বুঝতে হবে যে আমাদের একটা সেপারেট ক্রপ ইনসিওরেন্স কর্পোরেশন যদি থ্রী পারসেন্ট প্রিমিয়াম কালেক্ট করার ব্যবস্থা করে তাহলে একদিকে চাষীর মনে ভবিষ্যৎ সম্বন্ধে নিরাপত্তা বোধ আসবে, অন্যদিকে গ্রামাঞ্চলের ১৫ হাজার শিক্ষিত বেকার যুবকের কর্মসংস্থান হতে পারবে। শর্ট টাইম প্রোগ্রাম দু বছরের জন্য নেবার কথা বলা হয়েছে। আমাদের মত আনডার ডেভালপড কানট্রিতে যেখানে মূলধনের অভাব সেখানে এমপ্লয়মেন্ট থিওরী প্রায় নেই। মাঝে মাঝে এমপ্লয়মেন্ট অরিয়েনটেড প্রোজেক্ট কিছু কিছু নেওয়া হয়, তার ফল হয় সাময়িক। কাজেই ধাপে ধাপে এগিয়ে যাবার ব্যবস্থা—লং টার্ম প্রোগ্রাম এই ধরনের ব্যবস্থা হওয়া দরকার। কিন্তু দুঃখের ব্যাপার কিছুই হয়নি। তবে কিছু কিছু সাময়িক প্রোগ্রাম তৈরী হয়েছে, সেটা ভাল, নিশ্চয় সেগুলি সমর্থন করছি এবং সেগুলি যাতে সর্বাংগসুন্দর হয় সে পরামর্শ রাখছি, কিন্তু সঙ্গে সঙ্গে যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে এ্যাভেলেবল ন্যাশানাল ষ্টক—জাতীয় আয় —ন্যাশানাল ফাণ্ড যা কিছু সমস্ত আকৃষ্ট হচ্ছে ওভার ক্রাউডেড সিটিতে। সমস্ত জাতীয় মূলধন সেখানে লাগানো হচ্ছে। এর ফলে একদিকে ওভার ক্রাউডেড সিটিস আর অন্য দিকে দারিদ্র্য লাঞ্ছিত বিরাট গ্রামাঞ্চল এই দুটি অসম ভাগে আমাদের দেশ বিভক্ত হয়ে যাচ্ছে। এই ডিসপারিটি ভাল নয়। কাজেই আমাদের দেশের বা গ্রামাঞ্চলের বেকার সমস্যা দূর করে অর্থনৈতিক পুনর্গঠনের কথা যদি ভাবতে হয় তাহলে আমাদের গ্রামাঞ্চলে যে কাঁচা মাল পাওয়া যায় সে নিয়ে ভাবতে হবে। যেমন ধরুন, মুর্শিদাবাদ জেলাতে প্রচুর পাট পাওয়া যায়। সেখানে বহরমপুরকে কেন্দ্র করে তার আশেপাশের গ্রাম নিয়ে একটা ইনড্রাষ্টিয়াল সেণ্টার গড়ে তোলা দরকার। কাজেই এইভাবে যেখানে যে কাঁচা মাল পাওয়া যায় তা ঠিকমত ব্যবহার করার জন্য তার আশেপাশের কতকগুলি ছোট, মাঝারি, শহরকে কেন্দ্র করে আমাদের ইণ্ডাষ্ট্রীয়াল সেণ্টার গড়ে তোলা দরকার। প্রোজেক্ট আমাদের দরকার, কিন্তু সামগ্রিক প্লানের ভেতর দিয়ে গ্রামাঞ্চলের বেকার সমস্যার সমাধান করার জন্য এই সাজেসান আমি রাখলাম। আর এই সাজেসান রাখার সঙ্গে সঙ্গে আমি বলব যে এতে কাঁচা মাল বাজারে পাবে, গ্রামের বেকাররা কাজ পাবে এবং মজুরী ও ভাড়া কম বলে আমাদের দেশের এই উন্নয়ন কেন্দ্রগুলিতে মূলধনের ক্ষতি হবে না, মূলধন ফেরত আসবে এবং এই ভাবেই উন্নয়ন কেন্দ্রগুলি গড়ে উঠবে। অর্থাৎ ছোট এবং মাঝারি শহরকে কেন্দ্র করে আমাদের দেশের উন্নয়ন কেন্দ্র গড়ে তুলে বা ইণ্ডা-ষ্ট্রীয়াল সেণ্টার গড়ে তুলে যদি উন্নয়ন পরিকল্পনা করার চেষ্টা করি এবং সেগুলি লং টার্ম প্লানিং করে পারসিউ করি তাহলে মোটামুটিভাবে আমাদের দেশের গ্রাম এবং শহরের মিলিত প্রচেষ্টার ভেতর দিয়ে এই বেকার সমস্যার অনেকখানি সমাধান হতে পারে বলে আমি মনে করি।

সুপরিকল্পিতভাবে এই উন্নয়ন কেন্দ্র প্রতিষ্ঠা ও তার সম্প্রসারণ আমাদের মন্ত্রীসভার আশু কর্তব্য বলে আমি মনে করি। এই উন্নয়ন কেন্দ্রগুলিতে মূলধন লগ্নী করার জন্য আমাদের

দেশের প্রাইভেট সেক্টর নিশ্চয় এগিয়ে আসবেন। কিন্তু আমাদের দেশে পাবলিক সেক্টরের পরি বাড়িয়ে সরকারকে এই কাজের জন্য নিশ্চয়ই এগিয়ে আসতে হবে, এই কথা আমি মোটামুটি আপনার কাছে রাখছি। এই প্রসঙ্গে আর একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করতে চাই সেটা হচ্ছে এই, চারিদিকে আজকে আওয়াজ উঠছে গ্রাম তার নিজের চেষ্টায় তাদের বেকার সমস্যার সমাধান করতে পারবে, সহর বেকার সমস্যার সমাধান শিল্পগুলিতে করুক। আমি অনেক জায়গায় এই কথা শুনেছি, অনেকের লেখাও পড়েছি বিভিন্নভাবে, এমন কি কেন্দ্রীয় মন্ত্রীদের কাছ থেকেও এই ধরণের কথাবার্তা বেরিয়ে আসছে। গ্রামে কৃষির উন্নয়ন করে মোটামুটি গ্রামাঞ্চলের বেকার সমস্যার সমাধান আমরা করতে পারব, সহরের বেকার সমস্যা সহরের রিসোর্সেস নিয়ে, তার ইণ্ডাষ্ট্রির ভিতর দিয়ে বেকার সমস্যার সমাধান করতে পারব, গ্রাম তার বেকার সমস্যা আলাদাভাবে সমাধান করুক, এই কথা আজ আমরা শুনতে পাচ্ছি। আমি নাম বলতে চাচ্ছি না, কিন্তু অনেক কেন্দ্রীয় মন্ত্রী এই ধরণের কথা বলছেন, আমাদের পশ্চিমবঙ্গে কোন কোন মন্ত্রীর কাছ থেকেও এই ধরণের কথাবার্তা শুনছি, মোটামুটি এটা সম্ভব নয়। আপনারা জানেন আমাদের দেশে মাত্র ২০% ইরিগেসন-এর ব্যবস্থা আছে। আমরা আজকে তাই ভাবছি কি করে এক ফসলা জমিকে দু ফসলা করবো, সেইজন্য ডেভেলাপমেণ্ট অব এগ্রিকালচারের কথা ভাবছি, সেখানে ডেভেলাপমেণ্ট অব এগ্রিকালচার সম্ভব। আপনারা ব্যাঙ্ক লোনের কথা বলছেন। এই ব্যাঙ্ক লোনের ব্যাপার নিয়ে গত শুক্রবার যুগান্তর কাগজে একটি ছোট লেখা বেরিয়েছিল, সেটা আপনারা হয়ত কেউ কেউ দেখে থাকবেন যে রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্ক গ্রামে দ্বিগুন ফসল ফলিয়েছে। ছোট চাষী, মাঝারী চাষী সেখান থেকে ঋণ পাচ্ছে না, ঋণ পাচ্ছে ধনী চাষীরা এবং সেই ঋণ তারা শতকরা ৭০/৭৫ টাকা সুদে গ্রামে খাটাচ্ছে এবং গ্রামে ১০/১৫ বিঘা জমির মালিক যারা, তারা জমি বিক্রি করবার জন্য রাস্তায় রাস্তায় ঘুরছে, জমি কেনবার লোক নেই। যাদের সত্যিকারে রিলিফ পাওয়া উচিত তারা পাচ্ছে না, এইরকম ডকুমেণ্ট আমার কাছে আছে। কাজেই এই রকম একটা পরিস্থিতিতে সেখানে এক ফসলী জমিকে দো-ফসলী করে গ্রামের কৃষির উন্নয়ন করে গ্রামের বেকার সমস্যার সমাধান করবো এই রকম কথা মাঝে মাঝে উঠছে, সরকারকেও মাঝে মাঝে এই কথা বলতে হচ্ছে। শোনা যাচ্ছে এই সেদিন চেম্বার অব কমার্সে গিয়ে এই ধরণের বক্তৃতা একজন কেন্দ্রীয় মন্ত্রী করে এলেন। এই যে কথাগুলি হচ্ছে এই কথা ঠিক নয়, এই কথা হতে পারে না। কিন্তু গ্রামের যে চিত্র কল্পনা করা হচ্ছে সেদিকে আমি যেতে চাই, পথে বহু হার্ডেল আছে, এদিকে আমরা সকলেই যেতে চাই এবং যে কোন মেজারই নেওয়া হোক না কেন আমরা নিশ্চয়ই সকলে মিলে সমর্থন করবো। কিন্তু বাস্তব অবস্থা হচ্ছে এই ১৮ টু ২০ পারসেণ্ট ইরিগেসন-এর ব্যবস্থা হয়েছে। গোটা উত্তর বাংলার কথাটা একবার ভাবুন, সেখানে কতটুকু ইরিগেসন এর ব্যবস্থা আমরা করতে পেরেছি। বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুরে কতটুকু ইরিগেসনের ব্যবস্থা হয়েছে? বর্ধমান জেলায় ইরিগেসনের খানিকটা সুব্যবস্থা হয়েছে, আমার হুগলী জেলাতেও কিছুটা জায়গায় হয়েছে। আপনারা জানেন কতখানি ইনকাম ডিসপ্যারিটি বেড়ে গেছে। এক ফসলা জমিকে দু ফসলা করার ভিতর দিয়ে কতখানি ইনকাম ডিসপ্যারিটি বেড়ে গেছে, এগুলি আজকে আপনাদের ভাবতে হবে। আজকে গ্রামাঞ্চলের বেকার সমস্যাকে সমস্ত দেশের বেকার সমস্যা বলে মনে করতে হবে। এখানে প্রফুল্ল সেন মহাশয় একটি ষ্ট্যাটিষ্টিকস্ দিয়ে গেছেন। তিনি দেখিয়েছেন ১০ বছরের মধ্যে গ্রামে আরো কৃষি মজুর অনেক বেড়ে গেছে অর্থাৎ ১৮ লক্ষ থেকে ৩২ লক্ষ হয়েছে। ১০ বছরের মধ্যে রেট অব কালটিভেটরস্-এর সংখ্যা ৫ লক্ষ কমে গেছে, এই রেটে গ্রামে বেকারের সংখ্যা বেড়েছে। স্মল ফারমস্, ডেভেলাপমেণ্ট স্কীম, ব্যাঙ্ক লোন, সেচ ইত্যাদি করে গ্রামের সমস্যা গ্রাম থেকেই মেটাতে পারব,

এই চিন্তা, এই পরিকল্পনা বিভিন্ন জায়গায় যে ঘুরে ঘুরে বেড়াচ্ছে, আমাদের পশ্চিমবাংলার মন্ত্রীসভা তার শিকার হবেন না, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকৃষ্ণকুমার শুক্লাঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ২/৩ দিন আগে যুগান্তর কাগজে একটি সংবাদ বেরিয়েছিল "বাণিজ্য মন্ত্রী মহাশয় ঘুষ নিয়েছেন"। যুগান্তর কাগজে এটা বেরিয়েছিল এবং ঘুষ হচ্ছে তিনি কাজের ঘুষ চেয়েছিলেন শিল্পপতিদের কাছে। আমি শুধু একটু বলতে চাই যে যারা ঘুষ দেয় তারা জানে যে অল্প ঘুষ দিয়ে বেশী কিছু আদায় করতে পারবে তার কাছ থেকে। ঘুষ নেবার ব্যাপারে যেন বাণিজ্যমন্ত্রী সতর্ক থাকেন, বেশী না দিয়ে যেন অল্প দেন।

[4-25—4-35 p.m.]

**শ্রীরজনীকান্ত দলুইঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে যে বাজেট পেশ করেছেন আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় সেই বাজেটকে সম্পূর্ণভাবে আমি সমর্থন জানাচ্ছি। কিন্তু সমর্থন জানাতে গিয়ে কয়েকটি মন্তব্য না করলে আমার বক্তৃতা পরিপূর্ণ হবে না বলে আমি মনে করি। তাই আমি তার প্ররিপ্রেক্ষিতে আমার কিছু বক্তব্য এবং সাজেসনই রাখছি, আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় আমার বক্তব্যের পরিপ্রেক্ষিতে নতুন ভাবে চিন্তা করে তাঁর বাজেটকে আর একটু সুন্দর ভাবে আমাদের সামনে তুলে ধরবেন। আমরা দেখেছি আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাতে জনসাধারণের যে সমস্ত দৈনন্দিন প্রয়োজনীয় জিনিস যেমন লংকা, পোস্ত, নারকেল তেল প্রভৃতি যেগুলো গ্রামের গরীব মানুষরা ব্যবহার করেন, সেই সমস্ত জিনিসের দাম তিনি বাড়িয়ে দিয়েছেন। তার ফলে যারা গ্রামের গরীব মানুষ, খেটে খাওয়া মানুষ তারা যে অবস্থার সম্মুখীন হয়েছে, তারা যে আর্থিক অনটনের সম্মুখীন হচ্ছেন, তাতে আমাদের শ্রদ্ধেয় নেত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধী যে গরিবী হটাবার নীতি, সেই নীতি রূপায়ণের পথে পরিপন্থী হয়ে উঠবে বলে আমি মনে করি। আমি অনুরোধ করবো আপনার মাধ্যমে নিশ্চয়ই আমাদের অর্থমন্ত্রী এই বিষয়ে চিন্তা করবেন এবং যাতে দ্রব্যমূল্য প্রতিরোধ হয়, পোস্ত, লংকা, নারকেল তেল, সরষের তেল, এই সমস্ত জিনিসের দাম না বাড়ে, তিনি যেন সেদিকে সজাগ দৃষ্টি রাখেন। দ্বিতীয়তঃ আমরা দেখেছি তাঁর বক্তব্যের মধ্যে যে খরা ত্রাণের জন্ম টাকার ব্যবস্থা করা হয়েছে, কিন্তু আমরা লক্ষ্য করেছি প্রতি বছর পশ্চিম বাংলায় বন্যা ইন এভিটেবল হয়ে দাঁড়িয়েছে সেই বন্যা ত্রাণের ব্যাপারে কোন রকম বক্তব্য এর মধ্যে নেই। বন্যা ত্রাণের ব্যাপারে কোন রকম টাকা ধরা বা অন্ত কোন রকম চিন্তা তাঁরা করেন না। একটা মাষ্টার প্ল্যান করে বন্যা যাতে রোধ করা যায়, নদীগুলি শুকিয়ে যাচ্ছে দিনে পর দিন, সেই নদীকে যাতে ড্রেজার দিয়ে খনন করা যায়, এই সমস্ত পরিকল্পনা কোন রকম আমাদের অর্থমন্ত্রী যে বাজেট রেখেছেন, সেই বাজেটের মধ্যে প্রতিফলিত হয়নি। যে কথা সকলে বলে এসেছেন, আমিও সেই কথা বলছি যে বেকার সমস্যা সমাধানের জন্ম কোন রকম কংক্রিট প্রপোজাল, কোন নীতি, কোন কংক্রিট পলিশি আমাদের নেই। কতকগুলো ভেক কথাবার্তা বলা হচ্ছে। বেকার সমস্যা যেটা দিনের পর দিন প্রকট হয়ে উঠছে, সেই সম্বন্ধে তাঁর বক্তব্যের মধ্যে পরিষ্কার কোন রকম প্রতিফলন আমরা দেখতে পাইনি। আমরা লক্ষ্য করেছি যে হলদিয়াতে বিভিন্ন ধরনের এমপ্লয়মেণ্ট হচ্ছে, সেখানে বিহার, উড়িষ্যা থেকে লোক এসে এমপ্লয়মেণ্ট পাচ্ছে, যেখানে আমাদের দেশে এত বেকার পড়ে রয়েছে। যারা খেটে খাওয়া মানুষ, যারা মাটি কাটতে পারেন, যারা গর্ত খুঁড়তে পারেন, সেই সমস্ত মানুষকে না নিয়ে সেখানে বিহার এবং উড়িষ্যা থেকে যে লোক আসছে তাদের নেওয়া হচ্ছে। আমি অনুরোধ করবো আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়কে যে তিনি যেন এই ব্যাপারে সতর্ক দৃষ্টি

রাখেন। তারা যেন এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে লোক নেবার ব্যবস্থা করেন। আর একটা অত্যন্ত দুঃখের কথা এবং চিন্তার কথাও বটে, আমরা দেখেছি বিভিন্ন অফিসে যেখানে সাউথ ইনডিয়ানরা রয়েছেন, তারা সাউথ ইনডিয়ানদেরই এ্যাপয়েণ্টমেণ্ট দিচ্ছেন এবং তাদের কাজে নিয়োগ করছেন। ফলে আমাদের এখানকার লোকেরা ম্যান অব দি সয়েল বলে আমরা যাদের জন্য চিন্তা করছিলাম সেই সমস্ত লোকেরা চাকরী বাকরি পাচ্ছে না। আমাদের দেশের লোকেরা সেখানে প্রতারিত হচ্ছেন, এই ব্যাপারে আপনার মাধ্যমে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, তিনি যেন এই সমস্ত বিষয়ে তাঁর সজাগ দৃষ্টি রাখেন। দ্বিতীয়তঃ আমরা দেখেছি, আমাদের অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক ব্যবস্থা করার কথা ছিল, অষ্টম শ্রেণী পর্যন্ত ছেলেমেয়েদের লেখাপড়ার জন্য বেতন দিতে হবে না। কিন্তু যে বাজেট আমাদের সামনে পেশ করা হয়েছে, তার মধ্যে এই রকম কোন কথা দেখতে পাই না যে ৮ম শ্রেণী পর্যন্ত বাধ্যতামূলক অবৈতনিক করা হবে। মাধ্যমিক শিক্ষকদের নিয়মিতভাবে বেতন দেওয়ার কথা ছিল, কিন্তু এই বাজেটের মধ্যে আমরা দেখতে পাই না যে তাদের নিয়মিত ভাবে বেতন দেবার ব্যবস্থা করা হচ্ছে। আরও কথা হয়েছিল যে স্যালারি ডেফিসিট, অর্থাৎ যে সমস্ত নতুন হাই এবং হায়ার সেকেণ্ডারী স্কুল হচ্ছে, আমরা এখানে ৭০ থেকে ৮০ জন শিক্ষক রয়েছি বিধান সভার সদস্য হিসাবে, আমরা চিৎকার করে বলে আসছি, বিশেষতঃ যে সমস্ত স্কুল নতুন হাই এবং হায়ার সেকেণ্ডারী স্কুল হচ্ছে, তাদের স্যালারি ডেফিসিট করতে হবে। আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী বলেছিলেন যে তিনি চেষ্টা করে দেখবেন। ফার্ষ্ট মে থেকে করার কথা ছিল, কিন্তু আমরা এই বাজেটের মধ্যে তা দেখতে পাচ্ছি না এবং তার কোন প্রতিফলন নেই। এই সম্বন্ধে আমরা কোন সুস্পষ্ট বক্তব্য আমরা শুনতে পাচ্ছি না। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকাশীনাথ মিশ্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই এই বাজেটকে অভিনন্দন জানাচ্ছি এই কারণে যে, এই বাজেটে আমি দেখছি যে কেন্দ্রের উপর চাপ সৃষ্টি করা হয়েছে এবং সেই জন্যই আমি এই বাজেটকে অভিনন্দন জানাচ্ছি। এখানে জনসংখ্যার ভিত্তিতে কেন্দ্রের কাছে টাকা চাওয়া হয়েছে, এই ছাড়া দেখতে পাচ্ছি যে এই বাজেটে কিছুটা নতুন আশা এবং তার সাথে কিছুটা নিরাশাও আছে, আর সেটা হচ্ছে কতকগুলি জিনিসের উপর ট্যাক্স বেড়ে গেল এবং এইগুলি আমাদের উপর চাপিয়ে দেওয়া হলো। যেমন যানবাহন, ট্রাকের উপর, যখন আমরা দেখছি ওয়াগান সর্টেজ এবং ট্রাকের মাধ্যমে মালপত্রগুলি আসছে, যেগুলি আগে ওয়াগানের মারফত আসত সেই ট্রাকের উপর যদি ট্যাক্স বসান হয় তাহলে একটা ইনডাইরেকটলি গরীবদের উপর চাপ সৃষ্টি হবে এবং সেই গরীবরা সাফার করবে। যে কথা আমার পূর্ববর্তী বক্তা বলেছিলেন যে, পোস্ত এবং সাধারণ জিনিসপত্রের উপর ট্যাক্স বসার ফলে গরীব লোকেদেরই ক্ষতি হবে এবং তাতে ইন্দিরা গান্ধীর গরিবী হটাও নীতি ব্যাহত হবে। এই ছাড়া আমরা দেখতে পাচ্ছি কতগুলি জিনিস যেটা থেকে আমাদের ট্যাক্স আসতে পারে এই রকম জিনিস—কয়েকদিন আগে দেখা গিয়েছে যে আমাদের যুগান্তরে ২৯/৩/৭২ তারিখে আকাশ বাণীর বিজ্ঞাপন থেকে বোম্বাই আয় করেছে ১৯৬৮-৬৯ সালে ৫৪ লক্ষ টাকা, আর ব্যয় করছে ১৪ লক্ষ টাকা। সে ক্ষেত্রে কলকাতা দেখতে পাচ্ছি আয় করেছে ২৭ লক্ষ টাকা আর ব্যয় করেছে ৭৪ লক্ষ টাকা।—বোম্বাই করে না তারা পুরো টাকা উন্নয়নের কাজে লাগায়, আর আমাদের পশ্চিমবাংলায় কিছু টাকা লগ্নি হচ্ছে বাকি টাকা ফিরে যাচ্ছে। আমাদের ঐ টাকা আমাদের উন্নয়নের কাজে, নানা রকম উন্নয়নের কাজে লাগানো যায়, কিন্তু তা না করে সেই টাকা অন্য জায়গায় চলে যাচ্ছে আর আমাদের উপর ট্যাক্স বসানো হচ্ছে। তাই আমি এই ব্যাপারে দৃষ্টি দিয়ে বলছি যে যাতে আমাদের গরীবদের উপর চাপ সৃষ্টি না হয় তার জন্য কৃষির উপর জোর দিতে

হবে। আমাদের পশ্চিম বাংলার মধ্যে শতকরা ৭০ ভাগ কৃষিজীবী। তাই আমি বলছি যে এই কৃষকরা বাঁচলে তবেই দেশ বাঁচবে এবং তাহলে কলকাতার উন্নয়ন স্বার্থক হবে। গ্রাম বাংলার উন্নয়ন স্বার্থক হবে। কিন্তু গ্রাম বাংলার কৃষকদের উপর চাপ সৃষ্টি হচ্ছে এবং আমরা দেখতে পাচ্ছি যে ভূমিহীন কৃষকদের যে জমি দেবার চেষ্টা করছি সেই নিয়ে তারা ঠিকমত চাষ করতে পারছে না, কেন না তারা ঠিকমত বীজ পায় না সার পায় না। তাই কৃষকদের প্রতি যেন দেখা হয়, তাদের উন্নতির দিকে যেন নজর দেওয়া হয় এবং কৃষকদের যেন স্বার্থ দেখা হয়। আমি দেখেছি আমাদের কৃষকদের নানারকম অসুবিধার মধ্যে থাকতে হয়, তাদের গৃহের সমস্যা আছে। আজকে হাউস বিল্ডিং গ্রাণ্ট বা হাউস বিল্ডিং লোন এই কৃষকরা পায় না। ওরা গরমে রোদে পুড়ছে আর বর্ষায় বৃষ্টিতে ভিজছে। তাই এই বাজেটের মধ্যে ঐ ভূমিহীনদের জন্য যদি হাউস বিল্ডিং গ্রাণ্টের ব্যবস্থা থাকত তাহলে আমরা খুশী হতাম। আমি আপনার মাধ্যমে সরকারকে এই বিষয়ে দৃষ্টি দিতে বলছি। তার পর আমি শিক্ষার ব্যাপারে বলছি।

( এই সময়ে লাল আলো জ্বলিয়া উঠিল। )

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে তরুণ সদস্য হিসাবে অন্তত দুই মিনিট সময় দিন।

**মিঃ স্পীকার ঃ** I am bound by the rules of the House. You have been alloted five minutes. I cannot allow more time.

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** আমার বক্তব্য কিছুই বলা হলো না, আমাকে বলবার একটু সময় দিন। আমার বক্তব্য হচ্ছে যে সাধারণ মানুষের যে চিন্তাধারা সেটা এই হাউসের মাধ্যমে বললে আমি মনে করি সরকারের লাভ হয়। প্রাথমিক শিক্ষার কথা অনেক বলা হয়েছে, কিন্তু এখানে হায়ার সেকেণ্ডারী সম্বন্ধে কোন কথা নাই।

**মিঃ স্পীকার ঃ** You will have to ask the Whip of your party and if the Whip is not allowing you more time, I am sorry I cannot help you

So, I would request you to take your seat. Your time is already over.

(At this stage the honourable Member resumed his seat.)

[4-35—4-45 p.m.]

**শ্রীশচীনন্দন সাউ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ পশ্চিম বাংলার অর্থবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বাজেট উপস্থিত করেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য পেশ করছি। এই বাজেটে আমরা লক্ষ্য করলাম বড় বড় ভূস্বামীরা যে সমস্ত জমি বেনামে গোপনভাবে রেখে দিয়েছে সে সমস্ত জমি পুনরুদ্ধারের জন্য সরকার চেষ্টিত। এই বাজেটে সবচেয়ে দুঃখ দিচ্ছে এই কারণে যে আমার যে জেলা সেই বীরভূম জেলার প্রতি কোন দৃষ্টি এতে নেই। এই বাজেটে লক্ষ্য করছি গ্রামবাংলার মানুষের দিকে কোন দৃষ্টি দেওয়া হচ্ছে না। বাজেটে অনেক কিছু লেখা হয়েছে। কিন্তু গ্রামবাংলার মানুষের কিভাবে উন্নতি হবে সেদিকে কোন লক্ষ্য নেই। বিশেষ করে গ্রাম বাংলার মানুষ বেকার ও বীরভূম জেলাকে এই বাজেট হতাশ করেছে। বীরভূম জেলা কৃষিপ্রধান জেলা। কিন্তু তার দিকে কোন দৃষ্ট নেই। ক্ষুদ্র কৃষিজীবীদের উন্নয়নের জন্য দার্জিলিং, হুগলী, বাঁকুড়া, মেদিনীপুর, পুরুলিয়া জেলায় প্রকল্প গ্রহণ করা হয়েছে, কিন্তু বীরভূমের জন্য কিছু করা হয়নি। বীরভূম কি উন্নত জেলা? আমি লক্ষ্য করছি পুষ্করিনী উন্নয়নের জন্য সরকার দৃষ্টি

দিয়েছেন, কিন্তু আমাদের জেলার সেসব কিছু নেই। এমন কি দুঃখের সঙ্গে জানাচ্ছি যে সেখানে পুষ্করিণী উন্নয়ন অফিসার নেই। ময়ূরাক্ষী পরিকল্পনায় প্রচুর উন্নতি হয়েছে। বীরভূম জেলায় উদ্বৃত্ত ধান চাল অন্যান্য জায়গায় দেওয়া হয়। কিন্তু বীরভূম জেলায় ৪০% মাত্র চাষ হয়। ৬০% জমিই অসেচ এলাকায়। সেসব দিকে বারবার দৃষ্টি আকর্ষণ করা সত্বেও কোন প্রচেষ্টা এই বাজেটে নেই। হিংলোল বাজারে contractor-রা এত ধীর ভাবে কাজে করছেন যে সেদিকে দৃষ্টি আকর্ষণ করা সত্বেও কিছু হয়নি। ইলামবাজার, রাজনগর খয়রাসোল, দুবরাজপুর ইত্যাদি বীরভূম জেলার ৪টা থানা খরায় কিভাবে কবলিত হয়েছে সেটা central team দেখে এসেছেন। দার্জিলিং-এ ট্রাকে করে সেখানে দরজায় দরজায় জল দেওয়া হচ্ছে। এখানে যুব কংগ্রেসের ছেলেরা দরজায় দরজায় গিয়ে জল দিয়েছে। খরা প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার বাঁকুড়া, পুরুলিয়া, এমন কি মেদিনীপুর জেলাকেও সাহায্য দিয়েছে, কিন্তু বীরভূম জেলাকে সেখানে বাদ দেওয়া হয়েছে। এজন্য বীরভূমবাসীদের মধ্যে একটা চরম হতাশা এনে দিয়েছে এবং দুবরাজপুর কেন্দ্রের নির্বাচিত বিধান-সভার সভ্য হিসাবে দুঃখ প্রকাশ করছি। আমি মনে করছি বীরভূম জেলাকে জেলা বলেই গণ্য করা হয়না। বীরভূম জেলা কি পশ্চিমবাংলার একটা জেলা নয় সেটা আমি জানতে চাই। এখানে দরিদ্র, বেকারী, আধাবেকারীর সম্বন্ধে কথা উঠেছে। আমাদের বীরভূম জেলার জাহানাবাদ প্রকল্পের দিকে দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে অজয় বাঁধে B A., B.Sc., L.C.E., L.M.E. ইত্যাদি শিক্ষিত বেকাররা মাটি কাটছিল, কিন্তু তাদের সেই কাজ থেকে বঞ্চিত করা হচ্ছে। আপনারা জানেন যে C P.M. S.U.C. নকশালেরা কিভাবে তাণ্ডব সুরু করে আমাদের জেলার শিক্ষিত বেকারদের উচ্ছৃঙ্খল করে তুলেছিল এবং রক্তস্নাত করেছিল। সেখানে পর পর ২টা নির্বাচনে কংগ্রেস পরাজিত হয়েছিল, কিন্তু আজ সেখানে ১২টা আসনের মধ্যে ১১টা আসন আমরা পেয়েছি। আমি এই আশা রাখি যে আগামী দিনে এই জেলার দিকে বিশেষভাবে দৃষ্টি দিয়ে বাজেট রচিত হবে। এই বলে আমি বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুনীল ঘোষ মল্লিক:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে আমি স্বাগত জানাই। স্বাগত জানাই এই কারণে যদিও আমাদের ইলেকসান ম্যানিফেষ্টোর মত সব আশা পুরণ হয়নি তবুও এই বাজেট প্রোগ্রেসিভ বাজেট। কিন্তু দুঃখের বিষয় এই বাজেটে পঞ্চায়েত রাজের আদৌ কোন উল্লেখ নেই। অথচ সি. এম. ডি-এর কর্মসূচী যথাসম্ভব রূপায়ণ করবার ব্যবস্থা আছে যার ফলে শহরাঞ্চলের উন্নতি হবে কিন্তু পঞ্চায়েত রাজের কোন ব্যবস্থা না থাকায় গ্রাম এলাকাকে অবহেলা করা হয়েছে বলে আমি দুঃখিত। আমি গ্রাম বাংলা এবং শহর বাংলা উভয়েরই উন্নতি চাই। সেজন্য আমি এই বিষয়ে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর বেকার সমস্যা সমাধানের প্রতি কোন ব্যবস্থা না থাকাতে আমরা উদ্বেগ বোধ করছি। এজন্য আমি একটা প্রস্তাব রাখতে চাই যে, আমাদের ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশানে মাসে প্রায় ১২ লক্ষ টাকা লোকসান হচ্ছে। এই কর্পোরেশানের বাস যদি গভর্ণমেন্ট থেকে লিজ দেন তাহলে লোকসান হবেনা বরং সরকারের আয় হবে। এই ১২ লক্ষ লোকসানের টাকাতে যদি আমরা ১৫০ টাকা করে মাইনে দিই তাহলে ৮০ হাজার বেকার যুবকদের কর্ম সংস্থানের ব্যবস্থা করতে পারা যায় বলে আমি মনে করি। শুধু চাকরি দিয়ে বেকার সমস্যা সমাধান করা সম্ভব হবে না, এজন্য প্রতি জেলায় শিল্প প্রতিষ্ঠান গড়ে তোলা দরকার। তাই আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি প্রতি জেলাতে বিশেষ করে মুর্শিদাবাদ জেলাতে সুগার মিল, জুট মিল স্থাপন করার ব্যবস্থা করুন এবং প্রতি ব্লকে ছোট ছোট শিল্প প্রতিষ্ঠান স্থাপন করে স্থানীয় বেকারদের কর্ম সংস্থানে সাহায্য করুন। রাজ্যপালের ভাষণে উত্তরবঙ্গে বন্যা নিয়ন্ত্রণ

প্রকল্পের ব্যবস্থা ছিল এবং বর্তমান বাজেটে নিম্ন দামোদর ও ৫টি নদীর বন্যা নিয়ন্ত্রণ কর্মসূচীর কথা উল্লেখ আছে। কিন্তু দুঃখের বিষয় মুর্শিদাবাদ জেলায় বিশেষ করে কাঁদি মহকুমায় এবং নবগ্রাম থানায় বন্যা নিয়ন্ত্রণের কোন পরিকল্পনা নেওয়া হয়নি এবং প্রতি বছর বন্যার কবলে পড়ে স্থানীয় অধিবাসীদের ইকনমিক ষ্ট্রাকচার কোলাপ্সিং ষ্টেজে এসেছে। এই অঞ্চলে বন্যা নিয়ন্ত্রনের আশু ব্যবস্থা না হলে এই বন্যা কবলিত অধিবাসীদের ধ্বংসের মুখে এগিয়ে দেওয়া হবে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি অর্থমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাই তিনি যেন এই বিষয়ে আশু প্রতিকারের ব্যবস্থা করেন। সর্বশেষে আমার একটা অনুরোধ বহরমপুরে একটা মেডিক্যাল কলেজ স্থাপন করে মালদহ ও মুর্শিদাবাদ জেলার ছেলেদের পড়ার সুযোগ করে দিন, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-45—4-55 p.m.]

**শ্রীহেমন্ত দত্তঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গ সরকারের অর্থমন্ত্রী মহাশয় ১৯৭২-৭৩ সালের জন্য যে বাজেট পেশ করেছেন তাকে স্বাগত জানাতে গিয়ে আমার মনে যে সমস্ত কথা এবং প্রস্তাব এসেছে তার ২/১টি আপনার সামনে রাখতে চাই। আমাদের প্রকৃতি এবং মানুষ এই দুটি নিয়ে কাজ। কাজেই এই ন্যাচারাল রিসোর্সেস এবং ম্যান পাওয়ারকে আমাদের কাজে লাগাতে হবে। আমাদের পশ্চিমবাংলায় যথেষ্ট ম্যান পাওয়ার আছে এবং সঙ্গে সঙ্গে প্রাকৃতিক সম্পদও আছে, কাজেই একে আমাদের কাজে লাগাতেই হবে। আমাদের বেকার সমস্যার রূপ সঙ্গীন হয়েছে। আমাদের যখন ম্যান পাওয়ার আছে এবং প্রাকৃতিক সম্পদও আছে, তখন এই দুটিকেই কাজে লাগাবার ব্যবস্থা করতে হবে। আমরা বাজেটে যত টাকাই রাখিনা কেন আমরা যদি উৎপাদন বৃদ্ধি না করি তাহলে শুধু কাগজী মুদ্রায় পেট ভরবেনা। কাজেই ন্যাচারাল রিসোর্সকে আমাদের কাজে লাগাতে হবে। আমাদের গ্রামীন কৃষি সম্পদ যা আছে তাকে সবচেয়ে বেশী কাজে লাগাতে হবে। আমাদের যে সমস্ত শিল্প আছে সেটাও কৃষি ভিত্তিক। কিন্তু আমরা লক্ষ্য করছি অনেক শিল্প আজ কাঁচামালের অভাবে অচল হয়ে যাচ্ছে। একটা কথা আছে দি ওয়াল্ড নোজ লিটল অব ইটস্ গ্রেটেস্ট মেন। যারা মাঠে খাটে, রোদে পুড়ে, জলে ভিজে এই সম্পদ উৎপাদন করে তাদের কথা আমরা মনে রাখিনা। আমরা কৃষকদের কাছ থেকে যথেষ্ট উৎপাদন চাই, কিন্তু সেই কৃষকদের কথা, গ্রামের কথা আমরা ভুলে যাই। আমরা দেখছি যে সমস্ত জমি আছে তার সিলিং নির্ধারণ করবার জন্য আমরা উঠে পড়ে লেগেছি এবং এই ব্যাপারে বিলও আসছে। কিন্তু যে সমস্ত আর্বান প্রোপার্টি আছে তার সম্পর্কে সিলিং নির্ধারণ করবার কোন কথা উঠছে না। আমি মনে করি যেখানে আয়ের যথেষ্ট সুযোগ আছে সেই সুযোগ আমাদের গ্রহণ করা উচিত। চাষীর উন্নতির কথা আমরা লক্ষ্য করিনা। তারা মহাজনদের কাছ থেকে ঋণ গ্রহণ করে নিঃস্ব হচ্ছে, অথচ তাদের আমরা সিড, ক্যাটেল পার্চেজ লোন এবং জল দিতে পারছিনা চাষের জন্য। গত ৩ বছর ধরে যে ফসলহানী হয়েছে তার কারণ হচ্ছে জলের অভাব। আমাদের দেশে প্রকৃতির উপর নির্ভর করে চাষ আবাদ করতে হয়। কাজেই জলের ব্যবস্থা করতে পারলে যে কৃষির উৎপাদন বাড়বে সেই বিষয়ে আমাদের সচেষ্ট হতে হবে। আমরা বলেছি ৩৮ হাজার গ্রামের মধ্যে ১০ হাজার গ্রাম ইলেকট্রিফাইড করা হবে এবং ইলেকট্রিফিকেসনের সুযোগ নিয়ে আমরা সেখানে ডিপ টিউবওয়েল বসাব। কিন্তু আমরা দেখছি ১৭০০টির মধ্যে ১০০টি কার্যকরী আছে এবং বাকীগুলো অকেজো। দুঃখের বিষয় সেই ডিপ টিউবওয়েল বসাবার চেষ্টা করা হচ্ছেনা। কৃষকদের ভাগ্যের উন্নতি না করলে আমরা বাঁচবনা এবং কৃষক মরলে আমরা কেউ বাঁচবনা। কাজেই আমি মনে করি তাদের উন্নতি করতেই হবে। আজকে

দেশের মধ্যে যে প্রাকৃতিক সম্পদ আছে তাকে আমাদের গ্রহণ করতে হবে। বাজেটে যে অর্থ ধরা হয়েছে সেই অর্থের যদি সৎ ব্যবহার না হয় তাহলে কোন কাজ হবেনা। প্রশাসনিক খাতে যে সমস্ত অর্থ ব্যয় হয় সেটা যদি ইকনমিক্যালি চালান যায় তাহলে তা থেকে যে অর্থের সাশ্রয় হবে তাতে আমাদের অনেক কাজ হবে। অনাদায়ী ট্যাক্স আদায় করবার জন্য আমরা প্রশাসনিক যন্ত্রকে সজাগ করে তুলছিনা। আমরা বৈপ্লবিক দৃষ্টিভঙ্গী নিয়ে এসেছি এবং যথেষ্ট সংখ্যা গরিষ্ঠতা নিয়ে সরকার গঠন করেছি। কিন্তু আমরা যদি সেই বৈপ্লবিক দৃষ্টিভঙ্গী নিয়ে এগুতে না পারি, আমরা যদি বড়লোককে ভয় করি, আমরা যদি পুঁজিপতিকে আশ্রয় দেই, আমরা যদি একচেটিয়া কারবারকে প্রশ্রয় দেই তাহলে সেই ওল্ড ওয়াইন ইন দি নিউ বটল ছাড়া আর কিছুই হবেনা। আমি মনে করি ওল্ড জিনিস পাল্টাবার সময় এসেছে। আমি একজন শিক্ষক এবং আমার মনে হয় এখানে ৭০।৮০ জন শিক্ষক আছেন। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন পশ্চিমবাংলায় যত লাম্প গ্রান্ট স্কুল আছে তাকে ডেফিসিট গ্রান্ট বেসিসে আনবেন। কিন্তু আমি তারজন্য কোন অর্থ বরাদ্দ দেখছিনা। মুখ্যমন্ত্রী গর্বভরে এবং গৌরবের সঙ্গে বলেছিলেন আমরা যে প্রতিশ্রুতি দেই সেটা আমরা রক্ষা করে থাকি। সেই প্রতিশ্রুতি যাতে রক্ষা করা হয় সেই আবেদন আমি মুখ্যমন্ত্রীর কাছে এবং আপনার কাছে রাখছি এবং সর্বশেষে এই বাজেট সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** Honourable Members, I have got an announcement to make. I think, the honourable Member Shri Naba Kumar Chattejee of Memari, Dist. Burdwan, while proceeding in a taxi, left his bag and the identity card. The taxi driver, Hariram, of Taxi No. WBT 6227 has been pleased enough to hand them over to me. I now call upon Shri Naba Kumar Chatterjee to take delivery of his bag and the identity card. I am really glad that the driver Hariram of taxi No. WBT 6227 has been pleased to hand it over to me.

**Shri Narayan Bhattacharya** : Taxi Driverকে আমাদের হাউসের তরফ থেকে ধন্যবাদ জানান উচিত।

**Mr. Speaker** : That is an appreciation. We have all appreciated the honesty, sincerity and the troubles the driver has taken to come over here to hand it over to our Mr. Deputy Speaker. But as the Deputy Speaker was out it was given to me. This type of honesty, and particularly the sense of responsibility he has shown by handing the articles over to me, is really praiseworthy.

**শ্রীপ্রফুল্ল মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন মোটামুটিভাবে আমি সেই বাজেটকে সমর্থন জানাচ্ছি, কিন্তু এই বাজেটের মধ্যে আমাদের আশা আকাঙ্খা সম্পূর্ণ প্রতিফলিত হয়নি সেই কথা এখানে না বলে পারছি না। এর আগে একটি কথা বলতে চাই সেটা হচ্ছে আমাদের বলবার যা যা আছে তা বলতে সময় পাওয়া যায় না এবং অতি অল্প সময় পাওয়া যায় যার জন্য আমরা সম্পূর্ণ কথা বলতে পারিনা। একটা দাবির প্রতি অনেকদিন আগে থেকেই সরকারের দৃষ্টি আকর্ষণ করে এসেছি, সেটা আমাদের জেলার তথা আমার কনষ্টিটিউয়েন্সীর একটা গুরুত্বপূর্ণ দাবী। সেই দাবী হচ্ছে বড় চৌকা বেসিন বলে একটা বেসিন আছে, সেই বেসিনের

অধিবাসীদের অত্যন্ত দুঃখ ভোগ করতে হচ্ছে এবং এই সমস্যার সমাধান করবার জন্য আমি সরকারের বারবার দৃষ্টি আকর্ষণ করেছি। ১৯৭১ সালে যে স্বল্পকালীন বিধানসভার অধিবেশন বসেছিল সেই সময় দৃষ্টি আকর্ষণ করেছিলাম এবং এবারের রাজ্যপালের ভাষণের উপর বক্তব্য রাখতে গিয়েও সরকারের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। মাননীয় সেচ মন্ত্রীমহাশয়কে অনেকবার এই কথা বলেছি। কিন্তু এখনও পর্যন্ত যে বাজেট উপস্থিত করা হয়েছে এবং এর মধ্যে কিছু কিছু যে পরিকল্পনা সংযোজিত করা হয়েছে তাতে এই মেদনীপুর জেলার এই গুরুত্বপূর্ণ প্রকল্পের উল্লেখ না পেয়ে আমি এবং আমাদের এলাকার অধিবাসীরা সম্পূর্ণ হতাশ হয়ে পড়েছি। তারা আমাকে এই বিষয়ে এই বাজেট প্রকাশিত হওয়ার পরে জানিয়েছে কিন্তু এবারে নাই এমন কি ১৯৭২-৭৩, ১৯৭৩-৭৪-এর গৃহীত পরিকল্পনার মধ্যেও এই সমস্যা সমাধানের কোন পরিকল্পনা নাই। আর একবার আমি মাননীয় অর্থমন্ত্রীকে এই বিষয়ে বিশেষভাবে বিবেচনা করবার জন্য অনুরোধ জানাচ্ছি। তাছাড়া অন্যান্য সমস্যার মধ্যে যে বেকার সমস্যা আমাদের সামনে এসে দাঁড়িয়েছে এই ব্যাপারেও আমরা অনেক ব্যতিব্যস্ত হয়েছি। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই হাউসের সামনে রাখতে চাই আর একটা কথা যে, আমরা ২২।৬ তারিখের কাগজে দেখলাম যে এই মন্ত্রীসভা সিদ্ধান্ত নিয়েছেন যে প্রতি জেলায় প্রতি কনষ্টিটিউয়েন্সীতে ১০০ জন করে বেকারকে চাকরী দেয়া হবে।

[4-55—5-05 p.m.]

এই সংবাদ যেদিন থেকে বেরিয়েছে তার পরদিন থেকে আমাদের পথেঘাটে চলা অত্যন্ত অসুবিধাজনক হয়ে পড়েছে। লোকের কথার কোন জবাব আমরা দিতে পারছিনা। আমি এখানে মন্ত্রীসভার কাছে জানতে গিয়ে দেখেছি যে কেউই ঠিক করে বলতে পারেননা কিভাবে এই খবর বেরিয়েছে এবং এই সংবাদের সত্যতা কতদূর। মাঝে মাঝে এই রকম সব সংবাদ সংবাদপত্রে বের হয় যেগুলির জবাব আমরা জনসাধারণের কাছে দিতে পারিনা। আমি এই বিষয়ে সরকারের দৃষ্টি এই জায়গায় আকর্ষণ করছি। তাছাড়া বৈদ্যুতিকরণের ব্যাপারে সরকারের প্রতিশ্রুতিমত কাজ হচ্ছেনা এবং আমাদের যেসব এলাকা বন্যাগ্রস্ত এবং খরা এলাকা সেখানে চাষ হবার জন্য বিভিন্ন দপ্তরে গিয়ে জেনেছি যে সেই সব এলাকা ডিপ টিউবওয়েলের অগ্রাধিকার পাচ্ছেনা। সেই দিকে আমি দৃষ্টি আকর্ষণ করছি। সময়ের স্বল্পতার জন্য এইখানে আমার বক্তৃতা শেষ করছি।

**শ্রীসরোজ রায়ঃ** স্পীকার মহোদয়, আজকে বাজেটের সাধারণ আলোচনার শেষ দিন। ইতিমধ্যে বাজেটের বিভিন্ন দিক থেকে বক্তৃতা হয়েছে, আলোচনা হয়েছে। আমি মোটামুটি একটা জিনিস রাখতে চাই এই বাজেটের দিক থেকে প্রাইয়োরিটি, অগ্রাধিকার কি হবে। সেদিক থেকে বলতে গেলে একটা প্রশ্ন আগে আমরা বাজেটকে এতদিন ধরে দেখে আসছি যে কিসে কত টাকা খরচ হবে এইভাবে সাধারণ একটা বাজেটারি পলিসি বলা হতো। এদিক থেকে যদি দৃষ্টি ঘুরান না যায়, সাধারণ ইকনমি পলিসি যা নিয়েছি—বাজেটটা ইকনমিক পলিসির একটা অংশ এইভাবে যদি না দেখি তাহলে আমাদের আজকে বাজেটে যে টাকা খরচ করছি কোনখানে তার প্রাইয়োরিটি দেবো তা ধরা মুশকিল হবে। আমি এখানে একটা কথা বলতে চাই যিনি এই বাজেটকে সেইভাবে দেখতে চেয়েছিলেন, পণ্ডিত নেহেরু, তিনি একটা ভাষণে বলেছিলেন, "The budget should be viewed in the perspective of what the Country has to do

and what it has to achieve." এই দিক থেকে যদি দেখা যায় তাহলে আজকের দিনে আমাদের চোখের সামনে যে জিনিস দেখতে পাচ্ছি যেটা আজকে জাতীয় ইকনমিক পলিসির দিক থেকে রাজনৈতিক কাজ যেটা আমাদের সামনে এসে দাঁড়িয়েছে সেইভাবে যদি দেখি তাহলে যে বাজেটে কর্মসংস্থান হবে, উৎপাদনমুখী ক্রয় ক্ষমতার দিকে যদি লক্ষ্য রাখি তাহলে সমাজের যারা সবচেয়ে নিপীড়িত লোক, যারা সমাজের উৎপাদনে সবচেয়ে বেশী সাহায্য করে তাদের দিকে লক্ষ্য রেখে বাজেট রচিত হওয়া দরকার। আজকে সেইজন্য যেখানে শতকরা ৭৬ ভাগ লোক বাস করে সেই গ্রাম বাংলার দিকে যদি লক্ষ্য করি, যারা কৃষির উপর নির্ভরশীল, তাদের অবস্থা কি হয়েছে। যে খরা গেল তা আমাদের চোখে আঙুল দিয়ে শিক্ষা দিয়েছে। কয়েক দিনের খরায় বাংলা দেশের অর্থনীতি একেবারে ভেঙ্গে গেল। আজকে সেখানে প্রথমেই প্রশ্ন করতে হয় যে যিনি আজকে বাজেট রচনা করেছেন, এই দিক থেকে লক্ষ্য রেখে গ্রাম বাংলায় ছোট ছোট সেচ এবং ঝরনা বেঁধে কত লোককে কাজ দিতে পারবেন। ছোট ছোট খাল, লিফট ইরিগেশন, গভীর টিউবওয়েল, কতগুলি করতে চাচ্ছেন যা দিয়ে এক বৎসরে কত লোককে কাজ দিতে পারবেন এবং সেদিক থেকে যে জমির উন্নতি হবে—যেখানে বড় করে প্রশ্ন উঠেছে যে জমিতে তিন ফসলা করতে হবে। কিছু কিছু জায়গায় কেন, বহু জায়গায় তিন ফসলা চাষ হচ্ছে, গ্রামে গ্রিন রেভোলিউশন সুরু হয়ে গিয়েছে, আজকে বাংলা দেশে কারা সেটা করেছে? আজকে যারা আমাদের দেশে বড় চাষী তারাই আজকে সুযোগ পাচ্ছে, তারা ব্যাঙ্ক থেকে টাকা নিচ্ছে, পাম্প মেশিন কিনতে পাচ্ছে, ফার্টিলাইজার যোগাড় করতে পারছে এবং তাদের জমিগুলিই আজকে তিন ফসলী হচ্ছে। আজকে এক ফসলী জমি যদি তিন ফসলী হয় তাহলে ৩ এর ৩ গুণ ৯ জনের কাজের ব্যবস্থা হচ্ছে। কিন্তু যারা ছোট ছোট কৃষক তারা তাদের জমি বিক্রী করে দিতে বাধ্য হচ্ছে আর কিনছে বড় বড চাষীরা। আজকে তাঁদের লক্ষ্য রাখতে হবে যদি এক ফসলী জমিকে তিন ফসলীতে পরিণত করা যায় তাহলে কত লোককে নিয়োগ করা যাচ্ছে। এইভাবে পশ্চিমবাংলায় প্রায় ৩৮ হাজার গ্রাম আছে তাতে প্রতি গ্রামে যদি দুটি করে পুকুর কাটান যায় তাহলে প্রতি পুকুরে পাঁচজন করে লোক নিয়োগ করলে কয় বছর লাগছে এবং কত লোক নিয়োগ হচ্ছে। হিসাব করে দেখা যাবে যে সেখানে এক বছরে ৩ লক্ষ ৮০ হাজার লোকের কাজ হবে। আমাদের গ্রাম বাংলায় ৩৮ হাজার গ্রাম আছে আজকে ১০টি করে গ্রামে যদি একটি করে গুদাম করা যায় তাহলে বহু কৃষক সেখানে ফসল রাখতে পারবে। আজকে এটা সকলেই জানেন যে ফসলের দাম বাড়ে এবং এইভাবে গুদামে রাখতে পারলে যখন দাম বাড়বে তখন সেটা সেখান থেকে নিয়ে তারা বিক্রী করতে পারবে। বহু জায়গায় রাস্তা নাই পথ ঘাট ভাল নাই, তাই সেখানে ফার্টিলাইজার নিয়ে যেতে পারেনা, সেই সমস্ত গ্রামে যদি ফার্টিলাইজার গুদামজাত করে রাখা যায় তহলে তাদের সুবিধা হবে। হিসাব করে দেখা গেছে যে প্রতিটি গুদামে যদি ১০ জন করে লোকের কাজ হয় তাহলে বহু লোকের কর্মসংস্থান হতে পারে। আজকে চাষের জলের প্রশ্নে দেখা যায় বহু টিউবওয়েল এবং ম্যাসনরী ওয়েল্‌সের দরকার হচ্ছে এবং এই জল এক দিকে যেমন পানীয় জল হিসাবে ব্যবহৃত হচ্ছে অন্য দিকে তেমনি সেচের জল হিসাবেও ব্যবহৃত হচ্ছে। এতেও বহু লোককে নিয়োগ করা যায়, আমি এখন কংক্রিটলী বলতে পাচ্ছিনা সময়াভাবে। এগুলি করলে পর দেখা যাবে অন্ততঃ ১ লক্ষ ২০ হাজার লোককে কাজে নিয়োগ করা যায়। একদিকে আমাদের শ্রমশক্তি অন্যদিকে আমাদের উপকরণ, এটাকে যদি আমরা মূলধন হিসাবে ব্যবহার করি তাহলে আমাদের কৃষির উন্নতি হবে দেশের উন্নতি হবে। পরশুদিন একজন বন্ধু বলছিলেন গ্রামবাংলায় পশুপালনের কথা। তামিলনাড়ু, মহীশূর এই সমস্ত অঞ্চলে পাখী পালনের দিক থেকে অনেক এ্যাডভান্স, আমরা প্রতিগ্রামে যদি পোলট্রী, পিগারী ইত্যাদি করতে পারি তাহলে সেদিকে কত লোককে নিয়োগ করতে পারি সেটাও হিসাব করে দেখতে পারি।

প্রত্যেকটিতে যদি ৪ জন করে লোককেও এমপ্লয় করতে পারি এবং এই সমস্ত প্রোগ্রামকে প্রাইওরিটি দিতে পারি তাহলে বহু লোককে কাজ দেওয়া যেতে পারে।

[5-05—5-15 p.m.]

শুধু তাই নয় আজকে ছোট ছোট গঞ্জে সহরে গ্রামাঞ্চলে কুটীর শিল্পের উন্নতির কথা—বাজেটের একটা জায়গাতে মন্ত্রী মহাশয় উল্লেখ করেছেন—

পশ্চিমবঙ্গের, বিশেষ করে গ্রামাঞ্চলের অর্থনৈতিক পুনরুজ্জীবন এবং কর্ম সংস্থানের সুযোগ সুবিধা বৃদ্ধিতে কুটীর ও ক্ষুদ্র শিল্পগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করতে পারে। বর্তমানে অবস্থা এই যে—ভারতের অন্যান্য অংশে........ ইত্যাদি।

এটা পারে তো ঠিকই। কী ভাবে কংক্রীট প্রোগ্রাম নেওয়া হয়েছে—আমাদের কীভাবে উন্নতি হবে। অথচ আমাদের দেশের কুটির শিল্প মারা যাচ্ছে। এটা পরিষ্কারভাবে রাখা দরকার। আজকে বাস্তব ক্ষেত্রে দেখছি—কুটির শিল্পের নাম করে—কোন ক্ষেত্রেই উন্নতি হয় নাই। এই যে ট্যানারী শিল্পে—তাকে কুটির শিল্প হিসেবে উন্নতি করতে চাওয়া হয়েছিল। অথচ তার সঙ্গে কুটির শিল্পের সম্পর্ক নাই। একজন বলেছিলেন ন্যাশন্যাল ট্যানারী আছে। তারা বাইরে থেকে কাজ আদায় করে এনে নিজেদের নামে চালিয়ে দেয়। এর নাম কি Cottage Industry? তাছাড়া এই ট্যানারীতে employment কম। এইভাবে Cottage Industry মারা যাচ্ছে শোষণ করার ফলে। সরাসরি কুটির শিল্পকে develop করবার দরকার আছে, এর জন্য চেষ্টা করা দরকার। আজকাল আমাদের দেশে Power loom বেড়ে যাবার ফলে তাঁতীরা গ্রামাঞ্চলে মারা যাচ্ছে। তাঁতী প্রায় শেষ হয়ে গেছে। আজকে যারা Power loom করছে তারা কেউ তাঁতী নয়। পাওয়ার লুম ওয়ালারা তাঁতিদের কাছ থেকে কাপড় গামছা রঙীন শাড়ি ইত্যাদি কিনে নিয়ে এসে পাওয়ার লুমের ছাপ মেরে চালিয়ে দিচ্ছে। আর সত্যিকারের তাঁতিরা সব শেষ হয়ে যাচ্ছে। Directly কুটির শিল্পকে নিয়ে মূলধন নিয়ে আরো mechanised wayতে এর develop করা প্রয়োজন। তাহলে কুটির শিল্পের উন্নতি হতে পারে। সেদিক থেকে আমার suggestion সেটা কি করে মন্ত্রী মহাশয় চালাতে পারেন তা বিবেচনা করে দেখা দরকার। যেমন মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় প্রচুর কাঁচামাল পাওয়া যায়—এবং গ্রামাঞ্চলে কাগজের মণ্ড তৈরীর কারখানা স্থাপন করা যেতে পারে। ১৯৫৫ সালে ডাঃ রায়ের সঙ্গে আমার এই ব্যাপারে একটা ঘরোয়া আলোচনা হয়েছিল। তিনি খুব উৎসাহ নিয়েছিলেন। এখানে জাপানী মেশিন বসিয়ে মণ্ড তৈরীর কারখানা স্থাপন করতে পারলে একশো দেড়শো লোকের কর্ম সংস্থান হতে পারে। অবশ্য পরে আর সেটা হলো না। বড় বড় কাগজের কলের মালিকরা বোধ হয় তাতে বাধা সৃষ্টি করেছিল। তারা সস্তায় কাঁচামাল নিয়ে গিয়ে অনেক বেশী প্রফিট করছে। কাজেই কাগজের কলের মালিকরা তাতে রাজী নয়। বড় বড় কাগজের একচেটিয়া কলের মালিকদের সম্বন্ধে আপনারা কী পলিসি নিচ্ছেন? ছোট ছোট মণ্ড তৈরীর কারখানা মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়ায় হতে পারে ব্যাপকভাবে। সেখানে কি করে তা গড়ে উঠতে পারে তার প্রোগ্রাম নেওয়া উচিত, ব্যবস্থা করা উচিত। আজও handmade পেপারের যথেষ্ট চাহিদা আছে। যারা drawing করেন, engineering work করেন তাদের কাছে এই handmade কাগজের প্রচণ্ড চাহিদা আছে। অথচ এই handmade কাগজ ভারতবর্ষের বাইরে থেকে আমদানী করতে হয়। গ্রামাঞ্চলে এই জিনিষ হতে পারে। এই কুটির শিল্পে অন্ততঃ ৭ লক্ষ লোককে কাজ দেওয়া যায়, মানুষের দরকারও বাড়ে, জাতীয় সম্পদও বাড়ে। তাহলে আর বিদেশের উপর আমাদের নির্ভর করে থাকতে হয় না ঐ handmade

পেপারের জন্ত। জাতীয় সম্পদ বাড়তো যাতে নির্ভর করে থাকতে হোত না বিদেশের উপর। সেণ বিল্ডিং রিসার্চ ইনৃষ্টিটিউট, রুরকি, একটা প্ল্যান দিয়েছে সেটা হোল ব্যাম্বো রি-ইনফোরসড্ কংক্রীট ( গ্রামাঞ্চলে হতে পারে। আজকে সরকার থেকে বলা হচ্ছে যে গ্রামাঞ্চলে সরকার বাড়ী করে দে সেখানে এটা আজকে ষ্টিলের অভাবে আটকে পড়ে থাকবে না। সেই রি-ইনফোরসড কংক্রীট চলেছে অত্যন্ত হাল্কা অল্প পয়সায় বাড়ী করা যায়। সেটা লক্ষ্য রেখে গ্রামাঞ্চলে নিজেরাই ছোট ( কলকারখানা গড়ে তুলতে পারবে। আমরা জানি কাজু বাদাম আমাদের এখান থেকে বিদেশে এবং ১৫ টাকা কিলো বিক্রি হয়। এই ফরেষ্ট প্রডাক্ট কাজু বাদাম কলকাতার ব্যবসায়ীরা আনে টাকা কিলো। অনেক বড় বড় হকারস কুইন্টল কুইন্টল এনে অক্সন সেল করছে। আজকে গ্রামাং যদি প্রসেসিং-এর ব্যবস্থা হোত তাহলে পরিষ্কারভাবে আমরা জানি কোটি কোটি লক্ষ লক্ষ টাকার ব সেখানে হোত, ৫০।৬০ জন বেকারের কাজ হোত প্রডিউসাররা যথাযোগ্য দাম পেতে পারতো। আ সকলেই জানি যে আখ চাষের দিক থেকে কিউবার পরেই ভারতবর্ষের স্থান, বিশেষ করে বা দেশের। ১৯২১ সালে বৃটিশ আমলে একটা তথ্য নেওয়া হয়েছিল তাতে পরিষ্কারভাবে ছিল স টেষ্ট করে বলা ছিল যে মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া ইত্যাদি জায়গা সবচেয়ে ভাল সুগার প্রডাক্টসনের জায়গা। কিন্তু আমাদের দেশ থেকে আস্তে আস্তে সেগুলি শেষ হয়ে যাচ্ছে। অ সুগারকেন থেকে বিভিন্ন এ্যালকহল তৈরী হচ্ছে এবং সেটা সবচেয়ে বেশী দরকার হয় রবার ইণ্ডাষ্ট্রি অথচ এই এ্যালকহল কারখানা ছোট ছোট ভিত্তিতে যদি করা যায় তাহলে এই আখের চাষ বাড়া যায়। নূতন নূতন জমিতে আখের চাষ হতে পারে। আজকে বিভিন্ন কারখানায় আমরা ঠিক এ্যালকহল দিতে পারছি না—বিশেষ করে রাবার ইণ্ডাষ্ট্রিতে। এই রকম বহু প্রতিষ্ঠান রয়েছে বে ডিষ্টিলারী, মোহন ইণ্ডাষ্ট্রী এগুলি সমস্ত একচেটিয়া পুঁজিপতিদের হাতে রয়ে গিয়েছে। অথচ এ্যা কহলের একটা মারকেট আছে। যদি আমরা এটা স্মল কটেজ ইণ্ডাষ্ট্রীজ-এর মাধ্যমে করতে পারত তাহলে একদিকে আমাদের প্রডাক্টসন বাড়তো এবং চাষের উন্নতি হোত, আর এক দিকে ন্যাশন্য ওয়েলথ বাড়তো। এইভাবে যদি নজর দেওয়া যায় তাহলে গ্রাম বাংলার অনেক উন্নতি হতে পারতে গ্রামে যেখানে আজকে শতকরা ৭৬ ভাগ মানুষ বাস করে যাদের আজকে আয়ের ক্ষমতা কম যার জ আমাদের সমগ্র অর্থনীতি আজ ধ্বংসের পথে সেই দিক থেকে এগুলিকে প্রায়রিটি দেবার প্রয়োজনীয় আছে এবং এটা বাজেটের মধ্যে থাকা উচিত ছিল।

[5-15—5-25 p.m.]

**শ্রীফণীভূষণ সিংহবাবু:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী কর্তৃক ১৯৭২-৭ সালের যে বাজেট এই সভায় উপস্থিত করা হয়েছে তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। কিন্তু দুঃখে বিষয় আমাদের বাঁকুড়া জেলা, যে জেলা অবহেলিত, সেই জেলার একমাত্র আয় কৃষি এবং এখা অধিকাংশই কৃষি মজুর। এখানে বাঁকুড়া জেলার মারজিন্তাল ফারমার এর দুটো প্রকল্পর কথা ঘোষ করা হয়েছে। আমার কেন্দ্র তালডাংরায় কুটির শিল্প, বাসন শিল্প, সুতশিল্প এবং শংখশিল্প প্রধান কিন্তু এই শিল্পীদের সম্বন্ধে কোন স্পষ্ট ভাষা বা তাদের সম্বন্ধে কোন মন্তব্য করা হয় নি। সেইজ আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অর্ধাহারে, অনাহারে, যারা রয়ে যাদের খাবার জুটছে না এই সব শিল্পীদের কিভাবে সাহায্য করা যায় সেদিকে বিভাগীয় মন্ত্রী যে অবিলম্বে দৃষ্টি দেন। এই প্রসংগে বলি যে সমস্ত কৃষকরা সর্বস্ব দিয়ে মাঠে উন্নত ধরণের চাষবাস করেছি কিন্তু জলাভাবে ধান পুড়ে হাই হয়ে গিয়েছে। অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই কৃষক সম্প্রদায় যার খরার আগে উন্নত ধরণের ধানচাষ করেছে সর্বস্ব দিয়ে সেইখানে প্রতি ব্লক অফিসে কৃষিঋণ বাবদ (

টাকা মঞ্জুর হয়েছে সেটার পরিমাণ ১০ হাজার টাকা এবং সি. পি, লোন প্রত্যেক ব্লক ভিত্তিতে করা হয়েছে মাত্র ১৫ শো টাকা। এই খরাপীড়িত জেলার প্রত্যেক ব্লকে কৃষক সম্প্রদায় অর্ধাহারে বা অনাহারে বাস করছে। আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীকে সনির্বন্ধ আবেদন জানাই এই খরাপীড়িত জেলার কৃষক সম্প্রদায়কে এক হাজার বা পনেরো'শো টাকা করে কৃষিভিত্তিক ঋণ যদি বাড়ান না সম্ভব হয় তাহলে কৃষক সম্প্রদায়ের খারিফ মরসুমে চাষবাস অসম্ভব হয়ে পড়বে। কৃষক সম্প্রদায় যাদের খাবার ব্যবস্থা নেই, অর্ধাহারে, অনাহারে বাস করছে তাদের দিকে দৃষ্টি আকর্ষণ করবার জন্য বিভাগীয় মন্ত্রীকে অনুরোধ করছি। এই প্রসংগে একটা কথা বলা দরকার। আমি যে এলাকা থেকে এসেছি সেখানে বীজের অভাবে ধান রোপন করতে পারে নি। সেইজন্য আপনার মাধ্যমে বিভাগীয় কৃষি মন্ত্রীর কাছে আবেদন রাখছি অনতিবিলম্বে বাঁকুড়ায় খরাপীড়িত জেলাটিতে উপযুক্ত ভাবে আর্থিক অনুদান, সার, ঋণ, বিভিন্ন রকমে সাহায্য করে এই কৃষক সম্প্রদায়কে আগামী খারিফ মরসুমে যাতে বাঁচাতে পারেন তার ব্যবস্থা করুন।

শিক্ষা সম্বন্ধে বাজেটের মাধ্যমে যে ভাষণ প্রসংগত লেখা আছে সেটা প্রাইমারী প্রসংগে। কিন্তু জুনিয়র স্কুল, হাই স্কুল, হায়ার সেকেণ্ডারী স্কুল যে সমস্ত শিক্ষক এবং অশিক্ষক কর্মচারী আছেন তাদের সম্পর্কে কিছু তুলে ধরা হয় নি। এইজন্য বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই যে অবহেলিত শিক্ষকসমাজ এদের মাসের পর মাস ধরে দৈনন্দিন পোষাক-পরিচ্ছদ নেই এবং গত নির্বাচনের প্রাক্কালে দুর্মূল্য ভাতা বাবদ কিছু অনুদান সরকার ব্যবস্থা করেছেন। কিন্তু এই বাজেটে সরকারী কর্মচারীদের দুর্মূল্যভাতা বাবদ লেখা আছে, শিক্ষক সম্বন্ধের কথা লেখা নেই। সেইদিকে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই অবহেলিত শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীদের ব্যবস্থা করুন এবং তাঁরা যে অর্ধাহারে, অনাহারে বাস করছেন তাঁদের দিকে দৃষ্টি দিন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরবিন বেরা ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট উৎথাপন করেছেন তাকে নিশ্চয় সমর্থন করি। সমর্থন করি এইজন্য যে এই বাজেটের মধ্যে যে কর বৃদ্ধির পরিকল্পনা বা নির্দেশ করা হয়েছে সেই নির্দেশের মধ্যে কয়েকটা জিনিষে প্রগতিশীলতার পরিচয় দেয়। যেমন ক্যাবারে, বিলিতি মদ, সুরভি দ্রব্য ইত্যাদিতে কর বৃদ্ধির কথা বলা হয়েছে। গ্রাম বাংলার মানুষের কাছ থেকে নিশ্চয় আমরা অভিনন্দন পাবো এইজন্য যে এগুলি বড় লোকেরা ব্যবহার করে। যারা ক্যাবারে ড্যান্স দেখে বা হোটেলে বসে এক ঘণ্টায় হাজার টাকা উড়িয়ে দেয় বা সুরভি দ্রব্য ব্যবহার করে—যার গন্ধ আমরা রাস্তা দিয়ে গেলে হঠাৎ পাই, তাদের উপর ট্যাক্স ধার্য করা হয়েছে নিশ্চয় আমরা আনন্দিত, কিন্তু সংগে সংগে একথাও আমি আমার বক্তব্যের মধ্যে রাখবো যে অর্থমন্ত্রীর চোখ থেকে গ্রামের গরিব মানুষও এড়িয়ে যেতে পারেনি। স্যার, গ্রামের ছেলেদের কথা না হয় ছেড়েই দিলাম, কিন্তু গরিব মেয়েদের একটু ভেজাল নারকেল তেল না হলে চলে না, পোস্ত দানা গ্রামের গরিব মানুষদের একটা সহযোগী খাদ্য, লংকা ছাড়া তো গ্রামের গরিব মানুষদের চলেই না। এইসব জিনিষের উপর যে কর ধার্যের পরিকল্পনা নিয়েছেন এদিক থেকে আমরা গ্রাম বাংলার লোকেরা নিশ্চয় বলব যে এটা পুনর্বিবেচনা করা দরকার। তারপর স্যার, ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের নাম পরিবর্তন করে নতুন দৃষ্টিভঙ্গী নিয়ে এবারে নাম করণ করা হয়েছে ভূমি সংস্কার ও ভূমির সদ্ব্যবহার বিভাগ। অনেক আশা ছিল এবারে বাজেটে আমরা অনেক কিছু দেখবো। যেমন ভূমির বিতরণের কথা থাকবে। ভূমি সংস্কার মানে যদি শুধু ভূমি বিতরণ করা হয় এবং ভূমির সদ্ব্যবহারকে যদি সেই ভূমির বিতরণের মধ্যে লাগানো হয় তাহলে ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের নাম পরিবর্তন করে ভূমি সংস্কার ও ভূমির সদ্ব্যবহার কেন রাখা হয়েছে আমি বুঝতে পারি না। তারপর

স্যার, শহরাঞ্চলের সম্পত্তির সীমা সম্পর্কে অনেক কথা বলা হয়েছে। বহুবার অনেক পত্র পত্রিকাতেও দেখেছি শহরের সম্পত্তির সীমা বাঁধা হবে, কিন্তু এখনও সেটা পত্র পত্রিকার মধ্যেই সীমাবদ্ধ হয়ে আছে। গ্রামের সম্পত্তির সীমা বাঁধা হয়েছিল মাথাপিছু, পরিবার ভিত্তিক করা হয়েছে নিশ্চয় স্বীকার করে নেব এটা উচিত, কিন্তু সংগে সংগে গ্রামের উদ্বৃত্ত জমি যে বিতরণ করা হচ্ছে, যে গরিব পাচ্ছে সে কি করে চাষ করবে বা সদ্ব্যবহার করবে সে রকম পরিকল্পনা আমাদের বাজেটে নেই। এই বাজেট প্রগতিশীল বাজেট নিশ্চয় বলব, কিন্তু সংগে সংগে এই যে ভূমি সংস্কার করে যে জমি গরিবকে দেওয়া হল এবং যে উৎপাদন কমতি তার ফলে ঘটবে—আমরা যারা গ্রামে থাকি আমরা জানি যে ঐ গরীব মানুষ যারা জমি পেয়েছে সে সদ্ব্যবহার করতে পারছে না, চাষবাস করতে পারছে না, উৎপাদন করতে পারছে না। অর্থাৎ সদ্ব্যবহার করার জন্য যে পরিকল্পনা সেটা বাজেটে না থাকার জন্য এই দৃষ্টিভঙ্গী বা আংগিককে আমরা সমর্থন করতে পারি না। আর রাজস্ব যে বৃদ্ধি করা হয়েছে সে সম্বন্ধে বলব যে পশ্চিমবাংলায় আমরা দেখতে পাচ্ছি সেচ ব্যবস্থা অত্যন্ত কম। আর ৩৮ হাজার গ্রামের মধ্যে মাত্র তিন হাজার গ্রামে বিদ্যুৎ গিয়েছে। স্যার, এই সেচ ব্যবস্থা সম্বন্ধে বলি, মেদিনীপুরের ক্যানেল সিষ্টেম থেকে হয়ত একটা সরু খাল গিয়েছে অমনি ভূমি রাজস্ব বিভাগ থেকে বলা হল এটা সেচ এলাকা, রাজস্ব বৃদ্ধি পাবে। কাজেই এইভাবে গ্রামের মানুষের উপর যে চাপ আসবে সেটা নিশ্চয় সমর্থন করা যায় না। এই বলে আমি শেষ করলাম।

[5-25—5-35 p.m.]

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, সময় খুব অল্প এবং আপনি আইন অমান্য আন্দোলন সহ্য করছেন না, তাই আমি আপনার কাছে কয়েকটি কথা তুলছি। এই বাজেটের এক একটি জায়গায় বলা হয়েছে যে পশ্চিমবঙ্গের উন্নয়নের জন্য প্রশাসনযন্ত্রকে কাজে লাগানো হবে। এই প্রশাসনযন্ত্র বলতে আমরা কি বুঝছি। যে প্রশাসনযন্ত্রের দৌলতে প্রচুর টাকা ব্যয়ে নির্মিত ফ্রেজারগঞ্জ উন্নয়ন সংস্কার সব কিছু উন্নয়নমূলক কাজ এক সঙ্গে জলে চলে গেছে, যে প্রশাসনযন্ত্রের দৌলতে দীঘা সমুদ্রের জলের তলায় তলিয়ে যাচ্ছে, যে প্রশাসনযন্ত্রের দৌলতে বৈশাখে খরা হবে এবং বর্ষাকালে বন্যা হবে, যে প্রশাসনযন্ত্রের দৌলতে হলদিয়ার মত এত সুন্দর একটা জায়গা, যে জায়গার স্বপ্ন অনেকেই দেখেছিলেন, সেই স্বপ্ন আজ ব্যর্থ হতে চলেছে—এই হচ্ছে আমাদের প্রশাসনযন্ত্র। স্যার, আপনার কাছে এই বইটি আমি দেখাচ্ছি, এই বইটি তৈরী হয়েছে সি.এম.পি.ও. প্ল্যানিং সেল কর্তৃক, যেটা নাকি হলদিয়াকে তৈরী করবার জন্য হাজার হাজার টাকা খরচ করে গোটা ভারতবর্ষে এই বইটি বিলি করা হয়েছে। প্ল্যান দেখে হলদিয়া পোর্ট ট্রাষ্টের যেখানে কেন্দ্রীয় সরকার বলেছেন সি.এম.পি.ও. প্ল্যানিং সেলের দেওয়া পরিকল্পনা কাজে লাগালে হলদিয়া একেবারে জলের তলায় তলিয়ে যাবে এবং সেই পরিকল্পনা চালু হয়ে গেছে। অথচ মন্ত্রীসভা সেই সব অফিসারের বিরুদ্ধে কোন রকম ব্যবস্থা গ্রহণ করছেন না। এই বইটির উপরে লেখা আছে টাউন এণ্ড প্ল্যানিং কমিশন, তার নাম বি. সি. গাঙ্গুলী, সিভিল লিষ্টে তার তালিকা দেখলাম। তিনি থার্ড ডিভিসনে ম্যাট্রিক, থার্ড ডিভিসনে আই, এ পাশ করে বি. এ. তে কম্পার্টমেন্টাল পেয়েছেন। তারপর যুদ্ধে চলে গেলেন। তারপর যুদ্ধ থেকে ফিরে এলেন। এ যেন যুদ্ধ শেষ হলে পরে ইংরেজরা খারাপ গাড়ীগুলিকে ডিসপোজালে বিক্রী করে দিলেন, যেগুলি অফিসার হিসাবে লগ্নী করেননি। যুদ্ধ চলাকালীন তাকে এই কাজে গ্রেপ্তার করা হল, তারপর ফিরিয়ে দেওয়া হল। তারপর তিনি হলেন সিভিল ক্যাডারে আই. এ. এস. এবং জে. সি. তালুকদার কালেকটেড ক্রম ওপেন মার্কেট সিভিল লিষ্টে নাম টাঙিয়ে দিলেন, এইভাবে বাজার থেকে সঞ্চয় করে আনা হচ্ছে, এই হচ্ছে আমাদের

প্রশাসনযন্ত্র। কাজেই এই প্রশাসনযন্ত্রকে উন্নয়ন দপ্তরের কাজে না লাগাবার জন্য মন্ত্রীসভাকে অনুরোধ করছি। কারণ, এই প্রসঙ্গে আমি একটি ছোট কথা আপনাকে স্মরণ করিয়ে দিই। অষ্ট্রেলিয়ায় এক রকমের ছোট পশু আছে, যে বাচ্ছাটাকে দেখে বেশী ছট-ফট করছে তাকে সঙ্গে সঙ্গে ভয়ে নিজেরা নিজেদের পেটের থলিতে ঢুকিয়ে নেয় এবং নিজেরাই নিজেদের নিরাপত্তা ঠিক করে নেয়। আমাদের পশ্চিমবঙ্গের প্রশাসনেও আমরা এইরকম একটা জন্তু দেখতে পাচ্ছি। অষ্ট্রেলিয়ার এই পশুটির নাম হচ্ছে ক্যাঙারু। পশ্চিমবঙ্গের এই প্রশাসনযন্ত্রের মধ্যে সেইরকম একটি জন্তু ( ক্যাঙারু ) দেখতে পাচ্ছি। এই প্রশাসনযন্ত্রকে আমাদের প্রচণ্ড ভয় লাগে। এই প্রশাসনযন্ত্রের আমলাতন্ত্রের কথা আমরা বহুবার তুলেছি। কাজেই প্রশাসনযন্ত্রের সেই কাঠামোকে সংস্কার করা দরকার ছিল, অথচ এই বাজেটে সেই সম্পর্কে কোন কথা বলা হচ্ছেনা। এই প্রশাসনযন্ত্রকে সবল করতে গেলে দুটি জিনিসের উপর বিশেষ গুরুত্ব দেওয়া দরকার। একটি হল আমাদের পারফরমেন্স অডিট ব্যবস্থা চালু করতে হবে অর্থাৎ যে কাগুজে ষড়যন্ত্র যাকে আমরা কাগুজে অডিট বলি এবং যেটা কারচুপি চাপা দেবার সবচেয়ে ভাল অঙ্কের হিসাব করে দেওয়া হয়, ভাউচারটাতে টিক মেরে হিসাব করে দেওয়া হয়। এইভাবে দেখছি রাস্তাঘাটের উন্নতি হচ্ছে, বড় বড় টিউবওয়েল হচ্ছে, আবার সামনের বৈশাখে খরা হবে নিয়ম মাফিক, তারপরে বন্যা হবে তা নাহলে তো রিলিফের টাকা তো খরচ হয় না। সেইজন্য বন্যার কোন প্রতিষেধক ব্যবস্থা নেই, অথচ বন্যার জন্য রিলিফের টাকা ঠিক খরচ হয়ে যাচ্ছে। প্রতিক্ষেত্রেই আমলাতন্ত্র দেখা যাচ্ছে। তাই আমরা প্রস্তাব করছি পারফরমেন্স অডিট সিসটেম চালু করা হোক। বাজারের ঝিঙে, উচ্ছে, করলার মত সব যেন কিরকম হয়ে যাচ্ছে। পাবলিক হেল্থ, ইরিগেসন, ইলেকট্রিসিটি ইত্যাদি এই সমস্ত জায়গায় যে জিনিস তৈরী হয়েছে সেগুলি সংস্কারের জন্য একটা পারফরমেন্স অডিট ব্যবস্থা চালু করা হোক এবং প্রত্যেকটি বিভাগের উপর বিধানসভা নিয়ন্ত্রিত পার্লামেণ্টারী ভিজিলেন্স কমিটি চালু করা হোক, যাতে তারা গিয়ে গিয়ে এই সমস্ত কাগজপত্রগুলি দেখতে পারেন, তা নাহলে এই প্রশাসনযন্ত্র বাঁচতে পারবে না। আগামী ৫ বছর পরে আবার যখন আমরা নির্বাচনে দাঁড়াবো তখন আবার এই কথা উঠবে, আজকের মন্ত্রীসভাকে সেই কথা মনে রাখতে হবে। এই নকশালী তাণ্ডব, এই সি. পি. এম. এর তাণ্ডব ইত্যাদি এই সমস্ত যা কিছু হয়ে পশ্চিমবঙ্গকে শ্মশানে ফেলে দেওয়া হয়েছে তার জন্য একমাত্র দায়ী হচ্ছে এই আমলাতন্ত্র। আমি সেই আমলাতন্ত্র সম্পর্কে মন্ত্রীসভাকে সতর্ক করে দিচ্ছি এবং সতর্ক করে সঙ্গে সঙ্গে এই বাজেটকে নিয়মমাফিক সমর্থন জানালাম।

**শ্রীঅজিত কুমার গাঙ্গুলী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেটকে সমর্থন করতে গিয়ে তার সীমাবদ্ধতা সম্বন্ধে আপনার মাধ্যমে কিছু বলতে চাই। আমরা জানি যে নির্বাচনে জিতিয়ে আমাদের যারা এখানে পাঠিয়েছেন তারা একটি রায় ঘোষণা করেছেন ১৭ দফার একটি কর্মসূচী। আজকে যে বাজেট আমরা তৈরী করেছি এতে তার প্রতিফলন লক্ষ্য করেছি। কিন্তু পি. ডি. জি.-র সামান্য একটি আলোচনায় বিশ্লেষণের মাধ্যমে সুন্দর সুষ্ঠু হাতে আমরা অগ্রসর হতে পারিনি প্রথম বাজেটে, এই কথা মনে রেখে সেদিক দিয়ে সীমাবদ্ধতা আমাদের খানিকটা রয়েছে, যেটা বাজেটের মধ্য দিয়ে অধ্যক্ষ মহাশয়, আপনি লক্ষ্য করতে পারবেন।

এখন এই যে গ্যাপ, এই যে পসিবিলিটী এ্যাণ্ড রিয়েলিটির সম্ভাবনা এবং বাস্তবতার যে ফারাক থেকে যাচ্ছে, এই ফারাক কি করে বন্ধ করা যায় সে সম্বন্ধে বিবেচনা করবার জন্য আপনার মাধ্যমে আমি মন্ত্রী মহাশয়-এর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি নিশ্চই ছোটবেলায় ঠাকুরমার ঝুলির গল্প পড়েছেন। সেখানে এক জায়গায় আছে, রাজা বলছেন যে দেখতে চাও না শুনতে চাও, তার উত্তর হলো যে দেখতে পেলে আর শুনতে চায় কে? আজকের যে বাজেট, তাতে মাননীয় সদস্যরা

যে ইঙ্গিত তুলে ধরেছেন সেটা হচ্ছে আসল দিক। যেটুকু আমরা বাজেটে দেখতে পাচ্ছি, তাকে কার্য্যকরী করা যাবে কি করে? একটু আগে মাননীয় সদস্য বলেছেন—দেখিয়েছেন, কি তার বেদনা, কি তার বক্তব্যের তীব্রতা ছিল, যে আজকে এটুকুও কার্য্যকরা করা যাচ্ছে না। কিন্তু কেন করা যাচ্ছে না, সেই জিনিস বলতে গিয়ে প্রথমে যে কথা মাননীয় মন্ত্রী মহাশয়কে জানাতে চাই সেটা হচ্ছে যে আজকে লক্ষ্য করে দেখুন ফিফথ ফাইভ ইয়ার প্ল্যান আমাদের সামনে আসছে, ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যান প্রায় বানচালের উপক্রম হয়ে গেছে কেন? তার থেকে দেখেছি যে সম্ভাবনা আমরা তার মধ্যে দেখেছিলাম, বাস্তবে তা কার্য্যকরী করা যাচ্ছে না, দৃষ্টিভঙ্গীর পরিবর্ত্তন ঘটছে। এটা আপনারা লক্ষ্য করেছেন যে এতদিন পর্য্যন্ত কোন স্টেট প্ল্যানিং কমিটি ছিল না। এই মোর্চার সরকার কেন্দ্র থেকে সেই দৃষ্টিভঙ্গী সৃষ্টি করে আজকে এখানেও আনা হচ্ছে যে ডিসেন্ট্রালাইজ করতে হবে। এই রকম কেন্দ্রীভূত হয়ে এক জায়গায় থাকায় তার সামগ্রিক ছবি, সামগ্রিক চেতনা সৃষ্টি হতে পারে না। বাজেট আমরা যদি সেই জিনিসটা নজরে না আনি, তাহলে এই বাজেটকে আমরা কার্য্যকরী করতে পারবো কি না সেই বিষয়ে অনেক সন্দেহ আছে। আপনারা দেখেছেন এই সেদিন খরা হয়ে গেল, যেহেতু তলা পর্য্যন্ত কোন ক্ষমতা নেই, কি করা হলো, গড়ে টিউবওয়েল তৈরী হলো, উপায় নেই। ওপরে সেক্রেটারীরা বসে আছেন, এঁরা পপুলেশন, এলাকা, এই সব ছবি দেখছেন, কোথায় কত টিউবওয়েল দরকার তা তাদের জানবার দরকার নেই, কারণ তার যোগসূত্র নেই। সে সম্বন্ধে আমি পরে বলবো। আজকে বন্যা হয়ে গেছে বছর খানেক হতে চললো, আবার এই বছর বন্যা আসতে পারে, সেই ভয় দেখা দিয়েছে। গত বছর বন্যায় যারা গৃহহারা হয়েছে, অনেক পরিবার এখনও গৃহহীন অবস্থায় রয়েছে, অথচ টাকা কি কম বিলি হয়েছে? না তা হয়নি। রাইটার্স বিল্ডিংস-এ গেলে হিসাব পেয়ে যাবেন যে এত টাকা বিলি হয়েছে, এত লোক পেয়েছে। সংখ্যা দেখে এদের মাথা খারাপ কি গরম হয়ে যায়, তা বলতে পারি না, কিন্তু হচ্ছে। কিন্তু বাস্তবে আমরা দেখছি কি? যে এলাকায়, যে মহকুমা শাসক রয়েছেন, কি ব্লক অফিসার রয়েছেন তিনি জানেন, প্রত্যক্ষ জনতার সঙ্গে তাঁদের যোগসূত্র রয়েছে। এঁদের কাছ থেকে জানার কোন প্রয়োজন নেই। এখানকার হিসাব আরও মজার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার জানা আছে, আপনিও ভুক্তভোগী। এলাকা থেকে পাঠানো হলো, এত প্রয়োজন জেলায়। কি রকম করিতকর্মা লোকটা তা দেখাতে হবে বলে, তা কেটে হাফ করে দেওয়া হলো। এখন রাইটার্স বিল্ডিংস এর সেক্রেটারী দেখলেন, এ কি, ডি. এম. হাফ করেছে, অত্যন্ত বেশী দিয়ে দেওয়া হয়েছে, ওটা ওয়ানফোর্থ করতে হবে, তিনি কত করিতকর্মা সেটা তিনি দেখাচ্ছেন। আজকে যদি এই বাজেটকে কার্যকরী করতে হয়, আমাদের এই অবস্থাকে অনেকখানি ডিসেন্ট্রালাইজ করতে হবে। তা না করতে পারলে এর উপায় নেই। লক্ষ্য করে দেখুন আপনাকে বলি, আমি ২৪-পরগণার লোক, কার মাথা থেকে উদ্ভূত জানি না, কতটুকু তিনি জানেন তাও জানি না, উন্নত এলাকা বলে কলকাতা, হাওড়া এবং ২৪-পরগণাকে ঘোষণা করা হলো। কিন্তু সি. এম. ডি. এ. কোন পর্য্যন্ত গেল? বারাসত পর্য্যন্ত গোটা ২৪-পরগণা সি. এম. ডি. এ. উন্নয়ন এলাকার মধ্যে পড়ে না, আমরা নাকি উন্নত জেলা, জানি না কে হিসাব করে দিয়েছেন, কি তার ভিত্তি, বিশ্লেষণ কোথায়, তা বলতে পারি না। কিন্তু আমরা এই অবস্থায় পড়ে আছি। গোটা ২৪-পরগণার আইনসভার সদস্যরা এই বিষয়ে একমত যে সি. এম. ডি. এ. কে গোটা ২৪-পরগণা, কলকাতা, হাওড়ার সঙ্গে মিশিয়ে প্রসার করা হোক। তা না হলে এই ভাবে কাজ করা যায় না, টাকা খরচ হবে এই বিষয়ে কোন সন্দেহ নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন যে কি অবস্থায় জিনিসগুলো চলে। কো-অর্ডিনেশন বলে যে একটা বস্তু আছে তা দেখলে মনে হয় না। আমাদের বাজেট যখন প্রয়োগ করতে হবে, কার্য্যকরী করতে হবে তখন এই কো-অর্ডিনেশনের কথা আপনার মাধ্যমে তুলে ধরতে চাই।

[5-35—5-45 p.m.]

আমাদের ভূমিরাজস্ব মন্ত্রী বলেছেন এই বাজেটে, যে আমরা ভূমি বন্টন করতে চাই। খুব ভাল কথা, আমরা সমর্থন করি শুধু তাই নয় সারা ভারতবর্ষের মানুষ আপনাদের অভিনন্দন জানাবে। কিন্তু জমি কোথায়? জমি বার করতে হলে সেটেলমেন্ট রেকর্ড ছাড়া এই জমি দেওয়া যায়না, অদ্ভুত ব্যাপার। ২৪-পরগণা, মেদিনীপুর, যেখানে জোতদারদের ঘাঁটি সেখানকার জমি সেটেলমেন্ট করার কথা, সেটেলমেন্ট ডিপার্টমেন্ট বলছে না। ৪টি জেলা নেওয়া হয়েছে পশ্চিমবাংলায় সেটেলমেন্ট করার জন্য কিন্তু সেইগুলির সব কটি থানা এলাকায় সেটেলমেন্ট করা হচ্ছে না। হুগলী জেলা সেটেলমেন্টের মধ্যে কিন্তু মাননীয় সদস্য অজিত বসু মহাশয় বললেন যে তাদের সমগ্র জেলায় সেটেলমেন্ট হচ্ছে না। এই রকম কেন হবে? আমরা জানতে চাই কেন সমগ্র পশ্চিমবাংলায় সেটেলমেন্ট হবে না? আপনি জমি বার করবেন কি করে, যদি সেটেলমেন্ট না হয়। এই বাজেট বিবৃতিতেই আছে, আপনি দেখতে পাবেন যে জমি চুরি করা হয়েছে, কোথায় না করা হচ্ছে, সব যায়গায় এই রকম অবস্থা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর একটা উত্তর জানা আছে, উনি বলবেন, যে এত কর্মচারী পাবো কোথায়? আপনি দেখতে পাচ্ছেন, রোজ কাগজে পড়ছি বেকার সমস্যার কথা, স্থায়ীভাবে না হয় অস্থায়ীভাবে, টেম্পোরারিলী আমরা কয়েকটা ছেলেকে সেটেলমেন্টের কাজে নামাতে পারি। এখানে কোন কো-অর্ডিনেশন নাই এবং সেটেলমেন্ট অফিসের ভারপ্রাপ্ত অফিসাররা এক এক রকম সিদ্ধান্ত করছে।

এর পর আমি স্বাস্থ্য সম্বন্ধে বলছি, যে হসপিট্যাল আছে সেখানে ডাক্তার আছে, রোগী আছে, ঔষধ আছে কিন্তু চিকিৎসা নেই। আজকে যদি স্যার, একটা রোগী ভর্তি করতে যান তাহলে দেখবেন মেডিকেল কলেজ বলবে বেড নাই কিন্তু দেখা যাবে পি, জি, তে আছে, আর, জি, করে আছে কোন কো-অর্ডিনেশন নাই। পুলিশের যদি লালবাজার কণ্ট্রোল রুম থাকতে পারে তাহলে হোয়াই নট ইন দি হসপিট্যাল? ঔষধের ব্যাপারে দেখুন সেণ্ট্রাল ষ্টোর্স অফ মেডিসিনকে ইনডেণ্ট পাঠিয়েছে হাসপাতাল থেকে, সাপে কামড়িয়েছে, এ্যন্টি ভেনাম সিরামের জন্য ইনডেণ্ট দিয়েছে। তবু রোগী বাঁচতে পারে না কেন? না কো-অর্ডিশনের অভাব, যার ফলে এইরকম ঘটনা ঘটছে। এইসব ক্ষেত্রে এই স্বাস্থ্য খাতে যে টাকা স্থির করেছেন সেটা যদি কার্যকরী করতে হয় তাহলে কাজের মধ্যে কো-অর্ডিনেশনের ব্যবস্থা রাখা দরকার।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখতে পাচ্ছেন যে আমরা সেচ নিয়ে খুব মাথা ঘামাচ্ছি। আজকে দেখতে পাচ্ছি যে সেচ সম্বন্ধে বড় খাল, ডিপ টিউবওয়েল, স্যালো টিউবওয়েল, রিভার লিফ্‌ট ইরিগেশন এই গুলির কাজ কি রকমভাবে করবেন। আজকে প্রশ্নোত্তরের সময় দেখেছি যে সেচ ব্যবস্থায় বহু যায়গায় ডিপ-টিউবওয়েল অচল হয়ে আছে কেউ তা জানে না, সেটা ইঞ্জিনিয়ারের কাছ থেকে জানতে হবে। অথচ কৃষি বিভাগ যে হিসাব পান তাতে আমরা দেখতে পাচ্ছি যে এত জমিতে জল দেওয়া হচ্ছে ইত্যাদি। কিন্তু প্রকৃতপক্ষে ১/৪ মাত্র কার্যকরী হচ্ছে আর যে ৩/৪ অংশ সেটা অকেজো হয়ে পড়ে আছে, তা জানবার কোন উপায় নেই। স্যালো টিউবওয়েল সম্বন্ধে যদি আপনি খবর নেন তাহলে অবাক হয়ে যাবেন। সেখানে কৃষকরা তাদের উপার্জনের রাস্তা করতে চায় উৎপাদন বাড়িয়ে। কিন্তু সেখানে কিছু কিছু অবস্থাপন্ন কৃষকই মাত্র স্যালোর সুযোগ পাচ্ছে। স্যালোর সুযোগ নিম্ন মধ্যবিত্ত গরীব কৃষকরা আদৌ পাচ্ছে না। ফসল বাড়াবেন কি করে? এইভাবে কি কেউ ফসল বাড়াতে পারবে? আপনি যদি আমার সঙ্গে খাতুরাতে যান তাহলে দেখবেন সেখানে যে সেই কো-অপারেটিভ যে ৪টি স্যালো নিয়েছেন, তারা তা ফুল ক্যাপাসিটি ইউটি-

লাইজড করতে পারছে না। অর্ধেক কি ৩/৪ ক্যাপাসিটি ইউটিলাইজড হচ্ছে, আর ১/৪ ক্যাপাসিটি নষ্ট হচ্ছে। তারা খরচ অনায়াসে নিতে পারেন কৃষকদের কাছ থেকে কিন্তু তা হলোনা।

বাজেটে দেখছি কৃষি ঋণ সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে। কিন্তু আপনার মাধ্যমে অর্থমন্ত্রীকে জানাই যে revenue কোথা থেকে আসবে, return হবে কোথা থেকে। যে সময় বাজেট হচ্ছে, audit হচ্ছে, যখন কৃষক ঋণের জন্য ছটফট করছে সে সময় Co-ordination না থাকার জন্য যখন কৃষক ঋণ চাচ্ছে তখন Revenue Department Order দিচ্ছে Certificate issue কর, ওর কাছ থেকে টাকা আদায় কর। কি করে সরকার টাকা পাবেন। এই return কোন সময় হতে পারেনা। খোলা বাজারের পণ্ডিতদের কথা বলছেন। কিন্তু মহাজন খোলা বাজারের লোক নয়। তারা কৃষকদের কাছ থেকে টাকা আদায় করতে পারে। তারা অত্যাচার করে, শোষণ করে। অর্থাৎ যে শোষক সে শোষণের কায়দা জানে। বিড়লারা জানে। কৃষকের যখন ফসল তখন সে কিছু দিতে পারে। কিন্তু যখন ফসল ওঠে তখন রাস্তায় কাদা থাকে। অর্থাৎ বাবুরা সে সময় সেখানে যাবার কথা ভাবতে পারেনা। ব্যাঙ্ক জাতীয়করণ হয়েছে। কিভাবে এই টাকা এখান থেকে দেওয়া যায় তার কোন Co-ordination নেই। আমি এ নিয়ে একজন Development Officer-এর সঙ্গে কথা বলে দেখলাম যে তিনি বললেন কৃষকদের দিয়ে কি হবে, বড় বড় পুঁজিপতিদের কাছ থেকে টাকা আদায় হবে। তাঁরা বড় বড় theory দিচ্ছেন যে Concentration করতে হবে এবং ২/১টা গ্রাম নিয়ে এটা করতে হবে। কার কাছ থেকে টাকা আদায় করতে হবে এসব জানার দরকার নেই, তাঁরা এখানে বসেই এসব forcast করতে চান। সেচ ব্যবস্থা এবং কৃষি ঋণের কথায় বলতে চাই যে Co-ordination-এর সঙ্গে একটা জিনিষ যেটা করতে হবে সেটা হচ্ছে যে আমরা যেমন অনেক জায়গায় জনপ্রিয় কমিটি করেছি সেরকম মত এখানেও করতে হবে। কিন্তু আমার এখানেও কথা হচ্ছে যে শুধু জনপ্রিয় কমিটি করলে হবে না, প্রত্যেক Department-এর সঙ্গে M.L.A. সহ বেসরকারী কমিটি করতে হবে এবং তাদের শুধু advisory capacity দিলে হবে না। এদের কিছু ক্ষমতা দিতে হবে—অর্থাৎ যখন unanimity থাকবে তখন সেই officer-কে সে কথা কার্যকরী করতেই হবে। এ না করলে কোন কাজ হবে না। তৃতীয়তঃ শিক্ষার কথা ভাবলে স্তম্ভিত হতে হয়। এখানেও কোন Co-ordination নেই। বাজেট বিবৃতিতে লেখা আছে যে, আদিবাসী, তপশীলীদের জন্য ব্যবস্থা করতে হবে। কিন্তু যখন করবেন তখন গোটা স্থানের কথাই হবে, সেখানে তাদের জন্য অনেক স্কুল বাড়াতে হবে। সেখানে তাদের অনেক স্কুল অনুমোদনই পায় না। সেজন্য জনপ্রিয় কমিটি-গুলিকে খুব বেশী preference দিতে হবে। শেষ কথা হচ্ছে Directorate এবং Secretariat-এই দুটো একটা অদ্ভুত জিনিষ। আমার অভিজ্ঞতা হল Secretariat Order দিলে Directorate Post Office-এর মত কাজ করে। তারা বললে যে এই সমস্ত স্কুলকে approve করতে হবে। Directorate বললে হবে না। ঠিক স্বাস্থ্য বিভাগেই তাই Secretariat order দিলেন এই জায়গায় হাসপাতাল হবে। কিন্তু Directorate বললেন যে এখানে হবে না, কারণ এখানে না কি Primary Health Centre হবে। এই যে Contradiction এটা বহুদিন থেকেই থেকে যাচ্ছে।

[5-45—5-55 p. m.]

এ দূর করতে হবে, বলতে হবে সেক্রেটারিয়েট থেকে সেক্রেটারী যে সিদ্ধান্ত বা সকুর্লার দেবেন ডাইরেক্টোরেট যদি না মানেন তাহলে সিরিয়াস পানিসমেন্ট। এই জিনিস যদি প্রবর্তন করা না যায় তাহলে ডাইরেক্টোরেট এবং সেক্রেটারিয়েট নিয়ে আমাদের যে সর্বনাশ হয়ে যাচ্ছে সেটা রোধ করা যাবে না। অনেকে যে কথা বলেছেন আমি তার খানিকটা পুনরাবৃত্তি করে শেষ করতে চাই। স্যার,

আপনি দেখেছেন কোন জিনিসের পজিটিভনেসের দিকে আমাদের অফিসারদের ঝোঁক নেই, নিগেটিভ সার্কুলার যদি কিছু হয় তাহলে তাঁরা তখনই সেই সার্কুলার দিয়ে দেন। অনেক শিক্ষক, অধ্যাপক, তাঁরা ভেকেন্ট পোষ্টে চাকরি করে ডি, এ, পাচ্ছিলেন; হঠাৎ সার্কুলার হল স্যাংশানও পোস্ট না হলে দেওয়া যাবে না, তক্ষুনি সেই অর্ডার চলে গেল। কেন এইরকম হবে? কোন জিনিস কেন কার্যকরী হয়নি তার কৈফিয়ত নেওয়া উচিত এই নেগেটিভ সিদ্ধান্ত করার আগে। আমি সেজন্য বলছি এই কয়েকটা জিনিস যদি লক্ষ্য রাখেন তাহলে বাজেটকে কার্যকরী করতে পারবেন বলে আমার বিশ্বাস। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুশান্ত ভট্টাচার্য্য:** মি: স্পীকার, স্যার, ১৯৭২-৭৩ সালের যে বাজেট আমাদের অর্থমন্ত্রী কর্তৃক প্রদত্ত হয়েছে তা আমি আন্তরিকভাবে সমর্থন জানাচ্ছি। সঙ্গে সঙ্গে আমি এই কথা বলছি যে বাজেট বিধান সভায় পেশ করা হয়েছে তাতে সাধারণ মানুষের আশা-আকাঙ্খা, কামনা-বাসনা, চাহিদার কথা কিন্তু যেভাবে মানুষ চেয়েছিল ঠিক সেইভাবে প্রতিফলিত হয়নি। কিছুক্ষণ আগে প্রাক্তন মুখ্যমন্ত্রীর বক্তব্য শুনছিলাম, শুনে একটা কথা মনে হয়েছিল, প্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের বক্তব্য থেকে যে তিনি যেন পশ্চিম জার্মানী থেকে নির্বাচিত পশ্চিমবাংলার সদস্য, মনে হচ্ছিল তিনি যেন জাপান থেকে নির্বাচিত পশ্চিম বাংলার সদস্য, তিনি যেন আমেরিকা থেকে নির্বাচিত পশ্চিম-বাংলার সদস্য। যে কথা আমি বলতে চাই সেটা হচ্ছে প্রাক্তন মুখ্যমন্ত্রী পশ্চিমবঙ্গের অর্থনৈতিক অবক্ষয়ের কথা উল্লেখ করে যে কথা তিনি বার বার ব্যঙ্গ করেছেন গরিবী হটাও বলে সেকথা আমাদের কাছে অবান্তর বলে মনে হয়েছে, কারণ, সেই অর্থ নৈতিক পুনরুজ্জীবন করা কঠিন। আমরা হাওড়া জেলায় বাস করি, হাওড়া জেলার সমস্যা দুটো, একটা হল মার্টিন রেল, যে মার্টিন রেলের কথা স্পষ্টভাবে বাজেট-এ উল্লেখ নেই, এটা অত্যন্ত দুঃখের বিষয়, আর একটা হল দামোদর পরিকল্পনা, দামোদর সম্বন্ধে উল্লেখ আছে। আপনারা দেখেছেন দামোদরের জন্য ২০ কোটি টাকার স্কীম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় নেওয়া হয়েছে, সে সম্বন্ধে বাজেটে উল্লেখ আছে। এই ব্যাপারে ৬টি স্কীম নেওয়া হয়েছে যার ব্যয় হবে ১১ কোটি টাকা। আমার মনে হচ্ছে ২ কোটি টাকার বেশী ১৯৭২-৭৩ সালে পাব না। এটা অত্যন্ত দুঃখজনক। দামোদরের জন্য যদি ৪ বছরে ৫ কোটি টাকা করে না পাই তাহলে সমস্ত উলুবেড়িয়া সাব-ডিভিসান জলমগ্ন হবে, তারজন্য রিলিফ দিতে হবে কোটি কোটি টাকার, তাতে স্থানীয় সমস্যার সমাধান হবে না। আমাদের কৃষিমন্ত্রী মহাশয় একদিকে যেমন ইণ্ডাষ্ট্রী করার কথা বলেছেন তেমনি গ্রামে গ্রামে ইলেকট্রিসিটি পৌছে দিয়ে ছোট ছোট শিল্প গড়ে তুলবার কথা বলেছেন। আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি এই পশ্চিমবঙ্গে বাগনানের ১ নম্বর ২ নম্বর ব্লকে বিভিন্ন জায়গায় যদি তুলার চাষ করতে পারা যায় তাহলে তুলা ব্যবসার মাধ্যমে ৩০/৩২ হাজার টাকার তুলা বিক্রি করা সম্ভব হবে এবং ব্লকে ব্লকে ১৫/২০ জন করে বেকার ছেলেদের চাকরি দিতে পারা যাবে। আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে বাগনানের ১ নম্বর ২ নম্বর ব্লকে যদি প্রফুল্ল বাবুর আমেরিকার সান ফ্লাওয়ার চাষ করতে চেষ্টা করি তাহলে সেখানে প্রচুর পরিমানে সূর্য্যমুখী ফুল হতে পারে যার থেকে প্রচুর তেল পাওয়া যাবে যে তেল বিক্রি করে ফরেন মানি আনা সম্ভব। এর পরীক্ষা নিরীক্ষা যদি ব্লকে ব্লকে চালু করা যায় তাহলে আমরা বহু বেকার ছেলেকে চাকরি দিতে পারব বলে আশা রাখি।

**শ্রীবারিদ বরণ দাস:** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রীমহাশয় যে বাজেট এই সভায় পেশ করেছেন তার আলোচনা করতে গিয়ে আমার একটা জিনিস বারবার মনে পড়ছে। আমি ছোটবেলায় পত্রিকা দেখতাম এবং তাতে একটা বিজ্ঞাপন দেখতাম। আমি সেই

বিশেষ বিজ্ঞাপন বা বিশেষ ঔষধের গুণাগুণ বিচার করছিনা। সেই বিজ্ঞাপনে লেখা থাকত "সেবনের আগে এবং পরে—শক্তিরস সালসা, এই ঔষধ খেলে চেহারা ভাল হবে, এর দাম এক টাকা চার আনা"। এক ভদ্রলোক সেই সালসা একটা খেয়েছেন কিন্তু চেহারা ভাল হয়নি, আর একটা খেয়েছেন তাতেও চেহারা ভাল হয়নি। তখন তিনি দোকানে গিয়ে বললেন আপনাদের বিজ্ঞাপন অনুযায়ী ঔষধ খেলাম কিন্তু চেহারা ভাল হলনা। তখন দোকানদার তাঁকে বললেন ওটা বিজ্ঞাপন ছিল। এই বাজেটের দিকে তাকিয়ে আমরা তরুণ সদস্য যাঁরা বিধান সভায় এসেছি তাঁদের মনে বারবার একটা কথা আসছে আমরা গত নির্বাচনে যে কথাগুলি জাতিকে দিয়ে এসেছিলাম সেগুলি না বিজ্ঞাপনে রূপান্তরিত হয়। অনেক চিন্তা করে আমি বাজেট পড়েছি এবং দেখেছি অনেক কথা সেখানে আছে যেগুলি নূতন আশা আনে, আবার অনেক কথা নেই যার জন্য মন ব্যাথায় মন গুমরে ওঠে। বেকার সমস্যা সম্বন্ধে অনেক কথা বলবার চেষ্টা করেছেন তারজন্য সরকারকে অভিনন্দন জানাই। কিন্তু একটা কথা আমাদের বারবার মনে রাখতে হবে আমাদের প্রত্যেকটি উন্নয়নমূলক কর্মসূচীতে আমরা কত কাজ দিতে পারব, কত কর্মসংস্থান আনতে পারব তার উপর নির্ভরশীল আপনারা ইতিহাসের পাতা খুললে দেখবেন শেরশা যখন জি. টি. রোড তৈরী করেছিলেন তখন শেরশার কাছে এই জি. টি. রোড-এর প্রয়োজন কতটা ছিল এবং কতটা ছিল তদানীন্তন দেশের অর্থনৈতিক পরিস্থিতি। ইতিহাস খুললে দেখবেন দেশে যখন দুর্ভিক্ষ এসেছিল, সাধারণ মানুষ যখন রাস্তায় রাস্তায় খাদ্যের জন্য চীৎকার করছিল তখন সেই মানুষের খাদ্য দেবার জন্য, অর্থ দেবার জন্য এই জি. টি. রোড বানান হয়েছিল। অর্থাৎ উন্নয়নমূলক কর্মসূচী কর্মসংস্থানের উপর নির্ভরশীল ছিল। বাংলাদেশে যে কয়টি কর্মসূচী আসবে সেগুলি সমস্ত উন্নয়নমূলক কর্মসূচীর উপর নির্ভরশীল হতে হবে। আমি কোলকাতায় একটি সংস্থার ট্রাষ্টি—সরকার কর্তৃক মনোনীত হয়েছি। সেই সভায় একদিন একটা এজেণ্ডা এল যারা কোলকাতা শহরে দ্বিতীয় সেতু তৈরী করবেন তারজন্য তাঁরা একটা পরিকল্পনা পেয়েছেন। সি, আই, টি সেই ট্রাষ্টির নাম। তাঁরা এজেণ্ডায় এই প্রস্তাব এনেছেন যে, যে কর্মসংস্থান হবে ভবিষ্যতে তাতে তাঁরা সরকারের অন্যান্য ডিপার্টমেণ্ট থেকে ডেপুটেসনে আনবেন। আমি বললাম একি কথা? তাঁরা বললেন যাঁরা আসবেন তাঁরা ৫ বছর পর আমাদের কাছে অনেক ভাব হয়ে যাবে, তাদের চাকুরী দেওয়া যাবে না বা অর্থ দেওয়া যাবেনা। সুতরাং ডেপুটেসনে টুয়ান্টি পারসেণ্ট এক্সট্রা ডেপুটেসন এ্যালাউন্স দিয়ে লোক আনব। এই আমলাতান্ত্রিক চিন্তাধারা যদি হয় তাহলে বাংলাদেশের উন্নয়নমূলক কর্মসূচীর মাধ্যমে বাংলাদেশের যুবকদের ভবিষ্যতে কর্মসংস্থানের ব্যবস্থা হবে কিনা সে সম্বন্ধে আমার যথেষ্ট সন্দেহ আছে। সেইজন্য আমার বক্তব্য হচ্ছে আগামী দিনে কোলকাতা শহরে কর্মের কোন উন্নয়নমূলক কর্মসূচী যদি আসে তাহলে আমি দেখতে চাই সেই কর্মসূচীর মাধ্যমে বাংলাদেশের কয়টি যুবক সেখানে নিযুক্ত হয়েছে। আমরা যারা যুবক কংগ্রেসে জমায়েত হয়েছি আমরা এই প্রস্তাব রেখেছি যে, যারা কর্মসংস্থান পেয়েছেন অর্থাৎ যারা কর্মরত আছেন তারা এই দাবী তুলুন, আমাদের সাহায্য করুন যে কলকারখানায় শতকরা টেন-পারসেণ্ট যারা বেকার আছেন তাদের চাকুরী দিতে হবে। কোথাও যদি ৩০০ লোক কাজ করেন তাহলে সেই সংখ্যা ৩৩০-এ নিতে হবে। তারা তাদের মালিকদের উপর এবং সরকারের উপর এই চাপ সৃষ্টি করুন যে সরকার ৮ ভাগ চাকুরী দেবার দায়িত্ব নিন এবং শতকরা ২ ভাগের দায়িত্ব তাদের ইউনিয়ন নিক। ইউনিয়ন বছরে বিভিন্ন রকম দাবীর প্রস্তাব রাখে, বোনাসের দাবী রাখে। তারা তাদের বোনাস থেকে টু পারসেণ্ট দিক। আজকে আমার সময় বেশী না থাকায় আর বিশেষ কিছু বক্তব্য রাখতে পারছিনা। আমাদের মাননীয় অর্থমন্ত্রীমহাশয় যে প্রচেষ্টা চালিয়েছেন, তিনি যে ইচ্ছা প্রকাশ করেছেন তাকে ধন্যবাদ জানিয়ে আগামীদিনে তাঁর কাছ

ধকে নূতন দৃষ্টিভঙ্গী আশা করছি এবং আমি সেই প্রস্তাব সমর্থন করব যে প্রস্তাবে বাংলাদেশের গ্ন স্বাস্থ্যকে স্বাস্থ্যসম্মত করতে পারবে। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

5-55—6-05 p.m.]

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাজেট আলোচনা শেষ স্তরে এসে গিয়েছে, এখন আর নতুন কিছু বলার নেই। স্বভাবতঃই সমস্ত বক্তব্য বিভিন্ন বক্তারা বলেছেন, আমি আর সেগুলি পুনরাবৃত্তি করতে চাই না। একটা বিষয় যেটা আমার মনে হয় অনেকে ভাল করে বলেননি, আমি শুধু সেইটার দিকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবার ইচ্ছা করি। আমরা সকলেই জানি আজকাল রাজ্যসরকারের বাজেট মোটামুটি কেন্দ্রীয় সরকারের যে ফাইন্যান্স কমিশন আছে, সেই ফাইন্যান্স কমিশনের টাকার উপর নির্ভর করছে। যে পঞ্চম ফাইন্যান্স কমিশন যার ভিত্তিতে আমরা এখন টাকা পাচ্ছি সেই পঞ্চম ফাইন্যান্স কমিশনের যে সুপারিশগুলি আমি সেই সুপারিশগুলি আলোচনা করলেই আপনারা বুঝবেন যে ষষ্ঠ ফাইন্যান্স কমিশন-এর কাছে আমাদের রাজ্যের পক্ষ থেকে কি কি বক্তব্য প্রতিষ্ঠিত হওয়া দরকার। পঞ্চম ফাইন্যান্স কমিশন আমাদের পশ্চিমবাংলার প্রতি কি কি অবিচার করেছে সেগুলি যদি আমাদের চোখের সামনে থাকে তাহলে যে রেডিড কমিশন আসছে সেই রেডিড কমিশনের কাছে আমাদের বক্তব্য ভাল করে রাখতে পারব। আপনারা জানেন ইনকাম ট্যাক্স আয়কর থেকে সমগ্র ভারতবর্ষে যে আয় হয় তার শতকরা ৭৫ ভাগ বিভিন্ন রাজ্য সরকারকে দেওয়া হয়। এই ৭৫ ভাগের ভিতরে ২·৬% বাদ দিয়ে যেটা ইউনিয়ন টেরিটরি পায়, সেটা সমস্ত রাজ্য সরকার পাচ্ছে। কিন্তু এই রাজ্য সরকার কিভাবে পায়? যেটা ডিভিজিবল পুল তার শতকরা ৯০ ভাগ জনসংখ্যার ভিত্তিতে, আর ১০ ভাগ পায় বা যাকে বলা হয় সোর্স অব কালেকশান বা আদায়ের উৎস, তার ভিত্তিতে। আপনারা চিন্তা করুন যে এইভাবে চতুর্থ ফাইন্যান্স কমিশনের রায়কে পাল্টে দিয়ে পঞ্চম ফাইন্যান্স কমিশন যখন জনসংখ্যার ভিত্তিতে ৯০ ভাগ বণ্টন করতে লাগল তার পরিণতি কি হল? উত্তর-প্রদেশ ১৬·১০/০ পায়, মহারাষ্ট্র পাচ্ছে ১১·৩%, আর বিহার পাচ্ছে ৯·৯%, আর সেখানে পশ্চিমবঙ্গ পায় ৯·১%। এটা কে না জানে যে পশ্চিমবাংলা থেকে বেশী আয়কর আদায় হয়। যদি বেশী টাকা আদায় করি তাহলে আমাদের একটু বেশী টাকা দিতে হবে। আমরা তাই পঞ্চম ফাইন্যান্স কমিশনের এই বণ্টন নীতির বিরুদ্ধে অর্থমন্ত্রী আরো জোরের সঙ্গে দাবী জানান কেন্দ্রের কাছে, এটাই দাবী করছি। পপুলেশন বা জনসংখ্যা নিশ্চয়ই একটা ভিত্তি হবে, কিন্তু জনসংখ্যার ভিত্তিতে ৯০ ভাগ হবে না। জনসংখ্যার ভিত্তিতে ৮০ ভাগ হবে। কিন্তু ২০ ভাগ সোর্স অব কালেকশান কার ভিত্তিতে বণ্টিত হওয়া উচিত? এই আয়কর সম্বন্ধে আর একটা জিনিস মাননীয় অর্থমন্ত্রীকে জানানো প্রয়োজন সেটা হচ্ছে আয়করের উপরে একটা সার-চার্জ আছে। কিন্তু এই সার-চার্জ বণ্টনযোগ্য হিসাবে কেন্দ্রীয় সরকার গণ্য করেন না। ফাইন্যান্স কমিশন এই সার-চার্জ বাদ দেয়। এটা হাস্যকর ব্যাপার। যদি আয়কর অন্য পুলের অংশে নিয়ে আসে তাহলে সেই পুলের ভিতর সার-চার্জও আনতে হবে। আমি তাই মাননীয় অর্থমন্ত্রীকে আপনার মাধ্যমে অনুরোধ করবো তিনি যেন সার-চার্জটাকে বণ্টনযোগ্য করে আনার জন্য দাবী পেশ করেন। মাননীয় স্পীকার, স্যার, দ্বিতীয় হচ্ছে এক্সাইজ ডিউটি, আবগারী শুল্ক। আমরা জানি কেন্দ্রীয় সরকারে আবগারী শুল্ক যা আদায় হয় তার ২০ ভাগ রাজ্যগুলির ভিতর বণ্টিত হয়। এটা অত্যন্ত কম। রাজামান্নার সুপারিশ মত এবং আমাদের অর্থমন্ত্রীর উচিত রাজামান্নার সুপারিশ যে ইউনিয়ন একসাইজ ডিউটির শতকরা ৮০ ভাগ বণ্টিত হোক রাজ্যসরকারের ভিতর এই দাবী দিল্লীতে

উত্থাপন করা। এখানে অর্থমন্ত্রীর জানা উচিত এই যে এই আবগারী শুল্কের শতকরা ৮০ ভাগ বণ্টিত হয় জনসংখ্যার ভিত্তিতে আর ২০ ভাগ বণ্টিত হয় সমাজ উন্নয়নসূচক ভিত্তিতে—ইনডেক্সের ভিত্তিতে। এই যে সূচক তার ভিতর বেকার সমস্যা ধরা হয়না। আমি তাই অর্থমন্ত্রী মহাশয়কে বলবো যে রেড্ডী কমিশনের কাছে এই দাবী জানান যে অবিলম্বে এই কমিশনের ভিতর আন এমপ্লয়মেন্ট একটা ইনডেক্স হিসাবে ধরে পশ্চিমবঙ্গের প্রতি যেন সুবিচার করা হয়। এই যে আন এমপ্লয়মেন্ট একে না ধরার ফল কি হয়েছে ? উত্তরপ্রদেশ কেন্দ্রীয় আবগারী শুল্ক পাচ্ছে ১৮.৮, বিহার ১৩.৮ পারসেন্ট, মহারাষ্ট্র ৭.৯ পার্সেন্ট, অন্ধ্র ৭.২ পার্সেন্ট, আমাদের আরো কম, ফিগারটা ঠিক বলতে পারছি না। এটা শুধু আমরা জানি যে পাঁচটি রাজ্যের শেয়ার বেড়ে গেল আর আমাদের শেয়ার কমে গেল। এই রকম বণ্টন নীতির প্রতিবাদ হওয়া উচিত, অন্ততঃ এখন থেকে এটা আমি মনে করি। দেখুন এখানে এক্সাইজ ডিউটির ভিতর অনেক কারচুপি হল। কেন্দ্রীয় সরকার যে সমস্ত এক্সাইজ ডিউটি নিজে পায়, বণ্টন করেনা, সেই সমস্ত এক্সাইজ ডিউটি বেড়ে গেল. আর যে সমস্ত এক্সাইজ ডিউটি রাজ্যের মধ্যে বণ্টন হয় সেগুলি বাড়লোনা ফলে রাজ্যের ভাগ কমে গেল। এই ধরণের নীতির প্রতিবাদ করা আমাদের অর্থমন্ত্রীর প্রয়োজন বলে মনে করি। আর একটা বিষয় হচ্ছে, স্পীকার মহাশয়, যাকে বলে গ্রান্ট ইন এড। এই গ্রান্ট ইন এড-এর মধ্যে রেভিনিউ ডেফিসিট পুরণ করবার জন্য, শুনে অবাক হবেন, উড়িষ্যা পাচ্ছে ১৪৫.৯৯ কোটি টাকা অর্থাৎ ১৪৬ কোটি টাকা। দেখবেন কেরেলা এবং মহীশূর পাচ্ছে ১০৪ কোটি, ৮২.৭, আর আসাম ও অন্ধ্র প্রদেশ পাচ্ছে ৬৭। আমাদের পশ্চিমবঙ্গ কিছুই পাচ্ছেনা। এটা কি ধরণের নীতি ? যে রাজ্যে বেকার সমস্যা সবচেয়ে বেশী, যে রাজ্যের ছেলেরা মাথা খুড়ছে, সেই রাজ্যে গ্রান্ট ইন এড দেওয়া হবেনা। আমি সরকারের কাছে দাবী করছি যে অর্থমন্ত্রী মহাশয় দিল্লীতে লিখুন যে এই গ্রান্ট ইন এড জনসংখ্যার ভিত্তিতে এবং বেকার সমস্যাটাকে ইনডেক্স সূচক হিসাবে ধরে নিয়ে এর ভিত্তিতে গ্রান্ট ইন এড দেওয়া হোক। কোন দল কেন্দ্রে থাকলে সেই দলের কোন রাজনৈতিক সুবিধা হতে পারে এই গ্রান্ট ইন এড বণ্টনের মাধ্যমে এইরকম কোন অভিযোগ কেন্দ্রের উপর আরোপিত হোক এটা আমরা চাই না। আমরা তাই বলি যে গ্রান্ট ইন এড কোন কেন্দ্রীয় সরকারের নিজস্ব ইচ্ছা অনিচ্ছার উপর যেন নির্ভর না করে, যেন বিধিবদ্ধ নিয়মের উপর বণ্টিত হয়। সেই বিধিবদ্ধ নিয়ম হবে আন এমপ্লয়মেন্ট, বেকার সমস্যা এবং জনসংখ্যা এটাই বৈজ্ঞানিক ভিত্তি হতে পারে। স্পীকার, স্যার, ত্যাগী কমিশন অর্থাৎ পঞ্চম ফিনান্স কমিশন, তাঁরা বলেন যে আমরা এমন ভাবে বণ্টন করবো যে অনুন্নত অঞ্চলগুলি উন্নত হবে, ব্যালেন্সড রিজিয়োনাল ডেভালপমেন্ট হবে, সুসম আঞ্চলিক উন্নয়ন হবে। স্পীকার মহাশয়, সেদিক থেকে এই অর্থনীতির মত ভুল আর কোন নীতি নেই। যেখানে প্রাকৃতিক উপকরণ পড়ে রয়েছে সেই প্রাকৃতিক উপকরণ অনুন্নত থাকবে।

[6-05—6-15 p.m.]

এখানে প্রাকৃতিক উপকরণ ব্যবহৃত হবেনা যেখানে বেকারী রয়েছে শ্রম করবার মত লোক রয়েছে, সেই জায়গায় শ্রম ব্যবহৃত হবেনা, আর যে জায়গায় কোন উপকরণ নাই, শ্রমিক যন্ত্রের অভাব দেখা দিয়েছে, ইনফ্রাষ্ট্রাকচার নাই, সেই জায়গায় মরুভূমির মত জায়গাকে উন্নয়নের জন্য প্রচেষ্টা হবে, এটা কোন উন্নয়নের ভিত্তি হতে পারেনা। আমি তাই অর্থমন্ত্রী মহাশয়কে পঞ্চম ফিনান্স কমিশনের যে ভুল নীতির কথা বাজেট বক্তৃতায় উল্লেখ করেছেন, সেটা আরও জোরের সঙ্গে উল্লেখ করলে খুসী হতাম। যে রেড্ডি কমিশন আসছে সেটাও যদি সেই নীতিই গ্রহণ করে তাহলে আমাদের পশ্চিমবাংলার সর্বনাশ হয়ে যাবে। আমাদের শিল্প প্রসারের জন্য সুযোগ সুবিধা থাকা সত্ত্বেও যদি

আমরা টাকা না পাই, তাহলে রাজস্থানের মত জায়গায় যেখানে টাকা ঢালার চেষ্টা হয় সেই নীতি সমর্থন করতে পারিনা। রেড্ডি কমিশন কি করবে সেটা আমরা জানিনা, করলেও ১৯৭৪-৭৫ সালের ব্যাপার সেটা অনেক দূরে কথা, আমাদের যে বেকার সমস্যা ১৯৭২-৭৩ এবং ১৯৭৩-৭৪ সালে তা আরও বাড়বে এবং আমাদের অর্থমন্ত্রী মহাশয়কে আর একবার তার মধ্যে বাজেট পেশ করতে হবে, আমি জিজ্ঞাসা করি এই দু বছর কি হবে? আজকে তাই অর্থমন্ত্রীর প্রধান দায়িত্ব হচ্ছে কেন্দ্রীয় সরকারের ৫ম অর্থ কমিশনে যে সমস্ত ত্রুটিগুলি আছে সে সম্বন্ধে জানান, আমাদের গ্রান্ট ইন এড-এ ১০০ কোটি টাকার বেশী দরকার, এই দাবী যদি উপস্থিত করতে না পারেন, বেকার সমস্যা সমাধানের জন্য নগদ টাকা কোথা থেকে পাবেন আমি চিন্তাও করতে পারছি না। যদি আপনি ৬ষ্ঠ কমিশনের জন্য অপেক্ষা করেন তাহলে এ বছর এবং তার পরের বছর এই দু বছর কি করে বেকার সমস্যার সমাধান করতে পারবেন আমি তা চিন্তাও করতে পাচ্ছিনা। তাই মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে অনুরোধ করবো যে ৫ম ফিনান্স কমিশনের ত্রুটিগুলি উল্লেখ করে অবিলম্বে কেন্দ্রীয় সরকারের কাছে গ্রান্ট ইন এইড বাড়াবার জন্য দাবী উপস্থিত করুন। দাবা না করলে কেউ দেবেনা। এই ফিনান্স কমিশন ছাড়া আর যে কয়টি বিষয় আছে তা কেউ উল্লেখ করেননি। আমি তাই সেগুলি বলতে চাই। আমাদের কয়লাখনি এবং চা বাগান এই দুটি যদি জাতীয়করণ না করা যায় তাহলে এদের উপর রয়ালটির হার আরও বাড়ান। এরা এমনিতেই রয়ালটি ফেলে রাখছে, ২৫ কোটি ১৮ কোটি, ৫৩ কোটি টাকা আমরা রয়ালটি পাব, এরা না দেবে শ্রমিকদের, শ্রম-মজুরী বোর্ড-এর রায় এরা কার্যকরী করবেনা, রাষ্ট্রকে দেবেনা, এদের মিসা আইনে গ্রেপ্তারও করা হবেনা। আমি দাবী করছি যে পুরানো টাকা তাদের কাছ থেকে আদায় করা হোক এবং এদের উপর আরও বেশী করে রয়ালটি বসানো হোক।

গ্রামাঞ্চলে ল্যাণ্ড ট্যাক্স বাড়ান হয়েছে, এই ল্যাণ্ড ট্যাক্স সি, এম, ডি, এ অঞ্চলে কাঠা ভিত্তিতে করা হোক, তা না হলে টাকা আসবে কোথা থেকে?

আমাদের সেল্‌স ট্যাক্স যদি উৎপাদন বিন্দুতে আদায় না করা হয় তাহলে সেল্‌স ট্যাক্স আদায় হবেনা। আট কোটি টাকার বেশী আদায় করতে পারেন যদি সেলস ট্যাক্স উৎপাদন বিন্দুতে আদায় করেন। বিধান রায় মহাশয় ঔষধের উপর উৎপাদন বিন্দুতে সেল্‌স ট্যাক্স বসান, তাই সেখানে এত বেশী আদায় হয়, প্রডাক্‌সন পয়েন্ট সেল্‌স ট্যাক্স করলে ট্যাক্স ফাঁকি দেওয়া অসম্ভব হয়ে পড়ে এবং অনেক বেশী আদায় হয়। কিছুদিন আগে আনন্দবাজার পত্রিকায় একটা প্রবন্ধ বেরিয়েছিল ডাল এবং মশলার উপর থেকে আদায় করা যাচ্ছে না। যদি ভাল করে আদায় করা যায় তাহলে ৪ কোটি টাকার বেশী বিক্রয় কর পাওয়া যাবে।

কেন আদায় করা যাচ্ছেনা? ওদের ধরলে পর বলবে—এ ডাল আসামে যাবে, উড়িষ্যায় যাবে। এখানে তো বিক্রী হবে না।

মাননীয় স্পীকার স্যার, আমি অর্থমন্ত্রীর কাছে দাবী করি বিক্রয় কর উৎপাদনের ভিত্তি বা উৎস থেকে করা উচিত সেটা করুন এবং যে কোন ডাল মশলা আমাদের এখানে পাইকারী বিক্রয় হয় অন্য প্রদেশের জন্যও যদি হয়, তবুও তাদের কাছ থেকে sales tax আদায় করুন।

আমি মনে করি এই বাজেটের সত্যি সত্যি কাঠামো একটা পুরানো কাঠামো। নিশ্চয়ই কর্ম সংস্থানের বাজেট এটা নয়। এই বাজেট দেশে আমরা জানাতে পারবো না সত্যি সত্যি কত লোকের কর্ম সংস্থান এর দ্বারা হবে। আমরা আশা করেছিলাম আমাদের অর্থমন্ত্রী একটু অন্যভাবে বাজেট পেশ করবেন। তিনি বলতে পারতেন—আমার পুকুর কাটাতে এক লক্ষ লোক লাগবে। বিদ্যুতের জন্য

২০ হাজার লোক লাগবে, বা অমুক কাজের জন্য ৫০ হাজার লোক লাগবে। সেইজন্য আমার ৩০ কোটি টাকা চাই। এই টাকার জন্য দরকার হলে স্কুল কলেজের শিক্ষক, সরকারী কর্মচারী—প্রত্যেকের কাছে আমরা আবেদন করতে পারতাম। এক বছর আপনারা কোন Increment নেবেন না? বোনাস যা পাচ্ছেন—তা রাষ্ট্রকে দেন। এখন কী করে তা বলবো? এ বাজেট কি যুব শক্তিকে সাহায্য করবে? এই বাজেট রচনা সেই পুরানো বৃটিশ পদ্ধতিতে হয়েছে। সে যুগ তো শেষ হয়ে গেছে। ১২৬০ সালে এই বাজেট রচনা ভারতবর্ষে আরম্ভ হয়। এখন ১৯৭২ সাল। ঐ বাজেট আজ চলে না। আমরা এখন কাকে কী ত্যাগ স্বীকার করতে বলবো তা তো আমি বুঝতে পারছিনা।

এই কথা কয়টি বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীআবদুস সাত্তার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী যে বাজেট এই হাউসে রেখেছেন, সেটা আমি সমর্থন করছি এবং সমর্থনের অনুকূলে আমি কিছু বক্তব্য রাখবো। তবে সর্ব প্রথমে আমি এটা বলবো আমাদের ভূতপূর্ব মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় এই বাজেটকে কটাক্ষ করে কয়েকটি কথা বলেছেন। তিনি মোটামুটি বলেছেন এই বাজেট মোটামুটি প্রফুল্ল সেনের বাজেট। আমি বুঝতে পারছিনা—এই বাজেট যদি প্রফুল্লচন্দ্র সেনের বাজেট হয়, তাহলে তিনি নিজে কোন্ মুখে এই বাজেটের সমালোচনা করছেন? কারণ তিনি যখন নিজে বলছেন—প্রফুল্ল সেনের গতানুগাতিক বাজেট এটা, এর মধ্যে বৈপ্লবিক কিছু নাই। আমরা জানি—আমরা ২০শে মার্চ এই সালে এখানে এসেছি। তিন মাস কয়েক দিন হয়েছে। আমি দাবী করছি না—যে আমরা এই অল্প সময়ের মধ্যে একটা বৈপ্লবিক কিছু এনে দেশের সকল সমস্যার সমাধান করে দেব। একথা কেউ আমরা কখনো বলিনি। তবে এটা ঠিক আমাদের এই পশ্চিমবঙ্গের একটা সমস্যা সংকুল রাজ্য—এখানে এত রকম সমস্যার সম্মুখীন আমরা হয়েছি যে এই সমস্যা সমাধান করবার জন্য আমরা কিছু প্রকল্প হাতে নিয়েছি এবং আরো নেব। চতুর্থ পঞ্চ বার্ষিকী পরিকল্পনায় মাত্র দু বছর আছে। যদি কেউ মনে করেন যেহেতু ইন্দিরা গান্ধী ডাক দিলেন গরিবী হটাও সঙ্গে সঙ্গে অমনি গরিবীও চলে যাবে—এ কথা যাঁরা বলেন তাঁরা কটাক্ষ ছলেই সে কথা বলেন। আমি বলবো আমাদের শুক্লাজী সেকথা ভালভাবে বলেছেন। প্রতিক্রিয়াশীল কথা আমরা বলিনি। যেদিন ইন্দিরা গান্ধী গরিবী হটাও শ্লোগান দিয়েছিলেন, সেদিন তাঁরা স্বতন্ত্র পার্টির সঙ্গে গলা মিলিয়ে বলেছিলেন ইন্দিরা হটাও।

আমরা যখন বলছি গরীবী হটাও, তখন ঐ সংগঠন কংগ্রেস জনসংঘের হাতে হাত মিলিয়ে বলেছিল ইন্দিরা হটাও। তাই ভারতবর্ষের জনগণ সেই সংগঠন কংগ্রেসকে ছুঁড়ে ফেলে দিয়েছে ডাষ্টবিনের মধ্যে। গরীবী হটাওয়ের নাম নিয়ে ঠাট্টার ছলে অনেকে অনেক কথা বলেছেন। কিন্তু তাদের সময়ে যখন বাজেট হয়েছিল সেটা লক্ষ্য করলেই বুঝতে পারবেন কিভাবে বাজেট হয়েছিল। আজকে ভূমি সংস্কার আইনের সমালোচনা করেছেন—কিন্তু এই ভূমি সংস্কার আইন কখন হয়েছিল? ভূমি সংস্কার আইন তাঁদেরই আমলে হয়েছিল। এবং distribution of land to the landless cultivators তারা করেছিলেন—আজকে উনি বলছেন আমরা দারিদ্র্য বিতরণ করছি। তাঁর মুখে এটা শোভা পায় না। এই ভূমি সংস্কার আইন যখন হয় তখন উনি মুখ্যমন্ত্রী ছিলেন—তাঁরই আমলের এই আইন আমরা নূতন কিছু করিনি। এবং যে আইন করেছিলেন তাতে লোককে ভাঁওতা দিয়েছিলেন। তাকে বিশেষভাবে কার্যকরী করে তুলেন নি। আমরা আইনে যে সমস্ত লুপহোলস আছে সেগুলি সংশোধন করে গরীব মানুষের মধ্যে যাতে জমি বিতরণ করা যায় সেই বিধানকে কার্যকরী করার চেষ্টা করছি মাত্র। আমরা ভাঁওতা দিচ্ছি না। আমরা বলেছি যে শুধু শিল্পের দ্বারা বেকারী দূর হবে না। আমরা জানি আমাদের যে বেকার সমস্যা সেই সমস্যা জমি বিতরণ করেও

াধান হবে না। একথা আমরা কখনও বলি না। আমি শুধু কয়েকটি তথ্য তুলে ধরছি। আমরা ় খাদ্যোৎপাদন বাড়াতে পারি তাহলে দেখা যাবে যে আমরা এই বেকার সমস্যার অনেকটা সমাধান রতে পারবো। আজকে গ্রামীন অর্থনৈতিক কাঠামো যদি সজীব করতে না পারি তাহলে আমাদের শের মঙ্গল কখনই হতে পারে না। আমাদের কনসেনট্রেসন যদি কলকাতার দিকে থাকে অর্থাৎ যদি াগ্র শরীরের অঙ্গ পঙ্গু থাকে আর মুখে একটু রক্ত থাকে অর্থাৎ সমগ্র জনসমাজের শতকরা ৭০ জন াক বাস করে গ্রামে—সেই গ্রামের অবস্থা যদি ভাল করতে না পারি তাহলে আমরা দেশের সমস্যা াধান করতে পারবো না। আমাদের গ্রাম বাংলার অর্থনীতি মোটামুটি কৃষিভিত্তিক হওয়ার ফলে াজকে কৃষির উন্নতি যদি না করতে পারি, উৎপাদন বাড়াতে না পারি, আজকে যদি একটা জমিতে দুটি নটি ফসল ফলাতে না পারি, তাহলে আমরা কোন দিনই সফলকাম হতে পারবো না। কৃষির দিক াকে আমি বলতে পারি আমাদের এখনও অনেক স্কোপ আছে। যদি আমরা সুষ্ঠভাবে অগ্রসর ই তাহলে আমরা গ্রাম বাংলার অর্থনীতিকে পরিবর্তন করতে পারি। একটা উদাহরণ দিচ্ছি— ামাদের গত সেনসাসে ১৯৭১ সালের সেন্সাসে লোক সংখ্যা ছিল ৪ কোটি ৪৪ লক্ষ। যদি ১৬ আউন্স রে মাথাপিছু খাবার ধরি তাহলে দরকার হচ্ছে ৮০ লক্ষ ২৯ হাজার টন—আমাদের ১৯৭১-৭২ সালের ক্সপেকটেড প্রোডাকসন হচ্ছে ৭৬ লক্ষ ৩৭ হাজার টন। এইভাবে পরপর ১৯৭২ সালে লোকসংখ্যা চ্ছে ৪ কোটি ৪৫ লক্ষ ৫৫ হাজার—সেখানে খাবার দরকার হচ্ছে ৮২·৩০ লক্ষ মেট্রিক টনস। ১৯৭৩ ালে লোক সংখ্যা ৪ কোটি ২৬ লক্ষ ৭৯ হাজার, খাবার দরকার হবে ৮৪ লক্ষ টন। ১৯৭৪ সালে লাক সংখ্যা বেড়ে ৪ কোটি ৮৫ লক্ষ—খাবার দরকার হবে ৮৬ লক্ষ ৭ হাজার টন।

১৯৭৫ সালে হবে আমাদের ৪ কোটি ৪৯ লক্ষ লোক, খাদ্যের প্রয়োজন হবে ৮৮ লক্ষ টন। এই ভাবে আমরা দেখেছি। এই দেখার ফলে আমরা একটা প্রকল্প নিয়েছি। প্রকল্প হচ্ছে আমরা আগামী ়ই বছরে পশ্চিমবাংলাকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করবো। এই হিসাবে গত বছর সামার বোরো রাইস, গ্রীষ্মকালীন উচ্চ ফলনশীল ধান) আমরা ৭ লক্ষ একর জমিতে লাগিয়েছিলাম। তাতে প্রোডাক্টসন হয়েছে ১০ লক্ষের উপর। আর আগামী দুই বছরে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হবার জন্য একটি প্রজেক্ট আমার ডিপার্টমেন্ট করেছে, তাতে মোটামুটি আরো ৮ লক্ষ একর জমি আমরা ক্ষুদ্র সেচের আওতায় নিয়ে আসছি। আর তা আমরা যদি আনতে পারি তাহলে সেই ৮ লক্ষ একর জমি আনতে গেলে সেখানে মোটামুটি ১২ লক্ষ টন গ্রীষ্মকালীন ধান হবে। আমন ধান হবে ১ লক্ষ ২৭ হাজার টন এবং তার সংগে এ্যাডিশনাল জুট এই সেচের ফলে ১০ লক্ষ বেল হবে। এর জন্য মোটামুটি খরচ যা ধরা হয়েছে তাতে ৫৫ কোটি ২৪ লক্ষ টাকা। ৫৫ কোটি ২৪ লক্ষের মধ্যে আমাদের আছে বাজেটে প্রভিসন ১২ কোটি ৩৮ লক্ষ টাকা। আমাদের আরো দরকার ৪২ কোটি ৮৬ লক্ষ টাকা। এই পরিকল্পনা আমরা কেন্দ্রে দিয়েছিলাম। কেন্দ্রের একটা ষ্টাডি টিম আমাদের এখানে এসেছিল। তারা ষ্টাডি করে আমাদের প্রকল্প সম্পূর্ণ গ্রহণ করেছে। পরে ফাইন্যান্স ডিপার্টমেন্টকে দিয়েছি। আমরা বলেছিলাম দু বছরের মধ্যে, তারা বলেছে দু বছরের মধ্যে হবে না, ৩ বছরের মধ্যে করতে হবে। এর ফলে শুধু খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হবে না, এর ফলে আমরা দেখেছি ৬ লক্ষ ল্যাণ্ড লেসকে ও অল্প জমির মালিককে সারা বছর অর্থাৎ রাউণ্ড দি ইয়ার কাজ দিতে পারব। এ্যাডিশনাল কাজ অর্থাৎ ১ লক্ষ ২০ হাজার লোক যাদের অল্প জমি আছে, আর ৪ লক্ষ ২০ হাজার লোক যারা ল্যাণ্ডলেস ভূমিহীন তারা রাউণ্ড দি ইয়ার সেই প্রকল্পে কাজ পাবে। অর্থাৎ গ্রামের দিকে অল্প খরচায় আমরা যদি কৃষির দিকে লক্ষ্য করি দেখা যাবে গ্রামে ল্যাণ্ডলেস কাল্টিভেটরস যারা ৩।৪ মাস খাটার পর বসে থাকে এই প্রকল্প যদি গ্রহণ করতে পারি তাহলে তিনটে ফসল ফলাতে পারবো। তিনটে ফসল যদি ফলাতে পারি তাহলে যে চাষী মাঠে কাজ পায় না, ও ভূমিহীন কৃষকদের ব্যবস্থা করা হবে। এছাড়া জুটের সময় ৬০ থাউজেণ্ড লোককে

কাজ দিতে পারব। এইভাবে এই প্রকল্পের মাধ্যমে তাদের কাজ দিতে পারবো। কৃষির অনেক স্কোপ আছে। ফসল উৎপাদনের জন্য টিউবয়েল যদি দেওয়া যায় তাহলে ফসল ফলাতে পারি এবং সমস্ত জমিতে যদি দিতে পারি তাহলে দেখবেন আমাদের খাদ্যসমস্যার সমাধান তো হবেই, আমাদের গ্রামের যে সমস্ত বেকার আছে সেটাও দূর হবে। গ্রামীন জল সরবরাহের ব্যাপারে তিনি অর্থাৎ শ্রীসেন বলেছিলেন খবরের কাগজে বেরিয়েছিল একবার পড়েছিলাম ১৭ হাজার টিউবওয়েল খারাপ। আবার একবার বলেছিলেন ৮০ হাজার টিউবওয়েল খারাপ। প্রাক্তন মুখ্যমন্ত্রী যেভাবে ডিপার্টমেণ্ট থেকে খবর নিতেন আমি সেইভাবে ডিপার্টমেন্ট থেকে খবর নিয়েছিলাম। তিনি বলেছিলেন ১৭ হাজার টিউবওয়েল খারাপ। কিন্তু আমাদের ছোট টিউবওয়েলের সংখ্যা হচ্ছে ৭৬ হাজার। আর রিং ওয়েল ধরে ৯৬ হাজার। কতটা ডিফেকটিভ সেটা নিশ্চয় ডিপার্টমেণ্টের কাছে গিয়েছিল। ১৭ হাজার খারাপ আছে। আমি বলেছিলাম, আমাদের যে ব্যবস্থা আছে তা পরিবর্তন করে দিয়ে ডিসষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট এবং বি, ডি, ও দের হাতে ভার দেবো এবং একটা কমিটি হবে এবং যে কমিটিকে খবর দিলে সাত দিনের মধ্যে ভাল করার ব্যবস্থা করতে হবে। কিন্তু যে সমস্ত টিউবওয়েল খারাপ আছে সে গুলোর অধিকাংশই ১০ বছর পনেরো বছর বা আট বছরের বেশি সময় ধরে খারাপ। ১৭ হাজারের মধ্যে ১৪ হাজার ১৯৬৭ সালের আগে খারাপ। প্রফুল্লবাবু টিউবওয়েলের জন্য যে আন্দোলন করেছেন সেটা তার আমলেই খারাপ। কিন্তু তখন তিনি সেগুলো ঠিক করেন নি।

[6-25—6-35 p.m.]

আমাদের এই মন্ত্রীমণ্ডলীতে আমরা ১২ হাজার টিউবওয়েল সমস্ত পশ্চিমবাংলায় দেবার জন্য আমরা প্রকল্প নিয়েছি এবং প্রত্যেকটি ব্লকে ৩৫টি করে হয় সিংকিং না হয় রিসিংকিং—যেগুলি খারাপ আছে সেগুলি ভালো করা হবে। এর জন্য ২ কোটি ৬০ লক্ষ টাকা আমরা বরাদ্দ করেছি। আমি চালেঞ্জ দিয়ে বলছি আপনারা দেখাতে পারবেন না কোন একটা বছরে ২ কোটি ৬০ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে গ্রামীন জলসরবরাহের জন্য বা এতগুলি টিউবওয়েল মেরামত হয়েছে। আমি হিসাব দিচ্ছি এ পর্য্যন্ত যে ১২ হাজারের পরিকল্পনা নিয়েছি তাতে ম্যাসন ওয়েল আছে, ওয়েলস আছে, মাড ওয়েলস আছে, টিউবওয়েল সিংকিং, রিসিংকিং আছে। আপটুডেট কম্পলিটেড ৭ হাজার ৩ শো এবং ইন প্রগ্রেস আছে ৮৬০টি। ওয়েলস কম্পলিটেড ৭০০ আর ইন প্রগ্রেস ১ হাজার ৩৬১টি। তারপর স্যালো ওয়েল ডাগ ৬ হাজার ৩১৪ আর প্রগ্রেসে আছে ৬৫৩টি। এ ছাড়া টিউবওয়েলস রিপেয়ার্ড হয়েছে, পেটি রিপেয়ারস ১১ হাজার ৭৩৫টি আর ওয়েলস হয়েছে ৫ হাজার ৮৬৬টি পেটি রিপেয়ার্স। এইভাবে আমরা কাজ করেছি এবং এখনও কাজ চলেছে। এই কাজটা আমরা ১½ মাসের মধ্যে করেছি। আজকে এই টিউবওয়েলের ব্যাপার নিয়ে অনেকে বলেছেন, আমিও সেই দলে ছিলাম যদিও তখন বিধানসভায় আমি ছিলাম না, তবে আমাদের ডাক্তার সাহেব ছিলেন। তবে আজকে এই কাজ আমরা যা হাতে নিয়েছি তা সিরিয়াসলিই নিয়েছি, সিনসিয়ারলি করছি, এরমধ্যে কোন ফাঁকি নেই। তবে আমাদের হাতে তো যাদু মন্ত্র নেই যা দিয়ে দুদিনের মধ্যেই সব সমস্যার সমাধান করে দেব। আমরা জানি আমাদের দেশে সমস্যা আছে এবং সেই সমস্যার মোকাবিলা করতে আমরা বদ্ধপরিকর। বেকার সমস্যা সম্বন্ধে আমাদের অর্থমন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতার ১২ পাতায় বক্তব্য তুলে ধরেছেন। এ ছাড়া তিনি গ্রামীন এলাকার উন্নয়নের কথাও বলেছেন। আজকেও অনেক বক্তা বেকার সমস্যার কথা বলা হয়নি বলেছেন, কিন্তু বলা হয়েছে। কাজেই এইভাবে পিস মিল ভাবে বলে লাভ নেই এরপর ট্যাক্সেসের কথা বলা হয়েছে। আমি বলছি ডেভালপিং কানট্রিতে যদি আমাদের ঘাটতি সত্যিকারের বন্ধ করতে হয় তাহলে ট্যাক্স বসাতেই

হবে যে ভাবেই হোক। আমরা যে ট্যাক্স বসিয়েছি মোটামুটি ভাবে সি. পি. আই বন্ধুরাও সেটা সমর্থন করেছেন এবং আমাদের বিরোধীদল হিসাবে যিনি আছেন সেই প্রফুল্লদাও ট্যাক্স সম্বন্ধে কিছু বলেন নি। কাজেই যেটা হয়েছে সেটা সর্বসম্মতিক্রমেই হয়েছে, সকলেই সেটা সমর্থন করেছেন এটা ধরে নিতে পারি এবং এর প্রয়োজন আছে, অন প্রিনসিপ্যাল সকলে এটা মেনে নিয়েছেন। ভূমির কথা অনেক বক্তা বলতে গিয়ে বলেছেন যে এটা প্রডাকসান ভিত্তিক হওয়া প্রয়োজন। আমি আপনাদের বলছি আমারও সেই মত যে প্রডাকসান ভিত্তিক করার দরকার আছে, কিন্তু রেকর্ড যা আছে তাতে সেইভাবে প্রডাকসান ভিত্তিক করা এখন সম্ভব হবে না। সেখানে রেকর্ডটা ঠিক মত করতে হবে। তবে স্লাব সিসটেম করার যে সাজেশান দিয়েছেন সে সম্পর্কে বলব যে সেটা হলে আবার ১০ নম্বর ফর্ম দাখিলের প্রশ্ন উঠবে। তার মানে কখনই স্লাব সিসটেম ঠিক হতনা, জীবনে কখনও খাজনাও আদায় হত না বা ধার্য করাও যেত না। ঐ স্লাব সিসটেম করা মানেই খাজনা দিও না, ১০ নম্বর ফরম দাখিল কর ফলে খাজনা বন্ধ হয়ে যাবে। আজকে যদি এট অল খাজনা আদায় করতে হয় অর্থমন্ত্রী মহাশয়কে বলছি— নন ইরিগেটেড জমির উপর যেটা বৃদ্ধি করা হয়েছে আমাকে অনেক এম. এল এ এসে বলেছেন যে দেশের অবস্থা খারাপ, ড্রট হয়েছে ইত্যাদি, আমি আপনাদের বলছি খারাপ বটে আমরা অস্বীকার করবো না, খারাপ হলে নিশ্চয়ই রেহাই পাবে।

কিন্তু এটা ঠিক যে খাজনা আমাদের আছে সেই খাজনা এখন যুদ্ধের আগেকার খাজনা, বোধ হয় ১৯৩৭ সাল কিম্বা তারও আগে ১৯১৪ সালের আগেকার অর্থাৎ প্রথম যুদ্ধ যখন হয়েছিল তারও আগেকার। সুতরাং এই খাজনা বৃদ্ধি করার প্রয়োজন আছে। তবে আমরা ৯ বিঘা পর্যন্ত খাজনা মাপ করে দিয়েছি। এই ৯ বিঘা পর্যন্ত জমির মালিক হচ্ছেন শতকরা ৭৭ জন। এই বলে আমি আশা করব যে বাজেট উপস্থাপিত করা হয়েছে এটা সর্ব দিক থেকে ভাল বাজেট এবং এর থেকে ভাল বাজেট আর আসতে পারে না। আমি তাই সকলকে অনুরোধ করবো একে পূর্ণ সমর্থন জানাবেন এবং এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে নিয়ে এখন পর্যন্ত ৬০ জন মাননীয় সদস্য এই বাজেট বিতর্কে অংশ গ্রহণ করেছেন। বিতর্ককালে অনেক কিছু বক্তব্য যথার্থভাবে রাখা হয়েছে। কিছু কিছু প্রস্তাব যা করা হয়েছে তা সরকারের বিবেচনা করা উচিত, আবার কিছু কিছু কথা যে ভিত্তিতে রাখা হয়েছে সেই ভিত্তি ঠিক নয়। এখানে সবচেয়ে বেশী সরকারকে আক্রমণ করলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্ল চন্দ্র সেন মহাশয়। সংগঠন কংগ্রেসের তরফ থেকে যদি কেউ বক্তা থাকতেন তাহলে নিশ্চয়ই তার উত্তর দিতাম, কিন্তু খুব বেশী হয়ত সময় নষ্ট করতাম না। কিন্তু বাংলার প্রাক্তন মুখ্যমন্ত্রী যিনি ১৯৪৭ সাল থেকে একজন বাংলার অন্যতম মন্ত্রী ছিলেন এবং ১৯৬২ সাল থেকে প্রায় ৫ বছর ধরে বাংলার মুখ্যমন্ত্রী ছিলেন তিনি কিছু কিছু তথাকথিত তথ্যের ভিত্তিতে যখন বক্তব্য রাখলেন তখন বর্তমান মুখ্যমন্ত্রী হিসাবে আমার নিশ্চয়ই খানিকটা দায়িত্ব আছে তার খানিকটা উত্তর দেওয়ার। প্রফুল্লবাবু যে পরিসংখ্যান রাখলেন দুঃখের বিষয় এই বিধানসভায় যখন আমি শেষের আসনে বসতাম এবং যখন তাঁকে বিরোধিতা করতাম এবং তখন যে কথা বলতাম আজকে ঠিক সেই কথাই বলতে হচ্ছে যে প্রফুল্লদার হিসাবের কোন ঠিক নেই। কোথা থেকে পরিসংখ্যানগুলি উনি পেলেন এবং গড় গড় করে মুখস্থ বলে গেলেন, এতো অসম্ভব ব্যাপার। আমি ভেবেছিলাম যে প্রফুল্ল সেন মহাশয় যেরকম পরিসংখ্যান দেন সেইরকম পরিসংখ্যান দেওয়া যায় কি না। বেশ সুন্দর শোনায় বক্তৃতা। কিন্তু দেখলাম সেই পরিসংখ্যান দিতে গেলে কত পরিসংখ্যানের খাতাপত্র, বই রাখতে হবে। কারণ, এমন কোন মানুষ থাকতে পারে না যে এই রকমভাবে পরিসংখ্যান মুখস্থ করে সমস্তক্ষণ মাথায় রাখতে পারে। তাই আজকে যে পরিসংখ্যানগুলি প্রফুল্ল সেন মহাশয়

দিলেন সেগুলির যে প্রায় বেশীরভাগ ক্ষেত্রেই ভুল এতে আশ্চর্য্য হবার কিছু নেই। সে বিষয়ে কিছু তথ্য আপনাদের সামনে আমাদের অর্থমন্ত্রী দেখাবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিনি কিছু কিছু নথিপত্র এনেছেন, তাতে দেখতে পাবেন যে প্রফুল্ল সেন মহাশয়ের পরিসংখ্যান কত ভুল। তিনি আমাকে বলে গেলেন যে আমরা হাওয়ার উপর চলছি। আমরা যদি হাওয়ার উপর চলি তাহলে তিনি কিসের উপর চলছেন সেটা জিজ্ঞাসা করতে পারি কি? তিনিও তো হাওয়ারই উপর চলছেন। তিনি বলে গেলেন এই বাজেট প্রফুল্ল সেনেরই বাজেট। এটা বলে তিনি অবশ্য স্বীকার করে গেলেন যে তাঁর বাজেট অত্যন্ত খারাপ ছিল। অর্থাৎ তিনি বলতে চাইছেন যে আমাদের বাজেটও খুব খারাপ, কিন্তু খারাপ প্রফুল্ল সেনের বাজেট। অর্থাৎ তিনি কিনা মেনে নিলেন প্রফুল্ল সেনের বাজেট একদম খারাপ ছিল, তাঁরা যে বাজেটে এনেছেন সেটা প্রফুল্ল সেনের বাজেটের অনুকরণ। কিন্তু আমরা কি দেখতে পাচ্ছি? আসলে সেন মহাশয় কি বাজেটের এই খাতাপত্রগুলি দেখেছেন? মাননীয় সদস্যদের কাছে যেসমস্ত পত্রগুলি বিলি করা হয়েছে সেগুলি যদি দেখতেন তাহলে কতগুলি জিনিস খুললেই দেখতে পেতেন বেশী দেখতে হত না। একটী প্রদেশের চেহারা দেখা যায় ৩টি জিনিসের উপর। শিক্ষা খাতে কি অবস্থা, স্বাস্থ্য খাতে কি অবস্থা এবং চাষের জন্য সরকার কি করছেন।

[6-35— 6-45 p.m.]

এবং চাষের জন্য সরকার কি করেছেন? প্রফুল্লচন্দ্র সেন মহাশয় যখন শেষ বছর মুখ্যমন্ত্রী হিসাবে তাঁর বাজেট এখানে রাখলেন, সেখানে আমরা কি দেখতে পেয়েছি, এটা আমি মুখস্থ করে বলছি না, কারণ মুখস্থ করে বলতে চাই না, এখানে আমি বিরাট বইটা সঙ্গে করে এনেছি, তার থেকে বলছি। শিক্ষা খাতে প্রফুল্লচন্দ্র সেন মহাশয়-এর সরকার ৩৭ কোটি ৫৯ লক্ষ ৫৮ হাজার টাকা ব্যয়বরাদ্দ এনেছিলেন, স্বাস্থ্য খাতে তাঁরা এনেছিলেন ১১ কোটি ৬২ লক্ষ ৬০ হাজার টাকার প্রস্তাব আর কৃষি খাতে এনেছিলেন ১৩ কোটি ৮৫ লক্ষ ৪০ হাজার টাকার প্রস্তাব। আমরা কি দেখতে পাচ্ছি আমাদের বাজেটে। আমাদের বাজেটের হিসাবের অঙ্ক সম্পূর্ণ ভিন্ন রকমের। যেসব খাতে প্রফুল্ল চন্দ্র সেন মহাশয়রা অনেক টাকা খরচ করতেন, সেখানে হয়তো আমরা অনেক টাকা কম খরচ করবো। কিন্তু যে সব ক্ষেত্রে মানুষের জনজীবনের মান উন্নয়ন করা যায়, যেমন শিক্ষা, স্বাস্থ্য, কৃষি খাতে আমরা এখন সম্পূর্ণ ভিন্ন একটা দৃষ্টিভঙ্গী নিয়ে আমাদের বাজেটকে এই সভায় পেশ করেছি। আমরা দেখতে পাচ্ছি যেখানে প্রফুল্লচন্দ্র সেন মহাশয়রা ৩৭ কোটি ৫৯ লক্ষ ৫৮ হাজার টাকা ব্যয়বরাদ্দ চেয়েছিলেন এই হাউসের কাছে, সেখানে আমরা চাচ্ছি ৭৮ কোটি ২৩ লক্ষ ৬৩ হাজার টাকা, এটা এক বছরে আমরা খরচ করবো। শিক্ষা খাতে এবং স্বাস্থ্য খাতে তাঁরা চেয়েছিলেন ১ কোটি ৬২ লক্ষ ৬০ হাজার টাকা, আমরা চাচ্ছি কত? ২১ কোটি ৮৬ লক্ষ ৬৬ হাজার টাকা। সেই রকম ভাবে কৃষিখাতে তাঁদের থেকে আমাদের ব্যয়বরাদ্দ অনেক বেশী। আমরা ১৬ কোটি ২৬ লক্ষ ৩৯ হাজার টাকা চাচ্ছি। আমাদের সমস্ত বাজেটকে আমরা একটা নূতন দৃষ্টিভঙ্গীর ভিত্তিতে আপনাদের সামনে উপস্থাপিত করেছি। যে করের প্রস্তাব করা হয়েছে আমরা জানতে চাই প্রফুল্লচন্দ্র সেন মহাশয় ৪ বছর মুখ্যমন্ত্রী ছিলেন এবং বহু বছর মন্ত্রী ছিলেন, তাঁদের কোন বাজেট থেকে তাঁরা দেখান যে নূতন করের যে প্রস্তাব তাঁরা এনেছিলেন, তাঁরা তা এই রকমভাবে লক্ষ্য করেছিলেন কি না যে দরিদ্র মানুষের ঘাড়ে করের বোঝা না চাপে, এই রকমভাবে কি তাঁরা দেখতেন? আমরা ঘণ্টার পর ঘণ্টা মন্ত্রীসভায় আলোচনা করেছি যে কিভাবে কর বসানো যায়, কারণ কর বসানো দরকার এমনিতে, সেটা সকলেই মেনে নিয়েছেন, আজকে করের বিষয়ে প্রাক্তন মুখ্যমন্ত্রী কিছু বললেন না বা অন্যরাও

খুব বেশী আপত্তি করলেন না এই কারণে। কারণ ঘণ্টার পর ঘণ্টা আলোচনা করে আমরা ঠিক করেছিলাম যে কি করে ১০ কোটি টাকা আদায় করা যায় নূতন কর হিসাবে এবং সেই যে প্রস্তাবগুলো আজকে এসেছে পরিষ্কার আপনারা দেখতে পেয়েছেন যে আমরা কেবলমাত্র একটা শ্রেণীর উপর যাতে করের বোঝা পড়ে—করের বোঝা বহন করতে পারে, এই কথাটা পরিষ্কার যে তিনি এই সম্বন্ধে কিছু বললেন না। তিনি বলে গেলেন যে গরিবী হটাও এই কথা বলার সঙ্গে সঙ্গে সব দাম বেড়ে গেল, মাননীয় অর্থমন্ত্রী আপনাদের সামনে একটু বাদে বিশদ ভাবে বলবেন, তখন দেখবেন যে এই তর্কটা কত অসার। জিনিস পত্রের দাম নিশ্চয়ই বেড়েছে, এই বিষয়ে কোন সন্দেহ নেই। এই বিষয়ে আমাদের সচেতন হতে হবে, কেন্দ্রীয় সরকারকে এবিষয়ে সচেতন হতে হবে। প্রত্যেক প্রাদেশিক সরকারকে এই বিষয়ে সচেতন হতে হবে, কেরালা সরকারকেও এই বিষয়ে সচেতন হতে হবে, আমাদের সকলকে সচেতন হতে হবে। আমরা তাই এই বিষয়ে নিশ্চয়ই চিন্তা করছি। কিন্তু যদি বলা যায় যে শ্রীমতী ইন্দিরা গান্ধীর গরিবী হটাও কথাটা কেন বললেন, ওটা বলার সঙ্গে সঙ্গে জিনিস পত্রের দাম বেড়ে গেছে, এর থেকে মাননীয় অধ্যক্ষ মহাশয় অপমান সূচক কথা কেউ বলতে পারে না, মাননীয় সদস্য মিথ্যা কথা বলেছেন, আমি বলতে পারি না, আমি বলবো যে তিনি যা বলেছেন সেটা প্রকৃতপক্ষে এখানে যত সদস্য আছেন বা যাঁরা ভারতবর্ষের নেতৃত্ব দিচ্ছেন, তাদের অপমান করবার জন্য এই কথা বলা হয়েছে। গরিবী হটাও কথাটার উপর তারা ভয়ানক ক্ষেপে গেছেন। কারণ তারা ভাবেন যে গরিবী হটাও কথাটা কোথা থেকে ইন্দিরা গান্ধী আনলেন? গরিবী হটাও কথাটা বললেন আর মানুষ আমাদের হটিয়ে দিলো? এটা তারা কিছুতেই ভুলতে পারছেন না। তাদের খুবই একটা অসুবিধার মধ্যে পড়তে হয়েছে এই বিষয়ে কোন সন্দেহ নেই। অসুবিধায় যে পড়েছেন এটা তো বুঝতেই পারছি। অসুবিধায় পড়বারই কথা, মাত্র দুজন সদস্য এখানে আছেন, তার জন্য অসুবিধায় পড়ারই কথা, কিন্তু তাই বলে আমরা তাদের যে তাচ্ছিল্য করবো তা নয়।

যারা বিরোধীপক্ষে আছেন, তাদের প্রত্যেককে আমরা শ্রদ্ধা করি। শ্রদ্ধা করি বলেই আমি এতক্ষণ নিলাম, তিনি যা বললেন তার উত্তর দেবার জন্য। তিনি যে বক্তৃতা রাখলেন তাতে তিনি বললেন যে এরা প্রগতিশীল, সবাই প্রগতিশীল আর খালি পি, সি, সেনই প্রতিক্রিয়াশীল, প্রগতিশীল নয়। তিনি এখন এখানে নাই, বেরিয়ে গিয়েছেন। পি, সি, সেন মহাশয় আমাদের প্রতিক্রিয়াশীল বলতে পারেন, কোন কোন রাজনৈতিক নেতা আমাদের প্রতিক্রিয়াশীল বলতে পারেন। মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি এখন আমাদের কি ঠিক বলছে বুঝতে পারছি না। প্রথমে বললেন ফাসিস্ট তার পর সেমি-ফাসিস্ট এখন বলছেন ম্যেথডিস্ট সেমি ফাসিস্ট। তাই মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি শেষ পর্যন্ত কি ঠিক করে, তার জন্য আমরা সবুর করছি তারপর তার উত্তর দেব। কিন্তু তারা মাঝে মাঝে বলেন আমরা প্রতিক্রিয়াশীল, তাই আমি জানতে চাই প্রফুল্ল সেন মহাশয়ের কাছে, মার্কসবাদী নেতাদের কাছে, যারা বাইরে আছেন এই ঘরে ঢুকবেন না, ঢুকতে তাদের লজ্জা পান তাদের কাছে জানতে চাই কোন সরকার পশ্চিমবঙ্গের শ্রমিক স্বার্থ এই রমকভাবে সংরক্ষণ করতে পেরেছিল, যে স্বার্থ এই সরকার সংরক্ষণ করতে পেরেছে। আমি জানতে চাই পশ্চিম বাংলার কোন সরকার জুট শ্রমিকদের শতকরা ৩০ ভাগ মাইনে বাড়িয়ে দিয়েছে? এই সরকার বিনা ধর্মঘটে, ধর্মঘট করতে হয়নি, আলোচনার মাধ্যমে নিম্নতম বেতন ৪০ টাকা ৪০ পয়সা বাড়িয়ে দিয়েছে মাথাপিছু। আমি জানতে চাই যে, এই সরকার জুট শ্রমিকদের শতকরা ৯০ ভাগকে স্থায়ীভাবে যাতে তারা কাজ করতে পারে তার ব্যবস্থা করে দিয়েছে। আজকে গর্বের সঙ্গে বলব মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সরকার জুট শ্রমিকদের শতকরা ৯০ জনকে স্থায়ী করে

দিয়েছে। জমির কথা শুনলাম, আগে অনেক বৈপ্লবিক সরকার অনেক জাতীয়তাবাদী সরকার ছিলেন, কেউ এইটা কিছু করতে পেরেছেন কি? এর আগে ষ্ট্রাইক করে ধর্মঘট করে এবং সেই ধর্মঘট অনেকদিন পর্যন্ত চলল এবং তারপর তারা পেলেন কি না ৩০ টাকা মাইনে। তাদের ৩০ টাকা মাইনে বাড়ল। আর এখন ধর্মঘট না করে সরকারের সঙ্গে কথা বার্তা বলে তাদের ন্যায্য যে পাওনা সেটা তারা পেয়েছেন, এই সুতা কল শ্রমিকরা। অথচ তাদের সম্বন্ধে প্রফুল্ল সেন মহাশয় যা বললেন, আমি আগেই বলেছিলাম সি. পি. এম নেতারা যে কথা বলবার চেষ্টা করছে এই ঘরের বাইরে এই ঘরের ভিতর প্রফুল্ল সেন মহাশয় সেই কথাই বলছেন। তিনি বললেন আমরা প্রতিক্রিয়াশীল। সুতাকল মজদুরদের বেলায় আমরা জানতে চাই কোন সরকার এত দিনে তাদের স্বার্থ সংরক্ষণ করতে পেরেছেন? মাসের পর মাস, বছরের পর বছর সেই যুক্তফ্রন্ট সরকারের আমল থেকে সুতাকল মজদুররা আন্দোলন করে গিয়েছে, দাবী জানিয়েছে, কল কারখানা বন্ধ হয়ে গেল, অচল অবস্থা হলো কিন্তু শ্রমিক স্বার্থে কোন কাজ হলো না। আজকে এই সরকার গর্বের সঙ্গে বলতে পারে যে ডিয়ারনেস এ্যালাউন্স যে ৯ টাকা ৬০ পয়সা কেটে দেওয়া হয়েছিল, সেটা আজকে তারা পাচ্ছে ১লা মে ১৯৭২ সাল থেকে এবং এই সরকারের আমলেই সেটা বেড়েছে।

[6-45—6-55 p.m.]

এবং দ্বিতীয়তঃ ১৬·৫০ পয়সা ১৯৭২ সালের ১লা জুন থেকে মাথাপিছু তারা প্রত্যেকে পাচ্ছে। এটা একটা interin relief খালি চটকল, সুতাকল নয়, পরশুদিন কয়লাখনির শ্রমিকদের একটা বিষয়ে নিষ্পত্তি হয়েছে। ১৯৬৭ সাল থেকে কয়লাখনির মালিকরা Wage Board-এর recommendation অনুযায়ী কাজ করেননি। তাঁরা reasonable D. A. দেননি, gratuityর কথা ছেড়েই দিচ্ছি। আজ এই সরকার বলতে পারে প্রফুল্ল সেনের বা জ্যোতি বসুর সরকার যা পারেননি আমরা তা করতে পেরেছি। গত পরশুদিন এই সমস্যার মীমাংসা হয়ে গেছে। প্রত্যেক কয়লাখনির শ্রমিকরা gratuity পাবেন ১লা জুন ১৯৭২ সাল থেকে। ভারত কোকিংকোল-এ scheme ও gratuity দেওয়া হয় সেই scheme অনুযায়ী এবং variable D.A. যেটা তাদের অনেকদিন আগেই পাওয়া উচিত ছিল। সেটা ১৫ই Oct. থেকে ১৩ই মার্চ পর্যন্ত ১৫ই আগষ্টের মধ্যে দিতে হবে এবং ১লা April থেকে মাসে মাসে যেটা variable D.A. দেবার কথা ছিল সেটা তাদের দিতে হবে। ১৯৬৭ সাল থেকে শ্রমিকরা যে দাবী থেকে বঞ্চিত হচ্ছিল সেই দাবী আজ তারা পেয়েছে। কারণ সরকার ছিল আমাদের সরকার। এই সরকার পরিষ্কারভাবে ২টি জিনিষ ঘোষণা করেছে কয়লাখনির ব্যাপারে। একটা হচ্ছে এই যে আমরা উচ্ছৃঙ্খলতা চাইনা। শ্রমিক আন্দোলনের মারপিট কাটা-কাটি চাই না। আমরা চাই উৎপাদন বৃদ্ধি করতে। আমরা শিল্প বিনষ্ট করতে চাই না। কিন্তু সঙ্গে সঙ্গে যদি কোন শিল্পপতি শ্রমিকদের যথার্থ স্বার্থের বিরুদ্ধে যায় তাহলে এই সরকার সেই শিল্প-পতির বিরুদ্ধে রুখে দাঁড়াবে সেবিষয়ে সন্দেহ নেই। আমরা শ্রমিকদের উপর অন্যায় অত্যাচার করতে দেবনা। শ্রমিকদের যেটা ন্যায্য পাওনা সেটা যাতে শ্রমিকরা পায় সেটা এই সরকার যতদিন থাকবে ততদিন তা দেখে যাবে। আর একটা কথা বলছি কয়লাখনির মালিকদের কাছে যে আমাদের খবর এসেছে যে কিছু কিছু দালাল union করার আপনারা চেষ্টা করছেন। কিন্তু আপনাদের পরিষ্কারভাবে জানাই যে দালাল union করে শ্রমিক ঠকাবেন এই সরকার সেটা হতে দেবেন না। অন্যান্য সরকার কি করেছিল জানি না, কিন্তু ইন্দিরা গান্ধীর নেতৃত্বে পরিচালিত সরকার সেটা হতে দেবে না। কিন্তু সঙ্গে সঙ্গে শ্রমিকদেরও বলেছি যে উৎপাদন বৃদ্ধি করতে হবে। আমাদের দল থেকে আমরা একটা নীতি গ্রহণ করেছি যে আমরা আন্দোলন করব। কিসের আন্দোলন? আমরা

কারখানায় কারখানায় গিয়ে বলব উৎপাদন বৃদ্ধি করতে হবে। উৎপাদন যত বাড়বে বেকারসমস্যার সমাধান তত শীঘ্র হতে পারে। পুরো সমাধান হতে পারে না। অনেকে ঠিক কথাই বলেছেন যে আমরা বেকার সমস্যার সমাধান কিভাবে করব পরিষ্কারভাবে সে সম্বন্ধে কিছু বলিনি। এটা যদি অন্যায় হয় তাহলে হয়েছে। তিন মাসের এই সরকার এসেছে একটা বিরাট বোঝা নিয়ে যেটা হিমালয় পর্বতের সমান এবং এই সমস্যার সমাধান করতে অনেক চিন্তা, পরিশ্রম ও অর্থের দরকার। অবশ্য এরজন্য সরকার প্রত্যেক অঙ্গ থেকে এই সমস্যার দিকে তাকাচ্ছে এবং নিশ্চয় চেষ্টা করছে এই সমস্যার সমাধান কিভাবে করা যায়। সরকার জানেন এই ভয়াবহ বেকার সমস্যার সমাধান যদি খানিকটা না করা যায় তাহলে ভবিষ্যৎ শুধু পশ্চিমবাংলায় কেন, সারা ভারতবর্ষেই অন্ধকার হয়ে যাবে।

আজকে বেকার সমস্যা প্রত্যেকটি প্রদেশে একটা দারুণ রূপ নিয়েছে এবং এই সমস্যা সম্বন্ধে আমাদের কিছু করতেই হবে এই বিষয়ে কোন সন্দেহ নেই। একটু আগে বোলপুরের নির্বাচিত মাননীয় সদস্য বললেন যে এ সম্বন্ধে কিছু বলা হয়নি। বলা সম্ভব নয়। আমরা কেউ ম্যাজিসিয়ান নই। ১৯৬৪ সাল থেকে পশ্চিমবঙ্গে চাকা প্রায় বন্ধ হয়ে গিয়েছিল। ১৯৬৭ সাল থেকে ১৯৭২ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে যা হয়েছে চাকা একেবারে খুলে শেষ হয়ে যাবার কথা, সর্বনাশ হয়ে গিয়েছিল, পশ্চিমবঙ্গ জঙ্গলের রাজত্বে পরিণত হয়েছিল, পশুর রাজত্বে পরিণত হয়েছিল। বেকার সমস্যা সমাধানের নিশ্চয়ই আমাদের চিন্তা হচ্ছে, কখনই এই দায়িত্ব এড়াতে পারব না, এই দায়িত্ব আমাদের বহন করতে হবে, বহন করা দরকার। বেকার সমস্যা খালি যারা এখনও চাকরি পায়নি তাদের চাকরি দেওয়া নয়, বেকার সমস্যা যাদের যুক্তফ্রন্টের আমলে কলকারখানা বন্ধ হয়ে যাওয়ায় চাকরি গিয়েছিল সেই ৬০ হাজার মানুষকে চাকরি দিতে হবে। সেই ৬০ হাজার মানুষ নতুন করে আশা পেয়েছে, নতুন করে তাদের জীবনে তারা একটা আলো দেখতে পাচ্ছে। যুক্তফ্রন্টের আমলে তথাকথিত বামপন্থী নেতারা বৈপ্লবিক নেতারা হাজার হাজার মানুষকে আন্দোলনমুখী করে, কলকারখানা ধ্বংস করে, বন্ধ করে রাস্তায় ফেলে দিয়ে গিয়েছিল, সেই সমস্ত শ্রমিকদের স্ত্রী পুত্র মেয়েদের নিয়ে ফুটপাথে বসিয়ে দিয়েছিল, তাদের যে পুনঃপ্রতিষ্ঠিত করতে পেরেছি সে সম্বন্ধে কেউ কিছু বলছেন না। আমি একটা উদাহরণ দিচ্ছি—যেমন, সেন র‍্যালে খুলতে আমাদের ১ কোটি ১০ লক্ষ টাকা খরচ হয়েছে। এক একটা পুরান বন্ধ কলকারখানা খুলতে ৩০।৪০ লক্ষ টাকা খরচ হয়েছে। কোনটা আগে করব? তথাকথিত বামপন্থী নেতারা যাদের স্ত্রী পুত্র কন্যা নিয়ে রাস্তায় বসিয়ে দিয়েছিল কলকারখানা বন্ধ করিয়ে দিয়ে তাদের মুখে অন্ন দেবার চেষ্টা করব, না, নতুন করে কলকারখানা খুলে যাদের চাকরি নেই তাদের চাকরী দেবার ব্যবস্থা করব, কোনটা আগে করব, এখানে প্রায়োরিটির প্রশ্ন আছে। এর উপর আছে সেনসাস এমপ্লয়িজ, এর উপর আছে ইলেকসান এমপ্লয়িজ। আমরা কালকে একটা আদেশ জারি করেছি ইলেকসান এমপ্লয়িজ যারা ছিল তাদের প্রত্যেকের আরো এক মাসের জন্য চাকরী রেখেছি, যাতে তাদের নিতে পারি তাদের এক্সটেনসান দেওয়া হয়েছে। আমাদের বিরাট সমস্যা রয়েছে কোটি কোটি টাকা দরকার। যখন বেকার সমস্যা সম্বন্ধে একটা সিদ্ধান্ত নিতে যাব সেই সময় এসে গেল মহামারি রূপে খরা। এই খরাতে কোটি কোটি টাকা খরচ হয়ে গেল। আজকে মন্ত্রী জয়নাল আবেদিন ফিরে এসেছেন। পশ্চিম-দিনাজপুর জেলায় এখনও বৃষ্টি হয়নি, মালদহ জেলায় এখনও বৃষ্টি হয়নি, নিদারুণ অবস্থা সেখানে। সেখানে রিলিফের জন্য আরো টাকা পাঠাতে হবে। ১০ কোটি টাকা নতুন ট্যাক্স বসাতে চাইছি কিন্তু ১৫ দিনে ১কোটি টাকা খরচ হয়ে যাচ্ছে রিলিফের জন্য। এই অবস্থার জন্য আমরা তো দায়ী নই। আজকে প্রফুল্ল সেন মহাশয় বললেন সবই হাওয়ায় চলছে। আমি বলতে চাই এরজন্য কি তিনি দায়ী নন? আমরা তো তাঁদেরই শাসন যন্ত্র পেয়েছি। আমাদের ঘাড়ে সব দোষ চাপিয়ে দিলে চলবে না, আমরা

তো ৩ মাসের মত এসেছি। এরজন্য কি সি. পি. এম বন্ধুরা দায়ী নন? আমাদের সঙ্গে যাঁরা আছেন সেই সি. পি. আই বন্ধুরাও কি দায়ী নয়? এর আগে তাঁরা ৯ মাস সরকারে ছিলেন, তার আগে ১৩ মাস ছিলেন, অবশ্য তাঁদের যুক্তি আছে যে তাঁরা যেসব কথা বলতে চেয়েছিলেন তাঁদের কথা সি. পি. এম. শোনেনি, তাই তাদের দোষ দেওয়া যায়না। সি. পি. এম বড় বড় কথা বলেন, আজকে এই অবস্থার জন্য তাঁরা কি দায়ী নয়? তাঁরা ছিনিমিনি খেলেছেন পশ্চিমবঙ্গের অর্থনৈতিক কাঠামো নিয়ে, সর্বনাশ করে দিয়েছেন পশ্চিমবঙ্গের, তাঁরা এরজন্য দায়ী নন? আজকে তাই পরিষ্কার কথা বলা দরকার। আমাকে একজন বললেন আপনাদের পার্টি শেষ হয়ে গেছে, কেননা সমস্ত সদস্য আপনাদের বিরুদ্ধে চলে গেছে, সব সদস্য আপনাদের সমালোচনা করছে। আমি বললাম এই ধারণা কে দিল যে কংগ্রেস সদস্যরা সরকারের সমালোচনা করতে পারবেন না। একশো-বার করবেন।

[6-55—7-05p.m.]

১০০ বার পারব। আমি নিজে প্রত্যেকটি কংগ্রেস সদস্যকে অনুরোধ করেছি যে আপনারা সমালোচনা করুন। গণতন্ত্রকে বাঁচিয়ে রাখতে হলে সমালোচনা করা দরকার। এটা আমাদের দায়িত্ব, এটা প্রত্যেক কংগ্রেস সদস্যের পবিত্র দায়িত্ব সরকারকে একথা বলা যে, কোথায় তাঁদের ভুল হচ্ছে এবং কিভাবে ঠিক কাজ করা যেতে পারে। এটা না করলে তাঁরা তাঁদের দায়িত্ব পালন করবেননা। সি. পি. এম-এর নেতারা বলেছেন এই সরকারের পতন হবে। কিন্তু আমি বলছি ৫ বছর এই মন্ত্রীত্ব চলবে এবং এই সরকার ৫ বছর থাকবেন। কোন মন্ত্রী পদত্যাগ করবেন না এবং আমিও মুখ্যমন্ত্রী হিসেবে ৫ বছর থাকছি। জ্যোতিবাবুকে বলি যে, কাউকে কাউকে থাকতে হয় এবং কারুর কারুর থাকা হয় না। একথা ঠিক জ্যোতিবাবুর ৫ বছরের মধ্যে আসার আর কোন আশা নেই। আমি গর্বিত যে আমাদের দল একটি প্রাণবন্ত দল। আমাদের দল যে সমস্ত বক্তব্য রেখেছেন সেই বক্তব্য শুনে প্রত্যেকের গর্ব অনুভব করা উচিত। এই সভায় যে সব মাননীয় সদস্য রয়েছেন তাঁরা খুব ভাল ভাল কথা বলছেন, তাঁরা এখানে পার্টিবাজী করতে আসেননি, তাঁরা তাদের কেন্দ্রের বিভিন্ন লোকের উপকার করতে এসেছেন। আমার হাতে যদি হাজার কোটি টাকা থাকত তাহলে আমি তাঁদের প্রত্যেকটি কথা মেনে নিয়ে তাঁদের প্রত্যেকটি কাজ করার আদেশ দিতাম কারণ তাঁরা যে কথাগুলি বলেছেন তার প্রত্যেকটি কথা যথার্থ। অর্থ নিয়ে যদি ছিনিমিনি না খেলতেন পি. সি. সেন এবং জ্যোতিবাবুদের সরকার তাহলে আমার বিশ্বাস ভালই হোত। কাজেই আমাদের সময়ের প্রয়োজন। আজকে যে রকম অবস্থা অর্থাৎ পশ্চিমবাংলার সমস্যা এতই বিরাট যে সময় না পেলে এর সমাধান করা যাবেনা। আমি আপনাদের কাছে বলছি যে এই সরকার প্রাণপণ চেষ্টা করছেন পশ্চিমবাংলার সমস্যার সমাধান করতে এবং সঙ্গে সঙ্গে শাসনযন্ত্রের ভেতরে যেখানে যেখানে ভুল আছে সেটাও শোধরাবার চেষ্টা করছেন। পি. সি. সেন এখন নেই, আমি তাঁর কাছে জানতে চাই আমরা যে সমস্ত পদক্ষেপ নিয়েছি দুর্নীতিপরায়ণ সরকারী কর্মচারীদের সম্বন্ধে তাঁদের সরকারের সময় তাঁরা কি কোনদিন সেই সমস্ত পদক্ষেপ নিয়েছিলেন? আমি জ্যোতিবাবুকে জিজ্ঞাসা করছি যুক্তফ্রন্ট সরকার কি এই সমস্ত পদক্ষেপ নিয়েছিলেন? আমরা যেখানে মনে করেছি সেখানে দ্বিধাবোধ করিনি কমিশনার র‍্যাংকের অফিসারকে সাসপেণ্ড করতে। সৎ কর্মচারী যাঁরা আছেন তাঁরা বাহবা পাবেন। বেশীর ভাগ কর্মচারী নিষ্ঠার সঙ্গে কাজ করছেন। যাঁরা সৎ কর্মচারী তাঁদের সঙ্গে আমরা কাঁধে কাঁধ মিলিয়ে ভাইয়ের মত কাজ করব দেশের সমস্যার সমাধান করবার জন্য। আমি আজকে সমস্ত মাননীয় সদস্যদের এই বাজেট সম্পূর্ণ সমর্থন করতে বলব। এই বাজেটের মাধ্যমে

আমরা নিশ্চয়ই নূতন দৃষ্টিভঙ্গী মানুষের সামনে রাখতে পেরেছি একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশংকর ঘোষ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেট সম্বন্ধে মাননীয় সদস্যেরা অনেক বক্তব্য রেখেছেন, অনেক গঠনমূলক প্রস্তাব করেছেন, সেই সমস্ত বিষয় সরকার গভীরভাবে বিবেচনা করে দেখবেন এবং আগামী দিনে আমাদের যে বাজেট আসবে তাতে মাননীয় সদস্যেরা যে সমস্ত বক্তব্য রেখেছেন সেই সমস্ত বিচার করে আমরা পরবর্তী বাজেট আনব।

এই বাজেটকে আমরা চেষ্টা করেছি যে যদিও খরাতে আমাদের বিরাট খরচ হয়ে গেছে তবুও যাতে আমাদের যোজনাকে কাট-ছাঁট করতে না হয়, যাতে আমাদের প্ল্যানে যা কিছু খরচ আমরা করতে পারি, যাতে করে উন্নয়নমূলক কাজ চালাতে পারি এবং দেশের অর্থনৈতিক পুনরুজ্জীবন হয়। মাননীয় প্রফুল্লচন্দ্র সেন মহাশয় বলেছেন যে আমরা কেন এটা প্রোডাকশান অরিয়েনটেড বাজেট বলেছি, কেন এটাকে আমরা এমপ্লয়মেণ্ট অরিয়েনটেড বাজেট বলেছি। আমরা তো বেশী কিছু খরচ করছি না, কিন্তু পরিসংখ্যানগুলি পরিষ্কার। আমরা এই বছর উন্নয়ন খাতে ১৪২ কোটি টাকা খরচ করছি। আর এর আগের বছর ১১৫ কোটি টাকা খরচ হয়েছিল। আর ১৯৬৯-৭০ সালে দ্বিতীয় যুক্ত ফ্রন্ট সরকারের আমলে ৪৫ কোটি টাকা খরচ হয়েছিল উন্নয়ন খাতে, আর এবারে আমরা ১৪২ কোটি টাকা খরচ করছি উন্নয়ন খাতে। এটা করছি বলে আমরা বলছি এটা প্রোডাকসান অরিয়েনটেড বাজেট, এমপ্লয়মেণ্ট অরিয়েনটেড বাজেট। মাননীয় প্রফুল্লচন্দ্র সেন মহাশয় বলেছেন যে আমরা শিক্ষা খাতে খরচ কমিয়ে দিয়েছি। শিক্ষাখাতে এবারে আমরা খরচ করছি ৭৯ কোটি টাকা। গত বছর যে আমরা খরচ করেছিলাম তার ভিতর ৭॥০ কোটি টাকা ছিল যেটা পুরানো শিক্ষকদের মাইনে দেওয়া হয়নি, সেই টাকাটা আমরা দিয়ে দিয়েছিলাম। সেই ৭॥০ কোটি টাকা যদি বাদ দেওয়া হয় বিগত বছরের বাজেটে শিক্ষা খাতে খরচ থেকে তাহলে দেখা যাবে এবার আমরা প্রায় ৪ কোটি টাকা শিক্ষা খাতে বেশী ব্যয় করছি। মাননীয় প্রফুল্লচন্দ্র সেন মহাশয় বলেছেন যে আমরা গ্রামে জল সরবরাহ খাতে খরচ কমিয়ে দিয়েছি। আমরা কত খরচ করেছি তা তো আমার বাজেট বক্তৃতায় বলেছি। আমরা ২ কোটি ৩৩ লক্ষ টাকা খরচ করেছি। গত বছর খরচ হয়েছিল ৬৫ লক্ষ টাকা, এবারে আমরা খরচ করছি ২ কোটি ৩৩ লক্ষ টাকা গ্রামে জল সরবরাহের জন্য। এবারে আমরা বাজেট এনেছি এই রকম একটা অবস্থার মধ্যে যখন আমাদের একটা বিরাট ঘাটতি রয়েছে এবং এই ঘাটতি আমরা উত্তরাধিকারসূত্রে পেয়েছি। একটা ব্যাংক্রাপ ইকনমি আমরা উত্তরাধিকারসূত্রে পেয়েছি। কারণ আগে যাঁরা সরকারে এসেছিলেন তাঁরা দেশের এই যে ঘাটতি বাজেট এই ব্যাংক্রাপসির বিরুদ্ধে যা কিছু ব্যবস্থা গ্রহণ করা উচিত ছিল, সেটা তারা করেন নি। এই বাজেটে আমি চেষ্টা করেছি যাতে করে আমাদের যোজনাখাতে যে খরচটা তা যেন অব্যাহত থাকে এবং সেইজন্য আমাদের যে অতিরিক্ত অর্থসংগ্রহ করার দায়িত্ব সেটা আমরা পালন করেছি, আমরা ১০ কোটি টাকা অতিরিক্ত সংগ্রহের দায়িত্ব পালন করেছি। আমরা বলেছিলাম আমাদের মার্চ মাসের বাজেট বক্তৃতায় যে ১০ কোটি টাকা অতিরিক্ত অর্থ সংগ্রহ করবো। আমরা বলেছিলাম এই কারণে যে আমাদের এই পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে আমাদের খরচ হচ্ছে ৩২২॥০ কোটি টাকা। এই ৩২২॥০ কোটি টাকার ভিতরে কেন্দ্রীয় সরকার আমাদের ২২১ কোটি টাকা দিচ্ছেন।

[7-05—7-15 p.m.]

আর আমাদের কথা ছিল আমরা ১০১ কোটি টাকা আমাদের এই রাজ্য থেকে সম্পদ সংগ্রহ করে যোজনাকে কার্যকর করবো। এই ১০১ কোটি টাকার ভিতরে ৭০ কোটি টাকা

আমরা এই পঞ্চবার্ষিকী পরিকল্পনা কালে সম্পদ সংগ্রহ করবো। কিন্তু আগে যে যুক্তফ্রণ্ট সরকার এসেছিলেন তাঁরা যে কর প্রস্তাব করেছিলেন এবং যে ব্যবস্থা করেছিলেন, তাতে গত ৩ বৎসরে আমাদের কেবল ২৯ কোটি টাকার অতিরিক্ত সম্পদ সংগ্রহের ব্যবস্থা হয়েছিল। তার মানে আমাদের এখন, যখন দুই বৎসরও বাকী নেই, তখনও ৪১ কোটি টাকা ঘাটতি। এই ৪১ কোটি টাকা ঘাটতির সমস্যার যদি মোকাবিলা আমরা না করতে পারি তাহলে আমাদের যোজনায় কাটছাট করতে হবে, আমাদের উন্নয়নমূলক কার্য কমিয়ে দিতে হবে, আমাদের এখানে কর্ম সংস্থানের সুযোগ তাকে আরো সংকুচিত করতে হবে। সুতরাং আমরা প্রস্তাব এনেছি যে এ বছরে আরো ১০ কোটি টাকার সম্পদ আমরা সংগ্রহ করবো। আমাদের সরকার যখন সমাজতন্ত্রের কথা বলে তখন তাঁর একটা দায়িত্ব আছে। সমাজতন্ত্র এ নয় যে কিছু না করে, কিছু ত্যাগ স্বীকার না করে আমরা একটা পিপিলস বাজেট করতে পারবো। কিন্তু আমরা এইভাবে কর ব্যবস্থা করেছি যাতে করে অধিক বিত্তশালী মানুষের উপর চাপ পড়ে। সেইজন্য আমরা বলেছি যে এইবার যে বাজেট এনেছি সেই বাজেটে আমরা বিলাস দ্রব্যের উপর, কনসপিকিউয়াস কনজামশনের উপর আমরা কর ধার্য করেছি। কারণ আমরা চেষ্টা করেছি যে সেইখান থেকে সম্পদ সংগ্রহ করতে যেখানে সাধারণ মানুষের উপর চাপ সৃষ্টি হবে না। সেইজন্য আমরা বলেছি এই বাজেটে যে নির্বাচনের আগে আমরা যে প্রতিশ্রুতি দিয়েছিলাম যে আমরা প্রগতিশীল চিন্তাধারার ভিত্তিতে কাজ করবো, আমরা অর্থনৈতিক পুনরুজ্জীবনের চেষ্টা করবো, সেই ভিত্তিতে আমরা বাজেট এনেছি। সেই ভিত্তিতে এই কর প্রস্তাবের সমালোচনা সকলেই করতে পারেননি। একটা কথা এসেছে যে আমরা বেকার সমস্যার কি বন্দোবস্ত করেছি। এই বিষয়ে আমাদের মুখ্যমন্ত্রী কিছুক্ষণ আগে বক্তব্য রেখেছেন, পরিষ্কারভাবে জিনিসটা বুঝিয়ে বলেছেন। আমরা আলাদীনের প্রদীপ নিয়ে আসিনি, আমরা অবাস্তব আশা সৃষ্টি করতে চাইনা। আমরা বলেছি যে আমাদের সাধ্যমত এবং যতভাবে সম্ভব আমরা এই বেকার সমস্যার মোকাবিলা করবো। তারজন্য আমরা কি কি ব্যবস্থা নিয়েছি? আমাদের রুগ্ন শিল্প সংস্থাগুলিতে ৫ হাজার লোকের কর্ম সংস্থান হয়েছে। এইজন্য অনেক টাকা খরচ করতে হয়েছে এবং এই খরচ আমরা করেছি। এই একটা লোককে চাকরী দেওয়া মানে, একজন যে কাজ করে তার পরিবারে অন্তত: যদি ৫ জন করে লোক থাকে তাহলে একজনকে চাকরী দেওয়া মানে ৫ জনের অন্ন সংস্থান করা। ৬০ হাজার লোককে চাকরী দেওয়া মানে ৩ লক্ষ লোকের কর্ম সংস্থান করা এবং এই চেষ্টা আমরা করছি। আমরা বেকার সমস্যা দূর করার জন্য আরো নানা রকম বন্দোবস্ত করেছি। আমাদের যে স্মল স্কেল ইণ্ডাষ্ট্রীস সেক্টর আছে সেই স্মল স্কেল সেকটরে ১৩ হাজার প্রায় ছোট ছোট ইউনিট খুলেছি। সেখানে ৯ হাজার লোকের কর্ম সংস্থান হয়েছে। আমরা এই ক্ষুদ্র শিল্পের আরো প্রসার চাচ্ছি। তারপর আমাদের আছে ক্র্যাস প্রোগ্রাম ফর এমপ্লয়মেণ্ট। এই ক্র্যাস প্রোগ্রাম ফর এমপ্লয়মেণ্ট খাতে আমরা এখন কেন্দ্র থেকে পাচ্ছি ২ কোটি ৯৯ লক্ষ টাকা। আমরা কেন্দ্রের কাছে প্রস্তাব পাঠিয়েছি যে আরো ১ কোটি ৫০ লক্ষ টাকা আমাদের দেওয়া হোক এই ক্র্যাস প্রোগ্রামের জন্য। এই ক্র্যাস প্রোগ্রামের দ্বারা গ্রামের বেকার সমস্যা যাতে দূর করতে পারি, গ্রামের মানুষকে যাতে আরো চাকরী দিতে পারি সেইজন্য এই টাকা ব্যয় করছি। এই হচ্ছে ক্র্যাস প্রোগ্রাম ফর ফাইটিং আন এমপ্লয়মেণ্ট এবং এই খাতে আমাদের এর ভিতর ২ কোটি ৯৯ লক্ষ টাকা আছে, আর কেন্দ্রের কাছ থেকে ১ কোটি ৫০ লক্ষ টাকা পেলে আমরা সাড়ে চার কোটি টাকা এই গ্রামের কর্ম সংস্থানের জন্য ব্যয় করতে পারবো। আমরা ব্যবস্থা করেছি যাতে গ্রামে আমরা বেকার সমস্যার মোকাবিলা করতে পারি। আমাদের আছে স্মল ফারমার্স স্কীম। এই স্কীমে তিনটি জেলায় দার্জিলিং, ওয়েষ্ট দিনাজপুর এবং হুগলীতে আমরা জেলা পিছু দেড় কোটি টাকা

খরচ করছি। সাধারণ স্মল ফারমার্সদের যাতে কর্ম সংস্থান হয়, তারা যাতে কৃষির উন্নতি করতে পারে, কৃষি থেকে জীবিকা অর্জন করতে পারে তারজন্য দেড় কোটি টাকা করে সাড়ে চার কোটি টাকা খরচ করছি। তারপর আমাদের আরো স্কীম রয়েছে। মার্জিনাল ফারমার্স, এগ্রিকালচারাল লেবারার্স স্কীম। এই স্কীম আমরা চালু করেছি বাঁকুড়া এবং পুরুলিয়াতে এবং প্রত্যেকটি স্কীমের জন্য আমরা এক কোটি টাকা এক একটা জেলাতে খরচ করবো। এতেও কর্ম সংস্থান হবে। তারপর আমাদের আরো একটা বিরাট স্কীম রয়েছে যেটা এই খরা যা চলে গেল সেই খরা মোকাবিলা করার জন্য আমরা তৈয়ারী করেছি।

সেটার মধ্যে আমরা আরও চার কোটি টাকা খরচ করছি। তাতেও বহুলোকের কর্ম-সংস্থান হবে।

তারপর কথা উঠেছে এই বাজেটে বেকার সমস্যার সমাধান হবে কিনা। বাজেটে বেকার সমস্যার মোকাবিলা করা ছাড়া আর কিছু করা হয়নি। আমরা যা কিছু খরচ করছি কর্ম সংস্থানের জন্যই করছি। কত লোকের চাকুরি হবে তার হিসাব দিইনি। এ সম্বন্ধে ভোট অন গ্রাণ্ট যখন হবে, প্রত্যেক মন্ত্রী যখন তাঁর ডিপার্টমেন্টের বাজেট মুভ করবেন, তখন যদি চাওয়া হয় তবে পরিসংখ্যান দেবেন। আমরা যে কাজ এই কয় মাসে করেছি এবং আগামী ৯ মাসে কি করা হবে পরিসংখ্যান চাইলে আমরা সেই পরিসংখ্যান দিতে পারব। এখন কত লোকের চাকুরি হয়েছে তা হিসাব করে পরিসংখ্যান দিইনি। এই বাজেটে চাকুরি দেওয়া ছাড়া এবং অর্থনৈতিক পুনরুজ্জীবন করা ছাড়া আর কোন চিন্তা ছিলনা।

এ ছাড়া আমাদের কয়েকটি বিরাট প্রকল্প রয়েছে। দশ হাজার গ্রামে বিদ্যুৎ পৌছে দেব ১৯৭৩ সালের মধ্যে। এই বিদ্যুৎ যদি আমরা পৌছে দিতে পারি তাতে এক দিকে গ্রামের যেমন উন্নতি হবে, গ্রামের অনেক সমস্যারও সমাধান হবে। আমরা কৃষিক্ষেত্রে ১২০০টি অগভীর টিউবওয়েল করেছি এবং ডীপ টিউবওয়েল ২৩০টি করেছি। এই সমস্ত দ্বারা কৃষির উন্নতি হবে এবং কর্ম সংস্থানও হবে। বাজেটে আমরা দুটি জিনিষের চিন্তা করেছি। একটা হচ্ছে উৎপাদন বৃদ্ধি এবং অন্যটি হল বেকার সমস্যার সমাধান। আমরা কতকগুলি প্রকল্প নিয়েছি, যেমন হলদিয়া প্রজেক্ট। এই হলদিয়া প্রজেক্টে বিরাট গ্রোথ সেণ্টার খুলছি। সোডা এ্যাশ প্ল্যাণ্ট, মিথাইল প্ল্যাণ্ট, এই সমস্ত নির্মাণের খরচের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন রেখেছিলাম। কেন্দ্রীয় সরকার এই প্রজেক্টের জন্য ৮৮ কোটি টাকা মঞ্জুর করেছেন। সেই গ্রোথ সেণ্টার যখন খুলে দেওয়া হবে তখন যে শুধু কলকাতারই উন্নতি হবে তা নয়, সারা পশ্চিম বাংলারই উন্নতি হবে। কলকাতায় রয়েছে ৮০ লক্ষ লোক আর দুর্গাপুরে ২ লক্ষ, আর যখন এই গ্রোথ সেণ্টার খোলা হবে তখন প্রায় ৪০ লক্ষেরও বেশী লোক উপকৃত হবে। আমরা নানা জায়গায় গ্রোথ সেণ্টার খুলে দিচ্ছি। হলদিয়া, কল্যাণীতে, ফারাক্কায়, শিলিগুড়িতে, দুর্গাপুরে এবং খড়গপুরে—বিভিন্ন জায়গায় গ্রোথ সেণ্টার খুলতে হবে। এই সমস্ত গ্রোথ সেণ্টার যদি খুলতে পারি তাহলে দেশের অর্থনৈতিক পুনরুজ্জীবন করতে পারব। আবার অন্য দিকে আমরা কৃষির উন্নতির জন্য ব্যবস্থা করেছি হাই ইলডিং ভ্যারাইটি সিডের। ১৯৬৫ সালে যখন প্রফুল্লচন্দ্র সেন মহাশয় রাজত্ব করতেন, তখন এক লক্ষ একর জমিতে এই হাই ইলডিং ভ্যারাইটি বীজ ব্যবহৃত হত। আমাদের সময় এখন ১০ লক্ষ একর জমিতে এই হাই ইলডিং ভ্যারাইটি সিড ব্যবহৃত হচ্ছে। এই প্রচেষ্টায় কেবল উৎপাদন বৃদ্ধিই হবেনা, গ্রামে যে বেকার সমস্যা আছে তারও কিছুটা সমাধান হবে।

তারপর আমরা আর একটা প্রকল্প করেছি, দুগ্ধ প্রকল্প, ডেয়ারী। ১৯ কোটি টাকার ওয়াইল্ড মুভ প্রজেক্ট করেছি এবং শিলিগুরি, ডানকুনি, ইত্যাদি নানা জায়গায় এই প্রকল্প প্রচারের চেষ্টা করছি। সুতরাং আমাদের মন্ত্রীমণ্ডলীর প্রচেষ্টা হচ্ছে উন্নয়নের প্রচেষ্টা। এই উন্নয়ন দ্বারা গ্রামের উন্নতি হবে। গ্রামে দেশের শতকরা ৭০ ভাগ লোক বাস করে, আমাদের যা কিছু খরচ তার অধিকাংশই আমরা গ্রামে খরচ করছি। কারণ আমাদের মন্ত্রীমণ্ডলী দৃঢ়ভাবে বিশ্বাস করে যে গ্রামের উন্নতি না করতে পারলে সহর বাঁচবেনা, পশ্চিমবাংলা বাঁচবেনা। গ্রামে যা কিছু খরচ তার অধিকাংশই গ্রামের উন্নতির জন্য। বাজেটের পরিসংখ্যান দেখলেই বুঝতে পারবেন যে বেশীর ভাগ খরচই আমরা করছি গ্রামের জন্য।

[ 7-15—7-22 p.m. ]

আমরা কৃষির জন্য Agricultural সেক্টারে ২০ কোটি ৭৯ লক্ষ টাকা খরচ করছি এবার। এর সমস্ত টাকাই গ্রামে খরচ হবে। তারপর কমুনিটী ডেভেলপমেণ্ট প্রজেক্ট ধরা হয়েছে সাড়ে নয় কোটি টাকা। এর সমস্ত টাকা খরচ হবে গ্রামাঞ্চলে। সেচের ৩৬ কোটি টাকা সমস্ত গ্রামে খরচ হবে। Animal Husbandryর জন্য আড়াই কোটি ধরা হয়েছে, তার সমস্ত টাকা গ্রামে খরচ হবে। কুটির শিল্পের জন্য ধরা হয়েছে ৩ কোটি ১৭ লক্ষ টাকা, তাও সব খরচ হবে গ্রামে। বনবিভাগের জন্য ধরা আছে ৩ কোটি ৬ লক্ষ টাকা, এই টাকারও সমস্তটা খরচ হবে গ্রামাঞ্চলে। আর রিলিফের জন্য আমরা খরচ করছি ১৬ কোটি টাকা। তারও অধিকাংশ গ্রামেই খরচ হবে। তাছাড়া পঞ্চায়েতের জন্য খরচ করছি ৩ কোটি ৪৮ লক্ষ টাকা। এই টাকাও গ্রামে খরচ হবে। আমরা বিশ্বাস করি পশ্চিমবঙ্গের যদি আমরা উন্নতি করতে চাই, তাহলে গ্রামবাংলাকে আগে বাঁচাতে হবে, গ্রামের কৃষকদের অবস্থার উন্নতি করতে হবে। সেইজন্য বাজেটে সবচেয়ে বেশী বরাদ্দ আমরা গ্রামে দিয়েছি। আমি বিশ্বাস করি আজ কলকাতার শিল্পকে বাঁচাতে পারবো না, শিল্পে বিপ্লব সংঘটিত করতে পারবো না যদি না গ্রামের সবুজ বিপ্লব সার্থক হয়। গ্রামে বাস করে দেশের শতকরা ৭০ ভাগ মানুষ, সেখানে কৃষির জন্য যদি fertiliser দিতে পারি, pesticide দিতে পারি, agricultural implements, pump set ইত্যাদি দিতে পারি, তাহলে গ্রামের উন্নতি হবে। এক ফসলের জমি দু-ফসলা, তিন ফসলা করতে পারি, উৎপাদন শক্তিও দু-তিন গুণ হয়ে যাবে, ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি পাম্পসেট, fertiliser, pesticide ইত্যাদি জিনিষের চাহিদা যদি এই গ্রামে গ্রামে সৃষ্টি করতে পারি, তাহলে কেবল সহরের শিল্পই বাঁচবে না, সারা দেশের শিল্প বাঁচবে। আমি বিশ্বাস করি আমরা যদি আধুনিক কৃষি ব্যবস্থা গ্রামে গ্রামে চালু না করতে পারি, তাহলে সহরের শিল্পের পুনরুজ্জীবন ঘটবে না। গ্রামে গ্রামে সেচ, বিদ্যুৎ, সার ইত্যাদি প্রসারের উদ্দেশে আমরা এইসব ব্যবস্থা করেছি। এছাড়া আরো প্রকল্প রয়েছে। সহরের C.M.D.A. প্রকল্প। এই C.M.D.A. প্রকল্প এলাকায় বাংলাদেশের ৩০ ভাগ মানুষ থাকে। তারজন্য ৩২২ কোটি টাকার প্লানের ভেতর C.M.D.A.র জন্য ৪৩ কোটি টাকা দেওয়া হয়েছে। প্লানিং-এর 12 percent টাকা C.M.D.A. এলাকায় দিয়ে দিচ্ছে যেখানে ৩০ percent মানুষ থাকে। C.M.D.A. এর জন্য আরো টাকা আসছে কেন্দ্র থেকে, কারণ কেন্দ্রের একটা পরিকল্পনা আছে Metropolitan Cities বাঁচাবার জন্য। কলকাতা কেবল নয়, মাদ্রাজ বোম্বে, দিল্লীতেও তাঁরা করবেন। সেই টাকাটা আমরাও পাচ্ছি।

আর একটা কথা মাননীয় সদস্যরা বলেছেন দ্রব্যমূল্য বৃদ্ধি। আমাদের মাননীয় প্রফুল্লচন্দ্র সেন বলেছেন আজ যদি কোন সময় বলা হয় গরীবী হটাও তাহলে অমনি দাম বেড়ে যাবে। ভবিষ্যতে কি বলবেন সব বুঝতে পারলাম না। আমরা গরিবী হটাও বলেছি তখনি নাকি দাম বেড়ে গেছে।

দাম কবে থেকে বেড়ে গেছে তার একটা পরিসংখ্যান এই Statistical Hand Book যা প্রকাশিত হয়েছে Bureau of Applied Economics and Statistics কর্তৃক—তাতে সব পরিসংখ্যানই রয়েছে। কবে থেকে দাম বেড়েছে? ১৯৬৬ সালে যদি ধরি ১৩০ ছিল—সেটা আজ হয়ে গেল ১৭৪। ১৩০ যখন ছিল তখন তো আর গরিবী হটাও স্লোগান শোনা যায় নি। মাননীয় প্রফুল্লচন্দ্র সেনও সেকথা বলেননি ১৩০ তখন কেন ছিল। এই দাম বাড়ার অন্য কারণ রয়েছে। সেটা হচ্ছে Developing Economyতে দাম বাড়ে। তার জন্য সংগ্রাম করতে হবে। আসল তথ্য বুঝতে হবে। আর সেন মশায় বলছেন গরিবী হটাও বললেই নাকি দাম বাড়ে। যেটা ১৩০ ছিল ১৯৬৬ সালে সেটা বেড়ে ১৭৪ হল।

তারপর ১৯৬৮ সালে ২০০ হয়ে গেল। দাম বেড়ে যাবার অনেক কারণ আছে। ডেভেলপিং সোসাইটিতে অর্থ বিনিয়োগ করতে হবে। এবং তার একটা টাইম ল্যাগ আছে। সেইজন্য ইকনমির ভিতর দিয়ে চলতে হয়। তাকে ম্যাচ করেই গুডস আসবে। দাম যে বাড়ে এটা হিষ্ট্রী অব ডেভেলপিং সোসাইটির চরিত্রে আছে। history of developing economy is the history of inflation. এ জিনিস বড় বড় ইকনমিকসের বইতে লেখা আছে। এইজন্য সংগ্রহ করতে হবে। এই হচ্ছে আসল ঘটনা। এছাড়া আমাদের দেশে একটা শরণার্থীদের চাপ এসেছিল। দাম বেড়েছে সেইসব বিভিন্ন রকম কারণে। তার জন্য এইভাবে বিদ্রূপ করা চলে না। পরিসংখ্যান মানে ইতিহাসের ব্যাখ্যা—সেটাকে ভুল বলে দেওয়া চলে না। আমরা একটা দায়িত্ব নিয়েই ঘাটতি বাজেট করেছি। আমরা অনেকদিন গত পাঁচ বছর কোন সম্পদ সংগ্রহ করিনি। আমরা সমাজতন্ত্র বলি—সমাজতন্ত্রের একটা দায়িত্ব আছে। আমরা সর্ট টার্ম পপুলারিটির কথা ভাবিনি। দীর্ঘ মেয়াদী কল্যাণের কথা আমরা ভাবছি। রাষ্ট্রকে পঙ্গু করে রেখে রাষ্ট্রের সম্পদ না বাড়িয়ে আমরা ওয়েলফেয়ার ষ্টেট কল্যাণব্রতী রাষ্ট্র করতে পারিনা। সোস্যালিষ্টিক ষ্টেটে আমরা প্রগতির কথা বলি, উন্নয়নশীল রাষ্ট্রকে শক্তিশালী করতে হবে এই কথা বলি। কনসপিকিউয়াস কনজামসন থেকে আমাদের সম্পদ প্রটেকসনে আনতে হবে, বিত্তশালীদের কাছ থেকে সাধারণ মানুষের সম্পদ আহরণ করতে হবে এবং তা ব্যয় করতে হবে জনসাধারণের স্বার্থে—এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** Honourable Members, the General Discussion on Budget for 1972-73 is over. The House stands adjourned till 1 p. m. on Tuesday the 4th July, 1972.

**Adjournment**

The House was accordingly adjourned at 7-22 p.m. till 1 p.m. on Tuesday, the 4th July, 1972, at the "Assembly House", Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 4th July, 1972, at 1 p. m.

**Present :**

Mr. Speaker ( Shri APURBA LAL MAJUMDAR ) in the Chair, 14 Ministers, 8 Ministers of State, 2 Deputy Ministers and 172 Members.

### Oath or Affiramtion of Allegian ce.

[1-00—1-10 p.m.]

**Mr. Speaker** : Honourable Members, if any of you have not yet made an Oath or Affirmation of Allegiance you may kindly do so.

(There was none to take Oath)

### Calling Attention to Matter of Urgent Public Importance

**Mr. Speaker**: The Minister-in-charge of the Municipal Services Department will please make a statement on the subject of threatend strike by Calcutta Municipal workers and employees from the 19th July, 1972.

(Attention called by Shri Aswini Roy, Shrimati Ila Mitra and Dr. A. M. O. Ghani on the 30th June, 1972.)

**Dr. Zainal Abedin** : Sir, the Minister-in-charge of the Municipal Services Department is not here. We are trying to contact him and as soon as he comes, he will give the statement.

**শ্রীমতী ইলা মিত্র ঃ** মাননীয় স্পীকার মহাশয়, এটা আমরা ঠিক বুঝলাম না। মন্ত্রী-মণ্ডলি তো জানতেন যে ৪ তারিখে ষ্টেটমেন্ট করার কথা বা উত্তর দেবার কথা আছে। সেখানে ষ্ট্রাইক হবে এটা নিশ্চয় আমরা চাই না। সে সম্পর্কে একটা মিউচুয়াল ষ্টেটমেণ্ট করে তিনি একটা উত্তর দেবেন এটা আমরা আশা করেছিলাম কারণ তিন চার দিন হয়ে গিয়েছে, সেখানে তো পরিস্থিতি খারাপ হয়ে যাবে। তা ছাড়া স্তার, আমরা এখানে অনেকদিন আছি। আমরা জানি, একটার সময় এ্যাসেম্বলী আরম্ভ, আমরা সেই সময় আসি। আজকে কোয়েশ্চেন, মেনশান নেই এটা অনেকদিন আগে থেকেই সবাই জানেন। কাজেই এইভাবে যদি ওঁরা উত্তর না দেন তাহলে তো মেম্বারদের প্রতি অবজ্ঞা দেখানো হয়।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্তার, অবজ্ঞা মন্ত্রীসভায় কোন সদস্তই কোন সদস্তের প্রতি দেখাচ্ছেন না বা দেখাবেন না এ প্রতিশ্রুতি আমি দিতে পারি। শ্রীমতী মিত্র বহু পুরানো সদস্তা,

আমরা তাঁকে বিশেষভাবে সম্মানের চোখে দেখি। কোন অনিবার্য কারণে উই ডু নট নো, কোলকাতায় কি অবস্থা ঘটে গিয়েছে আমরা জানিনা, তবে এখুনি কনটাক্ট করে উই উইল গিভ দি ইনফরমেসান।

**শ্রীমতী ইলা মিত্র ঃ** স্যার, আমরা জানতে চাই, আজকের মধ্যেই উনি জবাব দেবেন তো ?

**Mr. Speaker** : When the Minister concerned is out of Calcutta, he should immediately inform the House. As the proposed date for statment had been fixed several days earlier, I think the honourable Minister should come to the House to make his statement to-day.

**Shri Gyan Sing Sohanpal** : I will do the needful.

## Message.

**The Secretary (Shri K. K. Moitra)** : Sir I beg to report that a message has been received from the Rajya Sabha for the ratification of the amendments to the Constitution of India falling within the purview of the proviso to clause (2) of Article 368 thereof proposed to be made by the Constitution (28th Amendment) Bill, 1972, as passed by the two Houses of Parliament.

Sir, I lay the message on the table.

## The West Bengal Entertainments and Luxuries (Hotels and Restaurants) Tax Bill, 1972

**Shri Sankar Ghosh** : Sir, I beg to move that the West Bengal Entertainments and Luxuries (Hotels and Restaurants) Tax Bill, 1972, be taken into consideration.

মাননীয় স্পীকার মহাশয়, হোটেল ও রেস্তারাঁ থেকে যাতে আমরা সম্পদ আহরণ করতে পারি সেইজন্য এই বিলটি এনেছি। আমাদের বাংলাদেশে বিশেষ করে কলকাতায় অনেক বড় বড় হোটেল, রেস্তোরাঁ, এয়ার কনডিশন হোটেল ও রেস্তোরাঁ হয়েছে। এই বিলের মাধ্যমে আমরা সেই সমস্ত হোটেল ও রেস্তোরাঁ থেকে কিছু সম্পদ সংগ্রহ করার চেষ্টা করছি। এই বিলে দুটি ট্যাক্স আমরা বসাবার প্রস্তাব করছি। একটি হচ্ছে এণ্টারটেনমেণ্ট ট্যাক্স, আর একটি হচ্ছে লাক্সারি ট্যাক্স অনুযায়ী এণ্টারটেনমেণ্ট ট্যাক্স। হোটেলে যে ক্যাবারে সো, ফ্লোর সো, ড্যান্স ইত্যাদি এই সমস্ত নানা জাতীয় প্রমোদের বন্দোবস্ত রয়েছে তার উপর একটা কর বসাবার প্রস্তাব রেখেছি। আর একটি লাক্সারি হোটেল-এর উপর করের প্রস্তাব করেছি। যে সমস্ত লাক্সারি হোটেল ও রেস্তোরাঁয় এয়ার-কনডিশনের বন্দোবস্ত রয়েছে তার উপর আমরা কর বসাচ্ছি। আমরা এণ্টারটেনমেণ্ট ট্যাক্সও করেছি। পুরোদিন থালি পানীয় দ্রব্য ও অন্যান্য নানা জাতীয় দ্রব্য যা খেলেন তার উপর আমরা ১০% ট্যাক্স আমরা বসাচ্ছি এবং লাক্সারি হোটেল রেস্তোরাঁর উপর ট্যাক্স বসাচ্ছি ১০০ টাকা ১০ স্কোয়ার মিটার প্রতি বছর এটা আমরা বসাচ্ছি। কিছু কিছু হোটেল রেস্তোরাঁকে এই দুটি ট্যাক্স দিতে হবে যেখানে এয়ার-কনডিশন রয়েছে এবং যেখানে এণ্টারটেইনমেণ্ট-এর বন্দোবস্ত রয়েছে তাদেরও এই দুটি ট্যাক্স দিতে হবে। আমরা এইভাবে ট্যাক্স করেছি, যাতে করে সম্পদ সংগৃহীত হয়, যাতে করে এই হোটেল রেস্তেরাঁগুলি চলতে পারে, কিন্তু আমরা হাঁস মেরে হাঁসের ডিম চাই না। এই সমস্ত হোটেল রেস্তোরাঁগুলিতে নানা রকম

খরচ খুব ল্যাভিসলি হয়, তা থেকে আমরা কিছু অর্থ সংগ্রহ করতে চাই। এই হোটেল রেস্তোরাঁগুলিতে যে খরচ হয় তার অনেকটা কোম্পানী এ্যাকাউণ্টে হয়, এক্সপেন্স এ্যাকাউন্ট ও কোম্পানী এ্যাকাউণ্টও আছে, এই সমস্ত খাতে খরচ হয়। এবং কিছুটা খরচকে কন্সপিকিউয়াস কনজামসান বলা যেতে পারে। এই কন্সপিকিউয়াস কনজামসানের উপর ট্যাক্স বসলে আমরা আশা করবো এই কনজামসান চলবে, হোটেল রেস্তোরাঁও থাকবে। কিছু কিছু হোটেল রেস্তোরাঁতে একটু বেশী দামে জিনিস বিক্রি হয়, তাতে কিন্তু জিনিসের চাহিদা কমে যায় না। আমেরিকায় কিছু কিছু হোটেল রেস্তোরাঁ আছে যেখানে এ্যাডভার্টাইজমেন্ট করা হয় যে মোষ্ট এক্সপেনসিভ হোটেল ইন টাউন, মোষ্ট এক্সপেনসিভ রেস্তোরাঁ ইন টাউন এবং দেখা যায় তাতে আরো লোক যায়। সুতরাং এই যে কন্সপিকিউয়াস কনজামসান হয় বেশী খরচ করা হয়, সেখানে তাদের খরচ করার ক্ষমতা রয়েছে এবং সেই সমস্ত লোকের কাছ থেকে আমরা টাকা তুলতে চাই।

[1-10—1-20 p.m.]

এই কন্সপিকিউআস কনজামশান সম্বন্ধে অনেক লেখা হয়েছে। অনেক বছর আগে এই বিষয়ে সবচেয়ে ভাল করে লিখে গিয়েছিলেন সেটা একটা বিশ্ববিখ্যাত বই, সেই বইটির নাম থিওরি অব দি লেইজার ক্লাস; তাতে থর্নস্টাইন ভেবলেন লিখেছেন যে যত বেশী টাকা খরচ হয় তত এই সমস্ত কনসপিকিউআস কনজামশানের দাম বেশী। সুতরাং আমরা যে ট্যাক্স বসাচ্ছি তাতে হোটেলে যে একটা বেশী পয়সা দিতে হবে, আমরা আশা করবো যে তাতে আমাদের হোটেল ব্যবসা চলবে, রেস্তোরার ব্যবসা চলবে এবং সরকারও এর থেকে কিছু অর্থ সংগ্রহ করতে পারবে। এই যে থিওরি অব দি লেইজার ক্লাশ, এই বইটি বহু পুরাতন। এটা বিশেষ নামকরা বই, সারা বিশ্বের নাম করা বই। এটা থেকে আমি একটু পড়ে দিতে চাই। এটাতে লেখক লিখেছেন যে "If these articles of corruption namely, intoxicating beverages and good food are costly, they are felt to be noble honorific" সুতরাং এই যে কনসপিকিউআস কনজামশান, আমি যেটা বললাম এ্যামেরিকাতেও আছে। এই যে সবচেয়ে বেশী দামী হোটেল, সবচেয়ে বেশী দামী রেস্তোরা তবুও লোক সেখানে যায়, বেশী পয়সা খরচ করে। এইরকম একটা জিনিষ আছে সেটা হচ্ছে এই লেইজার ক্লাসে যেটা আছে যে, যত বেশী পয়সা খরচ হবে ততবেশী জিনিষ ভাল হবে এবং নাম হবে। আমি বইটা থেকে আর একটা প্যাসেজ পড়ে শোনাতে চাই মাননীয় সদস্যের কাছে এবং আমরা সেই সমস্ত জিনিসের উপর ট্যাক্স করছি যেটা এই বইতে লেখা আছে। এখানে বলা হয়েছে since the consumption of these expensive goods is in evidence of wealth, it becomes honorific. সুতরাং এই সমস্ত জিনিষ যাতে বেশী খরচ করতে হয়, এই মাদকদ্রব্য, খাদ্যদ্রব্য বেশী খরচ করতে হয় তাতে নাম বেশী হয় এবং রেসপেকটেবিলিটিও বেশী হয় এই সোসাইটির ভিতর। তা যদি হয় সরকার এর থেকে কিছু সম্পদ সংগ্রহ করতে পারে। লেখক ভেবলেন লিখেছেন—কনসপিকিউআস কনজামশান করেন connoissour in such good food, in such beverages in seemly apparel and architecture, in games, dances and the narcotics. আমরা এখানে এই ক্যাবারেট এই ড্যান্সের উপর কর বসিয়েছি। তবে আমাদের এই আশা হবে যারা খরচ করে তারা আরো বেশী খরচ করবেন এবং কর যাতে আমাদের এই রাষ্ট্রের আরো আসে আমরা সেজন্ত এই ক্যাবারের উপর কর বসিয়েছি। আমার কাছে কিছু সংবাদ এসেছে, কিছু কিছু সদস্য বলেছেন যে এই ক্যাবারে জিনিষটা কি? সেটা দেখতে অনেকে গিয়েছিলেন। তাদের কাছে আমি এই আবেদন জানাবো যে এই কর চালু হবার পরে তারা যেন দেখতে যান। কারণ এখন যদি কেউ ক্যাবারে দেখতে যান তাহলে রাষ্ট্র সেখান থেকে সম্পদ আহরণ করতে পারবেন

না। অর্থাৎ আমাদের কর বসাবার পরে যাতে তারা সেখানে দেখতে যান সেই অনুরোধ থাকবে আমার মাননীয় সদস্যদের কাছে। আমাদের যে কর নীতি হয়েছে সেটা দুইদিক থেকে আমরা করেছি। আমরা কর এইভাবে করবো যাতে কনসপিকিউআস কনজামশান থেকে সম্পদটা প্রোডাকটিভ সেক্টরে আসে এবং করটা এই হোটেল, রেস্তোরায় এই যে কনসপিকিউআস কনজামশান থেকে রাষ্ট্রের হাতে সম্পদ আসবে, প্রোডাকটিভ সেকটরে এই সম্পদ আসবে। আর একটা যাদের দেবার ক্ষমতা আছে, যারা বিত্তশালী মানুষ তাদের কাছ থেকে রাষ্ট্রের হাতে এই করটা আসবে। আমরা আশা করি যেটা আমরা বলছি এই সমস্ত খরচ একসপেন্স এ্যাকাউণ্টে হয়, কোম্পানী এ্যাকাউন্টে হয়। সুতরাং তাতে একটা কর বসিয়ে দিলে কিছু ক্ষতি বৃদ্ধি হয়না এবং হোটেলও চলবে এবং রেস্তোরাও চলবে। হোটেল রেস্তোরা আমরা নট করতে চাইনা, যাতে হোটেল রেস্তোরার ইণ্ডাষ্টি চলে কর্মসংস্থান হয় সেটাই আমরা চাই এবং এই সমস্ত থেকে যাতে সরকার রাষ্ট্রের জন্য আরো কিছু কর সংগ্রহ করতে পারে সেটাই আমরা চেষ্টা করছি। এই বলে এই বিলটা আমি হাউসের কাছে অনুমোদন করার জন্য পেশ করছি।

## Calling attention to a matter of urgent public importance

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার, আপনার সামনে একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। আই ওয়াজ এ্যাবসেণ্ট মাইণ্ডেড স্যার, এখানে একটা কলিং এ্যাটেনশনের উত্তর দেবার কথা ছিল। এখানে মিনিষ্টার ইনচার্জ অনুপস্থিত। আমাদের হাউসে যখন কোন কলিং এ্যাটেনশন এ্যাক্সেপটেড হয়, এবং তার উত্তরের দিন ধার্য্য হয়, সেদিন মাননীয় মন্ত্রী উপস্থিত থাকবেন, এটা আপনি আশা করেন এবং সকলেই আশা করেন। কিন্তু এইভাবে যদি মন্ত্রী মহাশয় অনুপস্থিত থাকেন এবং কলিং এ্যাটেনশন এর এ্যানসার না মেলে, তাহলে এখানে বিধান আছে যে পার্লামেণ্টারী এ্যাফেয়ার্সের মিনিষ্টার তিনি উত্তর দেবেন বা অন্য কোন একজন মন্ত্রীসভার, উত্তর দিতে পারেন। কিন্তু উত্তর হবে না, এটা হতে পারেনা। কাজেই আমরা আশা করি আপনি এই বিষয়ে পরিষ্কারভাবে মতামত দেবেন, হেন্সফোর্থ এইরকম ঘটনা ঘটবে না এবং আজকে উত্তর আমরা চাই।

**Mr. Speaker :** Hon'ble Minister has just come. I would draw his attention to the point of order raised just before by Shri Abdul Bari Biswas. A calling attention notice on the subject of threatened strike by Calcutta Municipal workers and employees from the 17th July, 1972, was admitted on the 30th June, 1972, and today was fixed for making a statement on that subject. I think the Minister is ready with the statement and I would request him to make the statement.

**Shri Prafulla Kanti Ghosh :** I am extremely sorry as I was rather late. I thought I would be asked to make the statement on the floor of the Assembly a little later. Anyway I again beg everybody's apology.

The employees of the Calcutta Corporation have through their Sangram Committee threatened to go on a strike with effect from 17th July, 1972 in support of the following demands: (i) implementation of the agreement between the Committee and the Corporation, dated 17th February, 1972,

(ii) removal of anomalies in the revised grades due to omission, comission and gross injustice within a month ; and (iii) withdrawal of the Commissioners circular, dated 5th April, 1972. This is a matter between the Calcutta Corporation and its employees and the State Government is not directly involved, but in view of the fact that the Corporation is under supersession and an officer of the Government has been appointed as its Administrator, Government has lent its good offices for a speedy settlement of the dispute.

The main demands, namely. Nos. (i) and (ii) related to the revised grades and scales of pay. The other items embodied in the agreement of the 17th February, 1972, were not pressed when discussions were held in the context of the three demands put forward by the Sangram Committee. Coming to the question of pay revision, I may tell the House that between 1948 and 1966 there were as many as five revisions of the scales of pay, etc. in the Calcutta Corporation. Later on a demand was made for another revision of the grades. On 7th August, 1971, the standing finance and establishment committee constituted a board consisting of four councillors, including the chairman and the deputy chairman of the standing finance and establishment committee, and three representatives of the union for the purpose of making recommendations. On 16th February, 1972, the board submitted its recommendation in the form of an annexure which was circulated on that day. The standing finance and establishment committee accepted the recommendations on 17th February, 1972. The recommendations of the board were not circulated but the Corporation accepted and confirmed the recommendations at the meeting held on 21st March, 1972. It may be mentioned in this connection that it was made to appear to the Corporation on that occasion that additional financial implication for implementing the recommendation would be of the order of Rs. 6 lakhs in a year. This estimate was not based on any report of the finance officer and chief accountant of the Calcutta Corporation. When the latter examined the implications he found that the extra fund required for giving effect to the recommendations would be of the order of Rs. 32 lakhs and not Rs. 6 lakhs in a year on account of increments in pay and P. F. contributions alone. The cost of other consequential benefits has not yet been worked out but it may be of the order of Rs. 2 lakhs in a year, It is obvious that the Corporation accepted the recommendations of the Standing Finance and Establishment Committee in a hurry and did not apply the scrutiny that such an important question deserved.

[1-20—1-30 p.m.]

Be that as it may, the Commissioner, Calcutta Corporation, directed on the 21st March 1972, i. e., the very date on which the Corporation had accepted and confirmed the recommendations of the Board that effect should be given to the decision immediately with the exception of the grades where prior Government approval would be needed before implementing the recommendations. On the following day, i. e., 22nd of March, 1972 the Calcutta Corporation was superseded and the administrator on taking over found that in order to give effect to the recommendations with effect from 1-4-70 he would require over Rs. 60 lakhs for meeting the arrears of 1970-71 and 1971-72 and about half of that amount for meeting for the current year. The total commitment up to the end of current year would be of the order of a crore of rupees.

Government has all along been sympathetic to the demands of the employees of the Calcutta Corporation. But these have of necessity be related

to paying capacity of the employing body. As it happens the finances of the Corporation have been showing dificit since 1967-68 and the deficit of the revenue account amounted to as much as Rs. 4·79 crore at the end of 1970-71. About another 4 to 5 crore would be added to it till the end of 1971-72 and the deficit estimated for 1972-73 is Rs. 5.68 crore. Obviously, Calcutta Corporation has not the means immediately to give a pay rise to its employees, from now on much less with retrospective effect.

Even so, it was suggested in consideration of expectations raised in the mind of the employees that Sangram Committee might agree to accept the pay rise as recommended by the Board with effect from 1-7-72. The question whether these scales could be implemented with retrospective effect, and if so, from what date would be gone into when the financial condition of the Corporation improves. It was also suggested that the Corporation employees should not insist on any exgratia payment at the time of Durga Puja though they would be given usual repayable advances on the occasion. At one point it appeared that the Sangram Committee would agree to call off this strike on these terms. But when the final round of talks to come to a settlement was arranged between the Sangram Committee's representatives on the one hand and the Administrator and his aides on the other, the former chose to take a different stand. They claimed that the additional amouut that would have accrued to the Corporation employees between 1-4-70 and 30-6-72 on implementation of the recommendations of the Board should forthwith be recognised as arrears due to the employees to be paid some time in future. As this was beyond the financial capacity of the Corporation, it could not be agreed to. The matter rests there. But negotiations have not yet been broken off and Government has every hope that a settlement satisfactory to all concerned would be reached in a short time.

As regards the Demand No. 3 which relates to the withdrawal of the Commissioner's circular, dated 5th April, 1972, it may be pointed out that similar circulars are in force in the offices of the State Governmant and there can be no question of withdrawing it in respect of the Calcutta Corporation.

**Shri Biswanath Mukherjee** : স্যার, Calling attention-এর উপর কোন discussion হয় না এটাই নিয়ম। কিন্তু তাড়াতাড়ি যাতে মন্ত্রী মহাশয় এদের সঙ্গে একটা amicable settlement করে নেয় তারজন্য আমি বলছি।

**Shrimati Ila Mitra** : স্যার, মন্ত্রীমহাশয় যে statement দিলেন তার একটা copy আমাদের দিলে ভাল হয়।

**Mr. Speaker** : I think the Hon'ble Minister has got no difficulty in circulating the copies of the Stetement to the Members.

**Shri Prafulla Kanti Ghosh** : I shall certainly obey your orders, Sir.

## The West Bengal Entertainments and Luxuries ( Hotels and Restaurants ) Tax, Bill, 1972

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্য্য** : মাননীয় স্পীকার মহাশয়, আমাদের অর্থমন্ত্রী যে বিল পেশ করেছেন এই বিলটাকে আমি সমর্থন করি এবং এই ধরণের বিল আনার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। আমি আশা করব যে প্রত্যেকটি সভ্য এই ধরণের বিল আনার জন্য তাঁকে অভিনন্দন

করবেন। আজ যে ধরণের বিল উনি এনেছেন তাতে আমরা আরও অনেক এরকম ধরণের বিল চাই এবং এরকম বিল যত বেশী আসবে ততই প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চা সম্পর্কে জনসাধারণের ধারণা অনেক উজ্জ্বলতর হবে। এই বিলটা অনেক কারণে অভিনন্দন যোগ্য। কারণ আমরা জানি যে সমস্ত দেশে বিদেশীশাসন থাকে, সেসমস্ত দেশে এক ধরণের দ্বৈত অর্থনীতি বা dualistic economy দেখা যায়। একদিকে দারিদ্র্যের সমুদ্র এবং অগণিত দরিদ্র মানুষ গ্রামে থাকে, আর একদিকে ছোট ছোট অত্যন্ত উজ্জ্বল আলোকে উদ্ভাসিত আমোদ প্রমোদের কেন্দ্র থাকে। এই বিলাস ও আমোদ প্রমোদের কেন্দ্রগুলির চারিদিকে অসংখ্য দরিদ্র গ্রাম থাকে। আমাদের দুঃখের কথা যে স্বাধীনতার পর আমাদের দেশে এই dualistic economy এতদিন ধরে চলছে। এতদিন ধরেও আমরা এই দরিদ্র ও ধনীর মধ্যে যে পার্থক্য আছে তা দূর করতে পারিনি। আমরা জানি এই দেশে ২২ টাকা প্রতিমাসে মাথা পিছু খরচ হয়। এই ২২ টাকার ভেতরে ১৩ টাকা হচ্ছে লাউ, কুমড়া, শাক ইত্যাদির জন্য, আর ৯ টাকা নগদ খরচ হয়। এই হচ্ছে সারা ভারতবর্ষের দারিদ্র্য। পশ্চিমবাংলার দারিদ্র্যের পরিমাণও একরকম। এই ৯ টাকা মাথা পিছু মাসে যে খরচ হয় তার মধ্যে ৪ আনা বছরে খরচ হয় Education-এর জন্য, ৭ আনা বছরে খরচ হয় health এর জন্য। এই সমস্ত দেশে হোটেল ও ক্যাবারে যেরকমভাবে চলছে তাতে এগুলি অত্যন্ত অসঙ্গতিপূর্ণ। আমাদের সামাজিক জীবন ও অর্থনৈতিক কাঠামোর সঙ্গে এগুলি অসঙ্গতিপূর্ণ। এই অসঙ্গতি দূর করার জন্য এই বিল সাহায্য করবে এবং যতটা সাহায্য করবে আমরা ততটা এই বিলকে অভিনন্দন জানাব; আমরা জানি আমাদের দেশে কিছু কিছু লোক মার্কিনী জীবনযাত্রার অনুকরণে অভ্যস্ত হচ্ছে। আমরা জানি এরা ভারতে জন্মে ভারতের চাষীর ধান খেয়ে, ভারতের তৈরী কাপড় পরেছে, কিন্তু কি এদের চিন্তাধারা হচ্ছে মার্কিনী। এক ধরণের মার্কিনী demonstration তাদের উপরে হচ্ছে। মার্কিন দেশে এরকম ধরণের নাচ গান আছে। সেখানে বর্ত্তমানে একে বলে institutional waste.

[1-30—1-40 p.m.]

সমাজের ইনকাম বা আয় স্রোতের একটা বড় অংশ ওয়েষ্টফুল এক্সপেনডিচারে খরচ হয়। ওয়েষ্টফুল এক্সপেনডিচারে খরচ করাটা একটা গণতান্ত্রিক সভ্যতার প্রচণ্ড নিদর্শন। এই ওয়েষ্টফুল এক্সপেনডিচার এটা ইনষ্টিটিউসনালাইজড, প্রতিষ্ঠানে রূপান্তরিত হয়ে গেছে। আমাদের দেশেও যাতে এই ওয়েষ্টফুল এক্সপেনডিচার নিয়ে বড় বড় প্রতিষ্ঠান তৈরি না হয় সে দিকে লক্ষ্য রাখা আমাদের কর্ত্তব্য এবং সে দিক থেকে অর্থমন্ত্রীকে আমি নিশ্চয়ই অভিনন্দন জানাব তিনি আজকে এই বিল এনেছেন এইজন্য। এই ধরণের প্রত্যেকটি ব্যয় এটা হচ্ছে কর আরোপ করার পক্ষে অত্যন্ত উপযুক্ত ক্ষেত্র। মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় অর্থ মন্ত্রী নিশ্চয়ই জানেন যে অর্থনীতির যিনি পিতা ছিলেন রিকাডো, সেই রিকাডোর দুচারটি লাইন আমি পড়ে দিচ্ছি। তিনি বলে গেছেন—"It is by the luxurious waste of private men that the commonwealth is defrauded."

একটা সমাজ যে ডিফ্রডেড হয় সেটা হয় লাগজুরিয়াস ওয়েষ্ট অব প্রাইভেট মেন দ্বারা। এটা আমাদের সমাজের মূলধন গঠনে ক্ষতি করে, এই জিনিসটা আমরা দেখতে পাই। আমরা এটাও জানি কলকাতা শহরে যে হোটেলগুলি আছে এই হোটেলগুলিতে নাচ গান এণ্টারটেনমেণ্ট কতটা হয় আমরা জানি না, কিন্তু এগুলি হচ্ছে চ্যানেলস্ অব ট্যাক্স ইভেসান, এগুলি হচ্ছে কর ফাঁকি দেওয়ার এক একটা পথ। কোম্পানীগুলি তাদের নিজেদের টাকাতে বেশী বেশী খরচ দেখায় যাতে ইনকাম ট্যাক্সের নিচের স্ল্যাবে থাকতে পারে, উঁচু স্তরে না উঠে। তারা কর ফাঁকি দেওয়ার জন্য এই সমস্ত

হোটেলে নাচ গান খানা পিনা ইত্যাদি করে। সুতরাং এই যে চ্যানেলস্ অব ট্যাক্স ইভেসান এগুলি বন্ধ করা নিশ্চয়ই দরকার। মিঃ স্পীকার স্যার, এগুলি হচ্ছে কালো টাকা খরচ করার কেন্দ্র। এই যে ক্যাবারে, বড় বড় হোটেল আছে এখানে কেউ নগদ রোজগারের টাকায় খেতে পারে না। সুতরাং কর ফাঁকি দেবার এই যে নীতি এটা গ্রহণযোগ্য নয়। মাননীয় স্পীকার মহাশয়, অর্থমন্ত্রীর এই প্রস্তাব অভিনন্দনযোগ্য এই কারণে যদি আমরা এই করটাকে আরো একটু বিশ্লেষণ করি। প্রত্যেকটি করকে দুটো ভাগে বিশ্লেষণ করতে পারি, একটা হচ্ছে করের কি ফল, আর একটা হচ্ছে করের কি ভার বা ইনসিডেনস। এই করের ফল খারাপ নয়, এই করের ফলে কোন মানুষের সঞ্চয়ের ইচ্ছা, কাজ করার ইচ্ছা বা কাজ করার ক্ষমতা কোন কিছু প্রভাবিত হবে না। সুতরাং যে করের দ্বারা কোন ব্যক্তির কাজ করার ইচ্ছা বা কাজ করার ক্ষমতা বিরূপভাবে প্রভাবিত হচ্ছে না সেই করটা নিশ্চয়ই আমরা গ্রহণ করব। শুধু তাই নয় এই করের ইনসিডেনস, করের ভারটা কার উপর পড়বে? এই করের ভারটা দরিদ্র শ্রেণীর উপর পড়বে না, যিনি ক্যারারেতে উলংগ পুরুষ এবং স্ত্রীলোকের নাচ দেখতে যান তাঁর উপর পড়বে? এই করের সিফটিং সম্ভব নয়। যেহেতু সিফটিং সম্ভব নয় সেজন্য এই করের ভার আর কারোর উপর পড়বে না। এই কারণে আমি এই করকে সর্বান্তঃকরণে সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আরো একটু চিন্তা করে দেখুন এই করটা সঠিক পথে অগ্রসর হয়েছে। আমরা জানি আমাদের ভারতবর্ষে কিছুদিন আগে পৃথিবী বিখ্যাত অর্থনীতিবিদ্ ক্যালডোর এসেছিলেন আমাদের কর কাঠামো কিভাবে কি পরিবর্তন করা যায় সেজন্য। সেই ক্যালডোরের রিপোর্ট ভারতবর্ষের কর কাঠামোর ইতিহাসে অত্যন্ত বিখ্যাত রিপোর্ট হয়ে আছে। ক্যালডোর বলেছেন মানুষের এক্সপেন-ডিচারকে ট্যাক্স করা, এক্সপেনডিচার ট্যাক্স করা আজকের দিনে অত্যন্ত বিজ্ঞানসম্মত ট্যাক্সেসান।

ইনকাম বা প্রপার্টি ট্যাকসেসনের তুলনায় মানুষের এক্সপেনডিচারকে ট্যাক্স করা অত্যন্ত প্রয়োজন এটা অর্থমন্ত্রী ঠিকই বলেছেন। এটা মানুষের নেসেসারী কনজামসন নয়, নেসেসারী এক্সপেন-ডিচার নয়, এটা হচ্ছে কনস্পিকিউয়াস এক্সপেনডিচার এবং কনস্পিকিউয়াস কনজামসন। তাই অবিলম্বে এটাকে ট্যাক্স করা প্রয়োজন। এই ট্যাক্সের ফলে আমি মনে করি ঐ টাকা নিশ্চয়ই কম প্রবাহিত হবে। এবং সঞ্চয় এবং ক্যাপিটাল ফর্মেসন বা মূলধন বাড়বে। মাননীয় স্পীকার মহাশয়, অর্থনীতি ছাড়াও একটু সামাজিক দৃষ্টিতে যদি আমরা দেখি তাহলেও এই করকে আমরা অভিনন্দিত করব। আমরা জানি যে এই ধরণের নাচ, গান, ঐ ধরণের হুল্লোড়বাজী যেটা সামাজিক দিক থেকে প্রত্যেকটা ব্যক্তির নীতিবোধের উপর আক্রমণ করে এই ধরণের ইন্টারটেনমেন্ট বা এই ধরণের আমোদ প্রমোদে। ওটা যদি ক্লাসিক্যাল গান নাচ হত তাহলে আমি অর্থমন্ত্রীকে বলতাম ওখানে ক্লাসিক্যাল হয়, রবীন্দ্র সংগীত হয়, ভাল নাচ—ঐ জায়গাটায় আপনারা ট্যাক্স বসাবেন না। কিন্তু ওটা মানুষের আদিমতম প্রবৃত্তিকে সুরসুরি দেয়। এই ধরণের যে সমস্ত এন্টারটেইনমেন্ট ওটা কিছুতেই একটা সাংস্কৃতিক প্রতিবেদন নয়, সাংস্কৃতিক কিছুই নয়। এই কারণে আমরা এই ট্যাক্সকে সমর্থন করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকাল ট্যাক্সেসনের যে ভূমিকা সেটা অনেকটা পাল্টে গেছে। করের ভূমিকা আজ শুধু আদায়ের হিসাব নয়। যেদিকে ব্যয়টা আমরা প্রবাহিত করতে চাই না আমরা সেদিকেই ট্যাক্স করব। সেই জন্যই ট্যাক্স করব যাতে ঐদিকে যেন টাকা পয়সা প্রবাহিত না হয়। আমাদের ইচ্ছা অর্থমন্ত্রী এই রকম ট্যাক্স আরও আনুন; কিন্তু আমাদের নেতা বিশ্বনাথবাবু যা বলেছিলেন এই হোটেলগুলির টার্ণওভারের উপর ৩৩ পয়েন্ট ট্যাক্স করা উচিত, তারপরে এই সমস্ত এন্টারটেনমেন্ট ট্যাক্স, এই সমস্ত লাকসারীর উপর ট্যাক্স করা উচিত। এই ধরণের হোটেলগুলির উপর ৩৩ পার্সেন্ট টার্ণওভারের উপর ট্যাক্স করার পরে যদি এই ট্যাক্স আরোপিত হয় তাহলেও আমাদের আপত্তি ছিল না—তাহলে আমরা তাকে আরও অভিনন্দিত করতে পারতাম।

**শ্রীবীরেন্দ্রবিজয় মল্লদেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী হোটেল সংক্রান্ত যে আইনটা এনেছেন ট্যাকসেসন ব্যাপারে আমি সেটাকে সর্বান্তঃকরণে সমর্থন জানাচ্ছি এবং তাকে অভিনন্দন জানাচ্ছি এই জন্য যে এই রকম ট্যাক্স ইতিপূর্বে ভারতবর্ষে কোথাও হয় নি। অতএব বাংলাদেশ যে ভারতবর্ষকে পথ দেখায় তা আমাদের মাননীয় অর্থমন্ত্রী ভারতবর্ষকে সত্যই পথ দেখিয়েছেন এই নুতন ট্যাক্‌সেসন এনে। আমি আশা করি যে ভবিষ্যতে শুধু যে পশ্চিমবাংলায় এই সীমাবদ্ধ থাকবে তা নয়, সারা ভারতবর্ষে এই রকম ট্যাক্‌সেসন আইন ছড়িয়ে পড়বে। আমাদের একটা ভয় হচ্ছে যে যদি শুধু পশ্চিমবাংলায় এই ট্যাকসেসন আইন হয় এবং সারা ভারতবর্ষের অন্যান্য রাজ্যে যদি এই রকম আইন না হয় তাহলে আমাদের হোটেল বিজনেসগুলির এই পশ্চিমবাংলার অনেক ক্ষতি হবে। আমরা জানি টুরিজম থেকে সরকারের ইনকাম হয়ে থাকে। এবং এই ইনকাম থেকে অনেক ফরেন এক্সচেঞ্জ আর্ণ আমরা করতে পারি। এই বিষয়ে সরকারকে একটু বেশী নজর দিতে হবে।

[1-40—1-50 p.m]

আমাদের এই ইনকাম পশ্চিমবংগে বাড়ুক আমরা চাইবো। কারণ এখানে অনেক বেকার সমস্যা আছে, এখানে অনেক গঠনমূলক কাজ করতে হবে, দারিদ্রতা দুর করতে হবে, তার জন্য অর্থের অনেক প্রয়োজন। সেইজন্য আমাদের কিভাবে নানা সোর্স থেকে অর্থ সংগ্রহ করা যায় তারজন্য বিশেষ দৃষ্টি দিতে হবে। এই যে আইনটায় কিভাবে অর্থ সংগ্রহ করা হবে তার একটা নূতন পথ তিনি দেখিয়েছেন এবং সেইজন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। এই রকম যদি ভারতবর্ষের প্রত্যেকটা প্রদেশে চালু হয় আমি তাহলে আরো খুশী হবো। এখানে বলা হয়েছে, এই ট্যাক্সকে দুভাগে ভাগ করা হয়েছে। একটা হচ্ছে ট্যাক্স অন লাকসারি, আর একটা হচ্ছে এন্টারটেনমেন্ট। আমি মনে করি লাকসারির উপর যে ট্যাক্স বসান হয়েছে ১০০ টাকার মত পার ইয়ার সেটা আমি মনে করি অত্যন্ত কম। সেটা এখানে বাড়ানর অনেক স্কোপ রয়ে গিয়েছে। অবশ্য কিভাবে এই ট্যাক্স আদায় হবে না হবে সেটা পুরোপুরি আইনে বলা হয়নি এবং এইভাবে ট্যাক্স করলে কত ইনকাম হবে তাও ঠিক হয়নি। তবে আমি আশা করবো যে এক বৎসর পর এটা যাতে আরো বেশী করে আদায় হয় তার চেষ্টা করবেন এবং আমি মনে করি এথেকে আরো অর্থ আসবে। এখানে অনেক সদস্যই হোটেল ট্যাক্সের ইনটেনসিটি অর্থাৎ টোটাল ইনকামের আর টোটাল টার্ণওভারের ৩৩ পার্সেন্ট করার কথা বলেছেন। আমি মনে করি এটা মোটেই সম্ভব নয়। কারণ টোটাল টার্ণওভার যদি কোন হোটেলের এক কোটি টাকা হয় তাহলে তার খরচ হয়ে যায় প্রায় ৮০ লক্ষ টাকা। সেখানে যদি টোটাল টার্ণওভার থেকে ৩৩ পার্সেন্ট চলে যায় তাহলে হোটেলের লাভ হবেনা, বহু লোকসান হবে এবং হোটেল বিসনেস চলছে তা বন্ধ হয়ে যাবে। যার ফলে যে ইনকাম ট্যাক্স আদায় হয় তা হবেনা এবং সংগে সংগে আমাদের এখানে যেসব টুরিষ্ট আসে তাদের সেইভাবে এন্টারটেনমেন্ট না করতে পারলে এদের যারা যে ফরেন এক্সচেঞ্জ আর্ণ করা হয় তার পথও বন্ধ হয়ে যাবে। সুতরাং এই জাতীয় অবাস্তব প্রস্তাব না রেখে বাস্তব প্রস্তাব রাখতে হবে এবং সেই পথে এগুতে হবে। এই ট্যাক্সের দুটি ভাগ আছে, একটা হচ্ছে লাকসারি যার উপর কিছু কিছু বলেছি। আর একটা এ্যামিউজমেন্ট তার উপর আমরা এখানে ট্যাক্স বাড়াতে পারি। কারণ এখানে অনেক রকম সুযোগ সুবিধা রয়েছে। কারণ আমরা দেখেছি বড় বড় হোটেলগুলিতে অনেক ভাবে বড় বড় লোকরা খরচ করে থাকে, সেই খরচেরই কিছু অংশ যদি জনগণের কাজে লাগে সেটা আনন্দের কথা। এখানে খরচের উপর একটা রেষ্ট্রিকশন করা উচিত। যে ভাবে আমরা দেখেছি আমাদের এক্সপেনডিচার ট্যাক্স ধরে এক্সপেনডিচার কার্ব করবার

কথা হচ্ছে সেই ভাবে এক্সপেনডিচার ট্যাক্স এই সব হোটেলে করি তাহলে যেসব বড় বড় ব্যবসা প্রতিষ্ঠান যারা এইভাবে বহু টাকা খরচ করে তারা আর সেইভাবে খরচ করতে পারবেনা। এখানে আমি বলবো যে এই আইনে সেই স্কোপ রয়ে গিয়েছে যে এই এণ্টারটেনমেন্টের বেশী ট্যাক্স করার। তবে দেখতে হবে যে ট্যাক্স বেশী করতে যেন হোটেলের লোকসান হয়ে না যায়। এই বৎসরে কিরকম এর কার্যকারিতা সেটা দেখে আগামী বছরে এই ব্যাপারে চিন্তা করে আরো ট্যাক্স বাড়াতে পারেন।

এখানে আর একটা কথা বলা হয়েছে, মোড অব পেমেণ্ট, কিভাবে এই কর আদায় হবে সে সম্বন্ধে কতকগুলি নিয়মকানুন বেঁধে দেওয়া হয়েছে। এগুলি আমার মনে হয় আরও ষ্ট্রিকট হওয়া উচিত ছিল। এখানে বলা হয়েছে ইন্সপেক্টার লেভেলে যে কোন সময় অফিসার হোটেলে যেয়ে ইন্সপেকশন করে দেখতে পারে ঠিকভাবে ট্যাক্স আদায় হচ্ছে কিনা। এখানে আমরা দেখেছি পার্কে যে সমস্ত আছে সেগুলিতে প্রপার রেষ্ট্রিকশন করতে পারলে গভর্ণমেণ্ট অনেক রেভিনিউ আর্ণ করতে পারে। কিন্তু অনেক ক্ষেত্রে অনেক অফিসার যান এবং তাদের হোটেলের মালিক এমনভাবে তাকে আয়ত্তে রাখে যার জন্য সরকার একটা বড় ইনকাম পাননা। অনেক ইন্‌কাম যেগুলি হতে পারত সেগুলি ঠিকমত রেকর্ড করেননা, যার ফলে দেখা যায় সরকারের যে ইন্‌কাম হত সেটা হয়না। আমার মনে হয় এখানে ঠিকমত কর আদায় হয় কিনা সেই ব্যাপারে ইন্সপেকশন ব্যাপারটা আরও কড়াকড়ি করতে হবে এবং প্রয়োজন হলে এখানে আরও অফিসার বাড়িয়ে দিয়ে মধ্যে মধ্যে ইন্সপেকশন করে কর যাতে ফাঁকি না দেয় তার ব্যবস্থা করতে হবে। যাই হোক যে করের ব্যবস্থা এসেছে এটা একটা যুগান্তকারী ব্যবস্থা। এই রকম করে আরও নূতন নূতন কর আমাদের দেশে আসুক, আমরা তাকে অভ্যর্থনা জানাব। আমাদের দেশের অনেক কাজ করতে হবে। আমাদের দেশের গ্রামাঞ্চলের কথা যদি ভাবি, সেখানে এই সমস্ত হোটেল লাকসারীর কথা চিন্তাও করতে পারিনা, আমাদের মানুষ সেখানে অত্যন্ত দারিদ্র্যের মধ্যে আছে। তাদের উন্নতি করতে হবে, তাদের মঙ্গলসাধন করতে হবে। সেখানে রাস্তাঘাট স্কুলের অত্যন্ত অভাব অনেক জায়গায়। যে অর্থ আমাদের রাতারাতি চলে আসবে সেই অর্থ নিয়ে নিয়োজিত করতে হবে তাদের মংগলের জন্য। এই জাতীয় যে ট্যাক্স আমাদের এখানে এসেছে সেই সমস্ত ট্যাক্সগুলি প্রয়োজন। এই সমস্ত ট্যাক্সের দ্বারা যে অর্থ আসবে সেগুলি আমরা নিজেদের মধ্যে খরচ করতে পারি দেশের মংগলের জন্য। আমি আর বিশেষ কিছু বলতে চাইনা, এই ট্যাক্স ব্যবস্থার জন্য আমি ধন্যবাদ জানাচ্ছি এবং ট্যাক্সের এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ এ এম ও ঘানি :** মাননীয় স্পীকার মহাশয়, আমি সানন্দে আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাকে স্বাগত জানাই। আমি ভেবে পাচ্ছিনা কি করে আমি তাঁকে অভিনন্দিত করব। এটাই বোধ হয় প্রথমবার স্বাধীনতার পর, কংগ্রেসী সরকার বিলাসিতার উপর কর ধার্য্য করেছেন। এণ্টারটেইনমেণ্ট ট্যাক্স আছে আমরা জানি, সেগুলি গরীব মানুষের পকেটে অনেক সময় ঘা দেয়। এটা বড় লোকের পকেটে ঘা দিচ্ছে, সেজন্য আমি আনন্দিত। আমি কলকাতার মানুষ, এখানে আমার জন্ম, এখানে আমি বিলাসের বহু রূপ দেখেছি। আমার যখন অল্প বয়স ছিল তখন কলকাতা সহর বৃটিশ গভর্ণমেণ্টের রাজধানী ছিল, তখন এর রূপ ছিল আলাদা। তারপর একটু বড় হলাম, ছাত্রাবস্থায় বৃটিশ গভর্ণমেণ্টের রাজত্ব দেখেছি, মন্ত্রীসভা দেখেছি, এক্জিকিউটিভ কাউন্সিল দেখেছি, লিমিটেড ফ্রানচাইজে মন্ত্রীসভা দেখেছি। কিন্তু স্বাধীনতার পর গত ২০ বছরের মধ্যে যত বেশী বিলাসিতার 'স্বর্গ' এখানে গড়ে উঠেছে সেটা কল্পনারও বাইরে ছিল। তুলনামূলকভাবে তাই আমার মনে হয়। এখানে বহু বড় বড় হোটেল আছে। মাননীয় স্পীকার মহাশয়, আগে দেখেছি

বিশেষ করে গ্রেট ইষ্টার্ণ এবং গ্রাণ্ডের মত হোটেলে, বহু শনিবারে ডিনার এণ্ড ডানস্ হতো এবং তাতে সুন্দর মিউজিকের গুঞ্জন শোনা যেত। আজকে তার বদলে সেখানে পপ মিউজিক, জাজ মিউজিক, খুব খেলো নাচ এবং ফিল্মী গান, নানা রকম জিনিষ চলে। সমাজে যারা অসদুভাবে কোন রকমে পয়সা আয় করেছে, তারা গিয়ে সেখানে পয়সা ছড়ায়।

আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় যেভাবে বিলটা এনেছেন, তাতে আমার সন্দেহ, যতটা কঠোর ভাব দেখান উচিত ছিল তা দেখান হয় নি।

[1-50—2-00 p.m.]

কয়েকটি ব্যাপারে উনি কিছু দরদ দেখিয়েছেন। কারণ কী—আমি জানি না। বেশীর ভাগ হোটেলই তো বিলাসীদের স্বর্গ—ওদেরই রাজত্ব চলেছে চৌরঙ্গী পার্ক সার্কাস এরিয়ায়। তবে এটা বোধ হয় একটা কারণ যে, মাননীয় মন্ত্রী মহাশয় অত্যন্ত ভালো লোক। আমার ধারণা উনি ঠিক ভাবে সব ব্যাপারটা ভাল করে জানেন না যে বিলাস ভবনে কি কি হয়। উনি কখনো ম্যাগনোলিয়ায় গিয়েছেন কি? আমাদের প্রাক্তন স্বরাষ্ট্রমন্ত্রীর খুব প্রিয় পার্ক হোটেলে? সেখানে ম্যাড হাউস ছিল মদ খেয়ে ছেলেমেয়েরা প্রায় অন্ধকার ঘরে কত মাখামাখি হত। সেখানে টাকার শ্রাদ্ধ হচ্ছে। এই সব জিনিষ আমাদের সরকার বন্ধ করতে পারেন কি? যাদের টাকা আছে তারা টাকার ফুটানি দেখান সেখানে। তাদের উপর কর বসানো উচিত। তাতে আমাদের Administration এর আমাদের সরকারের লাভ। ঐ রকম কর বসালে একটি সুরাহা হবে। তার দ্বারা দেশের কিছু উপকার হবে।

Luxuryর যে বর্ণনা ও সংজ্ঞা দেওয়া হয়েছে তাতে শুধু এয়ার কণ্ডিসান হ'লে Luxury হয় না বড় বড় হোটেলে কি ফার্ণিচারের সাজ সজ্জা, কি তার crockery কত দামী দামী,—কি তার মেনু, দেখুন কি দাম? ইংরেজ আমলে বড় বড় হোটেলে প্রত্যেক শনিবার রাত্রে ডিনার ড্যান্স হতো—দশ টাকা করে লাগতো। আজকে কমপক্ষে স্বামীস্ত্রী দুজন লোকই অন্ততঃ একশো টাকা খরচ করতে হবে। এইসব জায়গায় কিভাবে টাকা ওড়ান হচ্ছে তা না দেখলে সঠিক বুঝতে পারবেন না। মন্ত্রী মহাশয় ভাল করে সে সব জানেন না। তাই অত্যন্ত নরমভাবে এই বিল এনেছেন। Air condition না থাকলেও তাকে বিলাসী হোটেল বলা যায়। আমার পাড়ায় উদাহরণ দিতে পারি—ছোট্ট একটা ইটিং হাউস—রেস্তোরাও বলতে চাই না, চাইনিজ ইটিং হাউস (Jimmy's kitchen) air condition ছোট্ট একটা ঘরে আছে তাকে আপনি ট্যাক্স করবেন? আর বিলাসী হোটেল পিস্কিং হোটেল সেখানে কোন air condition নাই তাহলে কি ওটা Luxrry হল না? শুধু air condition হলেই ট্যাক্স করবেন—তাহলে ঠিক হবে না। সেখানে দেখতে হবে—কী Menu আছে, কি সেখানে entertainment দেয়। সেটা দেখে ট্যাক্স করা উচিত। ওঁর বোধ হয় জানা নাই গ্রেট ইষ্টার্ণে, কণ্টিনেণ্টালে, ম্যাগনোলিয়ায় গিয়ে দেখুন, সেখানে কোয়ালিটি আছে সেখানে অদ্ভুত স্বর্গ গড়া হয়েছে, ম্যাড হাউসও তাই। সব চেয়ে বেশী যে হোটেল নিয়ে আমরা গর্ব করতে পারি সে হচ্ছে হোটেল হিন্দুস্তান, ট্রিন্‌কাস, ব্লু ফক্স—সেখানে যে ক্যাবারে দেখান হয়—দয়া করে গিয়ে একবার দেখে আসুন International Hotel সেটা পৃথিবীর বড় বড় লোক সেখানে আসে। কিন্তু সেখানে যে নাচ দেখান হয়—যে entertainment এর ব্যবস্থা আছে তা ভারতবর্ষের পক্ষে লজ্জার কথা। আগে এই সব জায়গায় ইংরেজদের সময় সুন্দর সুন্দর জাজ মিউজিক হতো। আজ তার পরিবর্তে ক্লাসিক্যাল মিউজিক ও ক্লাসিক্যাল নাচের নামে যা সেখান দেখান হচ্ছে তা নোংরামি ছাড়া আর কিছু নয়। নোংরা লোকের হাতে পয়সা এসেছে তাই এই নোংরাভাবে টাকা সেখানে ওড়ান হচ্ছে।

আমার মনে হয় আমার বন্ধু সারোগী নিশ্চয়ই আমাকে এ ব্যাপারে সমর্থন করবেন। কারণ উনি কিছু কিছু জানেন যে সব কারা সেখানে জোটে।

আর একটা জিনিস ট্যাক্স আপনারা ১০% ধরছেন। এটা সকলেই জানেন যে প্রায় সব হোটেলেই একটা কনভেনসন্যাল টিপস আছে—সেটাই প্রায় অনেক সময় ওয়েটাররা যা পায় তাও প্রায় ১০%। এখানে আমরা কেবল ১০% নিয়ে চলে আসবো? এর বেশী আপনারা ভাবতে পারছেন না? আর একটা জিনিস আছে সেটা আপনারা ভেবেছেন কিনা জানি না। এই বিলাস ব্যবস্থা শুধু কলকাতায় নয়, দিল্লীতে আছে, বোম্বেতে আছে, অনেক জায়গায় আছে, যেমন ইন্টারন্যাশন্যাল হোটেল হিন্দুস্থান হোটেল এই রকম হোটেল ইনডাষ্ট্রি অল ইণ্ডিয়া লেভেলে গড়ে উঠেছে। তারা হয়তো দিল্লীতে গিয়ে বলবে আমাদের হোটেল ইনডাষ্ট্রি কি করে চালাবো পশ্চিমবাংলা যা করছে—আমরা তাতে কারবার কি করে করবো? এইগুলি সম্বন্ধে মন্ত্রী মহাশয় একটু ভেবে দেখবেন। এই রকম যে যতই বলুক না কেন আমি আশা করবো আমাদের মন্ত্রিসভা এর জন্য প্রস্তুত থাকবেন। তাঁরা যা করছেন সেটা ন্যায়সংগত ভাবেই করছেন। বড় লোকের উপর ট্যাক্স করছেন। কুৎসিৎ বিলাসিতার উপর ট্যাক্স করছেন এতে জাতীয় মানহানি হচ্ছে না। এখানে আমি সামান্য যোগ করে রাখছি যদিও ট্যাক্স আদায় পদ্ধতি সম্বন্ধে জানার দরকার আছে। আমি মনে করি ১০%চেয়ে এই ধরণের ট্যাক্স আরও বাড়ানো যায় কিনা বা বাড়াতে পারেন কিনা সেটা আপনারা দেখবেন। আর একটা জিনিষ আমি অভাব বোধ করছি যে সব বিলেই exemption clause থাকে সেটা প্রয়োজন কিনা দেখবেন। বিল প্রয়োগের সময় যেন legal defect না হয়। আমি এই বিলে exemption clause পাই নি। আইনজ্ঞরা আছেন, আমাদের মন্ত্রী মহাশয় নিজেও একজন আইনবিদ্। তিনি অবশ্য বলবেন exemption clause ছাড়া এই বিল তিনি এনেছেন এটা ঠিক আছে কিনা। এই cxemption clause কিছুটা add করবেন এবং luxury এর যে definition দিয়েছেন এটা বিচার করে দেখবেন যে শুধু air condition limit রাখবেন, না, অন্যান্য consideration রাখবেন। এই বলে বিলটিকে সর্বান্তঃকরণে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশঙ্কর ঘোষ ঃ** মাননীয় স্পীকার মহাশয়, এই হাউসের সমস্ত সদস্যরা যে এই বিলটিকে অভিনন্দন জানিয়েছেন এতে আমি খুবই আনন্দিত। এবং এটা প্রমাণিত হয়েছে যে এই বিধানসভায় যে সমস্ত সদস্য আছেন তাঁরা যে সমস্ত প্রতিশ্রুতি জনগণের কাছে দিয়েছিলেন তা রক্ষা করার জন্য সর্বপ্রকার চেষ্টা করবেন। এবং সেই রকম উদ্যম তাঁরা নেবেন। স্বাধীনতার পর ২৫ বছর অতিবাহিত হয়েছে; এই প্রথম কনসপিকিউয়াস কনজামসনের উপর আমরা একটা বিল এনেছি। নূতন যে কর ধার্য হবে তাতে একটা প্রগতিশীল সরকার, যে সরকার কল্যাণময়ী রাষ্ট্রে—সমাজতান্ত্রিক রাষ্ট্রে বিশ্বাস করে সেই সরকার যে করনীতি অনুসরণ করবেন সেই নীতি হচ্ছে কনসপিকিউয়াস কনজামসন থেকে প্রডাকটিভ সেকটরে সম্পদগুলি যাতে চলে আসে সেইজন্য এই বিল এনেছে। কনসপিকিউয়াস কনজামসন থেকে প্রডাকটিভ সেক্টরে সম্পদ চলে আসার দরকার আছে। বিত্তশালীরা যে কর দেবে—সেই কর সাধারন মানুষের উন্নয়ন কাজে সেই কর উপকার করবে।

[2-00—2-10 p.m.]

এই বিল সম্বন্ধে যে দু একটা কথা উঠেছে, তার মধ্যে একটা হচ্ছে এক্সেমসান ক্লজ সম্বন্ধে। আমরা যে বিলটা এনেছি তাতে বলেছি যে, যদিও এটা সারা বাংলায় প্রযোজ্য তবুও It shall apply in the first instance only to Calcutta. কারণ কোলকাতাতেই বড় বড় হোটেল

রেস্তোঁরা রয়েছে। কোলকাতা একটা বড় শহর। আমরা এইরকম কতকগুলি গ্রোথ সেণ্টার করতে চাই দুর্গাপুর, কল্যাণী ইত্যাদি নানান জায়গায়। তবে এই বিলটা আমরা সেখানে ছড়িয়ে দিতে চাই না এবং সেইজন্যই বলেছি It shall apply in the first instance only to Calcutta. অন্যখানে যে গ্রোথ সেণ্টার গড়ে উঠবে এবং সেখানে যে এয়ার কণ্ডিশানড হোটেল রেস্তোরা হবে সেখানে আমরা এই বিলটা চালু করবো কিনা সেটা পরে বিবেচনা করবো। আমরা এই জন্যই এই ক্ষমতাটা রেখেছি। গনি সাহেব যেটা বলেছেন আমরা এই ভাবেই জিনিষটা রেখেছি। তারপরে আর একটা যে কথা উঠেছে সেটা ১০ পারসেণ্ট ট্যাক্স সম্বন্ধে। এখানে দুটো জিনিষে ট্যাক্স দিতে হবে। একটা ল্যাকসারী ট্যাক্স আর একটা এণ্টারটেনমেণ্ট ট্যাক্স। প্রত্যেকটি হোটেল রেস্তোঁরা যেখানে এয়ার কণ্ডিশান রয়েছে এবং এণ্টারটেনমেণ্টের ব্যবস্থা রয়েছে সেখানে দুটো ট্যাক্স দিতে হবে। একটা ১০ পারসেণ্ট ট্যাক্স ধরেছি সেটা খাবার, পানীয় এবং এ্যাডমিশন ফি-এর উপর দিতে হবে। তা ছাড়া যে বড বড় ফ্যাংসান হয় যার টিকিটের দাম ১০০ টাকার অনেক দাম যেটা গনি সাহেব এবং অন্যান্যরা বলেছেন সেখানে কিন্তু পুরো টিকিটের উপরই আমরা ১০ পারসেণ্ট পাব। আর একটা ল্যাকসারী ট্যাক্স পাবো। তারপর আর একটা কথা উঠেছে, মাননীয় সদস্যরা বলেছেন যে এই বিল নতুন বিল, ভারতবর্ষের অন্য কোথাও নেই, এটা ছড়িয়ে পড়ুক ভারতবর্ষের অন্যান্য প্রদেশে। সেটা আমরা নিশ্চয় চাই, আমরা চাই না আমাদের পশ্চিমবাংলায় যে সমস্ত হোটেল রেস্তোঁরা আছে তাদের কোন অসুবিধা হোক, আমরা চাই এই জাতীয় বিল সারা ভারতবর্ষে হোক যাতে বাংলাদেশের উপর চাপ সৃষ্টি না হয়। আমরা মনে করি এই বিলের জন্য হোটেল রেস্তোঁরার কোন ক্ষতি হবে না, কারণ এখানে যে টাকা ব্যয়িত হয় সেটা সাধারণতঃ বিত্তশালীরা ব্যয় করেন। এটা সাধারণত এক্সপেন্স একাউণ্ট বা কোম্পানী একাউণ্ট থেকে খরচ হয়। সেই টাকা খরচ করার মত ক্ষমতা তাদের আছে। কাজেই তাতে হোটেল রেস্তোঁরার ব্যবসার ক্ষতি হবে না। আমরা চাই না হোটেল রেস্তোঁরার ব্যবসার ক্ষতি হোক বা সেখানে কাজের সংস্থানের কিছু মাত্র সংকোচন হোক। এই বলে আমি হাউসের সামনে এটা পেশ করলাম।

The motion of Shri Sankar Ghose that the West Bengal Entertainments and Luxuries (Hotels and Restaurants) Tax Bill, 1972, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 10 and Preamble**

The question that Clauses 1 to 10 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Sankar Ghose**: Sir, I beg to move that the West Bengal Entertainments and Luxuries (Hotels and Restaurants) Tax Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**শ্রীবিশ্বনাথ মুখার্জী**ঃ অন এ পয়েণ্ট অব অর্ডার, স্যার, এর আগে মানি বিলে আমি এ্যামেণ্ডমেণ্ট দিয়েছিলাম সেটা গভর্ণারের কাছে পাঠানো হয়েছিল, তিনি অনুমতি দেন নি। অবশ্য তাঁর সে অধিকার আছে, সে অনুমতি না দেওয়ায়। তবুও সে অধিকার থাকলেও আইন সভাকে আলোচনা থেকে বঞ্চিত করা উচিত হয়েছে কি না সেটা ভিন্ন কথা। কিন্তু ভূমি সংস্কার আইনের যে সংশোধনী এসেছে সে সম্বন্ধে আমি একটা সংশোধনী দিয়েছিলাম......

**Mr. Speaker :** Mr. Mukherjee, I have not taken up that Bill as yet.

**Shri Biswanath Mukherjee :** সেটা সারকুলেটেড হয়নি।

**Mr. Speaker.** At the appropriate time it will be best for you to raise that point.

**Shri Biswanath Mukherjee :** It should be circulated at least. Then you may permit to move the Bill.

**Mr. Speaker :** I am looking into the matter. But before the Bill is taken up it will be circulated. I will let you know whether the amendments are in order or not.

**Shri Biswanath Mukherjee :** It should be circulated in any case.

**Mr. Speaker :** I will give necessary instruction.

### The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1972.

**Shri Sankar Ghose :** Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1972, be taken into consideration.

Sir, it has become necessary to introduce certain proposals before the House for mobilising additional resources with a view to financing the sehemes included in the Fourth Five-Year Plan during the current year and the next financial year and also for meeting increased commitments on account of non-planned schemes.

As the honourable Members are aware, the sizc of the Fourth Five-Year Plan for West Bengal as finally settled in consultation with the Planning Commission was Rs. 322 crores 50 lakhs The Central assistance promised by the Planning Commission for financing the State Plan was Rs. 221 crores. The balance of Rs. 101 crores 50 lakhs was to be provided by the State Government. Out of this sum, Rs. 70 crores was to be raised by means of additional resources mobilisation and the balance Rs. 31.50 crores through negotiated loans and State enterprises, market borrowing. During the year 1969-70, the State Government undertook some measures of additional taxation as a result of which additional revenue to the tune of about Rs. 29 crores would be available during the Fourth Five-Year Plan period. But this still leaves the balance sum of Rs. 41 crores which this State has to raise during this plan period in order to retain the size of the plan. Hence there is need of fresh taxation to raise additional resources. The need for raising additional resources was also felt by the Democratic Coalition Ministry, but as the life of that Ministry was very short and it went out of office in June, 1971, no effective steps could be taken by that Ministry to undertake measures of additional taxation. Thereafter, President's Rule was imposed in West Bengal and as the election was ensuing the State Government did not undertake any measure of additional taxation during the interregnum.

The new Government, since its assumption of office after the election of March, 1972, has reviewed the financial condition of the State very carefully and has examined the various development schemes included in the Fourth Five-Year Plan. In order to implement the Fourth Five-Year Plan schemes effectively and to maintain the level of developmental expenditure,

which are needed for regenerating the economy of West Bengal, the new Government felt that it would have to undertake some measures of additional taxation for mobilising additional resources. While examining these prposals, the Government has given very careful consideration so that the burden of taxation may be borne mainly by the well-to-do sections of the community. In this context we have formulated this proposal.

[2-10—2-20 p.m.]

The rates of entertainments tax for admission to the chinematograph exhibition are proposed to be raised and the rates we mentioned in the Bill, since certain excisable commodities are at present exempted from sales tax in West Bengal. But in many other States, sales tax is levied on those commodities in addition to excise duties. It is proposed to levy sales tax at 12% on foreign liquor and certain Indian-make liquor including Whisky, Rum, Gin, etc., and also to impose sales tax at the rate of 6% on country spirit, Ganja, Bhang, etc.

It is further proposed to levy tax at 12% on certain luxury items which are at present taxed only at the rate of 6%. These luxury items are—Precious and synthetic stones (other than diamond, real or artificial; pearls, real, artificial or cultured); golden and silver filigree; furs and articles made of furs; marble chips, marble or mosaic floor and wall tiles, and articles made of marble or mosaic; laminated sheets, like Formica, Sunmica. etc., Perfumes.

It has been ascertained, there is wide-spread evasion of sales tax in respect of importation of certain goods. With a view to checking these malpractices and evasion of tax on these commodities it is proposed to notify these commodities under section 4A of the Bengal Finance (Sales Tax) Act, 1941, so that any person who imports any of these commodities will be liable to pay tax irrespective of the quantities of import.

It is proposed also to assume power so that the State Government may enhance the rate of tax under the West Bengal Sales Tax Act, 1954, up to a ceiling and to exercise this power as and when necessary in the interest of the finance of the State. There are only three clarifications that are necessary, one is that,—when we are increasing the rate of tax on luxury items from 6% to 12%, we have mentioned precious and synthetic stones other than diamond because diamond is already taxed at 12%, that is why we have excluded diamond. We are bringing precious stones, pearls, synthetic stones, etc. The next clarification is that sales tax is not being imposed, for the first time, on coconut oil, ground nut oil, chilies, poppy seeds, etc. There is some misunderstanding about this. There is already sales tax on coconut oil and ground nut oil. There is no intention of increasing the rates of duty on these items; whatever the provisions are there, they are for checking the evasion. There is some misunderstanding on this point—some Members mentioned this. There is no desire to impose sales tax on these items or to increase the rates.

The third clarification is that so far as cinema tickets up to rupee one are cancerned, there is no proposal to increase the rate of tax There has been some misunderstanding—some Members have thought—that up to rupee one the tax is increasing. Sir, the tax is not increasing.

With these words, Sir, I commend my motion to the acceptance of the House.

**Mr. Speaker :** There is one motion for circulation of the Bill by Shri Puranjoy Pramanik. Shri Pramanik may move his motion.

**শ্রীপুরঞ্জয় প্রামাণিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওয়েস্টবেঙ্গল ( ল'জ ) এ্যামেণ্ডমে বিল যেটা আনা হয়েছে, এর মধ্যে ছুটো বিল আছে একটা হচ্ছে বেঙ্গল এ্যামিজউমেণ্ট ট্যাক্স এ্যা এবং আর একটা হচ্ছে বেঙ্গল ফিনান্স ( সেল্‌স ট্যাক্স ) এ্যাক্ট, ১৯৪১। এই বিলটাকে চার ভাগে ভা করা যায়। প্রথমে এ্যামিজউমেণ্ট ট্যাক্স সম্বন্ধে বলেছেন, সেটা সম্বন্ধে বলার দিক থেকে যে বক্তব রেখেছেন, তার মধ্যে একটু বিবেচনা করার দরকার আছে। আমরা যা প্রমোদকর বৃদ্ধি করছি তার ফলে বাংলা চলচ্চিত্র শিল্পের কিন্তু ক্ষতি সাধন হবে। আর এক দিক থেকে দেখা যায় কিশো বালক চরিত্রের নৈতিক দিকটা রক্ষা পাবে। যার জন্য এই বিলের মধ্যে অনেক আপত্তি থাকলে এটাকে সমর্থন করা যায়। এবং নৈতিক দিক থেকে এই অংশটা সমর্থন যোগ্য। এই বিলে সেল্‌ট্যা বৃদ্ধির যে প্রস্তাব করা হয়েছে, একটু বক্তৃতার মধ্যে মাননীয় অর্থমন্ত্রী বললেন যে লঙ্কা, নারকল তে ইত্যাদিতে ট্যাক্স বৃদ্ধি হবে না, সেটা অবশ্য এই ধারার মধ্যে নেই, তাতে আইনের কড়াকড়ি কর হচ্ছে যাতে ব্যাবসাদাররা কর ফাঁকি না দিতে পারে। কিন্তু তার আগের প্যারায় তিনি বলেছে it is proposed to raise the rate of tax on commodities notified in the Wes Bengal Sales Tax Act, 1954. তার মানে ১৯৫৪ সালের যে বেঙ্গল সেল্‌স ট্যাক্স আইন পা করা হয়েছে তার এক নম্বর সিডিউলে যে সমস্ত জিনিস আছে, যেমন কয়লা, তুলা, ময়দা, চিনি বিভিন্ন রকম নিত্য প্রয়োজনীয় দ্রব্য এর মধ্যে আছে এবং এই সমস্ত জিনিসের উপর যদি কর বৃদ্ধি করা হয়, তাহলে গরীবের পকেটেই হাত দেওয়া হবে, গরীবের উপরই পীড়ন করা হবে। সেদিকে নিশ্চয়ই বিবেচনা করা উচিত এবং এতে বলা হয়েছে কোন কোন জিনিসের উপর করা হবে, সেট সরকার পরে নোটিফিকেশন দেবেন। গরীবরা যে সমস্ত জিনিস ব্যবহার করেন, সেই সমস্ত জিনিসে যাতে ট্যাক্স ধার্য্য না হয়, মাননীয় অর্থমন্ত্রী নিশ্চয়ই নজর দেবেন, এটাই নিবেদন করবো। কেনন এই সেল্‌স ট্যাক্স আইন এই নিয়ে বোধ হয় নয় কি দশবার সংশোধনী আকারে এলো। আমর ছু-তিন বার এই বিল দেখেছি এবং ১৯৬৭ সালে যখন এখানে ইউনাইটেড ফ্রণ্ট গভর্ণমেণ্ট ছিল তখন জ্যোতিবাবু অর্থমন্ত্রী হিসাবে এই ফাইন্যান্স সেল্‌স ট্যাক্স বিল এনেছিলেন। এ্যামেণ্ডমেণ্ট করে কিছু কর বৃদ্ধি করলেন, তখন আমরা যারা কংগ্রেসী সদস্যরা ছিলাম এবং তখন আমাদের বর্ত্তমানে যিনি মুখ্যমন্ত্রী, তিনিও তখন সদস্য ছিলেন এবং তখন আমাদের কংগ্রেসের পক্ষ থেকে বলা হয়েছিল যে এটা দরিদ্র পীড়নের যন্ত্র বিল এবং বলা হয়েছিল দি পুয়োর হ্যাভ বিকাম পুয়োরার এ্যাণ্ড দি রিচ হ্যাভ বিকাম রিচার, তাহলে আমরা কি বলতে পারি বর্ত্তমানে এখানে যা অবস্থা হয়েছে তাতে দি পুয়োর হ্যাভ বিকাম রিচ এবং রাতারাতি কি তাদের মান বেড়ে গেছে, সেইজন্য এই সব কথাগুলো বলা হয়েছে। যখন আমরা দেখেছি সেই সমস্ত কথা বলার পর আজকে আমরা পুনরায় সেল্‌সট্যাক্স বৃদ্ধি করবার জন্য এখানে এসেছি। সেই জন্য এই সম্বন্ধে আমার নিবেদন হচ্ছে সেল্‌স ট্যাক্স যে সমস্ত জিনিসের উপর ধার্য্য করা হবে, তা থেকে যাতে গরীবের উপর হাত না পড়ে সেদিকে নিশ্চয়ই লক্ষ্য করা উচিত। এই বিলে উনি পার্লস, গোল্ড, মার্বেল, এই সমস্ত যা করেছেন, নিশ্চয়ই এটা ভাল কাজ করেছেন। কেন না অন্যান্য রাজ্যে আগে এটা ছিল, আমাদের রাজ্যে ছিল না, এই রাজ্যে করা উচিত। কিন্তু আমাদের আর একটা সব চেয়ে বড় কথা সেল্‌স ট্যাক্স আইনে যে গলদ, সেটা হচ্ছে কর ফাঁকি দেওয়া। আমরা যদি ঠিকমত কর আদায় করতে পারি এবং ব্যবসাদাররা যদি কর ফাঁকি না দেয় এবং সরকারী কর্মচারীরা যদি ঠিকমত আদায় করতে পারেন, তাদের কাজে যদি শৈথিল্য না থাকে, তাহলে নিশ্চয়ই আমার মনে হয়, কর বাড়াবার কোন প্রয়োজন আছে বলে মনে করি না।

[2-20—2-30 p.m.]

আমি গত সপ্তাহে বর্দ্ধমানে খবর নিয়ে জানলাম যে সেখানে ৭ হাজার ক্যাস সারটিফিকেট অফিসে পড়ে আছে এবং তার সংখ্যা হচ্ছে ৭৩ লক্ষ টাকা। এই যে ট্যাক্স ধার্য আছে এবং যে টাকা দেওয়া হয়না, সেটা হচ্ছে কোটি কোটি টাকা। সেই কোটি কোটি টাকার সেল্স ট্যাক্স যদি আদায় না হয় তাহলে এই কর ব্যবস্থা চালাবার কোন প্রয়োজন নাই। কেবল কর বৃদ্ধি করে যদি মনে করে থাকেন অর্থের আশ্রয় হবে তাহলে ভুল হবে, তা হবে না। সেই জন্য আমি মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করছি যে সমস্ত দেখতে হবে, যে সমস্ত অফিসারের উপর কর আদায় করবার ভার আছে—আর বলা আছে ব্যবসায়ীরা যাতে কর ফাঁকি দিতে না পারে সেই জন্য সিজার, সার্চ ইত্যাদি বিভিন্ন আইনের ব্যবস্থা করা হয়েছে, কিন্তু এই যে সমস্ত অফিসার কর্মে গাফিলতি করবেন তাদের বিরুদ্ধেও আপনাকে এ্যাকশন নিতে হবে। সেটা কি করে হবে সে সম্বন্ধে এই ধারায় কোন ব্যবস্থা নেই। সেই জন্য আমি স্পীকার মহাশয়ের মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে এইটা নিবেদন করবো যে আপনি এই ডিপার্টমেণ্টকে ঢেলে সাজান। এইটাকে ঢেলে সাজান দরকার। যে সমস্ত কোটি কোটি টাকা সরকারের আদায় করা হয়নি, সেগুলি যদি ডিপার্টমেণ্টকে ঢেলে সাজিয়ে ডিউটি ভাগ করে কার্য্যকরী করা যায় তাহলে আমি মনে করি আপনারা যে ট্যাক্স বাকি আছে তা আদায় হবে এবং সরকারী কর্মচারীরা যদি তা ঠিক ঠিক আদায় করে তাহলে এই নতুন ট্যাক্স বসাবার কোন দরকার হবে না—এইটার কোন প্রয়োজন আছে বলে আমি মনে করি না। আমাদের কাছে যে হিসাব আছে তাতে ব্যবসায়ীদের কাছে যে টাকা পাওনা আছে, সেই টাকা আদায় করতে পারলে এই বিল আনার কোন প্রয়োজন নাই। মাননীয় স্পীকার মহাশয়, আমি আমার এ্যামেণ্ডমেণ্ট আর মুভ করছিনা। এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসত্য ঘোষাল:** মাননীয় স্পীকার স্যার, এই যে বিলটা আমাদের সামনে রাখা হয়েছে এইটার আসল উদ্দেশ্য সম্পর্কে আমার সকল বন্ধুই এক মত হবেন, অর্থাৎ বাড়তি সম্পদ আমরা সংগ্রহ করতে চাই এবং সম্পদ সংগ্রহ করার জন্য আমরা এই বল এনেছি। এখন এখানে আমার একটা কথা আছে। সেটা হচ্ছে সম্পদ সংগ্রহ করবার জন্য যে গতানুগতিক পথ আছে সেই গতানুগতিক পথেই এই বিলকে জুড়ে দিচ্ছি। সেই পথটা হলো হয় ডাইরেক্ট না হয় ইনডাইরেক্ট। এই যে দুটো ট্যাক্স অর্থাৎ প্রত্যক্ষ এবং পরোক্ষ কর এই ২টির উপর নির্ভর করে আমাদের যাবতীয় সম্পদ আমরা সংগ্রহ করতে চাই এবং সেই দৃষ্টিভঙ্গি নিয়েই আমি এই কথা বলছি। আমাদের অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে এ্যাডিশনাল রিসোর্সেস থেকে সম্পদ সংগ্রহ করবার জন্য তিনি এনেছেন। আমি ভাবছিলাম যে এই কায়দায় যদি আমরা চলি তাহলে কি সম্পদ সংগ্রহ হতে পারে? এই বিল এনেছেন এবং এর উদ্দেশ্য হলো '২২ সালে যেমন বেঙ্গল এ্যামিউজমেণ্টস য়্যাক্ট ১৯২২, দি বেঙ্গল ফিনান্স (সেলট্যাক্স) য়্যাক্ট, ১৯৪১, ওয়েষ্ট বেঙ্গল সেল ট্যাক্স য়্যাক্ট, ১৯৫৪ তার একটা মাত্র ক্ষেত্র সংশোধন করে এখানে এইটা সংশোধন করলেন। আমাদের রাজস্ব বৃদ্ধি প্রয়োজনের কতটা মেটাতে পারবে এইটা ভাবার প্রায়োজন আছে। আর হচ্ছে এই করকে এড়িয়ে যাবার যে পথ আছে অর্থাৎ যে ইভেশন—আমরা জানি যে পরিমাণ আমরা সংগ্রহ করতে চাই তার চেয়ে বেশী ফাঁকি। ছেলে বেলায় আমরা পড়েছিলাম, বাঁদোরে গাছে উঠেছে, একবার করে ৪ইঞ্চি উঠছে আবার পরের বার ৩ ইঞ্চি নামছে প্রকৃত পক্ষে সে ১ ইঞ্চি উঠছে।

আমাদের অবস্থাও ঠিক তাই। একদিকে আমরা tax আরোপ করি আর একদিকে যারা ফাঁকি দেবার মালিক তারা ঠিক ফাঁকি দেয়। কিন্তু এটা আদায় করার কোন ব্যবস্থা নেই। Direct taxation-এর ব্যাপারে ঠিক তাই। Direct taxation-এর report বেরিয়েছে—Wanchoo Committee-র report—সেই report যদি দেখেন তাহলে দেখবেন প্রচুর ফাঁকি পড়ছে।

আবার indirect taxation-এর ক্ষেত্রেও কম কি ? এখানেও প্রচুর ফাঁকি হয়। সুতরাং tax আরোপ করা এবং আদায় করার কাঠামো যদি পুরোপুরিভাবে পরিবর্তন না করা যায় তাহলে এজিনিষ চলবে। যেমন সিনেমার কথাই ধরা যাক। সিনেমায় উচ্চহার টিকিটের জন্য যে বিল আনলেন এবং আমরা যা একটু আগে পাশ করেছি তার একটা মানে বোঝা যায়। কাপড়ের উপর বেশী ট্যাক্স বসান, ভাল ভাল খানাপিনার উপর বসান তাতে আপত্তি নেই। কিন্তু এই সিনেমায় দেখলাম সেখানে 30% tax বসালেন। অর্থাৎ ৬৫ পয়সা হলে সেটা কার উপর পড়ে ? গরীব লোকেরা ৫০ পয়সায় সিনেমা দেখে। তাদের উপর tax বসালে আমাদের অর্থের পরিমাণ আরও বাড়বে। অর্থাৎ বলা যেতে পারে যে আমোদ-প্রমোদ করবে তাকে tax দিতে হবে। কিন্তু ওটাকে একটু যদি অন্যভাবে দেখেন তাহলে দেখবেন গ্রামাঞ্চলে বহু মানুষের জীবনে একটিমাত্র recreation আছে এবং সেটা হচ্ছে ঐ সিনেমা। সেখানে ক্যাবারে নেই, luxury hotel নেই, ভাল ভাল গাড়ী চাপার সুযোগ নেই বলে, তাই তারা সিনেমা দেখতে যায়। তারা ৫০ পয়সার টিকিটে যায় এবং তার জন্য তাদের ১৫ পয়সা tax দিতে হয়। এটা যদি আদায় করতে পারি তাহলে গরীব লোকেদের খুব বেশী আমোদ প্রমোদ দিতে পারব কিনা জানিনা। সেজন্য আমি মনে করি এটা তুলে দেওয়া হোক এবং যদি তা করা না হয় তাহলে যা আছে তাই করা হোক। এই প্রসঙ্গে একটা কথা বলব যে, এখান থেকে যদি সত্যি টাকা পেতে হয় তাহলে অন্য একটা জিনিষ করুন। এক্ষেত্রে আমি উল্টো কথাই বলব যে সিনেমার industry থেকে যদি টাকা নিতে হয় তাহলে ঐ যাঁরা মহানায়ক, এই সিনেমা থেকে অনেক টাকা আদায় করেন—৩/৪ লাখ টাকা এবং ঐ টাকা তাঁরা Cross চেকে না নিয়ে মাসে মাসে টাকা নেন। কিন্তু তাঁরা এই টাকা যদি Corss চেকে নেন তাহলে এই কালো টাকার যে Source সেটা আপনারা বন্ধ করতে পারেন এবং সিনেমা শিল্পে সত্যিকারের সাহায্য করতে পারেন। এর ভেতরেও tax ফাঁকি দেবার ব্যাপার আছে এবং সুকৌশলে তারা ফাঁকি দেয়। আমাদের দেশের কথা হচ্ছে evasion হচ্ছে offence. কিন্তু এখন দেখা যাচ্ছে avoidence is also an offence. Tax evasin বললে যা বোঝা যায়, tax avoidence বললে একই জিনিষ বোঝা যায়, কিন্তু দুটোর মধ্যে পার্থক্য আছে। Tax Evasion হচ্ছে চালাকী করে ফাঁকি দেওয়া এবং avoidene হচ্ছে এমনি ভাবে ফাঁকি দেওয়া। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় নিজে একজন বিখ্যাত আইনজীবী। আমি জানি এমন অনেক আইনজীবী আছেন যাঁরা অনেক বড় স্তরের। তাঁরা Cross চেক নেননা। আলাদাভাবে অন্যদিক থেকে টাকা,নেন এবং অন্য যে একটা Source থাকে সেইখানে এই টাকাটা চলে যায়। এই টাকাটা থেকে তাঁরা tax দেননা। মফঃস্বলের অভিজ্ঞতা থেকে বলতে পারি এবং নাম করতে পারি যে কোন কোন হলের মালিকরা সরকারকে Amusement tax দেন না। তাঁরা টিকিটের Counterfolio-টা নিজেদের কাছে রেখে দেন এবং Amusement tax-এর টিকিট তাতে ভালভাবে লাগাননা যাতে সেটা পরে তুলে নেওয়া যায়। এইভাবে তাঁরা Amusement tax ফাঁকি দেয়। কর্মচারীরা মাইনে চাইবার জন্য অনেক সিনেমা হল বন্ধ করে দেওয়া হয়েছে। কিন্তু এই সিনেমা হল-গুলি যদি চলত তাহলে সরকার অনেক টাকা পেতেন। কিন্তু এগুলিকে চালু করার কোন ব্যবস্থা করা হচ্ছেনা।

[2-30 – 2-40 p.m.]

সুতরাং অকারণ ৫০ পয়সার উপর ৩০ পার্সেন্ট ট্যাক্স করা বন্ধ করলে ভাল হয় বলে আমি মনে করছি। আমি অর্থমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যাতে তিনি এটা না বাড়ান। উঁচু মহলে যদি ট্যাক্স করেন আমার আপত্তি নেই। তেমনি সেলস ট্যাক্স সম্বন্ধে আমাদের কিছু কথা আছে। সেলস ট্যাক্সের ইভেসান সম্বন্ধে আমরা কি ভাবছি, প্রচুর টাকা যারা ফাঁকি দেয় তাদের সম্বন্ধে কি

ভাবছি, তাদের সম্বন্ধে আমরা কিছু করব কিনা। ফিফথ্ ফাইনানস কমিশান হিসাব চেয়েছিলেন কত টাকা ফাঁকি দেয়। তার হিসাব পাওয়া যায় নি। কিন্তু এই হিসাব আমরা পাবই বা কি করে। তার কারণ বোম্বেতে এই কাজে নিযুক্ত আছে যে সব পার্সোনেল যারা ইভেসান দেখেন তদন্ত করেন এঁদের ক্যাডারের সংখ্যা ১২ শো, আর ওয়েষ্ট বেংগলে এদের সংখ্যা ৩৫০। সুতরাং এঁরা যদি ইচ্ছাও করেন তাহলেও ইভেসান ধরবেন কি করে। ১২ শো কর্মীতে মিলে যে ইভেসান ধরতে পারেন ৩৫০ কর্মীতে সেই ইভেসান ধরা সম্ভব নয় এবং তা তাঁরা করে উঠতে পারছেন না। অথচ যদি একস্ট্রা কিছু বেশী থাকত তাহলে আরো কিছু বেশী ইভেসান এঁরা ধরতে পারতেন। আমি একটা উদাহরণ বলতে পারি, ৪১ এর জুট মিলের যে ব্যাপার, মেজর ট্যাক্স যারা ফাঁকি দেয়, এখানে ফাঁকি দেবার কায়দা কি, এদের কোন টাইম বার নেই, এরা ৬/৮ বছর ধরে এ্যাসেসমেণ্ট নাও করতে পারে এবং ৬/৮ বছর ধরে এ্যাসেসমেণ্ট যদি না হয় তাহলে এদের হিসাবই হচ্ছে না, ট্যাক্স আদায় করবে কে? আর আদায় যদি না করি তাহলে আর বাড়তি সম্পদ সংগ্রহ করবই বা কি করে? সুতরাং আমি যে কথা বলছিলাম এ কেবল দিবারাত্রি জল ঢেলে ফুটা পাত্রে বৃথা চেষ্টা তৃষ্ণা মেটাবার। ফুটা পাত্রে জল ঢালব ট্যাক্স আরোপ করব, ট্যাক্স ফাঁকি দেবে ট্যাক্স আদায়ের ব্যবস্থা নেই। সেজন্য আমি মনে করি এটা থাকা উচিত ছিল। এমন কি আমরা মনে করি বিধান আছে ৪১ সালের এ্যাক্টে ১০ পার্সেণ্ট থেকে বাড়িয়ে ১২ পার্সেণ্ট করলে ক্ষতি নেই। এটা বাড়ান হোক কারণ এতে কোন সাধারণ লোক হিট হয় না। পাট শিল্পকে পুরোপুরি জাতীয়করণ না করলে সমস্যা সমাধান হবে না। কিন্তু যতক্ষণ তা না হয়, এখনই হয়ত মন্ত্রী জয়নাল আবেদীন সাহেব রেগে যাবেন, জাতীয় করণের কথা বললে তিনি বলেন তোমরা সব জাতীয় করণের সপ্ন দেখ, জাতীয় করণের কথা যদি নাও বলি তাহলে তাদের উপর ১০ পার্সেণ্ট থেকে বাড়িয়ে ১২ পার্সেণ্ট করা হোক। কারণ তাতে সাধারণ লোকের উপর কোন অপ্রীতিকর প্রভাব পড়বে না। তারা শ্রমিককে ঠকায়, গভর্ণমেণ্টকে ঠকায়, তারা কোটি কোটি টাকা লাভ করে এবং তাদের বেশীর ভাগ টাকার অংশ কালো টাকায় পরিণত হয়, সুতরাং তাদের ট্যাক্স বাড়ান হোক, তাদের উপর এ্যাসেসমেণ্টের একটা নিয়ম করা হোক। ৮/১০ বছর ধরে কোন এ্যাসেসমেণ্ট নেই এবং এ্যাসেসমেণ্ট যদি না হয় তাহলে এই ট্যাক্স আদায় করবে কে? জুট কেন বলছি, এ্যাসেসমেণ্টের ব্যাপারে এমন ঘটনা আছে। আজ যখন ১৯৭২ সালে আমরা এখানে দাঁড়িয়ে এই বিলের উপর বক্তৃতা করছি, তখন ১৯৬৮ সালের এ্যাসেসমেণ্ট হচ্ছে। কারণ, এমন ব্যবস্থা সেলস ট্যাক্স আইনে আছে যে যার টাইম বার হল ৪ বছর এবং ৪ বছরের মধ্যে করলেই হবে। এখন ৪ বছরের মধ্যে যদি করলেই হয় তাহলে আজকে ১৯৭২ সাল, ১৯৬৮ সালের এ্যাসেসমেণ্ট সুরু হয়েছে, তাহলে এখনো ৪ বছর এমনি বাকি। যদি এইভাবে চলে তাহলে এই এ্যাক্ট এনে কি লাভ হবে, যদি ট্যাক্স ধরবার কোন ব্যবস্থা না থাকে তাহলে এই আইন আনার কোন প্রয়োজন ছিল না। এটা বছর বছর করা যাবে না কেন, টাইম বার তুলে দেওয়া যাবে না কেন? তাছাড়া দেখবেন এতে এমন একটা বিধান আছে যে কোম্পানীর উপর ধরা যায়, ইনডিভিজুয়ালকে ধরা যাবে না। ইনডিভিজুয়ালকে যদি না ধরেন, যদি ব্যাপারটা কোম্পানীর উপর সীমাবদ্ধ হয় তাহলে আমি ৩ বছর একটা কোম্পানী চালালাম অন দি ফোর্থ ইয়ার এ্যাসেসমেণ্ট যেহেতু ৪ বছরে হচ্ছে সেহেতু অন দি ফোর্থ ইয়ার আমি কোম্পানী উঠিয়ে দিলাম, গণেশ উল্টালাম, ট্যাক্স ফাঁকি দিয়ে দিলাম। আমাকে ধরবার কোন উপায় নেই। আমাদের দেশে এইভাবে ইভেসান করলে চলে যায়, কত হিসাব তা ধরবার উপায় নেই। সেজন্য আমরা মনে করি আইন-এর পরিবর্তন দরকার। মহারাষ্ট্রে এই জিনিস লক্ষ্য করলে দেখা যায় ১৫০ কোটি টাকা তারা যেখানে আদায় করেছে আমাদের এখানে সেলস ট্যাক্স সেই জায়গায় ২০.২৫ কোটি টাকা ইভেসানের ব্যাপার আছে। এই ইভেসানের ব্যাপারে কায়দাটা দেখুন—কোম্পানী রেজিষ্ট্রেশান করে একটা ডিক্লারেশান নেয়, এই ডিক্লারেশান খোলা

বাজারে বিক্রি হয় এবং এই ডিক্লারেসান থাকার জন্য ডিলাররা যথেচ্ছাভাবে মিসইউজ করতে পারে। এইভাবে মিসইউজ করে তারা যে টাকা ফাঁকি দেয় তা ধরবার কোন উপায় নেই। সেজন্য আমি এইসব দিকগুলি খেয়াল করার কথা বলছি। যেমন আরো বলতে পারি কিছু কিছু সেন্ট্রালভাবে আদায় করা হয়। আমি বিধান বাবুর আমলের কথা বলছি। কাপড়, চিনি, তামাক এগুলি সেন্ট্রালাইজ করা হয়েছিল এবং এগুলি সেন্ট্রালাইজ করে তাঁরা আদায় করার ব্যবস্থা করেছিলেন। পরবর্তীকালে এক সময়ে সেন্টারে আরো কতকগুলি আর্টিকেলস নিতে চেয়েছিল এবং তারা সেগুলির উপর কর ধার্য করতে চেয়েছিল। বিধান বাবু তা সরাসরি প্রত্যাখ্যান করেছিলেন। আমাদের যে ন্যাশান্যাল ডেভেলপমেণ্ট কাউন্সিলের মিটিং হল সেখানে এগুলি পশ্চিমবংগের ক্ষেত্রে করতে চেয়েছিল কিন্তু এখনও তা কার্যকরী করা হয়নি। এগুলি যদি কার্যকরী করা না হয়, এগুলি পশ্চিমবংগের পাওনা, অথচ এইসব ক্ষেত্রে সেন্টারের যা একসাইজ ডিউটি তা যদি আদায় করে নিয়ে যাওয়া হয় এবং আমরা যদি তার অংশ না পাই তাহলে আমাদের সম্পদ বাড়াবার যে চেষ্টা সেই চেষ্টা ক্ষতিগ্রস্ত হতে বাধ্য। সেজন্য এই যে আইনটা আনা হয়েছে এটা পূর্ণাঙ্গ বলে মনে করতে পারছি না এবং আমার ধারণা হচ্ছে যদি এগুলি সংশোধন করার ব্যবস্থা করা হয় মাননীয় অর্থ মন্ত্রী মহাশয় আমাদের সুপারিশগুলি গ্রহণ করে যদি চালু করেন তাহলে হয়ত যে উদ্দেশ্য নিয়ে এটা করতে চাইছেন এবং ইভেসানের ব্যাপারে যদি জোর দেন তাহলে সেই উদ্দেশ্য সফল হবে।

কারণ আপনি নিশ্চয়ই জানেন যে ৪১ ধারাতে যে ১১ (১)এ যে ইভেসনের কথা আছে সেখানে কত ইভেসন হয়েছে এবং সেই ইভেড কারা করেছে তাদের উপর যে পেনাল প্রভিসন আছে যারা যারা ট্যাক্স ফাঁকি দিয়েছে তাদের উপর যে পেনালটি করা হবে—এখন যদি আমি প্রশ্ন করতে চাই সেই পেনালটির পরিমাণ কত, কত টাকা তারা পেনালটি দিয়েছে এবং সেই পেনালটি আমাদের ব্যাপারে আমরা কি করেছি এই প্রশ্নটি যদি আমরা তুলে ধরি তাহলে হয়ত এখন সঠিক উত্তর পাওয়া সম্ভব হবে না। এই কারণে আমি মনে করি যে ট্যাক্সকে ফাঁকি দেবার যে ব্যবস্থা আছে সেটা বন্ধ করবার একটা ব্যবস্থা করা হোক এবং এই যে সেলস ট্যাক্স যে আদায় করা হচ্ছে এদিকে লক্ষ্য রেখে এবং যাতে এটাকে আরও ভালভাবে প্রয়োগ করা যেতে পারে এবং পার্সোনালের অভাবে যেন এটা ক্ষতিগ্রস্ত এই ডিকলারেন্সের জন্য এটা যাতে বন্ধ না হয়ে থাকে, টাইম বারের জন্য এই ট্যাক্সসেসন করা ক্ষতিগ্রস্ত না হয় এইসব দিকে লক্ষ্য করা উচিত। এই সূত্রে অবশ্য ঠিকই যে অবাঞ্ছিত এবং বিলাসদ্রব্যের উপর যে ট্যাক্স উনি এনেছেন এটাকে সর্বান্তঃকরণে সমর্থন করি এবং এটা করা দরকার। অবাঞ্ছিত এবং বিলাসদ্রব্যের ব্যবহার যদি কমাতে হয় তাহলে একটা রাস্তা হবে তাদের উপর যাতে ট্যাক্স হয় এবং সেই ট্যাক্স যে উনি করেছেন তার জন্য আমি ধন্যবাদ দিচ্ছি। এই সূত্রে আমি বলতে পারি যে হোটেলের কথা উনি বলেছেন এ ছাড়াও আরও কিছু কিছু কথা হয়ত বলা যায় যেগুলি তিনি ভেবে দেখতে পারেন। যেমন ধরুন অ্যাডভার্টাইজমেণ্টের উপর বড় বড় জায়গায় অ্যাডভার্টাইজমেণ্ট এবং নিওন সাইন ইত্যাদির উপর কিছু করা যায় কিনা উনি ভেবে দেখতে পারেন। নিউজ পেপারের কথা আমি বলছিনা, কারণ ওটা আমাদের নয়, কিন্তু বড় বড় পিরিওডিক্যালের যে সমস্ত বড় বড় অ্যাডভার্টাইজমেণ্ট থাকে তার উপর কিছু করা যায় কিনা সেটা উনি ভেবে দেখতে পারেন। অন্যান্য রাজ্যে মোটর গাড়ীর উপর ট্যাক্স আছে, এখানে অবশ্য উনি আলাদা বিল আনছেন। এইভাবে আমরা আরও কিছু কিছু জিনিসের উপর ট্যাক্স আদায় করতে পারি, এই সব উনি ভেবে দেখতে পারেন। অন্যান্য জায়গায় আছে যতবার হাত বদল হয় ততবার ট্যাক্স হয়। আমরা অবশ্য সেই কথা এখনই বলতে চাচ্ছি না, কারণ এতে অনেক অসুবিধার সৃষ্টি হতে পারে এবং তাতে করের হারটাও কমাবার প্রয়োজন হতে পারে। কিন্তু এটা বাদ দিলেও আরও অনেক এভিনিউজ আছে যেগুলির উপর করা

উচিত এবং যেগুলির উপর কর আমরা বসাতে পারি। সর্বোপরি আমি বলতে চাই যে উর্ধমূখী অর্থাৎ উৎপাদন বিন্দুতে ট্যাক্স করবার দিকে আরও বেশী নজর দেওয়া উচিত। এখানে যদি আমরা উৎপাদন বিন্দুতে নজর দিই তাহলে ভাল হয়। এবং এই সুপারিশ আমি অর্থমন্ত্রীকে বিবেচনার জন্য অনুরোধ করছি। এই বলে সাধারণভাবে যে বিল এনেছেন এই বিলের প্রতি মোটামুটি সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি, কারণ আর বেশী কিছু বলার আছে বলে আমি মনে করি না।

**শ্রীসুধীরচন্দ্র বেরা:** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী এই যে ট্যাক্স অ্যামেণ্ডমেন্ট বিল এনেছেন তা আমি সর্বতোভাবে সমর্থন করি। আমাদের বর্তমানে নানা উন্নয়নমূলক পরিকল্পনার জন্য অনেক টাকার দরকার। আমাদের বেকারী হটাতে হবে এবং নুতন নুতন কলকারখানা গড়তে হবে এবং নুতন নুতন পরিকল্পনা চালু করতে হবে। সেই জন্য টাকার দরকার এবং এই সেলস ট্যাক্স হচ্ছে রাজস্ব আদায়ের সবচেয়ে বড় জিনিস। এখানে রাজস্বের সবচেয়ে বেশী রেভিনিউ আদায় হয়। এই সেলস ট্যাক্স যদিও ইনডাইরেক্ট ট্যাক্স এবং এই সেলস ট্যাক্সের প্রতিক্রিয়া সাধারণ মানুষের উপর পড়ে, তাহলেও যথাযথ বৈজ্ঞানিকভাবে করবার চেষ্টা হচ্ছে যাতে গরীব লোকের উপর কম ট্যাক্স হয় এবং বড়লোকের উপর আরও বেশী ট্যাক্স হয়। সেজন্য আমি মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু সেই সংগে সংগে এই কথা বলতে চাই—সেলস ট্যাক্সে যে কালেকসন হয় তার থেকে অনেক বেশী কালেকসন হতে পারে এবং যে কালেকসন হয় তারজন্য সরকার পুরোপুরি কৃতিত্ব দাবী করতে পারেন না। কারণ সেলস ট্যাক্স হচ্ছে অ্যাড ভেলোরাম ট্যাক্স—দামের উপরে ট্যাক্স, মূল্য বৃদ্ধির জন্য ট্যাক্স বৃদ্ধি হয়েছে, এর জন্য যতটা কৃতিত্ব সরকার দাবী করছেন ততটা কৃতিত্ব সরকারের প্রাপ্য নয়। জিনিসের দাম বেড়ে যাচ্ছে, নুতন নুতন জিনিসকে ট্যাক্সের আওতায় আনা হচ্ছে, কাজেই ট্যাক্স আরও বাড়ছে। আমরা চাই ট্যাক্স আরও বাড়ুক এবং এতে কোন ইভেসন থাকবে না। এই ট্যাক্স ব্যবস্থা বৈজ্ঞানিক উপায়ে এমনভাবে করা হবে যাতে অন্যান্য শিল্প এবং কলকারখানা সমন্বয় যুক্ত একটি ট্যাক্স প্রগ্রাম করা হবে যাতে ট্যাক্স আদায়ই আমাদের মূখ্য উদ্দেশ্য হবে না।

[2-40—2-50 p.m ]

এই প্রসংগে বলতে গেলে আমাদের এই কথাই বলতে হবে ট্যাক্স ইভেশন আছে এবং ট্যাক্স ডিপার্টমেন্টের এ্যাডমিনিষ্ট্রেশনে হাজারো রকমের গলতি আছে। একথা আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর নজরে আনতে চাই যে, ট্যাক্স ডিপার্টমেন্টে বহু লোক কম আছে। অফিসারদের উপরে কাজের বোঝা অনেক বেশী করে চাপান আছে এবং বহু সময়ে তাদের কাগজপত্র ঠিকমত দেওয়া হয়না। রাজ্যের যেটা সব চেয়ে বড় রেভিনিউ আর্ণিং ডিপার্টমেণ্ট তার এই শোচনীয় অবস্থা ডিজায়ারেবেল নয়। আরো কথা আছে, এখানে এই অফিসারদের মধ্যে অনেককে বেশী কাজ দেওয়া হয়, অবশ্য অনেকের কাজ কম থাকে। এই সমস্ত কাজ কোয়র্ডিনেট করে দেখা ঠিকমত হয় বলে আমরা মনে করিনা। এই প্রসংগে আমার বক্তব্য আরো হচ্ছে এই যে, এই ট্যাক্স যদি ঠিকমত আদায় করতে হয়, যদি ইভেশন বন্ধ করতে হয়, তাহলে শুধু অফিসারদের গালাগাল দিলে হবে না। তাদের যথোপযুক্ত কাজ দিতে হবে। তারপর যদি তাঁরা সেই কাজ না করেন, তাহলে তাদের কাছে কৈফিয়ত চাওয়া হবে। আপনি যদি ১৫ জনের কাজ ৫ জনের ঘাড়ে চাপান তাহলে তাদের কাছ থেকে কৈফিয়ৎ চাইবার মরাল রাইট থাকেনা। আমার বক্তব্য হচ্ছে এই সেলস ট্যাক্স ডিপার্টমেন্টের উপর আমাদের অনেক আশা ভরসা আছে, বাংলা দেশের জন্য যে আরো বেশী অর্থ লাগবে, ট্যাক্স এবং সেলস ট্যাক্স থেকে আপনাদের প্রচুর টাকা আদায় করতে হবে এবং আমরা মনে করি আদায় করার অনেক সুযোগ সুবিধা আছে। এছাড়া আরো অনেক অসুবিধা আছে। যেমন সেলস ট্যাক্স যারা দেয়, যারা সৎভাবে দেয়, তাদেরও টাকা দেওয়ার নানা রকম অসুবিধা আছে। তাদের ট্রেজারীতে টাকা জমা দিতে হয়

এবং সেই টাকা জমা দেবার সময় এই ট্যাক্স পেয়ারদের নানারকম অসুবিধার সম্মুখীন হতে হয়। এটা যদি তাদের ব্যাংকের মাধ্যমে জমা দেবার ব্যবস্থা করে দেন তাহলে সাধারণ ট্যাক্স পেয়াররা এটা সহজেই জমা দিতে পারে। কারণ মাননীয় মন্ত্রী মহাশয় জানেন ট্রেজারীতে টাকা জমা দিতে গেলে একটা লোকের ১০টা থেকে ৫টা পর্য্যন্ত সময় চলে যায়। হয়ত তার ১০ টাকা কি ১৫ টাকা জমা দিতে হবে, তারজন্য একটা লোককে সারাদিন ঐ কাজে লাগাতে হয়। এই ব্যবস্থা সরল করবার জন্য ইনকাম ট্যাক্স যেমনভাবে ব্যাংকের থ্রু দিয়ে জমা দেওয়া যেতে পারে, সেইরকমভাবে ব্যবস্থা করলে আমার মনে হয় সুবিধা হবে। তারপর এই কথা আরো বলতে হবে, এই অফিসের ভেতরের খবর যেটা আছে সেটা হচ্ছে বহু রেজিষ্টার যা সরকার কর্তৃক প্রেসক্রাইবড তা ঠিকমত লেখা হয়না। সেখানে কনট্রোল রেজিষ্টার বলে একটা রেজিষ্টার আছে। সেই রেজিষ্টারটা দেখলেই বোঝা যায় কে কে কর ফাঁকি দিচ্ছে, কার কি অবস্থা আছে। আমি যতটুকু জানি সেলস ট্যাক্স ডিপার্টমেণ্টের কন্ট্রোল রেজিষ্টার ঠিকমত লেখা হয় না। ফলে কোন পার্টির কি অবস্থা আছে তা বলা সম্ভব হয়না জিজ্ঞাসা করলে। আমার বক্তব্য হচ্ছে যে, যেমন আমরা ট্যাক্স চাপিয়ে যাচ্ছি তারপরে তার সংগে সংগে আমাদের এ্যাডমিনিষ্ট্রেশনও টাইটেন করতে হবে এবং এ্যাডমিনিষ্ট্রেশন টাইটেন করার ফলে মানে নীচু অফিসারদের উপর হামলা করা না, আমরা তাদের কাজের সুবিধা করে দিতে চাই এবং যে সমস্ত অফিসাররা পলিসি ফ্রেমিং করেন তাঁরা ডিপার্টমেণ্টের সমস্ত অফিসারদের সংগে বসে, বিশেষ করে এ্যাসেসিং অফিসারদের সংগে বসে কিভাবে কাজের সুবিধা হয় তা নিয়ে আলোচনা করুন এবং এই ট্যাক্স আদায় করা একটা পবিত্র কর্তব্য, নূতন ভারত গড়বার একটি পদক্ষেপ এই কথা মনে রেখে প্রত্যেকটি কর্মীর সহযোগিতার উপর নির্ভর করতে হবে। এই প্রসংগে আমি আরো একটি প্রস্তাব রাখতে চাই যে সেলস ট্যাক্সের ট্রাইবুনাল করার কথা বহুদিন থেকে দরকার বলে আমরা মনে করছি। এই ট্রাইবুনাল না হলে যেমন সরকারের স্বার্থ রক্ষা হয়না তেমনি ট্যাক্স পেয়ারদের স্বার্থও রক্ষিত হয় না। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে অনুরোধ রাখবো যে তিনি অবিলম্বে সেলস ট্যাক্স ট্রাইবুনাল করবার ব্যবস্থা করবেন।

**শ্রীঅসমঞ্জ দে :** মাননীয় স্পীকার, স্যার, আজকে বিধানসভায় পশ্চিমবঙ্গের মাননীয় অর্থমন্ত্রী পশ্চিমবঙ্গের কর সংক্রান্ত বিধেয়ক (সংশোধন), ১৯৭২, এই যে বিলটা উপস্থাপিত করেছেন, সভার একজন সদস্য হিসাবে একে স্বাগত এবং সমর্থন জানাচ্ছি। স্বাগত জানাচ্ছি এই কারণে যে এই বিলের প্রস্তাবের মধ্যে সব চেয়ে বড অভীপ্সিত লক্ষ্য আমাদের প্রগতিশীলতা সেই প্রগতিশীলতার প্রতিফলন হচ্ছে। আমরা যদি সত্যি সত্যিই পশ্চিমবাংলার প্রগতিশীল মোর্চার নেতৃত্বে সমাজবাদকে কায়েম করতে চাই, যদি সত্যি সত্যিই বাস্তবে সামাজিক ন্যায় ও সাম্যের প্রতিষ্ঠা ঘটাতে চাই, তাহলে আমাদের যেটা প্রাইম সেক্টর অর্থাৎ আপার ক্লাস সেকটর বলে অর্থনৈতিক ভাষায় পরিচিত সেই আপার ক্লাস সেক্টরের কনজামশনের উপর অতিরিক্ত হারে কর বসাতে হবে।

এই ধরণের বিধি ব্যবস্থা এই প্রস্তাবে লিপিবদ্ধ হয়েছে বলে আমি এই প্রস্তাবকে সমর্থন জানাই। এই প্রস্তাবে যত বিলাস দ্রব্য আছে, সোনা রূপা, মুক্তা, সানমাইকা প্রভৃতির উপর, বিভিন্ন ধরণের বিলাস দ্রব্যের উপর যে হারে কর বসান হয়েছে এবং বলা হয়েছে, সেটাতে সত্যি সত্যি প্রগতিশীলতার প্রতিফলন হয়েছে বলে আমি মনে করি। সংগে সংগে আমি একথাও বলি যে সমাজের যাবতীয় বিশেষ শ্রেণীর ভোগজাত দ্রব্য, আবগারী পণ্য এবং বিদেশী সুরার উপর ৬ পারসেণ্ট ট্যাক্স করার কথা বলা হয়েছে এবং সোনা এবং রূপার উপর ১২ পারসেণ্ট ট্যাক্স ইম্পোজ করার কথা বলা হয়েছে। আমার মনে হয় আমাদের পশ্চিমবাংলার ক্ষয়িষ্ণু অর্থনীতি

কাঠামোকে গড়ে তোলার জন্য আয় বাড়াবার জন্য অধিকতর অর্থ সংস্থানের জন্য এই কর-হার বৃদ্ধি করার কথা মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের চিন্তা করা উচিত ছিল। এই বিল সম্পর্কে আলোচনা করতে গিয়ে একথা বলতে হয় যে এক স্থান থেকে অন্য স্থানের মালপত্র চালনার সর্ত্তাবলী না মানার জন্য তল্লাসীমূলক কার্য্যকলাপ পরিচালনার যে ক্ষমতা সরকারের হাতে ন্যস্ত করা হয়েছে, সেটা অভিনন্দনযোগ্য। একথা ঠিক যে আমরা যদি সমস্ত চেকপোষ্টের দিকে তাকাই তাহলে দেখবো সেখানে দুর্নীতি চলেছে, ঘুস চলেছে এবং কর ফাঁকি চলেছে। সুতরাং এই উদ্দেশ্যকে যদি সত্যি সত্যি বাস্তবে রূপায়িত করতে হয় তাহলে সবচেয়ে বড় যেটা দরকার সেটা হল এ্যাডমিনিষ্ট্রেটিভ রিফর্মস—প্রশাসনিক সংস্কারসাধন, যাতে কোন রকম প্রবঞ্চনা কোনরকম ফাঁকি না চলতে পারে। অন্যদিকে বিলের বিপক্ষে সমালোচনা করতে গিয়ে বলবো এই যে আজকে পশমজাত দ্রব্যের উপর কর বসানোর কথা বলা হয়েছে এটা সম্বন্ধে একটা কথা মনে রাখতে হবে। আমরা দেখেছি পার্বত্য অঞ্চলে ট্রাইবাল পিপল যারা তারা অত্যন্ত গরীব, তারা দারিদ্র্যের কষাঘাতে জর্জরিত, তাদের শীত বস্ত্র কেনার কোন ক্ষমতা নাই, একথা মনে রাখতে হবে। সুতরাং পশমজাত দ্রব্য এটা সমাজের ইউ সেক্টারের লোকদের কনজামশন নয়। এই পশম এল সেক্টারের অর্থাৎ লোয়ার সেক্টারের লোকদের ভোগজাত দ্রব্য হিসাবে ব্যবহৃত হয়। তার উপর যে কর বসান হচ্ছে এতে আমার মনে হয় দারিদ্র্যের উপর চাপটা বিরাট আকারে বৃদ্ধি করা হচ্ছে, এতে এদের জীবনধারণের মানের অনেকখানি অবনতি ঘটবে।

আর একটা কথা। ১৯৫৪ সালে প্রজ্ঞাপিত দ্রব্যগুলির উপর ১২ পারসেণ্ট সেলস ট্যাক্স বসানোর কথা বলা হয়েছে। আমি এই ধরনের কর বসানোর তীব্র বিরোধিতা করছি। কারণ আমাদের পশ্চিমবাংলার এই মোর্চার জনপ্রিয় সরকারের নেতৃত্বে যদি সমাজবাদ প্রতিষ্ঠা করতে হয় তাহলে করের ট্রেন্ড থাকা উচিত প্রত্যক্ষ করের দিকে, কিন্তু এই করের যে ট্রেন্ড তা প্রত্যক্ষ করের দিকে না যেয়ে পরোক্ষ করের দিকে যাচ্ছে এটা প্রোগ্রেসিভ না হয়ে রিগ্রেসিভ ক্যাচারের হয়ে যাচ্ছে। সেজন্য আমি এর প্রতিবাদ করছি। এটা অনেকটা রিএ্যাকশনারী হয়ে যাচ্ছে। ১৯৫৬ সালে একজন অর্থনীতিবিদ আনা হয়েছিল, প্রফেসার ক্যালডোর। তিনি ট্যাক্স রিফর্মের দিক থেকে বলেছিলেন, ভারতবর্ষে যদি করের মাধ্যমে অধিকতর অর্থ সংস্থান করতে হয় তাহলে সবচেয়ে যে জিনিষের উপর গুরুত্ব দিতে হবে সেটা ট্যাক্সের ম্যানেজমেণ্ট প্রসিডিওরের উপর, কর পরিচালন ব্যবস্থার উপর। যদি তাতে সত্যি সত্যি আমরা গুরুত্ব দিতে না পারি এবং যে সমস্ত অফিসার এই কর ফাঁকির কার্য্যকলাপে সংযুক্ত থাকে তাদের বিরুদ্ধে ব্যবস্থা না নিতে পারি তাদের শাস্তি বিধানের কথা যদি বিলে সুস্পষ্ট ভাষায় উল্লেখ বা ইংগিত না থাকে, তাহলে আমাদের আসল উদ্দেশ্যটাই ব্যাহত হয়ে যাবে। এই বিলের যে দিকটা আমাকে সব চাইতে বেশী আকৃষ্ট করেছে সেটা হচ্ছে পশ্চিমবাংলার হাজার হাজার শ্রমিক যাদের জীবনে দারিদ্র্য আছে, নৈরাশ্য আছে, যাদের জীবনে আছে পরাভব এবং গ্লানি। যারা এই দারিদ্র্য, নৈরাশ্য, গ্লানি এবং পরাভবের মধ্যেও উপচীয়মান আনন্দের আশ্বাস পেতে চান তারই জন্য সাড়ে তিন পারসেণ্ট হার। দারিদ্র্যের কষাঘাতে জর্জরিত মানুষগুলি মাথার উপর খানিকটা যখন জায়গা রেখে দিচ্ছেন, মুহূর্তের জন্য যারা এপিকিউরিয়ান ফিলসফিতে বিশ্বাস করে তাদের সেই ভোগজাত চিত্তবিনোদনের সেই বিশ্বাসের উপর ৫০ পয়সার টিকিটের উপর ৩০ পারসেণ্ট করের কথা কেন বলছেন? আর এর একটা ফাররিচিং কনসিকুয়েন্সও আছে। পশ্চিমবাংলার ফিল্ম ইণ্ডাষ্ট্রী ডিকেয়িং, সেজন্য আমাদের অর্থমন্ত্রীর কাছে এই ফিল্ম ইণ্ডাষ্ট্রির ব্যাপারে কোন কমিউন্যাল আউটলুক নিয়ে বা রিজিওনাল আউটলুক নিয়ে বলছিনা, আমি একথাই বলছি যে পশ্চিমবাংলায় যে সমস্ত ষ্টুডিও আছে, যে সমস্ত ফিল্ম প্রডিউসড হয়, সেই সমস্ত সিক ফিল্ম ইণ্ডাষ্ট্রিকে বাঁচাতে গেলে করের মাধ্যমে যে অর্থ লব্ধ হবে তা থেকে একটা

সাবসিডি দেওয়ার ব্যবস্থা করা হোক এ্যাণ্ড এ সাবসিডি টু সিক্ ফিল্ম ইণ্ডাষ্ট্রি। সংগে সংগে আমি একথাও বলছি সিনেমার মাধ্যমে যখন সরকার অতিরিক্ত করের মাধ্যমে অর্থ সংস্থানের ব্যবস্থা করছেন এই ফিল্ম ইণ্ডাষ্ট্রিকে বাঁচাতে গিয়ে স্পেশ্যাল একটা ফিল্ম ইণ্ডাষ্ট্রিয়েল ফিনান্স কর্পোরেশন গঠনের কথা সরকার বিবেচনা করবেন।

[2-50—3-00 p.m.]

এবং মাননীয় অর্থমন্ত্রীকে একথাটাও বিবেচনা করবার জন্য বলবো—তিনি যখন বিক্রয় কর আরোপের কথা চিন্তা করছেন। তিনি যে chit fund-এর উপর যেটা পশ্চিমবাংলার মূলধনের সঙ্গে মূলধনের বাজারে সেটা সবচেয়ে বেশী প্রাধান্য অর্জন করেছে, সেই chit fund-এর উপর ট্যাক্স বসানোর কথা যেন তিনি চিন্তা করেন। ইনভেষ্টমেন্ট কোম্পানীর উপরও যেন অতিরিক্ত কর বসাবার কথা তিনি চিন্তা করেন। তিনি যদি এই চীট ফাণ্ডের উপর এটা আজ পশ্চিমবঙ্গে এবং ভারতের মূলধনের বাজার পুরাপুরি কায়েম করেছে, এই চীট ফাণ্ড এবং ইনভেষ্টমেন্ট কোম্পানীর উপর কর আরোপের কথা চিন্তা করেন, তাহলে আমার মনে হয় অতিরিক্ত পরিমাণ কর আদায় করতে পারেন। আর একটি জিনিষ তাঁর নজরের বাইরে ফসকে চলে গেছে। সেটা হচ্ছে রেসের টিকিটের কথা। ঘোড়ার যারা মালিক ঘোড়া যারা খেলে তারা নয়, এবং যারা খেলায় প্রাইজ পায়—তাদের total payment এর উপর tax বসাতে হবে। গত বছর খবরের কাগজে দেখেছিলাম Jackpot carried over-এ প্রায় ৩ লক্ষ টাকা আয় করেছিল একজন। এই Jack-pot carried over এর উপর extra tax যাতে impose করা হয় তারজন্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানাচ্ছি। এই চীট ফাণ্ড, ইনভেষ্টমেন্ট কোম্পানী, ঘোড়ার মালিক এবং Jack-pot carried over-এর total payment-এর উপর ট্যাক্স বসিয়ে যদি অতিরিক্ত অর্থাগমের কথা চিন্তা করেন, তাহলে আর বিক্রয় কর বাড়ানোর প্রয়োজন হবে না, বিক্রয় কর বাড়ালে হয়ত অতিরিক্ত সামান্য কিছু টাকা আদায় হতে পারে। তার চেয়ে অনেক বেশী লক্ষগুণ, কোটি গুণ অর্থ সংগ্রহ ঐগুলির উপর ট্যাক্স থেকে হতে পারবে অনেকবেশী অর্থের সংস্থান হবে। পশ্চিমবাংলাকে যে রূপ তিনি দিতে চাইছেন, পশ্চিম-বাংলাকে ক্ষয়িষ্ণু অর্থনৈতিক কাঠামোর বেড়াজাল থেকে নিস্কৃতি দিয়ে চরৈবেতিমন্ত্রে তাকে দীক্ষিত করে আরো এগিয়ে নিয়ে গিয়ে সাড়ে চার কোটি মানুষের জীবনযাত্রার মাপের উন্নতি ঘটিয়ে সুপ্রতিষ্ঠিত করতে চাচ্ছেন, আমার মনে হয় এর দ্বারা তাঁর উদ্দেশ্য তাঁর লক্ষ্য, তাঁর অভিপ্সিত আকাঙ্খাকে রূপায়িত করতে পারবেন। এই আবেদন জানিয়ে এই বিলকে স্বাগত এবং সমর্থন জানিয়ে আমার ছোট্ট বক্তৃতাটি এখানেই শেষ করছি। জয়হিন্দ।

**Shri Jyotirmay Majmudar :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বিলটা এখানে উত্থাপন করেছেন, সেই বিলের দুটা দিক তিনি তুলে ধরতে চাচ্ছেন। এক চলচ্চিত্রের উপর tax নির্ধারণ, দুই Sales tax এর পুনর্গঠন। বিলের এই যে দুটো ধারা এই দুটো ধারার সাথে যদি আমি অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতাকে একটুখানি মিলিয়ে দেখি তাহলে এই বিলের ত্রুটি কোথায়, কেন এই বিলকে পূর্ণাঙ্গভাবে সমর্থন করতে পারছিনা—সেটা নিশ্চয়ই আমাদের কাছে স্পষ্ট হয়ে ধরা পড়বে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই লক্ষ্য করেছেন, গত কয়েক বৎসর যাবৎ বাংলার চলচ্চিত্র শিল্প বাংলাদেশের গৌরবমণ্ডিত একটা সাংস্কৃতিক দিক একটা ধারা ধীরে ধীরে শুকিয়ে মারা যাচ্ছে। অথচ অত্যন্ত দুঃখের কথা, বেদনার কথা সরকারের কাছে বাংলার চলচ্চিত্র শিল্পের কর্ণধাররা বার বার করে আবেদন করা সত্বেও এই চলচ্চিত্র শিল্পের পুনরুজ্জীবিত করবার জন্য, আজ পর্য্যন্ত আমাদের মন্ত্রীসভা সেই সম্পর্কে তাঁরা কোন্ দৃষ্টিকোণ নিচ্ছেন কোন কিছু ঘোষণা

করেন নাই। এই বাজেটের মধ্যে বাংলার চলচ্চিত্রশিল্পের পুনরুজ্জীবনের জন্য একটা পয়সা allotted দেখতে পাইনি, অথচ চলচ্চিত্রশিল্পের উপর নূতন করে tax বসিয়ে সেই টাকা সরকার কোন খাতে কি ভাবে ব্যয় করবেন, তার কোন কথা আমাদের বলে দেওয়া হলো না। আমরা অত্যন্ত সুখী হতাম যদি অর্থমন্ত্রী পরিষ্কারভাবে ঘোষণা করতেন তার বাজেট বক্তৃতায় যে বাংলার চলচ্চিত্র শিল্পের উপর যে tax ধার্য্য করবো এবং তার আদায়ীকৃত টাকা পরিপূর্ণভাবে বাংলার চলচ্চিত্র শিল্পের পুনরুজ্জীবনের জন্য আমরা ব্যয় করবো। আমরা কি জানিনা বাংলার এই চলচ্চিত্র শিল্পের সঙ্গে বাংলার হাজার হাজার খেটে খাওয়া মানুষের রুজি রোজগার জড়িত? আমরা কি জানিনা বাংলার হাজার হাজার মানুষ এই চলচ্চিত্র শিল্পের এক একটী মেসিনের সঙ্গে, যন্ত্রের সঙ্গে নিজেদের জীবনকেও গুলিয়ে ফেলেছেন? অথচ তাদের একটার পর একটা ষ্টুডিও বন্ধ হয়ে যাচ্ছে, সঙ্গে সঙ্গে হাজার হাজার কর্মীর রুজি রোজগারও বন্ধ হয়ে যাচ্ছে। কিন্তু আমরা বিকল্প কোন রুজি রোজগারের পথের সন্ধান বা ইঙ্গিত তাদের দিতে পারছিনা। এটা আমাদের গর্বের নয়, এটা আমাদের লজ্জার কথা।

আমি অর্থমন্ত্রীর কাছে প্রস্তাবে তাঁকে অনুরোধ করছি তিনি এই বিধান সভায় ঘোষণা করুন Bengal Film Financial Assistance Corporation গঠন করবেন এবং সেটা গঠন করে বাংলার চলচ্চিত্র শিল্পের উপর ধার্য্য করের মাধ্যমে যে টাকা আদায় হবে সেই টাকাটা সম্পূর্ণভাবে এই বাংলার চলচ্চিত্র শিল্পকে রক্ষা করবার জন্য ব্যয় করবেন এবং এই শিল্পের সঙ্গে জড়িত হাজার হাজার কর্মীকে বাঁচাবার জন্য খরচ করবেন। এই প্রতিশ্রুতি আমি অর্থমন্ত্রীর কাছে দাবী করছি।

এই ধরণের প্রগতিশীল চিন্তা ধারার পরিবর্তে আমরা দেখতে পাচ্ছি যে চলচ্চিত্র শিল্পের অর্থনৈতিকে আরও রুগ্ন অসহায় করে দেওয়া হচ্ছে। এই অসহায় অবস্থায় পড়ে থাকা এই শিল্পকে রক্ষা করার জন্য সরকার যদি বলতেন এই কর ঐ শিল্পের উন্নয়নে বা সেখানকার যে হাজার হাজার মানুষ কাজ করছে তাদের স্বার্থে ব্যয়িত হবে তাহলে আমরা বাইরে দাঁড়িয়ে গর্ব করে বলতে পারতাম, ঘোষণা করতে পারতাম যে আমাদের মন্ত্রীসভা চলচ্চিত্র শিল্পের উপর কর ধার্য করেছেন ঠিক কথা, কিন্তু সেই টাকা অন্য কোন খাতে খরচ করবার জন্য করে নি বা অন্য কিছুর উন্নতি করার জন্য করেনি, আমাদের বাংলা দেশের চলচ্চিত্র শিল্পকে পুনরুজ্জিবীত করার জন্য করেছেন। আমি মাননীয় অর্থ মন্ত্রীকে এই কথা ঘোষনা করার জন্য অনুরোধ করছি। আশা করি তিনি এটা ঘোষনা করবেন। দ্বিতীয় কথা হচ্ছে—সেলস ট্যাক্স বৃদ্ধি। ইতিপূর্বে অন্যান্য বক্তা এই সেল ট্যাক্স সম্বন্ধে বলেছেন। এই সেল ট্যাক্স বৃদ্ধিকে আমি পরিপূর্ণভাবে সমর্থন করতে পারিনা। বাজেটের সাধারণ আলোচনার সময় যেভাবে এই কর প্রস্তাব রাখা হয়েছিল এবং গতকল্য সাধারণ বাজেটের প্রত্যুত্তর দান কালে সরকারের মন্ত্রীরা যে সব বক্তব্য রাখলেন তাতে মনে হোল যে তাঁরা যেন ধরে নিলেন আমরা তাঁদের কর প্রস্তাবকে সমর্থন করি। এটা ঠিক কথা নয়। আমরা সমর্থন করতে পারছি না এই সেলস ট্যাক্স বৃদ্ধির প্রস্তাব। এই ১০ম প্রস্তাবের মাধ্যমে এই সেল ট্যাক্স প্রস্তাবের মাধ্যমে কিছু অযৌক্তিকতা আছে। একথা অর্থমন্ত্রী মহাশয় না জানলেও আমরা জানি। আজকে অথমন্ত্রী মহাশয় কি বলতে পারেন যে, যে পরিবেশে, যে পরিস্থিতিতে দাঁড়িয়ে আছি এবং বর্তমানে যে সেল ট্যাক্স রয়েছে বাংলা দেশের প্রতিটি মানুষের কাছ থেকে সেই সেল ট্যাক্স কি ঠিকভাবে আদায় করতে পেরেছে? আমরা বলতে পারি যে আজকে সেল ট্যাক্স বৃদ্ধি হবে তার ফলে যে স্থির করেছেন ১০ কোটি টাকা সম্পদ আহরণ করবেন, লক্ষ্যে পৌছাতে পারবেন আমরা বলতে পারি এটা ভুল ধারণা আপনাদের। কারণ যে সরকারী কর্মচারীদের উপর নির্ভর করে এই সেল ট্যাক্স বৃদ্ধির প্রস্তাব এনেছেন তারা দুর্নীতিগ্রস্ত। আমরা জানি শুধু মাত্র সেল ট্যাক্স ফাঁকি দেবার সুযোগ করে দিয়ে তারা ব্যক্তিগত মুনাফা সৃষ্টি করে

আর সেল ট্যাক্স ফাঁকি দেবার সুযোগ সৃষ্টি করে দেয়। এই মন্ত্রীসভা অসাধু কর্মচারীদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করবেন কিনা সেই প্রতিশ্রুতি আমাদের কাছে রাখবেন। এই সেল ট্যাক্স বৃদ্ধির অন্যতম দিক যেটা সেটা হচ্ছে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের উপর সেলট্যাক্স বৃদ্ধি করলে তাতে সাধারণ মানুষের উপর আর্থিক নির্যাতন করা হবে। এটা নিশ্চয় আমাদের মন্ত্রীসভা চান না। আমাদের মন্ত্রীসভা নির্বাচনের পূর্বে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে গরীবদের স্বার্থ রক্ষা করার জন্য আমরা এমন কোন কর চাপানো হবে না যাতে তাদের উপর আর্থিক শোষণ আর্থিক নির্যাতন হয়। সেইজন্য আমি এই প্রস্তাবকে সমর্থন করতে পারছি না। আমি মন্ত্রীসভাকে অনুরোধ জানাবো যে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের উপর কর স্থাপন করা মানেই হোল পরোক্ষভাবে গরীব মানুষের উপর চাপ দেওয়া সেটা যেন না করা হয়। নিজের অভিজ্ঞতার অভাবে দক্ষতার অভাবে তিনি দেখতে পারছেন যে কিভাবে করের হার বেড়ে গেছে কিভাবে কর বৃদ্ধির চাপ বেড়ে গেছে। আমরা যারা দায়িত্ব নিয়ে এখানে এসেছি আমাদের নিজেদের দায়িত্ব সম্বন্ধে সচেতন আছি। আমি অন্তত এইটুকু মেনে নিতে পারি না। পরোক্ষভাবে যে কর প্রস্তাব করা হয়েছে সেই করভার আর্থিক নির্যাতনের নামান্তর মাত্র। তাই আমি মন্ত্রীসভাকে অনুরোধ জানাবো যে এই সেল ট্যাক্স এমন জিনিসের উপর করুন যাতে গরীব সাধারণ মানুষের উপর করভার না বেড়ে যায়।

[3-00—3-10 p.m.]

পরিবর্তে যদি আমরা দেখতাম যে যেসমস্ত কর এখনও বাকি পড়ে রয়েছে—একমাত্র বর্ধমান জেলাতেই মাননীয় অর্থমন্ত্রীমহাশয় জানেন কিনা জানি না, ৭৫ লক্ষ টাকা সেলস ট্যাক্স পড়ে রয়েছে। তাহলে সারা পশ্চিমবাংলার অবস্থাটা নিশ্চয় বুঝতে পারছেন। আর শহর কোলকাতাতে কত লক্ষ কোটি টাকার সেলস ট্যাক্স পড়ে রয়েছে সেটা একবার চিন্তা করুন। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় অতিরিক্ত সম্পদ আহরণের জন্য সেলস ট্যাক্সের প্রস্তাব করেছেন। কি প্রয়োজন ছিল তার? সরকার যদি তার প্রশাসন যন্ত্রে যেখানে ঘুন ধরেছে সেটা ঝেড়ে মুছে ঠিক করতে পারতেন এবং তা করে সেগুলি আদায় করার জন্য রাস্তা বার করতে পারতেন নতুন করে ট্যাক্স করার দরকার হত না। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ যে, যে সমস্ত ব্যবসাদারদের কাছে ট্যাক্স পড়ে রয়েছে সরকারের হাতে অস্ত্র তুলে দেওয়া সত্বেও কেন আদায় করতে পারছেন না সেটা তাঁর জবাবের সময় আমাদের একটু জানিয়ে দেবেন, কেন না তাতে আমরা বুঝতে পারবো এটা আদায় করার কি অসুবিধা। কারণ সেটা জানতে পারলে আমরা সরকারের হাতে ক্ষমতা দিতে চাই। আর যদি ক্ষমতা থাকা সত্বেও সেই সমস্ত ব্যবসাদারদের শাস্তি বিধানের কোন ইচ্ছা সরকারের না থাকে তাহলে বলুন যে আমরা ব্যর্থ। হাতে যে অস্ত্র তুলে দিয়েছেন সেই অস্ত্র যথার্থ প্রয়োগের ইচ্ছা সরকারের নেই। আমরা এই দুটো জিনিষ পরিষ্কারভাবে সরকারের কাছ থেকে জেনে নিতে চাই। আমি আশা করি আমার এই কথাগুলি মাননীয় অর্থমন্ত্রী মহাশয় গুরুত্বসহকারে বিবেচনা করবেন এবং তাঁর জবাবী ভাষণে উত্তর দেবেন। বন্দেমাতরম্, জয়হিন্দ।

**শ্রীকাশীনাথ মিশ্রঃ** মাননীয় স্পীকার মহাশয়, আজকে যে ওয়েষ্টবেঙ্গল ট্যাক্সেসান লজ এ্যামেণ্ডমেন্ট বিল এই সভায় উপস্থিত করা হয়েছে আমি প্রথমেই এই প্রগতিশীল দৃষ্টিভঙ্গী এবং তার সাথে নানান উন্নয়ন পরিকল্পনা, বেকারত্ব দূরীকরণের জন্য যে চেষ্টা এবং নতুন নতুন কলকারখানা প্রতিষ্ঠার জন্য যে ১০ কোটি টাকা সংগ্রহ করার বিল সেটা আমি সমর্থন করছি। তার সাথে বলছি যে এই ট্যাক্স যেন ঠিকমত আদায় করা হয়। কেননা আমরা দেখি বেশীরভাগ বড় বড় ব্যবসাদার বা শিল্পপতি বা পুঁজিপতি তারা এই ট্যাক্স ফাঁকি দেয়। আমরা দেখি কোন বড় ব্যবসাদার হয়ত

একটা শিল্প প্রতিষ্ঠান করলো, কিন্তু দু বছর পর সেই প্রতিষ্ঠান উঠিয়ে দিল বা লোপাট করে দিল এই ট্যাক্স ফাঁকি দেবার জন্য। এটা সমস্ত পশ্চিমবাংলাতেই হচ্ছে। আজকে তাই এদিকে সরকারকে দৃষ্টি দিতে হবে। প্রগতির পথে দেশকে এগিয়ে নিয়ে যাবার জন্য যেমন বা বেকারত্ব দূরীকরণের জন্য যেমন নানা রকমভাবে চেষ্টা করা হচ্ছে বা নতুন ট্যাক্স বসাবার চেষ্টা করা হচ্ছে সেটা যেমন জনসাধারণ সমর্থন করবেন, ঠিক তেমনি জনসাধারণ অভিশাপ দেবেন যদি না যারা বড়লোক, যারা অত্যাচার করে এসেছে, ট্যাক্স ফাঁকি দিয়ে এসেছে তাদের থেকে ট্যাক্স আদায় করা না হয়। আজকে এই সিনেমার ট্যাক্সের ব্যাপারে আমরা দেখতে পাই যে, ৫০ পয়সার টিকিটের উপর আরো ১৫ পয়সা কর ধার্য করা হচ্ছে। স্যার, গ্রামবাংলার ছেলে হিসাবে আমি বলতে চাই যে, গ্রামের গরিব মানুষ কৃষক শ্রমিক, তারা কোন রেস্তোরাঁতে বা হোটেলে যায় না, একমাত্র তাদের আমোদ প্রমোদের জন্য আছে সিনেমা।

গ্রামে আমরা দেখতে পাই যারা সিনেমা দেখতে যান তারা ৪০।৫০ পয়সার যে টিকিট কাটেন সেটাতেও ট্যাক্স দিতে হচ্ছে। ১০।১৫।২০ বছর আগে গ্রামের লোকেরা কি করতো? তারা মদের ভাটিতে মদ তৈরী করতো, আর খেত। আজ তাদের উন্নতি হয়েছে, তারা ৪০।৫০ পয়সার টিকিট কেটে সিনেমা দেখছে। এই উন্নতির পথের অনুপাত যদি আমরা নিই তাহলে দেখতে পাব যে সেই গরীব লোকেদের ৫০ পয়সার টিকিটের উপর ট্যাক্স বসছে। এই ট্যাক্স কেন বসছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের এটা নিশ্চয়ই বিবেচনা করা দরকার আছে বলে আমি মনে করি। এছাড়া আমরা দেখতে পাচ্ছি সিনথেটিক ষ্টোনস বা মূল্যবান পাথর, রূপা দস্তার পাথরের তৈরী নানা রকম কারুকার্য ইত্যাদির উপর বসানো হয়েছে। এই ট্যাক্স বসানো যেতে পারে এবং আমরা এটাকে নিশ্চয়ই সমর্থন করি, কিন্তু তার পাশে দেখতে পাচ্ছি পশমজাত দ্রব্যের উপরও ট্যাক্স বসানো হয়েছে যে বিষয়ে আমার পূর্ববর্তী বক্তা একটু আগেই বলে গেলেন। এখন পাহাড়ী এলাকার মানুষ এবং গ্রামাঞ্চলের মানুষ যারা চাদর গায়ে দেয় তাদের পক্ষে এই ট্যাক্স দেয়া কষ্টকর হয়ে দাঁড়াবে। তাই পশমজাত দ্রব্যের উপর ট্যাক্স বসানোর ব্যাপারটি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে একটু বিচার বিবেচনা করার জন্য অনুরোধ করবো। এছাড়া একটু আগেই আমার পূর্ববর্তী একজন বক্তা বলে গেলেন ট্যাক্স আদায়ের অফিসগুলিতে পর্যাপ্ত পরিমাণে কর্মচারীর অভাব আছে, যার জন্য আমাদের ট্যাক্স আদায় হয় না এবং সেইজন্য ট্যাক্স পাওয়া যায় না। আবার অনেক সময় ট্যাক্স জমা দিতে গিয়েও জনসাধারণ খুব হ্যারাসমেন্টের মধ্যে পড়ে যায়। অনেক সময় দেখা যায় হয়ত কেউ ট্যাক্স জমা দিতে গেল তার হয়ত ঘণ্টার পর ঘণ্টা সেখানেই কেটে গেল এবং তার খুব হ্যারাসমেণ্ট হল এবং তখনই তার আস্তে আস্তে ট্যাক্স ফাঁকি দেবার টেনডেন্সি জন্মাতে লাগলো। এইভাবে ট্যাক্স জমা দিতে গিয়ে যদি ২।৪।৬ ঘণ্টা অতিবাহিত করতে হয় তাহলে তো খুবই অসুবিধা দেখা দেয় এবং দেখা যায় যে সেখানে কর্মচারীর অভাব আছে। সেখানে অফিসার যারা আছেন তাদের বললে তারা বলেন আমাদের লোক নেই, আমাদের কাজ করার অসুবিধা হচ্ছে। এছাড়া ট্যাক্স আদায়কারী অফিসগুলির বেঞ্চের তলায় কাগজপত্রগুলি গড়াগড়ি যাচ্ছে দেখতে পাওয়া যায়। এই যদি ট্যাক্স আদায়ের নমুনা হয় তাহলে তো ট্যাক্স বাকি পড়বেই এবং যতই ট্যাক্স বাড়ান না কেন আমরা সমর্থন করে যাব, কিন্তু সেটা আদায় হবে না। আমি তাই বলছি এটা আদায় করার জন্য একটা পলিসি ম্যাটার ঠিক করুন। এই ট্যাক্স যদি আদায় হয় তাহলে গ্রামবাংলার গরীব মানুষদের উন্নতি হতে পারে, গ্রামাঞ্চলের কারখানার উন্নতি হতে পারে। মাননীয় অর্থমন্ত্রীর ভাষণের মধ্যে যেটা দেখতে পেয়েছি সেটা যদি হয় তাহলে মঙ্গল হবে এবং জনসাধারণ আমাদের আশীর্বাদ করবে, আর তা নাহলে ওদের অভিশাপ পেয়ে আমাদের ধ্বংসের পথে যেতে হবে। আমি এই পশ্চিমবঙ্গ কর

সংক্রান্ত বিধি সংশোধনী বিষয়ক বিধেয়ক ১৯৭২, বিলটি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। বন্দেমাতরম্।

**শ্রীজগদীশচন্দ্র দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৭২-৭৩ সালের জন্য যে বাজেট পেশ করেছেন সেই বাজেটে প্রায় ৩৭ কোটি টাকা ঘাটতি দেখিয়েছেন এবং এই ঘাটতি পুরণের জন্য ১০ কোটি টাকা সিনেমা ও সেলস ট্যাক্সের উপর কর ধার্য্য করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা নির্বাচনের পূর্ব্বে গ্রাম বাংলার ৫ কোটি সাধারণ খেটে খাওয়া মানুষের সামনে এই প্রতিশ্রুতি দিয়েছি যে আমরা সমৃদ্ধি কায়েম করবো, তাদের সুখ দুঃখের সাথী হব। এই ভাবে গ্রাম বাংলার সাধারণ কলকারখানায় খেটে খাওয়া মানুষ সারাদিন লৌহ দানবগুলির সাথে লড়াই করে সায়াহ্নে চিত্ত-বিনোদনের জন্য সিনেমা হলে গিয়ে সামান্য ৫০ পয়সার টিকিট করে কোন রকমে সস্তায় একদিন চিত্ত-বিনোদন করে, ঠিক এমনি সময়ে আমরা দেখতে পেলাম যে তার উপর শতকরা ৩০ পয়সা কর ধার্য্য করা হল। এটা সাধারণ মানুষের উপর একটি বিরাট আঘাত এবং এটা অন্যায় করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সিনেমা হলগুলিতে সাধারণতঃ লক্ষ্য করলে দেখতে পাওয়া যায় যে বম্বে থেকে যে ফিল্মগুলি আসে, সেগুলি যখন সিনেমা হলে দেখান হয় তখন সেখানে সি. আর. পি. এমন কি মিলিটারি পর্যন্ত দরকার হয়ে যায় এবং তার পাশে যদি বাংলা হল থাকে সেখানে দর্শকের বড়ই অভাব লক্ষ্য করা যায়। ঐ বম্বে ফিল্ম যেখানে দেখান হয় সেখানে যদি এই ট্যাক্সের পরিমাণ একটু বৃদ্ধি করা হত তাহলে বোধ হয় আমাদের বাংলাদেশের এই বাংলা চলচ্চিত্রশিল্পের যে অপমৃত্যু হতে চলেছে সেটার হাত থেকে বাংলা চলচ্চিত্রশিল্প কিছুটা রেহাই পেত। আর বাদবাকি যেটুকু আছে আমরা দেখছি আমাদের সরকার বাহাদুর সেটুকুকেও বোধ হয় আমাদের ভোলাবেন।

[3-10—3-45 p.m. including adjournment]

তাই আমার অনুরোধ যে এই বাংলার চলচ্চিত্র শিল্পের দুর্দ্দিনে আজকে প্রগতিশীল গণতান্ত্রিক সরকার এগিয়ে আসবেন এই বাংলার সিনেমাকে বাঁচাবার জন্য এবং সাধারণ মানুষের উপর এই ট্যাক্স ধরা হয়েছে অন্ততঃ তার রেহাই দেবেন। সিনেমা হলের মালিকদের সেল ট্যাক্সের উপর কর ধার্য হয়েছে একটু লক্ষ্য করলে দেখতে পাওয়া যাবে যে সিনেমা হলগুলিতে ২ রকম টিকিট আছে। সরকারী সীল ছাপা সবই আছে আবার এক ধরণের টিকিট আছে তাতে কোন সীল ছাপা নেই। যেটা দুই টাকার টিকিট আট আনায় পাওয়া যায় আবার যেটা ৫ টাকার টিকিট দুই টাকায় পাওয়া যায়। এই ধরনের নমুনা প্রত্যেকটি সিনেমা হলে আছে একটু লক্ষ্য করলেই ধরা যাবে। প্রশ্ন হচ্ছে ৫ টাকার টিকিট দুই টাকায় পাওয়া যায় ব্যাপার কি, ব্যাপার হচ্ছে সেটা সেলস ট্যাক্স ফাঁকি দেবার একটা চক্রান্ত মাত্র। সুতরাং আজকের যেখানে সিনেমা হলের মালিকরা এই রকম ভাবে সেলস ট্যাক্স ফাঁকি দিচ্ছে সেটা যাতে তারা ফাঁকি দিতে না পারে তার জন্য অত্যন্ত কঠোর শাস্তির বিধান করা উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেলস ট্যাক্সের উপর আজকে যে ট্যাক্স ধার্য করা হয়েছে তাতে এখানে আমার আপত্তি। আজকে যদি সরকারী যন্ত্র একটু সক্রিয় হত তাহলে এই যে লক্ষ লক্ষ নয় কোটি কোটি টাকা সেলস ট্যাক্স ফাঁকি দেওয়া হচ্ছে, এই ট্যাক্স আদায়ের ব্যাবস্থা হত তাহলে এই ট্যাক্স নতুন করে ধার্য করার প্রশ্ন আসতো না। যখন গ্রামের মানুষ দরিদ্র মানুষ এমনিই তারা পরোক্ষ ট্যাক্সে জর্জরিত তখন নতুন করে ট্যাক্সের কোন প্রয়োজন হতনা যদি সরকারী যন্ত্র একটু সক্রিয় করা যেত। কিন্তু দুঃখের বিষয় সরকারী যন্ত্র সব জায়গায় আজকে কাজ করছে না, তারা ফাঁকি দিচ্ছে এবং যার ফলে ট্যাক্স কোটি কোটি টাকা অনাদায়ী হয়ে আছে। এই কোটি কোটি

টাকা অনাদায়ী ট্যাক্স যদি আদায় করা হয় তাহলে আমাদের নতুন করে ট্যাক্স ধার্য করার প্রয়োজন হতনা এবং সাথে সাথে এই যে অর্থনৈতিক দুরবস্থা—কোথায় টাকা পাবো, কোথায় টাকা পাবো, নিশ্চয়ই এর থেকে প্রচুর টাকা আদায় হত। এই প্রসঙ্গে আমি এই প্রস্তাব রাখছি যে যখন বেকার সমস্যা দুর করার জন্য আমরা বিশেষভাবে চিন্তা করছি তখন এই যে অনাদায়ী ট্যাক্সগুলি আদায় করার জন্য যে বেকার যুবকরা আছে বিভিন্ন মহল্লায় মহল্লায় তাদের এই কাজে নিয়োগ করা যায় এবং কারা ট্যাক্স ফাঁকি দিচ্ছে, কোন দোকানদার বিনা রসিদে জিনিষপত্র বিক্রয় করছে এগুলি তারা দেখবে এবং চেষ্টা করবে যাতে ক্রেতাসাধারণ ট্যাক্স ফাঁকি না দেয়। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned for half-an hour.)

( After adjournmet)

[3-45—3-55 p.m.]

**শ্রীরাধারমণ সাহা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বিল উপস্থাপিত করেছেন, তাকে আমি সর্বতোভাবে স্বাগত জানাই। শ্রদ্ধেয় দেশবন্ধু বলেছিলেন We should tax less the middle class people, but give them more and more amenities. কিন্তু দেশ কালের পরিবর্ত্তনের সঙ্গে সঙ্গে পরিস্থিতির পরিবর্ত্তন ঘটে। তাই পরিবর্ত্তনশীল পরিস্থিতির মধ্যে মাননীয় অর্থমন্ত্রী যে বিল উপস্থাপিত করেছেন, তাকে অভিনন্দন জানাই এই কারণে যে এই বিলে হোটেল এবং রেস্তোঁরা এবং অন্যান্য বিলাস বহুল দ্রব্য এর উপর কর ধার্য্য করে সমাজের যারা আপার ক্লাসের লোক, তাদের উপর কর ধার্য্য করে অন্ততঃ না হলেও মোটামুটি সাধারণভাবে সমাজতান্ত্রিক ধাঁচের বিল উপস্থিত করার চেষ্টা করেছেন। এখানে কর ধার্য্য করা হয়েছে হোটেল এবং রেস্তোঁরার উপর, কিন্তু এই বিল আমার মনে হয় আরও সমাজ তান্ত্রিক ধাঁচের হতো যদি এই কর ধার্য্য সাধারণ মানুষের উপর যে পড়েছে, নিত্য প্রয়োজনীয় দ্রব্যের উপর সেইগুলো যদি না হতো। আমার মনে হয় এই বিল আরও বেশী সমাজতান্ত্রিক হতো যদি কর ধার্য্য করা হতো ঐ কালোবাজারী যারা কালোবাজারী করে টাকা রোজগার করতে গিয়ে ধরা পড়ে, তাদের ব্যাঙ্ক ব্যালান্সের উপর যদি কর ধার্য্য করা যেত। কেন না আমরা জানি ঐ কালোবাজারীরা দিনের পর দিন লক্ষ লক্ষ টাকা রোজগার করে চলেছে ঐ কালোবাজারী করে আইনের বাইরে থেকে। এই বিল আরও বেশী সমাজতান্ত্রিক হতো যদি সমাজের যারা আপার ক্লাসের লোক ট্রেন বা বাসে যাতায়াত করেন না, প্লেনে করে যাতায়াত করেন, এই প্লেন ফেয়ার এর উপর যদি কর ধার্য্য করা হতো। আমার মনে হয় এই বিল আরও বেশী সমাজতান্ত্রিক ধাঁচের হতো যদি ঐ বেনামী করে দিনের পর দিন ব্যবসা ফেঁদে বসে আছেন, তাদের ধরে তাদের লাইসেন্স বাতিল করে ঐ বুর্জোয়া মনোভাবের লোকেদের ব্যাঙ্ক ব্যালান্সের উপর কর ধার্য্য করে। আমার মনে হয় এই বিল আরও সমাজতান্ত্রিক ধাঁচের হতো যারা আইনের নাগালের বাইরে থেকে দিনের পর দিন হাজার হাজার লক্ষ লক্ষ টাকা রোজগার করে কর ফাঁকি দেন, ঐ সব আইনজীবী এবং ব্যারিস্টার, তাদের আয়ের উপর কর ধার্য্য করে। আমার মনে হয় আইনজীবী, ব্যারিস্টারদের কি আয় হয়, সে সম্বন্ধে পর্য্যালোচনা করার জন্য সরকারের একটা নিয়ম মাফিক ব্যবস্থা থাকা উচিত যে তাদের কি আয় হচ্ছে এবং কি ব্যয় হচ্ছে এবং কতটা লাভ তারা করছে, তার কারণ আমার মনে হয় আইনজীবীরা আইনকে ফাঁকি দিয়ে দিনের পর দিন, মাসের পর মাস তারা লক্ষ লক্ষ টাকা রোজকার করছেন। আমার মনে হয় এই বিল আরও

সমাজতান্ত্রিক হতো যদি ঐ ইনট্যালেকচুয়্যাল বুর্জোয়া যারা রয়েছেন যেমন প্রফেসর, লেকচারার, প্রভৃতি যারা টিউটোরিয়্যাল হোম করে নিজেরা ব্যবসা করছেন এবং প্রচুর রোজগার করছেন, তাদের উপর যদি কর ধার্য্য করা হতো।

আমি মনে করি এই বিল অনেক সমাজতান্ত্রিক ধরনের হত যদি সরকার যারা দুর্নীতি পরায়ন, যারা অন্যায়ভাবে পয়সা রোজগার করে চলেছে,—যেমন উদাহরণ হিসাবে আমি বলছি ডি. পি. বাসু, কার্ডিয়োলজীর হেড অফ দি ডিপার্টমেণ্ট, তিনি কার্ডিয়োলজীর সিক্স্থ ওয়ার্লড কংগ্রেসে গিয়েছিলেন, সরকারের অনেক টাকা পয়সা খরচ করে। কিন্তু সেখানে তিনি কোন বক্তৃতার নামও করলেন না, অথচ তিনি ঐ গোলপার্কে ছয়-তলা বাড়ী করেছেন। আমি মনে করি এই রকম যারা দুর্নীতিপরায়ণ ব্যক্তি আইনের নাগালের বাইরে থেকে গিয়েছেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা দরকার। আমি এই বিলকে সমর্থন জানাচ্ছি, অভিনন্দন জানাচ্ছি এই কারণে যে এই বিল মোটামুটিভাবে সমাজতন্ত্রের দিকে এগিয়ে যাবার চেষ্টা করেছে। আমি আবেদন জানাচ্ছি আপনার মাধ্যমে যে আগামী দিনে যে বিল ওনারা উপস্থিত করবেন তা যেন আরও সমাজতান্ত্রিক হয়। এই বলে আমি শেষ করছি। জয়হিন্দ—বন্দেমাতরম।

**শ্রীতপন চ্যাটার্জী:** মাননীয় স্পীকার মহাশয়, সম্পদ সৃষ্টির জন্য ট্যাক্স আদায়ের প্রয়োজন আছে। কিন্তু সেলস ট্যাক্স-এর মত ইনডাইরেক্ট ট্যাক্স বসাবার আগে সরকারের সতর্ক হওয়া উচিত এই ট্যাক্স যাতে গরীবের কাছে বোঝা হয়ে না দাঁড়ায়। সেলস ট্যাক্স আইন সংশোধন করা দরকার, কারণ যারা ২ নম্বর এবং ৩ নম্বর খাতা রেখে মাসের পর মাস বছরের পর বছর কোটি কোটি টাকা কামাই করছে। সেলস ট্যাক্স কেস বছরের পর বছর ধরে চলছে, বহু মামলা রয়েছে। সরকার এই সব পেণ্ডিং মামলার বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করেছেন তা আমাদের জানার প্রয়োজন আছে। সেলস ট্যাক্স আইনে সেনট্রাল সেলস ট্যাক্স এবং ওয়েস্ট বেঙ্গল সেলস ট্যাক্স, এই ব্যাপারে দুটো আইন চালু রয়েছে। এই আইনের সামান্য সংশোধন করা প্রয়োজন। সেলস ট্যাক্স আইনে আন রেজিস্টার্ড সিসটেম রয়েছে। আমি মাননীয় অর্থ মন্ত্রীমহাশয়-এর কাছে আবেদন জানাচ্ছি তিনি যেন অবিলম্বে এই আন রেজিস্টার্ড সিসটেমকে বাতিল করে দেন। কারণ এই সিসটেমের মাধ্যমে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা প্রতি বছর নষ্ট হচ্ছে। আর একটা জিনিস হচ্ছে প্রতি বছর যখন মানুষের উপর ট্যাক্স ধার্য হয়, কোন জিনিসের উপর ১ পয়সা ট্যাক্স বৃদ্ধি হলে ব্যবসায়ীরা তাকে ২ পয়সায় পরিণত করে। ব্যবসায়ীরা ট্যাক্স এর সুযোগ নিয়ে ফেঁপে ফুলে ওঠে এবং গরীব জনসাধারণের উপর এই চাপটা এসে পড়ে। তাই এই ব্যাপারে সরকারের সতর্ক হওয়া উচিত। শুধু ট্যাক্স ধার্য করলেই হলো না তার সাথে জিনিসের দামের দিকেও নজর রাখতে হয়। আমি দাবী জানাচ্ছি সরকারের কাছে যে অবিলম্বে সেলস ট্যাক্স ট্রাইবুনাল গঠন করা না হয় তাহলে এই ট্যাক্স-এর পেণ্ডিং কেসগুলি যেগুলি এতদিন ধরে জমে আছে সেগুলির কিছুই হবেনা এবং এইগুলি জমে থাকার ফলে সরকারের রাজস্ব আয় বৃদ্ধি হবে না। আর এই আমলাতন্ত্র দিনের পর দিন ট্যাক্স ফাঁকি দেবার ব্যাপারে সাহায্য করে। সেই জন্য সেই দিকে সরকারের হুঁসিয়ার হওয়া উচিত। আপনি জানেন যে প্রতি বছর যতটা আদায় করবেন ঠিক করেন ততটা করা যায়না কারণ এই সরকারী কর্মচারীদের দুর্নীতি, এইটা যদি না বন্ধ করতে পারেন তাহলে ট্যাক্স আদায় ঠিক মত হবেনা। তাই আমাদের হুঁসিয়ার হওয়া উচিত যে ট্যাক্স একদিকে যেন গরীব মানুষের উপর বেশী না হয়, আবার অপর দিকে সরকারের রাজস্ব যাতে বৃদ্ধি পায়। আর একটা সরকারকে অনুরোধ করছি যে অবিলম্বে দাদনের উপর সেলস ট্যাক্স যেন ধার্য করা হয়। কারণ এই দাদনদাররা বিভিন্নভাবে গরীব মানুষকে শোষণ করে যাচ্ছে। তাই আমি অর্থমন্ত্রী

মহাশয়কে অনুরোধ করব যে আপনি এই দাদনদারদের সেলস ট্যাক্স-এর আওতাভুক্ত করুন। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

[3.55—4.05 p.m.]

**শ্রীকামাখ্যানন্দন দাসমহাপাত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী যে বিল এনেছেন আমি সেই বিলের একটা অংশকে সমর্থন করছি এবং আর একটা অংশের বিরোধীতা করছি। এই বিল উত্থাপন করতে গিয়ে তিনি তাঁর introductory speech-এ বলেছেন, পশ্চিমবাংলার রাজকোষে অতিরিক্ত অর্থ সংগ্রহের জন্য তিনি এমন একটা ব্যবস্থা করবেন না যাতে সমাজের অবহেলিত মানুষের উপর কোন চাপ সৃষ্টি হয়। নিশ্চয়ই এটা সাধু ইচ্ছা। কিন্তু শুধু কথায় নয়, কাজেও আমরা তা দেখছি। যারা সমাজের উচ্চ শ্রেণীর মানুষ তাদের উপর থেকে বর্ধিতহারে tax আদায়ের জন্য তিনি চেষ্টা করছেন। কিন্তু সঙ্গে সঙ্গে তিনি তাঁর introductory speech-এ একবার বলেছেন যে ৪র্থ পরিকল্পনায় ৪১ কোটি টাকা ঘাটতি পূরণ করতে হবে এবং তারজন্য অর্থ সংস্থান করতে হবে। কিন্তু বর্তমানে যেভাবে পঞ্চবার্ষিকী পরিকল্পনা আছে তার কাঠামো যদি এইভাবে থাকে তাহলে অন্য কথা। এখন কোন plan নিয়ে আলোচনা করা সম্ভব নয়। কিন্তু একথা কেউ অস্বীকার করতে পারেননা যে আমাদের পশ্চিমবাংলার সামগ্রিক উন্নতি করার জন্য আরও বেশী পরিমাণে অর্থ কিভাবে পাওয়া যায় তার চেষ্টা করা উচিত। এ বিষয়ে বিশদ আলোচনা না করে তাঁকে একটা বিষয়ে অনুরোধ করব। যারা tax ফাঁকি দেয় তারা যাতে tax ফাঁকি দিতে না পারে তারজন্য আপনার চেষ্টা করা উচিত। জনসাধারণ tax দেওয়া সত্বেও বড় বড় ব্যবসায়ীরা সেই tax ফাঁকি দেয়। আপনি যদি Source-এর উপর tax না বসান এবং যারা import করছে সেই importer-এর উপর wholesale goods-এর উপর tax না বসান তাহলে হবেনা। জনসাধারণ Consumer-দের কাছ থেকে তারা tax আদায় করছে, কিন্তু তারা false account দেখিয়ে এই tax ফাঁকি দিচ্ছে। তাদের আপনি ধরবেন কি করে সেইভাবে আইন করুন। বাজেটের সময় আমরা বার বার একথা বলেছি, সত্যিই যদি tax ফাঁকি ধরতে চান তাহলে Source-এর উপর tax বসান। জনসাধারণ tax দেয়, অথচ সেটা সরকারের কাছে আসেনা। luxury goods-এর উপর tax আমরা সমর্থন করি। সঙ্গে সঙ্গে সিনেমা টিকিটের উপর যে tax করেছেন সে সম্বন্ধে কিছু বলব। আমি সহৃদয়তার সঙ্গে আপনাকে অনুরোধ করব যে আপনি শঙ্কর, আপনার ত্রিশূলের সুচাগ্র ফলকে আপনি ৫০ পয়সা থেকে ১·২০ টিকিটের খদ্দেরের উপর কেন করছেন? আপনার ডমরুধ্বনি ত্রিশূলের ফলকের দ্বারা সমাজের উচ্চস্তরের উপরে কর চাপাবার চেষ্টা করুন। ২৫ থেকে ৩০% এবং ৫০ থেকে ৬০% আপনি বাড়াচ্ছেন। এই একটা জিনিষ কেন করছেন? তাই অনুরোধ করা—এটা করবেন না। আমরা এই জিনিষটার বিরোধীতা করছি এই কারণে যে, ৫০ থেকে ১·২০ পয়সা যে টিকিটের মূল্য তার উপর আপনি tax করছেন। আপনি যে কর বসালেন তাতে সমাজের উচ্চশ্রেণীর কাছ থেকে tax আদায় করার কথা ভাবলে সেই জিনিষটা অভিনন্দিত হোত। আপনি tax-এর মৌলিক কিছু পরিবর্তন করছেন না এবং যারা নিয়মিতভাবে tax ফাঁকি দিচ্ছে তাদের জন্য কিছু করছেন না। পশ্চিমবাংলায় ২০/২৫ কোটি টাকা tax গভর্ণমেণ্টের বাকী পড়ে আছে, কিন্তু তা আদায় করার কোন প্রচেষ্টা হচ্ছেনা।

গ্রামের একজন দরিদ্র কৃষক যখন সরকারী ঋণ পরিশোধ করতে পারেনা তখন তার সম্পত্তি ক্রোক করে বাজেয়াপ্ত করেন, কিন্তু যারা গভর্ণমেণ্টের লক্ষ লক্ষ টাকা ট্যাক্স ফাঁকি দেয় তাদের কয়জনের বিরুদ্ধে মিষা আইন প্রয়োগ করেছেন? আমি প্রশ্ন করি কয়লাখনির মালিকরা,

চা-বাগানের মালিকরা যে ২৫ কোটি, ২৮ কোটি টাকার রয়্যালটি বাকি রেখে দিয়েছে তাদে সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করেছেন? তাদের সম্পর্কে আপনাদের কোন লক্ষ্য পড়েনি। তবু যেটুকু কাজ করেছেন তারজন্য অভিনন্দন জানাই। অনেকে বলেছেন গরীব, খেটে খাওয়া মানুষ নিম্নবিত্ত মানুষ যারা ৫০ পয়সা, ১.২০ পয়সার টিকিটে সিনেমা দেখে তাদের উপর কর বাড়িয়ে দিচ্ছেন। এতে গরীবী হঠবে কিনা জানি না, কিন্তু গরীবদের প্রেক্ষাগৃহ থেকে হঠিয়ে দেবে সেটা আমি বুঝতে পারছি। তাই আমি অর্থমন্ত্রীকে অনুরোধ করব আমার যে এ্যামেণ্ডমেন্ট সে এ্যামেণ্ডমেন্ট তিনি গ্রহণ করবেন। আমি বেশী সময় নেব না, এই বিষয়ে বলার আর কিছু নেই। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** The amendment should be moved at a later stage, not at this stage.

**শ্রীশংকর ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যে বিল এনেছি তাতে এখন ৫০ পয়সার যে টিকিট আছে সিনেমাতে, সেই ৫০ পয়সার টিকিটের উপর ট্যাক্স নিয়ে সেটা ৭৫ পয়সাতে বিক্রি হয় আমাদের বিলে এই ৭৫ পয়সার টিকিট ৭৫ পয়সায় থাকবে, এতে কোন ট্যাক্স বাড়াই নি। এটার একটা কারণ আছে। অনেক সদস্য এই বিষয়ে বলেছেন। যখন আমি বিলটি উত্থাপন করি তখন বলেছিলাম যে ৫০ পয়সার টিকিটে আমরা ট্যাক্স বাড়াচ্ছি না। কারণ আমরা বলেছি যে ৫০ পয়সার টিকিট পর্যন্ত আগে ২৫ পার্সেণ্ট ট্যাক্স ছিল, এখন আমরা ৩০ পারসেণ্ট ট্যাক্স করেছি। এতে অনেকের ধারণা হচ্ছে ৫০ পয়সার টিকিটে আরো ট্যাক্স বাড়িয়েছি। এতে ট্যাক্স বাড়েনি। কারণ আগে সেটা আইন ছিল ২৫ পার্সেণ্ট বাড়বে সেটা বাড়বে ৫০ পয়সায় ১২॥ পয়সা। এক একটা ইউনিট হচ্ছে ৫ পয়সা। অতএব ১২॥ পয়সার ভেতর দুটো ইউনিট আছে, আর ২॥ পয়সার জন্য আরো একটা ইউনিট ধরা হচ্ছে। এই রকম একটা প্রোভাইসো ছিল যে ৫ পয়সার নিচে যদি কোন ইউনিট হয় তাহলে সেই ইউনিট ৫ পয়সা হয়ে যাবে। সেই প্রভিসান হচ্ছে—"Provided that where the entertainments tax is not a multiple of five paise, such tax shall be rounded off to the next higher multiple of five paise. সুতরাং আগে ২৫ পার্সেণ্ট বেড়ে ১৫ পয়সা হয়ে গিয়েছিল, আমরা এখন যেটা বলেছি ৫০ পয়সার টিকিটে ২৫ পার্সেণ্ট হবে সেই ৩০ পার্সেণ্টে ১৫ পয়সা বাড়ছে। তার মানে আগে ৫০ পয়সার টিকিটের যে দাম ছিল এখনও সেই দাম থাকবে অর্থাৎ ৫০ পয়সার টিকিট ৭৫ পয়সায় থাকবে।

[4-05—4-15 p.m.]

এখন যে আমরা বিল এনেছি ৫০ পয়সার টিকিট ৭৫ পয়সা থাকবে। সেটা কেন থাকবে সেটা বুঝাচ্ছি। কেননা অনেকেই বলেছেন যে আমরা ৫০ পয়সার টিকিটের দাম বাড়িয়ে দিয়েছি। কেন থাকবে তার কারণ হচ্ছে আগে ৫০ পয়সার টিকিটে যে বাংলাদেশের জন্য ১০ পয়সা সার চার্জ ছাড়া আরো ১৫ পয়সা ছিল সেই ১৫ পয়সাটা কিভাবে হয়েছিল। সেটা হয়েছিল ৫০ পয়সার উপরে ২৫ পার্সেণ্ট আমরা একটা চার্জ ধরেছিলাম পুরানো বিলে—তাই ২৫ পার্সেণ্ট হলে ৫০ পয়সা আর সাড়ে ১২ পয়সা অর্থাৎ ২৫ পার্সেণ্ট অব ৫০ পয়সা সেটা হচ্ছে সাড়ে ১২ পয়সা। তাহলে পুরানো বিলে ছিল যে সার চার্জ হবে সেটা যদি মালটিপেল অব ফাইভ না হয় তাহলে আরো কিছু যেড়ে মালটিপেল অব ফাইভ করতে হবে, তার মানে সাড়ে ১২ পয়সার জায়গায় দুটো মালটিপেল অব ফাইভ ছিল অর্থাৎ ১০ পয়সা ছিল আর ছিল আড়াই ছিল; সেই আড়াই থেকে পাঁচ করতে

হবে। এই রকম একটা প্রভিশো ছিল। তাই পুরানো টিকিটের দাম ঐ ৫০ পয়সা আর সাড়ে ১২ পয়সা যোগ না করে ১৫ পয়সা যোগ করা হত। আড়াই পয়সাকে পাঁচ পয়সা করে দেওয়া হত—ঐ পুরানো টিকিটের দাম ছিল ৭৫ পয়সা। আমরা এখন ৫০ পয়সার টিকিটে ২৫ পার্সেন্ট সার চার্জ সেটা ৩০ পার্সেন্ট হয়েছে অর্থাৎ ৫০ পয়সার ৩০ পার্সেন্ট ঠিক ১৫ পয়সায় হয়। সুতরাং আগেও ১৫ পয়সা ছিল, এখনও ১৫ পয়সায় থাকবে। এটা আমি যখন বিলটা মুভ করেছিলাম তখনই বলেছিলাম, কিন্তু আমার মনে হয়েছে কয়েকজন সদস্যের মনে সন্দেহ হয়েছিল যে আমরা ৫০ পয়সার টিকিট বাড়িয়েছি, কিন্তু তা আমরা বাড়াই নি। কলকাতার বাহিরে ২৫ পয়সারও কিছু টিকিট আছে। ঐ ২৫ পয়সার টিকিট ঐ সাড়ে ১২ পার্সেন্ট দিয়ে ৬ পয়সার একটু বেশী হয় সেটা মালটিপেল অব ফাইভ করতে হবে অর্থাৎ ১০ পয়সা হত। আমরা এখনও ২৫ পয়সার টিকিট ৩০ পার্সেন্ট বাড়াতে গেলে সেই ৩৫ পয়সায় হবে—সেটা পুরানো যা ছিল এখনও তাই হবে, সুতরাং ওখানে বাড়ছে না, যা কিছু বাড়ছে এক টাকার উপরে বাড়ছে, এক টাকার নীচের টিকিটের বাড়ছে না।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার:** মন্ত্রী মহাশয়ের কাছে একটা জিনিস জানতে চাইছি। ৬৫ পয়সার যে টিকিটের দাম সেটা বাড়ছে কি বাড়ছে না?

**শ্রীশংকর ঘোষ:** ৬৫ পয়সার টিকিটের উপর বাড়ছে না, ঠিক এক টাকার নীচে বাড়ছে না, এই একটা জিনিস গেল। আর একটা প্রশ্ন মাননীয় সদস্যরা করেছেন যে, আমরা পশমজাত জিনিসের উপরে কর বাড়াচ্ছি। আমরা সব পশমজাত জিনিসের উপর বাড়াচ্ছি না, আমরা ফার য়্যাণ্ড আর্টিকেলস্ মেড অফ ফার যেগুলি অত্যন্ত এক্সপেনসিভ তার উপর বাড়িয়েছি। এটাতে মুস্কিল হয়েছে বাংলাতে যে তর্জমা করা হয় ফারের যেটাকে আমরা পশমজাত বলছি আমরা সমস্ত পশমজাত-এর উপর বাড়াচ্ছি না। আমরা কেবল ফারের উপর বাড়াচ্ছি, অন্য যে সমস্ত উলেন জিনিস আছে তার উপর বাড়াচ্ছি না। আর একটা প্রশ্ন তোলা হয়েছে যে আমরা বিলাতী মদের উপর ১২ পার্সেন্ট আর দেশী মদের উপর ৬ পার্সেন্ট ধরেছি এটা একটু বাড়িয়ে দেয়া হোক। আমাদের এখন বিলাতী মদের উপর সেলস্ ট্যাক্স নাই, দেশী মদের উপর সেলস্ ট্যাক্স নাই, একসাইজ ডিউটি আছে—আমরা এটা প্রথম আরম্ভ করেছি। শুধু একসাইজ ডিউটি হবে না, এটাও থাকবে বিলাতী মদের উপরে ১২ পারসেণ্ট এবং দেশী মদের উপরে ৬ পারসেণ্ট। এইভাবে আমরা জিনিসটা বাড়িয়েছি। পরে যদি পারা যায় আরো বাড়াতে পারব।

**শ্রীমতী গীতা মুখার্জী:** মন্ত্রী মহাশয় দয়া করে এই ফারের ব্যাপারটা একটু ভাল করে বলে দিন।

**শ্রীশংকর ঘোষ:** আমরা বলেছি ফার য়্যাণ্ড আর্টিকলস মেড অব ফারস—ফার জিনিসটা খুব দামী জিনিস, এটা খুব বিলাসী লোকেরা পড়ে,. তার উপর আমরা ট্যাক্স করেছি, কিন্তু দুঃখের বিষয় এই ফারকে বাংলায় তর্জমা করা হয়েছে পশমজাত দ্রব্য বলে।

**শ্রীকৃষ্ণকুমার শুক্লা:** এটা যদি বাংলায় তর্জমা করে না দেওয়া যায় তাহলে ভুল বোঝাবুঝি হবে।

**শ্রীশংকর ঘোষ:** ফারের বাংলা পশম জাতীয় করা হয়েছে। এর উপরেই ট্যাক্স বসবে।

**শ্রীকৃষ্ণকুমার শুক্লা:** আমলারা কি করবে?

**শ্রীশংকর ঘোষ :** এ্যাক্টটা ইংরাজীতেই হবে।

**শ্রীকৃষ্ণকুমার শুক্লা ঃ** ফারের উপর ট্যাক্স করলে আমাদের আপত্তি নেই।

**শ্রীশংকর ঘোষ ঃ** তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের আর একটা প্রশ্ন এসেছে আমরা চিনির উপর ট্যাক্স বসিয়েছি কিনা আমরা চিনির উপরে সেলস্ ট্যাক্স বসাইনি। আর একটা কথা পরিষ্কার করে বলছি যে, পোস্তোর বা নারিকেল তেল বা বাদাম তেলের উপর কর বসানো হচ্ছে কিনা। এর উপর কিন্তু কর বসান হয়নি, যদিও কয়েকজন সদস্যের মনে এই সন্দেহ হয়েছে আমাদের নারিকেল তেল, বাদাম তেল এবং পোস্তোর উপর ও চিনির উপর কর রয়েছে, আগে পুরানো যে কর রয়েছে তা আছে, সেই কর আমরা বাড়াচ্ছিনা, নূতন কর আমরা বসাচ্ছি না সুতরাং এই বিষয়ে মাননীয় সদস্যরা বলেছেন এবং মাননীয় সদস্যরা যথার্থই বলেছেন যে এই সবের উপর কর বাড়ান উচিত হবে না। কিন্তু আমাদের এর উপরে কর বাড়ানোর কোন প্রস্তাব নেই আমাদের মাননীয় সদস্যরা আর একটা কথা বলেছেন যে র' জুটের উপর আর আমরা আরো কর বসাতে পারি কিনা। এটাতে আমাদের সংবিধানে কিছু বাধা আছে, কারণ র'জুট হচ্ছে একটা ডিক্লেয়ার্ড গুডস্। সেন্ট্রাল সেলস্ ট্যাক্সএর সেকশন ১৪ আর ১৫তে বলেছে যে ডিক্লেয়ার্ড গুডস্এ আমি ৩ পারসেণ্ট ট্যাক্স বসাতে পারি। সুতরাং ওটাতে ৩ পারসেণ্ট বেশী করতে গেলে সংবিধানের বাধা রয়েছে। আরো কতকগুলি কথা মাননীয় সদস্যরা বলেছেন যে, আমাদের এই যে ইভেশন হচ্ছে এটা বন্ধ করার জন্য জোরদার করতে হবে। এর জন্য কতকগুলি ব্যবস্থা আমরা এই বিলের মাধ্যমে করতে চেয়েছি। আমরা সার্চ করার কতকগুলি ধারা এখানে দিয়েছি। সার্চ, সিজার এবং যার বিরুদ্ধে আমরা ব্যবস্থা নেবো, তার জিনিসকে আমরা কনফিসকেট করবো এবং সেইজন্য আমরা সেকসন ২২এ একটা এ্যামেণ্ডমেণ্ট করছি। মাননীয় সদস্যরা যে কথা বলেছেন যে, যা পুরানো কর আছে সেগুলি আদায় করতে হবে, আমাদের প্রশাসন যন্ত্র আরো জোরদার করতে হবে, পুনর্জ্জীবিত করতে হবে এটা খুবই সত্য কথা এবং এই বিষয় সরকার সচেতন আছেন। এই বিষয়ের উপর নানারকম বন্দোবস্ত হচ্ছে। আমরা সার্টিফিকেট করে কোর্ট থেকে ষ্টে অর্ডার করছি। আর এই চার স্তরে বাংলা দেশে অস্থির অবস্থার জন্য, অরাজকতার জন্য সেইভাবে কর আদায় করতে পারিনি। কিন্তু এখনও আমরা প্রশাসন যন্ত্রটাকে জোরদার করবার জন্য বিশেষ চেষ্টা করছি এবং আমরা এর ভিতরেই দেখেছি যে পুরানো কর যেটা আদায় হয়েছে তাতে আমরা একটু বেশী কর আদায় করছি। আমরা গত তিন মাসের মধ্যে দেখেছি কর আদায়ের একটু উন্নতি হয়েছে এবং এর উপরে আমাদের আরো জোর দিতে হবে। ফাঁকি, দুর্নীতির বিরুদ্ধে আমাদের লড়াই করতে হবে। এই জন্যই আমরা এই বিলে কতকগুলি এ্যামেণ্ডমেণ্ট এনেছি যাতে আমরা সিজ করতে পারি। বিশেষ ক্ষেত্রে কতকগুলি সংস্থা তেল আমদানী করে আমাদের ১৩ লক্ষ টাকার কর ফাঁকি দিয়েছিল, কিন্তু আমরা এখানে ক্ষমতা রেখেছি যে দরকার হলে আমরা সার্চ করতে পারবো, সিজ করতে পারবো। এই ক্ষমতা আগে ছিল না। বেনামীতে জিনিস বাইরে থেকে আনা হয়, ইমপোর্ট করা হয়। একজন ডিলার নিজের নাম না দিয়ে আর চারজন ডিলারের বেনামে আনছেন এবং তারপরে বলছেন এটা আমার না। এইসব দূর্নীতি দূর করার জন্য আমাদের আরো শক্তি দরকার, আইনে আমাদের আরো ক্ষমতা দরকার। সেই সমস্ত ক্ষমতা আমরা এই বিলে চেয়েছি এবং আমরা আশা করবো এই সমস্ত ক্ষমতা আপনারা আমাদের দেবেন। এই ক্ষমতায় যাতে আমরা আরো ষ্ট্রিক্ট করতে পারি, রেষ্ট্রিক্ট করতে পারি যে আমাদের পার্মিশন না নিয়ে জিনিস রিমুভ করতে পারবেনা, সেইভাবে এই বিলে আমরা কতকগুলি ধারা দিয়েছি। আর প্রডাকশন পয়েণ্টে যে কথা বলা হয়েছে, আমাদের এই সেলস্ ট্যাক্সে দুটি জিনিস আছে। ১৯৫৪তে প্রডাকশন পয়েণ্টে ট্যাক্স হয় সেটা ফাষ্ট

পয়েন্টে, আর ১৯৪১এ আমাদের লাষ্ট পয়েন্টে ট্যাক্স হয়। সুতরাং কতকগুলি জিনিস '৫৪এর এ্যাক্টে আছে আর কতকগুলি জিনিস '৪১-এর এ্যাক্টে আছে। এটা বড় জটিল ব্যাপার এবং যে সমস্ত জিনিসগুলি আমাদের র' মেটিরিয়াল আছে সেই র' মেটিরিয়ালসটা আমরা যদি ফার্ষ্ট পয়েন্টে ট্যাক্স করি তাহলে সেই র' মেটিরিয়ালস্‌এর ফার্ষ্ট পয়েন্ট ট্যাক্সে হয়ে আবার জিনিসটার উপর লাষ্ট পয়েন্টে ট্যাক্স হতে পারে।

সেজন্য ট্যাক্সেশন কমিটি আছে, আর জিনিষটা অনেক তলিয়ে দেখতে হবে, এ বিষয়টা সরকার আরো তলিয়ে দেখছেন মোটামুটি এখন হচ্ছে এই ভাগ—১৯৫৪ এ্যাক্ট ফার্ষ্ট পয়েন্ট ট্যাক্স এবং ১৯৪১ এ্যাক্ট লাষ্ট পয়েন্ট ট্যাক্স।

[4-15—4-25 p.m.]

আমাদের এই বিলকে সমস্ত সদস্যরাই মোটামুটি সমর্থন জানিয়েছেন, কারণ আর্থিক সংকট মোচনের জন্য বিলাস দ্রব্যের উপর বিত্তশালী মানুষের ব্যবহৃত জিনিষের উপর কর ধার্য্য করেছি। মাননীয় সদস্যরা এই বিলকে সমর্থন জানানোতে আমরা আনন্দিত। আমি একথা বলতে পারি যে মাননীয় সদস্যদের যদি এইভাবে সহযোগিতা এবং সমর্থন পাই তাহলে যে প্রতিশ্রুতি আমরা জনসাধারণকে দিয়েছি তা পালন করতে সক্ষম হব।

**শ্রীকৃষ্ণকুমার শুক্লা ঃ** স্পীকার মহাশয়, আমি একটা কথা বলতে চাই, এখানে ফারের ব্যাখ্যা করতে গিয়ে আইনে যে পশমজাত বলে লেখা আছে এটা থাকার দরুণ, এই আইন চালু হওয়ার পর পশমজাত দ্রব্যের উপর যদি ট্যাক্স বসিয়ে একটা গণ্ডগোলের সৃষ্টি হয় তাহলে একটা বিশ্রী অবস্থা হবে। সেজন্য ফার বলতে ফারকেই বুঝাচ্ছেন, পশমজাত দ্রব্যকে বুঝাচ্ছেনা এর জন্য একটা সংশোধনী এনে পশমজাত শব্দটি তুলে নেওয়া হোক।

**শ্রীশংকর ঘোষ ঃ** মাননীয় সদস্য ভাল কথাই বলেছেন, ইংরেজীতে বিলে ফার কথাই লেখা আছে। ফারস্ এ্যাণ্ড আর্টিকল্‌স মেড্ অব ফারস্। আমাদের বাজেটে বাংলায় তর্জমা করে দেওয়া আছে কিন্তু বিলে আমরা ফার কথাটাই ব্যবহার করেছি, এটা ফারই হবে, পশমজাত নয়।

**শ্রীকৃষ্ণকুমার শুক্লা ঃ** তাহলে কি যেটা সার্কুলেট করা হয়েছে সেটা অথেণ্টিকেটেড্ নয়?

**শ্রীশংকর ঘোষ ঃ** ইংরাজীতে যেটা বিলে আছে সেটাই অথেণ্টিকেটেড্।

The motion of Shri Sankar Ghose that the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1972, be taken into consideration, was then put and agreed to.

**Clause 1**

The question that Clause 1 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 2**

**Mr. Speaker:** There are amendments to Clause 2 by Shri Sankar Das Paul (Amendments Nos. 3, 5, and 6), Shri Kamakhyanandan Das Mohapatra (Amendment No. 4) and Shri Ramdas Banerjee (Amendment No. 2). Now, the amendments Nos. 5 and 6 by Shri Sankar Das Paul require

Governor's recommendation under Article 207(1) of the Constitution. The Governor has been pleased to withheld recommendation for moving the amendments. So I call upon Shri Kamakhyanandan Das Mohapatra to move his amendment No. 4.

**শ্রীকামাখ্যানন্দন দাশমহাপাত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী মহাশয় বক্তৃতার জবাবে বলেছেন যে ৫০ পয়সা থেকে এক টাকা পর্য্যন্ত হারের টিকিটের কোন মূল্য বৃদ্ধি হচ্ছে না। সুতরাং আমি এই এ্যামেণ্ডমেন্ট প্রেস করছি না।

**শ্রীশংকর ঘোষ :** এক টাকার নীচ পর্যন্ত, ৯৯ পয়সা পর্য্যন্ত এটাই আমি বুঝাতে চেয়েছি।

**Mr. Speaker :** The amendment of Shri Ramdas Banerjee (Amendment No. 2) also requires Governor's recommendation under Article 207(1) of the Constitution. The Governor is pleased to withheld recommendation for moving the amendment.

The question that Clause 2 do stand part of the Bill, was then put and agreed to.

### Clauses 3 and 4

The question that Clauses 3 and 4 do stand part of the Bill, was then put and agreed to.

**Mr. Speaker :** There is one amendment No. 7 by Shri Kamakhyanandan Das Mohapatra for insertion of a new clause 5. The amendment is out of order. The Member concerned may, however, speak on the amendment.

**Shri Kamakhyanandan Das Mohapatra :** Sir, I do not like to say anything.

### Preamble

**Shri Sankar Ghosh :** Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1972, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

### The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972.

**Shri Gurupada Khan :** Sir, I beg to move that the West Bengal Land Reform (Second Amendment) Bill, 1972, be taken into cosideration.

[4-25—4-35 p.m. ]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার গত অধিবেশনে পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার ( সংশোধনী ) আইন পাশ করার সময়ে বলেছিলাম যে এই আইনের আরো যেসকল সংশোধন প্রয়োজন সেগুলি বিশদভাবে বিবেচনা করে শীঘ্রই আরেকটি বিধেয়ক নিয়ে আসা হবে। সেই মত পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার ( দ্বিতীয় সংশোধন) বিধেয়ক, ১৯৭১ বিধান সভায় মাননীয় সদস্তদের বিবেচনার জন্ত উপস্থাপিত করছি। আলোচ্য বিধেয়কটিতে যে সকল প্রস্তাব করা হয়েছে তার মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রস্তাব ভূমি রাজস্ব পুনর্নির্ধারণ সংক্রান্ত। ১৯৬৯ সনে দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকারের আমলে ভূমি সংস্কার আইনে

২৩ বি ধারাটি সংযোজিত হয়। এই ধারা মতে একজন রায়ত কত রাজস্ব দেবে বা আদৌ দেবে কিনা তা নির্ভর করবে ঐ রায়তের পরিবারভুক্ত সকল সদস্যর মোট জমির পরিমাণের উপর। যে পরিবারের মোট জমির পরিমাণ ৩ একর বা তার চেয়ে কম, সেই পরিবারের রায়তদের খাজনা ছাড় দেওয়া হবে। পরিবার ভিত্তিক সাত একর পর্যন্ত জমির জন্য পূর্বেকার হারে, ৭ একরের বেশী কিন্তু ১০ একরের কম জমির জন্য ১½ গুণ বর্ধিত হারে, ১০ একরের বেশী কিন্তু ১৫ একরের কম জমির জন্য ২ গুণ বর্ধিত হারে, ১৫ একরের বেশী কিন্তু ২০ একরের কম জমির জন্য ৩ গুণ বর্ধিত হারে এবং ২০ একরের বেশী জমির জন্য ৪ গুণ বর্ধিত হারে রাজস্ব পুনর্নির্ধারণ করতে হবে। পরিবারের সংজ্ঞা অন্তর্ভুক্ত হয়েছিল স্বামী, স্ত্রী, পুত্র, অবিবাহিত কন্যা, পুত্রবধু, পৌত্র এবং অবিবাহিত পৌত্রী অর্থাৎ পুরো তিন পুরুষ। আইনটি পুনরায় করার সময়ে বিবেচনা করা হয়নি আইনটি কার্যকর করা সম্ভবপর কিনা। আমাদের রেকর্ড অব রাইটস খাতিয়ান অনুযায়ী। এক খতিয়ানের জমির মালিক একাধিক রায়ত হতে পারেন, আবার একজন রায়তের একাধিক খতিয়ানে জমি থাকতে পারে। যেসব রায়তদের বেশি জমি আছে তাঁদের জমি একাধিক মৌজায় এমন কি একাধিক জিলায় ছড়ান। এই রেকর্ড থেকে একজন বড়দরের রায়তের মোট কত জমি আছে তা বের করাই যথেষ্ট কষ্টকর ও সময়-সাপেক্ষ। তার উপর আইনের সংজ্ঞা অনুযায়ী প্রত্যেকটি পরিবারের পৃথক পৃথকভাবে মোট জমি কত আছে তা সঠিকভাবে নির্ণয় করা যে অসম্ভব হয়ে পড়বে তা সহজেই বোধগম্য। প্রত্যেক রায়তের কাছ থেকে ১০নং ফরমে জমির হিসাব চাওয়া হয়েছিল। বার বার সময় বাড়িয়ে দেওয়া সত্বেও অতি অল্প সংখ্যক রিটার্নই পাওয়া গিয়েছিল। যুক্তফ্রন্ট সরকারের পতনের পর পি, ডি, এফ সরকার ২৩ বি ধারা মতে রাজস্ব পুনর্নির্ধারণ করা সম্ভব উপলব্ধি করে আইনের সংশোধন সাপেক্ষে ১০নং ফরমে রিটার্ণ চাওরা বন্ধ করে দিলেন। একদিকে পরিবার ভিত্তিক ৩ একর বা তার কম জমির মালিক এরূপ রায়তদের কাছ থেকে রাজস্ব আদায় বন্ধ করে দেওয়া হয়েছে আর বেশী জমির মালিক এরূপ রায়তদের বর্ধিত হারে রাজস্ব ধার্য করা সম্ভবপর না হওয়ায় তাঁরা সকলেই পুরাতন হারে রাজস্ব আদায় দিচ্ছেন।

বাধ্যতামূলক বিধি প্রয়োগ করার অসুবিধা থাকায় রাজস্ব আদায় ক্রমশই কমে আসছে। ভূমি রাজস্ব বাৎসরিক দাবী, যেখানে প্রায় ৫ কোটি টাকা সেখানে হাল ও বকেয়া রাজস্ব বাবদ ১৯৭০-৭১ সনে আদায় হয়েছিল ২ কোটি ৭৪ লক্ষ টাকা এবং ১৯৭১-৭২ সালে ২ কোটি ৮০ লক্ষ টাকা। আপনারা জানেন ১৯৫৩ সনের পশ্চিমবঙ্গ জমিদারী উচ্ছেদ আইনের বলে সমস্ত রায়তদের সরাসরি সরকারের অধীনে আনা হয়। রায়তেরা জমিদারদের যে হারে খাজনা দিতেন সেই একই হারে তাঁরা এখন পর্যন্ত সরকারকে রাজস্ব দিচ্ছেন। জমিদারেরা কোন নির্দিষ্ট নীতি অনুসরণ করে খাজনা ধার্য করতেন না। ফলে খাজনা ধার্যের, ব্যাপারে বহু অসংগতি দেখা যায়। বিভিন্ন এলাকায় জমির খাজনার হারেও যথেষ্ট পার্থক্য রয়েছে। ১৯৩৭ সনে বঙ্গীয় প্রজাসত্ব আইনের সংশোধনের ফলে জমির খাজনা আর বৃদ্ধি হয়নি। গত দীর্ঘ ৩৫ বৎসর ধরে একই হারে খাজনা আদায় হচ্ছে। এর মধ্যে উৎপন্ন ফসলের বহুগুণ মূল্য বৃদ্ধি পেয়েছে। ১৯৩৭ সালে আমন ধানের দর ছিল দেড় টাকা থেকে এক টাকা বার আনা মণ—১৯৪০ সালে উহা বৃদ্ধি পাইয়া ৫ টাকা দু আনা হয়, ১৯৫০ সালে সাড়ে সাত টাকা, ১৯৬০ সালে সাড়ে নয় টাকা, হইতে ১০টাকা আর ১৯৭০ সালে বোনাস সমেত প্রায় ২৩ টাকা। কৃষি উন্নতির জন্ত সরকার সেচ প্রকল্পসহ বহুবিধ উন্নতিমূলক প্রকল্প রূপায়ণ করেছেন। কিন্তু ভূমি রাজস্বের কোন হেরফের হয় নি। জমির উৎপাদনের উপর ভিত্তি করে সম্পূর্ণরূপে নতুন রাজস্ব ধার্য করা যুক্তিসংগত—এ বিষয়ে কাহারও দ্বিমত থাকতে পারে না। কিন্তু প্রত্যেকটি জোতের উৎপাদন ক্ষমতা নির্ণয় করে রাজস্ব নির্ধারণ বহু সময়সাপেক্ষ। অথচ এ ব্যাপারেও অবিলম্বে কিছু

করা একান্ত প্রয়োজন। যাদের সংগতি আছে তাঁরা কেনইবা সরকারকে ন্যায়সঙ্গত হারে রাজস্ব দেবেন না? তাঁদের কাছ থেকে নিয়েই তো সরকার আবার তাঁদের এবং তাঁদের চেয়েও যাঁদের কম সংগতি তাঁদের সকলের মঙ্গলের জন্য ব্যয় করবেন। পূর্ববর্তী বিধানসভাতেও এইজন্য খাজনা কোন কোন ক্ষেত্রে ৩ গুণ বা ৪ গুণ বাড়ান হয়। সমস্ত বিষয়টি বিশদভাবে বিবেচনা করে সরকার স্থির করেছেন যে, পরিবার ভিত্তিক ৩ একর বা তার কম জমির মালিক এরূপ রায়তদের খাজনা ছাড় দেওয়া হবে এবং তা দেওয়া হবে ১৩৭৬ সনের ১লা বৈশাখ থেকেই, যেমন আগের আইন ছিল।

পরিবার বলতে অবশ্য বোঝাবে স্বামী, স্ত্রী, নাবালক পুত্র এবং অবিবাহিত কন্যা যেমন আমাদের সিলিং আইনে আছে। দেখা গিয়েছে যে এইরূপ অল্প জমির মালিকদের ক্ষেত্রে পরিবারে প্রায়ই একাধিক রায়ত থাকেন না এবং তাঁদের জমিও একাধিক মৌজায় ছড়ান থাকে না। সুতরাং পরিবারের নতুন সংজ্ঞা অনুযায়ী পরিবার ভিত্তিক ৩ একর বা তার কম জমির মালিক রায়তদের খাজনা ছাড় দেওয়া খুব শক্ত হবে না। পরিবারের সংজ্ঞা পরিবর্তনের ফলে আগের চেয়েও কিছু বেশী রায়ত উপকৃত হবেন।

পশ্চিমবঙ্গে কৃষি জমির মোট পরিমাণ প্রায় ১৬৩ লক্ষ একর। রায়তের সঠিক সংখ্যা বলা শক্ত। মোটামুটি হিসাবে রায়তের সংখ্যা ৬৮ লক্ষ ধরা যেতে পারে। অনুমান করা হয়েছে যে তিন একর পর্যন্ত জমির উপর রাজস্ব ছাড় দিলে মোট কৃষি জমির প্রায় ১/৩ অংশ এই ছাড়ের আওতায় আসবে এবং মোট রায়তের প্রায় ২/৩ অংশ। অর্থাৎ প্রায় ৪৬ লক্ষ রায়ত উপকৃত হবেন।

উপরের হিসাব থেকে দেখা যাবে যে রাজ্যের মোট কৃষি জমির ২/৩ অংশ মোট রায়তের ১/৩ অংশের অধিকারে। এঁদের ক্ষেত্রেই শুধু রাজস্ব বৃদ্ধির প্রস্তাব করা হচ্ছে।

কৃষি জমির উর্দ্ধসীমা নিরূপণ পরিবার ভিত্তিক করার প্রয়োজন ছিল। আমরা তা করেছি। রাজস্ব ধার্য্য করার ব্যাপারে, কিন্তু পরিবারকে টেনে আনার কোন সার্থকতা তো নেই, উপরন্তু এতে অযথা জটিলতা বাড়িয়ে রাজস্ব আদায়ের ক্ষেত্রে প্রায় অচল অবস্থা সৃষ্টি করা হয়। যেমন বর্তমানে হয়েছে। সুতরাং স্থির করা হয়েছে যে যাঁরা রাজস্ব ছাড় পাবেন না এমন প্রত্যেক রায়তকে ব্যক্তিগতভাবে সেচ এলাকায় বর্তমান রাজস্বের তিনগুণ এবং অসেচ এলাকায় দ্বিগুণ বর্ধিতহারে রাজস্ব দিতে হবে। এক মৌজায় কোন রায়তের ব্যক্তিগতভাবে চার হেক্টরের বেশি জমি থাকলে রাজস্বের উপর শতকরা ১০ টাকা হিসাবে সারচার্জ দিতে হবে। এখানে উল্লেখ করা যেতে পারে যে খাজনার এই নতুন হার কৃষি জমির ক্ষেত্রে প্রযোজ্য। অবশ্য বাস্তুজমি কৃষি জমির সংজ্ঞার অন্তর্ভুক্ত। কিন্তু ঐ আইনের ২৩এ ধারা অনুযায়ী ১/৩ একর পর্যন্ত বাস্তু জমির জন্য কোন খাজনা দেয় নয়। ছোট ছোট রায়তদের এত বেশী বাস্তু জমি সাধারণতঃ থাকে না।

এখন যেমন আইন আছে তাতে সেচ ও অসেচ এলাকার কোন পার্থক্য করা হয়নি। এই অসামঞ্জস্য প্রস্তাবিত সংশোধনীতে দূর করা হয়েছে। উৎপন্ন ফসলের গত ৩৫ বছরে যে মূল্যবৃদ্ধি হয়েছে তার পরিপ্রেক্ষিতে বর্তমান রাজস্বের হার সেচ সেবিত এলাকায় তিনগুণ এবং অসেচ এলাকায় দ্বিগুণ করা হলে তিন একরের বেশি জমির মালিক রায়তদের বর্ধিত হারে রাজস্ব আদায় দেওয়া কষ্টকর হবে না বলে সরকার বিশ্বাস করেন। সারচার্জ অবশ্য খুব কম রায়তকেই দিতে হবে। এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে আমাদের রাজ্যে রাজস্বের গড় হার একর প্রতি মাত্র ৩ টাকা টাকা ৮৭ পয়সা। সারচার্জ ও সেস বাদ দিয়েও কেবল মাত্র ভূমি রাজস্বের একর প্রতি গড় হার

মহারাষ্ট্রে ৭'৯০ টাকা, তামিল নাড়ুতে ৮'১৮ টাকা এবং অন্ধ্রে ১৩ টাকা। সারচার্জ ও সেস সমেত ভূমি রাজস্বের গড় হার মহারাষ্ট্রে ১৬'৭০ টাকা, তামিলনাড়ুতে ১১'৭৮ টাকা এবং অন্ধ্রে ১৮'৭৩ টাকা।

বর্ধিত হারে রাজস্ব এই বছরের ১লা বৈশাখ থেকে দিতে হবে। গত বছর পর্যন্ত বর্তমান হারেই রাজস্ব রাখা হয়েছে যাতে অনর্থক বকেয়া রাজস্বের বোঝা রায়তদের টানতে না হয়। আশা করা যায়, আইনের প্রস্তাবিত সংশোধন দ্রুত কার্যকর করা যাবে এবং বর্তমান বছর থেকেই প্রায় ৪ কোটি টাকার মত রাজস্ব বৃদ্ধি পাবে। আলোচ্য বিধেয়কটিতে আরো কয়েকটি সংশোধনের প্রস্তাব আছে তার মধ্যে ৪৯ ধারার সংশোধন বিশেষভাবে উল্লেখযোগ্য। সরকারে ন্যস্ত কৃষি জমি ভূমিহীন বা এক হেকটরের কম জমি আছে এমন কৃষককে বিলি করা হয় বিনা সেলামীতে। অনুপযুক্ত লোক মিথ্যা ভাঁওতা দিয়ে সরকারের কাছ থেকে ন্যস্ত জমির বন্দোবস্ত নিয়ে থাকলে রেভিনিউ অফিসার পূর্ণাঙ্গ তদন্ত করে নিশ্চিত হলে ঐ বন্দোবস্ত বাতিল করতে পারবেন এবং ঐ ব্যক্তিকে জমি থেকে উচ্ছেদ করতে পারবেন। তফশীলভুক্ত উপজাতির রায়ত যে কোন উপজাতির লোককে জমি বিক্রয় করতে পারেন। তার জন্য তাঁকে রেভিনিউ অফিসারের অনুমতি নিতে হয় না। কিন্তু জমি দান করতে হলে বা কাউকে উইল করে কাউকে দিতে হলে তিনি যে উপজাতিভুক্ত সেই উপজাতির কাউকে ছাড়া দিতে পারবেন না এবং তার জন্যও তাঁকে রেভেনিউ অফিসারের অনুমতি নিতে হয়। আইনের এই অসঙ্গতি দূর করার জন্য ১৪সি ধারার (১) উপধারার 'ডি' প্রকরণ সংশোধন করে বলা হচ্ছে যে তফশীলভুক্ত উপজাতির কোন রায়ত যে কোন উপজাতির লোককে জমি দান করতে পারবেন বা উইল করে দিতে পারবেন এবং তার জন্য তাঁকে কোন অনুমতি নিতে হবে না। আইনের আসল উদ্দেশ্য হল তফশীলভুক্ত উপজাতির রায়তদের জমি যেন তফশীলভুক্ত উপজাতির লোক নয় এমন কাহারও হাতে না যায়। কিন্তু বিভিন্ন উপজাতির মধ্যে কোন বাধা নিষেধ না থাকাই বাঞ্ছনীয়। অন্যান্য সংশোধনী প্রস্তাবগুলি আনুসঙ্গিক প্রস্তাব মাত্র। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের কাছে আবেদন জানাচ্ছি তাঁরা যেন বিনা দ্বিধায় আলোচ্য বিধেয়কটি গ্রহণ করেন।

**Mr. Speaker :** There are motion for reference of the Bill to the Select Committee. I understand Shri Sarat Channra Das and Shri Ramendra Nath Dutta are not going to move their motions for reference to the Bill to the Select Committee. I, however, allow Shri Sarat Chandra Das to speak on the motion.

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে সিলেক্ট কমিটির প্রস্তাব দিয়েছি সেটা মুভ করছি না। তবে আমি এই বর্তমান সংশোধনী সম্বন্ধে দু চারটি কথা বক্তব্য আকারে এখানে রাখতে চাই। একটু আগে মাননীয় রাজস্বমন্ত্রী বললেন যে বাস্তু জমি এবং যে জমিতে ধান হয় সেই জমিকে সারচার্জের খাজনার আওতার মধ্যে আনা হয়েছে। আমি তাঁকে পয়েন্ট অব ইনফর্মেসনে জিজ্ঞাসা করেছিলাম যে এই কৃষি জমি আপনি কাকে কাকে বোঝাতে চেয়েছেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পুরুলিয়া জেলার জমি খুব অনুর্বর এবং কাঁকরময়। ছোটনাগপুরের মালভূমি এলাকায় যে জমি আছে তার অনেক বিভাগ আছে। প্রকৃতি পশ্চিমবঙ্গকে নানাভাবে বিভক্ত করেছেন। কিন্তু মাননীয় রাজস্বমন্ত্রী এই নিয়ে দুবার ভূমি সংস্কার বিল আনলেন। উনি প্রকৃতিকে এমনভাবে দেখাচ্ছেন যেন প্রকৃতি সব স্থানে এক প্রকারই আছে এবং তার উৎপাদিকা শক্তি যে সব স্থানে সমান নাই সে সম্বন্ধে কিছুই জানেন না বা কিছু চিন্তাও করেন নাই। বিলে জমির

প্রকৃতিগত ও গুণগত পৃথকিকরণের ও তদনুসারে খাজনা ধার্য্যের অব্যবস্থা বিলে রয়েছে, প্রত্যাশিত ব্যবস্থা নাই। যেমন ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকারের রাজত্বে এই কলকাতা সহরে ২॥ টাকা কে, জি, মেওয়া, ৫ টাকা কে, জি, মুড়ি বিক্রী হয়েছিল, ঠিক সেইভাবে তিনি সমস্ত জমিকে দেখছেন এবং বিচার করছেন।

আমি বার বার বলেছি ভূমি সংস্কার সম্বন্ধে যে, আমার পুরুলিয়া জেলার জমিতে কোন সেচের ব্যবস্থা নেই। কারণ এই প্রিভিলেজ আপনি আজ পর্যন্ত দেন নি। পুরুলিয়া জেলাকে এই ল্যাণ্ড সিলিং-এর আওতার বাইরে রাখা হয় বা ভিন্ন ভিন্ন প্রকৃতির যে সব জমি আছে সেই দৃষ্টিভঙ্গী রেখে যেন পুরুলিয়াকে বিচার করা হয়। তিনি গত ভূমি সংস্কার বিলে বলেছিলেন যে জেলাভিত্তিক যদি কোন ভূমির সিলিং বিন্যাস করে তবে সেটা অবৈজ্ঞানিক হবে। খুব আশ্চর্যের কথা যে, তিনি আবার বৃষ্টিপুষ্ট দার্জিলিং জেলাকে বাদ দিয়েছেন। এই সিলিংএর আওতা থেকে বাদ দেন নাই। অথচ খরাক্লিষ্ট উচ্চ মালভূমি পুরুলিয়াকে সিলিং বরং বলছেন অন্য জমিকে আমি বিচার করতে নারাজ। যাই হোক, জমিদারী প্রথা যে সময় উচ্ছেদ হয়, এ্যাবুলিশান হয়, সে সময় কৃষকদের মধ্যে কি স্বতঃস্ফূর্ত আনন্দ। সমস্ত আনন্দ যেন বন্যার জোয়ারে বইয়ে দিয়েছিলো এই ভেবে যে এরপর প্রজাদের কিছু ভাল হবেই। কারণ এতদিন ধরে প্রজাদের সমস্ত লুটেপুটে খাচ্ছিল জমিদাররা। তাদের কল্যাণে তারা কোন ব্যয় করতো না কোন দিনও। আমাদের আশা এবং বিশ্বাস ছিলো জনপ্রিয় কংগ্রেস সরকার এরপর প্রজাদের কল্যাণে কিছু ব্যয় করবেন। কিন্তু প্রকৃতপক্ষে দেখা যাচ্ছে যে প্রজাদের কল্যাণের জন্য কিছুই করা হয় নি। পশু খরিদের জন্য যে লোন দেওয়া হয়েছে প্রতি ব্লকে দুইশত থেকে আড়াইশত টাকা, তাতে একটা গরু হবে। দুঃখের বিষয় একটা গরু দিয়ে চাষের কোন পদ্ধতি এখনও এখানে আবিষ্কার হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিহার বিধানসভায় যখন ছিলাম তখন ওখানের ভূমিসংস্কার কমিটির একজন সদস্য ছিলাম। সেখানে নির্দিষ্ট করা হয়েছিলো জমিদারী এ্যাবুলিশন করার পরে যে জমিদার নিষ্ঠুরভাবে, নির্দয়ভাবে এক্সপ্লয়েট করছে প্রজাদের, শোষণ করছে, তাদের কল্যাণে কিছু করেনি, তার জন্য রাজস্বের একটা নির্দিষ্ট পরিমাণ, ১২॥ কোটি টাকা এই বিভাগে খরচ করবে আর বাকী সেই প্রজাদের কল্যাণে ব্যয় করবে। কিন্তু দেখা যাচ্ছে পশ্চিমবঙ্গে ৬ কোটি ২৯ লক্ষ ৪২ হাজার টাকা রাজস্ব আয় হয়েছে এবং ৭ কোটি ১৩ লক্ষ ৩৪ হাজার টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আয় থেকে ব্যয় বেশী। অতএব যে প্রজাদের কল্যাণের জন্য, যাদের হাজার হাজার বছর ধরে এক্সপ্লয়েট করা হয়েছে, শোষণ করা হয়েছে, শাসন করা হয়েছে, তাদের কল্যাণের জন্য এবং তাদের মঙ্গলের জন্য জমিদারী এ্যাবুলিশান হল, কিন্তু তাদের কল্যাণের জন্য কি করা হল আমি জানিনা, যা কিছু এই ভাবে করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমি সংস্কারের মুখবন্ধে বলা আছে যে জমিদারী এ্যাবুলেশানের পরে রিভিশান সেটেলমেন্ট হতে ভূমির প্রকৃতি, ইনকাম, ভূমি কি রকম আছে, তার পরে ভূমিসংস্কারের কাজে হাত দেওয়া হবে। কিন্তু আপনি দেখেছেন, গত অধিবেশনে আমাদের এখানে সাজ্জাদ হোসেন মাননীয় সদস্য, তিনি দেখিয়েছিলেন যেটা বিহার এবং ওয়েষ্ট দিনাজপুরের অন্তর্গত কৃষ্ণগঞ্জ, সেখানে নানা রকম উর্দু, হিন্দী দলীল যেগুলি এখন পর্যন্ত হয়নি, এখনও পর্যন্ত বাংলায় হয়নি। আমাদের পুরুলিয়া জেলায়ও এখনও পর্যন্ত ফাইনাল পাবলিকেশান, রিভিশান হয়নি। আমরা রিটার্ণ কি করে দেবো, তার উপর আবার ফোঁড়ার উপর বিশ-ফোঁড়া, যে ৭ নম্বর ফরম আমাদের পুরুলিয়া জেলায় রিটার্ণ দেবার জন্য তারিখ নির্দিষ্ট করেছেন। হুজুর আমরা জানতে পাচ্ছি না যে আমাদের কোনটা জমি। আজ ৫০ বছর আগে জমি সেটেলমেণ্ট হয়েছে, সেই সেটেলমেন্টের পরে আমার কত জমি বালিতে ভেসে গেছে, কত জমি নিয়ে মাঠ, কত জমিতে আবাদ হচ্ছে, কত জমি অনাবাদী আছে, আমি জানতে পারছি না, যে আমার কত

জমি, আমি রিটার্ণ দেবো কি করে এবং আপনার মাধ্যমে রাজস্বমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে পুরুলিয়া জেলায় ভূমির প্রকৃতিগত ব্যবস্থা বিবেচনা করুন এবং একটু পুরুলিয়া জেলা মাইনডেড হবেন সেই আশা এবং বিশ্বাস রেখে আমার বক্তব্য শেষ করছি।

[4-45—4-55 p.m.]

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই এ্যামেণ্ডমেন্ট মুভ করছি না। আমি এই প্রসঙ্গে কয়েকটি কথা বলবো। জমির থেকে অন্যভাবে খাজনা বেশী আদায় করা যেতে পারতো এবং তাতে গরীবের উপর চাপ পড়তো না। যেমন, উত্তরবাংলায় চা বাগানগুলো আছে তাতে প্রায় ২॥ লক্ষ একর জমি আছে, তার এক এক একর জমিতে চার থেকে পাঁচ হাজার টাকা আয় হয় বছরে এবং এটা তাদের নিশ্চিত আয়। সেই চা বাগানের যে জমি এবং তার খাজনা, এইসব জমির খাজনার সংগে এক হার এবং তা সত্বেও আমি জানলাম যে চা বাগানের মালিকরা সেই খাজনা দেয়না, সেটা আদায় করার কোন ব্যবস্থা করা হয়নি। আমার বক্তব্য এই চা বাগানের প্রত্যেক একরে যদি আট দশ টাকা করে খাজনা ধরা যেত তাহলে ঐ চাবাগানের মালিকদের গায়ে লাগতো না এবং সেই জমির খাজনা থেকে আয় বাড়তো। আমার দুই নং বক্তব্য হচ্ছে কলকাতা কর্পোরেশন এলাকার মধ্যে বেশীর ভাগ জমির খাজনা নেই। আপনি জানেন যে মিউনিসিপ্যালিটিতে জমির খাজনা দিতে হয়। আমার বক্তব্য হচ্ছে ক্যালকাটা কর্পোরেশনের এলাকার প্রত্যেকটি জমিতে খাজনার ব্যবস্থা করলে জমি থেকে খাজনা বেশী আদায় হতো। আমার তিন নং বক্তব্য হচ্ছে যে, মাছের ভেড়ীর উপর ট্যাক্স বসালে আয় বাড়ানো যেত। চার নং হচ্ছে আম বাগানের উপর ট্যাক্স বসানো যেতে পারতো। যেমন মালদহে আম বাগানে নিশ্চিতভাবে আয় হয়। এটা একটা নিশ্চিত আয়ের ফসল। আম কম হলে দাম বেশী হয়, আর ফসল বেশী হলে আমের দাম কম হয়, কিন্তু একটা নিশ্চিত আয় তারা পায়, সেখানেও ট্যাক্স বাড়ানো যেতে পারতো। আমার পাঁচ নং বক্তব্য হচ্ছে উত্তরবাংলায় অনেক আনারসের বাগান আছে, তার উপর ট্যাকস বসানো যেতে পারতো। এইসব না করে নর্থ বেঙ্গলে কোন ইরিগেশনের ব্যবস্থা নেই, কোন ফ্লাড কণ্ট্রোলের ব্যবস্থা নেই, সেখানেও একই রেটে খাজনা, নন-ইরিগেটেড এলাকায় আদায় করার আপত্তি আছে। সেখানকার জমি হচ্ছে এক ফসলী জমি, কোনবারে বন্যায় নষ্ট হয়, কোনবারে খরাতে নষ্ট হচ্ছে, কোনবারে প্রথমে বৃষ্টি হলো, পরে আর হলো না, এর জন্য ফসল নষ্ট হচ্ছে, সেই কারণে এইসব জমির ফসল সম্পূর্ণভাবে অনিশ্চিত, এই অনিশ্চিত অবস্থায় সেই সব জমিতে খাজনা যদি দ্বিগুণ করা হয় তাহলে কৃষকদের খুব ক্ষতি হবে। আপনি জানেন আমাদের ওখানে অর্থাৎ উত্তরবাংলায় মেজর কোন ইরিগেশন ব্যবস্থা নেই। একমাত্র ডিপ টিউবওয়েল হয়েছে, সেইগুলোও ডিফেকটিভ, তার পাইপ লাইনগুলো নষ্ট হয়ে গেছে, জল লিক করে এবং স্পেয়ার পার্টস একটা খারাপ হলে, সেই টিউবওয়েল ৩/৪ মাস বন্ধ হয়ে থাকে, এর উপর ভরসা করে কোন চাষ করা সম্ভব নয়। কিছু কুয়ার ফিল্টার তৈরী হয়েছে, তাতে কিছু কাজ হচ্ছে। আমি বলবো যে কুয়ার ফিল্টারগুলো নাম্বারে অনেক বাড়িয়ে যদি দেন বিশেষতঃ পশ্চিম দিনাজপুর জেলায় তাতে সেচ অনেক বেড়ে যাবে, এই রকম ধরণের জল সেচের ব্যবস্থা করার পরে আমার মনে হয় যদি জমির খাজনা দ্বিগুণ বা তিনগুণ করলেও ওখানকার লোকের কোন অসুবিধা হতো না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ করবো, এই সব বিবেচনা করে যদি খাজনার অদল বদল করতেন, অর্থাৎ উত্তরবাংলায় ইরিগেশন না হওয়া পর্য্যন্ত, ফ্লাড কণ্ট্রোল না হওয়া পর্য্যন্ত যদি খাজনা বৃদ্ধি বন্ধ রাখতেন তাহলে আমরা সন্তুষ্ট হতে পারতাম।

**Mr. Speaker**: There are motions for circulation of the Bill by Shri Puranjoy Pramanik, Shri Ramdas Banerjee, Shri Abdul Bari Biswas and Shri

Sukumar Bandyopadhyay. I understand these circulation motions are not going to be moved by any of the honourable Members. Even then I call upon Shri Puranjoy Pramanik to speak for five minutes only.

**শ্রীপুরঞ্জয় প্রামানিক ঃ** মাননীয় স্পীকার মহাশয়, খাজনা বৃদ্ধির জন্য আমাদের ভূমি-রাজস্ব মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন, তাতে দেখা যাচ্ছে যে তিনি এই খাজনা বৃদ্ধি করে ৪ কোটি টাকা সংগ্রহ করবেন। কিন্তু আজ আমাদের অর্থমন্ত্রী যে বাজেট বক্তৃতা দিয়েছেন তাতে দেখা যাচ্ছে যে প্রায় ১৮ কোটি টাকার মত পড়ে আছে, অনাদায়ী হয়ে পড়ে আছে। তাই আমি রাজস্বমন্ত্রী মহাশয়কে বলতে চাই যে অনাদায়ী খাজনা আদায় না করে পুনরায় কর ধার্য্য করে আপনার বিভাগ কি লাভবান হবে তা আমি বুঝতে পারছি না। আর এই বছর দেখা গেল যে ৬ কোটি টাকার রাজস্বের মধ্যে মাত্র ২ কোটি টাকা আমদের রাজস্ব আদায় হয়েছে. অথচ এই বিভাগের খরচ, লেণ্ড এণ্ড লেণ্ড রেভিনিউ বিভাগের খরচ ২ কোটি টাকার অনেক বেশী। তারা যদি রাজস্ব আদায় না করতে পারে তাহলে এই বিভাগের কি প্রয়োজন আছে, তা আমি জানিনা। তারপর ষ্টেট একুইজিশন য়্যাক্ট যেটা আছে সেটার কোন এ্যামেণ্ডমেণ্ট না এনে লেণ্ড রিফর্মস য়্যাক্ট এ্যামেণ্ড করে খাজনা বৃদ্ধি করা হচ্ছে এইটা আমি সামান্য আইনজীবী হিসাবে আইনগত বলে মনে করছি না। রেভিনিউ বাড়ছে অথচ আমাদের কংগ্রেসের নীতি রেভিনিউ কমানো। জমির খাজনা যাতে না হয় সেই জন্য বিভিন্ন রাজ্যে চেষ্টা করা হচ্ছে, আর আমরা এখানে কর বৃদ্ধি করছি। এখানে উনি বলেছেন যে ৯ বিঘা পর্য্যন্ত খাজনা মুকুব করলেন, এইটা সুখের কথা, কিন্তু এখানে ভূমি সংস্কার আইন নিয়ে এমনভাবে কাজ চলছে যে ভূমি কতগুলি ভূমিহীন বিত্তবান এর হাতে গিয়ে পড়ছে। উনি এখানে বলেছেন ৭৫ ভাগ ভাগচাষী, আর ২৫ ভাগ ভূমির মালিক। এরপর যদি জমিতে উৎপাদন না হয় তাহলে যেটা আমাদের সাত্তার সাহেব বলেছেন এই রকম খাজনা আমাদের এখানে কি ভাবে সম্ভব তা আমি বুঝতে পারছিনা। আমাদের ভারত সরকার যেখানে কৃষির উপর জোর দিয়েছেন এবং লক্ষ লক্ষ কোটি কোটি টাকা খরচ করে সার, বীজ, বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষের উন্নতির চেষ্টা করছেন, তখন জমির উপর খাজনা বৃদ্ধি সার্থক হবে এইটা মনে করি না। সেইজন্য আমি আপনাকে নিবেদন করব যে খাজনা বৃদ্ধি করে তার বিভাগের সাশ্রয় হবে না। এইটা ঠিক কথা যে এই টাকাটা উন্নয়নমূলক কাজে ব্যয় হবে এবং বাজেটের ঘাটতি মেটাবে, তবুও এই সরকারের পক্ষে এই খাজনা প্রয়োগ করার কোন প্রয়োজন আছে বলে আমার মনে হয় না, কারণ অন্যান্য রাজ্যে যখন খাজনা উঠিয়ে দিচ্ছে, খাজনার বিরোধিতা করছে তখন এই বাংলাদেশে পুনরায় খাজনা প্রয়োগ করার কোন আইনসঙ্গত কারণ আছে বলে আমার মনে হয় না। আমি আইনজীবী হিসাবে বলছি যে যা আইন আছে তাতে এইটা অবাধভাবে হবে না, এইটা হাইকোর্ট এবং সুপ্রিম কোর্টের রুলিংএ পরিণত হবে।

**শ্রীরামদাস ব্যানার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত বছর যখন গণতান্ত্রিক সরকার গঠিত হয়েছিল তখন তদানীন্তন ভূমিরাজস্ব মন্ত্রী বলেছিলেন যে তিনি এই ভূমিরাজস্ব মুকুব করার বিষয় ভাবছেন। তদানীন্তন ভূমিরাজস্ব মন্ত্রী আজও আমাদের এই সরকারের মন্ত্রী, জানিনা তার উপস্থিতিতে কি করে সরকার থেকে এই ধরণের ভূমিরাজস্ব মুকুব করবার পরিবর্তে ভূমিরাজস্ব বৃদ্ধি করা হবে বলে বলা হচ্ছে। তাছাড়া তখন সাধারণ মানুষকে বলা হয়েছে ভূমিরাজস্ব মুকুব করার জন্য চেষ্টা করা হবে। এ্যাগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স-এর মাধ্যমে যদি আপনারা তা করতেন তাহলে আমার মনে হয় সরকারের গত বছর যে ইমেজ পেয়েছিলাম সেই ইমেজ নষ্ট হতোনা। কারণ অন্যান্য রাজ্যে আন্দোলন করছে ভূমিরাজস্ব মুকুব করবার জন্য। সেখানে আমরা যদি তা

না পারি তাহলে আমাদের ইমেজ নষ্ট হবে। তিনি কি ভেবে এইটা করলেন এইটা আমি বুঝতে পারছি না। তারপর জমির শ্রেণীবিন্যাস না করে খাজনা ধার্য করা ঠিক হবে না। আসানসোল, পুরুলিয়া, বাঁকুড়া প্রভৃতি জায়গায় জমি থেকে আয় কম হয় অন্যান্য জায়গার তুলনায়, সেইজন্য এই ভাবে শ্রেণীবিন্যাস না করে খাজনা ধার্য করা ঠিক হবে বলে আমি মনে করি না।

[4-55—5-05 p.m.]

আমি তাই ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয়কে আবেদন করব যে তিনি এইভাবে খাজনা বৃদ্ধি না করে সময়মত তিনি যদি কোন বিকল্প ব্যবস্থা করেন তাহলে সকলের পক্ষে সেটা মঙ্গল হবে। আমরা জনসাধারণের কাছে যে প্রতিশ্রুতি দিয়েছিলাম যে ভূমিরাজস্ব যতদিন পর্যন্ত শ্রেণীবিন্যাস না করতে পারি, উৎপাদন ভিত্তিক না করতে পারি, ততদিন কিছু হবে না। আমি গত ভূমিরাজস্ব মন্ত্রীর statement দেখলাম তাতে তিনি বলেছেন যে উৎপাদন ভিত্তিক রাজস্ব বৃদ্ধি হবে। তাই আপনার মাধ্যমে তাঁকে আবেদন করব যে তিনি যেন এইদিকটা বিবেচনা করে দেখেন। বিশেষ করে আসানসোল অঞ্চলে জমির রূপ দিনের পর দিন পরিবর্তন হচ্ছে। সেখানে জমির নীচে কয়লা, ফসফরাস আছে বলে সেখানে উৎপাদন শক্তি ব্যাহত হচ্ছে। কিন্তু একই হারে যদি ভূমিরাজস্ব দিতে হয় তাহলে সাধারণ মানুষের উপর চাপ বাড়বে এবং দুর্গতি বাড়বে। এই বলে আমি যে amendmsnt এনেছিলাম সেটা আর move করছিনা।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ ভূমিরাজস্ব মন্ত্রী যে গুরুত্বপূর্ণ বিল উত্থাপন করেছেন তাতে তিনি বোঝাবার চেষ্টা করছেন যে কর বৃদ্ধি হচ্ছে সেই করের আওতায় চাষী পরিবারের ⅞ অংশ একদিকে যেমন benefited হবে, অপর দিকে tax বৃদ্ধি করার জন্য ৪ কোটি টাকা তারা আয় করবেন। আপনি বললেন ১৯৩৭ সালের পর ধানের দাম বাড়তে বাড়তে ২৩ টাকায় এসেছে। কিন্তু আপনি বলুন তো ১৯৩৭ সালে একজোড়া বলদের দাম কত ছিল। ১ কেজি সারের দাম কত ছিল, ১ বিঘা জমির দাম কত ছিল, একটা লাঙ্গলের দাম কত ছিল? নিশ্চয় তুলনামূলকভাবে দেখলে দেখা যাবে যে আজ যে খাজনা বৃদ্ধি করতে চলেছেন তারচেয়ে কম ছিল। এটা আমরা নীতিগতভাবে সমর্থন করি যে চাষীরা আজ ঋণভারে জর্জরিত। নীতিগতভাবে সকলেই বলেছেন যে production ভিত্তিক tax আমাদের করতে হবে। কিন্তু পেছনের সারিতে যারা বসে আছেন তাঁরা যা করবেন আমরাও যদি তাঁদের সেই brain মত চলি তাহলে কি তাঁরা সুনাম ও দুর্নামের ভাগী হবেন? আমরা জানি যে এই tax থেকে ৪ কোটি টাকা আসবে। আজ ৭ কোটি ১৩ লক্ষ ৩৪ হাজার আয় হল, ব্যয় হল ৬ কোটি ২২ লক্ষ ৪২ হাজার টাকা। এরমধ্যে ৪ কোটি ১০ লক্ষ টাকা compensation এর জন্য দিতে হবে। যারা জমিদার ছিল, মুনাফা করে যারা জমি করেছিল তাদের আজকে compensation দেবার জন্য ৪ কোটি ১০ লক্ষ টাকা দিতে হবে। আজকে যে তিনি statement করলেন তাতে একটা ভয়াবহ কথা দেখা যাচ্ছে। আপনার দপ্তরে ৭ কোটি ১৩ লক্ষ ৪২ হাজার টাকা আয়, সেখানে ২ কোটী ৮০ হাজার টাকা আদায়। এই বাকী আদায়টা আপনি জোর দিয়ে করুন তাহলে তার এই কর বৃদ্ধি করার প্রয়োজন হবেনা। আজ যে tax আছে সেটা আপনি আদায় করছেন না। তার দুটো কারণ আছে। একটা হচ্ছে গরীব মানুষ তারা tax দিতে পারছে না। যারা tax দিতে পারছে না তাদের উপর কেন আবার ডবল, ত্রিগুণ ট্যাক্স করছেন? আপনার নিজস্ব যে কর ধার্য্য করা আছে সেটা আপনি আদায় করতে পারছেন না। এই কথা চিন্তা করে কর আদায় করে দেখুন যে আমাদের আর কর বাড়াবার দরকার হবে না। আপনি চিন্তা করে দেখুন যে আপনাদের যে সমস্ত অফিস আছে সেই অফিসগুলির ভাড়া বাবদ পশ্চিমবাংলা সরকারকে কত টাকা দিতে হচ্ছে;

২২ বছরের মধ্যে কেন সরকার চিন্তা করছেন না এল.আই.সি-র কাছ থেকে টাকা নিয়ে বাড়ি তৈরী করার জন্য। এই যে অফিসারদের বাড়ি ভাড়া বাবদ টাকা দিতে হচ্ছে সেই টাকা উদ্ধার করুন। আজকে ট্যাক্সের জন্য হৈচৈ করছেন, জে.এল.আর.ও., বি.ডি.ও., এগ্রিকালচার অফিসার, ভেটারিনারি অফিসার বাবুদের থাকার জন্য বিভিন্ন জায়গায় বাড়ি ভাড়া করেন নি? নিশ্চয়ই করেছেন। তারজন্য কতটাকা ভাড়া দিচ্ছেন তার হিসাব নিয়েছেন? আজকে এল.আই.সি-র কাছ থেকে টাকা নিয়ে কিছু বাড়ি করুন, ট্যাক্স বৃদ্ধি বন্ধ করুন, ভাড়ার টাকা উদ্ধার করে জনসাধারণের কল্যাণে লাগান। আমরা যদি এইকথা বলি তাহলে আমরা নিশ্চয়ই অবিজ্ঞচিত কথা বলব না। আজকে চাষীর দিকে তাকিয়ে দেখুন যাদের উপর ট্যাক্স বসাচ্ছেন আপনি তাদের এ্যাসিওর করুন যে তাদের আপনি সাবসিডাইজড রেটে সার দেবেন, তাদের সেচের ব্যবস্থা করবেন, ইলেকট্রিসিটি সরবরাহ সময় মত হবে। এই সম্বন্ধে আপনি তাদের এ্যাসিওর করতে পারবেন? পারবেন না। যখন প্রশ্ন করা হয় যে ডিপ টিউবওয়েল থেকে ২শো একর কমাণ্ডিং এরিয়া ফুলফিল হচ্ছে না, তখন বলবেন আমাদের কাছে যে ডাটা আছে সেই ডাটা দেখে এনকোয়ারি করে দেখব। একথা ঠিক যে আপনি চাষীদের নিজের পায়ে দাঁড় করাবার ব্যবস্থা করুন, না হলে ট্যাক্সের ব্যাপারে ভাল করে চিন্তা করে দেখবেন। কারণ এটা জেনারেল সেণ্টিমেণ্টের বাইরে চলে যেতে পারে। ৪ কোটি টাকা বড় কথা নয়, মস্ত বড় কথা হচ্ছে জনসাধারণ। আজকে ২৪-পরগণা, পুরুলিয়া, বাঁকুড়া, নদীয়া, মুর্শিদাবাদ জেলায় অধিকাংশ জায়গায় সেচের সরবরাহ হয় না, সেখানে সব এক-ফসলী জমি। আজকে উন্নয়নমূলক কাজের জন্য সেচ সরবরাহ দরকার, উৎপাদন বৃদ্ধির জন্য যা করণীয় করা দরকার, সেটা করেন না। আজকে নর্থ বেঙ্গলে সেচ সরবরাহ হয় না। কই, সোনার গহনার উপর ট্যাক্স বাড়িয়েছেন, মোটরের উপর ট্যাক্স বাড়িয়েছেন, সেজন্য তো কিছু বলছি না। সেজন্য আমি আশা করব এই বিষয়ে ভালভাবে বিবেচনা করে দেখবেন। এই আইনে একটা ভাল জিনিস এনেছেন। কিছুদিন আগে বল্গাহীন জমি দখলের যে চিন্তাধারা এসেছিল যুক্তফ্রন্টের আমলে, আগে যে জমি চাষ করছিল জমিটা তার না হয়ে যেহেতু আমি জমিটা দখল করেছি সেহেতু আমার হয়ে গেল, বর্গা চাষী ভূমিহীন কেউ নয় এটা যে প্রতিরোধ করবার জন্য আইন এনেছেন নিশ্চয়ই এই আইনকে অভিনন্দন জানাই। যেটা ভাল সেটা নিশ্চয়ই অভিনন্দনযোগ্য। আমরা সমালোচনা করছি, আপনারা ঘরের বাইরে চলে গেলেন ভাবলেন ওদের বলার কথা বলে গেল, এটা কিন্তু ভাববেন না। এজন্য আপনাদের জবাবদিহি করতে হবে। তাই আমি বলব জমির উপর যে ট্যাক্স বাড়িয়েছেন আপনারা অন্ততঃপক্ষে ওটা আপাততঃ বন্ধ রাখুন। আপনারা যে ট্যাক্স আদায় করতে পারছেন না তার উপর জোর দিন, জমির খাজনার উপর জোর দিন, সেটা কালেকসান করবার জন্য চেষ্টা করুন। আপনারা নিজে নিজে প্রস্তুত হন। এই যে ৪ কোটি ১০ লক্ষ টাকা কমপেনসেসান দেওয়া হচ্ছে এই কমপেনসেসান ১ বছরের জন্য স্থগিত করে রেখে ভূমি রাজস্ব বিভাগ থেকে যদি সেটেলমেণ্টের ব্যবস্থা করতে পারতেন তাহলে জমি যারা চুরি করে রেখেছে তারা জমি চুরি করে রাখতে পারত না। কিন্তু সে ব্যবস্থা আপনারা করতে পারেন নি। কারণ, আপনাদের পিছনে ট্রেজারি বেঞ্চের পিছনে যাঁরা বসে আছেন তাঁরা আপনাদের মাথায় অন্য জিনিস ঢুকিয়ে দিয়েছেন। আমি আর কিছু বলব না, আমার যে এ্যামেণ্ডমেণ্ট ছিল সেটা আমি মুভ করছি না।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় পশ্চিমবঙ্গের কোটি কোটি মানুষের ঘাড়ের উপর দুই গুণ এবং তিনগুণ হারে এবং সেই সঙ্গে সঙ্গে একই মৌজায় চার হেক্টরের বেশী যাদের জমি আছে তাদের উপরে দশ শতাংশ রাজস্ব বাড়াবার প্রস্তাব করেছেন এতে আমরা সকলেই ব্যথিত। পশ্চিমবঙ্গের এই আইনসভায় যখন মন্ত্রীমহাশয়রা ঘোষণা করেছেন তাদের বাজেট বৈপ্লবিক এবং, সকলে বলছেন গ্রামের মানুষের কল্যাণের জন্য সমস্ত

কর্মপন্থাকে নিয়োজিত করেছেন। অত্যন্ত দুঃখের সঙ্গে এবং বেদনার সঙ্গে লক্ষ্য করছি আজকে পশ্চিমবঙ্গের বিধানসভায় দাঁড়িয়ে পশ্চিমবঙ্গে যে চার কোটি চুয়াল্লিশ লক্ষ লোকের মধ্যে গ্রামে তিন কোটি পঁয়ত্রিশ লক্ষ দশ হাজার মানুষ বাস করে এই মনুষ্যের উপরে বোঝার উপরে শাকের আঁটি নয় উপরন্তু বোঝার উপরে করের জগদ্দল পাথর চাপিয়ে দেওয়া হচ্ছে। আজকে ভূমি এবং ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় তিনি যে কর ধার্য করছেন এবং তিনি তামিলনাড়ু, মহীশূর, অন্ধ্র, উড়িষ্যার উদাহরণ দিয়েছেন, কিন্তু আমি কি তাকে জিজ্ঞাসা করতে পারি একজন কৃষককে তিনি দশ পনেরো বিঘা জমির মালিক তাকে কি ন্যায্য মূল্যে সার সরবরাহ করতে পেরেছেন। আমি জিজ্ঞাসা করতে পারি কি তাদের কি উপযুক্ত সময়ে গবাদি পশু সরবরাহ করতে পেরেছেন? তাদের কি কৃষিঋণ দিতে পেরেছেন? পশ্চিমবাংলায় যে জমি আছে সেই জমির মধ্যে পনেরো লক্ষ একর জমিতে চাষ হচ্ছে না। আজকে কৃষি জমির পরিমাণ হচ্ছে এক কোটি চুয়াল্লিশ লক্ষ একর এবং তার মধ্যে মাত্র ত্রিশ থেকে পঁয়তাল্লিশ লক্ষ একরে সেচের ব্যবস্থা আছে। সুতরাং কোন্ অধিকারে আজকে এই সমস্ত গ্রামে দরিদ্র নিরন্ন মানুষ যারা সংসার চালাতে পারে না এবং বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর, আসানসোলের কথা বলতে পারি এমন কি ভূমি রাজস্ব মন্ত্রীমহাশয়ের গ্রামের কথা বলতে পারি, আমি কি তাকে জিজ্ঞাসা করতে পারি ঐ যে বন্ধ্যা, কংকরময় মাটি যে আছে তাতে ১৫/২০ বিঘা জমিতে চাষ করে একটা মানুষ কি খোরাকের ভাত জোগাড় করতে পারে? আপনি যদি বলতে পারেন যে হ্যাঁ পারে, তাহলে আমি আমার সমস্ত বক্তব্য প্রত্যাহার করে নেব। আমি কিন্তু জানি তারা ভাত জোগাড় করতে পারে না। আজকে তিনকোটি চুয়াল্লিশ লক্ষ লোকের উপরে কেন ট্যাক্স চাপানো হচ্ছে। যেখানে পড়ে রইল চা-বাগানের মালিকেরা, যেখানে পড়ে রইল কয়লাখনির মালিকেরা, যেখানে পড়ে রইল রয়্যালটি বাবদ আঠাশ কোটি টাকা, পড়ে রইল ধনী মালিকদের জমি, পড়ে রইল আম বাগানের জমি। যে শহরে মাত্র এক কোটি বাহান্ন লক্ষ লোক বাস করে যেখানে বিরাট বিরাট প্রাসাদ, অট্টালিকা, যেখান থেকে লক্ষ লক্ষ টাকা ভাড়া আদায় করছে, অসাধু, মুনাফাখোর, পুঁজিপতি যারা, তাঁদের গায়ে স্পর্শ করা হল না—স্পর্শ করা হল ঐ গ্রামের নিরন্ন মানুষদের, গ্রামের দুর্গত মানুষদের, যাদের জন্য আমরা কিছু করতে পারছি না। তাদের চাকুরীর ব্যবস্থা করতে পারছিনা, তাদের সেচের ব্যবস্থা করতে পারছি না, তাদের উপর ট্যাক্স বাড়িয়ে কোন্ মহা বিপ্লব সাধন করা হল মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি বুঝতে পারছিনা। এ আমার বুদ্ধি এবং বিবেচনার বাইরে। আমি তাই বলি আপনার মাধ্যমে ভূমি রাজস্ব মন্ত্রীকে যে গ্রামের মানুষ যেখানে সংখ্যাগরিষ্ঠ এই বিধান সভায় সেখানে তারা বলছে যে আমরা কি অপরাধ করেছি যে আমাদের উপর ডবল্ ট্যাক্স, ট্রিপ্‌ল ট্যাক্স চাপিয়ে দেওয়া হচ্ছে আর আমরা তার পরিবর্তে কিছুই পাচ্ছি না। তারা বলছে ভাত দেবার কেউ নয় কিল মারার গোঁসাই। তাই মাননীয় স্পীকার মহাশয়, আজকে কোটি কোটি মানুষের বেদনা এবং দুঃখের মধ্যে দিয়ে যে ট্যাক্স ধার্য করা হয়েছে সেটা কোন বিপ্লব নয়, এটা কেবল গরীব মানুষের উপর অত্যাচার এবং শোষণ ছাড়া আর কিছুই নয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ, ( বন্দে মাতারম্ )।

**শ্রীপ্রদ্যুৎ মহান্তি:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী প্রধানতঃ জমির উপর খাজনা বৃদ্ধি করবার জন্য যে বিল সমালোচনা করবার জন্য আমি দাঁড়িয়েছি। মন্ত্রী মহাশয় এই বিলের উদ্দেশ্য বলতে গিয়ে বলেছেন যে ১৯৫৫ সালের যে ভূমি সংস্কার আইন সেই আইনের কতকগুলি বিধানকে সংশোধন করার প্রয়োজন হচ্ছে, কারণ জটিলতার জন্য সমস্ত বিষয়গুলি কার্যকর করা যাচ্ছেনা। কিন্তু প্রধানতঃ রাজস্ব বৃদ্ধি করার জন্যই তিনি এই বিল এনেছেন বলে আমি সমালোচনা করছি। এই বিলের দ্বারা গ্রাম বাংলার অর্থনীতি যে চাষীর উপর নির্ভর করে সেই চাষীর উপর আঘাত আসবে বলে আমি এই বিলের সমালোচনা করছি। এর আগে হোটেল এবং রেস্তরার যে বিল

এনেছিলেন মন্ত্রী মহাশয় তাকে আমরা স্বাগত জানিয়েছি। স্বাগত জানিয়েছি এই কারণে যে গরীবে গায়ে তাতে আঘাত লাগছেনা, কিন্তু এই বিলে চাষীদের উপর আঘাত আসবে বলে আমি এই বিলে সমালোচনা করবার জন্য দাঁড়িয়েছি। স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মন্ত্রীমহাশয়ের কাছে প্রশ্ন রাখছি যে একটা গাইকে কতদিন দুয়াবেন? গাইটা খেতে পায় কিনা, তার দুধ দেবার ক্ষমত আছে কিনা, এইসব বিবেচনা না করে ভুল তথ্যের উপর নির্ভর করে বিলটা আনছেন। কিছুদি আগে ষ্টেটস্‌ম্যান পত্রিকায়—বোধহয় ৩০শে, বেরিয়েছিল যে আমাদের পশ্চিমবঙ্গের কৃষি বিভাগের ডাইরেকটার ডাঃ দত্ত বলেছিলেন যে পশ্চিমবঙ্গে অসেচ এলাকায় এক একর জমিতে একটা চাষী নেট আয় করে ২৫০ টাকা। এটা আমি বিশ্বাস করিনা। আমি জানিনা মন্ত্রী মহাশয় কোন তথ্যের উপর নির্ভর করে এই বিল এনেছেন রাজস্ব বৃদ্ধি করবার জন্য। অর্থমন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতার মধ্যে মহারাষ্ট্রের কথা বললেন, অন্ধ্রের কথা বললেন, তামিলনাডুর কথা বললেন এবং সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গের রাজস্বের হার কম বলে দেখিয়েছেন। অতএব পশ্চিমবাংলায় জমির উপর খাজনা বৃদ্ধি করার সুযোগ রয়েছে তার ইঙ্গিত দিলেন তাঁর বাজেট বক্তৃতার মধ্যে। কিন্তু আমি রাজস্ব মন্ত্রীকে, অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে প্রশ্ন করি যে অন্ধ্রের সঙ্গে তুলনা করা, মহারাষ্ট্রের সঙ্গে তুলনা করা, তামিলনাডুর সঙ্গে পশ্চিমবঙ্গের তুলনা করা কি সাজে? এই রাজস্ব বৃদ্ধির ব্যাপারে আছে কি অন্ধ্রের মত, আছে কি মহারাষ্ট্রের মত, আছে কি তামিলনাড়ুর মত এ্যাসিয়োর্ড ইরিগেশন, আছে কি এ্যাসিয়োর্ড সিকিউরিটি, আছে কি সিকিয়োর্ড মার্কেটিং? আজ যদি চাষী বীজ কিনতে না পারে, চাষী যদি আজকে ১২ মাস চাষ করবার মত জল না পায়, আজকে যদি চাষী উৎপাদন করে তার মার্কেট না পায়, আজকে যদি চাষী তার সিকিউরিটি না পায় তাহলে কোন সাহসে, কোন যুক্তির দ্বারা প্রভাবিত হয়ে সরকার সেই চাষীর কাছ থেকে খাজনা আদায় করবার জন্য বিল আনছেন। আমরা জানি যে একজোড়া গরু পুষতে হলে চাষীর—আমি হিসাব করে দেখাতে পারি ১৮ শত থেকে ১৯শত টাকা লাগে বছরে, একজোড়া গরু ছাড়া চাষ করা চলেনা, যদি তর্কের খাতিরে ধরে নেওয়া যায় এক একর অসেচ এলাকার জমি চাষ করে ২৫০ টাকা নেট আয় হয় তাহলে মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি ২৫০ টাকায় সারা বছর ছেলে মেয়েদের লেখা পড়া, ভরণপোষণ করা যায় কি? তার উপর খাজনা বাড়াবার প্রস্তাব করেছেন এই বিলের মধ্যে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় তাঁর প্রারম্ভিক ভাষণে এই কথা বলেছেন যে তিন একর জমির যিনি মালিক তার খাজনা মুকুব করেছেন। বলেছেন যে ১৩৭৬ সালে যার তিন একর জমি ছিল তিনি খাজনা মুকুব পাবেন, কিন্তু ১৯৬৭ সালের পর যার জমি তিন একরে এসে দাঁড়ালো, এই আইনের দ্বারা কিন্তু তিনি সেই খাজনা মুকুবের সুযোগ সুবিধা পাবেন না। হতে পারে অনেক জমির লোক যারা জমি লুকিয়ে রেখেছে খাজনা ফাঁকি দেবার জন্য, ৮/১০ একর জমির মালিক জমি ফ্র্যাগমেণ্টেশন করে বেনামীতে জমি বেনাম করে ফেলবেন সেইজন্য হয়ত সরকার এটা রেখেছেন, কিন্তু এই বিলের মধ্যে বিধান থাকা উচিত ছিল প্রকৃত কোন চাষীর জমি যদি বিক্রি হয়ে যায়, যখন আপনি তাকে রায়তী স্বত্ব দিয়েছেন, তখন তার জমি বিক্রি করবার, দান করবার, খরিদ করবার, বন্ধক দেবার অধিকার আছে, কোন চাষী প্রকৃতই যদি জমি বিক্রি করে তার জমি তিন একরে এসে দাঁড়ায় ১৩৭৬ সালের পর সে কেন খাজনা মুকুব পায়না। এই বিলে আছে যে বর্তমান রাজস্বের তিনগুণ কর হবে যদি সেটা তিন ফসলা হয়, আর হবে অসেচ এলাকায় খাজনা দু'গুণ।

[5-15—5-25 p.m.]

আপনি জানেন মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমাদের পশ্চিমবাংলায় যে ইরিগেশনের ব্যবস্থা করা হয়েছে এবং তারজন্য যে সমস্ত প্রজেক্ট করা হয়েছে—দামোদর প্রজেক্টই বলুন আর

ময়ূরাক্ষী প্রজেক্টই বলুন তাতে পেরিনিয়েল সোর্স অব ইরিগেশন নাই। অর্থাৎ ময়ূরাক্ষী কি দামোদর, তার জল পেতে গেলে বৃষ্টির উপর নির্ভর করতে হয়, বৃষ্টি হলেই দামোদর প্রজেক্ট এবং ময়ূরাক্ষী প্রজেক্ট থেকে জল যাবে সেচের জন্য। অতএব যে জায়গায় আপনারা পেরিনিয়েল সোর্সের ব্যবস্থা করতে পারেননি জলসেচ এশিওরড করতে পারেননি, সেখানে তিন গুণ জমির খাজনা বাড়িয়ে দেওয়াটা যুক্তিযুক্ত কিনা সেটা আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে বিবেচনা করতে বলি।

আর একটা জিনিষ বলা হয়েছে একই মৌজার ভিতর যদি কারও চার হেক্টার জমি থাকে তাহলে সেই জমির খাজনা তিনগুণ ছাড়াও সার-চার্জ দিতে হবে। আপনি স্যার জানেন, অর্থনীতিতে একথা বলে যে, বিভিন্ন জায়গায় জমি ছড়িয়ে না রেখে কমপ্যাক্ট এরিয়াতে যদি জমি রাখা যায় তাহলে চাষ করার সেখানে অনেক সুবিধা হয়। জলের সুবিধা, সারের সুবিধা, দেখাশুনার সুবিধা, মজুরী হারের সুবিধায় চাষ করা যায়। এই সমস্ত সুবিধা পায় যদি একটা কমপ্যাক্ট এরিয়াতে জমি থাকে। সরকারের যে বিধান তাতে ৪ হেক্টার জমি যদি একই মৌজার মধ্যে থাকে তাহলে খাজনা ছাড়াও তাকে সার-চার্জ দিতে হবে। তার মানে আপনারা চাষীকে প্ররোচনা দিচ্ছেন বিভিন্ন মৌজায় জমি ছড়িয়ে রেখে দিতে এই সার-চার্জের ব্যবস্থা করে।

তারপর আর একটা ব্যাপার দেখছি এই ফ্যামিলির সংজ্ঞা আপনারা করেছেন, সেটা হচ্ছে স্ত্রী, নাবালকপুত্র এবং অবিবাহিতা কন্যা নিয়ে একটা পরিবার গঠিত হবে। এখন আমার যদি একটা অসহায়া বিধবা বোন থাকে তাহলে তার ব্যবস্থা কি হবে? আমাদের অসহায় বিধবা বোন এক সঙ্গে থাকলে তার জমি কিভাবে গণ্য করা যাবে এবং তারজন্য যে খাজনা দিতে হবে সেটার কি ব্যবস্থা হবে? আমাদের বিশেষ করে যে সমস্ত মুসলমান সদস্য আছেন তাঁরা জানেন দাওয়াত সম্পর্কে—একটা প্রম্পট দাওয়াত আর একটা ডেফারাড দাওয়াত, স্ত্রীর সম্পত্তি এটা মিলিয়ে দিয়ে যে জিনিষটা হবে সেটা একটা ইনকনসিষ্টেন্ট হবে এবং মোহামেডান আইন অনুযায়ী এই আইনের বিধানে কোন কাজ করা যাবেনা। মোহামেডান ল হিন্দু কোড বিল এ্যামেণ্ড না করে এই আইন করলে একটি জটিলতার সৃষ্টি হবে এবং সেই জটিলতা সহজে মুছে যাবেনা। আমি এই সমস্ত কারণগুলি দেখিয়ে একথাই বলতে চাই যে পশ্চিম বাংলার চাষীর উপর যে ব্যবস্থা করছেন তাতে চাষীর উৎপাদন ব্যবস্থায়—ইন্‌সেনটিভ কমে যাবে, অধিক ফলানোর ইচ্ছা কমে যাবে যদি এই খাজনা বৃদ্ধি করা যায়। আপনি স্যার জানেন মজুরী বৃদ্ধির আন্দোলনের জন্য মজুরী বৃদ্ধি হয়েছে এবং সেটা সঙ্গতই হয়েছে। জিনিষপত্রের দাম যেভাবে বেড়ে চলেছে, দুবছর আগে যে পয়সায় মজুরী খাটত আজকে সে পয়সায় খাটলে আর তার সংসার চলছেনা। তাই মজুরী বৃদ্ধি সঙ্গতই হয়েছে। অন্যান্য জিনিসপত্রের দাম বাড়ছে। খোল ছিল ৭০ পয়সা, তার দাম আজকে ১.৩০ টাকা, কেমিক্যাল ফার্টিলাইজার এর দাম যেখানে ছিল ৭০ পয়সা, তার দাম হয়েছে ১.২০ টাকা। এইভাবে সারের দাম বাড়ল, চাষের মজুরী বাড়ল, অন্যান্য জিনিষের দাম বাড়ল, সঙ্গে সঙ্গে আজকে চাষীর উৎপাদন কমে যেতে লাগল, চাষী লাভবান হলনা। এই অবস্থায় যদি চাষীর উপর আবার করভার চাপে তাহলে সেটা সঙ্গত হয় কিনা সেটা মাননীয় মন্ত্রী মহাশয়কে চিন্তা করতে অনুরোধ করছি। চাষীর উপর এমনিতেই যে করভার আছে তার উপর আর করভার চাপাবেন না এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Ajit Kumar Basu:** মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, ভূমিরাজস্বমন্ত্রী এই বিল আনতে গিয়ে ভূমিকায় যে কথা বললেন তাতে আমরা যে একেবারে হতবুদ্ধি হয়ে যাচ্ছি। তিনি বললেন—গত অধিবেশনে কথা দিয়েছিলেন যে তিনি দেখে শুনে একটা ভাল বিল এ সম্বন্ধে নিয়ে

আসবেন। সেই বিল তিনি নিয়ে এসেছেন বটে একটা। তবে তাঁকে একটু মনে করিয়ে দিতে চাই যে কথাবার্তা চালান হয় তাঁর সঙ্গে,—তাঁকে আমরা বলি গত অধিবেশনে যে, ভূমি সংস্কার বিল এনেছিলেন তা পূর্ণাঙ্গ বিল নয়। অনেক জিনিষ তাতে বাদ পড়ে গেছে, অনেক লুপ্‌হোল তাতে ছিল—যেমন tank fishery ইত্যাদি। সেইজন্য সমস্ত অবস্থা বিবেচনা করে একটা পূর্ণাঙ্গ বিল এই সম্পর্কে নিয়ে আসার দরকার। সেই বিল তিনি এই অধিবেশনে আনবেন—এই রকম বুঝেছিলাম। এখন তিনি এই বিলটা এনে বলছেন—আমি বলেছিলাম বিল আনবো, তাই এই বিল এনেছি। এইটাই ফাইন্যাল কিনা জানিনা। আমি মনে করি ভূমিসংস্কারের ক্ষেত্রে আরো বহু জিনিষ বাদ পড়ে আছে, যে জন্য অনেক মাথা ঘামাতে হবে, অনেক চেষ্টা করতে হবে, অনেক বিচার বিবেচনা করার দরকার হবে। আজকে যেটা তিনি করছেন, এটা সাময়িক ব্যবস্থা—এই কথা বলে আমি একটা পুরানো কথা তাঁকে মনে করিয়ে দিতে চাচ্ছি। আগামী দিনে ভূমিসংস্কারের জন্য একটা পূর্ণাঙ্গ বিল প্রনয়ণের জন্য তাঁকে অনুরোধ জানাচ্ছি।

প্রথমতঃ এই বিলে ৪ কোটি টাকার কথা বলা হয়েছে। ঠিক ৪ কোটি টাকা কেন? আমাদের দেশে দীর্ঘদিন ধরে আমরা ৪ কোটি টাকা জমি থেকে আদায় করার বিরোধী। আমরা এই পদ্ধতিটা সঙ্গত বলে মনে করছিনা। এটা ঠিক কথা—সেন্টীমেন্টের প্রশ্ন ছেড়ে দিলেও আমাদের দেশে কৃষিতে যে টাকা লগ্নী করা হয়েছে, সেই টাকা যদি flow back না করে, তাহলে কৃষির উন্নতিতে বাধা হবে। এটা আমাদের দেশের বড় বড় Economist-রা বলে এসেছেন। আমরাও সেটা অস্বীকার করিনা। flow back চাই তাতে কোন ভুল নাই। এই কৃষি আগেকার দিনের একটা Structure-এর উপর দাঁড়িয়ে আছে। তার অদল বদল দরকার। তাকে আজ বর্তমান অবস্থার সঙ্গে খাপ খাইয়ে নিতে হবে, তারজন্য চাপ সৃষ্টি করতে হবে। flow back হোক—আরো টাকার সংস্থান হোক্—তাহলে নিশ্চয়ই আমরা তাঁকে সমর্থন করবো। কিন্তু কথা হচ্ছে—এই flow back কীভাবে হবে? এই flow back জিনিষটা কী? আপনাদের ৪ কোটি টাকার বড্ড বেশী দরকার, বলুন সেটা—আমরা দিয়ে দেব। কিন্তু কেন চাই? কোন উদ্দেশ্যে চাই? তার কোন্ পদ্ধতি আছে বলুন? চোখবুজে দিয়ে দেব। কিন্তু কিছুই তো ধরতে পারছিনা, বুঝতে পারছিনা। আপনারাও flow back চান। কিন্তু এই flow back করতে গেলে ভারতবর্ষের সমস্ত Economist-রাও একই কথা বলছেন—Agricultural Income Tax আপনাকে করতে হবে। সে কথাটা অবশ্য এখানে উঠছে না। তবে এই দাবী National Development Council থেকে উঠেছে—A. I. C. C. মিটিং থেকে উঠেছে—এবং আমাদের নিজস্ব বড় বড় জলসা থেকে উঠেছে যে Agricultural Income Tax বসিয়ে flow back চাই।

এগ্রিকালচ্যারাল ইনকামট্যাক্স-এর এখানে ফ্লোব্যাক প্রয়োজন। কিভাবে বসাবেন সে কথার আলোচনা হচ্ছে। এই ভূমিসংস্কার আইন নিয়ে ভারতবর্ষে আলোড়ন চলে যাচ্ছে। কালকে আমাদের শ্রদ্ধেয় সেন মহাশয় বলে গেলেন জমি নিয়ে টানাটানি করে কি হবে, এতে কি সমাজতন্ত্র আসবে? জানি না। আজকে অচল অবস্থা হয়েছে কংগ্রেসের মধ্যে যে সিলিং কমাতে হবে। এই সর্বনিম্ন ১০ একর থেকে আরম্ভ করে সিলিং করতে হবে। সেখানে নানা হল্লোড় আরম্ভ হয়ে গেছে। ভারতবর্ষে জমিকে কেন্দ্র করে নুতনভাবে ভাবনা নিয়ে সিলিং-এর ক্ষেত্রে আমরা কিছু এগিয়ে এসেছি। কিন্তু কিভাবে সেই সিলিং আসবে সেটা আমরা দেখতে পাচ্ছি না। এই নিয়ে এদিকে গেলে হবে না, ওদিকে গেলে হবে না এই গোলমাল আমরা বুঝতে পারছি না। একটা শক্ত মত নিয়ে দাঁড়ান। গোটা ভারতবর্ষের যে এগ্রিকালচ্যারাল ইনকাম ট্যাক্স তা মোটামুটি ফ্লো ব্যাক

সিসটেম কেন হবে না। এটা সম্ভব করতে হবে। আগামী বছরে কিছু টাকা কর হিসাবে নিয়ে গিয়ে করতে পারি। এই রকম একটা জায়গায় দাঁড়িয়ে এটা সফল করার ব্যাপারে কি আমরা একমত হতে পারি না? কথা হচ্ছে এগ্রিকালচ্যারাল ইনকাম ট্যাক্স দিতে হবে আমাদের দেশে কৃষিতে যতটুকু উন্নতি হোক সেই থেকেই ফ্লো ব্যাক করতে হবে। একথা সুব্রাহ্মনিয়াম, চ্যবন সকলেই বলছেন। রেভিনিউ সিসটেম ব্যাপারে ১০ বছর আগে কংগ্রেস মন্ত্রী শঙ্কর দাস বলেছিলেন যে রেভিনিউ তুলে দেওয়া হোক। দীর্ঘদিন ধরে আন্দোলন হচ্ছে, আলোচনা হচ্ছে বহু ইকনমিষ্ট বলছেন যে revenue system must go. এটা চলে যাওয়া উচিত। অনেকেই বলেছেন এ জিনিষ দীর্ঘ দিন ধরে। একটা ভুল অর্থনীতি—আমাদের দেশে জমির উপর চাপ দেওয়া হয়েছে—সেই অর্থনীতিকে সংস্কার করে সেখানে রেভিনিউ তুলে দেওয়া হোক। কংগ্রেস মন্ত্রীরা একবার চেষ্টা করেছেন আমরা দেখেছি। অথচ সেই সমস্ত কথা চলেই আসছে—আমি বলি কি, সে ব্যাপারে একটু বলিষ্ঠ হওয়া উচিত। মেনষ্ট্রীম হচ্ছে আগামী বছরে আমাদের টাকার প্রয়োজন সেটা আমরা বুঝতে পারি। এ ব্যাপারে আমরা অনেক কম প্রগতিশীল। উত্তর প্রদেশে রেভিনিউ সিসটেম তুলে দেওয়া হয়েছে। এটা লোক দেখানো ব্যাপার নয়। যেভাবে হোক মেনষ্ট্রীম জমিকে কেন্দ্র করে তার যে মূল ধারা সেই ধারার মধ্যে দাঁড়াবার কথা ভাবছে। আমি আশা করবো রেভিনিউ সিসটেম তুলে দিয়ে জমির সিলিং সম্বন্ধে যেন যে অসুবিধা সেটার কথা মন্ত্রী মহাশয় ভাববেন। আর একটা কথা বলবো। দীর্ঘ দিন ধরে জমিকে কেন্দ্র করে আমাদের দেশে যে আন্দোলন হয়েছে পৃথিবীতে এর আগে এই রকম এতবড় আন্দোলন আর কথনই হয় নি। এই ব্যাপক আন্দোলনে এই হারে মানুষ অংশ গ্রহণ করে যে নির্যাতন সহ্য করেছে তা পৃথিবীতে হয় নি। সেই থেকে কতকগুলি মূল কথা বেরিয়ে এসেছে। আমরা কিন্তু সেই মূল ধারা থেকে দূরে চলে আসছি। ল্যাণ্ড রিফর্ম কমিটি বলেছে ৫ একর জমির উপর কোন খাজনা দিতে হবেনা।

তাঁরা কি আপনাদের চেয়ে কম বুদ্ধিমান ছিলেন? আমরা তো মনে করি তাঁরা প্রাতঃস্মরণীয় লোক ছিলেন। কি মনে করেছেন আপনারা—তাঁদের কথার কি কোন দাম নেই? আমরা না হয় কৃষক আন্দোলন করি আমাদের কথা না হয় ছেড়েই দিন, কিন্তু তাঁরাও তো বলে এসেছেন যে ভারতবর্ষে ৫ একর পর্য্যন্ত জমির আমরা কোন খাজনা বা ট্যাক্স রাখবো না। এটা তো শুধু আমরা বলিনি, আমাদের দেশে জমিকে কেন্দ্র করে কিভাবে জনগণের কল্যাণ করা যায় যে কোন ধরনের লোক যাঁরা মানুষকে ভালবাসেন, যাদের মমতা আছে, সহানুভূতি আছে, সব ধরণের লোকই এই কথা বলেছেন যে ৫ একরের উপর খাজনা বা ট্যাক্স বসানো হবেনা 'আন ইকনমিক হোল্ডিং' এ। অর্থনৈতিক দিক থেকে আমরা জানি ছোট ছোট চাষী যারা চাষ করছে তাদের হাতে যদি এ্যাভেলেবল ইনফ্রাষ্ট্রাকচার না থাকে টু ম্যাকসিমাম প্রোডাকসান তাহলে সে চাষ করতে পারে না। কাজেই তাদের কাছ থেকে কিছু প্রত্যাশা করো না। অর্থনৈতিক দিক থেকে এটা ঠিক কথা। কুমারাপ্পা, তিনি মস্তবড় অর্থনীতিবিদ ছিলেন। কংগ্রেস এগ্রেরিয়ান রিফর্মস কমিটির চেয়ারম্যান, কাজেই সব দিক থেকে এটা বেরিয়ে এসেছে। চাষী যারা চাষ করবে আমরা তাদের কিছু দিয়েছি, কিন্তু আপনারা কি জানেন না যে উপর তলার যারা অর্থাৎ বড় রায়ত যারা বা ধনী চাষী যারা তারা আজকে বিভিন্ন পঞ্চবার্ষিকী পরিকল্পনা যেটুকু সুযোগ এনে দিয়েছে সেগুলি মনোপলাইজ করেছে? আমি যুগান্তর পত্রিকায় যে লেখা বেরিয়েছে সেকথা বলেছি। ব্যাঙ্কের লোন তারাই পাচ্ছে এবং সেই টাকা নিয়ে তারা শতকরা ৭০ টাকা সুদে বিক্রি কোবলা লিখে নিয়ে ঐ ১০।১৫ বিঘার যারা মালিক তাদের ধার দিচ্ছে। কাজেই যেটুকু লোন কৃষিতে লগ্নী করা হয়েছে

তার বেশীরভাগ উপরতলার লোকেরা পাচ্ছে। এটা শুধু আমার কথা নয়, এটা অনেকেই বলছেন। বসিরহাট মহকুমাতে বেড়াচাঁপা এবং দেগঙ্গাতে ব্যাঙ্ক থেকে টাকা ধার নিয়ে ধনী চাষীরা ১৫।১৬ বিঘা জমির মালিককে ধার দিয়ে তাদের জমি কিনে নিচ্ছে। কাজেই এইরকম পরিস্থিতি হয়েছে। অবশ্য কিছু লোক করে নিয়েছেন নানান কায়দা কানুন করে। আপনি শুনেছেন মন্ত্রীমহাশয় যে কংগ্রেস এগ্রেরিয়ান রিফর্মস কমিটি যেটা হয়েছে তারমধ্যে কুলাক লবি বলে একটা লবি হয়ে গিয়েছে। সেটা ধনী চাষীদের লবি। তারা আপ্রাণ চেষ্টা করছে কি করে সিলিং রোখা যায়। তারা চেষ্টা করছে তাদের ঘাড়ে যাতে চাপ না পড়ে সকলের ঘাড়ে সেটা ছড়িয়ে দেওয়া যায়। মন্ত্রীমহাশয় আপনারা অজ্ঞাতসারে সেই কুলাক লবির কাজ করে ফেলেছেন, আপনারা ফ্লো ব্যাক চান, কৃষি থেকে টাকা চান, আপনারা অন্ততঃপক্ষে দীর্ঘদিন ধরে যে কথাটা চলে আসছে বহু মানুষের কাছ থেকে বহু মানুষের অভিজ্ঞতার ভেতর দিয়ে যে ৫ একর জমির রেভিনিউ তুলে নিন, এটা বলা উচিত, কিন্তু আজকের পরিস্থিতিতে আমি বলব আপনারা তাদের উপর রেভিনিউ অন্তত বাড়াবেন না।

[5-35—5-45 p.m.]

কেন বাড়াবেন? বাড়ানোর এটিই কি একমাত্র যুক্তি যে ধানের দাম বেড়েছে? আপনি বললেন ধানের দাম বেড়েছে, কাজেই সে বেশী পাচ্ছে। জমির খাজনা ৩৫ বছর বাড়েনি, কাজই না বাড়লে চলবে কেন। বসে বসে এই কথা শুনছি ১৫ বিঘা পর্যন্ত জমির সব রকম ট্যাক্স খাজনা মকুব করতে হবে। জমি সব একেবারে বেরিয়ে আসবে। কাজেই আপনারা একটি দিকই দেখে চলছেন। কাজেই এই একটি দিক দেখে চলে আপনারা নানা রকম বিশৃঙ্খলা, বিপদের সৃষ্টি করছেন। বোল্ডলি সাহস করে বলা দরকার ছিল ১৫ বিঘা জমির উপর খাজনা ট্যাক্স রাখলাম না, ৯ বিঘা করেছেন ঠিক আছে, কিন্তু এটা আপনাদের করা উচিত ছিল। সেটা তো আপনারা বলেন নি, এটা বলা উচিত ছিল। আপনারা বলতে পারেন নি ঠিক কথা, কিন্তু অন্ততঃ পক্ষে সেখান থেকে আর বাড়াবেন না। এই যদি বাড়ান মেকসিফ্ট এ্যারেঞ্জমেন্ট, আমি আবার বলছি সেখান থেকে আপনারা বিচ্ছিন্ন হয়ে পড়ছেন এবং বিচ্ছিন্ন হয়ে একটা ভাল জায়গায় যেতে পারবেন না। জানি না কারা আপনাদের মাথায় এই সমস্ত জিনিস ঢুকিয়ে দিচ্ছেন, আমাদের মনে প্রচুর সন্দেহ আছে, আমাদের মনে প্রচুর আপশোষ এসে গেছে। কোথা থেকে আপনাদের সংগতি বেড়ে গেল দেখতে পাচ্ছি না, কোথা থেকে এই সমস্ত জিনিস ঢুকে পড়ছে জানি না। কাজেই এখন আমি আপনাদের কাছে আবেদন জানাবো যে ১৫ বিঘা জমিতে যেটা আছে সেটাই বজায় রেখে দিন, এটা আমি নীতিগত প্রশ্ন বলে মনে করি। শুধু নীতিগত প্রশ্ন নয়, এগুলি সেন্টিমেন্টের প্রশ্ন নয়, সাইকোলজির প্রশ্ন নয়, অর্থনীতির সংগতিপূর্ণ বলে এই কথাগুলি আমি বলছি। তারপরে আপনারা রেভিনিউ চাইছেন। এমনি যা আছে থাক। আমি রেভিনিউ বসানোর বিপক্ষে রেভিনিউ তুলে দেবার পক্ষে, ওর বদলে এগরিকালচারাল ইনকাম ট্যাক্সের পক্ষে। কিন্তু তবুও আমি মেক সিফ্‌ট এ্যারেঞ্জমেন্ট বলে মনে করি। আমি মোটামুটি এই কথা বলতে চাই যে ১৫ বিঘা পর্যন্ত জমির উপর ট্যাক্স খাজনা বাড়াবেন না এবং বাকি যেমন আছে তেমনি রেখে দিন এই অনুরোধ আবার করছি। মন্ত্রী মহাশয় একটু আগে বলে গেছেন যে আমাদের দেশে আজকে গড় খাজনা হচ্ছে একরে ৩.৮৭ পয়সা। আমার নিজের যা হিসাব আছে তাতে দেখছি সেটা ৪-এর কিছু বেশী। যাই হোক আমার হিসাবটা হয়ত ভুল হতে পারে। (শ্রীগুরুপদ খাঁ: আমাদের হিসাব কিন্তু ঠিক হিসাব।) আমার কাছে যে হিসাব আছে সেটা বলে

দিই। ষ্টেট এ্যাকুইজিসন এ্যাক্টের আগে একজন রায়ত গড়ে খাজনা দিতেন ৩·৩৭ পয়সা একরে, আর কোরফা রায়ত দিতেন ৭·২০ পয়সা এবং এই দুটির গড় করলে বোধ হয় ৪·৫০ পয়সা একরে দাঁড়ায়। এখানে আপনি বলছেন ১/৩ অংশ আর্থাৎ ৩ ভাগের এক ভাগ জমি বেরিয়ে যাচ্ছে। ১৷৷০ কোটি টাকা লোকসান হচ্ছে ঠিক এবং তার জন্য ৪ কোটি টাকা তুলতে হবে এটা একটুখানি ভেবে দেখুন। যুক্তফ্রন্ট সরকার তারা একটু আগু-পেছু করেছিল। আমি তখন বিধানসভার সদস্য ছিলাম না, কিন্তু তাদের আমরা বার বার পিছন থেকে বলেছি এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স চালু করুন, রেভিনিউ তুলে দিন। তারা মনস্থির করে মেক সিফ্‌ট এ্যারেঞ্জমেন্ট করলেন। তারা যে রেট করলেন সেটা নিশ্চয়ই মন্ত্রী মহাশয় জানেন যে, ঐ ৩ একর পর্যন্ত কোন কিছু নেওয়া হবে না, ৭ একর পর্যন্ত একদম বাড়ানো হবে না। আর ৭ থেকে ১০ একর পর্যন্ত ২৫ পারসেণ্ট খাজনা বাড়ান হবে। আর ১৫ থেকে ২০ একর, ১০ থেকে ১৫ একর ডবল এবং ১৫ থেকে ২০ একর সেটা ৩ গুন করার কথা যুক্তফ্রন্ট সরকারের সময় ভাবা হয়েছিল। তারপর আর একটা স্লাব আছে আমি সেটা পড়ছি না। সেখানে আর একটি স্লাব আছে আপনি ঠিক বলেছেন। সেখানে কিন্তু একটা জিনিষ ভাবা হয়েছিল, আমরা ঐ ভাবেই ভাবতে অভ্যস্ত। গোটা ভারতবর্ষ ঐ ভাবে ভাবছে, আপনারাও ভাবুন আমার এই আবেদন আপনাদের কাছে। সেটা হচ্ছে এই যে ৩ থেকে ৭ একর পর্যন্ত কিছু করা হবে না। আপনারা যুক্তফ্রন্ট সরকারের কথা বললেন, সে জন্য বলছি সেদিন ভাবা হয়েছিলো যে ৩ থেকে ১০ একর পর্যন্ত কোন খাজনা বাড়ান চলবে না। তারপর সেটাকে ৪ গুন পর্যন্ত নিয়ে যাওয়া হয়েছিলো। আমি জানি না এটা স্থায়ী ব্যাপার কি অস্থায়ী ব্যাপার। আপনারা যদি এই ভাবে করেন তাহলে সব চেয়ে ভাল হয়। কেন না, আমার বিবেক খোলা এবং ফাঁকা আছে। আমরা নিম্নমধ্য চাষী, ১৫ বিঘার মালিক আন-ইকোনমিক হোল্ডিং এর মালিক, নিম্নমধ্য চাষী তারা যাতে প্রোডাকশান ম্যাকসিমাইজ করার কোন অসুবিধা না হয় তার জন্য তাদের উপর কোন চাপ সৃষ্টি করছি না। এই কৃষক সাধারণ অল্প কয়েকজন লোক ছাড়া আর সকলকে অত্যুক্ত না করে মোটামুটি নির্বিবাদে যাতে চাষআবাদ করতে পারে তার ব্যবস্থা করে দিচ্ছি। কিছু উপর তলার লোক তারা আজকে বিভিন্ন প্রানে সুযোগসুবিধা পাচ্ছে, যাদের অনেক বেশী জমি, যারা বিশেষভাবে এই ফসলের দরবৃদ্ধির সুযোগ পাচ্ছে। আপনারা জানেন না, অল্প জমির মালিকরা সেখানে কি বাজারে ধান বেচতে যান, সেতো সবই খেয়ে শেষ করে দেন। ধানের দাম বাড়ানোর ভিতর দিয়ে তার নিজস্ব অর্থ প্রাপ্তির সুযোগ নেই। কাঁচা ধানের দাম বাড়ছে এই যুক্তি আপনারা দিয়েছেন, কিন্তু নিম্ন মধ্য চাষী, গরীব চাষী সে বাজারে ধান বেচতে যায় না, সে যা পায় তা সে খায় তাছাড়া বাজার থেকেও তাকে কিনতে হয়। ধান বেচে যারা লাভ করছে তারা অনেক বেশী জমির মালিক, আপনারা তাদের ধরুন এবং তাদের ধরবার কথা আপনারা বলেছেন, কিন্তু সেটা বলেছেন অত্যন্ত দুর্বলভাবে। অর্থাৎ ২ গুন, ৩ গুন খাজনা বাড়িয়ে দেবার কথা বলেছেন। এটা কি রকম কথা, এই যে ৩ একর জমির থেকে ২৫ একর পর্যন্ত জমির মালিকরা সকলেই এক ফ্লাট রেটে খাজনা দিয়ে যাবে। এটা আজকের দিনে চলে না। এই প্রসংগে আমি একটা কথা বলতে চাই, ডঃ দত্ত ডাইরেক্টর অব এগ্রিকালচার, তিনি একটা কথা বলেছেন অবশ্য আমার সামনে বলেন নি কাগজে পড়েছি, তিনি বলেছেন যে স্যালো টিউবওয়েল বা লিফ্‌ট ইরিগেশান মারফত যেখানে চাষের ব্যবস্থা হয় সেখানে একর-এ একজন চাষী বছরে ১৫ শত থেকে ২ হাজার টাকা আয় করে। আর যেখানে ইরিগেশান ফ্যাসিলিটি নেই, যেখানে এইসব জিনিষ নেই, সেখানে মোটামুটি ১৫০ থেকে ২০০ শত টাকা আয়। এদের সব অভিজ্ঞ লোক বলে মনে করি, এখানে ইরিগেটেড আর নন-ইরিগেটেড জমির উৎপাদন এতখানি তফাৎ। আর ইরিগেশান মন্ত্রী কালকে বলেছেন যে আমাদের দেশে বড়জোর ২০ পারসেণ্ট অব ল্যাণ্ড ইরিগেটেড। কাজেই আপনি যদি ইরিগেটেড

এলাকায় বেশী করে ট্যাক্স করেন আর নন-এরিগেটেড এলাকায় কম করে ট্যাক্স করেন যেহেতু ইরিগেটেড আর নন-ইরিগেটেড এলাকার চাষীদের আয়ের মধ্যে একটা বিরাট তফাৎ আছে তাহলে একটা সামঞ্জস্য রেখে কাজ করতে পারে। কিন্তু ফ্লাট রেটে সকলকে বাড়িয়ে দিলেন এবং নন-ইরিগেটেড এলাকার সকলকে ডাবল করে দিলেন। সকলকে ডাবল করা চলেনা বলে মনে করি। আর যেখানে পুরুলিয়া জেলার কথা বলেন, কোথাও থাকে কাঁকর মাটি, বাঁকুড়ার বেশীর ভাগ জায়গায় কাঁকর মাটি, তারা কোথা থেকে এই জমির উদ্বৃত্ত অর্জন করবে এবং কি করে এই অতিরিক্তটা দেবে, আবার চাষীরা পুঁজি ওখান থেকে সংগ্রহ করবে।

[5-45—5-55 p.m.]

অতিরিক্ত চাষের পুঁজি ওখান থেকে সংগ্রহ করবে, ওদের পুঁজি তো সত্য সত্য গভর্ণমেণ্ট খুব বেশী সাপ্লাই করতে পারছেন না, তাদের নিজেদের জোগাড় করতে হচ্ছে। বেশীর ভাগ চাষীকে বিক্রি করে বা বন্ধক দিয়ে জোগাড় করতে হচ্ছে। আর কিছু সৌভাগ্যবান চাষী যারা আছেন. তারা ভাগ থেকে বাঁচিয়ে, মোটামুটি কোন রকম না খেয়ে, না পরে, সংসারকে মেরে, তা থেকে চাষ করছেন। সেই জন্য চাষবাস ভাল হচ্ছে না। কাজেই এই যে ইনফ্রাকস্ট্রাকচার, এটা যদি বজায় রাখতে হয়, এটাকে যদি ক্ষতিগ্রস্থ না করতে চান, তাহলে ইরিগেটেড এবং নন-ইরিগেটেড এলাকার আয়ের মধ্যে যে একটা ফারাক থাকছে, সেটা আপনাদের নজরে রাখা উচিত ছিল। সেটাও আপনাদের নজরে পড়েনি। যাহোক আমার মনে হয় তবুও আমাদের দেশের এগ্রিকালচার থেকে যতটুকু ডেভলপ হয়ে থাকুক, সেটা ফ্লো ব্যাক হচ্ছে। আমার মনে হয় যে এগ্রিকালচার তার তলায় ১৫ বিঘা পর্যন্ত ছাড় দিয়ে ওপরে যারা থাকবেন তাদের এলাকার উৎপাদনের সঙ্গে হিসাব রেখে, তাদেরও ইরিগেটেড হোক বা না হোক, তাদেরও ফ্লো ব্যাক যাতে হয় তারজন্য কনট্রিবিউশন করতে হবে। কিন্তু এই রকম একটা অসম জিনিস, এই নীতি আমাদের দেশের মধ্যে কাউকে ফাংশান করাতে পারা যাবে না। অনেকেই বলছেন যে ইমেজ চলে গেল, সত্যই অনেকের মনে হবে। এই খাজনা বন্ধ আন্দোলন বাংলাদেশে অনেক বড় জিনিস। কাজেই খাজনার কথা শুনলেই তো বহু মানুষ আন্দোলন করতে আসবে, তারা উত্যক্ত হয়ে উঠবে, সত্যই তো এর মধ্যে দিয়ে ইমেজ যায়। এই খাজনার নাম করে অনেক অনর্থ আমাদের হয়েছে এবং সেই অনর্থকে রোখবার জন্য আমাদের দেশে অনেক লোককে বহু ত্যাগ স্বীকার করতে হয়েছে। এই খাজনা কথাটাই চাষীর কাছে গরম শীসে ঢেলে দেবার মত শোনায়। কাজেই এই খাজনা খাজনা করছেন কেন? ফ্লো ব্যাকের কথা ভাবুন, এর জন্য ভাল ভাল ব্যবস্থা করুন, ভাল ভাল প্রোগ্রাম তৈরী করুন। মোটামুটি একটা জিনিষ আছে, তবু আজকের পরিস্থিতিতে আমি খাজনা প্রথার বিরোধী হলেও, আমার মনে হয় ফ্লো ব্যাক হওয়ার দরকার ১৫ বিঘার পর। কিন্তু ১৫ বিঘা আপনাদের রেয়াদ দিতে হবে এবং সংগে সংগে এই কথাও বলছি যে অল্প কিছু জায়গা ছাড়া বেশীর ভাগ জায়গায় আমাদের দেশের গ্রামাঞ্চলে কৃষি কাজের ভেতর দিয়ে একদল লোক আগেকার দিনের চেয়ে বেশী পরিপুষ্ট হয়েছে, এটা অস্বীকার করে লাভ নেই। আমরা পাইকারী সকলের হয়েই এটা বলবো। সে একসময় বলতাম ৫০।৬০।৭০ বিঘা জমির মালিক খাজনা বন্ধ করার আন্দোলন করতেন। আমরা সেই আন্দোলনে ছিলাম, সেই যুগ চলে গেছে। আজকের দিনে মোটামুটি তলায় মানুষ যে নিজেদের প্রায়ে ভর দিয়ে দাঁড়াতে পারছে না, তাদের হয়ে বলছি, তাকে সাহায্য করার কথা বলছি। আজকের দিনে বিশেষ বিশেষ অবস্থার ভিতর দিয়ে বিশেষ বিশেষ প্যাট্রনেজের ভিতর দিয়ে ওপরতলার একদল লোক যে কোন ব্যাপারেই হোক যে পুষ্টি লাভ করছে, সেখান থেকে আপনারা সবার কথা ভাবুন। সেখান থেকে আপনারা ফ্লো ব্যাকের কথা ভাবুন।

তা যদি না ভাবেন তাহলে আমার মনে হয় মারাত্মক ভুল করা হবে। ঐ কথা আবার মনে করিয়ে দেবো যে যেন স্কিম থেকে আপনারা বিচ্ছিন্ন হয়ে পড়বেন, কাজেই এখানে যে চার্ট আমরা রেখেছি, সেটা হচ্ছে এই যে সারচার্জ, এটা ওপর থেকে আদায় করুন, হয়তো কিছু লোকের উপর একটু বেশী চাপ হয়ে যাবে, কিন্তু একটা প্রিন্সিপল এর উপর দাঁড়ান। শেষে আমি যেকথা বলতে চাই সেটা হচ্ছে—এটা কি ব্যাপার আমি বুঝতে পারছি না যদি একটা মৌজায় আমার এত জমি থাকে, তার সারচার্জ নেবো, এবং তার পাশের মৌজায় সেই লোকটার যদি আর কিছু জমি থাকে সেটাকে আমরা সারচার্জের আওতায় আনবো না। একটা মৌজায় যদি একটা লোকের ৩০ বিঘা জমি থাকে তাহলে সেটাকে আমরা সারচার্জের আওতায় আনবো, কিন্তু যদি দুটো মৌজায় ৩০ বিঘা জমি থাকে তাহলে সেটাকে সারচার্জের আওতায় আনা হবে না, এটা কোন দেশী ব্যাপার, এটা আমি কাকে বোঝাতে যাবো? কে বুঝবে এটা? এটাতো ছেলে মানুষী যুক্তি, কাকে এটা বোঝানো যাবে, আমি তো এটা বুঝতে পারছি না। কাজেই একটা পরামর্শ আমরা আপনাদের কাছে রেখেছি, আপনি বলেছেন ১০ নং ফর্ম চাওয়া হলে কেউ হিসাব দিল না, আমি বলছি হিসাব লোকের কাছ থেকে আদায় করতে পারা যাবে। কিছুদিন আগে এখানে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলতে শুনেছিলাম যে যারা জমি লুকোবে তাদের আমরা মিশায় দেবো। একটাকেও দেননি আজ পর্যন্ত। যারা জমি লুকোবে, বাংলাদেশের প্রত্যেক জেলা থেকে তিন জন করে লোককে মিশায় দিন, তাহলে দেখবেন সকলেই জমির হিসাব দেবে, এবং জমির হিসাব দিলে আপনাদের তো কোন অসুবিধা হবে না। লোকের জমির হিসাব কেন পাচ্ছেন না? আমাদের গভর্ণমেন্টের পিছনে এত বড় গণ সমর্থন রয়েছে, অথচ সেই গভর্ণমেন্ট জমির হিসাব চাষীদের কাছ থেকে আদায় করতে পারে না, রায়তদের কাছ থেকে আদায় করতে পারে না এই কথাটা স্বীকার করতে অসুবিধা হচ্ছে। এক একটা মৌজায় ৩০ বিঘা করে জমি আছে এবং তাদের বলে দিন তাদের সমস্ত জমির হিসাব দেয়ার জন্ম।

**শ্রীসত্য বাপুলীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ভুমি-সংস্কার আইন-এর আমাদের এই প্রগতিশীল সরকারের ২য় বিলটা সম্বন্ধে আমি কিছু বলতে চাই। জমিদারী উচ্ছেদ হবার পর ভূমিসংস্কারের ক্ষেত্রে খাজনার যে পুনঃবৃদ্ধি হচ্ছে সেই সম্বন্ধে বলছিলাম যে, আমরা ভূমিসংস্কারের নানান দিকে এগিয়ে গিয়েছি, কিন্তু আমরা এক দিকে এখনও লর্ড ক্লাইভএর আমলেই পড়ে আছি, সেটা হলো খাজনা। সুতরাং আমাদের আজ চিন্তা করতে হবে প্রগতিশীল সরকারের উন্নয়নমূলক কাজে এবং দেশের মানুষের জন্ম আমাদের কি করণীয় আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আজকে এই বিল, এর মধ্যে রয়েছে আমাদের ফিনান্স মিনিষ্টার যে বক্তব্য রেখেছেন তাতে দেশের উন্নতির কথা, দেশের প্রগতির কথা, দেশের শান্তির কথা এবং সমৃদ্ধি সম্পর্কে আমরা খুব ভালভাবে বিবেচনা করছি। আর এখানে দেখছি বিভিন্ন সদস্য বক্তৃতা রাখছেন, কিন্তু একটা কথা আজকে এই বিলের মধ্যে নিশ্চয়ই বলার প্রয়োজন আছে, সেটা হচ্ছে কয়েকদিন আগে আমাদের মাননীয় সদস্য বিশ্বনাথ বাবু, তিনি আমাদের এখানে ভাগচাষী উচ্ছেদ হচ্ছে বলে বক্তৃতা রাখলেন। আমি জানি না সেই সম্বন্ধে আমাদের কোন উপায় হচ্ছে কি না? তবে এই বিষয়ে আমরা নিঃসন্দেহ যে এই প্রগতিশীল সরকার ভাগচাষীদের উচ্ছেদ বন্ধ করবার জন্ম নানারকম আইন করে আমাদের ভাগচাষীদের রাইটস্, ডিউটিস এণ্ড অবলিগেশন-এর যত রকম প্রটেকশন দেওয়া যায় আইনের মাধ্যমে দিয়েছেন। কাজেই আবার একটা কথা হচ্ছে আমাদের দেশের ভুমি সংস্কার সব চেয়ে বড় এবং সবচেয়ে বড় এবং সবচেয়ে পুরানো ব্যাপার। আমাদের স্বর্গীয় প্রধান মন্ত্রী পণ্ডিত জহরলাল নেহেরু অ্যানীভল ইণ্ডাষ্ট্রির উপর খুব বেশী ঝোঁক

দিয়েছিলেন এবং ইণ্ডাষ্ট্রিস তখন ছিল প্রাইমারী লক্ষ্য আর এ্যাগ্রিকালচার ছিল সেকেণ্ডারী ব্যাপার। সেই সময় আমরা শিল্পে অনেক উন্নতি করেছি, কিন্তু এ্যাগ্রিকালচারের দিকে আমরা অত্যন্ত পিছনে চলে গিয়েছি। তবে আজকে আমাদের প্রগতিশীল সরকার চিন্তা করছেন এবং চিন্তা করে ঠিক করছেন, কি করে ভূমিসংস্কার আমরা কার্য্যে রূপায়িত করতে পারি। শুধু কাগজে কলমে নয় ভূমিসংস্কার নিয়ে আমরা দেখতে চাই ভাগচাষীদের উচ্ছেদ বন্ধ হয়েছে এবং সেচ ইত্যাদির সুষ্ঠু ব্যবস্থা হয়ে দেশের উন্নতি হয়েছে। আজকে ফিনান্স মিনিষ্টার যে বক্তৃতা রেখেছেন তা থেকে আমরা দেখতে পাচ্ছি, পশ্চিম বাংলার খাজনা সবচেয়ে কম। মহারাষ্ট্রে ১৬ টাকা ৭০ পয়সা, তামিলনাড়ুতে ১১ টাকা ৭৮ পয়সা, অন্ধ্রে ১৭ টাকা ৩৩ পয়সা, আর পশ্চিম বাংলায় ৪ টাকা ৫০ পয়সা। করভার বাড়ান নিশ্চয়ই উচিত নয় এটা সকলেই আমরা স্বীকার করি।

( এই সময় লাল আলো জ্বলিয়া উঠিল )

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে আর একটু সময় দিন, তা নাহলে আমার পক্ষে বক্তব্য রাখা সম্ভব নয়। আমি আরও ৫ মিনিট সময় চাচ্ছি তা নাহলে আমার অসুবিধা হবে। আমি যা বলতে চাইছি সেটা আমার বলা হলো না।

[5-55—6-05 p.m.]

স্যার, আপনার কাছ থেকে আমি কিছু সময় চেয়ে নিচ্ছি এবং আশা করি আপনি আমাকে সময় দেবেন। আমাকে ১৫ মিনিট সময় দেয়া হবে বলে আমার party থেকে বলা হয়েছিল। কিন্তু জানিনা কেন অল্প সময় দেওয়া হয়েছে। যাহোক, আজ যে ভূমি সংস্কার করতে যাচ্ছেন, আইন প্রণয়ন করছেন, তার জন্য কয়েকটা ধারা অত্যন্ত পরিস্কারভাবে দেওয়া হয়েছে। গত ২ বার দুটো যুক্তফ্রন্ট আমলে আমরা ভূমি সংস্কার কিছু করতে পারিনি। এবার আমরা তা করছি। এবার আমরা একটা ধারা পরিবর্ত্তন করে যে সমস্ত জমি যুক্তফ্রন্ট আমলে জোর করে দখল করা হয়েছিল, সেগুলি উদ্ধার করার চেষ্টা করছি। আজ জমির উপর যে অস্থিরতা এর জন্য দায়ী হচ্ছে আমাদের রাজনৈতিক কাঠামো পরিবর্ত্তনের মধ্যে দিয়ে কোন স্থিতিশীলতা আসেনি। ভাগচাষী উচ্ছেদ নিয়ে অনেকে বলেছেন। কিন্তু তারা দেখেননি যে যুক্তফ্রন্ট আমলে কমরেডরা ২।৩।৪ বিঘা জমির মালিক যে ভাগচাষী তাকে জোর করে তার জমি থেকে উচ্ছেদ করে দিয়েছে। সে সময় জবর দখল করে চাষ করা হচ্ছিল। তাকে যদি ভাগচাষী উচ্ছেদ বলা হয় তাহলে ভুল হবে। ভাগচাষী বলতে recorded ভাগচাষী হবে। বহু ভাগচাষী আছে যাদের 'record করা হয় না, কোন রসিদ দেওয়া হয় না আমার সংগঠনের দিক থেকে লক্ষ্য রাখছি বর্গাদারদের যে সমস্ত protection দেওয়া হয়েছে তা পালন করার জন্য আমাদের যেসমস্ত কর্মী আছেন, M.L.A. আছেন—আমরা দৃঢ় সংকল্প হয়ে সরকারী সেই আইনকে কার্যকরী করব। আমাদের সুন্দরবন অঞ্চলে যে সমস্ত জমির কর বৃদ্ধির প্রশ্ন উঠেছে তাতে এটা স্বীকার করি যে আমাদের কর বৃদ্ধির যেমন কোন যুক্তি নেই, তার সঙ্গে বলব বৃদ্ধি করারও প্রয়োজন আছে। আমরা অনুরোধ করব যে সুন্দরবন অঞ্চলে সেচ ব্যবস্থা করা হোক এবং ফসল বাড়লেই নিশ্চয় মানুষ তখন বর্দ্ধিত হারে খাজনা দেবে। এইসঙ্গে বলব যে Jute Industry, চা শিল্প এবং Coal Mines-কে Nationalise করা দরকার। এই বলে আমি শেষ করছি।

**Shri Kumar Dipti Sengupta :** Mr. Deputy Speaker, Sir, it is a timely Act at a very timely moment necessitated because of a massive victory by a Party which is wedded to socialism, and that to because of the necessities of time.

Now, Sir, it is quite evident that not a single poor person has been touched by this new type of revenue collection. It is quite clear that only those who are wealthier sections, who belong to the rich category, it would be just applicable to them. Now, Sir, I can tell you and I can quote to you from different times, from different authors, that whenever new imposition of taxes was there it was just a question of class struggle and class antagonism.

Sir, I can very well understand the anxiety of Mr. Mahanty who represents organisational congress, the congress of Mr. Morarji Desai, the congress of Mr. Patil which has been rejected by the people outright. It is the class consciousness and from that angle it has got to be looked into. We are to understand what do we mean by the word "property"; we are to understand what do we mean by the words "progressive taxation?" Now, Sir, so far as property is concerned, it is known to you that in primitive and ancient times there was none who owned property. It was just a case of enjoyment by herds and clans. Now, as a matter of fact in the Indian National Congress organ which is known as, "Socialist India" No. B, Indira Gandhi Number, dated 20th November, 1971, we find a clear analysis regarding property and from this aspect we are to look into the matter "How did the individual first acquire property? We need not go so far back as to find the early origins of property. At some point of time property either belonged to herd or tribe. It was not owned by any one. Later the individual acquired it somehow. When rights to property came to be recognised among the individuals how much in terms of money or otherwise did the individual or his ancestors pay for it? If he or his ancestors did not pay for it in money, how else did he or his forbears come to own that property? The unearned increase in the value of that property arising out of inflation in currency, the outgrowth of population, the general law of supply and demand, have each had an influence on the value of property." Since then there is no doubt about the fact that there has been an increase in the price of the property, the consequent logic will be increase in the revenue.

Now let us see what was the progressive taxation as we understand under the rules. In the book entitled "Essays in Taxation" as I find, progressive taxation has been defined like that and we, a progressive party, who speak of Garibi Hatao, who speak of socialism, are to conform to this standard. I quote from 'Essays in Taxation' by Mr. Edwin R. A. Seligman, "Taxes are progressive when their increase is more than proportional to the increase of the property or income taxed, i.e. when the rate itself increases of the property. Taxes are regressive when the rate increases as the property or income decreases.". So far as this taxation is concerned, there is clear finding, there is clear order and there is clear mandate that those poor and untrodden who do not get a pie to eat, a shirt to wear. good roads to cross will be left untouched, and there lies the question that it is the most progressive taxation which we have ever seen in the floor of this Assembly. Shri Hare Krishna Konar was a loud champion so far as progressiveness and question of assisting and helping the poor were concerned and even he could not dare make a legislation like this, because it would invite criticisms from the wealthier section and therein lies the success of Shri Gurupada Khan, our Minister, and hats off to him.

So far as the question of criticism is concerned, I can tell you that this is the law and this is the position which are coming from all times. Always

the moneyed section, the capitalist section, and the wealthier section are very loud when taxations are made and this is not from to-day. Even in the American Congress in 1970 a Member who spoke for the poor lamented like this that because the political power is with the rich and capitalist, "the time will come when the poor man will not be able to wash his shirt without paying a tax."

[6-05—6-15 p.m.]

That means the rich will never be taxed ; they will never perform their duties and obligations. Now, Sir, let us see what is the position in the Soviet Financial system. In the Soviet Union there is collective farming—and mind you, Sir, the Soviet Union is a country where bread is free—and the taxation in the year 1950 was 254 million rubbles, and in the year 1965 it increased to 157 million rubbles, i.e. more than four times within a span of 15 years. Now, let us see, Sir, what was the taxation in our own country. Sir I find here from "Indian Finance" written by Dr. P. N. Banerjee, Ex-Vice Chancellor of Calcutta University, that in the olden times the Hindu kings realised one-sixth of the taxes. The Mahommedan rulers often demanded a higher proportion, the exact shares being governed by custom and determined by practical and theoretical considerations. Sir, in the year 1771, the taxation at Murshidabad was Rs. 1 crore 57 lakhs. Within these two hundred years since then—West Bengal is today having a revenue of about Rs 4 crores leaving out the 9-bigha plot of land—we have not yet reached the standard of two and a half times though the value has reached at least four thousand times. So, in comparison to Russia and in comparison to our own country, I beg to submit that this is a most negligible amount. It will be negligiable in view of the fact that 57 percent of the people are landless and only 43 per cent are holding land. Out of that, 67 per cent will not be covered because of the exemption up to 9 bighas. Only 32 per cent—a negligible portion—will be affected and we should not shed tears for them. But, Sir, one thing is to be borne in mind. All these taxes and all these collections must be utilised for the villagers because the villagers need your help. People are restive. If you do not do something for the people, the economy of the country and the fate of the nation will be doomed for ever.

**ডঃ জয়নাল আবেদিন :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের ভূমি রাজস্ব মন্ত্রী আজকে যে বিল এই হাউসে উত্থাপন করেছেন আমি একে মোটামুটি সমর্থন জানাচ্ছি এবং মোটামুটি সমর্থন জানিয়ে অনেক বন্ধু সদস্য এখানে তাঁদের বক্তব্য রেখেছেন এবং অনেক বন্ধু এমন একটা লাইন নিয়েছেন সমর্থনও নয় বিরোধিতাও নয়, এই কারণে এই আলোচনায় হাউসে অত্যন্ত উত্তেজনার সৃষ্টি হয়েছে এই আইনকে কেন্দ্র করে। আমাদের বন্ধুবর বারি সাহেব তিনি অত্যন্ত উত্তেজিতভাবে একাধিকবার বলেছেন যে এই আইন বন্ধ করুন, কিন্তু বিকল্প তিনি কোন পথ দেখান নি। আজকে অনিবার্য কারণে পশ্চিমবঙ্গ সরকারের উপর যে দায় দায়িত্ব এসে পড়েছে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যদি ড্রট না হত, রিলিফ এবং এ্যাডভান্সের জন্য যদি অধিক ব্যয় না করতে হত তাহলে এই আইন আনার প্রয়োজন হত না। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় দেখিয়েছেন যে প্রগতিশীল সরকার জনকল্যাণের প্রতিটি বিভাগে উল্লেখযোগ্যভাবে ব্যয় বৃদ্ধি হয়েছে এবং মেজর শেয়ার গ্রামের দিকে প্রবাহিত করা হয়েছে সাধারণ মানুষের কল্যাণের জন্য।

গ্রামের দিকে প্রবাহিত করা হচ্ছে সাধারণ মানুষের কল্যাণের জন্য। আজকে যেখানে আশ্রয় দরকার, অর্থের সোর্স দরকার, আমরা খুঁজে দেখছি রিজনেবল এরিয়ায় ট্যাক্সেসন, রিজনেবল স্কোপ অব ট্যাক্সেসন অনুসন্ধান করে এই তিন মাসের মধ্যে অধিক অর্থ সংগ্রহের জন্য রাজ্য সরকারের এমন একটা লিগাসি পেয়েছি দ্যাট ইজ এ ব্যাঙ্কক্রাপ্ট লিগাসি।

আজকে সেই অবস্থাকে শক্ত করার জন্য যে যে খাতে কর ধার্য করা সম্ভবপর রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছেন এই তিন মাসের মধ্যে। কোথাও এই কথা বলা নেই যে এর পর ব্যবস্থার পরিবর্তন হবে না, বৃদ্ধি হবে না, কিংবা সংকুচিত হবে না। একথা কি মনে করবার প্রয়োজন আছে। আজকে এই তড়িৎ গতিতে অধিক অর্থ সাশ্রয়ের জন্য এই ব্যবস্থা নেয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন ১৭৯৩-এর পর পার্মানেন্ট সেটেলমেন্টের পর বহু গোলমাল হয়েছে ল্যাণ্ড ট্যাক্স বৃদ্ধি নিয়ে, জমির খাজনা বৃদ্ধি নিয়ে। ১৯৩৭ সালের পর আর কোন বৃদ্ধি হয়নি। আপনি মোটামুটি একটা হিসাব যদি দেখেন, সেদিন ল্যাণ্ড প্রডিউসেসের যে মূল্য ছিল আজকে তা কতগুণ বেড়েছে? সেদিন প্রিমিটিভ, প্রাক্ ঐতিহাসিক যুগে বদ্ধ সংস্কারের মধ্যে সায়েন্স এবং টেকনলজির অ্যাপ্লিকেসন নেই। আমাদের ভূমি রাজস্ব মন্ত্রী সেদিকে ইঙ্গিত করেছেন, আজকে অধিক প্রযুক্তি বিদ্যা এবং বিজ্ঞানের ফলে কৃষিক্ষেত্রে সঙ্গতিসম্পন্ন চাষীরা যে বিপ্লব করতে পেরেছেন, সবুজ বিপ্লব করতে পেরেছেন এই সেকসনের উপর যখন ট্যাক্সেসন—আমি বুঝতে পারলাম না, কিছু বন্ধু ভুল বুঝে সরাসরি এর বিরোধিতায় নেমেছেন, মানসিকতায় সাইকোলজি, ট্যাক্সেসনে ডাইরেক্ট ট্যাক্সেসন এলেই যাদের উপর আসে রিজনেবল হোক, জাষ্টিফায়েড হোক, লজিক্যাল হোক, একটা চিৎকার হয়। আমরা দেখেছি কায়েমী স্বার্থ নিজেদের এজেন্ট সৃষ্টি করে এর প্রতিবাদ করতে থাকে। বহু জায়গায় আমরা দেখেছি বহু প্রগতিশীল আইন বানচাল করার জন্য এই অপচেষ্টা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৪৭ সাল থেকে, ১৯৫২ সাল থেকে ১৯৬৭ সাল পর্যন্ত কংগ্রেসের ক্ষমতায় যারা ছিলেন তার ভেসটিচুয়াল রেসিডিউ ওদিকে দুজন বসে তাদের লেলিয়ে দিয়েছেন এবং সমস্ত প্রগতিশীল ব্যবস্থার, দেশ স্বাধীনতার আগে কংগ্রেসের গদীতে যারা বসেছিল যারা সাধারণ মানুষের কল্যাণ করবে, বৃহৎ স্বার্থকে খর্ব করবে তা যারা বানচাল করেছিল তাদেরই একটি দুটি মানুষ, একটি দুটি সদস্য আজকে রিপ্রেজেন্ট করছে, আমি মনে করিনা এই একটি দুটি সদস্য মাসটিপ্ল্যায়েড হতে পারে। অর্থাৎ যেখানে ক্ষীণ কণ্ঠস্বর ওঠার কথা ছিল সেখানে আমরা দেখছি যে প্রগতিশীল ট্যাক্সেসন ব্যবস্থাকে আজকে বিরূপ সমালোচনা করা হচ্ছে। আপনি জানেন আমাদের এখন যে ট্যাক্সেসন আদায় হয়, সংক্ষেপে বলতে গেলে ল্যাণ্ড রেভিনিউ ডিমাণ্ড, এই ল্যাণ্ড রেভিনিউ থেকে ৫ কোটি টাকা এবং আমরা যে আইন করেছি যে আইন ইমপ্লিমেন্ট করতে এই সরকার বদ্ধ পরিকর, তিন বিঘা পর্যন্ত জমির মালিকের খাজনা বাদ দিলে আমরা এক কোটি ৩৩ লক্ষ টাকা মুকুব করছি। আমাদের পাওনা থাকছে ৩ কোটি ৬৭ লক্ষ টাকা। এই তিন কোটি ৬৭ লক্ষ টাকা। এই তিন কোটি ৬৭ লক্ষ টাকা মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী যে বিল ইনট্রোডিউস করেছেন তাতে ডবল যদি হয়, ডবল হলে আমাদের আরো তিন কোটি ৬৭ লক্ষ টাকা আসতে পারে। কারণ আমরা তো তিন একর পর্যন্ত জমির কোন খাজনা নিচ্ছি না। এটা যোগ করলে আরো ৩ কোটি ৬৭ লক্ষ টাকা আসতে পারে। আপনি জানেন এখানে ইরিগেটেড এরিয়া মাননীয় সাত্তার সাহেবের দপ্তরে অ্যাবাউট ২০ লক্ষ একর ক্যানেল ইরিগেসনে হচ্ছে ১৯·৭৬ লক্ষ একর, আর টিউবওয়েল ইরিগেসনে হচ্ছে ২·২৫ লক্ষ একর একুনে ২২·০১ লক্ষ একর আমাদের ইরিগেসন আছে। এই ইরিগেসন যদি আমাদে ট্রিপল ফর্মূলায় আসে তাহলে আমরা অ্যাডিসানাল ৬০ লক্ষ টাকা পেতে পারি। আমরা ৩ কোটি ৬৭ লক্ষ, ৩ কোটি ৬৭ লক্ষ প্লাস এই ৬০ লক্ষ যদি আসে এবং সারচার্জের ব্যবস্থা আছে বিশেষ ক্ষেত্রে, বানচাল করার মতলব করে

নয়, আপনি জানেন হরেকৃষ্ণবাবু ২৩(বি) এইখানে ভূমি সংস্কার আইনের সংশোধন করে বলেছিলেন স্ল্যাব সিস্টেমে বাড়বে, ফ্যামিলির ডেফিনিসন, এই ১০ নং ফর্ম দাখিল করতে হবে। এই ১০নং ফর্ম করলেন কাদের জন্য ? বর্ধমানের সবচেয়ে বড় বড় জোতদাররা এই সুযোগ নিল, কারণ ঐ যে এরিয়া ওটা হচ্ছে হরেকৃষ্ণবাবুর মক্ষম এরিয়া। আজকে তিনি উপস্থিত নেই, তার বিরুদ্ধে বলতে লজ্জা করছে। জোতদারদের প্রভাব বলে আজকে যাতে খাজনা দিতে না হয় তিনি এমন একটা ব্যবস্থা করলেন যা কার্যকরী করা সম্ভব নয়। খাজনা দিতে হল না তিন বৎসর। এই স্ল্যাব সিস্টেম এবং এই ১০ নং ফর্মের জন্য আমাদের ল্যাণ্ড রেভিনিউ-এর আদায় বিপুলভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।

[6-15—6-25 p.m.]

আজকে পশ্চিম বাংলা ক্ষতিগ্রস্ত, দেউলিয়া তার অর্থকোষ, আমরা ন্যায়তঃ এবং সংগতভাবেই এর উত্তরাধিকার পেয়েছি, এটা বাংকরাপট্ ইকনমি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে তাই সব ব্যবস্থাই চালু করার জন্য চেষ্টা করতে হবে, এটাই ফাইনাল নয়, আজকে যদি সব সোর্স ট্যাক্স করা যায়, দেয়ার ইজ এনাফ স্কোপ অব ট্যাক্সেসন ইন দি ল্যাণ্ড রেভিনিউ সিষ্টেম, মাননীয় রাজস্বমন্ত্রী মহাশয় যে ব্যবস্থা প্রবর্তন করার কথা আজকে ঘোষণা করেছেন তাতে ৮ কোটি ১০ লক্ষ টাকা পাবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই টাকা আদায় করতে, আমাদের তহশীলদার আছে ৬ হাজার, তাদের ৫৭ টাকা করে যদি কমিশন দেওয়া যায় তাহলে এবাউট ৪৩ লক্ষ ৪২ হাজার টাকার মত খরচ হয়, এভারেজ ১৫ টু ৪০ পারসেন্ট, এর পর সুপারভাইজরী সিষ্টেমে জুনিয়ার ল্যাণ্ড অফিসার এবং সিনিয়ার ল্যাণ্ড অফিসার এর জন্য আদায় খরচ লাগে। এই সুপারভাইজরি অফিসারদের ইমপ্লিমেন্টেশন এবং সেটলমেন্ট এর বিরাট দায়িত্ব রয়েছে। আজকে এ ছাড়া আমরা যদি ৫০ পারসেন্ট খরচ ধরি সার্ভিসের মূল্য হিসাবে তাহলে সুপারভাইজরি ষ্টাফের জন্য খরচ হয় ১ কোটি ৫০ লক্ষ টাকা, তার ৫০ পারসেন্টও যদি টুওয়ার্ডস রিয়ালাইজেশনের জন্য ধরি আজকে ১ কোটি ১৮ লক্ষের মত টোটাল ক্যালকুলেশন কষ্ট হতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয় এর সঙ্গে আছে ভূমি রাজস্ব বিভাগের অধীনে সেটলমেন্ট অপারেশন। আমরা কত জমি পেয়েছি ? সেখানে বানচালকারী আছে, ষড়যন্ত্র আছে, চক্রান্ত আছে, আপনি শুনলে আশ্চর্য্য হবেন। তা সত্বেও আমরা জমি পেয়েছি এবাউট ৪০০ কোটি টাকার মত এবং পরিমাণ ৯ লক্ষ একর। এর আগে যে কংগ্রেস সরকার ছিল তার নীতি ছিল বিনা পয়সায় বিনা মূল্যে গরীব চাষীদের মধ্যে এই জমি বিলি করে দেওয়া টু বুষ্ট আপ দেয়ার সাস্টেনান্স এণ্ড ইকনমি। আমরা এই ৪০০ কোটি টাকার মত জমি বিতরণ করেছি। এর পর আমরা বন সম্পদ পেয়েছি তার দামও খুব কম নয়। বন সম্পদ পেয়েছি প্রায় ৭ লক্ষ একর এবং দাম তার ১০০ থেকে ১৫০ কোটি টাকার মত। এই বন সম্পদ এসেছে সরকারের হাতে সেটলমেন্ট ব্যবস্থায়। আজকে সেজন্য সমাজের গরীব সেক্শনকে ষ্টং করার জন্য সমাজে নিগৃহীত যারা তাদের বাঁচাবার জন্য ন্যূনতম যা প্রয়োজন তার দায়িত্ব সরকারের নেওয়ার জন্য ভূমি রাজস্ব ভূমি সংস্কারের ব্যবস্থা এবং অন্যান্য প্রগতিশীল আইনগুলির মাধ্যমে শ্রমিকদের স্বার্থ সংরক্ষণের ব্যবস্থা করছি। যে আইন আনা হয়েছে, যে আইন ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় উত্থাপন করেছেন তাতে কি একজন গরীবকে হিট করেছে ? আমি মাননীয় বন্ধুদের কাছে নিবেদন করতে চাই তাতে কি একজন গরীব আঘাত পেয়েছে ? এখানে বলা হয়েছে ন্যাচারাল ক্যালামিটি হয়েছে, আমি জানাতে চাই যে এই ন্যাচারাল ক্যালামিটির জন্য সরকারের দায়িত্ব তো আরও বেড়েছে। আজকে এই জন্য রিলিফ, গ্রাচুইটাস্ রিলিফ, টেষ্ট রিলিফ এর ব্যবস্থা করতে হচ্ছে। কাজেই অধিক অর্থ সংস্থানের জন্য যদি অধিক রেভিনিউ এর ব্যবস্থা না করতে

পারি তাহলে লাভজনক ভাবে রিলিফ অপারেশন চালাতে পারব না। আজকে সেজন্য এই রকম প্রগতিশীল আইনের দরকার, যা এখানে মাননীয় ভূমি রাজস্বমন্ত্রী মহাশয় উত্থাপন করেছেন সেই ব্যবস্থাকে আরও জোরদার করা দরকার। এখানে একটা হিসাব আছে শুনুন, এক কোটি ৩৪ লক্ষ এরমত কালচারাবল ল্যাণ্ড আছে যা কর্ষণযোগ্য, এর মালিকানা সীমাবদ্ধ আছে প্রায় ৬৮ লক্ষ লোকের মধ্যে। প্রায় ৬৮ লক্ষ লোকের মধ্যে সীমাবদ্ধ আছে এই জমির মালিকানা ১ কোটি ৩৪ লক্ষ একর জমির মালিকানা। তাদের মধ্যে ৪৬ লক্ষ লোককে 46 thousand unit—যদি একটু ৩ একর জমির খাজনা ছাড় দেওয়া যায়, তাহলে এক পয়সাও দায় দায়িত্ব থাকে না। এই প্রগতিশীল ব্যবস্থা এই বিলে রাখা হয়েছে। এর জন্য মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানান দরকার। কিন্তু আমাদের বন্ধুবর বারী সাহেব কি জানি কেন একে স্তব্ধ করে দিতে বলছেন। ৬৮ লক্ষ লোকের মধ্যে ৪৬ লক্ষ লোককে খাজনা থেকে ছাড় দেওয়া হচ্ছে। সেখানে আপত্তি দেবার কোন কারণ থাকতে পারে না। মোট ২২ লক্ষ লোককে এই খাজনা দিতে হচ্ছে। এরা সমাজের অধিকতর শক্তিশালী অংশ। আগে Common attack ছিল যাদের vested interest-এর সপক্ষে কথা বলছি বলে সমালোচনা করা হতো, এখন সে দোষ থেকে আমরা তাদের মুক্তি দিতে পারবো? তা পারবো না। আমি বলবো ভূমি রাজস্ব মন্ত্রী যে আইন এনেছেন তা সময়োচিত হয়েছে। He will have possibilities in other channels—কি করে আজ রাজস্ব বাড়ানো যায়। মূলত: মানুষের ন্যূনতম দাবীগুলি মেটান যাতে সম্ভব হয় তার জন্য অতিরিক্ত অর্থের সংস্থান করতে হবে। তা করতে গেলে কিছু বাধা নিশ্চয়ই আসবে। এটা মানুষের সাইকোলজি direct taxation করে যদি এক পয়সাও আদায় করা হতো, বাধা আসতোই। Direct Taxation-এর বিরুদ্ধে মানসিকতা সৃষ্টি করতে হবে—এরা কিছু করে উপলব্ধি করে, আর কিছু করে উপলব্ধি না করে। আজকে ভূমিরাজস্ব ব্যবস্থার যে পরিবর্তনকে স্বাগত জানিয়ে আজকে এই সরকার যে জনকল্যাণের জন্য জনগণের কাছে প্রতিশ্রুতি দিয়েছে, সেই প্রতিশ্রুতি যেন আমরা রক্ষা করতে পারি। এর ফাঁকে ফাঁকে যে নৈসর্গিক বাধা drought হয়ে গেল আগামী দিনে বন্যা আসতে পারে তা যেন আমরা effectively মোকাবেলা করতে পারি। আজকে সেই আত্মবিশ্বাস, আত্মনির্ভরতা নিয়ে এগিয়ে গিয়ে কায়েমী স্বার্থের বাধার মোকাবেলা করতে হবে আমাদের। ১৯৫২ থেকে ১৯৬১ পর্যন্ত এক ছত্রতলে থেকে যে দোষে দোষী ছিলেন তাঁরা, তা থেকে আজ মুক্তি দিতে হবে। ওঁরা পারেন নি। তিনি একা মানুষ পৃথিবীর বিরাট শক্তিশালী গোষ্ঠী রয়েছে প্রদ্যোতবাবু যেখানে রয়েছেন এর পেছনে vested interest এর স্বার্থ রয়েছে। তাদের তারা mouth piece—দৈবক্রমে পশ্চিমবঙ্গের মানুষ তাঁদের represantation দেয়নি। এই আইনকে আবার স্বাগত জানাই। এই ব্যবস্থা যাতে আরো জোরদার হয়, সরকারের প্রতিশ্রুতি পালনের জন্য যাতে আরো অধিক অর্থের সংস্থান হয়, তার ব্যবস্থাকে এই বিধান সভার সকলে তাকে স্বাগত জানাবে, এই আশা প্রকাশ করে এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

**Shrimati Geeta Mukhopadhyaya:** মন্ত্রী মহাশয় যে possibilities explore করার কথা বললেন—তার মানে slab যাতে না হয়—তার কথাই কি তিনি বলে দিলেন?

**Shri Abdul Bari Biswas:** এই যে মন্ত্রী মহাশয় বললেন ৭ বিঘা জমির খাজনা মকুব করে দিলেন—এটা বর্তমান আর্থিক বছরের আগে থেকে, না পরে থেকে?

[6-25—6-35 p.m.]

**শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মন্ত্রী যে বিল এনেছেন তা নীতিগতভাবে আমি সমর্থন করছি। বিশেষ করে এই বিলে ৯ বিঘা জমির মালিকদের খাজনা মুকুব করার কথা বলা আছে সেইজন্য আন্তরিকভাবে আমি অভিনন্দন জানাই এবং যে মোট রায়ত আছে তার তুয়ের তিন অংশ উপকৃত হচ্ছে তার জন্ম তিনি শ্রদ্ধার যোগ্য। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা কিছুতেই বুঝতে পারছি না। এখানে বলা হয়েছে বিলের এক জায়গায় যে, জমি যাদের আছে তাদের ১০ পার্সেন্ট সারচার্জ দিতে হবে। এটার অর্থ আমি কিছুতেই বুঝতে পারছি না। আমি চিরকাল জানি সাবডিভিসন বা ফ্রাগমেনটেসন অব হোল্ডিং হোলে জমির উৎপাদন কমে যায়। আর এখানে ফ্রাগমেনটেসন বন্ধ করার জন্ম এক জায়গায় যাদের চার একর জমি আছে সেখানে ১০% সারচার্জ করার অর্থ আমি খোঁজ করে পেলাম না। আমি জানি এক জায়গায় জমি থাকলে জমির উৎপাদন খরচ কমে যায়। তাহলে জমির খাজনা নির্ধারণের নিরীক উৎপাদন ভিত্তিক হোল না কেন? এটা বোঝা সত্যিই কষ্টসাধ্য হচ্ছে। এতে সরকার জমি আরও দ্রুত ভাগ করে দেবার দিকে এবং সেই দিকে নিয়ে যাচ্ছেন। আরও বেদনার সঙ্গে বলছি নদীয়া জেলার গ্রাম থেকে আমি এসেছি। সেই নদীয়া জেলার অসেচ এলাকার ৩০ বিঘা জমি আমি দিয়ে দিচ্ছি আমার বন্ধু রাজস্ব মন্ত্রী মহাশয়কে। তিনি ৩০ বিঘা জমি নিন—তার পর আমি সমস্ত খরচ দেবো—সেই জমি চাষ করে বছরের শেষে আমাকে টাকা দিয়ে দিন সুদ দিতে হবে না এবং তাতে পাঁচ জনের পরিবার চালান তাহলে বুঝতে পারবো। এই দুদিন আগে আমি সেই গ্রাম এলাকা থেকে এসেছি। সেখানে দেখেছি যে ৩০ বিঘা জমির মালিক ৩০ বিঘা জমি থাকা সত্বেও টি. আর-এ কাজ করবার জন্য আবেদন-নিবেদন করছে। ৩০ বিঘা জমির মালিক জি. আর-এর লিষ্টে নাম দেবার জন্য গ্রামের সব দেবতাদের কাছে মাথা খুঁড়ছে। কি বৈপ্লবিক পরিবর্তন এতে হচ্ছে তা আমি বুঝতে পারছি না।

( এ ভয়েস : ভেষ্টেড ইন্টারেষ্টের কথা বলছেন। )

এটা যদি ভেষ্টেড ইন্টারেষ্টের কথা হয়, সেই গ্রাম বাংলার দুঃস্থ মানুষের কথা বলাকে যদি ভেষ্টেড ইন্টারেষ্টের কথা বলা হয় তাহলে যেন সারা জীবন আমি সেই কথা বলতে পারি। স্যার, একটা কথা বলতে পারি যে, সেচ এলাকায় আমাদের নদীয়া জেলায় যেখানে ডিপ টিউবওয়েল এলাকা সেখানে মাননীয় সাত্তার সাহেব ঠিক করে দিয়েছেন ২০০ কম্যাণ্ড এরিয়া। সেখানে দেখা যাচ্ছে আমরা জানি ৬০-৯০-১০০ একর জমি সেচ এলাকা হবে। তার বেশী চাষীরা জল পাবে না। বলা হয়েছে সেখানে ডিপ টিউবওয়েলে দ্রুত ইলেকট্রিক দেওয়া হবে—কিন্তু তারা খাজনা গুণে যাবে যখন তার সেখানে গেছে। জমিতে জল যাক আর না যাক জলের স্নিগ্ধ পরশের হাওয়া যখন আসছে তখন ট্যাক্স দিতে হবে।

আর সত্যিকারে কমাণ্ড এরিয়ার মধ্যে যারা আছেন, জল পায় আমি আপনাদের বলছি আপনারা গ্রামবাংলার সংবাদ সকলে রাখেন না তাহলে জানতে পারতেন একটা ডিপ টিউবওয়েলের উপর নির্ভর করে এক চাষী যার বন্যায় সব ভেসে গিয়েছে সে যথাসাধ্য খরচ করে তিন বিঘা জমিতে আই. আর—৮ ধান লাগিয়েছিল। সে ধান লাগালো বা চাষ করলো হঠাৎ দেখা গেল টিউবওয়েলের পার্টস খারাপ হয়ে গিয়েছে, চলবে না। সরকারের কাছে আবেদন নিবেদন করেও অচল টিউবওয়েল ঠিক হল না, জলও এল না। ফলে তিনশো টাকা দেনা করে সে যে চাষ করলো তাতে তার সে টাকাও গেল, উপরন্তু এক ছটাকও ধান পেল না। অথচ সেচ এলাকা বলে তাকে তিন গুণ

খাজনা দিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমণ্ডলির কাছে আমার নিবেদন এই যে গোটা বাংলাদেশের মানুষের কাছে বর্তমান সরকারের একটা নতুন ভাবমূর্তি তৈরী হয়েছে, তারা মনে করছেন এই সরকার দেশের কল্যাণ সাধন করতে পারবে, হঠাৎ এই ধরনের আইন করে সেই বহু চেষ্টায় তৈরী ভাবমূর্তিকে আপনারা নষ্ট করে দেবেন না। এই অনুরোধ জানিয়ে আমি শেষ করলাম।

**শ্রীনুরুল ইসলাম মোল্লাঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় যে বিল এখানে এনেছেন তাকে সমর্থন করতে গিয়ে কিছু "কিন্তু" আমার মনে জেগেছে, যেগুলি না বললে হয়ত আমার বক্তব্য অসম্পূর্ণ থেকে যাবে। আমার বক্তব্য হচ্ছে, আমাদের ভূমি রাজস্বমন্ত্রী স্বীকার করেছেন যে সরকারী আমলা বা শ্বেত হস্তিদের পুষতেই মাসে মাসে প্রায় ২॥ কোটি টাকা খরচ হচ্ছে। সেই সরকারী আমলারা কিন্তু বাংলাদেশের কোথায় কত জমি আছে, কোন রায়তের কত জমি তার পরিসংখ্যান রাখেন না। তিনি বলেছেন আমরা দুঃখের সাথে লক্ষ্য করেছি যে আমলাদের খপ্পরে পড়ে আজকে বাংলাদেশের কৃষকের নাভিশ্বাস উঠেছে। স্যার, আমরা দেখেছি আজকে সেচ এবং অসেচ কথা ব্যবহার করা হয়েছে, কিন্তু দুঃখের সঙ্গে আমি জানাতে বাধ্য হচ্ছি সেচের ব্যাপারে একটা জমিতে যেখানে দুবার জল পায় আর, আর একটা জমিতে যেখানে একবার জল পায় এ দুটোতেই খাজনা তিনগুন দিতে হবে। অর্থাৎ দুবার যে ফসল উৎপাদন করছে সেও যা খাজনা দিচ্ছে একবার যে ফসল উৎপদান করছে সেও তাই দিচ্ছে, এটা অন্যায় এবং অযৌক্তিক বলে আমি মনে করি। আজকে মাননীয় ভূমিরাজস্বমন্ত্রী বলেছেন যে ১৯৩৭ সালে ধানের মণ ছিল ১·৫০ পয়সা আর ১৯৭০ সালে ২৩ টাকা। তবে সঙ্গে সঙ্গে তিনি বলতে ভুলে গিয়েছেন কষ্ট অব প্রডাকসান বেড়ে গিয়েছে, প্রত্যেক জিনিষের আজকে অগ্নিমূল্য। আজকে গ্রামের মানুষকে একটা কাপড় কিনতে যে টাকা দিতে হয় ১৯৩৭ সালে সেই টাকা দিতে হয়নি। আজকে গ্রামের মানুষ একটা কাপড় কিনতে পারেনা, তারা কাপড়ের বদলে একটা গামছা পরে বাড়ীতে বসে থাকে। তিনি বলতে ভুলে গিয়েছেন যে আজকে সরষের তেল কিনতে হয় ১০ টাকা কে. জি দামে। দিনের পর দিন প্রত্যেকটি জিনিষের অগ্নিমূল্য দিতে হচ্ছে। কাজেই ১৯৩৭ সালের সঙ্গে তুলনা করে ১৯৭২ সালে খাজনা ধার্য হলে সেটা অন্যায় এবং অযৌক্তিক হবে বলেই আমি মনে করি। আজকে ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সাল পর্য্যন্ত যেসমস্ত জমি জোর করে দখল করা হয়েছে সেগুলি ফেরত দেবার কথা হচ্ছে।

**মিঃ ডেপুটি স্পীকারঃ** আপনার সময় শেষ হয়ে গিয়েছে আপনি বসে পড়ুন।

(বক্তা বসিয়া পড়েন।)

[6-35—6-45 p.m.]

**শ্রীঅহীন্দ্রকুমার মিশ্রঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলকে আমি সমর্থন করে বিলটি সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। ভূমি সমস্যার সঙ্গে এই বিলটির একটি গভীর অঙ্গাঙ্গী সম্পর্ক আছে এবং এই ভাবে খাজনা ধার্য্য করে সেই সমস্যার সমাধান হবে না। একটু আগে মাননীয় মন্ত্রী জয়নাল আবেদিন বলে গেলেন এটা খুব যথেষ্ট প্রগতিশীল। আমি এটাকে যথেষ্ট প্রগতিশীল বলে মেনে নিতে পারছিনা এইজন্য যে নুতন করে খাজনা ধার্য্য করার ফলে ভূমির উপর মানুষের—যেহেতু ভারতবর্ষে ভূমি ভিত্তিক সভ্যতা, সেই ভূমির উপর তাদের যে অধিকারবোধ, নুতন করে সেই অধিকারবোধ সৃষ্টি করে দেওয়া হচ্ছে। শতাব্দীর পর শতাব্দী ধরে ভারতবর্ষের

ইতিহাসে ভূমি ভিত্তিক সভ্যতা অচল, অনড় জীবন-ধারার সৃষ্টি করেছিল, যে জীবন-ধারা সমগ্র ভারতবর্ষকে তার অর্থ নৈতিক অগ্রসরতা থেকে পিছিয়ে দিয়েছে। সমগ্র ইউরোপে যখন শিল্প বিপ্লব ঘটেছে তখন আমরা ভূমির উপর সমস্ত অধিকারবোধ নিয়ে মাটি আঁকড়ে পড়ে ছিলাম, শিল্পের সাহায্যে অর্থ নৈতিক বিপ্লব ঘটাতে পারিনি। আজকে আবার এই খাজনা ধার্য্যের ফলে নূতন করে সেই গতিহীন অধিকারবোধ সৃষ্টি করা হচ্ছে। যদি প্রকৃতই ভূমি সমস্যার সমাধান আমরা চাই তাহলে খাজনা ধার্য্য না করে ভূমির জাতীয়করণ করা হোক। এ ছাড়া দ্বিতীয় কোন রাস্তা নেই। এই বিলের দ্বারা অসংখ্য ছোট ছোট প্লট সৃষ্টি হতে পারে, মামলা-মোকদ্দমা বাড়তে পারে, আরও নূতন নূতন সমস্যা বাড়তে পারে, সমাজের মধ্যে কলহ, দ্বন্দ্বের সৃষ্টি হতে পারে, পারস্পরিক ঘাত প্রতিঘাত বাড়তে পারে, সমাজ-জীবনে নানা বিপর্য্যয়কর অবস্থা দেখা দিতে পারে, কিন্তু ভূমি সমস্যার সমাধান হতে পারে, একথা বিশ্বাস করতে পারিনা। এই অবস্থায় ভূমির জাতীয়করণই হচ্ছে একমাত্র পন্থা। যদি আপনারা জাতীয়করণের পথের ইঙ্গিত দিতেন তাহলে মনে হত আপনারা সমস্যা সমাধানের পথে এগোচ্ছেন। জাতীয়করণের পরে বাধ্যতামূলক এগ্রিকালচারাল কো-অপারেটিভ ফার্মিং ( নট ভলানটারিলি ) করে প্রোডাকসানের উপর যদি আপনারা খাজনা ধার্য্য করতে পারতেন, তাহলে, আমার মনে হয় নিশ্চয়ই রাজস্ব খাতে আয় বৃদ্ধি পেত। এ কথা কংগ্রেসের নতুন কথা নয়, এ কথা কংগ্রেস আগেই বলেছে। ল্যাণ্ড রিফর্মস ইন ইণ্ডিয়া সম্পর্কে কংগ্রেসের এস. ডি. মালভিয়া যখন সেক্রেটারি ছিলেন ইকনমিক য়্যাণ্ড পলিটিক্যাল রিসার্চ ডিপার্টমেন্টের, তিনি একটি জায়গায় বলছেন ব্যাঙ্গালোরের কংগ্রেস অধিবেশনের কথা বলছি, তিনি বলছেন—

'Increased agricultural production is absolutely essential for putting our national economy on a farm basis. Small and uneconomic holdings stand in the way of rapid advance in agricultural production. The line of advance should, therefore, be co-operative farming with the objective of making the whole or a substantial part of a village a unit of co-operative management.'

সুতরাং এদিক থেকে ভূমি সংস্কারের যেটা মূল উদ্দেশ্য—একটি হল কৃষি উৎপাদন বৃদ্ধি, অপরটি হল অধিক সংখ্যক লোকের হাতে ভূমি যাতে যায় এবং বণ্টন ব্যবস্থার ক্ষেত্রে যাতে অসাম্য এবং অন্যায় না থাকে তার অবসান ঘটানো। এই ব্যবস্থার দ্বারা অবসান ঘটবে না জটিলতা পরবর্তী পর্যায়ে যাব। আজ পরিস্থিতীর মোকাবিলায় মানুষ মানুষের বুকে সানিত ছুরি বসাতে দ্বিধাবোধ করেনা এই বলে বিলটি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপ্রভাকর মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আজকে এই বিল সম্বন্ধে আপনার মাধ্যমে কিছু বলে মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয়কে কয়েকটি বিষয় সম্বন্ধে চিন্তা করার জন্য অনুরোধ জানাবো। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ভূমি কর বৃদ্ধি করার কথা উল্লেখ করে যে সংশোধনী বিল এনেছেন সেই বিল পাশ করার পূর্বে অন্তত: গ্রামাঞ্চলের সাধারণ মানুষের শোচনীয় অর্থনৈতিক কাঠামোর কথা চিন্তা করে তিনি যেন এই বিলটি পাশ করেন।

আজকে একথা কি জোর করে বলতে পারবো চাষীদের দুরবস্থার, চাষীদের উন্নতির কি করেছি। তাদের না পাচ্ছি সম্পত্তি বন্যার হাত থেকে রক্ষা করতে, না পাচ্ছি তাদের সার দিতে, না পাচ্ছি জমিতে সেচের ব্যবস্থা করতে, না পাচ্ছি তাদের লোন দিতে। আমি সামান্য একটি কথা

আলোচনা করে বলতে চাই যে প্রতিটি ব্লকে যে কৃষি ঋণ, সি. পি. ঋণ দিয়েছেন যেটা হচ্ছে মাত্র ৫।। হাজার টাকা। এবং সেটা ভাগ করলে এক একটি অঞ্চলে মাত্র ২/১ জন চাষীকে তিন শত থেকে ৩৫০ টাকা করে দিতে পারবো। এই যদি হয় সেই চাষীর উন্নতি না করে এই দুর্বল চাষীর ঘাড়ে জোর করে চাপিয়ে দেওয়া হয় তাহ'ল বলবো অসহায় মানুষের উপর অন্যায় উৎপীড়ন করে জোর করে এই বোঝা চাপিয়ে দেওয়া হয়েছে। কাজেই সেই চাষীর দুরবস্থার কথা চিন্তা করেন, এইটুকু অনুরোধ করবো যে যেন জোর করে এই করের বোঝা তাদের ঘাড়ে চাপিয়ে না দেন। তাদের দুরবস্থার কথা অন্তরের সঙ্গে অনুভব করে, তাদের ভিতরে গিয়ে দেখুন যে তাদের কি দুর্দ্দিন চলছে, তাদের কথা ভালভাবে অন্তরের সঙ্গে অনুভব করুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ভূমিরাজস্বমন্ত্রী বাঁকুড়া জেলা থেকে নির্বাচিত হয়ে এসেছেন। তিনি কি জানেন না যে বাঁকুড়ার মানুষের অবস্থা কি, বর্দ্ধমান জেলার গ্রামবাংলার মানুষের অবস্থা কি? তাই, আমি অনুরোধ করবো এই বিল পাশ করার আগে জোর করে আমাদের উপর হুইপ চাপিয়ে দিয়ে— আমার ধারণা এই বিধান সভার অধিকাংশ সদস্য মনে প্রাণে এই জিনিষ নিতে পারছেন না— আজকে জোর করে যদি এই বিল পাশ করিয়ে নেন তাহলে বলবো যে হুইপের জোরে আমাদের কাছ থেকে বলপূর্বক এই এই জিনিষ পাশ করিয়ে নেওয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদিও আমি সাধারণ চাষীর ঘর থেকে নির্বাচিত হয়ে এসেছি এবং তাদের দৃঢ় ধারণা যে প্রকৃত চিত্র আমরা এই পবিত্র বিধানসভায় তুলে ধরতে পারবো। কিন্তু দুর্ভাগ্যের কথা যে আমরা বলতে উঠলে ২/১ মিনিট সময়ও পাইনা। আমার আরো বলার ছিল তা না বলে আপনার নির্দ্দেশ মেনে নিয়ে বসে পড়ছি। জয়হিন্দ। বন্দেমাতরম্।

**শ্রীসন্তোষ রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ভূমিসংস্কার মন্ত্রী যে বিল এখানে উপস্থাপিত করেছেন সেই বিলকে এখানকার মাননীয় সদস্যরা অনেকেই সমালোচনা করেছেন যে পল্লীবাংলার দিকে না তাকিয়ে তিনি এই বিল এনেছেন। আমি জানি আমাদের ভূমিসংস্কার মন্ত্রী পশ্চিমবাংলার এমন একটি পল্লীবাংলার অঞ্চল থেকে এসেছেন যেখানে পশ্চিমবাংলার সবচেয়ে কম ফসল উৎপাদন হয় এবং পশ্চিমবাংলার সামগ্রিকভাবে যদি তুলনামূলকভাবে বিচার করি তাহলে সবচেয়ে দুরবস্থার মধ্যে যে জেলা সেই জেলা থেকে নির্বাচিত হয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় সদস্যরা পল্লীবাংলা ভেসে যাবে যদি এই বিলকে গ্রহণ করা হয় এই কথা বলে নানা সমালোচনা করেছেন। কিন্তু মাননীয় সদস্যরা ভুলে যাচ্ছেন এই বিল-এর মাধ্যমে যে ভূমিরাজস্ব চাপান হয়েছে সেই ভূমিরাজস্ব যে শ্রেণীর উপর চাপান হয়েছে সেই শ্রেণীর এই ভূমিরাজস্ব দিতে অসুবিধা ঘটলেও অন্যান্য যে কোন বিলে যদি আমরা পশ্চিমবাংলার সমস্ত মানুষের উপর করভার চাপাই তাহলে এই বোঝা আরো বেশী করে চাপবে। সে দিক থেকে পশ্চিমবাংলার মুষ্টিমেয় লোকের উপর যে ভূমিরাজস্ব আজকে চাপান হয়েছে একে সমর্থন না জানিয়ে পারা যায় না। আপনি জানেন যে এর আগে মাননীয় জয়নাল আবেদিন বলেছেন যে যেখানে ৬৮ লক্ষ কৃষক তার মধ্যে ৪৬ লক্ষ কৃষক এই আওতার বাইরে যাবেন এবং মুষ্টিমেয় কয়েক জনের উপর এই ব্যবস্থা চালু করা হয়েছে। আপনি জানেন, আজকে পশ্চিমবাংলার দুর্গতি রুখবার জন্য, খরা পরিস্থিতি রুখবার জন্য আমাদের এই সরকার ৯ কোটি টাকা ব্যয় করেছেন। আপনি এখানে দেখেছেন যে এটা আমাদের তুলতে হবে, যদি না তুলতে পারি তাহলে আবার যদি প্রাকৃতিক দুর্যোগ হয় এবং তার মধ্যে যদি আমরা পড়ি তাহলে সেই প্রাকৃতিক দুর্যোগ রুখবার ব্যবস্থা আমরা করতে পারবো না।

[6-45—6-55 p. m.]

তাই আমাদের ভূমিসংস্কারমন্ত্রী অনেক বিচার বিবেচনা করে যে শ্রেণীর উপর এই বোঝা চাপালেন তাদের উপর খুব বেশী চাপবে না, সেই শ্রেণীর উপর বেছে তিনি এই ভূমিরাজস্ব বাড়িয়েছেন। এখানে মাননীয় সদস্য অনেকে বললেন এবং আমাদের বন্ধু অহীন মিশ্র মহাশয় বলেছেন যে জাতীয়করণ ছাড়া উপায় নেই, পথ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এটা জানি এবং এই কথা ঠিক যে পশ্চিমবাংলায় যে ভূমির সমস্যা, পশ্চিমবাংলায় যে কৃষকদের সমস্যা, পশ্চিমবঙ্গের কৃষি ব্যবস্থার যদি উন্নতি করতে হয়, তাহলে জাতীয়করণ ছাড়া পথ নেই, উপায় নেই। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই মুষ্টিমেয় শ্রেণীর উপর করের বোঝা চাপানো হয়েছে বলে যে প্রতিবাদের ঝড় এই সভায় উঠেছে, আমি জানিনা ভূমিসংস্কারমন্ত্রী মহাশয় আজকে জাতীয়করণের প্রস্তাব নিয়ে আসতে সাহস করবেন কিনা, কিন্তু মাননীয় সদস্যরা যদি উপলব্ধি করে থাকেন, মাননীয় সদস্যরা যদি এই কথা বুঝে থাকেন যে পশ্চিমবাংলার গ্রামীণ অর্থনীতিকে পুনরুজ্জীবিত করতে পশ্চিমবাংলার কৃষি ব্যবস্থাকে জোরদার করতে, পশ্চিমবাংলার সমস্ত জমি জাতীয়করণ করার দরকার, তাহলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকেই আমরা প্রস্তাব গ্রহণ করতে পারি, আজকে এই সভায় উপস্থিত সদস্যরা প্রস্তাব গ্রহণ করতে পারি পশ্চিমবাংলায় জাতীয়করণের আইন যেন আগামী অধিবেশনে আনা হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে আমি জানাই, আমাদের বন্ধুবর জয়নাল আবেদিন সাহেব এই কথা আগেই বলেছেন যে মাঝে মাঝে প্রতিক্রিয়াশীলরা প্রগতিশীল আইনকে বাধা দেন, আমরা জানি যে কথার কথা জাতীয়করণ, আসলে আমরা যে শ্রেণীর থেকে এসেছি, সেই শ্রেণীর উপর আঘাত আসছে বলে আমরা যে দরিদ্র শ্রেণীকে পশ্চিমবাংলায় যাদের উপকারের জন্য ভূমিসংস্কারমন্ত্রী আইন এনেছেন, তাদের কথা বিস্মৃত হয়ে আজকে আমরা এখানে আর্তনাদ তুলেছি। আমরা পশ্চিম বাংলার অভাবী মানুষের কথা যদি চিন্তা করতাম, পশ্চিমবাংলার না খাওয়া মানুষের কথা যদি চিন্তা করতাম, তাহলে আজকে পশ্চিমবাংলার রাজস্ব বৃদ্ধির জন্য এই পথ ছাড়া আর কোন পথ নেই। তাই ভূমিসংস্কার মন্ত্রী এই বিল এই সভায় উপস্থিত করেছেন। এই কথা ঠিক, আমরা আজকে এই সভা মানি বা না মানি, পশ্চিমবাংলার অর্থনীতি যে দিকে যাচ্ছে, পশ্চিমবাংলার কৃষকের মধ্যে যে জাগরণ বর্তমান সরকার এনে দিয়েছে, পশ্চিমবাংলার ঐ গ্রামবাংলার কৃষকরা দাবী তুলবে পশ্চিমবাংলার জমি জাতীয়করণ করবার জন্য। এই কথা আপনারা আজকে মানুন বা না মানুন, আজকে সভায় দাঁড়িয়ে বলুন, আমাদের খাবার ব্যবস্থা করুন, তারপর জাতীয়করণের আইন আনুন, কিন্তু যে মানুষের কথা বলবার জন্য এই সভায় আমরা উপস্থিত হয়েছি সেই মানুষেরা আপনাদের বাধ্য করবে পশ্চিমবাংলায় ভূমি ব্যবস্থার আমূল পরিবর্তনের জন্য। পশ্চিমবাংলায় এই ক্ষুদ্র ক্ষুদ্র ছড়িয়ে থাকা জমি একত্রিকরণ করে পশ্চিমবাংলার কৃষিব্যবস্থার আমূল পরিবর্তনের জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আপনার মাধ্যমে আমি আবার সদস্যদের স্মরণ করিয়ে দিই, শ্রেণী সচেতনতা নিশ্চয়ই থাকবে। আমরা পশ্চিমবাংলার যে শ্রেণী থেকে এসেছি, তাদের স্বার্থের দিকে জাগ্রত দৃষ্টি আমাদের নিশ্চয়ই থাকবে। কিন্তু ভুলে গেলে চলবে না পশ্চিমবাংলার পল্লীবাংলার ১২ আনা দরিদ্র মানুষ, অভাবী মানুষ, না খেতে পাওয়া মানুষ, তাদের কথা চিন্তা না করলে চলবে না। তাদের কথা যদি চিন্তা করতে হয় তাহলে ঐ এক চতুর্থাংশ মানুষ যাদের দেবার ক্ষমতা আছে, তাদের উপর করের ভার কিছু চাপবে বেশী করে, আমি এই কথা বলতে পারি আমাদের ভূমি সংস্কার মন্ত্রী যে বিল সভায় উপস্থিত করেছেন সেই বিলকে অন্তরের সঙ্গে, এই পরিবর্তন আপনারা মনের থেকে স্বীকার না করলেও এই পরিবর্তন আসবে এবং আসছে, এই ভেবে নিয়ে এই বিলকে সমর্থন করে যান।

**শ্রীব্রজকিশোর মাইতিঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা ছেলেবেলায় গাঁয়ে একটা কথা খুব বেশী শুনতাম, এখনও শুনি যে, 'চ'ষের সুখ খাজনা আর বিয়ের সুখ বাজনা'। তা আজকে দেখছি চাষের দুঃখ খাজনা আর বিয়ের দুঃখটা কিসে সেটা আমি তৈরী করতে পারছিনা, কেননা আমি কবি নইতো। এই দুঃখ আজকে আমাদের মধ্যে দেখা দিচ্ছে কেন? কেননা ডাইরেক্ট ট্যাক্সেশন আমাদের এমন অনুভূতি এনে দিয়েছে যে এটাকে আমরা কোন দিন সহ্য করতে পারিনা। আর আমরা যাদের কাছ থেকে নির্বাচিত হয়ে এসেছি তারা এর ফলে আমাদের বলবেন যে, একি করলেন মশাই এবং এই ভয়েতে আজকে অনেকে এইটাকে সমর্থন করতে পারছেন না মনে মনে ভয় পাচ্ছেন। ট্যাক্স হবেই—আমরা যদি কাজ করতে চাই তাহলে নিশ্চয়ই আমাদের ট্যাক্স বাড়াতে হবে। তবে কিছু কিছু ত্রুটি হয়ত এই বিলে থেকে গিয়েছে। আমি আশা করব যে ভবিষ্যতে এইটাকে সংশোধন করে নেওয়া হবে। স্পষ্ট করা হয়নি যেটা বলা হয়েছে ৩ একরের যে মালিক যার ৩ ডেসিমিল আছে—আমার দুইজন প্রতিবেশি তাদের ৩ ডেসিমিল করে আছে তারা দুইজনেই আমাকে জিজ্ঞাসা করেছিলেন যে আমাদের ৩ ডেসিমিলের বেশী আছে, আমাদের কি ব্যবস্থা হবে। এখানে দুইটি পরিবারের যে লোকসংখ্যা সেটা সমান এবং খরচও সমান কিন্তু এখানে তাদের সেই কনসিডারেশন করা হয়নি। সেইজন্য লোক সংখ্যার যে হিসাব সেটাও ভুল থেকে গিয়েছে। আর এই ভুল থেকে গিয়েছে বলেই যে এটার সংশোধন হবেনা এইটা কি রকম কথা? জমির আয় নেই এই কথা বলা ভুল। তবে ট্যাক্সেশনের বিষয়ে অনেক ভুল হবে, আমাদের নদীয়ার বন্ধু যে কথা বলে গিয়েছেন যে ঐ ২০০ একর ধরা হচ্ছে। কিন্তু আমরা জানি আমাদের এলাকায় বহু টিউবওয়েল আছে, সেখানে ৫০ একর ৬০ একর ৭০ একর করে একটা টিউবওয়েল করে তার বেশী করেনা। এই অবস্থায় অবশ্য এই সব সম্বন্ধে প্রতিশ্রুতি আছে। আর আমাদের বন্ধুবর অহিন বাবু যে কথা বলেছেন, ন্যাশানালাইজেশনের কথা—আমার মনে হয় সেটা গণতান্ত্রিক হবে না এইটা গণতন্ত্রের পরিপন্থী কথা। তবে আমরা কো-অপারেটিভ ফার্মিং করতে পারি এবং ব্যাপকভাবে যদি আমরা কো-অপারেটিভ করতে পারি তাহলে আমাদের চাষের নিশ্চয়ই অনেক উন্নতি হবে। শেষে আমি এই বাজেটকে মোটামুটি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশম্ভু গোস্বামীঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয় পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার ২য় সংশোধনী যে বিল এনেছেন সেই বিলকে আমি গতানুগতিকভাবে সমর্থন করছি। এই বিলটাকে সমর্থন করছি এই জন্য যে পশ্চিমবাংলার তথা বাংলাদেশের মানুষের মধ্যে যে একটা ভূমি ক্ষুধা এসেছিল, বাংলাদেশের মানুষের মধ্যে যে একটা বৈষম্য বিরোধ এসেছিল, আজকে সেই খেটে খাওয়া মানুষকে শান্ত করবার জন্য এই বিল এবং তাই আমি এই বিলকে সমর্থন করছি। আর একটা ব্যাপার এই ২য় এ্যামেণ্ডমেণ্ট বিলকে সমর্থন জানাচ্ছি এই জন্য যে ৩ একর পর্য্যন্ত জমির যে মালিক তাকে ট্যাক্স ফ্রী করে দেওয়া হচ্ছে। আমার মনে হয় এতে সাধারণ গরীব চাষীরা খুবই উপকৃত হবেন। অনেকে বলেন এদের পরিসংখ্যা শতকরা ৬৫ ভাগ, কেউ বলেন ৭০ ভাগ, আমি মনে করি এর পরিসংখ্যা শতকরা ৪৫ থেকে ৫০ ভাগ। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যারা নিম্ন মধ্যবিত্ত, কম জমির মালিক, তাদের সম্বন্ধে আর একটা কথা বলব যে ৫ একর জমির যারা মালিক, যে জমির আমরা বেশী ট্যাক্স বাড়িয়ে দিয়েছি তাদের এবং অন্তত ১৫ একর পর্য্যন্ত জমির মালিকের উপর যেন ট্যাক্স না হয়। যারা নিম্ন মধ্যবিত্ত এবং তাদের ঘরে যে ধান হয় এবং সেই দিয়ে যাদের সংসার চলে, বাজারে তারা কিছুই বিক্রয় করতে পারে না। সেই জন্য এদের উপর যাতে ট্যাক্স বসান না হয় সেই বিষয়ে আমি ভূমি রাজস্ব মন্ত্রীকে অনুরোধ করব।

[6-55—7-05 p.m]

তিনি নিশ্চয় বলবেন যে সেই টাকা আমরা কোথা থেকে পাব? আমি বলব পশ্চিমবাংলায় চা বাগান, Colliery-তে যে royalty বাকী রয়েছে—চা বাগানে ২৮ কোটি টাকা, কোলিয়ারীতে ৩৫ কোটি টাকা—সেই টাকা যদি আদায় করার চেষ্টা করতে পারতেন তাহলে অনেক বেশী টাকা আমাদের আসত। আমরা যদি agriculture income tax-এর উপর জোর দিই তাহলে জমির উপর খাজনা বাড়ানো খুব বেশী দরকার হবে না। আর একটা কথা সেচ এবং অসেচ এলাকা সম্বন্ধে বলব। আমাদের বাঁকুড়া জেলার ওন্দা Constituency থেকে আমি এসেছি। আমার সেই Constituency-কে সেচ এলাকা বলে গণ্য করা হবে। কিন্তু এই খরায় সেখানে মানুষকে truck করে জল দিতে হয়েছে। এই এলাকা যদি সেচ এলাকা বলে গণ্য করা হয় তাহলে খুব অসুবিধা হবে। সেচ এলাকাতে বৎসরে ২ বার করে জল দিন তবে তো তাকে সেচ এলাকা বলে গণ্য করবেন। এই কথা বলে আমি নীতিগতভাবে এই বিলকে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রীবলাইলাল শেঠ:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাকে আমি সমর্থন করছি। আজকের সভায় এই বিল এনে বিরাট বিতর্ক সৃষ্টি হয়েছে। নির্বাচনের আগে আমরা ইন্দিরা গান্ধীর সমাজতন্ত্রের কথা Sign Board এটে গিয়েছিলাম এবং সাধারণ মানুষকে বলে এসেছিলাম যে তোমাদের স্বার্থ আমরা দেখব। আজ যখন এই বিল এল তখন এই সভার অবস্থা দেখে ছেলেবেলার সেই "মার দাদাকে পালাই চল" কথাটা মনে হচ্ছে। আজকে আমাদের ডান দিকের বেঞ্চ খালি দেখছি। ওদের কথা অনেক মাননীয় সদস্যদের মুখে ফুটে উঠেছে। প্রফুল্ল সেন যে কথা বলেছেন। জ্যোতিবাবু নির্বাচিত হয়ে এলেও ঐ কথা হয়ত বলতে পারতেন না। সেচ ও অসেচ এলাকা নিয়ে দ্বন্দ্ব চলছে। কিন্তু যে বিল এসেছে তাকে সমালোচনা না করে নিজেদের মধ্যে একটা বিভ্রান্তি সৃষ্টি হচ্ছে কেন সেটা আমি বুঝতে পারছিনা। এগুলি সংশোধন করা দরকার। এক মৌজায় ৪ হেকটরের উপর ১০% Surcharge করছেন। এত কেন tax বাড়বে? এক মৌজার কথাগুলি যদি তুলে দেন তাহলে আরও tax বাড়বে। হুগলী জেলায় এক মৌজায় ২১৩ বিঘা জমি আছে। বাঁকুড়া, বীরভুম ইত্যাদিতে কিছু কিছু আছে। এখানকার ৫০০ বিঘা জমির বদলে হাওড়া, বর্দ্ধমানের ৪ বিঘা জমি দিতে অনেকে রাজী হবে না। আজ এগুলি বিচার করতে হবে। কিন্তু এই নির্বিশেষে যেকথা অনেকে বলেছেন তাতে এগুলি সমর্থন করা যায়। আর একটি কথা বলব যে জমিগুলির উন্নতির কথা বলা হল না।

ছোট ছোট খণ্ডে জমিগুলি আছে, একই মৌজায় ৪/৬ কাঠা করে যদি ৪ হেক্টর হয় তাহলে সেই জমির উপর সার্চাজ করলে তারা ক্ষতিগ্রস্ত হবে। এগুলি যেন ভূমি রাজস্ব মন্ত্রী চিন্তা করেন। যার পার্সেন্টেজ বেশী সেই ছোট ছোট জমিগুলিকে একত্রিকরণ করে যদি ৪ হেক্টর করে দেন তাহলে আমাদের আয় বৃদ্ধি হবে। আর জয়নাল আবেদীন মহাশয় যেকথা বলেছেন প্রতিক্রিয়াশীল বলে এই প্রতিক্রিয়াশীল বলে এই কথাটা বিচার করার জন্ত মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। তিনি বিবেচনা করে দেখবেন যদি সম্ভব হয় তাহলে আজকে যত সদস্য আছেন সমস্ত সদস্যদের সম্পত্তির একটা হিসাব নিন, হিসাব নিলে মিলে যাবে কাদের সম্পত্তি কত। আজকে এখানে প্রতিক্রিয়াশীল বলে যতই জোর গলায় চেঁচিয়ে বলে যাই আমার পকেটে পেন্সিল রেখে যদি বলি যে পেন্সিল কোথায় গেল, সেই পেন্সিল যেমন খুঁজে পাওয়া যায় না, যেমন চাষীদের কথা আছে কাঁধে কোদাল রেখে

মাঠময় খুঁজলে কোথাও কোদাল পাওয়া যায় না, তেমনি সম্পত্তি লুকিয়ে রেখে চেঁচালে খুঁজে বের করা যায় না। বলেছেন ১৯৬৭ সালে কংগ্রেসকে তিরস্কৃত করে বহিষ্কার করে দিয়েছিল, সি, পি, এম, দেয়নি, সাধারণ মানুষ দিয়েছিল। আমরা সেই সাধারণ মানুষের ঘর থেকে এসেছি, সাধারণ মানুষের দুঃখ যন্ত্রণা আমরা ভালভাবে বুঝি। সাধারণ মানুষের দুঃখ যন্ত্রণা বোঝার মানে এই নয় যে ট্রেজারী বেঞ্চে এসে বা ঠাণ্ডা ঘরে বসে সাধারণ মানুষের সম্বন্ধে দু'চারটি কথা বললাম সন্ধ্যা বেলায় এই সংবাদ গরীবদের ঘরে চলে যাবে এ নয়, কাগজ গরীবদের ঘরে যায় না। আপনারা আমরা যে কথা বলছি সেকথা থাকে এই কলকাতাতেই। আমরা যেটা দেখি সেখানে এই সংবাদ গিয়ে পৌঁছায় না। আজকে ল্যাণ্ড রিফর্মস কমিটি নামে ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় যেটা করেছেন সেখানে ৪ জন গভর্ণমেণ্ট নোমিনি করেছেন। সেখানে যদি ভোটাভুটি করেন, ভূমিরাজস্ব মন্ত্রীকে চিন্তা করতে হবে, সেখানে ৪ জনই আপনার বিরোধিতা করবেন। আমি দেখেছি গভর্ণমেণ্ট নোমিনি যাদের করা হয়েছে যে আইন আজকে করা হয়েছে এখানে দেখলাম যুক্তফ্রণ্ট আমলে সি, পি, এম, জোর করে ১০/১২/২৫/২৭ বিঘা জমির মালিককে খাস জমি দিয়েছে, অপরের জমিতে জোর করে বসিয়ে দিয়েছে। সেগুলি বিলি করবার জন্য যখন ল্যাণ্ড রিফর্মস কমিটির মিটিং করছে সেখানে তাঁরা বিরোধিতা করছেন। সরকারী প্রতিনিধিরা তার বিরোধিতা করছে। সেজন্য আমি বিষয়টা মন্ত্রী মহাশয়কে চিন্তা করতে বলছি। আগে আপনারা এগুলি ঠিক করুন, 'আপনি আচরি ধর্ম অপরে শিখায়' এই কথাটা মনে রাখবেন। আমরা নিজেরা যদি সৎ না হই অপরকে সং হবার উপদেশ দেওয়া অত্যন্ত খারাপ। তাই আপনাকে অনুরোধ করব যতগুলি বিল আসুক সেগুলি বিবেচনা করে আমরা সরকার পক্ষের লোক, আমরা ইন্দিরা গান্ধীর সমাজতন্ত্রে বিশ্বাসী, সেগুলি সমর্থন করব। কিন্তু আমার মনে হয় এই বিলগুলি আনার আগে মন্ত্রীমহাশয়দের উচিত, সরকার পক্ষের উচিত আমাদের যদি পার্লামেণ্টারী পার্টি বলে কিছু থাকে তাহলে সেই পার্টি নামকাওয়াস্তে না থেকে সেখানে একটু বিলগুলি আলোচনা করে নিলে ভাল হয়। কিন্তু এই রকমভাবে বিল এলে প্রত্যেকটি বিলকে বিতর্কের সন্মুখীন হতে হবে। আমি আর বিশেষ কিছু বলতে চাই না, ভূমি রাজস্ব মন্ত্রী যে বিল এনেছেন সেই বিলের প্রতি পূর্ণ আস্থা জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীগণেশচন্দ্র হাতুই ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী ভূমি সংস্কার দ্বিতীয় সংশোধনী যে বিলটা এনেছেন আমি তাকে মোটামুটিভাবে সমর্থন জানাচ্ছি। ৯ বিঘার মত বা তার নিচের জমির মালিকদের সে খাজনা মকুব করে দেওয়া হয়েছে এটাকে আমি প্রগতিশীল সরকারের মনের পরিচয় বলে মনে করি। এই ১ বিঘা থেকে ৯ বিঘা জমির মালিকের সংখ্যাটাই সবচেয়ে বেশী, গ্রাম বাংলায় তাদের সংখ্যা শতকরা হয়ত ৬০ ভাগ হবে।

[7-05—7-15 p.m.]

আর ৯ বিঘার পর থেকে ১৫ বিঘার মালিক এদের সংখ্যাও কম নয় এবং এদের যে খাজনা বৃদ্ধির প্রস্তাব আনা হয়েছে এটাকে আমি সমর্থন করতে পারছি না। কেননা ৯ বিঘা থেকে ১৫ বিঘা চাষের জমির মালিকদের আমি জোতদার বা ধনী চাষী বলতে পারি না। এরাও গরীব চাষী, এদের চাষ থেকে উৎপাদন হয় সেই উৎপাদনটাই সমস্তই তাদের খাওয়ার জন্য খরচ হয়ে যায়। বাজারে ফসল বিক্রী করতে পারেনা। সেজন্য এই শ্রেণীকে গরীব কৃষক বলে মনে করি। সেইজন্য ৯ থেকে ১৫ বিঘা জমির মালিকদের খাজনা বৃদ্ধির প্রস্তাবকে সমর্থন করতে পারছি না। যা খাজনা আছে

এটাই থাকা উচিত বলে আমি মনে করি। তারপরে যে খাজনা বৃদ্ধির সেচ এলাকায় ৩ গুন আর অ-সেচ এলাকায় ২ গুণ। এটা অবশ্য আমি মনে করি স্ল্যাব অনুসারে হওয়া উচিত ছিল যাতে করে ধনী চাষীর উপর, বিত্তবান চাষীর উপর বেশী করে কর আদায় হয় সেটাতে আমার আপত্তি নেই, কারণ গ্রাম বাংলা থেকে যেসব সদস্য এসেছেন তারা প্রায় সকলেই গরীব। তারা গরীব মানুষের কথাই ভাবছেন, তাদের কাছে আমাদের জবাব দিয়ে দিতে হবে। তারা বলবে যে গরীব মানুষের উপরে আপনারা ট্যাক্স করছেন কেন? যদি ধনীর উপর ট্যাক্স আদায় করতে পারেন তাহলে গরীব মানুষেরা সুখী হবে এবং গরীবদের জন্য আমরা কিছু করতে পারব। আর একটা কথা বলতে পারি যে বিভ্রান্তির সৃষ্টি হয়েছে ইরিগেটেড এবং নন-ইরিগেটেড এলাকা নিয়ে। আমরা জানি জঙ্গীপাড়া থানার সমস্ত মৌজা ইরিগেটেড এলাকা বলে আপনারা ঘোষিত করেছেন কিন্তু বাস্তব চিত্রটা কি? সেখানে ৫০ পারসেন্ট জমিতে ইরিগেসনের কোন ব্যবস্থা নেই অথচ ইরিগেশনের ট্যাক্স আদায় করা হয় সমস্ত জমিতে সমস্ত মৌজার উপরে। সেইজন্য আমাদের ভূমি রাজস্ব বৃদ্ধির সঙ্গে সঙ্গে প্রধান কাজ হওয়া উচিত যে কোন মৌজা ইরিগেটেড হয়, কোন্ মৌজায় জল পৌঁছায় আর কোন্ মৌজায় জল পৌঁছায় না। সুতরাং ইরিগেটেড এবং নন-ইরিগেটেড ব্যাপারে পূর্ণ বিবেচনা করা উচিত, কারণ তা না করলে আমাদের বিভ্রান্তির সৃষ্টি হবে। কারণ আমি জানি আমাদের জাঙ্গীপাড়া থানায় রাধানগর অঞ্চলে কে, ডি, ২৪ যে খাল আছে সেই খালে এক বিঘা জমিতেও ইরিগেটেড হয় না অথচ সেই জায়গায় বলা হয়েছে ইরিগেটেড এরিয়া।

( রেড লাইট )

**শ্রীভুপালচন্দ্র পাণ্ডা:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে ভূমি রাজস্ব বৃদ্ধির উপর আমাদের মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন এই বিলের উপর খুব উত্তপ্ত আলোচনা হয়েছে। আমি প্রথমেই আপনাদের কাছে আমার এই বক্তব্য রাখতে চাই যে, ভূমি রাজস্ব কোনক্রমে বাড়ান হবে না, এই নীতির আমরা বিরোধী, ভূমিরাজস্ব কোনক্রমেই বাড়ন হবে না যা আছে তাই থাকবে এই নীতির আমরা বিরোধী। আবার এই কথাও ঠিক যে ভূমি রাজস্ব বৃদ্ধির জন্য চন্দন ভস্মে একইবার করা হবে, সমহারে ব্যবহার হবে এটার আমরা বিরোধী। তাই আমি পরিষ্কার এই কথা বলতে চাই, ভূমি রাজস্ব আজকের দিনে নির্ধারণের নীতি হবে আয়ের সংস্থান মত সর্বনিম্নাংশকে রেহাই দিতে হবে এবং যাদের কিছুটা ইকনমিক হোল্ডিং-এর মত নাই এই অবস্থার মধ্যে রয়েছে তাদের বাড়ান চলবে না।

তার উপরে যারা বর্দ্ধিত আয়ে অংশীদার তাদের উপরে স্ল্যাব সিষ্টেমে বাড়াতে হবে। আমি মন্ত্রী মহাশয় জয়নাল আবেদিনের বক্তব্য শুনে খুব আশ্চর্য্য। তিনি বললেন যেহেতু যুক্তফ্রন্ট সরকারের আমলে তৎকালীন ভূমি রাজস্ব মন্ত্রী হরেকৃষ্ণবাবু তিনি একটি স্লাব সিষ্টেম এনেছিলেন, সেই কারণে ভূমি রাজস্ব আদায় হল না। এই যে সিদ্ধান্ত আমি মনে করি এটা সঠিক নয়। Slab System যদি না করা হয়, তাহলেই মানে নিম্ন আয় আর উর্দ্ধ আয় এই সবাইকে সমহারের যে সমাজবাদীর চিন্তা ওর সঙ্গে আমরা একমত নয়। সুতরাং কষ্ট করে এ কথাই আমরা বলতে চাই যে, তিন একরের নিম্নাংশ যেমন রেহাই দেওয়া হয়েছে, তেমনি অন্ততঃ কমপক্ষে পাঁচ একর পর্য্যন্ত যে হার আছে তাকে যেন না বাড়ান হয়। এবং তার উপরে নিশ্চয়ই আয়ের আনুপাতিক এবং যে অনুপাতে আমরা এই বর্দ্ধিত আয় নেবার চেষ্টা করেছি ঠিক সেই অনুপাতে আমাদের দায়িত্ব বহনের প্রতিশ্রুতি এখানে দিতে হবে। এই বিধান সভায় সে প্রতিশ্রুতি দিতে হবে—যে আজকের ভূমি রাজস্ব মন্ত্রী তিনি যে বর্দ্ধিত আয় এ ভূমি রাজস্বের উপরে তিনি আনতে চাইছেন, ভূমি রাজস্ব থেকে তা প্রধানতঃ কৃষি উৎপাদন বৃদ্ধি কাজে লাগানো হবে। কৃষিতে যে এই অবস্থা আছে—চাষীর যেখানে লোনের প্রয়োজন, চাষীর যখন

ভাল বীজের প্রয়োজন, চাষী চাষে পয়সা খরচ করেছে—জল এলো না, চাষী ভাল করে চাষ করে পয়সা খরচ করল, রোগে ধরল, কীটপতঙ্গ এলো প্রতিষেধকের জন্য প্রয়োজনীয় ঔষধ কিংবা তার রিসার্চের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা, মৃত্তিকা তার যে পরীক্ষা নীরিক্ষা Soil test প্রতি Block-এ Block-এ Soil test এর Arrangement করা, কোন মাটিতে কি ধরনের সার দিলে পর আমার ফসল বেশী হবে অর্থাৎ কিভাবে ফসল বেশী পেতে পারব এবং কোন রোগ ধরেছে শস্তে ও কৃষিজাত অন্যান্য পণ্য তাতে কি ঔষধ দিতে হবে কি সার প্রয়োগ করতে হবে, কখন কোনটা দিতে হবে, এই উদ্দেশ্যে যদি বর্দ্ধিত ভূমি রাজস্ব থেকে প্রধানতঃ খরচ করবার প্রতিশ্রুতি যদি মন্ত্রী মহাশয় দেন আমরা নিশ্চয়ই অন্ততঃ আমি মনে করি এই House এ এমন কোন সদস্য নেই যে তার এই যে বৃদ্ধি করার যে প্রস্তাব তার বিরোধিতা করবেন। আমি একথা মনে করি না। সেই কারণের জন্যে আমি একথা মনে করি যে আজকে প্রধানত এই করবৃদ্ধি সম্পর্কিত বিষয়ে যে উত্তপ্ত হাওয়া হয়েছে তার নিরসনে এই দিক থেকে মন্ত্রী মহাশয় যদি দৃষ্টি দেন এবং বক্তব্য রাখেন তাহলে মনে হয় যে আমাদের এই ভুল বোঝা-বুঝির অনেকখানি নিরসন হবে। মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমাদের এখানে এই কর ধার্যের যে Policy, এই Policy এপর্য্যন্ত যা চলে আসছে অনেক দিন, অবশেষে অবশ্য ১৯৫৩ সালে Dr. কলডোর সাহেব তিনি একথা বলে গিয়েছিলেন যে, আমাদের এখন ট্যাক্সেসনের পলিশিটা হচ্ছে কি-না ইন ইকুইটেবল এ্যাণ্ড ইনএফিসিয়াস অর্থাৎ ন্যায্যতার দিক থেকেও ঠিক নয় অন্যায্য, এবং অযোগ্য। অযোগ্য এই কারণের জন্য যে এখানকার একশ্রেণীর মানুষ তারা দীর্ঘ কালই বারে বারে বছরের পর বছর কর ফাঁকি দিয়ে চালাচ্ছেন, কিন্তু তাদের কাছ থেকে কর আদায়ের কোন ব্যবস্থা হয় না, আর সঙ্কট দেখা দিলেই তখন নুতন করে কর ধার্য্য সে হয়তো ওই ধরণের যে আমাদের বাণিজ্য শুল্ক কিংবা আমাদের ওই যে জিনিষের উপরে কর বসানো পরোক্ষ tax তাকে বাড়িয়ে বাড়িয়ে চলা হয়। আবার অন্যায়, অন্যায্য এই কারণে যে আইনত যার যা আয় সেটাই তার কর বহনের প্রকৃত যোগ্যতা এটা স্থির করে নেওয়া এবং তদনুযায়ী কর ধার্য্য করা।

[7-15—7-25 p.m.]

এবং সে অনুযায়ী কর নির্ধারণ করুন, কারণ আইনে অনেক কিছু তার উপর বর্তায়। যেমন এখানে আমাদের মাননীয় একজন নদীয়া জেলার সদস্য বললেন যে অনেক মৌজা আছে যে মৌজায় প্রকৃতপক্ষে জল যায়না। কিন্তু তার কমাণ্ড এরিয়া বলে ধরে নিয়ে কর ধার্য্য হয়। সুতরাং জল যাক আর নাই যাক কর দিতে হবে। ঠিক এইভাবে মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ১৯৩৪ সালের পর কোন কর বৃদ্ধি হয়নি অর্থাৎ ১৯৩৪ সাল থেকে এই পর্যন্ত ফসলের মূল্য কিংবা ভূমির মূল্য সম্পত্তির মূল্য যেহেতু অনেক পরিমাণে বেড়ে গিয়েছে, সেটাই কারণ হবে এই রাজস্ব বৃদ্ধির? সেটাই কারণ হবে ল্যাণ্ড রেভিনিউ বাড়াবার? সুতরাং আইনগত দিকটা যেভাবে আছে সেটা বিবেচনা করে যেভাবে হওয়া দরকার সেইভাবে হতে পারে, কিন্তু সেটাকেই মাপকাঠি ধরে যে করভার বৃদ্ধি করা হবে, এই যে নীতি সেটা সঠিক নয়, যথার্থ নয়, ন্যায্য নয়। সেজন্য আমাদের এখানে ট্যাক্সেশন পলিসি সম্পর্কিত যে বিষয় সেটা বিশেষভাবে চিন্তা করে দেখতে হবে। এবং আমি মনে করি সেদিক থেকে এখানে এই রাজ্যে যে সব অন্যায় অনেক দিন থেকে চলে আসছিল এবারে অন্ততঃ এই বিধান সভায় যে ধরনের পলিসি গ্রহণ করা হচ্ছে তার মধ্যে যে একটা পরিবর্তন আছে সেটা নিশ্চয়ই লক্ষণীয়। মাননীয় সদস্যরা অনেকে বিক্ষুব্ধ, করভার বেড়ে যাচ্ছে এবং হঠাৎ বেড়ে যাচ্ছে, এই কারণের দিক থেকে বিক্ষোভ করেছেন, যেটা অনেকটা ন্যায্য, আমিও মনে করি তাই। কিন্তু আমি

মনে করি এখানে ন্যায্যভাবে কর ধার্যের প্রতিশ্রুতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দেওয়া দরকার। এই যে বর্ধিত আয় হবে যাতে এই আয় এখানকার কৃষির উন্নতিকল্পে বিভিন্ন রকম ব্যবস্থাবলী নেওয়া হয়, যেমন ধরুন সয়েল টেষ্ট, কীট নাশক ঔষধ প্রয়োজন হলে সরবরাহ করা, সার, বীজ ইত্যাদি সরবরাহ করার ব্যবস্থাপনা করার ব্যাপারে খরচ হবে। ঠিক তেমনিভাবে ফসলের ন্যায্য দরের গ্যারান্টি প্রেজ সিষ্টেমের দরকার। কৃষকের পণ্য যাতে অসময়ে দেনার দায়ে এবং অন্যান্য প্রয়োজনের তাগিদে জলের দামে বিক্রী করে দিতে বাধ্য না হয়, তার যাতে ধরে রাখবার ক্ষমতা থাকে তার জন্য যে ব্যবস্থাপনা সেই ব্যবস্থাপনা দরকার এবং সেইভাবে কৃষককে নিশ্চয়ই সাহায্য করা দরকার। দ্বিতীয়তঃ গ্রেন ইন্সুরেন্সের প্রয়োজনীয়তা আছে। আমাদের দেশে খরা চলল, বন্যার কবলে চাষীদের সর্বনাশ হয়ে গেল, চাষী এত পয়সা খরচ করল সব তার নষ্ট হয়ে গেল, খরায় খতম হয়ে গেল তার বেশির ভাগ। এখানে একটা হিসাব পাওয়া গেছল শতকরা ২০/২২ ভাগ খরচ হচ্ছে ইরিগেশনে। আগে অনেক কম ছিল, কেন বাড়াচ্ছেন? প্রত্যেকটি জমিতে সেচের গ্যারান্টি দিতে পেরেছেন কি? সেই গ্যারান্টি যদি না দিয়ে থাকেন, তাহলে চাষী চাষে যে পয়সা খরচ করবে তা ফিরিয়ে দেওয়ার জন্য গ্যারান্টি থাকা উচিত।

তাই Grain Insurance, Produce Insurance—ইত্যাদির ব্যবস্থা থাকা দরকার। আজকে মাননীয় সদস্যদের মধ্যে যে সব বিক্ষোভ বা অভিযোগ ফুটেছে তার মূল কারণ কি? আজ কত টাকা এই purpose-এ Grain Insurance করবার জন্য, গ্রেন রাখবার গুদাম করবার জন্য আপনি কী পরিমাণ টাকা দিতে পারবেন? তাতে কত লোক engaged থাকবে? কি রকম ব্লকে ব্লকে Soil Test করার মেডিসিন তাদের প্রয়োজন? সেই সংগে যথাসময়ে লোন, বীজ, সার পাওয়ার গ্যারান্টির কি ব্যবস্থা হয়েছে? এইসব ব্যাপারে কি পরিমাণ লোক নিযুক্ত হতে পারে? Irrigation এর ব্যাপার হলে রেভেন্যু বৃদ্ধির কথা যদি আসতো তাহলে নিশ্চয়ই একমত হয়ে সকল সদস্য তা সমর্থন করতেন। সেদিকের তো দেখা নাই। আবার এই সঙ্গে কথা উঠেছে এখানে কেউ কেউ বলেছেন বর্গাদার উচ্ছেদের কথা। এটা নিশ্চয়ই যাঁরা একথা তুলেছেন যে বাড়তি জমি দখলের নামে বে-আইনী জবর দখল হয়েছে, সেই বেআইনী জবরদখল আমরা সংশোধন করছি, এই যে কথা এই কথার মধ্যে অনেক ফাঁক আছে। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই—যে রেকর্ড বর্গাদারের রেকর্ড সংশোধন হয়নি বা রেকর্ডে আছে বর্গাদার ছিলেন এককালে—তারপর দু-চার পাঁচ সাত বছর জমি ছেড়ে দিয়েছে বা মালিক তার কাছ থেকে যে কোন কায়দায় জমি নিয়ে নিয়েছে—আজ এই নতুন আইনে সংশোধিত আইনের ফলে যেহেতু বর্গাদার একটা অধিকার সম্পন্ন হয়ে যাচ্ছে স্থায়ীভাবে চাষের অধিকার পুরুষানুক্রমে হয়ে যাচ্ছে, সেই কারণে ব্যাপক ভাবে বর্গাচাষীর উপর হামলা, ভাগ চাষীর উপর হামলা দেখা দিয়েছে। এটা গোটা বাংলাদেশে চলছে। মাননীয় সদস্যরা অনেকে একমত এবিষয়ে এই যে বর্গাদারদের উপর হামলা এটা ইতিপূর্বে ছিল না। এই বছর কেন বেছে বেছে হচ্ছে? সেই কারণে আমি এই সম্পর্কে বলতে চাই। বর্গাদার যদি সে না হয় তাহলে আমাদের এই রকম একটা ব্যবস্থাপনা নেওয়া হোক—ভূমি বণ্টন কমিটি যা করা হয়েছে ব্লকে ব্লকে—তার সঙ্গে সরকারী ব্যবস্থা প্রশাসন জে-এল-আর-ও, বি-ডি-ও এবং থানার ও-সি—এই তিনের মিলিত তত্ত্বাবধানে মিলিত অনুসন্ধান করা হোক। তার সঙ্গে ঐ ভূমি কমিটি তাদের সহযোগিতা করবে—এরা দেখবেন সে বর্গাদার ছিল কি ছিল না, কে প্রকৃত বর্গাদার দখলকার, কে নয় এই সব জিনিস অনুসন্ধান করে ব্যবস্থাপনা করা হোক। অন্যথায় বাংলাদেশের গ্রামাঞ্চলে এই যে বেপরোয়া আক্রমণ গরীব ভাগচাষীর উপর চলছে, সেটা এমনি এমনি মিটে যাবে না। হয়ত হতে পারে কোন কোন জায়গায় বিচ্ছিন্ন ভাবে আক্রমণ করে জমি বর্গাদারের কাছ থেকে

কেড়ে নিয়ে যেতে পারে আজকে। কিন্তু এর প্রতিক্রিয়া বাংলাদেশে সংঘটিত হবে—মিলিত বিক্ষোভ আবার ব্যাপক ভাবে দানা বেঁধে উঠবে—এ বিষয়ে কোন সন্দেহ নাই। সুতরাং এই সম্পর্কিত বিষয়ে আপনার মাধ্যমে স্যার, মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই।

আর একটা কথা এসেছে যে তুলনামূলক ভাবে আমাদের বাংলাদেশে ভূমি রাজস্বের যা হার—যা পরিমাণ সেই তুলনায় মহারাষ্ট্রে তামিলনাড়ুতে ও অন্ধ্রে এইসব জায়গায় রাজস্বের পরিমাণ অনেক বেশী। আমি তা মেনে নিলাম সেখানে পরিমাণ বেশি। কিন্তু এই পরিমাণ অন্যান্য রাজ্যে বেশি, এখানে কম আছে—সেই কারণে কি সমতায় চলে যেতে হবে? যেহেতু রাজস্বের পরিমাণ বাংলায় কম আছে, তারজন্য কি আমাদের মর্য্যাদা হানি হয়ে যাচ্ছে? তাদের সঙ্গে সম মর্যাদায় আনার জন্য কি আমাদের এখানে ভূমিরাজস্ব বাড়াতে হচ্ছে? সুতরাং আমার মনে হয় যখন এই রাজস্ব বাড়ানোর কথা আসবে, তখন আমাদের তুলনা করে দেখা দরকার হবে, মহারাষ্ট্রে কৃষকরা কি প্রকার সুবিধা পাচ্ছে। সেখানকার রাজ্য সরকার কৃষকদের জন্য কি কি সুযোগ সুবিধার ব্যবস্থা করেছেন।

[7-25—7-35 p.m.]

তামিলনাড়ু কি প্রকার সাহায্য কৃষির উন্নতির জন্য করছে—কিংবা পাঞ্জাব অন্ধ্র কিভাবে জমিতে সরকার কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য কৃষকদের সহায়তা করেছে সেদিকে যদি দেখা যায় তাহলে নিশ্চয় বোঝা যাবে। বাংলাদেশের কৃষকদের প্রতি এতদিন পর্যন্ত ইতিপূর্বে যেসব সরকার এসেছেন—অবশ্য যুক্তফ্রন্ট সরকার কিছু করেছিলেন তাতে কোন সন্দেহ নেই—কিন্তু তার আগে দীর্ঘকাল যাবৎ কৃষকরা অবহেলিত হয়ে কৃষক সমাজ অতি নিম্নস্তরে ছিল। অত্যন্ত অবহেলিত অবস্থায় ছিল এই কৃষক সমাজ। কৃষি উৎপাদন বৃদ্ধি এটা আজকে দেশের অর্থনীতির মূল চাবিকাঠি একথা বার বার কমিউনিষ্ট পার্টি এই বিধানসভার ভিতরে এবং বাইরে বলেছে। খুবই আনন্দের কথা যে আমাদের সমস্ত সদস্যবৃন্দ এবং বর্তমান সরকার যে পার্টির নেতৃত্বে পরিচালিত সেই পার্টি স্বীকার করেছেন যে কৃষি উৎপাদন বৃদ্ধিই আমাদের জাতির অগ্রগতির পথ। আমাদের দেশের অর্থনীতির যে বিকল অবস্থা যে সমস্যা আজকে আমাদের জর্জরিত করছে তা সমাধান করতে আমাদের এই পদক্ষেপে এই দিকেই এগোতে হবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আর বেশি সময় নেবো না, আমি শুধু এই কথা বলতে চাই যে আজকের দিনে ভূমি রাজস্ব বৃদ্ধির সঙ্গে সঙ্গে আমি আশা করবো ভূমি রাজস্ব মন্ত্রী সেইরকম প্রতিশ্রুতি দেবেন যেমন মাননীয় জয়নাল আবেদিন সাহেব বলেছেন যে আমাদের বেকার সমস্যা সমাধানের উদ্দেশ্যে এটা করছি না। অর্থনীতিতে যে সংগতি প্রয়োজন তার জন্য ভূমি রাজস্ব বাড়ার দরকার আছে। আজকে কংক্রীটলি বলতে হবে যে এই ভূমি রাজস্ব বৃদ্ধি করে কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য কি কি ব্যবস্থা আগামী দিনে নেবার প্রয়োজন তার বিচার করে এই ভূমি রাজস্ব বৃদ্ধি করেছেন। এবং গ্রামাঞ্চলে বেকার মানুষদের কেমন করে কর্মে নিয়োগ করার প্রস্তুতি নিচ্ছেন সেটা বলুন। এই বলে আমি এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুকুমার চ্যাটার্জী:** মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমাদের মাননীয় ভূমিরাজমন্ত্রী যে সংশোধনীটি এনেছেন সেটা আমাদের গ্রাম বাংলার জনসাধারণের কাছে বিনা মেঘে বজ্রপাতের মত হয়েছে। এই মাত্র দু একমাস আগে আমরা প্রতিশ্রুতি দিয়েছিলাম গ্রামের জনসাধারণের সুখ ও দুঃখের পাশে দাঁড়াব, কিন্তু আজ এই তিন মাস হতে না হতেই আমরা জমির খাজনার হার বাড়িয়ে দিলাম—এই রকম কি কোন প্রতিশ্রুতি আমরা দিয়েছিলাম কি? ২৫ একর জমির পরিবার

ভিত্তিক হওয়ার পর খাজনা বৰ্দ্ধিত করিবার কোন প্রয়োজন আছে বলে মনে করি না। আমাদের মন্ত্রী মহাশয় বাঁকুড়া জেলার মানুষ। তিনি নিশ্চয়ই ঐ জেলার সঙ্গে ওতঃপ্রোতভাবে জড়িত। সেখানে দামোদরের সামান্য কয়েকটি ক্যানেল আছে। সময়ে সেখানে জল দেওয়া সম্ভব হয় না। তারপর যে সব জায়গায় ডিপ টিউবওয়েল তৈরী হয়েছে সেখানে ইলেক্‌ট্রিকের অভাবে এমন অবস্থা হয়েছে যে সেখানে জল সরবরাহ করা সম্ভব হচ্ছে না। সেখানে দক্ষিণ দামোদরের বিপুল বন্যায় এমন অবস্থা হচ্ছে যে সেখানে মানুষ বসবাস করতে পারছে না। তাই আমি মাননীয় রাজস্ব মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে জনসাধারণের জমিকে যমে পরিণত না করে করভারে জর্জরিত না করে ঐ এলাকার জমি জাতীয়করণ করে দু বেলা দু মুঠো মানুষ যাতে ভাত খেতে পায় সেই ব্যবস্থা করলে লোকে সুখী হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবীরেশ্বর রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমিরাজস্বমন্ত্রী যে সংশোধনী বিল আমাদের সামনে এনেছেন আমি তাকে নীতিগত ভাবে সমর্থন করেও কয়েকটি বিষয় এখানে উত্থাপন করতে চাই। আজকে ২৫ বছর স্বাধীনতার পর দেখা যাচ্ছে বাংলা তথা উত্তর বঙ্গের কৃষকদের বাস্তবিক পক্ষে যে উন্নতি হওয়া দরকার ছিল বা কথা ছিল সেই উন্নতির জন্য কোন ব্যবস্থা অবলম্বন করতে পারিনি। কৃষকদের জন্য যে পরিমাণ জল, সার, বীজ দেওয়া আমাদের উচিত ছিল তা আমরা দিতে পারছি না বা দিতে পারি নি। উত্তর বঙ্গের যে সমস্ত জমি আছে বা কৃষক আছে তাদের আমরা চিরদিন অবহেলা ভরে দেখি। আমাদের পশ্চিম দিনাজপুর জেলায় জমি ভাল কোয়ালিটির হওয়া সত্বেও সেই সমস্ত জমিতে প্রকৃতপক্ষে যে পরিমাণ ফসল উৎপাদন হওয়া উচিত ছিল সেই পরিমাণ উৎপাদন করা সম্ভব হচ্ছে না এবং সেই সমস্ত জমি প্রকৃতপক্ষে সার, বীজের অভাবে বন্ধ্যায় পরিণত হচ্ছে, উপযুক্ত ফসল উৎপাদন করতে পারছে না। স্যার, আমরা এই হাউসে যারা নির্ব্বাচিত হয়ে এসেছি আমাদের মধ্যে আমার মনে হয় অধিকাংশই গ্রামবাংলার সদস্য। আজকে আমি মন্ত্রী মহাশয়কে গ্রামবাংলার জনসাধারণের কাছে উপস্থিত হতে অনুরোধ করি। কারন যে সংশোধনী প্রস্তাবের মাধ্যমে কর প্রস্তাব আনা হয়েছে সে সম্পর্কে গ্রামবাংলার জনসাধারণ কি চিন্তা করছে বা আমরা বিধানসভায় জনসাধারণের প্রতিনিধি হয়ে যে মতামত প্রকাশ করবো সেটা বাস্তবিক গ্রামবাংলার জনসাধারণের মতামত কিনা সেটা ভেবে দেখার সময় উপস্থিত হয়েছে। আজকে গ্রামবাংলার গরিব কৃষকদের দিকে দৃষ্টি রেখে যাতে আমরা কর ধার্য করতে পারি সেটা আমাদের দেখা উচিত। স্যার, আমাদের পশ্চিম দিনাজপুর জেলার জমি ভাল কোয়ালিটির জমি সেকথা আগেই বলেছি। কিন্তু সেখানে ডিপ টিউবওয়েলের উপযুক্ত ব্যবস্থা করা সম্ভব হয়নি, স্যালো টিউবওয়েল বা লিফ্‌ট ইরিগেশনও সম্ভব হয়নি। যার ফলে সেখানে উপযুক্ত পরিমাণ ফসল উৎপাদন হতে পারছে না। গ্রামীণ অর্থনীতি যে ফসলের উপর নির্ভর করে সেই গ্রামীণ অর্থনীতি যদি আজকে করভারে জর্জরিত হয়ে পড়ে তাহলে গ্রামীণ অর্থনীতি ভেঙ্গে পড়বে বলেই আমি মনে করি। সেজন্য আমার মনে হয় সব দিক থেকে চিন্তা করে এই কর সংশোধন করা উচিত।

**শ্রীবিজয় দাসঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় আজকে বিধানসভায় যে বিল উপস্থিত করেছেন, তার আলোচনায় অংশগ্রহণ করে আমি আমার বক্তব্য রাখছি। স্যার, উন্নয়নকামী রাষ্ট্রে উন্নয়ন কর্মসূচী রূপায়ণের জন্য অর্থ সংগ্রহের প্রয়োজন আছে এটা অনস্বীকার্য। তবে মাননীয় ভূমিরাজস্বমন্ত্রী আজকের উপস্থাপিত বিলে যেভাবে ভূমি রাজস্ব বৃদ্ধির প্রস্তাব করেছেন তা কতটা যুক্তিসঙ্গত তা বিবেচনা করে দেখার অবকাশ আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, খরা এবং বন্যা কবলিত পশ্চিমবাংলার গ্রামীণ অর্থনীতি একেবারে ভেঙ্গে পড়েছে। ছোট

চাষী, মাঝারী চাষী সব চাষীই ঋণের ভারে জর্জরিত হয়ে পড়েছে। আজকে ব্লকে ব্লকে যে ঋণ গিয়েছে সেই সমস্ত ঋণ ডিফল্টারদের দেওয়ার নির্দেশ সরকারী ভাবে না থাকায় এমনও শোনা যাচ্ছে যে ঋণ নেবার মত লোকও খুঁজে পাওয়া যাচ্ছে না। স্যার, এই যেখানে গ্রামের চাষীর অবস্থা সেখানে তাদের উপর আবার কর চাপানো মানেই বোঝার উপর শাকের আঁটি। আমার মনে হয় পশ্চিমবাংলার কৃষককুলের পক্ষে এটা বহন করা আদৌ সম্ভব হবে না। তাই মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যে, যে কর প্রস্তাব করেছেন সেটা বিশেষভাবে বিবেচনা করুন। তারপর সেচ এবং অসেচ এলাকার সংজ্ঞা সুস্পষ্টভাবে নির্দেশিত হওয়া দরকার। মেদিনীপুর জেলাতে ক্যানেল রয়েছে, তাতে জলসরবরাহ হয় কিন্তু সেই জলসরবরাহ অনিশ্চিত।

বছরে যখন জলের প্রয়োজন হয় তখন সেই ক্যানেল থেকে জল পাওয়া যায় না। কিন্তু সেই সমস্ত এরিয়া যদি সেচ এরিয়া হিসাবে ঘোষণা করা হয় এবং সেখানে রাজস্ব যদি ৩ গুন বৃদ্ধি করা হয় তাহলে সেখানকার জনসাধারণের উপর অযথা চাপ সৃষ্টি করা হবে। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি এটা বিবেচনা করে দেখতে অনুরোধ করি। এই বিলে ৩ একর পর্যন্ত রায়তীদের খাজনা মকুব করে দেওয়া হয়েছে, এটা খুব সুখের ও আনন্দের কথা। কিন্তু এর সঙ্গে আর একটি জিনিস আমি লক্ষ্য করছি যে এটাতে একটু ত্রুটি আছে বলে আমার মনে হয়েছে। এই বিলে ৭৬ সালের ১লা বৈশাখের পরে ৩ একর জমির খাজনা রহিত হয়েছে, কিন্তু ৭৬ সালের পরে ৩ একর জমির মালিকদের খাজনা রহিত করার ব্যবস্থা করা হয়নি। অনেকে বিভিন্ন কারণে সংসার খরচ চালাবার জন্য, পুত্র কন্যাদের লেখাপড়া শেখাবার জন্য, সাংসারিক ক্রিয়া-কাণ্ডের জন্য জমি বিক্রী করতে বাধ্য হন। সেখানে ৫ একর জমি থাকলে সেটা কমে কমে ৩ একরের নীচে এসে দাঁড়ায়। কাজেই তার কেসটি একটু বিবেচনা করা দরকার। আমি সর্বশেষে মন্ত্রী মহোদয়কে এই ভূমি রাজস্ব সংশোধনী বিলটি যেভাবে এনেছেন সেটা বিশেষভাবে বিবেচনা করার জন্য অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[7-35—7-45 p.m.]

**শ্রীঅরবিন্দ মণ্ডল:** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় ভূমি রাজস্বমন্ত্রী কর্তৃক উত্থাপিত পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার বিধেয়ক বিলটি যে আনীত হয়েছে আমি তাকে আন্তরিকভাবে সমর্থন জানাচ্ছি। এই বিলকে সমর্থন করতে দাঁড়িয়ে ২/১টি কথা আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়ের কাছে নিবেদন করতে চাচ্ছি। এই বিলে ছোট চাষীদের স্বার্থ সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে ঠিক, কিন্তু একই মৌজায় কোন রায়তের ৪ হেক্টর বা ততোধিক পরিমাণ জমি থাকলে তাকে বাড়তি ভূমি-রাজস্ব শতকরা ১০ শতাংশ অধিকতর দিতে হবে, এটা আমি কিন্তু মেনে নিতে পারছি না। এই সিদ্ধান্ত কোন্ দৃষ্টিকোণ থেকে বিবেচিত হয়েছে আমি জানি না। আমার মনে হয় এই সম্পর্কে বিশেষভাবে চিন্তা করার প্রয়োজন আছে। পশ্চিমবঙ্গের বেশীর ভাগ জমিই প্রায় টুকরো টুকরো অবস্থায় পরিণত হয়ে আছে এবং চাষের পক্ষে অত্যন্ত ব্যয় সাপেক্ষ। উৎপাদন বৃদ্ধির দিকে যদি আমাদের লক্ষ্য দিতে হয় তবে জমি একত্রীকরণ অপরিহার্য্য বলে আমি মনে করি। তবে কর বৃদ্ধির যে আইন আজ পরিণত হতে চলেছে, তাতে জমি একত্রীকরণ ও উৎপাদন বৃদ্ধির সহায়ক হবে বলে আমি মনে করি না। ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গের কৃষি ব্যবস্থা অনেক পিছিয়ে আছে বলে আমি মনে করি। তাছাড়া বিগত বন্যা ও খরায় গ্রামবাংলার মানুষের জীবন অত্যন্ত দুর্বিসহ হয়ে দাঁড়িয়েছে। বন্যা-বিধ্বস্ত পরিবারদের এখন পর্যন্ত গৃহ নির্মাণ ঋণ পৌঁছে দিতে পারিনি, কৃষি ঋণ পৌঁছে দিতে পারি নি, সার কেনার ঋণ পর্যন্ত এখন দিতে পারি নি, অথচ এখনই এই

করের বোঝা চাপিয়ে দেওয়া হচ্ছে। গ্রাম থেকে গ্রামান্তরে গেলে দেখা যবে মা-বোনেরা কাপড়ের অভাবে ঘরের বাইরে যেতে পারছে না, ছেলে মেয়েরা স্কুলে যেতে পারছে না। ভূমি রাজস্ব বৃদ্ধির প্রয়োজন আছে এই কথা ঠিক। কিন্তু বর্তমান অবস্থায় এই করের বোঝা চাপানো সময়োচিত কিনা সেটা ভেবে দেখা একান্ত উচিত বলে আমি মনে করি। আর একটি বিষয় সম্বন্ধে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি। বার বার বন্যা ও খরায় ক্ষতিগ্রস্ত কৃষক সমাজের প্রতিটি পর্যায়ে প্রতিটি বীমা প্রথা চালু করা একান্ত প্রয়োজন বলে আমি মনে করি। পরিশেষে আমি মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী কর্তৃক উত্থাপিত বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

**শ্রীগুরুপদ খাঁ**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার অর্থনীতি, বিশেষ করে গ্রাম-বাংলার অর্থনীতি, গ্রামীন একটা অঞ্চলের ছেলে হিসাবে আমি এই দাবী করতে পারি। বিশেষ করে অত্যন্ত দরিদ্র কৃষকঘরের থেকে আমি এসেছি বলে তাদের যে কি ব্যথা-বেদনা তার সঙ্গে প্রত্যক্ষ পরিচয় আমার আছে। শিবশংকরবাবু ৩০ বিঘা জমির মালিকদের কথা বলেছেন। বাল্যাবস্থায় ওদের অবস্থার কথা আমি কল্পনাও করতে পারতাম না। আমাদের আরো কম জমির মালিক যারা তাদের ব্যথাবেদনার সঙ্গে ওদের পরিচয় না থাকতে পারে, কিন্তু আমার প্রত্যক্ষ পরিচয় আছে। তবে অত্যন্ত বাধ্য হয়ে আজকে আমাকে এই বিল আনতে হচ্ছে হাউসে, অত্যন্ত বাধ্যতার সঙ্গে এই বিল আনতে হচ্ছে এই জন্য বলছি যে আজকে পশ্চিমবাংলার অর্থ নৈতিক যে অবস্থা রয়েছে তাতে অল্প অল্প করে সঞ্চয় করে যদি আমরা সম্পদ সঞ্চয় করতে না পারি তাহলে অল্পদিনের মধ্যে এই পশ্চিমবাংলার অর্থনীতি এমনভাবে ধ্বংস পড়বে যা কল্পনাও করা যায় না। এই হাউসের প্রত্যেকটি দায়িত্বপূর্ণ মাননীয় সদস্যের কাছে আমার অনুরোধ যে পশ্চিমবঙ্গের এই অর্থনীতির দিকে লক্ষ্য রেখে দায়িত্বকে মনেপ্রাণে গ্রহণ করে তারা যদি একবার আমাদের বাজেটকে ভাল করে স্ক্রুটিনি করতেন তাহলে বুঝতে পারতেন যে আমরা কোথায় গিয়ে দাঁড়িয়েছি। ৩ মাস মাত্র এই মন্ত্রীসভা গঠিত হয়েছে। ব্যাঙ্ক ক্রাফট-এর এই যে দেশ তার ভার আমরা গ্রহণ করেছি। তাই যেখানে যে সম্পদ আছে, যেখানে এতটুকু আশাভরসা আছে সেখান থেকে আমাদের তা গ্রহণ করতে হচ্ছে, গ্রহণ করবার চেষ্টা করতে হচ্ছে। মাননীয় সদস্যদের কাছে আমার এই অনুরোধ রাখছি, বারবার করে তাদের এই দায়িত্ব না, সারা পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় যখন খরায় প্রপীড়িত হয়ে গিয়েছিলো, লক্ষ লক্ষ কোটি কোটি টাকা যখন জি, আর, টি, আর দিতে হয়েছিলো এবং সেই সময় এমন অর্থ নৈতিক অবস্থা থাকা সত্বেও স্কুল, পাঠশালা, বিদ্যালয়, হাসপাতাল, রাস্তাঘাট সব কিছুই আমাদের চিন্তা করতে হয়েছে, তখন নিশ্চয়ই দায়িত্বপূর্ণ-ভাবে এটাকে স্বীকার করবেন। যেখানে যেটুকু পারবো আমরা এই সম্পদ সংগ্রহ করার নিশ্চয়ই চেষ্টা করবো, ব্যথা আসবে, বেদনা আসবে। আমার সহকর্মী ডঃ জয়নাল আবেদিন বলেছেন, ডাইরেক্ট ট্যাক্সেশান যখন অত্যন্ত পীড়াদায়ক, ইনডাইরেক্ট ট্যাক্সেশান হলে হয়ত এতটা পীড়া-দায়ক হয়না, তাই আমরা করিনি আমাদের আরো বিভিন্ন যে ট্যাক্স আমরা আদায় করতে পারি, ডাইরেক্ট ট্যাক্সেশান আমরা করছি না, করছি। আমি একটি কথা আপনাদের স্মরণ করিয়ে বলি যে আমাদের ভূমিরাজস্ব বিভাগ, এই বিভাগের মধ্যে সবচেয়ে বড় কথা যেটা উঠেছে সেটা হচ্ছে আমরা নাকি গ্রামবাংলার গরীব চাষীদের উপেক্ষা করে যাচ্ছি, তাদের উপর করভার চাপাবার চেষ্টা করছি। সমস্ত রাজস্ব তুলে দেওয়া উচিত এটা আমি স্বীকার করছি। আমার প্রাথমিক বক্তৃতায় আমি বলেছি জমির উৎপাদনের উপর ভিত্তি করে সম্পূর্ণরূপে নূতন রাজস্ব ধার্য করা যুক্তিসঙ্গত এবং এ বিষয়ে কারো দ্বিমত থাকতে পারেনা। মাননীয় সদস্যকে আমি প্রশ্ন করি

এই উৎপাদনের উপর ভিত্তি করে যদি আমরা এখনই রাজস্ব ধার্য করতে যাই তাহলে তিনি একথা কি স্বীকার করে নেবেন যে এখন যে খাজনা ধার্য করছি তার চেয়ে অনেক বেশী বোঝা হয়ে চাপবে? নিশ্চয়ই এটা হবে। আপনারা একটু হিসাব করে দেখুন তাহলে দেখবেন যে আমাদের পশ্চিমবাংলায় রাজস্ব আদায় যে হারে হয়েছে যদি আমরা উৎপাদনের উপর ভিত্তি করে করি তাহলে তার চেয়ে অনেক বেশী খাজনা ধার্য হয়ে যাবে, তাই আমরা করিনি। গ্রাম বাংলার কথা বলি। মাননীয় সদস্যরা গ্রামবাংলার করুণ একটা চিত্র এই পশ্চিমবাংলার বিধানসভায় নিয়ে আসবার চেষ্টা করেছেন। আমার কাছে বিশেষ করে গ্রামবাংলা অপরিচিত নয়। আমার কাছে বিশেষ করে গ্রামবাংলার অভাবী দীনদুঃখী মানুষের কথা অপরিচিত নয়। আমরা কার উপর এই ট্যাক্স ধার্য করতে যাচ্ছি ৯ বিঘার চেয়ে বেশী যাদের জমি আছে তাদের উপর। আমি দয়া করে মাননীয় সদস্যদের এইটুকু বলতে চাই দয়া করে তারা একটু হিসাব করে দেখুন।

[7-45—7-55 p.m.]

Tax আমরা বাড়াতে যাচ্ছি, ১৫ বিঘা পর্যন্ত। আমাদের অজিতবাবু বা আমাদের C.P.I. বন্ধুরা বলছেন যে খাজনা ছাড় করতে। আমার প্রাথমিক বক্তৃতাতে আমি বলেছি যে ৯ বিঘা পর্যন্ত যাদের জমি সেইরকম রায়তের পরিমাণ হচ্ছে ৪৬ লক্ষ। বাকী থাকলে ২২/২৩ লক্ষ। তাদের উপরে আমরা নূতন Tax ধার্য্য করতে চলেছি। আমরা তাদের উপর খাজনা বাড়াবার চেষ্টা করছি যাতে আদায় হয়, যাতে আমাদের সম্পদ নিশ্চয়ই কিছু হতে পারে। এই বাইশ লক্ষের জন্য ৪৬ লক্ষ যারা খাজনা ছাড় পেয়ে গেলেন, তাদের কথা একবার চিন্তা করুন, তারাই হচ্ছে দেশের সত্যকারের গরীব মানুষ, কৃষকদের মধ্যে তারা গরীব মানুষ। ৯ থেকে ১৫ বিঘা জমির মালিক, যদি হিসাব করেন, একেবারে গ্রামবাংলার সঙ্গে প্রত্যক্ষ পরিচয় যদি কারোর থেকে থাকে, তাহলে তারা নিশ্চয়ই লক্ষ্য করবেন, ৯ থেকে ১৫ বিঘা জমির যারা মালিক, ঐ ⅓ ভাগ যারা রয়েছে, তাদের সংখ্যা কম নয়, তাদের সংখ্যাই বেশী। তাদের যদি ছেড়ে দিতে হয়, তাহলে এই বিল না আনাই উচিত ছিল আমাদের। কিন্তু সম্পদ আমাদের সঞ্চয় করতে হবে। চার হেক্টরের বেশী জমি ceiling এর কাছাকাছি জমি কজনের আছে? আপনাদের Constituency-তে ceiling পর্যন্ত জমি ৪/৫/১০ জনের আছে। শতকরা ২ জন আছে, খুব কম জায়গাতে আপনি পাবেন, কাজেই এই যে মাঝামাঝি যারা চাষী রয়েছে, তাদের কাছ থেকে আমাদের নিশ্চয়ই কিছু আদায় করতে হবে। সাধারণতঃ পাড়াগাঁয়ে একটা চলতি কথা আছে, রাই কুড়িয়ে বেল, রাই ভেঙ্গে ছাই। ছোট ছোট রাই কুড়িয়ে, একটা বেলের মত করতে পারি। একটা বড় কিছু করতে পারি। খুব বেশী টাকা আমরা যে পাচ্ছি তা পাচ্ছি না। আমাদের অর্থমন্ত্রী আমাদের বাজেট বক্তৃতায় যা বলেছেন, কত টাকা আমাদের এই বছরের জন্য খরচ হচ্ছে, তার মধ্যে আমরা ৪ কোটি টাকা তোলবার চেষ্টা করছি। তবুও এই কথাটা আপনাদের স্মরণ করতে বলি যে খরা যদি এসে থাকে, খরার জন্য আমি নিজে যত পীড়িত হয়েছি, আমি জানিনা কোন মাননীয় সদস্য এত বিচলিত হয়েছেন কি না, খরার জন্য আমি নিজে ব্যক্তিগত ভাবে যে রকম ভাবে পরিশ্রম করেছি, আপনারা নিশ্চয়ই অনেকে সেইরকম করেছেন, নিঃসন্দেহেই সেই কথা বলতে পারি, তবে আমি আপনাদের মত সেই দুঃখের একজন ভাগী হয়েছি, জানি সেই অবস্থাতে খাজনা বাড়াতে গেলে মানসিক যে অবস্থা, সেই মানসিক অবস্থাটা, সত্যই অনুজ্জল নয়, তবুও করতে হচ্ছে, উপায় নেই বলে করতে হচ্ছে। কিন্তু কথাটা আপনাদের স্মরণ করতে বলি যে আমাদের সরকার, সে তো অকরুণ, নির্মম নয়? যেখানে বন্যা হয়েছে, যেখানে খরা হয়েছে সেখানে natural calamities এর জন্য, প্রাকৃতিক দুর্যোগের জন্য, যেখানেই কোন ফসল হানি হয়েছে,শতকরা

৬০ ভাগের চেয়ে কম যেখানে ফসল নষ্ট হয়েছে সেখানে কি খাজনা ছেড়ে দেওয়া হয়নি ? আমরা খবর নিয়েছিলাম, দেখলাম ১৯৬৬-৬৭ সালের হিসাব, অবশ্য তার পরের হিসাব আসেনি, ১৯৬৬-৬৭ সালের হিসাবে আমরা দেখলাম, সেই বছর খরা হয়েছিল, কত টাকা আমরা এই রাজস্ব তহবিল থেকে ছেড়ে দিয়েছিলাম, সেটা কম টাকা নয়। ১ কোটি ২০ লক্ষ টাকার বেশী আমাদের খাজনা ছাড় দিতে হয়েছে, তারপর আরও পরের বছরে, পরে পরে আমরা যা পেয়েছি, হয়তো বন্যার জন্য আরও ছাড় দিতে হয়েছে। কাজেই শোষণ করে নিপীড়ন করে চাষীদের কাছ থেকে আদায় করা—সত্য যদি সেই আগেকার জমিদারদের এই প্রগতিশীল সরকারের, এই গণতান্ত্রিক সরকারের নীতি হতো, তাহলে এই টাকা ছাড়তাম না। তা আমাদের নীতি নয়। নয় বলে, যেখানে দুঃখ, যেখানে বেদনা সেখানে সরকার পাশে গিয়ে দাঁড়িয়েছে বেদনা দূরীভূত করবার জন্য। এই কথা তো আপনারা কেউ বললেন না যে আমরা আজকে এই প্রগতিশীল সরকার কত টাকা, কত মূল্যের জমি, ভূমিহীন কৃষকদের মধ্যে দিতে পেরেছি, আমরা আজ পর্য্যন্ত জমি অধিকার করতে পেরেছি Estates Acquisition Act অনুযায়ী, তার পরিমাণ হলো ২৪'৪ লক্ষ একর। এর মধ্যে কৃষি জমি আছে ৯.২১ লক্ষ একর, অকৃষি জমি আছে ৫.৩৪ লক্ষ একর আর অরণ্য ভূমি আছে ৯'৪৯ লক্ষ একর, এর মধ্যে আমরা যে বিলি করেছি—আমরা যেটা দখল নিয়েছি, আমরা যাদের ceiling-এর অতিরিক্ত জমি ছিল, তাদের কাছ থেকে যেটা দখল নিয়েছি তার পরিমাণ হলো ৬'৮৪ লক্ষ একর।

১ একর জমির এখনকার দাম আমরা যদি ৫ হাজার টাকা করে ধরি তাহলে বলতে পারি এই সরকার, এই রাজস্ব বিভাগ ৩৪২ কোটি টাকার জমি লোকদের কাছ থেকে সংগ্রহ করেছে। ল্যাণ্ড পুয়র যারা রয়েছেন তাদের ভিতর আমরা জমি বিলি করেছি ৪'১ লক্ষ একর। ৫ হাজার টাকা করে যদি আমরা একর ধরি তাহলে ২০০ কোটি টাকার জমি ভূমিহীনদের মধ্যে বিতরণ করা হয়েছে। যদিও সরকারকে এরজন্য ক্ষতিপূরণ দিতে হবে তবুও সরকারকে এইটা করতে হচ্ছে। তাছাড়া ফরেষ্ট ল্যাণ্ড যেটা—সেটাকেও গ্রহণ করতে হয়েছে। এই ছাড়া গৃহহীনদের প্রত্যেককে আমরা ৫ কাঠা জমি দিয়েছি। এই বিভাগ রাখার কি প্রয়োজন ছিল ? এই সব কথা অনেকেই বলেছেন। শুধুমাত্র রাজস্ব আদায় করা কি এই বিভাগের কাজ ? মাননীয় জয়নাল সাহেব বলেছেন যে আমাদের যা আদায় হয় সেটা আদায় করার জন্য খরচ হয় মাত্র শতকরা ১৫ ভাগ। শুধু এই কাজ, এই কথা কি মাননীয় সদস্যরা জানেন না, যে রেকর্ড অফ রাইটস আছে, সেটা অনেক পুরোন হয়ে গিয়েছে। এই নতুন আইনের পর নতুনভাবে জমিকে আবার সেটেলমেণ্ট করতে হবে। আমরা এইটা করতে চাইছি, যদিও টাকার অত্যন্ত অভাব তবুও আমাদের এইটা করতে হচ্ছে, তা ভিন্ন আমাদের ল্যাণ্ড রিফর্মস য়্যাক্ট-এর যে উদ্দেশ্য সেই উদ্দেশ্য পরিপূর্ণ হবে না। কোন কোন মাননীয় সদস্যকে আমি স্মরণ করিয়ে দিতে চাই যে ল্যাণ্ড রিফর্মসের কাজে ল্যাণ্ড রেকর্ড করতে হলে আমাদের অনেক টাকা লাগবে, প্রায় ৪০ কোটি টাকা লাগবে, তা না হলে আমরা আমাদের ল্যাণ্ড রিফর্মসকে সফল করতে পারবনা এবং এর জন্য সময় লাগবে কত, না প্রায় ১০ থেকে ১৫ বছর। যেটা আইন হলো সেটা প্রয়োগ করা যাবে কিনা চিন্তা করলেন না আগেই বললেন হবেনা; এই কথা বলা ঠিক নয়। সেখানে শত শত কোটি টাকার জমি সঞ্চিত হয়ে রয়েছে এবং আমরা যে আইনগুলি করছি তার আদর্শকে সফলভাবে রূপায়িত করতে হবে। কিছুদিনের মধ্যে আমরা ৫টি জেলার সেটেলমেণ্ট অপারেশন করব, একেবারে পুরোপুরিভাবে করব। তা না হলে ১৭ বছর আগের যে ল্যাণ্ড রেকর্ডস রয়েছে এবং তার পরে কত পরিবর্তন হয়েছে তবুও নানারকম ভাবে জমি লুকানো রয়েছে, যে জমি আমরা ধরতে পারছিনা এবং যা ঠিক মত রেকর্ডে নাই। এক এক জনের কত জমি কয়েকটি মৌজায় রয়েছে সেগুলি আমরা ধরতে পারছি না। সেইজন্য রেকর্ডস অফ রাইটস করবার প্রয়োজন রয়েছে। অন্য আর একটি হচ্ছে আমাদের ব্যক্তিগত

ভাবে পরিবারের ভিতরের কার কত জমি আছে সেটা জানবার চেষ্টা করছি। আমরা ৯ বিঘা পর্যন্ত জমি ছাড় দিয়েছি সেটা আপনারা নিশ্চয়ই মনে রাখবেন। কৃষি সমাজের মধ্যে যারা সবচেয়ে কম আয়ের লোক তাদের সব খাজনা মুকুব করা হয়েছে। আমরা ৯ বিঘার বেশী যাদের জমি আছে—আমরা জানি পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর এবং উত্তরবংগের কিছু অংশ আছে যেখানে ৯ বিঘার চেয়ে বেশী জমি ১০ বিঘা ১১ বিঘা থাকলেও সেখানকার কৃষকরা তাদের পরিবার প্রতিপালন করতে পারে না। কিন্তু যদি আমরা বলি যে কে কে ঠিক মত পরিবার প্রতিপালন করতে পারছে, না পারছে সেই সব হিসাব করে দিতে গেলে আরও অনেক জমি খাজনা থেকে ছাড় দিতে হবে।

[7-55—8-05 p.m.]

আপনারা বলুন G. R-এর কাজ বন্ধ করতে হবে, হাসপাতালে ওষুধ সরবরাহ হবে না, বিদ্যালয়ে grant-in-aid বন্ধ হয়ে যাবে। কিন্তু আপনারা নিশ্চয় সেকথা বলবেন না। অনেকে আরও অনেক কিছু আলোচনা করেছেন তার কিছু কিছু উত্তর দেবার আমি চেষ্টা করব। পুরুলিয়ার M. L. A. শরৎবাবু তাঁর ভাষণে অকৃষিজমি কাকে বলে এটা জানতে চেয়েছেন। আমাদের Estate Acquisition Act-এ পরিষ্কারভাবে লেখা আছে—চাষের জন্য যেটা ব্যবহার হচ্ছে বা হতে পারে সেগুলিকেই কৃষিজমি বলে থাকে। এর সঙ্গে tank fishery-কেও estate Acquisition Act-এ ধরা হয়েছে। পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুরের কিছু অংশ বা দার্জিলিং-এর সমস্ত একেবারে কঙ্কর প্রস্তরময় সেখানে যদি ফসল উৎপাদনের সম্ভাবনা না থাকে তাহলে নিশ্চয় সেটাকে কৃষি জমি বলে গণ্য করা উচিত নয়। যদি কেউ পাথরের নিচে কৃষি জমি বলে গণ্য করে থাকে তাহলে আমি বলব সেটা অন্যায় হয়েছে, করা উচিত নয় এবং যদি হয়ে থাকে তাহলে নিশ্চয় তার enquiry করব। ১০ নং form return দেওয়া বন্ধ হয়েছে। যদি থাকতো তাহলে বুঝতাম যে কার কত জমি আছে। আমার জমি আছে অথচ আমি জানি না কোথায় কত জমি আছে এবং কি জমি আছে। এটা হতে পারে না। আমার জমি থাকবে, অথচ তার কাগজপত্র থাকবে না এটা উচিত নয়। ৭নং form return দেবার কথা। আপনার যে জমি আপনার possession-এ রয়েছে সেটা আপনি দিন। তারপর settlement Dept. কি করছে না করছে সেটা দেখব। আপনার ন্যায্য যেটুকু আছে সেটুকুও দিন তাতে আপনার ভয়ের কোন কারণ নেই। আপনার যদি শিলিং-এর বাহিরে জমি না থাকে তাহলে দিতে হবে না। শিলিং-এর বাহিরে যদি এক বিঘাও থাকে তাহলে সেটা দিন তাতে ভয়ের কোন কারণ নেই। সরকার যা আইন করছেন তাতে আপনাদের সকলের কাছে আবেদন রাখব যে সেই আইন সঠিকভাবে প্রয়োগ করার জন্য আপনারা সকলে সচেষ্ট হয়ে উঠবেন। রমেনবাবু চা বাগানের জমির খাজনার কথা বলেছেন। চায়ের জন্য আমাদের বিদেশী মুদ্রা আসে। সেজন্য তাদের এই সুযোগ সুবিধা দেওয়া হয়েছিল। তিনি কি মনে করেন যে চা বাগানের উপর আরও চাপ সৃষ্টি করে আমাদের চা শিল্পকে ক্ষতিগ্রস্ত করা উচিত। সেটাকে বরং যত বাড়াতে পারি সেটাই আমাদের পক্ষে মঙ্গল হবে। সেজন্য Estate Acquisition Act-এ চা বাগানকে অনেক সুযোগ সুবিধা দেওয়া হয়েছিল এবং সেটা ন্যায্য হয়েছিল। Deep tube-well-এর কথা তিনি বলেছেন। আমার আইনে Deep tube-well কোথায় আছে জানি না। সেজন্য সাত্তার সাহেব থাকলে তাঁকে বলতাম যে আপনি এই Deep tube-wellগুলি সারাবার ব্যবস্থা করুন। সেজন্য তাঁকে বলছি যে তিনি ওঁর সঙ্গে এনিয়ে আলোচনা করুন। সেচ ও অসেচ এলাকা নিয়ে অনেক আলোচনা হয়েছে। আমি একথা মনে করতে বলব যে আমাদের রাজস্ব বিভাগ কোনটা সেচ এলাকা বা কোনটা অসেচ এলাকা তা নির্ধারণ করে না। সেচ বিভাগ ঠিক করে দেন যে কোনটা সেচ এলাকা এবং কোনটা অসেচ

এলাকার অন্তর্ভুক্ত। তারাই তাদের কাছ থেকে জলকর আদায় করে থাকে এবং এর জন্য যে খাজনা নির্ধারণ হচ্ছে সেটা আমরা আদায় করে থাকি। আমি বলব আমাদের সেচ বিভাগের মন্ত্রীমহাশয়ের সঙ্গে এ নিয়ে যোগাযোগ করুন। ভুলত্রুটি হয়ত থাকতে পারে, তাই এগুলি সংশোধন করার ব্যবস্থা করুন।

এগুলি সংশোধন করিয়ে যেটা ঠিক সেচ এলাকার অন্তর্ভুক্ত হবে তারই উপর যেন এই খাজনা বসে, তারই উপর যেন ওয়াটার ট্যাক্স হয়। এটা নিশ্চয়ই করা উচিত। রামদাস বাবু এখানে উপস্থিত নেই, উৎপাদনের উপর ভিত্তি করে কর নির্ধারণ করতে তিনি বলেছিলেন। একটু আগে অত্যন্ত আবেগ সহকারে উদাত্ত কণ্ঠে মাননীয় বন্ধু শিব শঙ্করবাবু যে ভাষণ দিয়েছেন, কিছুক্ষণ আগে তাঁর সঙ্গে আমি আলোচনা করেছিলাম রাইটার্স বিল্ডিংসে যে সত্যই যদি উৎপাদন ভিত্তিক কর করতে যাই তাহলে কি অবস্থা দাঁড়াবে, সেটা করলে আরো বেশী খাজনা হবে। যা উৎপাদন হয় তার কত অংশ আমরা নেব, ১/৬ কি ১/৮ কি ১/১০, তার বেশী নয়, তাহলে হিসাব করে দেখুন যদি খুব খারাপ জমি হয়, খুব ভাল জমি হয় তার একটা গড় করে দেখলে দেখতে পাবেন বিঘা প্রতি অন্ততঃ ৫/৬ মন তো ধান হবে। তার দাম ধরলে ২শো টাকার অনেক বেশী হয়। আর তার যদি ১/৬ কি ১/৮ ভাগ নিই তাহলে আমরা যা করতে চাচ্ছি সেই ডবল করার পরও তার চেয়ে এই ভাগটা অনেক বেশী হয়ে যায়। আমি ততটা এগোতে চাচ্ছি না। উৎপাদনের উপর কর নির্ধারণ করা উচিত এ যদি বলে থাকি ঠিক কথা, সে কথা বলা উচিত। কিন্তু আজকে যে কর নির্ধারিত হতে যাচ্ছে সেটা সেই উৎপাদনের উপর যে কর নির্ধারিত হবে তার চেয়ে অনেক কম। আপনারা একটু ধীরভাবে অঙ্ক কষে দেখুন বর্তমানে যে কর নির্ধারণ করতে চাচ্ছি তার চেয়ে অনেক কম। মাননীয় আবদুল বারি বিশ্বাস মহাশয় চাষের উন্নতির অনেক কথা বলেছেন। হ্যাঁ, নিশ্চয়ই বলা উচিত, চাষের উন্নতি না হলে খাজনা দেবে কি করে। আরো বেশী উৎপাদন বাড়ুক, বৈজ্ঞানিক প্রথায় উৎপাদন ভিত্তিক খাজনা নির্ধারিত হোক। কিন্তু আপনারা সকলে জানেন, আপনাদের সঙ্গে পল্লীগ্রামের সংযোগ আছে, আমাদের এখানে রেকর্ড অব রাইটস এর যা অবস্থা—একটা খতিয়ানের ভেতর ১০ জন রায়ত রয়েছে, আবার একজন রায়তের ১০টা মৌজাতে আছে, ১০টা জেলাতেও থাকতে পারে। সবগুলি একত্রিত করে একজনের কত জমি আছে সেটা বের করা মুস্কিল। সেজন্য যে নীতি করা হয়েছিল খাজনা নির্ধারণের জন্য যে স্লাব সিসটেম ছিল সেটাই ভাল সিসটেম। তাই আমরা একটা ওয়ার্কেবল ফর্মুলা বের করেছি যা করলে পর তাড়াতাড়ি আমরা কিছু কার্যে পরিণত করতে পারব। যেটাকে কার্যে পরিণত করতে পারব না সেই রকম অতি সুন্দর প্রগতিশীল আইনও যার সঙ্গে বাস্তবের কোন সম্পর্ক থাকবে না সেটা করাও যা না করাও তা। সেজন্য আমরা অনেক চিন্তা করে ঠিক করেছি, খাজনা আদায় আমাদের কিছু করতেই হবে, তা না হলে পশ্চিমবঙ্গের অর্থ নীতি ভেঙ্গে পড়বে, যেখানে যেখানে সম্ভব সেখান থেকে সম্পদ সংগ্রহ করে আনতে হবে, তাই যেটা আমরা কার্যে পরিণত করতে পারব আর খুব তাড়াতাড়ি যেটা কার্যে পরিণত করতে পারব সেইভাবে অনেক চিন্তা করে এখানে আমরা ফর্মুলা তৈরী করেছি, সেইভাবে এখানে আমরা নীতি নির্ধারণ করেছি। তা ভিন্ন আগেকার কর নির্ধারণের যে নীতি ছিল সেটা খুব খারাপ ছিল তা বলছি না। আমাদের যে রেকর্ড অব রাইটস আছে, একজন বিভিন্ন জায়গাতে জমির মালিক হতে পারে, সেই হিসাবে এটা করতে পারাটা অসম্ভব কাজ। কাজেই এটা করতে পারা যাচ্ছিলনা বলে এইরকমভাবে নতুন ধরণের কর নির্ধারণ নীতি আমাদের করতে হয়েছে। আমাদের প্রদ্যোত মহান্তি মহাশয় এখানে নেই, অজিত কুমার বসু মহাশয়ের মত একজন বয়স্ক, প্রাজ্ঞ, অনেক ঘা খাওয়া লোকের হতবুদ্ধি হওয়ার কোন কারণ নেই। আপনি বলেছেন একটা পূর্ণাঙ্গ বিল আনার কথা। শেষ কোনদিন কোন কিছুর

হয় ? কালের সঙ্গে থাপ খাইয়ে যুগের সঙ্গে থাপ খাইয়ে আমাদের আরো অনেক পরিবর্তন আনতে হবে। কাজেই এই বিলটা যে শেষ বিল তা তো আমি বলছি না। যদি আমাদের উৎপাদন ভিত্তিক কর নির্ধারণ করতে হয় তাহলে আমাদের বিল আনতে হবে, আরো অনেক যদি পরিবর্তন করতে হয় তাহলে নিশ্চয়ই তা করতে হবে। কোন জায়গায় কোন কিছুই যে শেষ কথা তা তো নয়। কাজেই আপনাকে অনুরোধ করছি আপনি দয়া করে হতবুদ্ধি হবেন না।

[8-05—8-15 p.m.]

কৃষির উন্নতির জন্য নিশ্চয়ই টাকা একথা কে অস্বীকার করবে ? এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সের কথা আমি তো বললাম অজিতবাবু। আগে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স যেটা বলেছি, বড় বড় মালিক তাদের কিছু কিছু এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স আছে, কিন্তু আমার মনে হয় আপনি বোধহয় এটাও বুঝাতে চেয়েছিলেন যে উৎপাদনের উপর ভিত্তি করে যাতে খাজনা নির্ধারিত হয়। সে সম্বন্ধে আমি আগেও আলোচনা করেছি, ৫ একর জমির খাজনা যাতে মুকুব করা হয় সেটা আপনি বলেছেন, আমি করতে পারলে খুবই খুশী হতাম, কিন্তু আপনি বলুন অজিতবাবু যে আপনার ওখানে যে ডাক্তারখানা রয়েছে সেখানে যদি ওষুধ বন্ধ হয়ে যায় কোন কারণের জন্য তাহলে কি হবে ? একজিসটিং রেট রাখতে বলেছেন, এখন যা অবস্থা দাঁড়িয়েছে, এখন যদি আপনারা কিছুটা সম্পদ না বাড়ান তাহলে যে খরচ দিন দিন বাড়ছে, যেভাবে জিনিসপত্রের দর বাড়ছে তাতে কৃষকেরা দিতে পারবে না। আমি আপনাদের অনুরোধ করব যেভাবে সত্যি জিনিসপত্রের দর বাড়ছে তাতে একটু বেশী আয় না হলে সরকার আপনাদের কিছু দিতে পারবে না। পাড়াগাঁয়ে স্কুল করতে পারবেনা—গ্রান্ট ইন এড দিতে পারবে না, ডাক্তারখানাতে ওষুধ দেওয়া মুস্কিল হয়ে পড়বে—আরো নানারকম-কাজ করা সত্যি মুশকিল হয়ে পড়বে। আমি আপনাদের ঐজন্য অনুরোধ করছি যে হ্যাঁ, সব রকমের জিনিসের দাম বেড়েছে, কৃষিকাজ করতে গেলে চাষের খরচও বেড়ে গেছে, তার সঙ্গে সঙ্গে সরকারের যে খরচ বেড়েছে বেশী টাকা দরকার, দয়া করে আপনারা সেটুকু অন্ততঃ মনে রাখবেন। আপনি ফ্ল্যাট রেটে খাজনা বাড়ানর কথা বলেছেন। ফ্ল্যাট সিসটেম আজ ছিল, একটু আগেই আমি আলোচনা করলাম, ফ্ল্যাট রেট করতে আমরা বাধ্য হয়েছি। দুইগুণ এবং তিনগুণ যে আমরা করেছি ইরিগেটেড এবং নন-ইরিগেটেড এরিয়াতে—সেচপ্রাপ্ত এবং অসেচপ্রাপ্ত এলাকা এটা বের করা আমাদের পক্ষে কিছুই কঠিন নয়, কেননা ক্যানালকাটা গেজেটে দিয়ে দেয়। আপনারা জানেন যদি ভুল থাকে এবং থাকাও হয়ত সম্ভব, এখনই হয়ত শম্ভুবাবু চটে উঠবেন, ওঁর এলাকায় নাকি অনেক অসেচ এলাকা সেচ এলাকা বলে ধরা হয়েছে। আমি বলি সেচমন্ত্রী মহাশয় যিনি আছেন তিনি খুব ভাল লোক এবং আপনাদের কথা নিশ্চয়ই তিনি ভালভাবে নেবেন। বরকত সাহেবের কাছে আপনারা বলবেন নিশ্চয়ই সেগুলি সংশোধিত হবে। আমি যেকথা বলছিলাম যে সেচ ও অসেচ এলাকায় আমাদের পক্ষে পার্থক্য নির্ধারণ করা অত্যন্ত সহজ। কেন আমরা এরকম করলাম ? কারণ যেটা আমরা ওয়ার্কেবল করতে পারি যেটাকে আমরা কাজে পরিণত করতে পারি সেজন্য এটা আমাদের করতে হয়েছে। সেচ এবং অসেচ এলাকা নিশ্চয়ই নির্ধারিত হবে। তারপরে শিবশঙ্করবাবু যেটা বলেছেন যে একটা মৌজার ভেতরে প্রায় ৩০ বিঘার মত জায়গা থাকবে কেন আমরা তার উপর কর নির্ধারণ করলাম। এতে বলেছেন জমিগুলি টুকরো টুকরো হয়ে যাবে তা হয় না। প্রত্যক্ষ জ্ঞান যদি আপনার থাকত তাহলে নিশ্চয়ই আপনি দেখতেন একটা মৌজাতে কাছাকাছি কনসলিডেটেড এরিয়াতে যদি জমি থাকে তাহলে তার জমিতে চাষ করবার খরচ কম হয় এবং তার জমির উৎপাদন বাড়াবার জন্য সে নানা চেষ্টা করতে পারে। সেজন্য তার উপর ট্যাক্স করা হয়েছে এবং সেটা যে খুব বেশী করা হয়েছে তা নয়। মাননীয় প্রভাকর মণ্ডলকে আমি বলি

আপনি অত্যন্ত দায়িত্ব সম্পন্ন মাননীয় সদস্য। আপনি একবার পশ্চিম বাংলার বাজেটের কথা চিন্তা করুন, আমার গ্রাম বাংলায় কি কি প্রয়োজন সেটার কথা আপনি একবার দয়া করে চিন্তা করুন-- কোথা থেকে আমাদের সম্পদ আসবে আপনি দয়া করে নির্দেশ দিন। আমরা অনেক বিবেচনা করেই এটা করেছি। আজকে নিশ্চয়ই অনেক মাননীয় সদস্য মনে মনে একমত হবেন, হয়ত বিভিন্ন কারণের জন্য এখানে সমালোচনা করলেও যখন দায়িত্বপূর্ণ ভাবে পশ্চিমবাংলায় ক্ষমতায় অধিষ্ঠিত দলের একজন সদস্য হিসাবে আপনি চিন্তা করে দেখবেন নিশ্চয়ই তিনি বলবেন যে না দুদিন পরে আমাদের ফ্লাডের জন্য টাকা দরকার, রিলিফের জন্য টাকার দরকার, স্কুলের জন্য গ্রান্ট ইন এড দরকার, হাসপাতালের জন্য ওষুধের ব্যবস্থা করতে হবে—সুতরাং এই সবের জন্য আমাদের গ্রাম বাংলার উন্নতির জন্য এই সরকার থেকে টাকা নেবার চেষ্টা করতে হবে।

প্রভাকর বাবু আমি আপনাকে অনুরোধ করি সারা বাংলার বাজেটটাকে আপনি ভাল করে পর্যালোচনা করে বলুন কোন জায়গা থেকে আমরা সম্পদ আহরণ করে আনলেও কিন্তু আমাদের ডেফিসিট থাকবে, ঘাটতি থাকবে তবুও কাজ চালাবার মত টাকা আমরা সংগ্রহ করে নিতে পারবো। একবার চিন্তা করে যদি আপনি দেখেন তাহলে দেখবেন ১৯৩৭ সালের পরে জমির উপর কোন খাজনা বাড়েনি, তাতে যদি কিছু পরিমাণ ট্যাক্স বাড়ান হয় তাহলে খুব অসংগত হবে বলে আমি মনে করিনা। এমন কি আশ্চর্যের কথা, আমার কাছে অনেক রিপোর্ট এসেছে, ৯ বিঘা পর্যন্ত জমির খাজনা আমরা মুকুব করে দিয়েছি, কাগজপত্রে বের করে দিয়েছি, আবার অনেক জায়গায় অনেক জেলায় কৃষক সমিতির যাঁরা রয়েছেন তাঁরা কাগজে ছাপিয়ে দিয়েছেন তবুও চাষী তারা নিজে থেকে খাজনা দিতে এসেছে, তহশীলদারের বিরুদ্ধে নালীশ করতে এসেছে। কি জন্যে জানেন? তাদের যদি একটা রসিদ না থাকে তাহলে তার ঐ সমস্ত জমি সরকারে ন্যাস্ত হয়ে যাবে, ভেষ্ট করে যাবে সরকারের কাছে এবং এই ভয়ে অনেকে দিতে এসেছে। কাজেই নানা মনোভাবের লোক নিশ্চয়ই আছে। ব্রজ কিশোর বাবু, শম্ভু বাবু এঁরা অনেকেই বলেছেন এবং শেষে ভুপাল বাবুর দু-একটি কথার যদি জবাব না দিই তাহলে অন্যায় হবে। ভুপাল বাবুদের সার কথা ছিল ভুমি রাজস্বের নীতি হবে আয়ের উপর নির্ভর করে। বলুন আয়ের উপর নির্ভর করে কত করা যাবে? এবং কাউকে তো একজেম্পট করা যাবেনা। যিনি এক বিঘার মানুষ তাকেও ত ছাড়া উচিত নয়, তারও কিছু আয় আছে এবং কত ভাগ নেবো আপনারা নীতি নির্দ্ধারণ করুন। যত ভাগ বলবেন দেখবেন এর বেশী হয়ে গিয়েছে। একের দশ ভাগের চেয়েও কম বলবেন না আপনারা? আজ যা দাম এবং টাকার যা মূল্য হয়েছে। আর একটা কথা বলি, ভুপাল বাবু বলেছেন এই যে টাকা আদায় হচ্ছে, মোটামুটি ৪ কোটি টাকা আমরা ধরেছি, কিন্তু ভুপাল বাবু, অজিত বাবু, এবং অন্যান্য মাননীয় সদস্য তাঁদের একটা কথা নিশ্চয়ই আমি বলতে পারি যে আমাদের পশ্চিমবাংলার কৃষির উন্নতির জন্য এই ৪ কোটি টাকা পেলেই কি আপনারা সন্তুষ্ট হবেন? আপনারা বাজেট দেখুন উলটিয়ে অনেক অনেক বেশী টাকা এই কৃষির উন্নতির জন্য ধরা হয়েছে, অনেক অনেক বেশী টাকা এই কৃষক সমাজের উন্নতির জন্য ধরা হয়েছে। নানাভাবে তাদের টাকা দিয়ে যাতে কৃষির উৎপাদন বাড়ে, সমাজের উন্নতি হয় তারই চেষ্টা করা হয়েছে। আমি আর বেশী বলবোনা। আমি মাননীয় সদস্যদের বলছি যে এর পরে যে আলোচনা হবে তখন বলবো। আজকে এটা বিনা দ্বিধায়, বিনা প্রতিবাদে এই বিলটা স্বীকার করে নেবেন।

[8-15—8-27 p.m.]

**Mr. Deputy Speaker :** The time for discussion of this Bill is due to expire at 8-22 p. m. If the House agrees then I may extend the time by one hour more. (Pause)...

I take it that the House agrees to extend the time by one hour more.

The motion of Shri Gurupada Khan that the West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 and 2**

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 3**

**Mr. Deputy Speaker** : There are amendments to clause 3 by Shri Ajit Kumar Basu, Shri Bhupal Chandra Panda and Shri Gyan Singh Sohanpal. Amendments Nos. 11 and 12 are out of order as they require Govsrnor's recommendation under Art. 207(1) of the Constitution which has been withheld.

Shri AJIT KUMAR BASU : Sir, I beg to move that in clause 3, in proposed section 23B(1), after clause (a), the following clauses be inserted, namely :—

"(aa) (i) where the total area of land held by a *raiyat* within his holding or holdings is in excess of 1 214 hectares, in such case every *raiyat* shall furnish a written statement containing the full description of his such land to the local Revenue Officer within such time as may be prescribed ;

(ii) where there are more *raiyats* than one in a family the written statement referred to in sub-clause (i) shall be furnished by the head of the family or any other *raiyat* in accordance with the provisions of that sub-clause ;

(iii) the Revenue Officer may, on receipt of a written statement submitted under sub-clause (i) or sub-clause (ii) or on his own motion, determine the extent of rent payable by the *raiyat* according to the clauses (b), (c) and (d) hereinafter ; and

(iv) if a *raiyat* fails to furnish, without any reasonable excuse, written statement referred to in sub-clause (i) or sub-clause (ii), within the prescribed time or wilfully makes any omission or furnishes any incorrect information in the written statement, he shall be punishable with a fine which may extend to five hundred rupees ;

(aaa) subject to the provisions contained in clause(a), the revenue payable by a *raiyat* in respect of his holding or holdings when his such holdings does not exceed 2 standard hectares shall be at the present revenue;".

Sir, I by to move that in clause 3, in proposed section 23B(1)(b), in line 1, after the words "subject to the provisions contained in clause (a)" the words "and clause (aaa)" be inserted.

Sir, I by to move that in clause 3, in proposed section 23B(1), clause (c) be omitted.

আমি ঢটি কথা বলব, আলোচনা প্রায় সবই হয়ে গেছে, তবু আমরা বলছি। মোটামুটি আমি মনে করি পুরাতন সামন্তবাদের অবলুপ্তির দিক থেকে যখন কৃষিতে ক্যাপিটালিষ্ট-

ডিভেলপমেন্ট আরম্ভ হয়েছে সামন্তবাদ পারিবেশের জায়গায়, আজকে মোটামুটি আমাদের এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সের উপরই দাঁড়াতে হবে এবং তা দাঁড়াতে গেলে নিশ্চয়ই মীন করছেননা এক বিঘার উপর ইনকাম ট্যাক্স বসবে। মোটামুটি নীতি হল সাধারণ আয়ের ক্ষেত্রে সর্ব্বনিম্ন ক্ষেত্রে তলায় ছাড় থাকে, তেমনি কৃষি জমির ক্ষেত্রেও সর্বনিম্ন আয় প্রয়োজন, সংসার চালাবার জন্য। তাই অন্য ক্ষেত্রে আয়ের যেমন ছাড় থাকে এ ক্ষেত্রেও ছাড় থাকবে।

জয়নাল সাহেব বলছেন আমরা নাকি প্রতিক্রিয়াশীল। পশ্চিমবঙ্গে এখন স্লাব সিস্টেম করতে পারছেননা, সেটা আলাদা কথা। তিন একরে তিনি যে ছাড় দিচ্ছেন তাতে তিনি নিশ্চয়ই প্রগতিশীল হয়ে গেছেন। আমার কথা হচ্ছে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স-এর মানে এই নয় যে এক বিঘা জমির উপর ইনকাম ট্যাক্স বসবে।

আমার কথা হচ্ছে এই Agricultural Income Tax-এর মানে এই নয় যে এক বিঘা জমির উপরও এই Income Tax বসবে। অন্যান্য ইনকামের ব্যাপারে যেমন সর্বনিম্ন একটা ছাড় দেওয়া হয় যা সংসার চালাবার পক্ষে আবশ্যক, তেমনি এই Agricultural Income Tax বসানোর ব্যাপারে সেই পরিমাণ জমিকে ছাড় দেওয়া হবে। যাকে uneconomic holding বলা হয়। অল্প জমির জোতের উপরও কোন income tax থাকবে না। যে জোতে লাভ হয় না, তার ঐ income tax হবে না। সমস্ত income tax, Saels tax ইত্যাদি যেমন Slab System-এ ধরা হয়, তেমনি এই Agricultural Income Taxও slab system-এ পর্য্যায়ক্রমে ধরা হবে, আদায় করতে হবে। উপর তলায় বেশী Tax করতে হবে আর নীচতলায় অনেকখানি ছাড় দিতে হবে। এটা কেন যে আমি আপনাকে বোঝাতে পারছি না, জানিনা। তবে আমারা একটা দৃষ্টিভঙ্গীর সামনে এসে আজ দাঁড়িয়েছি। আপনাদের Incom Tax-এর উপর একটা surchage আছে, সেই জন্য জমির উপর হিসেব যদি চান, জমির হিসেব চাইলে লোকে তা দেবে না, কাজেই যেখানে আপনি একটা Penal Clause রাখুন—৫০০ টাকা জরিমানার ব্যবস্থা রাখুন এই কথাটা আমি amendment এর গোড় থেকে বলে আসছি। আপনারা আইন করবেন, সেই আইন violate করলে সাজা পাবে। এই ব্যবস্থা যদি আইনে না থাকে, তাহলে সেই আইন করে তো কোন লাভ হবে না। যে আইনে Penal Clause থাকে সেই আইন লোকে মানে। জমির হিসেব নিয়ে surcharge করার প্রস্তাব হয়েছে, গভর্ণর তা disallow করেছেন। যাহোক আমি বলবো জমির উপর Agricultural Income Tax বসাবার ব্যবস্থা আপনারা করুন। তার জন্য আমি এই ছোট amendment-টা রাখলাম।

**Mr. Deputy Speaker**: Mr. Panda, though your amendment has been declared out of order you may speak if you want.

**Shri Bhupal Chandra Panda**ঃ স্যার, আমার amendment-এ বিশেষ কিছু নাই। সব জমি one mouza হলে surcharge দেবে, আর তা না হলে দেবে না। এটা ঠিক নয়। সেই ন্যায্যতার দিক থেকে আমি বলবো—এই "one mouza" কথা দুটা তুলে দিন।

**Shri Gyan Singh Sohanpal**: Sir, I beg to move that in clause 3, in sub-section (1) of proposed section 23B—

(1) to clause (a), the following Explanation be added, namely :—

'Explanation—The expression "land held by a raiyat within his holding or holdings" shall mean where there are more than one raiyat in a family, the agrregate area of lands held by all such raiyats,' ;

(2) in clause (c), for the words "within his", the words "in respect of his" be substituted ;

(3) in the Explanation—

(i) clause (c) be omitted ; and

(ii) clause (d) be renumbered as clause (c).

**শ্রীগুরুপদ খান ঃ** স্যার, এ বিষয়ে অনেক আলোচনা হয়ে গেছে। কাজেই আমি খুব বেশি কিছু বলছি না। আমাদের মাননীয় অজিতবাবু এবং ভুপালবাবু যে সংশোধনী দিয়েছেন সেটা আমি গ্রহণ করতে পারছি না। আমাদের চীপ হুইপ শ্রীজ্ঞান সিং সোহন পাল যে এমেণ্ডমেণ্টটি এনেছেন আমি সেটা এ্যাকসেপট্ করে নিচ্ছি।

The motion of Shri Ajit Kumar Basu that in clause 3, in proposed section 23B (1), after clause (a), the following clause be inserted, namely :—

"(aa) (i) where the total area of land held by a *raiyat* within his holding or hildings is in excess of 1 214 hectares, in such case every *raiyat* shall furnish a written statement containing the full description of his such land to the local Revenue Officer within such time as may be prescribed ,

(ii) where there are more *raiyats* than one in a family the written statement referred to in sub-clause (i) shall be furnished by the head of the family or any other *raiyat* in accordance with the provision of that sub-clause ;

(iii) the Revenue Officer may, on receipt of a written statement submitted under sub-clause (i) or sub-clause (ii) or on his own motion, determine the extent of rent payable by the *raiyat* according to the clauses (b), (c) and (d) hereinafter ; and

(iv) if a *raiyat* fails to furnish, without any reasonable excuse, written statement referred to in sub-clause (i) or sub-clause (ii), within the prescribed time or wilfully makes any omission or furnishes any incorrect information in the written statement, he shall be punishable with a fine which may extend to five hundred rupees ;

(aaa) subject to the provisions contained in clause (a), the revenue payable by a *raiyat* in respect of his holding or holdings when his such holdings does not exceed 2 standard hectares shall be at the present revenue,"

was then put and lost.

The motion of Shri Ajit Kumar Basu that in clause 3, in proposed section 23B(1) (b), in line 1, after the words "subject to the provisions contained in clause (a)" the words "and clause (aaa)" be inserted, was than put and lost.

The motion of Shri Ajit Kumar Basu that in clause 3, in proposed section 23B(1), clause (c) be omitted, was then put and lost.

The motion of Shri Gyan Singh Sohanpal that in clause 3, in sub-section (1) of proposed section 23B—

(1) to clause (a), the following Explanation be added namely :—

'Explanation—The expression "land held by a raiyat within his holding or

holdings" shall mean where there are more that one raiyat in a family, the aggregate area of lands held by all such raiyats' ;

(2) in clause (c), for the words "within his', the words "in respect of his" be substituted ;

(3) in the Explanation—

(i) clause (c) be omitted ; and

(ii) clause (d) be renumbered as clause; (c).

was then put and agreed to.

The question that clause 3, as amended, do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 4, 5, 6, 7 and Preamble**

The question that clauses 4, 5, 6, 7 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Gurupada Khan** : Sir, I beg to move that the West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 8-27 p.m. till 1-00 p.m. on Wednesday, the 5th July, 1972, at the Assembly House, Calcutta.

# Index to the

# West Bengal Legislative Assembly Proceedings

# (Official Report)

## Vol. 53—No.-1—Fifty-third Session (June-August) 1972

(The 26th, 27th, 28th, 29th, 30th June, 3rd and 4th July, 1972.

[(Q.) Stands for questions.]


**Abdul Bari Biswas, Shri—**

General Discussion on the Budget for 1972-73: pp, 128-131.
Mention Case : pp. 53, 81, 101, 261.
The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972: pp. 357-358.

**Abdus Sattar, Shri—**

General Discussion on the Budget for 1972-73: pp. '00-303.

**Abedin, Dr. Zainal—**

General Discussion on the Budget for 1972-73 : pp. 152-159.
The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972 : pp. 370-373.

**Bandopadhayay Shri Shib Sankar—**

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972 : pp. 374-375.

**Bandyopadhyay, Shri Sukumar—**

General Discussion on the Budget for 1972-73 : pp. 135-136.
Mention Case: pp. 51, 77, 99, 162.
The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972: pp. 358-359.

**Banerjee, Shri Pankaj Kumar—**

Mention Case : p. 102.

**Banerjee, Shri Ramdas—**

The West Bengal Land Reforms (Second Amendment) Bill' 1972: p. 356.

**Bapuly, Shri Satya Ranjan—**

General Discussion on the Budget for 1972-73: pp. 208-210.

Mention Case: p. 54.

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972: pp. 367-368.

**Basu, Shri Ajit Kumar (Singur)—**

General Discussion on the Budget for 1972-73: pp. 275-279.

Raised a point of order on the Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1972: p. 92.

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972: pp. 361-367, 395-396.

**Basu, Shri Lakshmi Kanta—**

General Discussion on the Budget for 1972-73: pp. 201-203.

**Bauri, Shri Durgadas—**

Mention Case: p. 169.

**Bera, Shri Rabindra Nath—**

General Discussion on the Budget for 1072-73: pp. 289-290.

**Bera, Shri Sudhir Chandra—**

The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1972 : pp. 335-336.

Mention Case : p. 262.

General Discussion on the Budget for 1972-73: pp. 133-135.

**Bhattacharjee, Shri Susanta—**

General Discussion on the Budget for 1972-73: p. 295.

**Bhattacharyya, Shri Harasankar—**

General Discussion on the Budget for 1972-73: pp. 297-300.

The West Bengal Entertainments and Luxuries (Hotels and Restaurants) Tax, Bill, 1972: pp. 320-322.

**Bhattacharyya, Shri Pradip—**

Statement on a Calling Attention on the subject of closure of Shri Hanuman Cotton Mill at Phuleswar in Howrah district: p. 256.

**Bhowmik, Shri Kanai—**

General Discussion on the Budget for 1972-73: pp. 194-199.

**Bill (s)—**

The Bengal Motor Vehicles Tax (Amendment)—, 1972: pp. 64, 83-88.

The Calcutta Tramways Company (Taking over of Management) (Amendment)—, 1972. pp. 56-64.

The Indian Stamp (West Bengal Amendment)—1972: pp. 64, 88-95.

The West Bengal Entertainments and Luxuries (Hotels and Restaurants) Tax—, 1972: pp. 271, 316-318, 320-328.

The West Bengal Land Reforms (Second Amendment)—, 1972 : pp. 83, 350-398.

The West Bengal Taxation Laws (Amendment)—, 1972: pp. 83, 328-350.

**Calling Attention—**

Statement on a—on the subject of closure of Shri Hanuman Cotton Mill at Phuleswar in Howrah district: p. 256.

Statement on a—on the subject of hungar strike by Scheduled Caste students at Nabadwip for non-payment of stipend: p. 110.

Statement on a—on the subject of reported dismissal of an officer of the C. M. P. O: p. 257.

Statement on a—on the subject of threatened strike by Calcutta Municipal workers and employees from the 17th July, 1972: pp. 318-320.

**Chaki, Shri Naresh Chandra—**

The Calcutta Tramways Company (Taking over of Management) (Amendment) Bill, 1972: p. 62.

General discussion on the Budget for 1972-73: pp. 203-205.

Mention Case: p. 55.

**Chatterji, Shri Tapan—**

The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1972 : pp. 344-345.

**Chattopadhyay, Shri Sukumar—**

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972 : pp. 385-386.

**Das, Shri Barid Baran—**

General discussion on the Budget for 1972-73: pp. 295-297.

**Das, Shri Bijoy—**

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972: pp. 386-387.

**Das, Shri Bimal—**

Mention Case: p. 168.

**Das, Shri Jagadish Chandra—**

The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1972: pp. 342-343.

**Das, Shri Sarat Chandra—**

Mention Case: p. 80.

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972: pp. 350-353

**Das. Shri Sudhir Chandra—**

General Discussion on the Budget for 1972-73: pp. 206-208.

**Das Gupta, Dr. Santi Kumar—**

General Discussion on the Budget for 1972-73: pp. 190-194.

**Das Mahapatra, Shri Kamakhyanandan—**

The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1972: pp. 345-346, 350.

**Daulat Ali, Shri Sheikh—**

General Discussion on the Budget for 1972-73: pp. 210-211.

**De, Shri Asamanja—**

The Calcutta Tramways Company (Taking over of Management) (Amendment) Bill, 1972: pp. 61-62.

General Discussion on the Budget for 1972-73: pp. 125-128.

Mention Case: pp. 52, 99, 164, 258.

The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1972. pp. 336-338.

**Dihidar, Shri Niranjan—**

Mention Case: pp. 76, 105.

**Doloi, Shri Rajani Kanta—**

Bus route connecting Diamond Harbour Road, Hide Road and Taratalla Road, etc. (Q.): p. 255.

Enquiry into the affairs of the Calcutta National Medical College (Q.): p. 249

General Discussion on the Budget for 1972-73: pp. 279-280.

Inclusion of the Railway Colony within Kharagpur Municipality (Q.): p. 254

Shortage of Bengali Stenographers. (Q.): p. 254.

Use of time-barred medicines. (Q.): p. 237.

**Dutt, Dr. Ramendra Nath—**

G. R. Cases in the Raiganj Court. (Q.): p. 161.
General Discussion on the Budget for 1972-73: pp 205-206.
উত্তর বাংলায় হিমঘর (Q.): p. 253.
কুমারজোল বন্যানিয়ন্ত্রণ প্রকল্প (Q.): p. 69.
পশ্চিম দিনাজপুর জেলায় টিনের বরাদ্দ (Q.): p. 97.
ভাস্করা এবং কর্ণজোড়া বিল জলনিকাশী প্রকল্প (Q.): p. 69.
রায়গঞ্জ ব্লকে কৃষিকার্যের জন্য গভীর নলকূপ (Q.): p. 248.
রায়গঞ্জ শহর রক্ষা প্রকল্প (Q.): p. 65.
সরকারী কর্মচারীদের পদোন্নতি (Q.): p. 234.

**Dutta, Shri Hemanta—**

General Discussion on the Budget for 1972-73: pp. 283-284.

**Ekramul Haque Biswas, Dr.—**

General Discussion on the Budget for 1972-73: pp. 228-230.
Final Demands for Grants and Appropriations for 1972-73: pp. 3-48.

**Fulmali, Shri Lalchand—**

Mention Case: p. 164.

**Ganguly, Shri Ajit Kumar—**

General Discussion on the Budget for 1972-73: pp. 291-295.

**Gayen, Shri Lalit Mohon—**

Mention Case: pp. 54, 166.

**General Discussion on the Budget for 1972-73—**

pp. 111-159, 173-230.

**Ghosal, Shri Satya—**

The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1972. pp. 331-335.

**Ghosh, Shri Nitai Pada—**

General Discussion on the Budget for 1972-73: pp. 143-144.
পাথরকুচিদহে লিফট ইরিগেশন (Q): p. 237.
সিউড়ি সদর হাসপাতালে অকেজো এ্যামবুলেন্স (Q): p. 2:0.

**Ghosh, Shri Prafulla Kanti—**

Statement on a Calling Attention on the subject of threatened strike by Calcutta Municipal workers and employees from the 17th July, 1972. pp. 318-320.

**Ghosh, Shri Rabindra—**

Deep tube-wells in Bongaon-Bagdah Block. (Q): p. 238.

**Ghosh, Shri Sankar—**

Final Demands for Grants and Appropriations for 1972-73. pp. 3-48.

**Ghosh, Shri Sankar—**

The India Stamp (West Bengal Amendment) Bill, 1972: pp. 64, 88-89, 91, 9

Statement on a Calling Attention on the subject of reported dismissal an officer of the C. M. P. O: p. 257.

The West Bengal Entertainments and Luxuries (Hotels and Restaurent Tax Bill, 1972: pp. 271, 316-318, 326-327.

The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1972: pp. 83, 328-329, 346, 347, 34

**Ghosh, Shri Sisir Kumar—**

Mention Case: p. 169.

**Ghosh Maulik, Shri Sunil Mohan—**

General Discussion on the Budget for 1972-73: pp. 282-283.

**Goswami, Shri Sambhu Narayan—**

Mention Case: p. 78.

**Goswami Shri Paresh Chandra—**

Mention Case: p. 107.

**Goswami, Shri Sambhu Narayan—**

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972: pp. 379-38

**Gyan Singh Sohanpal, Shri—**

The Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1972: pp. 64, 83-84, 87, 8

The Calcutta Tramways Company (Taking over of Management) (Amen ment) Bill, 1972: pp. 56-57, 63.

Satement under rule 346: p. 51.

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972: p. 39

**Halder, Shri Manoranjan—**

General Discussion on the Budget for 1972-73: pp. 227-228.

**Hatui, Shri Ganesh—**

General Discussion on the Budget for 1972-73: pp. 148-149.

Mention Case: pp. 78, 106.
The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972:
pp. 381-382.

**Hembrom, Shri Benjamin –**

Mention Case: p. 262.

**Isore, Shri Sisir Kumar—**

General Discussion on the Budget for 1972-73: pp. 146-147.

**Khan, Shri Gurupada—**

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972:
pp. 83, 350-353, 388-394.

**Mahanti, Shri Pradyot Kumar—**

General Discussion on the Budget for 1972-73:
pp. 173-180, 264-313.
The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972:
pp. 359-361.
মেদিনীপুর জেলায় টিউবওয়েল ও কূপ খননের কাজ (Q): p. 251.
মেদিনীপুর জেলায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (Q): p. 243.

**Mahato, Shri Kinkar—**

General Discussion on the Budget for 1972-73: pp. 151-152.

**Mahato, Shri Madan Mohan—**

Mention Case: pp. 105, 172.

**Maiti, Shri Braja Kishore—**

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972:
p. 379.

**Maiti, Shri Prafulla—**

General Discussion on the Budget for 1972-73: pp. 284-285.

**Malla Deb, Shri Birendra Bijoy—**

The West Bengal Entertainments and Luxuries (Hotels and Restaurants) Tax, Bill, 1972: pp. 323-324.

**Mandal, Shri Arabinda—**

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972:
pp. 387-388.

**Mandal, Shri Prabhakar—**

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972:
pp. 376-377.

**Mention Cases—**

pp. 51-56, 76-82, 99-110, 162-173, 258-264.

**Message—**

p. 316.

**Misra, Shri Ahindra—**

Mention Case. p. 259.
The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972 : pp. 375-376.

**Misra, Shri Kashinath—**

General Discussion on the Budget for 1972-73 : pp. 280-281.
Mention Case: p. 52, 82, 104, 165.
The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1972 : pp. 340-342.

**Mitra, Shrimati Ila—**

General Discussion on the Budget for 1972-73 : pp. 211-216.

**Mohammad Dedar Baksh, Shri—**

General Discussion on the Budget for 1972-73 : pp. 218-219.
Mention Case : pp. 55, 106.
আউশ, আমন ধান ও পাটের বীজ সরবরাহ (Q): p. 245.
ভগবানগোলা নূতন থানায় নলকূপ খনন (Q): p. 254.

**Mohammad Idris Ali, Shri—**

The Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1972: p. 90.

**Mojumdar, Shri Jyotirmoy—**

General Discussion on the Budget for 1972-73: pp. 137-140.
The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1972: pp. 338-340.

**Mukherjee, Shri Biswanath—**

General Discussion on the Budget for 1972-73: pp. 111-125.
Mention Case: pp. 109, 169.
The West Bengal Entertainments and Luxuries (Hotels and Restaurants) Tax, Bill, 1972: p. 327.

**Mukherjee, Shri Mahadeb—**

Mention Case: p. 259.

**Mukherjee, Shri Mrigendra—**

General Disscussion on the Budget for 1972-73: pp. 290-291.

**Mukherjee, Shri Subrata (Katwa)—**

General Discussion on the Budget for 1972-73: pp. 189-190.

**Mukhopadhyaya, Shrimati Geeta—**

The Calcutta Tramways Company (Taking over of Management) (Amendment) Bill, 1972: pp. 57-61.
General Discussion on the Budget for 1972-73: pp. 184-189.
Mention Case: pp. 78, 108, 263.

**Narul Islam Molla, Shri—**

General Discussion on the Budget for 1972-73: pp. 131-133.
The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972: p. 375.

**Obaidul Ghani, Dr. Abu Asad—**

The West Bengal Entertainments and Luxuries (Hotels and Restaurants) Tax, Bill, 1972: pp. 324-326.

**Obituary Reference—**

p. 1.

**Panda, Shri Bhupal Chandra—**

The Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1972: pp. 89, 90, 94.
The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972: pp. 382-385, 396.

**Panel of Chairmen—**

p. 82.

**Paul, Shri Sankar Das—**

The Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1972: pp. 86-87.
Mention Case: pp. 52, 80, 260.
কালীতলাদিয়ারে স্বাস্থ্যকেন্দ্র (Q): p. 247.

**Pramanik, Shri Gangadhar—**

Gopalpur Subsidiary Health Centre. (Q): p. 247.
Kamargachi Health Centre: (Q): p. 232.
মেডিক্যাল কলেজে ছাত্র ভর্ত্তি (Q): p. 71.

**Pramanik, Shri Monoranjan—**

General Discussion on the Budget for 1972-73: pp. 144-146.

**Pramanik Shri Puranjoy—**

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972: p. 356
The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1972: pp. 330-331.

**Question(s)—**

Bus route connecting Diamondd Hurbour Road, Hide Rood and Taratolla Road, etc. : p. 255.
Deep tube-wells in Bongaon-Bagdah Block: p. 238.
Enquiry into the affairs of the Calcutta National Medical College : p. 249.
G. R. Cases in the Raiganj Court : p. 161.
Gopalpur Subsidiary Health Centre : p. 247.
Inclusion of the Railway Colony within Kharagpur Municipality : p. 254.
Kamargachi Health Centre : p. 232.
Rasulpur Cold Storage : p. 235.
Recruitment in the Durgapur Projects Ltd. : p. 66.
Shortage of Bengali Stenographers : p. 254.
Tube-wells at Judges Court Road, Mayurbhanj Pail Depot and Christopher Road : p. 246.
Use of time-barred medicines : p. 237.
আউশ, আমন ধান ও পাটের বীজ সরবরাহ : p. 245.
আবগারী দোকান : p. 255.
উত্তর বাংলায় হিমঘর : p. 253.
কাঁচরাপাড়া টি, বি, হাসপাতালের টাকা কারচুপির অভিযোগ : p. 237.
কালীতলাদিয়ারে স্বাস্থ্যকেন্দ্র : p. 247.
কুমারজোল বন্যানিয়ন্ত্রণ প্রকল্প : r. 69.
ডাল আহারে পক্ষাঘাত রোগ : p. 253.
তুলা ও চীনাবাদাম চাষ : p. 247.
পশ্চিম দিনাজপুর জেলায় টিনের বরাদ্দ : p. 97.
পাথরকুচিদহে লিফ্‌ট ইরিগেশন : p. 237.
বিশেষ ধরনের শিশুরোগ : p. 252.
ভগবানগোলা থানায় নূতন নলকূপ খনন : p. 254.
ভাবরা এবং কর্ণজোড়া বিল জলনিকাশী প্রকল্প : p. 69.
মেডিক্যাল কলেজে ছাত্র ভর্ত্তি : p. 71.
মেদিনীপুর জেলার টিউবওয়েল ও কূপ খননের কাজ : p. 251.
মেদিনীপুর জেলায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র : p. 243.
রায়গঞ্জ ব্লকে কৃষিকার্যের জন্য গভীর নলকূপ : p. 248.
রায়গঞ্জ শহর রক্ষা প্রকল্প : p. 65.
সরকারী কর্মচারীদের পদোন্নতি : p. 234.
সিউড়ি সদর হাসপাতালে অকেজো এ্যাম্বুলেন্স : p. 250.

**Ray, Shri Siddhartha Sankar—**

General Discussion of the Budget for 1972-73: pp. 303-313.
Statement under rule 346: p. 50.

**Report of the Business Advisory Commitee—**

p. 173.

**Roy, Shri Aswini Kumar—**

The Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1972: pp. 84-86.
Mention Case: pp. 54, 82.
Rasulpur Cold Storage (Q): p. 235.
Recruitment in the Durgapur Projects Ltd. (Q): p. 66.
আবগারী দোকান (Q): p. 255.
তুলা ও চীনাবাদাম চাষ (Q.) : p. 247.

**Roy, Shri Bireswar—**

General Discussion on the Budget for 1972-73 : pp. 150-151.
Mention Case : p. 105.
The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972 : p. 386.

**Roy, Shri Jatindra Mohan—**

Mention Case : p. 103.

**Roy, Shri Krishnapada—**

General Discussion on the Budget for 1972-73 : pp. 136-137.

**Roy, Shri Madhu Sudan—**

General discussion on the Budget for 1972-73 : pp. 224-225.

**Roy, Shri Santosh Kumar—**

Statement on a Calling Attention on the subject of hunger strike by Scheduled Caste students at Nabadwip for non-payment of stipend. p. 110.
The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972 : pp. 377-378.

**Roy, Shri Saroj—**

General Discussion on the Budget for 1972-73 : pp. 285-288.
Mention Case : p. 100.

**Saha, Shri Dulal—**

Mention Case : pp. 79, 100.

**Saha Shri Dwijapada—**

Mention Case : p. 163.

**Saha, Shri Nirad Kumar—**

Mention Case : p. 102.

**Saha, Shri Radha Raman—**

General Discussion on the Budget for 1972-73 : pp. 149-150.
Mention Case : p. 166, 258.

The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1972 : pp. 343-344.

**Sahoo, Shri Prasanta Kumar—**

General Discussion on the Budget for 1972-73 : pp. 142-143.

**Samanta, Shri Tuhin Kumar—**

General Discussion on the Budget for 1972-73 : pp. 199-201.

**Sarkar, Dr. Kanai Lal—**

Tube-Wells at Judges Court Road, Mayurbhanj Pail Depot and Christopher Road : (Q.) p. 264.

**Sarkar, Shri Netaipada—**

Mention Case : pp. 80, 167.

কাঁচরাপাড়া টি, বি, হাসপাতালের টাকা কারচুপির অভিযোগ : (Q.) p. 237.

ডাল আহারে পক্ষাঘাত রোগ : (Q.) p. 253.

বিশেষ ধরনের শিশুরোগ : (Q.) p. 252.

**Sau, Shri Sachinandan—**

General discussion on the Budget for 1972-73 : pp. 281-82.

Mention Case : pp. 108, 167.

**Sautya, Shri Basudeb—**

Mention Case. p. 53.

**Sen, Shri Prafulla Chandra—**

General Discussion on the Budget for 1972-73 : pp. 264-270.

**Sen, Shri Sisir Kumar—**

General Discussion on the Budget for 1972-73 : pp. 216-218.

Mention Case : pp. 104, 168.

**Sen Gupta, Shri Kumardipti—**

General Discussion on the Budget for 1972-73 : pp. 180-184.

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972 : pp. 368-370.

**Sheth, Shri Balai Lal—**

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1972 : pp. 380-381.

**Shukla, Shri Krishna Kumar—**

General Discussion on the Budget for 1972-73 : pp. 271-274.

**Siahg, Shri Lal Bahadur—**

General Discussion on the Budget for 1972-73 : pp. 147-148.

**Singhababu, Shri Phani Bhusan—**

General Discussion on the Budget for 1972-73 : pp. 288-289.

**Singha Roy, Shri Probodh Kumar—**

Mention Case : p. 166.

**Sinha, Shri Atish Chandra—**

General Discussion on the Budget for 1972-73 : pp. 219-224.

**Sinha, Shri Nirmal Krishna—**

Mention Case : p. 165.

**Sinha, Shri Panchanan—**

General Discussion on the Budget for 1972-73 : pp. 225-227.

**Sinha Roy, Shri Bhawani Prosad—**

General Discussion on the Budget for 1972-73 : pp. 140-142.
Mention Case : p. 109.

**Sixth Report of the Business Advisory Committee—**

p. 270.

**Speaker, Mr.—**

Obituary Reference : p. 1.
Panel of Chairmen : p. 82.
Presentation of the Report of the Business Advisory Committee : pp. 173, 270.
Ruling by—on the point of order raised by Shri Ajit Kumar Basu on the Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1972 : pp. 92-94.

**Statement under rule 346—**

pp. 50, 51.